ভবে শীলবতাং শ্রেষ্ঠে দক্ষো দুহিতৃবৎসলঃ।

অন্বয়ঃ।

ভাবয়ন্তী সতী আত্মানং দেহং অজহাৎ ত্যক্তবতী ॥ ৫২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে প্রথমাধ্যায়ঃ সমাপ্তঃ ॥

শ্রীধরস্বামী।

আত্মানং দেহং অজহাৎ ত্যক্তবতী যোগসংযুতা যোগমাশ্রিত্যেত্যর্থঃ ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে প্রথমঃ ॥ * ॥

দ্বিতীয়ে প্রথাধ্যায়োপক্ষিপ্তে ভবদক্ষয়োঃ।

বিদ্বেষে বর্ণ্যতে হেতু র্বিশ্বসৃক্‌ যজ্ঞসম্ভবঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপ্রতিরূপে অসদৃশে অপ্রতিকূলে সতীত্যর্থঃ ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

চতুর্থে প্রথমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অপরাধ না থাকিলেও তাঁহার বিরুদ্ধাচরণ করিয়াছিলেন বলিয়া সতী ক্রোধে অপরিণত বয়সেই দেহত্যাগ করিয়াছিলেন ॥ ৫২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের প্রথম অধ্যায় সমাপ্ত ॥

আভাস।

অভিনিবেশ ভেদে পঞ্চ বিষয় হইতে প্রতিনিবৃত্তিরূপ ভাব পাঁচ প্রকার। এই সর্ব্বসমেত পঞ্চচত্তারিংশৎ ভাব বা বিষয়রস স্বধা সহকারে হুতাশনে আহুতি প্রদান করিতে হয়। এই এক একটীকে এক একটী স্বাহার পুত্র পৌত্র ও স্বামীর স্বরূপে নিরূপণ করিতে হইবে। এই পঞ্চচত্তারিংশ প্রকারের বৈরাগ্যে পবিত্র হইলে, স্বধানাম্নী বৃত্তিকে পিতৃগণে প্রদান পূর্ব্বক জীবকে সামর্থ্য লাভ করিতে হইবে। এই স্বধার গর্ব্ভে বয়ুনা অর্থাৎ প্রবৃত্তিবেগ এবং ধারণী অর্থাৎ গ্রহণ সামর্থ্য জন্মে। সতীর আর পুত্র নাই; কারণ মুক্তিতে কোন ফলপ্রাপ্তি ঘটে না। পূর্ব্বোক্ত পঞ্চদশ প্রকারেই ক্রমান্বয়ে এক একটী ফলের আগমে জীবের উন্নতি পথ প্রশস্ত হয় এবং সমাধিতে অহঙ্কার তত্ত্বের বিলয়ে কেবল মুক্তিকে আনয়ন করে ॥ ৩৮—৫২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত প্রথম অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

বিদ্বেষমকোরৎ কস্মাদনাদৃত্যাত্মজাং সতীং ॥ ১ ॥
কস্তং চরাচরগুরুং নির্ব্বৈরং শান্তবিগ্রহং।
আত্মারামং কথং দ্বেষ্টি জগতো দৈবতং মহৎ ॥ ২ ॥

অন্বয়ঃ।

বিদুরঃ উবাচ। দুহিতৃবৎসলঃ দক্ষঃ আত্মজাং সতীং অনাদৃত্য শীলবতাং শ্রেষ্ঠে ভবে কস্মাৎ বিদ্বেষং অকরোৎ ॥ ১ ॥

চরাচরগুরুং নির্ব্বৈরং শান্তবিগ্রহং (শান্তং শান্তিরেব বিগ্রহো যস্য তং) জগতঃ মহৎ দৈবতং আত্মারামং (আত্মনি এব আরামো রতি র্যস্য তং) তং শিবং কঃ কথং দ্বেষ্টি ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

সতীং সতীনাম্নীং ॥ ১ ॥

নচাসৌ কস্যচিদ্বিদ্বেষার্হ ইত্যাহ ক ইতি। চরাচরগুরুং জগতো দৈবতঞ্চ তং কো দ্বেষ্টি কথঞ্চ নির্ব্বৈরং দ্বেষ্টি নির্ব্বৈরত্বে হেতু ভাবে ক্তঃ। শান্তং শান্তিরেব বিগ্রহো যস্য কুতঃ আত্মন্যেবারামো রতি র্যস্য তং। যথা কঃ প্রজাপতি র্দক্ষঃ কথং দ্বেষ্টি এবংভূতে তস্মিন্ দ্বেষোঽযুক্তোঽশক্যশ্চেত্যর্থঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বিতীয়ে বহুনিন্দিত্বা শিবং দক্ষে গতে রুষা।
যুযুধাতে শাপশস্ত্রৈর্নন্দীশ্বরভৃগুং মুহুঃ ॥ * ॥

শীলেতি ভবস্য সৌশীল্যাৎ দক্ষস্য তদ্ভক্ত্যভাবেঽপি দুহিতৃবাৎসল্যাৎ ভবদ্বেষো ন ইতি ভাবঃ ॥ ১ ॥

ভবস্য সর্ব্বৈরেবাদ্বেষ্যত্বে হেতুমাহ ক ইতি যদ্বা কঃ প্রজাপতিঃ চরাচরগুরুং নির্বৈরমিত্যাদিভি গুর্ণৈর্হি বৈরুবানপ্যশান্তদেহোঽপি বহির্দর্শ্যপি ন দ্বেষার্হ ইতি ধ্বনিঃ। অন্যে গুণা মা বিচার্য্যন্তাং নাম ভবস্য জগদ্গুরুত্বে জগদিষ্টদৈবত্বেচ দক্ষস্যতু জগন্মধ্যবর্ত্তিত্বে দ্বেষসংভাবনাপি কথং স্যাদিত্যনুধ্বনিঃ ॥ ২ ॥

বিদুর বলিলেন, হে ব্রহ্মন্! প্রজাপতি দক্ষ দুহিতাগণের প্রতি বিশেষ স্নেহ করিতেন; তথাপি কনিষ্ঠা কন্যা সতীকে উপেক্ষা করত গুণবানগণের অগ্রগণনীয় দেবদেব ত্র্যম্বকের প্রতি কেন বিদ্বেষাচরণ করিয়াছিলেন! ॥ ১ ॥

বিশেষত মহাদেব স্থাবর, জঙ্গম প্রাণী মাত্রেরই গুরু এবং শান্তির স্বরূপ; কাহারও প্রতি তিনি বিদ্বেষাচরণ করেন না; জগতে পরম দেবতাই আশুতোষ; অতএব তাদৃশ আত্মারামের বিরুদ্ধাচরণ কি কারণে কে করিতে

আভাস।

দ্বিতীয়াধ্যায়ে ভব ও দক্ষপ্রজাপতির বিদ্বেষের কারণ ও বিশ্বস্রষ্টাদিগের যজ্ঞবৃত্তান্ত বর্ণিত হইয়াছে ॥

এতদাখ্যাহি মে ব্রহ্মন্ জামাতুঃ শ্বশুরস্যচ।
বিদ্বেষস্তু যতঃ প্রাণাং স্তত্যাজ দুস্ত্যজান্ সতী ॥ ৩ ॥
মৈত্রেয় উবাচ ॥
পুরা বিশ্বসৃজাং সত্রে সমেতাঃ পরমর্ষয়ঃ।
তথামরগণাঃ সর্ব্বে সানুগা মুনয়োঽগ্নয়ঃ ॥ ৪ ॥
তত্র প্রবিষ্টমৃষয়ো দৃষ্ট্বার্কমিব রোচিষা।

অন্বয়ঃ।

হে ব্রহ্মন্! এতৎকারণং আখ্যাহি যতঃ জামাতুঃ শ্বশুরস্য চ বিদ্বেষঃ অভূৎ যতঃ বিদ্বেষাচরণাৎ সতী দুস্ত্যজান্ অপি প্রাণান্ তত্যাজ ॥ ৩ ॥

মৈত্রেয়ঃ উবাচ। পুরা প্রথমকল্পে স্বায়ম্ভুবমন্বন্তরে, বিশ্বসৃজাং মরীচ্যাদীনাং সত্রে পরমর্ষয়ঃ বশিষ্ঠনারদাদয়ঃ, তথা সানুগাঃ সর্ব্বে অমরগণাঃ ইন্দ্রাদয়ঃ মুনয়ঃ অগ্নয়শ্চ সর্ব্বে সমেতাঃ আসন্ ॥ ৪ ॥

স্বরোচিষা প্রকাশেন, তৎ মহৎসদঃ (মহতাং সদঃ সভাং) বিতিমিরং অন্ধকাররহিতং কুর্ব্বন্তং অর্কং ইব ভ্রাজমানং প্রকাশমানং তত্র প্রবিষ্টং দক্ষং দৃষ্ট্বা তন্দ্রাসাক্ষিপ্তচেতসঃ

শ্রীধরস্বামী।

যতো হেতো র্বিদ্বেষো যতো বিদ্বেষাৎ প্রাণাং স্তত্যাজ এতদাখ্যাহি ॥ ৩ ॥
তদেবাখ্যাতুমিতিহাসং প্রস্তৌতি পুরেতি। সমেতা আসন্ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যতঃ কারণাদ্বিদ্বেষঃ। এতদাখ্যাহি যতো বিদ্বেষাচ্চ প্রাণাংস্তত্যাজ ॥ ৩ ॥
সমেতা আসন্ ॥ ৪ ॥

পারে? ॥ ২ ॥

হে ব্রহ্মন্! যে বিদ্বেষবশে সতী অপরিত্যজ্য জীবনও অনায়াসে পরিত্যাগ করিয়াছিলেন, সেই শ্বশুর জামাতার বিষম বিদ্বেষের কারণ আপনি আমার নিকট বর্ণন করুন ॥ ৩ ॥

মৈত্রেয় মুনি বলিলেন, স্বায়ম্ভুব মন্বন্তরের প্রথম কল্পে মরীচ্যাদি বিশ্ব-স্রষ্টাগণে সত্রযাগে বশিষ্ঠাদি পরমর্ষিগণ ও অন্যান্য ঋষিকুল, অগ্নিগণ এবং অনুচরগণে পরিবেষ্টিত মহেন্দ্রাদি দেববৃন্দ সকলেই উপস্থিত হইয়াছিলেন ॥ ৪

এমন সময়ে স্বীয় প্রভায় দিক্‌দিগন্ত আলোকিত করত সাক্ষাৎ দিবাকরের ন্যায় সমুজ্জ্বল জ্যোতিতে সভামণ্ডল প্রদীপিত পূর্ব্বক প্রজাপতি দক্ষ সেই সভামধ্যে যখন প্রবেশ করিলেন, তখন তাঁহাকে অবলোকন করিয়া সমবেত সভাসদগণের দৃষ্টি যেন বিহ্বল হইয়া গেল। তখন কমলাসন ও ত্রিলোচন

ভ্রাজমানং বিতিমিরং কুর্ব্বন্তং তন্মহৎসদঃ॥
উদতিষ্ঠন্ সদস্যাস্তে স্বধিষ্ণেভ্যঃ সহাগ্নয়ঃ।
ঋতে বিরিঞ্চাচ্ছর্ব্বাচ্চ তদ্ভাসাক্ষিপ্ততেজসঃ॥ ৫॥
সদসম্পতিভির্দক্ষো ভগবান্ সাধু সৎকৃতঃ।
অজং লোকগুরুং নত্বা নিষসাদ তদাজ্ঞয়া॥ ৬॥

অন্বয়ঃ।

(তস্য দক্ষস্য ভাসা প্রভাবেণ, ক্ষিপ্তং তিরস্কৃতং, তেজো যেষাং তে) সহাগ্নয়ঃ ঋষয়ঃ তথা বিরিঞ্চাৎ ব্রহ্মণঃ, শর্ব্বাৎ শিবাৎ, চ ঋতে বিনা, সর্ব্বে সদস্যাঃ স্বধিষ্ণেভ্যঃ স্বাসনেভ্যঃ, উদতিষ্ঠন্ উত্থিতাঃ॥ ৫॥

সদসম্পতিভিঃ সভ্যমুখ্যৈঃ, সাধু সম্যক্, সৎকৃতঃ সম্মানিতঃ, ভগবান্ দক্ষঃ, লোকগুরুং অজং ব্রহ্মাণং, নত্বা তদাজ্ঞয়া তস্য আজ্ঞয়া নিষসাদ উপবিবেশ॥ ৬॥

শ্রীধরস্বামী।

প্রবিষ্টং দক্ষমিতি শেষঃ মহৎসদঃ মহতীং সভাং॥ ৫॥

স্বধিষ্ণেভ্যঃ স্বীয়াসনেভ্যঃ॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রবিষ্টং দক্ষমিতি শেষঃ॥ ৫॥ ৬॥

ব্যতীত যাবতীয় সভ্য স্ব স্ব আসন হইতে গাত্রোত্থান করিলেন॥ ৫॥

এবং শ্রেষ্ঠ সভ্যগণ অতি আদরের সহিত প্রজাপতিকে অভ্যর্থনা করিলেন। তখন দক্ষ কমলাসনকে প্রণিপাত করিয়া, তাঁহার অনুমতি গ্রহণে স্বীয় আসনে উপবেশন করিলেন॥ ৬॥

আভাস।

চতুর্ব্বিংশতি তত্ত্ববিশিষ্ট মানবদেহের অভ্যন্তরে কর্ত্তৃত্বভাবে অহঙ্কারতত্ত্ব অভিমান না থাকিলে, কোন কর্ম্মেরই সাধন হয় না। অভিমান অর্থাৎ অহংবোধই জীবকে বিচিত্র বিষয়ে আসক্ত করিয়া অনন্ত কর্ম্মের উৎপাদন করে ও বিবিধ ফল ভোগ করায়। অহঙ্কারতত্ত্ব জীবের যেমন সংসারক্ষেত্রের প্রেরক, সেইরূপ বাহ্যাভ্যন্তরভেদে তত্ত্বগ্রামেরও উৎপাদক। সাংখ্যকার তাঁহার তত্ত্বকৌমুদীতে বলিয়াছেন, "প্রকৃতের্ম্মহাংস্ততোঽহঙ্কারস্তস্মাৎগণশ্চ ষোড়শকঃ। তস্মাদপি ষোড়শকাৎ পঞ্চভ্যঃ পঞ্চভূতানি"। মূল প্রকৃতি বা ঈশ্বরের ইচ্ছাশক্তিরূপা আদ্যা মহাশক্তি হইতে প্রথম মহত্তত্ত্ব বা বুদ্ধি পরিণতাভাবে উৎপন্ন হয়। এই বুদ্ধিতত্ত্বের পরিণতিতে তদপেক্ষা স্থূল অহঙ্কারতত্ত্ব বা অভিমান জন্মে। এই অভিমানই জীবের মূল সম্পত্তি "আমিবোধ"। যদবধি "আমি" বলিয়া হৃদয়ে ভাবের উদ্রেক না হয়, তদবধি তাহার সংসারের সহিত কোন সম্পর্কই থাকে না।

প্রাঙ্ নিষণ্ণং মৃড়ং দৃষ্ট্বা নামৃষ্যত্তদনাদৃতঃ।
উবাচ বামং চক্ষুর্ভ্যামভিবীক্ষ্য দহন্নিব ॥ ৭ ॥

অন্বয়ঃ।

প্রাঙ্ নিষণ্ণং (স্বোপবেশনাৎ প্রাক্ পূর্ব্বমেব নিষণ্ণং আসীনং) ন অমৃষ্যৎ অসহমানো জাতঃ, দক্ষঃ যতঃ তেন অনুত্থাদিনা অনাদৃতঃ অসৎকৃতঃ, অতঃ বামং কুটিলং, যথা স্যাৎ তথা চক্ষুর্ভ্যাং দহন্ ইব মৃড়ং অভিবীক্ষ্য সদস্যান্ প্রতি উবাচ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

প্রাক্ স্বোপবেশনাৎ পূর্ব্বমেব নিষণ্ণমুপবিষ্টঃ মৃড়ং শিবং। তদনাদৃতং তেনাভ্যুত্থানাদিভিরকৃতাদরঃ নামৃষ্যৎ নাসহত। বামং বক্রং যথা ভবতি তথাভিবীক্ষ্য ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাক্ স্বোপবেশাৎ পূর্ব্বমেব নিষণ্ণমুপবিষ্টং তদনাদৃতঃ তেন মৃড়েনাভ্যুত্থানাদিভিরকৃতাদরঃ বামং বক্রং যথা স্যাত্তথা ॥ ৭ ॥

কিন্তু স্বয়ং উপবিষ্ট হইবার পূর্ব্বেই মহাদেবকে স্বীয় আসনে উপবিষ্ট অবলোকন করিয়া, প্রজাপতি দক্ষ মনে মনে আপনাকে অপমানিত বোধ করিলেন। তিনি সভায় প্রবিষ্ট হইলে, অন্যান্য সভ্যের ন্যায় মহাদেব গাত্রোত্থানাদির দ্বারা তাঁহার অভ্যর্থনা না করায়, দক্ষ প্রজাপতির ক্রোধের উদয় হইল। তিনি তখন কুটিল দৃষ্টির সঞ্চালনে মহাদেবকে যেন দগ্ধ করত সদস্যগণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ৭ ॥

আভাস।

সদসৎ যাবতীয় কর্ম্মে প্রবৃত্ত বা নিবৃত্ত এক "আমিবোধকে" দেখিতে পাওয়া যায়। আমিবোধের সঙ্গেই সংসার নিবদ্ধ; আমিবোধের অপলোপেই সংসার ধ্বংস হইয়া যায়; এবং বিজ্ঞানময় কোষে জীবন্মুক্তভাবে জীব বিশ্রাম করে। ব্যষ্টি অর্থাৎ পৃথক্ পৃথক্ভাবে অবস্থিত জীবের আমিবোধকে যেমন তাহার সংসারের প্রধান কারণ বলিয়া উপলব্ধ হয়, সমষ্টি সৃষ্টির পক্ষেও সেইরূপ একটী অভিমানব্যঞ্জক তত্ত্ব আছে, যাহাকে এই অধ্যায়ের প্রজাপতি দক্ষের সহিত তুলনা করা বিধেয়। অহঙ্কারতত্ত্ব হইতে পঞ্চ তন্মাত্র ও একাদশ ইন্দ্রিয় এই ষোড়শ পদার্থ সমুৎপন্ন হইয়া থাকে। এবং উক্ত ষোড়শ পদার্থের মধ্যে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পঞ্চ তন্মাত্রের পরিণামে ক্ষিতি, অপ্, তেজ-মরুত ও ব্যোম এই পঞ্চ মহাভূতের সৃজন হয়। জীবদেহের সংসারপ্রদ মূল তত্ত্বই যেমন "আমিবোধ" অভিমান, সেইরূপ সৃষ্টিপ্রকরণের সৃষ্টিসংসূচক মূলতত্ত্বই অভিমান-স্থানীয় প্রজাপতি দক্ষ। যিনি প্রপঞ্চ উৎপাদনে সমর্থ হইয়া যাবতীয় প্রজাকে উৎপাদন করিতেছেন, তিনিই "দক্ষ" নামে অভিহিত হইয়াছেন। দক্ষ প্রজাপতি "শিবং শান্তং অদ্বৈতং চতুর্থমিতি মন্যতে" বলিয়া শ্রুত্যনুসারে যাঁহাকে তুরীয় চৈতন্য বলা যায়,

শ্রূয়তাং ব্রহ্মর্ষয়ো মে সহ দেবাঃ সহাগ্নয়ঃ।
সাধুনাং ব্রুবতো বৃত্তং নাজ্ঞানান্নচ মৎসরাৎ॥ ৮॥

অন্বয়ঃ।

হে সহদেবাঃ সহাগ্নয়ঃ দেবাদিভিঃ সহবর্ত্তমানাঃ ব্রহ্মর্ষয়ঃ! ন অজ্ঞানাৎ অবিবেকাৎ, ন চ মৎসরাৎ সাধুনাং বৃত্তং আচারং ব্রুবতঃ মে মম বচনং ভবদ্ভিঃ শ্রূয়তাং॥ ৮॥

শ্রীধরস্বামী।

মে বচনং শ্রূয়তাং অজ্ঞানাৎ মৎসরাচ্চ ন ব্রুবতঃ॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মে বচনমিতি শেষঃ সাধুনাং চরিত্রং ব্রুবতঃ বক্তুং প্রবৃত্তস্য মমাসাধুনাং নিন্দা স্যাদেব তত্র ভবদ্ভিরপরামর্শেন দুঃখং ন প্রাপ্যতামিতি ধ্বনিঃ শালিক্ষেত্রাণাং যবসাদ্যপসারণাভাব ইব সাধুনামপ্যসাধুদ্বেষাভাবে দুঃখং স্যাৎ অন্বেষ্টুর্জনস্য তেষু সাধুষপরাধোঽপি স্যাদিত্যনুধ্বনিঃ। নন্বু শিবস্যাসাধুত্বমজ্ঞানাদেব ত্বয়োচ্যতে ইতি চেত্তত্র মমাজ্ঞানমর্ণ্বপি নাস্তি। মৎসরস্তু ময়া জন্মারভ্য ন পরিচীয়ত ইত্যাহ নাজ্ঞানাদিতি॥ ৮॥

ওহে দেববৃন্দ ও অগ্নিসমূহে সমবেত ব্রহ্মর্ষিগণ! অদ্য আমার মুখে সাধুগণের সদাচার বিষয় শ্রবণ কর! কিন্তু সকলে জানিবেন যে, আমি কখন বিবেচনা না করিয়া, বা মাৎসর্য্য বশত কোন কথাই বলিব না।। ৮॥

আভাস।

সেই ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই ত্রিকালদর্শী ত্রিলোচনকে অবজ্ঞা না করিলে, তাঁহার দ্বারা সৃষ্টির প্রচয় নিতান্তই অসম্ভব। মহত্তত্ত্ব বা বিজ্ঞানবলে ত্রিলোচনের প্রতি দৃষ্টি নিপতিত হইবামাত্র, অহম্ভাবের খণ্ডন হয় এবং সংসারক্ষয়ে চৈতন্যস্বরূপ জীবের পরমচৈতন্যে বিশ্রান্তি লাভে বিমুক্তি ঘটে। অতএব পরমাত্মস্বরূপ ভগবানকে কিরূপ বিস্মৃত হইয়া ও কিরূপ তাঁহার বিপক্ষতাচরণ করিয়া যে, আমরা সংসারে গমন করি, তাহাই এই শিবদক্ষ বিরোধের দ্বারা গ্রন্থকার প্রকাশ করিয়াছেন॥

মরীচ্যাদি বিশ্বস্রষ্টৃগণের যজ্ঞ যে, কেবল একবার হইয়া গিয়াছে, এমত নহে; যাবৎ সৃষ্টির অস্তিত্ব রহিয়াছে, তাবৎ সেই সত্রযাগও প্রবর্ত্তিত জানিতে হইবে; এবং নিজ হৃদয় মন্দিরেও মূল জন্ম হইতে শেষ মৃত্যু পর্য্যন্ত, উক্ত যজ্ঞ ব্যষ্টিভাবে যে চিরপ্রচলিত রহিয়াছে, তাহা অবশ্যই অনুমন্তব্য। সৃষ্টির ইচ্ছা, পালনের ইচ্ছা ও পুনঃ আত্মস্বরূপে উপসংহারের ইচ্ছারূপ শক্তিত্রয়ের প্রকটনে যিনি ব্রহ্মা, বিষ্ণু ও মহাদেব নামে সমষ্টি ব্রহ্মাণ্ডে বিরাজ করত মূল সত্রযাগের পুজিত দেবতা, তিনি জীবমাত্রেরই অন্তঃকরণে পূর্ব্বোক্ত সকল ভাবে বিরাজ করত অধিষ্ঠিত যে আছেন, সে বিষয়ে আর সন্দেহ নাই। যেরূপে দক্ষ ত্রিলোচনকে অবজ্ঞা করিয়াছিলেন, তাহাই এস্থলে বর্ণিত হইয়াছে॥ ৫॥ ৬॥ ৭॥

সত্রযজ্ঞে সমবেত ব্রহ্মর্ষি প্রভৃতি সভাসদ্‌গণকে সম্বোধন পূর্ব্বক প্রজাপতি বলিলেন যে,

অয়ন্তু লোকপালানাং যশোঘ্নো নিরপত্রপঃ।
সদ্ভিরাচরিতঃ পন্থা যেন স্তব্ধেন দূষিতঃ॥ ৯॥

অন্বয়ঃ।

অয়ং শিবঃ তু লোকপালানাং যশোঘ্নঃ নিরপত্রপঃ নির্লজ্জঃ চ যতঃ স্তব্ধেন উচিতক্রিয়াশূন্যেন, যেন শিবেন সদ্ভিঃ আচরিতঃ পন্থা দূষিতঃ॥ ৯॥

শ্রীধরস্বামী।

স্তব্ধেন উচিতক্রিয়াশূন্যেন। ধ্বস্তেনেতি পাঠে ভ্রষ্টেন॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্যাসাধুত্বমেকাগ্রমনসঃ শৃণুতেত্যাহ লোকপালানাং যশোঘ্ন ইতি তুল্যজাতীনাং সতামেকস্যাপ্রতিষ্ঠায়াং সর্ব্বেষামেব দুর্যশো লোকৈরুদ্ঘুষ্যত ইতি ভাবঃ। বস্তুতস্তু তদীয় সরস্বতী শিবং স্তৌতি যথা যশোঘ্নঃ স্বযশসা তেষাং যশস্তিরস্কর্ত্তা নির্গতা অপত্রা ত্রাণং যেষাং তান্ অশরণান্ পাতীতি সঃ। কেন প্রকারেণেত্যত আহ যেন অসুরাদিনা সদ্ভিরাচরিতঃ পন্থা দূষিত স্তস্য ধ্বস্তেন ধ্বংসনেন স্তব্ধেনেতি পাঠে স্তব্ধানাং গর্ব্ববতাং ইনা শ্রেষ্ঠাস্তৈর্দূষিতঃ পন্থা যেন হেতুনৈব সদ্ভিরাচরিতঃ॥ ৯॥

এই যে মহাদেবকে অবলোকন করিতেছ! ইনি নিতান্ত নির্লজ্জ ও স্বকীয় আচরণের দ্বারা লোকপালগণের সদাচারকে কলুষিত করিতেছেন॥ ৯॥

আভাস।

দেখুন! আমি অবশ্য সাধুর আচরণের কথা বলিতে অগ্রসর হইয়াছি বটে, কিন্তু তন্মধ্যে অসাধুর অসদাচরণের উল্লেখ করা প্রয়োজন কি না, তাহা আপনারাই মনোমধ্যে বিচার করিয়া লউন। অসাধুর অসদাচরণের উল্লেখ না করিলে, স্পষ্টত সাধুর সদাচারের পরিচয় দেওয়া হয় না। সুতরাং সদাশিবের সম্পূর্ণ অসদাচরণের কথাই আমি এস্থলে নির্দ্দেশ করিব। কিন্তু তাহাতে আপনারা আমার অজ্ঞানতা বা মাৎসর্য্যদোষ বলিয়া গণ্য করিবেন না; কারণ আমাতে কণামাত্র অজ্ঞানতা ত নাই এবং জন্ম হইতে মৎসরতা দোষ আমাকে কখন স্পর্শ করে নাই। দক্ষ এইরূপ অতি সামান্য জ্ঞানে সদাশিবের প্রতি বৃথা যে সকল দোষের উক্তি করিয়াছেন, তাহাতে প্রকৃত প্রস্তাবে মহাদেবের গুণকীর্ত্তনই করা হইয়াছে। কারণ দক্ষ বলিয়াছেন, 'মহাদেব লোকপালগণের যশোঘ্ন; অর্থাৎ স্বীয় বিপুল যশোরাশির বিস্তার দ্বারা লোকপালগণেরও কীর্ত্তি এবং যশঃ তিরোহিত করিয়াছেন। তিনি "নিরপত্রপঃ" অর্থাৎ অপত্র ত্রাণ যাহাদের নাই, তাদৃশ নিরপত্র অর্থাৎ স্মরণহীন জনগণকেই তিনি পালন করিয়া থাকেন। স্তব্ধেনদূষিতঃ অর্থাৎ গর্ব্বিতগণের ইন অর্থাৎ শ্রেষ্ঠ অসুরজাতীয় ব্যক্তিগণকর্ত্তৃক দূষিত ধর্ম্মপথ ভগবান্ ত্রিলোচনই সাধু আচরণে পুনঃ সংস্কৃত করিয়াছেন॥ ৯॥

এষ মে শিষ্যতাং প্রাপ্তো যন্মে দুহিতুরগ্রহীৎ।
পাণিং বিপ্রাগ্নিমুখতঃ সাবিত্র্যা ইব সাধুবৎ ॥ ১০ ॥
গৃহীত্বা মৃগশাবাক্ষ্যাঃ পাণিং মর্কটলোচনঃ।

অন্বয়ঃ।

যৎ যস্মাৎ এষঃ বিপ্রাগ্নিমুখতঃ বিপ্রাগ্নিসমক্ষ্যং, এব সাবিত্র্যাঃ ইব সাবিত্রীতুল্যায়াঃ, মে দুহিতুঃ পাণিং সাধুবৎ অগ্রহীৎ অতঃ মে শিষ্যতাং প্রাপ্তঃ ॥ ১০ ॥

মৃগশাবাক্ষ্যাঃ (মৃগশাবঃ হরিণপোতঃ তস্য অক্ষিণীব অক্ষিণী যস্যাঃ তস্যাঃ সত্যাঃ) পাণিং গৃহীত্বা অয়ং মর্কটলোচনঃ (মর্কটস্য লোচনে ইব নেত্রে যস্য সঃ) প্রত্যুত্থানাভিবাদার্হে

শ্রীধরস্বামী।

তদেবাহ এষ ইতি যৎ যস্মাৎ বিপ্রাগ্নিসমক্ষং সাবিত্রীতুল্যায়া মে দুহিতুঃ পাণিমগ্রহীৎ ॥ ১০ ॥

মৃগশাবস্য হরিণবালকস্যাক্ষিণী ইবাক্ষিণী যস্যাঃ। প্রত্যুত্থানাভিবাদার্হে ময়ি উচিতং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এষ ইতি নিন্দা স্পষ্টা স্তুতিস্তু মম অশিষ্যতাং অশিষ্টতাং এতাবদ্দিনপর্য্যন্তং গুপ্তামপি এষ প্রাপ্তঃ সর্ব্বজ্ঞত্বাৎ প্রথমমেবাবগতবান্ অতএবাভ্যুত্থানাদিকং ন কৃতবানিতি ভাবঃ। তদপি যদ্দুহিতুঃ পাণিং অগ্রহীৎ তৎ সাবিত্র্যা ইব মদ্দুহিতর্য্যেব গুণমপক্ষ্যেতি ভাবঃ। মম কীদৃশস্য সাধুবৎ সাধোরিব বস্তুতস্ত্বসাধোঃ ॥ ১০ ॥

প্রত্যুত্থানাভিবাদার্হে শ্বশুরে ময়ি বাচাপি উচিতং সম্মানং ন অকৃত নাকোরৎ। স্তুতিপক্ষে মর্কটান্ মর্কটতুল্যান্ কামিনোঽপি কৃপয়া লোচতে তৎ কামান্ সংপাদয়তি। তস্মিন্

দেখ! ইনি ব্রাহ্মণ ও অগ্নিকে সমক্ষে রাখিয়া সাক্ষাৎ সাবিত্রীর ন্যায় সর্ব্বগুণালঙ্কৃতা আমার দুহিতা সতীর পাণি গ্রহণ যখন করিয়াছেন, তখন শিষ্যতা স্বীকারে আমাকে গুরুর পদে অবশ্যই প্রতিষ্ঠিত করিয়াছেন ॥ ১০ ॥

কিন্তু মদীয় হরিণনয়না সতীর পাণিগ্রহণ করিয়াও এই মর্কটলোচন উহার অভিবাদন-যোগ্য আমি উপস্থিত হইলেও অভ্যর্থনা করা দূরে থাকুক্,

আভাস।

আমার দুহিতার পাণিগ্রহণ মহাদেব করিয়াছেন বলিয়া, আমি মনে মনে কিছু গর্ব্বিত ছিলাম; এতদিন আমার সে গর্ব্ব গোপন ছিল। সম্প্রতি শঙ্কর তাহা অবগত হইয়াছেন; সেই নিমিত্তই অভ্যুত্থানাদির দ্বারা আমার অভিবাদন করেন নাই ॥ ১০ ॥

যিনি মর্কটতুল্য কামীব্যক্তিগণের প্রতিও কৃপাকটাক্ষ বিস্তার করেন, এবং যাঁহার করে আমি কন্যা সম্প্রদান করিয়া আপনাকে কৃতার্থজ্ঞান করিয়াছিলাম, অদ্য দুর্ভাগ্যবশতঃ তিনি সম্মুখে উপস্থিত থাকিতেও আমি তাঁহাকে কেবল বাক্যের দ্বারাও অভিবাদন করিতে

প্রত্যুত্থানাভিবাদার্হে বাচাপ্যকৃত নোচিতং ॥ ১১ ॥
লুপ্তক্রিয়ায়াশুচয়ে মানিনে ভিন্নসেতবে।
অনিচ্ছন্নপ্যদাং বালং শূদ্রায়েবোশতীং গিরং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

ময়ি বাচাপি বাঙ্মাত্রেণাপি উচিতং ন অকৃত ॥ ১১ ॥

যথা শূদ্রায় উশতীং কমনীয়াং বেদলক্ষণাং গিরং (কশ্চিৎ অনিচ্ছন্ অপি পরবশ্যঃ সন্ এব দদাতি তথা ব্রহ্মণা চোদিতঃ অহং অপি) লুপ্তক্রিয়ায় (লুপ্তা বেদোক্তা ক্রিয়া যস্মাৎ তস্মৈ) অশুচয়ে মানিনে, (অতএব) ভিন্নসেতবে (ভিন্নঃ বিদীর্ণঃ সেতুঃ বেদমর্য্যাদা যেন তস্মৈ) অনিচ্ছন্ অপি বালাং কন্যাং অদাং দত্তবান্। স্তুতিপক্ষেতু শূদ্রায় (শুচং শোকং কৃপয়া জ্ঞানভক্ত্যাদ্যুপদেশেন দ্রাবয়তি ইতি শূদ্রায় পৃষোদিস্বাচ্চকারলোপ উকারস্য চ দীর্ঘতাচ জ্ঞানদাত্রে স্বয়ং তু) লুপ্তক্রিয়ায় (ধর্ম্মাধর্ম্মাদ্যসংস্পৃষ্টায়,) অশুচয়ে (নাস্তি শুচিঃ যস্মাৎ তস্মৈ নিরঞ্জনায়), মানিনে সর্ব্বেষাং মাননীয়ায়, ভিন্নসেতবে (ভিন্নঃ জীবমর্য্যাদা-বিলক্ষণঃ সেতুঃ মর্য্যাদা যস্য তস্মৈ মায়োপাধিবর্জ্জিতায়, আত্মনঃ কন্যাসম্প্রদানস্য অযোগ্যত্বং মত্বা পূর্ব্বং মম দাতুমিচ্ছা নাসীৎ পশ্চাৎব্রহ্মোপদেশেনৈব সংকোচং ত্যক্ত্বা দত্তবান্ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

সম্মানং বাচাপি নাকরোৎ ॥ ১১ ॥

অনর্হায় কন্যাদত্তেত্যনুতপ্যমান আহ লুপ্তক্রিয়েতি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ উশতীং বেদলক্ষণাং গিরং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রত্যুত্থানাভিবাদার্হে মল্লক্ষণো জনঃ। বাচাপ্যুচিতং ন অকৃতেতি ধিক্কামিতি ভাবঃ ॥ ১১ ॥

উশতীং বেদলক্ষণাং গিরং। স্তুতিপক্ষেতু লুপ্তাঃ ক্রিয়া যস্মিন্ পরব্রহ্মরূপত্বাৎ নাস্তি শুচি র্যস্মাৎ অমানিনে অভিন্নসেতবে ইতি ছেদঃ স্বাযোগ্যতাদৃষ্ট্যা দাতুমনিচ্ছন্নপি অদাং যথা শূদ্রা এব উশতীং বেদলক্ষণাং গিরং দদতি অধ্যাপয়ন্তি যলোপস্যাভাবো বৈকল্পিক-ত্বাৎ ॥ ১২ ॥

একবার বাঙ্নিষ্পত্তি দ্বারাও আমার সম্মান করে নাই ॥ ১১ ॥

দেখ! এ ব্যক্তি বেদোক্ত কোন কর্ম্মই করে না; সর্ব্বদা অনাচারেই অবস্থিতি করে; অথচ দারুণ অভিমানী। ইহার আচরণে সনাতন বেদের আভাস। বিরত রহিয়াছি ॥ ১১ ॥

ত্রিলোচন সর্ব্বজ্ঞানসম্পন্ন; সুতরাং আত্মশুদ্ধির জন্য তাঁহার আর নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মানুষ্ঠানের কোন প্রয়োজন করে না। তিনি কর্ম্মকাণ্ডের অতীত। তদপেক্ষা শুচি বা মানী বলিয়া আর কাহাকেও নয়নগোচর হয় না। তিনি জীবত্বের মর্য্যাদা অতিক্রম

প্রেতাবাসেষু ঘোরৈঃ প্রেতৈর্ভূতগণৈর্বৃতঃ।
অটত্যুন্মত্তবন্নগ্নো ব্যুপ্তকেশো হসন্ রুদন্॥ ১৩॥

অন্বয়ঃ।

যঃ প্রেতাবাসেষু শ্মশানদিষু, ঘোরৈঃ ভয়ঙ্করৈঃ, ভূতগণৈঃ প্রেতৈঃ বৃতঃ ব্যুপ্তকেশঃ (ব্যুপ্তাঃ বিকীর্ণাঃ কেশাঃ যস্য সঃ) নগ্নঃ দিগম্বরঃ, উন্মত্তবৎ হসন্ রুদন্ অটতি ভ্রমতি॥১৩॥

শ্রীধরস্বামী।

প্রেতাবাসেষু শ্মশানেষু। ব্যুপ্তা বিকীর্ণাঃ কেশা যস্য॥১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রেতাবাসেষ্বিত্যাদিকং সর্ব্বং ভগবৎপ্রেমোন্মাদময়ং লীলামাত্রমিতি স্বয়মেবাহ উন্মত্তবদিতি অন্যথা উন্মত্ত ইত্যেবাবক্ষ্যৎ॥ ১৩॥

মর্য্যাদাই বিলুপ্ত হইতেছে। ইহাকে কন্যাদানের প্রবৃত্তি আমার কোনও মতেই ছিল না; কিন্তু কি করি! অনুরোধ বশতঃ শূদ্রকে যেমন বেদোপদেশ করা হয়, আমারও সেইরূপ কেবল ব্রহ্মার নিতান্ত অনুরোধেই এতাদৃশ ব্যক্তিকে অনিচ্ছা সত্ত্বেও কন্যা সম্প্রদান করা হইয়াছে॥ ১২॥

ভীষণমূর্ত্তি ভূত ও প্রেতগণে নিরন্তর পরিবৃত হইয়া আলুলায়িত-কেশে ও দিগম্বর-বেশে কখন হাস্য ও কখন ক্রন্দন করত প্রেতের আবাস স্থান শ্মশান ও মশানাদিতেই উন্মত্তের ন্যায় সতত পরিভ্রমণ করিয়া বেড়ায়॥১৩॥

আভাস।

পূর্ব্বকই ঈশ্বরত্বে বিরাজ করিতেছেন। পাশবদ্ধ জীব এবং পাশমুক্ত শিব। সুতরাং "ভিন্নসেতবে" এই বিশেষণ পদটী সঙ্গত হইয়াছে। তাদৃশ লোকনাথকে কন্যা সম্প্রদানের প্রবৃত্তি আমার পক্ষে আকাশকুসুম অপেক্ষা কোন অংশে ন্যূন নহে। তবে কেবল কমলাসনের কৃপাপূর্ণ পরামর্শ বাক্যেই আমি সাহসী হইয়া সতীকে তাঁহার করকমলে ন্যস্ত করিয়াছি। কিন্তু এ কার্য্যও আমার পক্ষে সঙ্গত হয় নাই; তবে শূদ্র যেমন স্বয়ং অনধিকারী হইলেও মাহাত্ম্যপূর্ণ বেদরাশি জগতে উপদেশ দিবার আকাঙ্ক্ষা করে, আমিও সেইরূপ হরগেহিনীকে তাঁহার হস্তে সমর্পণ করিয়া অভিমানী হইয়াছি॥ ১২॥

প্রকৃষ্টরূপে ইত গত অর্থাৎ মরণধর্ম্মে পতিত প্রেতসদৃশ পিশাচাচারী মর্ত্ত্য মানবের সহিত অবস্থিতিপূর্ব্বক তাহাদেরই ভোগ্য অনিত্য সংসারেরই সদাশিব পর্য্যটন করিতেছেন; কিন্তু কোন ভোগেই তিনি স্বয়ং আসক্ত নহেন। ভগবৎপ্রেমানন্দে নিমগ্ন থাকিয়া, উন্মত্তের ন্যায় সকল বিষয়েই উপেক্ষা প্রদর্শন করিতেছেন। জগতের কারণে জগজ্জনের ন্যায় তাঁহার হাস্য বা ক্রন্দনের উদয় হয় না; জগজ্জীবনের সহিতই তাঁহার হাস্য বা ক্রন্দনের সম্পর্ক; সে হাস্য ও ক্রন্দনের কারণ জগতের লোক নিরূপণ করিতে পারে না॥ ১৩॥

চিতাভস্মকৃতস্নানঃ প্রেতস্রঙ্ন্রস্থিভূষণঃ।
শিবাপদেশো হ্যশিবো মত্তো মত্তজনপ্রিয়ঃ ॥ ১৪ ॥
পতিঃ প্রমথনাথানাং তমোমাত্রাত্মকাত্মনাং।

অন্বয়ঃ।

চিতাভস্মকৃতস্নানঃ (চিতাভস্মনা কৃতং স্নানং যেন সঃ) প্রেতস্রক্ (প্রেতানাং স্রজঃ মল্যানি যস্য সঃ) নৃস্থিভূষণঃ (নৃণাং অস্থীনি ভূষণানি যস্য সঃ) শিবাপদেশ (শিবঃ ইতি অপদেশঃ নামমাত্রং যস্য সঃ) অশিবঃ অমঙ্গলরূপঃ হি এব। যতঃ মত্তঃ মত্তজনপ্রিয়ঃ ইতি ॥ ১৪ ॥

তমোমাত্রাত্মকাত্মনাং (তমোমাত্রাত্মকঃ কেবলং তমোরূপঃ আত্মা স্বভাবঃ যেষাং তেষাং) প্রমথনাথানাং পতিঃ। উন্মাদনাথায় (উন্মাদাঃ ভূতবিশেষাঃ তামসাঃ তেষাং নাথায়

শ্রীধরস্বামী।

চিতাভস্মনা কৃতং স্নানং যেন প্রেতানাং স্রজো মাল্যানি যস্য স প্রেতস্রক্। নৃণামস্থীনি ভূষণানি যস্য। শিব ইত্যপদেশো নামমাত্রং যস্য ॥ ১৪ ॥

তমো মাত্রাত্মকঃ কেবলতমোরূপঃ আত্মা স্বভাবো যেষাং উন্মাদা ভূতবিশেষাঃ তেষাং নাথায়। দুর্হৃদে দুষ্টচিত্তায়। বতেতি খেদে বাস্তবস্তুয়মর্থঃ লুপ্তা ক্রিয়া যস্মিন্ পরব্রহ্ম-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্তুতিপক্ষে চিতেত্যাদিকং প্রাপ্তসিদ্ধিবৈষ্ণবানামেবেতি পুরাণান্তরপ্রসিদ্ধং অপদেশা অপকৃষ্টা দেশা অপি শিবা মঙ্গলা যতঃ সঃ। ন বিদ্যতে শিবং মঙ্গলং যতঃ সঃ তমোমাত্রাত্মকাঃ তমোমাত্রস্বরূপা আত্মানো যেষাং স্তুতিপক্ষে স্বেচ্ছয়া লীয়ৈবেয়ং শম্ভোর্যত্তামসানপি কৃপয়া স্বীকরোতীতি ॥ ১৪ ॥

পরমেষ্ঠিনা ব্রহ্মণা চোদিতে সতীতি। স্বমেচ্ছা নাসীৎ ব্রহ্মাজ্ঞাপালনমেব মদ্‌দুঃখদমভূদিতি ব্রহ্মাপ্যনভিজ্ঞ ইতি ধ্বনিঃ। তৎপিত্রেত্যনুক্তেঃ পরমেষ্ঠিনেতি নামোচ্চারণেনচ

চিতাভস্মই ইহার দেহশুদ্ধির প্রধান সামগ্রী; চিতাভস্মেই সতত অঙ্গ প্রলিপ্ত রাখে; গলদেশে প্রেতের মালা এবং নরের অস্থিই ইহার মনোহর আভরণ। এ নামে শিব; কিন্তু কার্য্যত অমঙ্গলের একটী প্রকৃত প্রতিমূর্ত্তি। নিজে পাগল এবং পাগলেরাই ইহাকে ভালবাসে ॥ ১৪ ॥

বিষম তামসিক ভাবাপন্ন প্রমথশ্রেষ্ঠগণের পালক ও উন্মাদ নামক ভূতদলেরই পতি; ঈদৃশ ম্লেচ্ছাচারী কঠিনহৃদয় ব্যক্তির হস্তে কন্যাসম্প্রদান

আভাস।

যে সকল পদার্থকে নিকৃষ্ট ও পাপবহ জ্ঞানে মুমুক্ষুগণ পরিত্যাগ করিয়াছেন, শোকাবহবোধে যে স্থানে সংসারী জীব পদার্পণেও ভীত হয়, যাহাকে স্পর্শ করিবামাত্র ভোগী

তস্মা উন্মাদনাথায় নষ্টশৌচায় দুর্হৃদে ॥
দত্তা বত ময়া সাধ্বী চোদিতে পরমেষ্ঠিনা ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

স্বামিনে) নষ্টশৌচায় (নষ্টং শৌচং পাবিত্র্যং যস্মাৎ তস্মৈ) দুর্হৃদে (দুষ্টং হৃৎ চিত্তং যস্য তস্মৈ) পরমেষ্ঠিনা ব্রহ্মণা, চোদিতে অনুজ্ঞাতে, সতি (তদাগ্রহাদেব) ময়া বত খেদে সাধ্বী কন্যা দত্তা ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

রূপত্বাৎ অতএব নাস্তি শুচি র্যস্মাৎ অমানিনে অভিন্নসেতবে ইতি চ পদচ্ছেদঃ তস্য পরমেশ্বরস্য মদীয়া মানুষী কন্যা কথং যোগ্যা স্যাদিতি লজ্জাদিনা দাতুমনিচ্ছন্নপি তৎ-সম্বন্ধলোভেন দত্তবান্। শূদ্রায়েত্যনর্হত্বমাত্রে দৃষ্টান্তঃ ন হীনত্বে পূর্ব্বাপরস্ববচনবিরোধা-পত্তেঃ। এতদুক্তং ভবতি যথা কশ্চিৎ শূদ্রায় বেদমর্থলোভেন দদাতি তদ্বদিতি। প্রেতা-বাসেষ্বিত্যাদি সর্ব্বং বিড়ম্বনমাত্রমিতি স্বয়মেবাহ উন্মত্তবদিতি অন্যথা উন্মত্ত ইত্যেবাবক্ষ্যৎ অশিবঃ নাস্তি শিবো যস্মাৎ। অমত্তোহমত্তজনপ্রিয় ইতি চ চ্ছেদঃ। পতিঃ প্রমথনাথা-নামিতি ভক্তবাৎসল্যমাহ তামসানপি দোষমপনীয় পাতীতি নষ্টানামপি শৌচং শুদ্ধি র্যস্মাৎ দুষ্টেষ্বপি এতে ময়া অনুকম্প্যা ইতি হৃৎমনো যস্য স দুর্হৃত্তস্মৈ। বতেতি হর্ষে ব্রহ্মণো বাক্যাল্লজ্জাভয়াদিকং পরিত্যজ্য দত্তেত্যর্থঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সোহপি মৎপিতৃত্বাযোগ্য এবেত্যনুধ্বনিঃ। স্তুতিপক্ষে কৃপয়া উন্মাদানাং গণানামপি নাথায় নষ্টানামপি শৌচং যতঃ। দুষ্টেষপি হৃৎ কৃপাময়ং মনো যস্য তস্মৈ ব্রহ্মণো বাক্যাদ-যোগ্যেনাপি ময়াদত্তেত্যর্থঃ ॥ ১৫ ॥

করা আমার পক্ষে নিতান্ত দুঃখের বিষয়, সন্দেহ নাই। কিন্তু কি করিব! কমলযোনির অনুরোধই আমার এই সকল অনর্থের মূল। তাঁহার আদেশেই আমি এই অন্যায় কর্ম্মে হস্তক্ষেপ করিয়াছিলাম ॥ ১৫ ॥

আভাস।

জীবের আত্মগ্লানি জন্মে, মহেশ্বর বৈরাগ্যের চরমসীমা প্রদর্শনার্থ সেই সকল চিতাভস্ম ও নরকঙ্কালকেই মনোজ্ঞ ভূষণরূপে গ্রহণ করিয়াছেন। যাঁহার চরণস্পর্শে অপদেশ অর্থাৎ দূষিতস্থান সকলও শিবময় অর্থাৎ পবিত্রভাবে পরিণত হয়। সাংসারিক ভোগে উন্মত্ত ব্যক্তিও ত্রিলোচনের নিকট পরিত্যাপিত হয় না; তিনি অতি সামান্য উপাসনায় তুষ্ট হইয়া তাহাদিগকেও অভিলষিত বর প্রদানে তৃপ্ত করিয়া থাকেন। তামসপ্রকৃতি নিতান্ত হেয় ব্যক্তিগণকেও শরণদানে কৃতার্থ করেন। ব্রহ্মার উপদেশে লজ্জা ও ভয়ে জলাঞ্জলি দিয়াই আমি তাঁহার করে কন্যা সম্প্রদান করত কি কৃতার্থতাই লাভ করিয়াছি! ॥১৪॥১৫॥

প্রজাপতি দক্ষের হৃদয়ে সুখ্যাতি করিবার ইচ্ছা না থাকিলেও সুখ্যাতির পাত্র কখন

মৈত্রেয় উবাচ ॥
বিনিন্দ্যৈবং স গিরিশমপ্রতীপমবস্থিতং।
দক্ষোঽথাপ উপস্পৃশ্য ক্রুদ্ধঃ শপ্তুং প্রচক্রমে ॥ ১৬ ॥
অয়ন্তু দেবযজন ইন্দ্রোপেন্দ্রাদিভির্ভবঃ।
সহভাগং ন লভতাং দেবৈর্দেবগণাধমঃ ।। ১৭ ।।

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। (নিন্দায়ামপি) অপ্রতীপং অপ্রতিকূলং, যথা স্যাৎ তথা অবস্থিতং গিরিশং শিবং, এবং পূর্ব্বোক্তপ্রকারেণ বিনিন্দ্য সঃ দক্ষঃ অথ অনন্তরং ক্রুদ্ধঃ সন্ আপঃ উপস্পৃশ্য আচম্য, শপ্তুং শাপং দাতুং, প্রচক্রমে আরব্ধবান্ ॥ ১৬ ॥

দেবযজনে দেবানাং যজনসময়ে, দেবগণাধমঃ (দেবগণেষু অধমঃ) অয়ং ভবঃ শিবঃ তু ইন্দ্রোপেন্দ্রাদিভিঃ দেবৈঃ সহ ভাগং ন লভতাং ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

অপ্রতীপং অপ্রতিকূলং যথা ভবত্যেবমস্থিতমপি বিনিন্দ্য ॥ ১৬ ॥

দেবানাং যজনসময়ে দেবৈঃ সহ ভাগং ন লভতাং কিন্তু তেভ্যঃ পূর্ব্বমেব লভতাং অগ্রভোজিত্বাৎ যদ্বা তেষু ভুক্তবৎসু লভতাং সর্ব্বপোষকত্বাৎ। অত্র হেতুঃ দেবগণো হধমো যস্মাৎ সঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপ্রতীপমজাতশক্রং ॥ ১৬ ॥

অয়ন্ত্বিতি স্তুতিপক্ষে দেবযজনে যজ্ঞে দেবৈঃ সহ ভাগং ন লভতাং তত্র হেতুঃ দেবগণা অধমা যস্মাৎ সঃ। নহ্যধমৈঃ সহ ভোজনমুচিতং অতঃ সর্ব্বপোষকত্বাৎ তান্ ভোজয়িত্বা ভাগং লভতামিতি ভাবঃ ॥ ১৭ ॥

মৈত্রেয় মুনি বলিলেন, দক্ষ প্রজাপতি এই প্রকারে ভূতভাবন ভবানীপতির বিশেষ নিন্দাবাদ করিলেও মহেশ্বর তাহাতে কোন বিরক্তির ভাব প্রকাশ করিলেন না; তিনি উপেক্ষা বুদ্ধিতে নিশ্চলভাবে অবস্থান করিতেছেন দেখিয়া, প্রজাপতি পূর্ব্বাপেক্ষা অধিকতর বিরক্ত হইলেন এবং আচমন পূর্ব্বক মহাদেবকে অভিসম্পাত করত বলিলেন— ।। ১৬ ।।

দেখ! এই মহাদেবকে যখন দেবতাগণের মধ্যে অতি নিকৃষ্ট বলিয়া আমার বোধ হইতেছে, তখন দেবযজন সময়ে সে পূর্ব্বের ন্যায়, ইন্দ্র ও

আভাস।

অখ্যাতির ভাজন হন না, বলিয়াই দক্ষের সকল গূঢ় অভিপ্রায় ভবানীপতির গুণ-বর্ণনাতেই নিয়োজিত হইয়াছিল। কিন্তু অভিমানের সাক্ষাৎ প্রতিমূর্ত্তিস্বরূপ দক্ষের

নিষিধ্যমানঃ স সদস্যমুখ্যৈর্দক্ষো গিরিত্রায় বিসৃজ্য শাপং ।
তস্মাদ্বিনিষ্ক্রম্য বিবৃদ্ধমন্যু র্জগাম কৌরব্য নিজং নিকেতনং ॥ ১৮ ॥

অন্বয়ঃ ।

হে কৌরব্য ! গিরিত্রায় শিবায়, শাপং বিসৃজ্য যচ্ছন্, বিবৃদ্ধমন্যুঃ কোপপ্রজ্বলিতঃ, সঃ দক্ষঃ সদস্যমুখ্যৈঃ নিষিধ্যমানঃ নিবারিতঃ, অপি তস্মাৎ স্থানাৎ বিনিক্রম্য নিজং নিকেতনং ভবনং জগাম ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী ।

স দক্ষঃ তস্মাৎ স্থানাৎ বিনিষ্ক্রম্য জগাম । হে কৌরব্য ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অত্র মদন্যো যুক্তবাদিনঃ কেঽপি ন দৃশ্যন্তে । তদস্যামধার্ম্মিকসঙ্কুলায়াং সভায়াং ন স্থাতুমুচিতমিতি কোপেন ততো নির্যযাবিত্যাহ নিষিধ্যমানঃ মাক্রুধ্য মাগচ্ছেত্যাদ্যুচ্যমানঃ ॥ ১৮ ॥

উপেন্দ্রাদি দেবগণের সহিত সমান ভাগ গ্রহণে অদ্য হইতে নিবারিত হউক্ ॥ ১৭ ॥

হে কুরুবংশাবতংস বিদুর ! শঙ্করকে অভিশাপ দিয়া কোপ-জ্বলিত-হৃদয় প্রজাপতি দক্ষ আসন হইতে গাত্রোত্থান করিলেন এবং প্রবীণ সভাসদ্‌গণ তাঁহাকে বারংবার প্রতিনিবৃত্ত করিলেও তিনি সকলকে উপেক্ষা করত তথা হইতে নিক্রান্ত হইয়া স্বীয় ভবনে প্রস্থান করিলেন ॥ ১৮ ॥

ত্রিলোচনের অনুচরশ্রেষ্ঠ নন্দীশ্বর তখন তথায় উপস্থিত ছিলেন ; তিনি

আভাস ।

তাহা মনোমত হইল না । বিবিধ নিন্দাবাদেও যখন মহাদেব উত্তেজিত হইলেন না ; বরং গাম্ভীর্য্যের প্রকাশে নিস্তব্ধেই অবস্থান করিতেছিলেন, তদ্দর্শনে জনসমাজে বরং শিবের শান্তপ্রকৃতির পরিচয়ে সুখ্যাতিরই সম্ভাবনা দেখিয়া, দক্ষ আরও ক্রুদ্ধ হইয়া উঠিলেন ; এবং মৌখিক নিন্দার অপেক্ষা কার্য্যত মহাদেবের অনিষ্ট করিবার অভিপ্রায়ে অভিসম্পাতপূর্ব্বক মহাদেবকে যজ্ঞভাগ গ্রহণে বঞ্চিত করিলেন । কিন্তু শাপে ফল বিপরীত হইল ! তাঁহার মনোগত ভাব মহাদেবকে দেবতাগণ মধ্যে অধম বলা ; কিন্তু শব্দত তাহার বিপরীত অর্থই প্রতিপাদিত হইয়াছিল । অর্থাৎ দেবগণাধমঃ বলায়, যাঁহা হইতে দেবগণ অধম, তাদৃশ অধমগণের সহিত একত্রে ভাগগ্রহণ করা মহাদেবের পক্ষে কখনই সঙ্গত নহে । তিনি সর্ব্বশ্রেষ্ঠ ; সুতরাং সকলকে ভোজন করাইয়া, সর্ব্বান্তে তাঁহার আপন ভাগ গ্রহণ করাই কর্ত্তব্য ; নতুবা সর্ব্বাগ্রে গ্রহণ করা কর্ত্তব্য । সুতরাং ফলে সেই অবধি মহাদেবের পুজা সর্ব্বাগ্রেই হইয়া থাকে ; বঞ্চিত করা কেবল দক্ষের কল্পনা মাত্র হইয়াছিল ॥ ১৬—১৮ ॥

বিজ্ঞায় শাপং গিরিশানুগাগ্রণী র্নন্দীশ্বরো রোষকষায়দূষিতঃ।
দক্ষায় শাপং বিসসর্জ দারুণং যে চান্বমোদং স্তদবাচ্যতাং দ্বিজাঃ॥ ১৯॥
য এতন্মর্ত্ত্যমুদ্দিশ্য ভগবত্যপ্রতিদ্রুহি।
দ্রুহ্যত্যজ্ঞঃ পৃথগ্দৃষ্টি স্তত্ত্বতো বিমুখো ভবেৎ॥ ২০॥

অন্বয়ঃ।

গিরিশানুগাগ্রণী (গিরিশস্য অনুগানাং পার্ষদানাং অগ্রণীঃ মুখ্যঃ) নন্দীশ্বরঃ শাপং বিজ্ঞায় রোষকষায়দূষিতঃ (রোষঃ এব কষায়ঃ তেন দূষিতঃ নেত্ররক্তাদিবিকারং প্রাপ্তঃ সন্) দক্ষায় তথা চ যে দ্বিজাঃ তদবাচ্যতাং (তস্য শিবস্য অবাচ্যতাং নিন্দাং) অন্বমোদন্ তেভ্যঃ দারুণং শাপং বিসসর্জ দত্তবান্॥ ১৯॥

যঃ (অভিমানিত্বেন প্রসিদ্ধঃ দক্ষঃ) এতৎ মর্ত্ত্যং মরণধর্ম্মকং স্বশরীরং উদ্দিশ্য উৎকৃষ্টং মত্বা, অপ্রতিদ্রুহি প্রতিদ্রোহং অকুর্ব্বতি, ভগবতি জ্ঞানৈশ্বর্য্যাদিযুক্তে সর্ব্বাত্মনি দ্রুহ্যতি পৃথক্দৃষ্টিঃ ভেদদর্শীঃ, অজ্ঞঃ সঃ তত্ত্বতঃ পরমার্থাৎ, বিমুখঃ প্রচ্যুতঃ, ভবেৎ॥ ২০॥

শ্রীধরস্বামী।

গিরিশস্যানুগানামগ্রণী র্মুখ্যঃ। রোষ এব কষায় স্তেন দূষিত আরক্তনেত্র ইত্যর্থঃ। তস্য গিরিশস্যাবাচ্যতাং বচনানর্হতাং নিন্দ্যতামিত্যর্থঃ। তেভ্যোঽপি শাপং বিসসর্জ॥ ১৯॥

দক্ষং শপতি সার্দ্ধৈস্ত্রিভিঃ। এতন্মর্ত্ত্যং দক্ষশরীরং উদ্দিশ্য শ্রেষ্ঠং মত্বা অপ্রতিদ্রুহি প্রতিদ্রোহমকুর্ব্বতি পৃথগ্দৃষ্টিঃ ভেদদর্শী, তত্ত্বতঃ পরমার্থাৎ॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রোষ এব কষায় স্তেন দূষিতঃ অতিরক্তনেত্র ইত্যর্থঃ। যেচ তস্য গিরিশস্য অবাচ্যতাং নিন্দাং অন্বমোদং স্তেভ্যোঽপি॥ ১৯॥

দক্ষং শপতি সার্দ্ধৈস্ত্রিভিঃ য ইতি এতদ্দক্ষশরীরং মর্ত্ত্যং মরণধর্ম্মকং উদ্দিশ্য এতদেবাহমিত্যভিমানাস্পদীকৃত্য দ্রুহ্যতি অতোঽজ্ঞো ভবেৎ। অজ্ঞত্বমেব প্রপঞ্চয়তি পৃথগ্দৃষ্টিঃ স্বতঃ পৃথগ্ভূতেষু দেহাপত্যকলত্রাদিষ্বেব দৃষ্টি র্যস্য সঃ। তস্মাত্তত্ত্বতো ভগবতঃ সকাশাৎ বিমুখো ভবেৎ ইতি প্রথমঃ শাপঃ॥ ২০॥

দক্ষের প্রদত্ত অভিসম্পাত ব্যাপার স্বকর্ণে শ্রবণ করত, ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিলেন; লোচনদ্বয় তাম্রবর্ণ হইয়া উঠিল; তিনি দক্ষ প্রজাপতিকে ও যে সকল ব্রাহ্মণ শিবনিন্দায় তাঁহাকে তাহার অনুমোদন করিয়াছিলেন, সেই সকল দ্বিজগণকে দারুণ অভিসম্পাত প্রদানে বলিলেন—॥ ১৯॥

সর্ব্ব বিষয়ে আপনাকে দক্ষ বিবেচনায়, প্রজাপতি দক্ষ নিতান্তই অভিমানী হইয়াছিলেন; তিনি এই মর্ত্ত্য কলেবরকেই উৎকৃষ্ট জ্ঞানে জ্ঞানৈশ্বর্য্যাদিবিশিষ্ট দেবদেব ত্রিলোচনেরও বিদ্রোহাচরণে অগ্রসর হইয়াছিলেন। এ কার্য্যটী

গৃহেষু কূটধর্ম্মেষু সক্তো গ্রাম্যসুখেচ্ছয়া।
কর্ম্মতন্ত্রং বিতনুতাদ্বেদবাদবিপন্নধীঃ ॥ ২১ ॥
বুদ্ধ্যা পরাভিধ্যায়িন্যা বিস্মৃতাত্মগতিঃ পশুঃ।

অন্বয়ঃ।

গ্রাম্যসুখেচ্ছয়া কূটধর্ম্মেষু (কূটাঃ কাপট্যবহুলাঃ স্বভাবসিদ্ধাঃ বহবঃ ধর্ম্মাঃ সন্তি যত্র তাদৃশেষু) গৃহেষু সক্তঃ অতএব বেদবাদবিপন্নধীঃ (বেদানাং কর্ম্মকাণ্ডপ্রধানানাং বাদেষু বিচিত্রার্থপ্রকাশকেষু বিপন্না বিমূঢ়া বিনষ্টা ধীঃ যস্য সঃ দক্ষঃ) কর্ম্মতন্ত্রং কর্ম্মপরিকরং বিতনুতাৎ বিস্তারয়তু ॥ ২১ ॥

তথা পরাভিধ্যায়িন্যা (পরান্ দেহাদীন্ এব আত্মত্বেন অভিধ্যাতু শীলং যস্যাঃ তয়া) বুদ্ধ্যা বিস্মৃতাত্মগতিঃ (বিস্মৃতা আত্মনঃ গতিঃ পরমপুরুষার্থোপযোগি জ্ঞানং যেন সঃ) অতএব পশুঃ নিতরাং স্ত্রীকামঃ সঃ দক্ষঃ অচিরাৎ অল্পকালেনৈব বস্তমুখঃ (বস্তস্য ছাগস্য

শ্রীধরস্বামী।

অজ্ঞত্বমেবাহ গৃহেম্বিতি। কর্ম্মতন্ত্রং কর্ম্মপরিকরং। বেদে যে বাদাঃ অর্থবাদাঃ অক্ষয্যং হ বৈ চাতুর্ম্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতীত্যাদয়ঃ তৈর্বিপন্না বিনষ্টা ধীর্যস্যেতি ॥ ২১ ॥

পরো দেহাদি স্তমেবাত্মত্বেনাভিধ্যাতুং শীলং যস্যা স্তয়া বুদ্ধ্যা বিস্মৃতা আত্মনো গতিস্তত্ত্বং যেন অতঃ পশুতুল্যঃ। অতিতরাং স্ত্রীকামোহস্ত্বিতি দ্বিতীয়ঃ শাপঃ বস্তস্য মুখমিব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বেদেষু যে বাদা অক্ষয্যং হ বৈ চাতুর্ম্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতীত্যাদয় স্তৈ র্বিপন্না ধীর্যস্য সঃ ॥ ২১ ॥

পরো দেহাদি স্তমেবাত্মত্বেনাভিতো ধ্যাতুং শীলং যস্যাস্তয়া বুদ্ধ্যা পশুঃ পশুতুল্যঃ

যখন তাঁহার নিতান্ত ভেদজ্ঞান বশতই ঘটিয়াছে, তখন তিনি সাতিশয় অনভিজ্ঞ; সন্দেহ নাই। অতএব, এই পাপহেতু তাঁহাকে পরমার্থদর্শনে বঞ্চিত থাকাই আমার অভিপ্রায় ॥ ২০ ॥

গ্রাম্যভোগের উদ্দেশ্যে সংসারধর্ম্মে অনেক কপটাচরণ করিতে হয়, সন্দেহ নাই; অতএব এই দক্ষ যখন গার্হস্থ ভোগে এত আসক্ত, তখন বেদোক্ত ফলপ্রদ কর্ম্মকাণ্ডেরই বিশেষ পক্ষপাতী; সুতরাং জ্ঞানমার্গে তাহার বুদ্ধি আর অগ্রসর না হইয়া, কেবল জন্মমরণরূপ সংসারপ্রদ কর্ম্মকাণ্ডের প্রতিই তাহার বুদ্ধি নিরন্তর প্রধাবিত হউক্ ॥ ২১ ॥

এবং দেহাদিকে আত্মজ্ঞান করত স্বর্গাদি ভোগে আসক্ত হইয়া পরম-পুরুষার্থজ্ঞানে বঞ্চিত হউক এবং সামান্য পশুর ন্যায়, যখন স্ত্রীসম্ভোগেই

স্ত্রীকামঃ সোঽস্তু নিতরাং দক্ষো বস্তমুখোঽচিরাৎ ॥ ২২ ॥
বিদ্যাবুদ্ধিরবিদ্যায়াং কর্ম্মময্যামসাবজঃ ॥ ২৩ ॥

।

মুখমিব মুখং অস্য ইতি ছাগমুণ্ডঃ) অস্তু ॥ ২২ ॥

যতঃ কর্ম্মময্যাং কর্ম্মপ্রচুরায়াং (দেহাত্মভাবপোষকত্বেন) অবিদ্যায়াং এব বিদ্যাবুদ্ধিঃ (বিদ্যা বুদ্ধিঃ যস্য সঃ) অতঃ অসৌ জড়ঃ অজঃ বা ইতি পাঠঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

মুখমস্যেতি তৃতীয়ঃ শাপঃ ॥ ২২ ॥

অয়ন্তু শাপোঽস্যানুরূপ এবেত্যাহ। বিদ্যাবুদ্ধিঃ। ইয়মেব তত্ত্ববিদ্যেতি বুদ্ধির্যস্য। অতোঽসৌ অজএব ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্ত্রীকামোঽস্ত্বিতি দ্বিতীয়ঃ শাপঃ। বস্তস্য ছাগস্য মুখমিব মুখং যস্যেতি তৃতীয়ঃ শাপঃ ॥২২॥

শাপত্রয়মিদমস্মৈ সমুচিতমেব যতো বিদ্যাবুদ্ধিরিত্যাদি। অতো জড়ঃ অজ ইতি পাঠে ছাগতুল্যঃ ॥ ২৩ ॥

এত আসক্ত হইয়াছে, তখন ঐ মুণ্ডও পশুমুণ্ড হওয়াই প্রয়োজন ॥ ২২ ॥

কারণ কর্ম্মপ্রচুর অবিদ্যামার্গকেই বিদ্যাজ্ঞানে তাঁহার বুদ্ধি যখন ধাবিত হইতেছে, তখন সে বুদ্ধি জড় বা পশুপ্রায় বলাতে অত্যুক্তি হয় না ॥ ২৩ ॥

আভাস।

দক্ষের শাপ শ্রবণে নন্দী ক্রুদ্ধ হইয়া, প্রতিশাপ প্রদান করিয়াছিলেন। নন্দয়তীতি নন্দী। শান্তস্বরূপ শিবানুচরই আনন্দমূর্ত্তি; এই আনন্দ ভোগানন্দ ও যোগানন্দ ভেদে দ্বিবিধ। যে আনন্দের ব্যাঘাতে দক্ষ মহাদেবের তিরস্কার করিয়াছিলেন, তাহা ভোগানন্দ; এবং সেই তিরস্কারে যে আনন্দের ক্ষুণ্নভাব হইয়াছিল, তাহাই যোগানন্দ। অতএব যোগানন্দের প্রতিমূর্ত্তিই নন্দিশ্বর। তিনি দেখিলেন, যাঁহার সম্পর্কে দক্ষ প্রজাপতিগণের শ্রেষ্ঠত্ব লাভ করিয়াছেন, অদ্য দুর্ভাগ্যবশত তাঁহারই বিরুদ্ধাচরণ করিবার জন্য দক্ষ প্রজাপতি উত্তেজিত হইয়াছেন। অর্থাৎ অভিমান বা অহঙ্কারতত্ত্ব হইতে ভোগ ও মুক্তি উভয় বিষয়েরই বাসনা হইয়া থাকে। মুক্তির অভিমানে বিদ্যার উদয় এবং ভোগের অভিমানে অবিদ্যার উদয়। বিদ্যা অহংতত্ত্বকে পরমাত্মায় মিলাইয়া মুক্তি দেয় এবং অবিদ্যা অজ্ঞানবহুল সংসারকে আনয়ন করে। দক্ষ যখন বিদ্যারূপা সতীকে মহাদেবের হস্তে সমর্পণ করিয়াও তাঁহার নিন্দা ও তিরস্কারে উদ্যত, তখন অজ্ঞানস্বরূপ সংসারভোগে যে, দক্ষ আপনা হইতেই অগ্রসর হইতেছেন, সে বিষয়ে আর সন্দেহ নাই; এবং যে সকল সভাসদ্ দক্ষের বাক্যকে অনুমোদন করিয়াছিলেন, তাঁহারাও দক্ষের সহিত সমান প্রকৃতি ও সমতুল্য ফল লাভ করিবেন, তাহাতেও সন্দেহ নাই। অতএব ঈদৃশ অভিমান-

সংসরন্ত্বিহ যে চামুমনু‧শর্ব্বাবমানিনং ॥ ২৪ ॥
গিরঃ শ্রুতায়াঃ পুষ্পিণ্যা মধুগন্ধেন ভূরিণা।

অন্বয়ঃ।

শর্ব্বাবমানিনং (শর্ব্বং শম্ভুং অবমন্যতে যঃ তং) অমুং দক্ষং, যে চ অনু বৃত্তাঃ তে সর্ব্বে ইহ সংসারে সংসরন্ত জন্মমরণাদিক্লেশান্ অনুভবন্তু ॥ ২৪ ॥

শ্রুতায়াঃ বেদরূপায়াঃ, পুষ্পিণ্যাঃ গিরঃ ভূরিণা মধুগন্ধেন মথ্না মনক্ষোভকেন, উন্মথিতা-

শ্রীধরস্বামী।

বিপ্রান্ শপতি সংসরন্ত্বিতি সার্দ্ধাভ্যাং সর্ব্বমবমন্যত ইতি তথা তমমুং দক্ষং যে চানু‧বর্ত্তন্তে তে সংসরন্ত জন্মমরণাদ্যনুভবন্ত্বিতি একঃ শাপঃ ॥ ২৪ ॥

শ্রুতায়াঃ বেদরূপায়াঃ পুষ্পিণ্যাঃ পুষ্পাণীবার্থবাদা মনঃক্ষোভকত্বাৎ তানি সন্তি যস্যাং অর্থবাদবহুলায়া ইত্যর্থঃ। মধুগন্ধতুল্যেন প্ররোচনেন মথ্না মনঃক্ষোভকেন উন্মথিত-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বিজানপি শপতি সার্দ্ধদ্বাভ্যাং। অমুং দক্ষং যে চানু বর্ত্তন্তে তে সংসরন্ত ইত্যেক-শাপঃ ॥ ২৪ ॥

শ্রুতায়া বেদরূপায়াঃ পুষ্পিণ্যাঃ পুষ্পতুল্যার্থবাদবহুলায়া মধুগন্ধেন মধুগন্ধতুল্যেন প্ররোচনেন মথ্না মনঃক্ষোভকেন চ উন্মথিতঃ আত্মা মনো যেষাং তে সংমুহ্যন্ত কর্ম্মস্বাসক্তা

বিশেষত মহেশ্বরকে যে অবমানিত করে, কিম্বা যে সকল ব্যক্তি তাদৃশ অবমানকারীর অনুমোদন করে, তাহারা এই জন্মমরণরূপ সংসার-প্রবাহে নিরন্তর বিবিধ যাতনাই অনুভব করুক! ॥ ২৪ ॥

সুপুষ্প সদৃশ বেদের মনোহর মধুর ফলসম্বন্ধি প্রলোভন-বাক্যে যাহাদের চিত্ত বিমথিত হয়, তাদৃশ শিবদ্বেষী ব্যক্তিগণ পরমার্থতত্ত্বে বঞ্চিত হইয়া

আভাস।

বান্ ব্যক্তিগণ ভোগে আসক্ত হইয়া যে ঘোর সংসারে নিপতিত হইবে, এ কথায় নন্দীশ্বরের আর বিশেষ শাপ প্রদান করা হয় নাই; প্রকৃত বিষয়েরই উল্লেখ করা হইয়াছে মাত্র। আহার, নিদ্রা, ভয় এবং মৈথুন এই চারিটী কার্য্যে মানব পশুর সহিত সমান। কেবল ধর্ম্মই তাহাকে পশুত্ব হইতে নিস্তার করে মাত্র। যাহার ধর্ম্ম নাই, সে মানব হইলেও পশুমুখ এবং যাহার ধর্ম্ম আছে, সেই উন্নতির মার্গে আরোহণপূর্ব্বক দেবস্বরূপে পবিদৃষ্ট হয়। দক্ষ যখন ধর্ম্মমূর্ত্তি মহাদেবকে উপেক্ষা করিয়াছেন, তখন তাহার বিপরীত অধর্ম্মপথে ভোগের অভিমুখেই নিশ্চয় গমন করিবেন; ভোগে চরিতার্থ হওয়াই পশুর কার্য্য। সুতরাং প্রজাপতি হইলেও ভোগাভিমানীর বদন পশুতুল্য সন্দেহ নাই। ভোগের অনুরোধে ভোক্তা আপনাকে বিস্মৃত হয়; সুতরাং সে অধঃপতিত হইবে, সন্দেহ নাই ॥ ১৯—২৪ ॥

মথ্না চোন্মথিতাত্মানঃ সংমুহ্যন্তু হরদ্বিষঃ ॥ ২৫ ॥
সর্ব্বভক্ষা দ্বিজা বৃত্ত্যৈ ধৃতবিদ্যাতপোব্রতাঃ।
বিত্তদেহেন্দ্রিয়ারামা যাচকা বিচরন্ত্বিহ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

ত্মানঃ (উন্মথিতঃ বিক্ষিপ্তঃ আত্মা চিত্তং যেষাং তে) হরদ্বিষঃ ভবদ্বেষিণঃ সংমুহ্যন্তু কর্ম্মসু আসক্তাঃ ভবন্তু ॥ ২৫ ॥

(হরদ্বিষঃ) দ্বিজাঃ সর্ব্বভক্ষাঃ বিত্তদেহেন্দ্রিয়ারামাঃ (বিত্তেষু দেহেন্দ্রিয়েষু চ অহংতয়া মমতয়া চ আরমন্তি যে তে) তথা বৃত্ত্যৈ জীবিকার্থমেব ধৃতবিদ্যাতপোব্রতাঃ (ধৃতানি বিদ্যাতপোব্রতানি যৈঃ তে) যাচকাঃ যাচনস্বভাবাঃ সন্ত ইহ বিচরন্তু ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

আত্মা মনো যেষাং তে মুহ্যন্তু কর্ম্মস্বাসক্তা ভবন্ত্বিতি দ্বিতীয়ঃ শাপঃ ॥ ২৫ ॥

সর্ব্বভক্ষাঃ ভক্ষবিচারশূন্যাঃ। বিত্তৈ্য দেহাদিপোষণায় ধৃতানি বিদ্যাতপোব্রতানি যৈঃ বিত্তাদিষ্বারামো রতি র্যেষাং তে যাচকাঃ সন্তো বিচরন্ত্বিতি শাপচতুষ্টয়ং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভবন্ত্বিতি দ্বিতীয়ঃ ॥ ২৫ ॥

সংসারে পরিভ্রমণ করুক্ ॥ ২৫ ॥

শিবদ্বেষী দ্বিজাতিগণও দেহ, ইন্দ্রিয় ও ধনাদিতে আত্মবোধ ও আপনার-বোধ করিয়া সর্ব্বভুক্ হইবে এবং কেবল জীবিকার জন্যই বেদাদি শাস্ত্রের অনুশীলন, তপস্যা ও ব্রতাবলম্বনে সর্ব্বত্র যাচ্ঞা করতই পরিভ্রমণ করুক্ ॥২৬

আভাস।

আগ্রহাতিশয়ে চিত্ত যাহাকেই চিন্তা করে, কালক্রমে তাহার তজ্জাতিত্বপ্রাপ্তিই ঘটে। ধনজনাদির পরিহারে এবং একান্তশরণে যাঁহারা নিত্যনিরঞ্জন ভগবানে প্রাণ সমর্পণ করিতে পারেন, তাঁহারা চিন্তনীয় ভগবৎস্বরূপেই সাযুজ্যাদি নির্ব্বাণপদই পাইয়া থাকেন; আর যাহারা ঈশ্বরকে পরিত্যাগ করিয়া আবেগবশত ভোগেই লিপ্ত হয়, তাহাদের চিত্ত কালক্রমে ভোগ-স্বরূপেই পরিণত হইয়া থাকে। ভোগ জড়; সুতরাং ভোগাসক্ত জীব চৈতন্যস্বরূপ স্বীয় পরম তত্ত্ব বিস্মৃত হইয়া, জড়ভাবে পরিণত হইয়া থাকে। তাহারা পরমতত্ত্বের অন্বেষণ না করিয়া, আপাতত মনোরম ও আনন্দপ্রদ বেদোক্ত কর্ম্মকাণ্ডে আসক্ত হয়। জাতিতে ব্রাহ্মণ হইলে, কি হইবে? জীবিকাই তাঁহাদের তখন প্রধান অর্জনের সামগ্রী হইয়া উঠে। শাস্ত্র যে বলিয়াছেন, "ব্রাহ্মণস্য তু দেহোঽয়ং ন কামার্থায় জায়তে। ইহ ক্লেশায় তপসে প্রেত্য চানুত্তমং সুখং" ॥ ব্রাহ্মণের দেহ কামভোগার্থ উৎপন্ন হয় নাই। ব্রাহ্মণযোনি কেবল তপোনুষ্ঠানের ক্লেশেই অতিবাহিত করিলে, জীবনান্তে অনুত্তম ফল লাভ হইয়া থাকে, সন্দেহ নাই। ভোগাসক্ত বিপ্র প্রকৃত শাস্ত্র বিস্মৃত হইয়া, পাশব ভাবের আলোচনায়

তস্যৈবং বদতঃ শাপং শ্রুত্বা দ্বিজকুলায় বৈ।
ভৃগুঃ প্রত্যসৃজচ্ছাপং ব্রহ্মদণ্ডং দুরত্যয়ং ॥ ২৭ ॥
ভবব্রতধরা যেচ যেচ তান্ সমনুব্রতাঃ।
পাষণ্ডিনস্তে ভবন্তু সচ্ছাস্ত্রপরিপন্থিনঃ ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

এবং বদতঃ তস্য নন্দিনঃ, দ্বিজকুলায় শাপং শ্রুত্বা ভৃগুঃ দুরত্যয়ং দুরতিক্রমণীয়ং অপরিহার্য্যং, ব্রহ্মদণ্ডং শাপং, প্রত্যসৃজৎ প্রতিকূলতয়া দত্তবান্ ॥ ২৭ ॥

যে ভবব্রতধরাঃ যে চ তান্ ব্রতধারিণঃ সমনুব্রতাঃ অনুসরন্তি, সচ্ছাস্ত্রপরিপন্থিনঃ (সচ্ছাস্ত্রস্য বেদস্য পরিপন্থি-: বিরোধিনঃ) তে পাষণ্ডিনঃ ভবন্তু ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

প্রত্যসৃজৎ প্রত্যদাৎ। শাপরূপং ব্রহ্মদণ্ডং ॥ ২৭ ॥
সচ্ছাস্ত্রস্য পরিপন্থিনঃ প্রতিকূলাঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বভক্ষাঃ ভক্ষ্যাভক্ষ্যবিচারশূন্যা ইতি তৃতীয়ঃ। বৃত্ত্যৈ জীবিকার্থমেব নতু ধর্ম্মার্থমিতি চতুর্থঃ। বিত্তেতি পঞ্চমঃ। যাচকা ইতি ষষ্ঠঃ ॥ ২৬—২৮ ॥

হে বিদুর! মহর্ষি ভৃগু রুদ্রানুচর নন্দীশ্বরের দ্বিজকুলের প্রতি তাদৃশ অভিসম্পাত বাণী শ্রবণে উত্তেজিত হইলেন এবং তৎপ্রতিকারার্থ অপরিহার্য্য ব্রহ্মশাপ প্রদানে বলিলেন— ॥ ২৭ ॥

যাহারা মহাদেবের ব্রতধারণ করিবে, কিম্বা যাহারা শৈব মতে উপাসনা করিবে, তাদৃশ বেদমার্গের বিরুদ্ধাচারী ব্যক্তিগণ জগতে পাষণ্ডরূপে পরিণত হউক্ ॥ ২৮ ॥

শৌচাচারবর্জ্জিত মূঢ়মতি সেই সকল মানব মস্তকে জটাভার, অঙ্গে ভস্ম এবং গলদেশে অস্থিমালা ধারণ করত শিবের উপাসনায় প্রবৃত্ত হউক্।

আভাস।

সকল কর্ম্মই পশুর ন্যায় করিয়া থাকেন। তখন তাঁহার ব্রতাবলম্বন, বেদাধ্যয়ন, বা তপোঽনুষ্ঠান কেবল জীবিকালাভের জন্যই হইয়া থাকে; কিন্তু অধিকারী হইয়াও পরমার্থ চিন্তনে বিরত হইলে, তাঁহার উভয় পথই তুল্যরূপে বিনষ্ট হয়। পরমার্থ চিন্তনে শক্তি আছে, কিন্তু প্রবৃত্তি না থাকায় তাহাতে বঞ্চিত হন; আবার ভোগে অনভ্যস্ত সুতরাং অনধিকারী হওয়ায়, কেবল আকাঙ্ক্ষামাত্রেই ভোগের আশা পূরণ করিতে পারেন না; লাভের মধ্যে চিরজীবন যাচক হইয়া জীবন অতিবাহিত করিতে হয়। এই প্রকৃত কথার উল্লেখ করত নন্দীশ্বর শাপপ্রদানের ছলনা করিয়াছেন মাত্র ॥ ২৫ ॥ ২৬ ॥

নষ্টশৌচা মূঢ়ধিয়ো জটাভস্মাস্থিধারিণঃ।
বিশন্তু শিবদীক্ষায়াং যত্র দৈবং সুরাসবং॥ ২৯॥
ব্রহ্মচ ব্রাহ্মণাংশ্চৈব যদ্যূয়ং পরিনিন্দথ।
সেতুং বিধরণং পুংসামতঃ পাষণ্ডমাশ্রিতাঃ॥ ৩০॥

অন্বয়ঃ।

নষ্টশৌচাঃ (নষ্টং শৌচং শুদ্ধত্বং যেষাং তে) মূঢ়ধিয়ঃ (মূঢ়া বিবেকরহিতা ধীঃ যেষাং তে) জটাভস্মাস্থিধারিণঃ সন্তঃ তে শিবদীক্ষায়াং বিশন্তু; যত্র দীক্ষায়াং সুরাসবং (সুরাঃ গৌড়ী পৈষ্টী মাধ্বী, আসবঃ তালাদিসম্ভবঃ মদ্যবিশেষঃ) এব দৈবং পরমদেবত্বেন আদরণীয়ং॥ ২৯॥

যৎ যস্মাৎ যূয়ং পুংসাং বর্ণাশ্রমাচারনিষ্ঠানাং সেতুং মর্য্যাদারূপং ব্রহ্ম বেদং, ব্রাহ্মণান্ চ পরিনিন্দথ অতঃ পাষণ্ডং বেদবিরুদ্ধমার্গং এব আশ্রিতাঃ॥ ৩০॥

শ্রীধরস্বামী।

সুরা গৌড়ী পৈষ্টী মাধ্বীচ আসব স্তালাদিসম্ভবং মদ্যং। দ্বন্দ্বৈকত্বাৎ ষণ্ডত্বং তৎ যত্র দৈবং পূজ্যং দেবতাবদাদরণীয়মিতি বা॥ ২৯॥

ব্রহ্ম বেদং। কথম্ভূতং সেতুং মর্য্যাদারূপং তদেবাহ বর্ণাশ্রমাচারবতাং পুংসাং বিধরণং ধারকং॥ ৩০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুরা গৌড়ী পৈষ্টী মাধ্বীচ। আসব স্তালাদিসম্ভবং মদ্যং তয়োর্দ্বন্দ্বৈক্যাৎ ষণ্ডত্বং। তদেব যত্র দৈবং দেবতাবদাদরণীয়ং॥ ২৯॥

ব্রহ্ম বেদং বেদপ্রবর্ত্তকান্ ব্রাহ্মণাংশ্চ। কীদৃশং সন্মার্গে চলতাং পুংসাং বিধরণং ধারকং সেতুং॥ ৩০॥

অহো! যে পাশুপত দীক্ষায় গোড়ী, পৈষ্টী ও মাধ্বী প্রভৃতি সুরা এবং তালাদি সম্ভূত আসবই পরম দেবরূপে আদরণীয় হইবে॥ ২৯॥

তোমরা যখন মানবের অবশ্যকর্ত্তব্য বর্ণ, আশ্রম ও আচারের মর্য্যাদাপ্রদ বেদশাস্ত্র এবং তদুপদেষ্টা ব্রাহ্মণগণকেই নিন্দা করিতেছ, তখন বেদবিরুদ্ধ পাষণ্ড ধর্ম্মকেই আশ্রয় করিয়াছ, সন্দেহ নাই॥ ৩০॥

আভাস।

ব্রাহ্মণের নিগ্রহ শ্রবণে মহর্ষি ভৃগু প্রতিশাপ প্রদানে অগ্রসর হইলেন। তিনি কর্ম্ম, উপাসনা ও জ্ঞানকাণ্ডভেদে বেদের বিভাগ ও কাণ্ডত্রয়ের পরস্পরে অধিকারিভেদে উপাদেয় ও হেয়ভাবের প্রতি লক্ষ্য না করিয়া, সমগ্র বেদের বাক্য অনুসারে অগ্রসর হওয়াই জীবের প্রয়োজন, ইহাই প্রতিপাদনার্থ যত্নবান্ হইলেন। ঋষি হইলেও ভৃগু ভোগী;

এষ এব হি লোকানাং শিবঃ পন্থাঃ সনাতনঃ।
যং পূর্ব্বে চানুসংতস্থু র্যৎপ্রমাণং জনার্দ্দনঃ ॥ ৩১ ॥
তদ্‌ব্রহ্ম পরমং শুদ্ধং সতাং বর্ত্ম সনাতনং।
বিগর্হ্য যাত পাষণ্ডং দৈবং বো যত্র ভূতরাট্‌ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

(যং বেদমার্গং যূয়ং নিন্দথ) এষঃ এব হি লোকানাং শিবঃ শুদ্ধঃ, সনাতনঃ পন্থা মার্গঃ, যং বেদমার্গং পূর্ব্বে ব্রহ্মাদয়ঃ অনুসংতস্থুঃ অনুষ্ঠিতবন্তঃ, যৎপ্রমাণং (যস্য মার্গস্য প্রমাণং বক্তা) জনার্দ্দনঃ (জনাং মায়াং অর্দ্দয়তি ইতি) নারায়ণঃ এব ॥ ৩১ ॥

পরমং (পরমাত্মভগবৎপ্রবর্ত্তিতত্বেন সর্ব্বপ্রমাণোৎকৃষ্টং অতএব) শুদ্ধং সতাং বিবেকিনাং সনাতনং বর্ত্ম মার্গং তৎ ব্রহ্ম বেদং বিগর্হ্য বিনিন্দ্য, পাষণ্ডং বেদবিরুদ্ধমার্গং, যাত গচ্ছত। যত্র মার্গে বঃ যুষ্মাকং ভূতরাট্‌ (ভূতানাং তামসানাং রাজা রুদ্রঃ) এব দৈবং ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

সেতুত্বং প্রপঞ্চয়তি দ্বাভ্যাং এষ বেদলক্ষণ এব শিবঃ পন্থাঃ যং পূর্ব্বে ঋষয়ঃ অনুসংতস্থুঃ আশ্রিতবন্তঃ যং যস্মিন্‌ জনার্দ্দনঃ প্রমাণং মূলং ॥ ৩১ ॥

ভূতরাট্‌ ভূতানাং তামসানাং পতিঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বেদনিন্দকা যূয়ং কুপথগামিন এবেত্যাহ। এষ বেদলক্ষণঃ। যৎ যত্র প্রমাণমিতি সএবাত্র সাক্ষী দ্রষ্টব্য ইতি ভাবঃ ॥ ৩১ ॥

বিগর্হ্যেতি বেদনিন্দায়াঃ ফলমিদং ভবদ্ভিঃ প্রাপ্তব্যমেব মদভিশাপস্তু পিষ্টপেশ ইবেতি ভাবঃ। ভূতরাট্‌ ভূতানাং রাজা ভূত এবেতি নিন্দা। ভূতেষু সর্ব্বপ্রাণিষু রাজত ইতি স্তুতিঃ ॥ ৩২ ॥

কিন্তু কি আশ্চর্য্য! যে বেদমার্গকে তোমরা নিন্দা করিতেছ, তাহাই সর্ব্ববাদিসম্মত শুভপ্রদ বিশুদ্ধ সনাতন পথ। এই বেদমার্গকে অবলম্বন করিয়া পূর্ব্ববর্ত্তী ব্রহ্মাদি দেববৃন্দও সদাচারের অনুষ্ঠান করিয়াছেন; এবং সাক্ষাৎ জনার্দ্দনই এই বেদমার্গের বক্তা ॥ ৩১ ॥

পরাৎপর পরমাত্মা বিষ্ণুর মুখারবিন্দ বিনির্গত সর্ব্বপ্রকার প্রমাণের মধ্যে শ্রেষ্ঠ প্রমাণস্থানীয় সাধুসম্মত এই সনাতন বেদপথকে যখন তোমরা নিন্দা

আভাস।

সুতরাং ভোগানুকূল বেদের প্রতিপত্তি রক্ষা করিবার জন্য বেদযোনি নারায়ণের নাম উল্লেখপূর্ব্বক অভিসম্পাত করিয়াছেন ॥ ২৭—৩১ ॥

মৈত্রেয় উবাচ ॥

তস্যৈবং বদতঃ শাপং ভৃগোঃ স ভগবান্ ভবঃ।

নিশ্চক্রাম ততঃ কিঞ্চিদ্বিমনা ইব সানুগঃ ॥ ৩৩ ॥

তেঽপি বিশ্বসৃজঃ সত্রং সহস্রং পরিবৎসরান্।

সংবিধায় মহেষ্বাস যত্রেজ্য ঋষভো হরিঃ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। তস্য ভৃগোঃ এবং শাপং বদতঃ এব ভগবান্ সঃ ভবঃ কিঞ্চিৎ বিমনাঃ ইব সানুগঃ ততঃ স্থানাৎ নিশ্চক্রাম ॥ ৩৩ ॥

হে মহেষ্বাস বিদুর! যত্র সত্রে, ঋষভঃ সর্ব্বদেবাধিদেবঃ হরিঃ ইজ্যঃ পূজ্যঃ, তৎ সহস্রং পরিবৎসরান্ সহস্রপরিবৎসরসাধ্যং, সত্রং সংবিধায় সমাপ্য তে বিশ্বসৃজঃ মরীচ্যাদয়ঃ ॥৩৪॥

শ্রীধরস্বামী।

অন্যোন্যশাপেন উভয়ো বিনাশাৎ বিমনাঃ ইবেতি তথাপি ভগবদনুগৃহীতানাং নাশো ন স্যাদিতি ভাবঃ ॥ ৩৩ ॥

ঋষভঃ সর্ব্বশ্রেষ্ঠো হরিঃ যত্র ইজ্যঃ পূজ্যঃ। তৎ সত্রং সম্যগ্বিধায়। হে মহেষ্বাস হে বিদুর ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যৎ প্রমাণং জনার্দ্দন ইতি শ্রুত্বা কদাচিজ্জনার্দ্দনং তদ্ভক্তাংশ্চ প্রতি কিমপ্যবদ্যং ক্রোধাদেব নন্দীশ্বরো বদেদিতি শঙ্কমানো ভবস্ততো নিষ্ক্রান্ত ইত্যাহ তস্যৈবমিতি বিমনা ইবেতি বস্তুতস্ত্বাত্মারামত্বান্ন বিমনাঃ তেন দ্বয়োঃ শাপগ্রস্তান্ কর্ম্মমার্গান্ শৈবাংশ্চ পরিহৃত্য বৈষ্ণবা এব সুধীভিরাশ্রয়ণীয়া ইতি প্রকরণব্যঙ্গং বস্তু জ্ঞেয়ং ॥ ৩৩ ॥

তেঽপি রুদ্রদক্ষৌ সগণৌ বিনৈব সত্রং সন্বিধায় যযুঃ। নচ তদ্বিরোধজন্যঃ কোঽপি বিঘ্নো বভূবেত্যাহ যত্র হরিরেব ইজ্যানাং ঋষভ ইতি রুদ্রাদিযজনং বিনাপি যজ্ঞপূর্ত্ত্যভাবো নাভূদিতি ভাবঃ ॥ ৩৪ ॥

করিয়াছ, তখন বেদবিরুদ্ধ পাষণ্ডের পথেই তোমরা গমন কর! ॥ ৩২ ॥

মৈত্রেয় মুনি বিদুরকে সম্বোধন পূর্ব্বক বলিলেন যে, ত্রিলোচন মহর্ষি ভৃগুর এই প্রকার শাপবাক্য শ্রবণে কিঞ্চিৎ বিমনা হইলেন এবং অনুচরবর্গকে সঙ্গে লইয়া, তথা হইতে অন্যত্র গমন করিলেন ॥ ৩৩ ॥

হে ধনুর্দ্ধরাগ্রগণ্য বিদুর! সেই সত্রযাগে সর্ব্বদেবাদিদেব ভূতভাবন নারায়ণই পূজ্য; মরীচ্যাদি বিশ্বস্রষ্টৃগণ সহস্র সম্বৎসর সাধ্য সেই সত্রযাগ সমাপন করিয়া— ॥ ৩৪ ॥

যে স্থলে যমুনার সহিত ভাগীরথী মিলিতা হইয়াছেন, সেই প্রয়াগতীর্থে

আপ্লুত্যাবভৃথং যত্র গঙ্গা যমুনয়ান্বিতা।
বিরজেনাত্মনা সর্ব্বে স্বং স্বং ধাম যযুস্ততঃ ॥ ৩৫ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
চতুর্থস্কন্ধে দক্ষশাপো দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ২ ॥ * ॥
মৈত্রেয় উবাচ ॥
সদা বিদ্বিষতোরেবং কালো বৈ ধ্রিয়মাণয়োঃ।

অন্বয়ঃ।

যমুনয়া অন্বিতা গঙ্গা যত্র প্রয়াগে, অস্তি তত্র অবভৃথং স্নানং আপ্লুত্য ততঃ স্থানাৎ বিরজেন নির্ম্মলেন, আত্মনা অন্তঃকরণেন, সর্ব্বে স্বং স্বং ধাম যযুঃ ॥ ৩৫ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥

মৈত্রেয়ঃ উবাচ। এবং পূর্ব্বোক্তপ্রকারেণ, সদা বিদ্বিষতোঃ দ্বেষং কুর্ব্বতোঃ এবং

শ্রীধরস্বামী।

যত্র প্রয়াগে গঙ্গা যমুনয়া অন্বিতা তত্রাবভৃথস্নানং কৃত্বা ততঃ স্থানাৎ যযুঃ ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি চতুর্থে দ্বিতীয়ঃ ॥ * ॥

তৃতীয়েতু সতী তাতযজ্ঞোৎসবদিদৃক্ষয়া।
গমিষ্যন্তী মহেশেন বারিতা নীতিহেতুভিঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্থেঽস্মিন্ দ্বিতীয়োঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
তৃতীয়ে স্বপিতু র্যজ্ঞং দিদৃক্ষু র্যাস্যতী সতী।
নিবারিতা নীতিবাক্যৈরদক্ষাজ্ঞা হরেণ সা ॥ * ॥

অবগাহন পূর্ব্বক অবভৃত স্নান করিয়া সকলে বিশুদ্ধচিত্তে স্ব স্ব স্থানে গমন করিলেন ॥ ৩৫ ॥

ইতি চতুর্থ স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্বিতীয়াধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

এই সকলের অভিসম্পাতে বস্তুত বেদাচারী বা শৈব কাহারও নিন্দা হয় নাই ; তবে ভোগবাসনায় বেদাধ্যয়ন বা শিবের উপাসনা করা এই উভয়ই যে মন্দ, তাহাই এই বিরোধের প্রধান উদ্দেশ্য। জীব ভোগবাসনা পরিত্যাগ পূর্ব্বক যে কোন পন্থাই অবলম্বন করে, তাহাই শুভপ্রদ এবং ভোগাভিপ্রায়ে বেদপাঠ এবং উপাসনাও যে দূষিত, ইহাই এই অধ্যায়ের প্রধান প্রতিপাদ্য বিষয় ॥ ৩২—৩৫ ॥

ইতি চতুর্থস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্বিতীয়াধ্যায়ের আভাস সমাপ্ত ॥

জামাতুঃ শ্বশুরস্যাপি সুমহানতিচক্রমে ॥ ১ ॥
যদাভিষিক্তো দক্ষস্তু ব্রহ্মণা পরমেষ্ঠিনা।
প্রজাপতীনাং সর্ব্বেষামাধিপত্যে স্ময়োঽভবৎ ॥ ২ ॥
ইষ্ট্বা স বাজপেয়েন ব্রহ্মিষ্ঠানভিভূয়চ।

অন্বয়ঃ।

ধ্রিয়মানয়োঃ অবতিষ্ঠমানয়োঃ জামাতুঃ শ্বশুরস্য চ ভবদক্ষয়োঃ বৈ সুমহান্ কালঃ অতিচক্রমে অগমৎ ॥ ১ ॥

যদা তু দক্ষঃ সর্ব্বেষাং প্রজাপতীনাং মরীচ্যাদীনাং আধিপত্যে মুখ্যত্বেন পরমেষ্ঠিনা ব্রহ্মণা অভিষিক্তঃ তদা তস্য স্ময়ঃ গর্ব্বঃ, অভবৎ ॥ ২ ॥

সঃ অতি গর্ব্বিতঃ দক্ষঃ ব্রহ্মিষ্ঠান্ (এবং তৎপক্ষীয়ান্ চ) অভিভূয় তিরস্কৃত্যঃ, বাজ-

শ্রীধরস্বামী।

ধ্রিয়মাণয়োঃ অবতিষ্ঠমানয়োঃ। ধৃঙ্ অবস্থান ইত্যস্মাৎ ॥ ১ ॥

যদ্যপি রুদ্রবিহীনো যজ্ঞো নাস্ত্যেব তথাপি দক্ষস্য রুদ্রপরিত্যাগো দ্বেষাদ্গর্ব্বাচ্চ তত্র দ্বেষে হেতুরুক্তঃ। গর্ব্বহেতুমাহ যদাতু প্রজাপতীনামাধিপত্যে অভিষিক্তঃ তদা তস্য স্ময়ো গর্ব্বোঽভবৎ ॥ ২ ॥

গর্ব্বাদেব ব্রহ্মিষ্ঠান্ সেশ্বরানভিভূয় তিরস্কৃত্য বাজপেয়েনেষ্ট্বা বৃহস্পতিসবেন যজ্ঞেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধ্রিয়মাণয়োঃ অনবতিষ্ঠমানয়োঃ ক্রমাৎ ক্ষমাপণকাপ্রাপ্তবতোরিত্যর্থঃ। ধৃঙ্ অনবস্থান ইত্যস্মাৎ ॥ ১ ॥

যদাভিষিক্ত ইতি শিবদ্বেষিণো দক্ষস্য সংপত্তিরিয়ং রাজ্যস্যাপরাধফলমেব পুনরপ্যপরাধবৃদ্ধ্যর্থমেব অতএবাহ স্ময়ো গর্ব্বঃ ॥ ২ ॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর! এই প্রকারে পরস্পরে দ্বেষ করিতে করিতেই শ্বশুর দক্ষ প্রজাপতি ও জামাতা ত্রিলোচনের বহুকাল অতীত হইয়া গেল ॥ ১ ॥

কিন্তু যখন কমলাসন ব্রহ্মা দক্ষ প্রজাপতিকে মরীচ্যাদি সমস্ত প্রজাপতিগণের শ্রেষ্ঠ অধিপতিরূপে অভিষিক্ত করিলেন, তখন দক্ষের মনে মনে একটী গর্ব্বের উদয় হইল ॥ ২ ॥

তিনি তখন শিবপক্ষীয় ব্রহ্মিষ্ঠ সুরেশ্বরগণের অবমাননার অভিপ্রায়ে

আভাস।

তৃতীয়াধ্যায়ে পিতার যজ্ঞমহোৎসব দর্শনার্থ সতীর দক্ষালয়ে গমন প্রার্থনা এবং শঙ্কর কর্ত্তৃক নানাবিধ হেতু প্রদর্শন পূর্ব্বক নিবারণ বর্ণিত হইয়াছে ॥

বৃহস্পতিসবং নাম সমারেভে ক্রতূত্তমং ॥ ৩॥
তস্মিন্ ব্রহ্মর্ষয়ঃ সর্ব্বে দেবর্ষিপিতৃদেবতাঃ।
আসন্ কৃতস্বস্ত্যয়না স্তৎপত্ন্যশ্চ সভর্তৃকাঃ॥ ৪॥
তদুপশ্রুত্য নভসি খেচরাণাং প্রজল্পতাং।
সতী দাক্ষায়ণী দেবী পিতৃযজ্ঞমহোৎসবং॥

অন্বয়ঃ।

পেয়েন বাজপেয়সঙ্গকেন যাগেন ইষ্ট্বা ক্রতূত্তমং (ক্রতুষু উত্তমং) বৃহস্পতিসবং তন্নামোক্তং যাগবিশেষং কর্ত্তুং সমারেভে। (ব্রাহ্মণস্য বৃহস্পতি সবো মুখ্য স্তৎপূর্ব্বাঙ্গত্বেন বাজপেয়ানুষ্ঠানং) ॥ ৩॥

তস্মিন্ দক্ষপ্রারব্ধবৃহস্পতিসত্রে, সর্ব্বে ব্রহ্মর্ষয়ঃ দেবর্ষিপিতৃদেবতাঃ সভর্তৃকাঃ তৎ পত্ন্যঃ চ কৃতস্বস্ত্যয়নাঃ (কৃতং স্বস্ত্যয়নং মঙ্গলং পূজনং যাসাং তাঃ) আসন্ ॥ ৪॥

নভসি আকাশপথে, প্রজল্পতাং কথয়তাং খেচরাণাং গন্ধর্ব্বাদীনাং (মুখে) তৎ পিতৃযজ্ঞমহোৎসবং (পিতুঃ দক্ষস্য যজ্ঞমহোৎসবং) উপশ্রুত্য দাক্ষায়ণী সতী দেবী॥

শ্রীধরস্বামী।

ইতি শ্রুতেঃ। বাজপেয়েনেষ্ট্বা সমারেভে॥ ৩॥

কৃতস্বস্ত্যয়নাঃ কৃতমঙ্গলাঃ সভর্তৃকা ইতি দক্ষিণাদিভিঃ প্রথমমর্হিতানামপি পত্ন্যর্হণে পুনরর্হণমুক্তং॥ ৪॥

তত্তদা খেচরাণাং প্রজল্পতাং সতাং পিতৃযজ্ঞমহোৎসবং শ্রুত্বা তত্র ব্রজন্তীঃ উপদেবানাং গন্ধর্ব্বাণাং বরাঃ স্ত্রিয়শ্চ স্বস্য নিলয়স্যাভ্যাসে সমীপে দৃষ্ট্বা ঔৎসুক্যাৎ পতিমভাষতেতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গর্ব্বাদেব ব্রহ্মিষ্ঠানভিভূয় বৃহস্পতিসবমিতি বাজপেয়েনেষ্ট্বা বৃহস্পতিসবেন যজেতেতি শ্রুতেঃ॥ ৩॥

কৃতস্বস্ত্যয়নাঃ কৃতার্হণাঃ সভর্তৃকা ইতি তেষাং পত্ন্যর্হণৈঃ পুনরপ্যর্হণমুক্তং॥ ৪॥

বাজপেয় যজ্ঞের সমাপন করিয়া সর্ব্বশ্রেষ্ঠ বৃহস্পতিযাগের আরম্ভ করিলেন। ব্রাহ্মণের পক্ষে সর্ব্বশ্রেষ্ঠ বৃহস্পতি যাগ করিতে হইলে, তৎপূর্ব্বে বাজপেয় যজ্ঞের অনুষ্ঠান করা বিধেয়॥ ৩॥

দক্ষানুষ্ঠিত বৃহৎ বৃহস্পতিযাগে যাবতীয় ব্রহ্মর্ষিগণ, দেবর্ষিগণ, পিতৃলোকগণ ও অমরবৃন্দ সকলেই সমবেত হইয়াছিলেন; এবং তাঁহারা সকলে ও তাঁহাদের পত্নীগণও পতিসহ তথায় আগমন পূর্ব্বক যথাযোগ্য পূজা ও অভ্যর্থনাদি প্রাপ্ত হইয়াছিলেন॥ ৪॥

আকাশচারী গন্ধর্ব্বগণও দক্ষরাজের যজ্ঞমহোৎসবের কথা সর্ব্বদা

ব্রজন্তীঃ সর্ব্বতোদিগ্‌ভ্য উপদেববরস্ত্রিয়ঃ।
বিমানযানাঃ সপ্রেষ্ঠা নিষ্ককণ্ঠীঃ সুবাসসঃ॥
দৃষ্ট্বা স্বনিলয়াভ্যাসে লোলাক্ষীর্মৃষ্টকুণ্ডলাঃ।
পতিং ভূতপতিং দেবমৌৎসুক্যাদভ্যভাষত॥ ৫ ॥

অন্বয়ঃ।

সর্ব্বতো দিগভ্যঃ ব্রজন্তীঃ বিমানযানাঃ (বিমানানি যানানি গমনসাধনানি যাসাং তাঃ) সপ্রেষ্ঠাঃ (প্রেষ্ঠৈঃ ভর্তৃভিঃ সহিতাঃ) নিষ্ককণ্ঠীঃ (নিষ্কাণি পদকানি কণ্ঠে যাসাং তাঃ) মৃষ্টকুণ্ডলাঃ (মৃষ্টানি শুদ্ধানি কুণ্ডলানি যাসাং তাঃ) উপদেববরস্ত্রিয়ঃ (উপদেবানাং যক্ষ-গন্ধর্ব্বাদীনাং বরাঃ শ্রেষ্ঠাঃ স্ত্রিয়ঃ) স্বনিলয়াভ্যাসে (স্বনিলয়স্য গৃহস্য অভ্যাসে সমীপে) দৃষ্ট্বা ভূতপতিং পতিং শিবং ঔৎসুক্যাৎ অভ্যভাষত উক্তবতী ইতি দ্বয়োরন্বয়ঃ॥ ৫॥

শ্রীধরস্বামী।

ত্রয়াণামন্বয়ঃ। কথম্ভূতাঃ স্ত্রিয়ো দৃষ্ট্বা বিমানানি যানানি যাসাং তাঃ। প্রেষ্ঠৈঃ সহিতাশ্চ নিষ্কাণি পদকানি কণ্ঠেষু যাসাং শোভনানি বাসাংসি যাসাং লোলানি চঞ্চলানি অক্ষীণি যাসাং। মৃষ্টানি উজ্জ্বলানি কুণ্ডলানি যাসাং॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্তদা খেচরাণাং প্রজল্পতাং মুখাৎ পিতু র্যজ্ঞমহোৎসবমুপশ্রুত্য ব্রজন্তীরুপদেববর-স্ত্রিয়ো দৃষ্ট্বা পতিমভ্যভাষত॥ ৫॥

আলোচনা করিতে লাগিলেন। দক্ষতনয়া সতী প্রথম তাঁহাদের মুখেই তাদৃশ যজ্ঞবৃত্তান্ত অবগত হইলেন।।

এবং দিগ্‌দিগন্ত হইতে গন্ধর্ব্ব-বনিতাগণ মনোহর বসন পরিধানে, এবং গলদেশে স্বর্ণপদক ও কর্ণদ্বয়ে মণিময় কুণ্ডল ধারণে স্বামীসহ বিমানে আরোহণ পূর্ব্বক সতীগৃহের নিকট দিয়াই গমন করিতে লাগিলেন। মহেশ্বরী সেই চপলদৃষ্টী বনিতাগণের চঞ্চলগতি নিরীক্ষণ করিয়া, স্বয়ং তথায় গমনের

আভাস।

প্রজাপতিগণের সত্রযাগকালে প্রজাপতি দক্ষ এবং ভবানীপতি শঙ্করের মধ্যে পরস্পরে যে বিদ্বেষানল প্রজ্বলিত হইয়াছিল, বহুকাল অতীত হইলেও কিছুতেই তাহা নির্ব্বাপিত হয় নাই। প্রজাপতির অভিমানই এই অনর্থের মূল। তিনি ব্রহ্মা কর্তৃক প্রজাপতিগণের আধিপত্যে অভিষিক্ত হইয়া, সাতিশয় গর্ব্বিত হইয়াছিলেন;এবং কোন্ উপায়ে ব্রহ্মিষ্ঠ-গণের অবমাননা করিবেন, এই চিন্তায় বহুকাল অতিবাহিত করিলেন। পরে মহাদেব ব্যতীত মহাযজ্ঞ বৃহস্পতিযাগের অনুষ্ঠানার্থ আয়োজন করিলেন এবং মহাদেব ব্যতীত যাবতীয় দেববৃন্দ, মহর্ষিবৃন্দ এবং ব্রহ্মর্ষিগণকে নিমন্ত্রণ করিয়া যজ্ঞের আরম্ভ করিলেন॥ ১—৪ ॥

প্রজাপতেস্তে শ্বশুরস্য সাম্প্রতং নির্যাপিতো যজ্ঞমহোৎসবঃ কিল।
বয়ঞ্চ তত্রাভিসরাম বাম তে যদার্থিতামী বিবুধা ব্রজন্তিহি॥ ৬॥
তস্মিন্ ভগিন্যো মম ভর্তৃভিঃ স্বকৈ ধ্রুবং গমিষ্যন্তি সুহৃদ্দিদৃক্ষবঃ।

অন্বয়ঃ।

তে তব শ্বশুরস্য প্রজাপতেঃ দক্ষস্য, যজ্ঞমহোৎসবঃ সাম্প্রতং নির্যাপিতঃ প্রবর্ত্তিতঃ। হে বাম প্রকৃত্যা চতুর! যদি তে তব অর্থিতা ইচ্ছা, ভবেৎ তদা বয়ং চ সর্ব্বে তত্র অভিসরাম গচ্ছাম। যতঃ অমী বিবুধাঃ হি ব্রজন্তি॥ ৬॥

তস্মিন্ যজ্ঞমহোৎসবে, ধ্রুবং নিশ্চিতং মম ভগিন্যঃ সুহৃদ্দিদৃক্ষবঃ সত্যঃ স্বকৈঃ ভর্তৃভিঃ সহ গমিষ্যন্তি; অতঃ অহমপি অস্মিন্ যজ্ঞে উপনীতং (পিতৃভ্যাং দত্তং) পরিবর্হং

শ্রীধরস্বামী।

নির্যাপিতঃ প্রবর্ত্তিতঃ। হে বাম হে শিব তে যদ্যর্থিতা ইচ্ছা তর্হি বয়ং তত্রাভিসরাম গচ্ছাম নাদ্যাপি যাগো নিবৃত্তঃ যতোঽমী বিবুধা ব্রজন্তি॥ ৬॥

ঔৎসুক্যং প্রকটয়ন্নাহ তস্মিন্নিতি ষড়্ভিঃ। পিতৃভ্যামুপনীতং দত্তং পরিবর্হমলঙ্কারাদি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নির্যাপিতঃ প্রবর্ত্তিতঃ তে প্রসিদ্ধা যদ্যমী বিবুধা ব্রজন্তি হি অতএব হেতোঃ বয়মপি তত্র অভিসরাম। হে বাম অর্থিতা অর্থিত্বং ইয়ং মম প্রার্থনেত্যর্থঃ॥ ৬॥

তত্র তব মম বা কিং প্রয়োজনমত আহ তস্মিন্ ভগিন্য ইতি। তাসাং সভর্তৃকাণামর্হণমিব মমাপি সভর্তৃকায়া অর্হণং ভবত্বিতি কাময়ে ইত্যাহ। অহঞ্চেত্যাদি। পিতৃভ্যামুপনীতং দত্তং পরিবর্হং বস্ত্রালঙ্কারাদি দ্রব্যং ভবতা সহ অর্হিতুং অর্হয়িতুং স্বীকর্ত্তু-

---

অভিপ্রায়ে ঔৎসুক্য বশতঃ ভবানীপতি ঈশানের সমীপে উপস্থিত হইয়া তাঁহাকে বলিলেন—॥ ৫॥

হে আশুতোষ! আপনার শ্বশুর প্রজাপতি দক্ষের বৃহৎ যজ্ঞমহোৎসব আরম্ভ হইয়াছে। দেখুন! ঐ সকল দেবতাগণ তথায় গমন করিতেছেন! আপনি যদি বলেন, তাহা হইলে আমরাও তথায় গমন করিব॥ ৬॥

আমার নিশ্চয় বোধ হইতেছে যে, আমার অন্যান্য ভগিনীগণও স্বজনগণকে দেখিবার অভিপ্রায়ে স্ব স্ব স্বামী সহ তথায় গমন করিবেন। আমার

আভাস।

দক্ষতনয়া সতী লোকমুখে পিতৃমহোৎসবের আয়োজন শ্রবণ করিয়া তথায় যাইবার জন্য মহাদেবের অনুমতি প্রার্থনা করেন; এবং বিবিধ কারণ প্রদর্শন করাইয়া মহাদেবকে অনুমোদন করাইবার চেষ্টা করিয়াছিলেন। প্রথমত অন্যান্য ভগিনীর ন্যায় স্বয়ং পতিসহ পিত্রালয়ে গমন করত মর্য্যাদার লোভ প্রদর্শন করান; পরে স্বজনদর্শনের আনন্দ

অহঞ্চ তস্মিন্ ভবতাভিকাময়ে সহোপনীতং পরিবর্হমর্হিতুং ॥ ৭ ॥
তত্র স্বসৃর্মে ননু ভর্ত্তৃসম্মিতা মাতৃস্বসৃঃ ক্লিন্নধিয়ঞ্চ মাতরং।
দ্রক্ষ্যে চিরোৎকণ্ঠমনা মহর্ষিভিরুন্নীয়মানঞ্চ মৃড়াধ্বরধ্বজং ॥ ৮ ॥

অন্বয়ঃ।

অলঙ্কারাদিপারিতোষিকং, ভবতা সহ অর্হিতু স্বীকর্ত্তুং, অভিকাময়ে ইচ্ছামি ॥ ৭ ॥

তত্র পিতৃগৃহে ননু নিশ্চিতং, ভর্ত্তৃসম্মিতাঃ (ভর্ত্তৃভিঃ সম্মিতাঃ তুল্যাঃ) মে মম, স্বসৃঃ ভগিনীঃ তথা মাতৃস্বসৃঃ, ক্লিন্নধিয়ং (ক্লিন্না স্নেহেন আর্দ্রা ধীঃ যস্যাঃ তাং) মাতরং, চ তথা হে মৃড়! সর্ব্বসুখপ্রদ! চিরোৎকণ্ঠমনাঃ (চিরং বহুকালপর্য্যন্তং উৎকণ্ঠং উৎসুকং, মনো যস্যাঃ সা) অহং মহর্ষিভিঃ উন্নীয়মানং প্রবর্ত্তমানং অধ্বরধ্বজং (অধ্বরেষু যাগেষু ধ্বজবৎ উৎকৃষ্টং যাগশ্রেষ্ঠং দ্রক্ষ্যে দ্রক্ষ্যামি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

দ্রব্যং ভবতা সহ অর্হিতুং স্বীকর্ত্তুং কাময়ে। অর্হিতমিতি পাঠে সংকৃতং। পরিবর্হমিচ্ছামীতি ॥ ৭ ॥

স্বসৃর্ভগিনীঃ ভর্ত্তৃভিঃ সম্মিতাঃ সদৃশীঃ ক্লিন্নধিয়ং স্নেহার্দ্রচিত্তাং চিরমুৎকণ্ঠমুৎসুকং মনো যস্যাঃ সাহং দ্রক্ষ্যামি। হে মৃড় উন্নীয়মানং প্রবর্ত্ত্যমানং অধ্বরেষু ধ্বজমিব দৃশ্যং শ্রেষ্ঠমধ্বরং। যদ্বা উৎক্ষিপ্যমাণং যজ্ঞে কেতুং যূপং বা ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিতি যাবৎ কাময়ে ইচ্ছামি ॥ ৭ ॥

কিং পরিবর্হার্থিনী বিষাসতীতি তত্রাহ। তত্রেতি। ক্লিন্নধিয়ং স্নেহেনার্দ্রচিত্তাং উন্নীয়মানং প্রবর্ত্ত্যমানং অধ্বরেষু মধ্যে ধ্বজমিব শ্রেষ্ঠং। যদ্বা। উৎক্ষিপ্যমাণং যজ্ঞকেতুং ॥ ৮ ॥

ইচ্ছা যে, আমিও তথায় গমন করি এবং স্বামীর সহ পিতৃদত্ত অলঙ্কারাদি পারিতোষিক গ্রহণ করি ॥ ৭ ॥

হে সর্ব্বানন্দপ্রদ! পিতৃগৃহে স্বামিসোহাগিনী ভগিনীগণ, মাতৃস্বসা ও জননীকে দর্শন করিবার জন্য আমার মন অত্যন্তই উৎকণ্ঠিত হইয়াছে; তাঁহাদের প্রিয়সম্ভাষণে আমি বিশেষ পরিতৃপ্ত হইব, সন্দেহ নাই। তথায় মহর্ষিগণের অনুষ্ঠিত সেই সর্ব্বোত্তম যাগ দর্শনে আমার আনন্দের পরিসীমা থাকিবে না। আমি তথায় গমন করত, তাঁহাদের সকলকে দর্শন করিব, এই আমার নিতান্ত বাসনা ॥ ৮ ॥

আভাস।

প্রকাশ করেন। মহাদেব কিন্তু তাহাতে পাছে সন্তুষ্ট না হইয়া বলেন যে, "হে ভামিনি! তুমি জগৎপ্রসবিনী হইয়া সামান্য প্রাকৃতিক লোকের ন্যায় যে, আচরণ করিতে ইচ্ছা

ত্বয্যেতদাশ্চর্য্যমজাত্মমায়য়া বিনির্ম্মিতং ভাতি গুণত্রয়াত্মকং ।
তথাপ্যহং যোষিদতত্ত্ববিচ্চ তে দীনা দিদৃক্ষে ভব মে ভবক্ষিতিং ॥ ৯ ॥

অন্বয়ঃ ।

হে অজ জন্মাদিরহিত ! যদ্যপি আত্মমায়য়া (আত্মনঃ তব মায়য়া) বিনির্ম্মিতং গুণত্রয়াত্মকং এতৎ আশ্চর্য্যং তর্কাগোচরং, বিশ্বং ত্বয়ি এব ভাতি (অতঃ ত্বাং পশ্যন্ত্যাঃ মম অন্যত্রাশ্চর্য্যদর্শনোৎকণ্ঠা ন যুক্তা) তথাপি অহং তে তব অতত্ত্ববিৎ (তত্ত্বং যথার্থরূপং ন জানামি) যতঃ যোষিৎ অতঃ দীনা অনুকম্প্যা ; হে ভব ! অতঃ মে ভবক্ষিতিং জন্মভূমিং দিদৃক্ষে দ্রষ্টুমিচ্ছামি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী ।

অহো কিং তত্রাশ্চর্য্যং যেন তবৈতদৌৎসুক্যমিতি চেদত আহ ত্বয়ীতি । হে অজ এতদ্বিশ্বমাশ্চর্য্যরূপং ত্বয্যেব ত্বন্মায়য়া রচিতং বিভাতি অতো যদ্যপি তব নাশ্চর্য্যবুদ্ধিঃ তথাপ্যহং যোষিদুৎসুকস্বভাবা তব তত্ত্বঞ্চ ন জানামি । অতো দীনা কৃপণা সতী । হে ভব মে ভবক্ষিতিং জন্মভূমিং দিদৃক্ষে দ্রষ্টুমিচ্ছামি ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অত্যাশ্চর্য্যমিদং যত্ত্বয়াপি প্রাকৃতলোকস্যেব বন্ধুষেতাবান্মোহ স্তত্রাহ ত্বয়ীতি হে অজ এতন্মোহাদিকং তবাত্মারামত্বাৎ ত্বয্যেবাশ্চর্য্যং ভাতি অস্মাকন্তু স্বাভাবিক এবায়ং ধর্ম্ম ইতি ভাবঃ যতো গুণত্রয়াত্মকমিদং বিশ্বমাত্মমায়য়া বিনির্ম্মিতমতো মুহ্যত্যেবেতি ভাবঃ । তথাপ্যেতদ্বিশ্বমধ্যেঽপি অহং যোষিৎ । তত্রাপি অতত্ত্ববিচ্চ তে তব তত্ত্বমজানতী অতএব দীনা ভবক্ষিতিং জন্মভূমিং দিদৃক্ষে হে ভব ॥ ৯ ॥

হে গুণাতীত ! যদিও তর্কের অতীত এই গুণত্রয়াত্মক বিশ্ব ব্রহ্মাণ্ড এক ভবদীয় অনির্ব্বচনীয় মায়াশক্তিযোগে ভবদীয় স্বরূপেই বিরাজ করিতেছে, সুতরাং এক আপনাকে স্বরূপত অবগত হইতে পারিলেই, অন্য কোন দৃশ্যই আশ্চর্য্য বলিয়া অনুভূত হয় না এবং স্বজন দর্শনার্থ কোন উৎকণ্ঠারও সম্ভাবনা থাকে না, তথাপি আমি অবলা নারীজাতি ! সর্ব্বতোভাবে তোমার দয়ারই পাত্র । জন্মভূমি দর্শনার্থ নিতান্তই বাসনা হইয়াছে ; অনুগ্রহ পূর্ব্বক তাহারই বিধান করুন ! ॥ ৯ ॥

আভাস ।

কর, তাহা কখনই সঙ্গত নহে,” এই ভয়ে সতী বলিলেন, হে ত্রিলোচন ! আপনি মায়ার অতীত এবং যাহারা আপনাকে অবগত হইয়াছেন, তাঁহারাও মায়াকে অতিক্রম করিয়াছেন । সুতরাং মায়ার মধুর ভাবে আপনি বা তাদৃশ লোকে কখনই বিস্মিত হন না ; সত্য ! আমি কিন্তু গুণময়ী মায়ার অধীন ; তাহাতে জ্ঞানহীনা নারীজাতি । এবং

পশ্য প্রযান্তীরভবান্যযোষিতোঽপ্যলঙ্কৃতাঃ কান্তসখা বরূথশঃ।
যাসাং ব্রজদ্ভিঃ শিতিকণ্ঠমণ্ডিতং নভো বিমানৈঃ কলহংসপাণ্ডুভিঃ ॥১০

অন্বয়ঃ।

হে অভব জন্মমরণাদিলক্ষণসংসাররহিত! কান্তসখাঃ (কান্তৈঃ ভর্তৃভিঃ সহিতাঃ) অলঙ্কৃতাঃ অন্যযোষিতঃ (অন্যেষাং সম্বন্ধরহিতানাং যোষিতঃ কামিন্যঃ) বরূথশঃ যূথশঃ, প্রযান্তীঃ দক্ষযজ্ঞং গচ্ছন্তীঃ, ত্বং পশ্য। হে শিতিকণ্ঠ! নীলকণ্ঠ! যাসাং যোষিতাং কলহংসপাণ্ডুভিঃ হংসবৎ শ্বেতৈঃ, ব্রজদ্ভিঃ বিমানৈঃ, নভঃ মণ্ডিতং দৃশ্যতে ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

দিদৃক্ষামেব কৈমুতিকন্যায়েন ব্যনক্তি পশ্যেতি দ্বাভ্যাং। হে অভবেতি সুহৃদ্বিয়োগ-দুঃখং ত্বয়া নাস্বাদিতমিতি ভাবঃ অন্যা যোষিতঃ সম্বন্ধরহিতা অপি প্রযান্তীঃ পশ্য। কান্ত-সখাঃ ভর্তৃসহিতাঃ বরূথশঃ সংঘশঃ কথম্ভূতাঃ যাসাং বিমানৈর্নভো মণ্ডিতং। হে শিতিকণ্ঠ হে নীলকণ্ঠেতি পরানুগ্রহার্থং ত্বয়া বিষমপি ভক্ষিতমিতি সূচয়তি ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন কেবলমহমেবৈকৈবৈতাদৃশী ত্যাহ পশ্যেতি হে অভবেতি সুহৃদ্বিয়োগদুঃখং ত্বয়া নানুভূত-মিতি ভাবঃ। অন্যা যোষিতঃ সম্বন্ধরহিতা অপি কান্তসখা ভর্তৃসহিতাঃ বরূথশঃ সংঘশঃ যাসাং বিমানৈ র্ব্রজদ্ভি র্নভোমণ্ডিতং। হে শিতিকণ্ঠেতি পরানুগ্রহায় ত্বয়া বিষমপি ভক্ষিতমত আজ্ঞাং দেহীতি ভাবঃ ॥ ১০ ॥

আপনি জন্মমরণাদি সংসারের অতীত! ঐ দেখুন! যাহাদের সহিত কোন সম্পর্ক নাই, তাদৃশ কামিনীগণও কান্তসহ পরিচ্ছদাদি বেশ ভূষায় ভূষিত হইয়া দলে দলে আমার পিতৃযজ্ঞ দর্শনার্থ গমন করিতেছে! হে নীলকণ্ঠ! ঐ দেখুন! কলহংস সদৃশ তাহাদের শুভ্র বিমানশ্রেণী নভোমণ্ডল যেন সমাচ্ছাদিত করিয়া যাইতেছে ॥ ১০ ॥

আভাস।

আপনার তত্ত্ব সম্যক্ অবগত নহি। অতএব বন্ধুসন্দর্শনার্থ আমার উৎসুক যে, জন্মিবে তাহাতে আর বিচিত্র কি? ৭—৯।

হে শম্ভো! জন্মের সহিত আপনার যখন কোন সম্বন্ধ নাই, তখন জগতের সহিত আপনি কোন সম্পর্কই রাখেন না; সুতরাং বন্ধুবিরহের দুঃখ আপনার হৃদয়ে কেন স্থান পাইবে? দেখুন! যাহার অঙ্গে কখন কণ্টকবিদ্ধ হয় নাই, তিনি পরের তাদৃশ বেদনা কিরূপে অনুভব করিবেন? আমার হৃদয়ে মাতা ও ভগিনী প্রভৃতির অদর্শনজনিত শোক যে, কিরূপ যাতনা দিতেছে, হে সতীকান্ত! আপনি ব্যতীত, কে তাহার প্রতীকারে সমর্থ হইবে? দেখুন! আমি যে, একাকীই ব্যাকুলা হইয়া আপনাকে অনুরোধ করিতেছি, তাহা নহে;

কথং সুতায়াঃ পিতৃগেহকৌতুকং নিশম্য দেহঃ সুরবর্য্য নেঙ্গতে।
অনাহুতা অপ্যভিযন্তি সৌহৃদং ভর্ত্তুর্গুরোর্দেহকৃতশ্চকেতনং॥ ১১
তন্মে প্রসীদেদমমর্ত্ত্য বাঞ্ছিতং কর্ত্তুং ভবান্ কারুণিকো বতার্হতি।

অন্বয়ঃ।

হে সুরবর্য্য দেবশ্রেষ্ঠ! পিতৃগেহকৌতুকং পিতৃগৃহোৎসবং, নিশম্য শ্রুত্বা, সুতায়াঃ দেহঃ কথং ন ইঙ্গতে প্রচলতি! অনাহুতাঃ অপি সৌহৃদং (সুহৃদঃ মিত্রস্য গৃহং) তথা ভর্ত্তুঃ গুরোঃ, দেহকৃতঃ পিতুঃ, চ কেতনং গৃহং অভিযন্তি গচ্ছন্তি, লোকাঃ ইতি শেষঃ॥ ১১॥

হে অমর্ত্ত্য! তৎ তস্মাৎ, প্রসীদ! কারুণিকঃ ভবান্ মে মম, ইদং বাঞ্ছিতং দক্ষযজ্ঞে

শ্রীধরস্বামী।

তদা হে সুরশ্রেষ্ঠ পিতৃগেহোৎসবং নিশম্য সুতায়া দেহঃ কথং নেঙ্গতে দ্রষ্টুং ন প্রচলতি। তথাপ্যনাহূতাঃ সন্তঃ কথং গচ্ছামঃ তত্রাহ সৌহৃদং সুহৃদঃ কেতনং গৃহং তথা। ভর্ত্রাদীনাঞ্চ গৃহং অনাহূতা অপি অভিযন্তি হ্রস্বত্বমার্ষং॥ ১১॥

হে অমর্ত্ত্য তত্তস্মাৎ প্রসীদ ইদং মে বাঞ্ছিতং কর্ত্তুং ভবানর্হতি। কারুণিকত্বমেবাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অহন্তু তস্য কন্যা ভূত্বা কথং ধৈর্য্যং ধ্যাস্যামীত্যাহ কথমিতি নেঙ্গতে ন দ্রষ্টুং প্রচলতি। নন্বু তদপ্যনাহূতাঃ কথং গচ্ছাম স্তত্রাহ অনাহূতা অপি সৌহৃদং সুহৃদঃ কেতনং গৃহং গুরোঃ শ্বশুরস্য দেহকৃতঃ পিতুশ্চ॥ ১১॥

যদি তে নাস্তি জিগমিষা তদপি মদনুরোধেন কৃপয়া গচ্ছেত্যাহ। তন্ম ইতি হে অমর্ত্ত্য

হে দেববর! পিত্রালয়ের উৎসববার্ত্তা শ্রবণ করিলে, কোন্ কন্যার দেহ পুলকিত না হয়? আমাদের নিমন্ত্রণ না হইলেও তথায় যাইতে কোন বাধা নাই; কারণ মিত্রের গৃহ, গুরু, স্বামী এবং জন্মদাতা পিতার আলয়ে নিমন্ত্রণের অপেক্ষা না করিয়াই লোকে গমন করিয়া থাকে॥ ১১॥

অতএব হে অমর্ত্ত্য! প্রসন্ন হও! আর বিড়ম্বনা করিও না! আপনি আশুতোষ ও পরম কারুণিক; দক্ষালয়ে গমন করিবার নিমিত্ত আমার নিতান্তই বাসনা হইতেছে; আপনি আমাকে অনুমতি করুন! আপনি যখন

আভাস।

অন্যান্য দূরসম্পর্কীয়া ললনাগণও কত ব্যস্ততা সহকারে যে গমন করিতেছেন, তাহা একবার নভোমণ্ডলের প্রতি দৃষ্টিপাত করিলেই বিশেষ বুঝিতে পারিবেন। ঐ দেখুন! তাহাদের দ্রুতগতি বিমানশ্রেণীতে নভোমণ্ডল প্রায় পরিব্যাপ্ত হইয়া পড়িয়াছে। সকলেই স্ব স্ব স্বামীর সহিত গমন করিতেছেন! হে ভবানীপতি! আমার কি আর এক দিনের জন্যও সে সাধ পূরণ হইবে না? হে নীলকণ্ঠ! পরদুঃখ বিমোচনার্থ স্বয়ং হলাহলও পান করিয়াছেন,

ত্বয়াত্মনোঽর্দ্ধেঽহমদভ্রচক্ষুষা নিরূপিতা মানুগৃহাণ যাচিত ॥ ১২ ॥

ঋষিরুবাচ ॥

এবং গিরিত্রঃ প্রিয়য়াভিভাষিতঃ প্রত্যভ্যধত্ত প্রহসন্ সুহৃৎপ্রিয়ঃ।

অন্বয়ঃ।

গমনরূপং, কর্ত্তুং অর্হতি বত এব। অদভ্রচক্ষুষা অনল্পজ্ঞানেন ত্বয়া আত্মনঃ দেহস্য অর্দ্ধে যতঃ অহং নিরূপিতা অতঃ যাচিতঃ প্রার্থিতঃ সন্ মা মাং, অনুগৃহাণ ॥ ১২ ॥

ঋষিঃ মৈত্রেয়ঃ উবাচ। এবং উক্তপ্রকারেণ প্রিয়য়া সত্যা, অভিভাষিত সংপ্রার্থিতঃ, সুহৃৎপ্রিয়ঃ (সুষ্ঠু হৃৎ হৃদয়ং যেষাং তেষাং প্রিয়ঃ) গিরিত্রঃ শিবঃ, কঃ দক্ষঃ, বিশ্বসৃজাং

শ্রীধরস্বামী।

অদভ্রচক্ষুষা অনল্পজ্ঞানেনাপি ত্বয়া আত্মনো দেহস্যার্দ্ধে অহং নিরূপিতা ধৃতা যতোঽর্দ্ধনারীশ্বর ইতি খ্যাতোঽসি অতো মা মামনুগৃহাণ যাচিতঃ সন্ ॥ ১২ ॥

অভিভাষিতোঽভিযাচিতঃ। কো দক্ষো যানাহ মর্ম্ম ভিন্দন্তি যে তান্ কুবাগিষূন্ দুরুক্তি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে দেব ত্বয়া অকর্ত্তব্যমপি কৃতমিত্যাহ অদভ্রচক্ষুষা অনল্পজ্ঞানেনাত্মারামেণাপি আত্মনো দেহস্যার্দ্ধে অহং নিরূপিতা ধৃতা যতোঽর্দ্ধনারীশ্বর ইতি খ্যাতোঽস্যতো মা মাং ॥ ১২ ॥

কো দক্ষো যানাহ তান্ মর্ম্মভিদঃ কটুবাক্‌শরান্ প্রিয়য়া স্মারিতঃ। নমু দক্ষপ্রযুক্তাঃ কটুবাগিষবঃ শ্রীশিবস্যাত্মারামস্য মর্ম্ম কথং ভিন্দন্তি। উচ্যতে শিবস্য পরমেশ্বরত্বাদাত্মারামত্বমস্ত্যেব। তমোগুণযুক্তত্বাচ্চ কদাচিৎ পরমৈশ্বর্য্যাননুসন্ধানে সতি শোকমোহরাগ-দ্বেষাদয়োঽপি ভবন্তি। তথৈব কৃষ্ণস্য সদৈবাত্মারামত্বেঽপি শ্রীযশোদাদি শ্রীবলদেবাদি শ্রীগোপিকাদিবিশিষ্টত্বে প্রেমবত্ত্বাদেব স্বীয়পারমৈশ্বর্য্যাননুসন্ধানাৎ শোকমোহরাগ-দ্বেষাদয়ঃ কিন্তু শিবস্য তমোগুণোদ্ভূতাস্তে দুঃখাভাসানুভবময়াঃ কৃষ্ণস্য প্রেমোদ্ভূতাস্তে

সর্ব্বজ্ঞানসম্পন্ন হইয়া আমাকে আপনার দেহার্দ্ধভাগিনী করিয়াছেন, তখন আমি আপনার নিকট ভিক্ষা করিতেছি, আমার সাধপূরণে বিশেষ কৃপা বিতরণ করুন! ॥ ১২ ॥

মৈত্রেয় বলিলেন, সরলহৃদয়ানুকম্পী ভগবান্ ত্রিলোচন সতীর প্রার্থনায় ঈষৎ হাস্য করিলেন এবং মরীচ্যাদি বিশ্বস্রষ্টৃগণের সভামধ্যে প্রজাপতি দক্ষ

আভাস।

আমার দুঃখ দূর করিবার জন্য, আপনার কিঞ্চিৎ স্বীকার করাও কর্ত্তব্য। বিশেষত আমি দক্ষের কন্যা; বিনা আহ্বানেও আমার তথায় গমনের কোন প্রতিবন্ধক নাই। আপনার নিজেরও যদি তথায় গমনের ইচ্ছা না থাকে, তথাপি আমার অনুরোধে একবার গমন করুন ॥১০॥১২

মহাদেব সতীর অনুরাধ স্বীকার করিলেন না; তিনি দক্ষকৃত তিরস্কারের কথা

সংস্মারিতো মর্ম্মভিদঃ কুবাগিষূন্ যানাহ কো বিশ্বসৃজাং সমক্ষতঃ ॥ ১৩

শ্রীভগবানুবাচ ॥

ত্বয়োদিতং শোভনমেব শোভনে অনাহূতা অপ্যভিযন্তি বন্ধুষু।

অন্বয়ঃ।

মরীচ্যাদীনাং সমক্ষতঃ সভামধ্যে, যান্ মর্ম্মভিদঃ (মর্ম্ম হৃদয়ং ভিন্দন্তীতি) কুবাগিষূন্ (কুৎসিতাঃ বাচঃ এব ইষবঃ বাণাঃ তান্) আহ কথিতবান্ (সতীপ্রার্থনয়া) সংস্মারিতঃ সন্ প্রহসন্ প্রত্যভ্যধত্ত তাং প্রতি উত্তরং দত্তবান্ ॥ ১৩ ॥

শ্রীভগবান্ উবাচ। হে শোভনে! অনাহূতাপি বন্ধুষু মিত্রাদিগৃহেষু, জনাঃ অভিযন্তি গচ্ছন্তি, ইতি ত্বয়া যৎ উদিতং উক্তং, তৎ শোভনং যুক্তমেব; পরন্তু তে সুহৃদাদয়ঃ যদি বলীয়সা অপ্রতিকার্য্যেণ, আত্মমদেন দেহাদ্যভিমানেন, মন্যুনা ক্রোধেন, অনুৎপাদিত-

শ্রীধরস্বামী।

বাণান্ সংস্মারিতঃ সন্ ॥ ১৩ ॥

অনাহূতা অপি ইতি ত্বয়া যদুদিতং উক্তং তচ্ছোভনমেব। কিন্তু অনাত্ম্যং দেহা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আনন্দপরমকাষ্ঠানুভবময়াঃ। প্রেমশ্চিচ্ছক্তিসারবৃত্তিত্বাদাত্মারামত্বস্যাপ্যসঙ্কোচকাঃ। অসু-রাদিহিংসাদয়স্তু সত্ত্বগুণকার্য্যা এব গুণানাং পরস্পরোপমর্দ্দিত্বাৎ যথা প্রকাশো-হন্ধকারং হন্তি তথৈব সত্ত্বগুণস্তমোরজসী হন্তি। তথৈব কৃষ্ণোঽসুরাদীন্নিহন্তীতি শুদ্ধসত্ত্ব-রূপে তস্মিন্ প্রাকৃতসত্ত্বকার্য্যাস্তে বর্ত্তমানা অপি নাপকারকা ইতি প্রথম এব ব্যাখ্যাতং সপ্তমারম্ভেচ বক্ষ্যতে ॥ ১৩ ॥

অনাত্ম্যং দেহাদাবহঙ্কার স্তৎকৃতেন মদেন মন্যুনাচ তে বন্ধবো যদ্যনুৎপাদিত-

---

যেরূপ নিদারুণ বাক্যবাণের প্রয়োগে তাঁহাকে ভর্ৎসনা করিয়াছিলেন; সেই সকল স্মরণ করত সতীকে তাঁহার অনুরোধের উত্তর প্রদান করিয়াছিলেন ।।১৩

মহাদেব বলিলেন, হে অনিন্দিতে! মিত্রাদি স্বজনগণের গৃহে নিমন্ত্রিত

আভাস।

উত্থাপন পূর্ব্বক নিজের ক্রোধের ভাবই প্রকাশ করিয়াছিলেন। অবশ্য এখানে প্রশ্ন হইতে পারে যে, মহাদেব আত্মারাম পরমেশ্বর; দক্ষের কটূক্তিতে তাঁহার মর্ম্মভেদ হওয়া কিরূপে সঙ্গত? তদুত্তরে বক্তব্য এই যে, জগজ্জীবন জনার্দ্দন শ্রীকৃষ্ণ পূর্ণরূপে অবতীর্ণ হইলেও যেমন শ্রীযশোদাদি গোপিকাকুলের বাৎসল্য ও প্রেমরসে যেন বিস্মৃতের ন্যায় আত্মপ্রকাশ করত আচরণ করিয়াছিলেন, সেইরূপ সংহারমূর্ত্তিতে অবতীর্ণ সাক্ষাৎ রুদ্রও শোক, মোহ এবং রাগদ্বেষাদিতে যেন লিপ্তের ন্যায়, সৃষ্টিমর্য্যাদা রক্ষার্থ ওরূপ ব্যবহার করিতে বাধ্য হইয়াছিলেন ॥ ১৩ ॥

তে যদ্যনুৎপাদিতদোষদৃষ্টয়ো বলীয়সা নাত্মমদেন মন্যুনা ॥ ১৪ ॥
বিদ্যা তপো বিত্ত বপুর্ব্বয়ঃ কুলৈঃ সতাং গুণৈঃ ষড্ভিরসত্তমেতরৈঃ।

অন্বয়ঃ।

দোষদৃষ্টয়ঃ (ন উৎপাদিতে আরোপিতে দোষে দৃষ্টি র্জ্ঞানং যেষাং তে তথাভূতাঃ) ভবন্তি ॥ ১৪ ॥

বিদ্যা শাস্ত্রীয়ং জ্ঞানং, তপঃ শরীরকর্ষণপূর্ব্বকচিত্তৈকাগ্রতালক্ষণং, বিত্তং ধনং, বপুঃ সর্ব্বাবয়বসমুপেতঃ দেহঃ, বয়ঃ যৌবনং, কুলং ব্রাহ্মণাদ্যধিকারিকুলে জন্ম, তৈঃ) ষড়্ভিঃ সতাং গুণৈঃ অপি অসত্তমেতরৈঃ (অসত্তমানাং ইতরৈঃ গুণেতরৈঃ জ্ঞানাদিনাশকত্বেন

শ্রীধরস্বামী।

দাবহঙ্কারঃ তৎকৃতেন মদেন মন্যুনাচ তে বন্ধবো যদ্যনুৎপাদিতদোষদৃষ্টয়ো ভবন্তি তর্হি নোৎপাদিতে আরোপিতে দোষদৃষ্টি র্যেষাং তে ॥ ১৪ ॥

ননু বিদ্যাদিগুণযুক্তো দক্ষঃ ত্বাদৃশেষু মহৎসু কথং দোষদৃষ্টি র্ভবেত্তত্রাহ বিদ্যাদিভিরেব স্মৃতৌ হতায়াং বিবেকজ্ঞানে নষ্টে সতি। ভূয়সাং মহত্তমানাং ধাম তেজো ন পশ্যন্তিহি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দোষদৃষ্টয়ো ভবন্তি ॥ ১৪ ॥

ননু বিদ্বেষো মৎপিতু র্মূঢ়ানামিব দোষদৃষ্টিঃ কথং সম্ভবেৎ তত্রাসতাং বিদ্যাদয় এবানর্থহেতব ইত্যাহ বিদ্যাদিভিরেব ষড়্ভিগুর্ণৈঃ স্মৃতৌ বিবেচনায়াং হতায়াং সত্যাং ভূতা স্তৈরেব পুষ্টাঃ অহং বিদ্বাং স্তাপস ইত্যাদি মানো গর্ব্বস্তেন দুর্দ্দশোঽহঙ্কাঃ ভূয়সাং মহত্ত-

না হইয়াও লোকে যে গমন করিয়া থাকে, তুমি বলিলে, তাহা যুক্তিযুক্তই বটে; কিন্তু যদি সেই সুহৃদ্‌বর্গ বলবান্ আত্মাভিমানে উন্মত্ত এবং বিষম ক্রোধে অভিভূত না থাকেন ॥ ১৪ ॥

দেখ! বিদ্যা, তপস্যা, ধন, সুকুমার দেহ, যৌবন ও আভিজাত্য এই ছয়টী বিষয় সরলপ্রকৃতি সাধুগণের পক্ষে যেমন হিতকারী, প্রকৃত অসাধুগণের পক্ষে তেমনই অনিষ্টকারী; এই ছয়টী সম্পত্তির প্রাপ্তিতে প্রকৃত

আভাস।

শূলপাণি সতীকে যে নীতি প্রদর্শন করিয়াছিলেন, তাহার প্রধান উদ্দেশ্য সংসারে সতের অনুসন্ধান করা। সম্পর্ক ও স্বজনসম্বন্ধ থাকিলেই যে, তাহার অনুসরণ করিতে হইবে, এমত নহে; গুণবানের অনুসরণ ও দোষীর সংস্রব ত্যাগই সর্ব্বতোভাবে বিধেয়। গুণবান্ ও দোষী কেবল গুণ ও দোষের সংস্রবেই যে ঘটে তাহা নহে; স্বভাব অনুসারেই হইয়া থাকে। ক্রূরস্বভাব সর্প যদি অমৃতস্বরূপ দুগ্ধও পান করে, তথাপি তাহার বিষভাগের হ্রাস না হইয়া যেমন উত্তরোত্তর পরিবর্দ্ধিতই হইয়া থাকে, সেইরূপ অহঙ্কার-মূর্ত্তি

স্মৃতৌ হতায়াং ভৃতমানদুর্দৃশঃ স্তব্ধা ন পশ্যন্তি হি ধাম ভূয়সাং ॥ ১৫ ॥
নৈতাদৃশানাং স্বজনব্যপেক্ষয়া গৃহান্ প্রতীয়াদনবস্থিতাত্মনাং।

অন্বয়ঃ।

দোষস্থানীয়ৈঃ) তেষাং স্মৃতৌ বিবেচনায়াং, হতায়াং ভৃতমানদুর্দৃশঃ (ভৃতঃ পুষ্টঃ যো মানঃ গর্ব্বঃ তেন দুষ্টা দৃষ্টি র্যেষাং তে) স্তব্ধাঃ অনম্রাঃ হি ভূয়সাং মহত্তমানাং, ধাম প্রভাবং হি নিশ্চিতং যস্মাৎ ন পশ্যন্তি ॥ ১৫ ॥

তস্মাৎ স্বজনব্যপেক্ষয়া স্বজনদৃষ্ট্যা অনবস্থিতাত্মনাং অব্যবস্থিতচিত্তানাং, এতাদৃশানাং গৃহান্ ন প্রতীয়াৎ ন গচ্ছেৎ। যে বক্রধিয়া কুটিলবুদ্ধ্যা, আরোপিতভ্রূভিঃ তথা অমর্ষণৈঃ-

শ্রীধরস্বামী।

নমু গুণৈঃ কথং বিবেকনাশ স্তত্রাহ সতাং গুণৈর্বিবেকহেতুভিরপি অসত্তমানামিতরৈ-র্দোষভূতৈঃ অতএব তৈর্ভৃতো ধৃতঃ পুষ্টো বা। অহং বিদ্বান্ তাপস ইত্যাদি অভিমানো গর্ব্বস্তেন দুষ্টা দৃষ্টির্যেষাং তে ॥ ১৫ ॥

স্বজনব্যপেক্ষয়া বন্ধুদৃষ্ট্যা গৃহান্ন প্রতীয়াৎ নাবলোকয়েৎ। অনবস্থিতচিত্তত্বমেবাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মানাং ধাম তেজো ন পশ্যন্তি। নমু তৈর্গুণৈঃ কথং স্মৃতিভ্রংশস্তত্রাহ সতাং গুণৈরসত্ত-মানান্ত ইতরৈর্দোষৈ দুগ্ধমমৃতমপি সর্পমুখে প্রবিষ্টং বিষমেব ভবেদতঃ স্থান এব গুণা গুণায়ন্ত ইতি ভাবঃ ॥ ১৫ ॥

অত ঈদৃশাঃ পিত্রাদয়োঽপ্যপেক্ষ্যা এবেত্যাহ নৈতেতি। স্বজনা ইতি যা বিশিষ্টা অপেক্ষা তয়া ন গচ্ছেদিতি যদি গচ্ছেত্তদা বরং শত্রুবুদ্ধ্যৈব গচ্ছেদিতি ভাবঃ নমু দুরাত্মনোঽপি

অসাধুর চিত্তবৈকল্য জন্মে; স্বরূপজ্ঞানের বিস্মৃতি ঘটে; সুতরাং কেবল তমোমদে মত্ত হইয়া তাহারা অন্ধের ন্যায়, মহতের গৌরবের প্রতি দৃষ্টি রাখিতে পারে না ॥ ১৫ ॥

অতএব কুটিলবুদ্ধি বশত ভ্রূযুগল কুঞ্চিত করত, তীক্ষ্ণ ও রুক্ষ্ম দৃষ্টিতে যাহারা সমাগত ব্যক্তির প্রতি অবলোকন করে, কেবল স্বজনদর্শনের প্রত্যাশায়

আভাস।

দক্ষ প্রজাপতিতে যাবতীয় বিদ্যাদি উৎকৃষ্ট গুণ সঙ্গত হইলেও তাঁহার দুষ্ট স্বভাবেরই প্রশ্রয় হইয়াছিল। তিনি সেই সকল ঐশ্বর্য্যে ভূষিত হইয়া, অসদাচরণেই অধিক সাহসী হইয়াছিলেন ॥ ১৪ ॥ ১৫ ॥

কুটিলস্বভাব ব্যক্তি যদি নিতান্ত স্বজনও হন, তথাপি তাঁহার সংস্রব পরিত্যাগ করিবে এবং সৎস্বভাব ব্যক্তি যদি নিতান্ত পরও হন, তথাপি তাঁহার সংস্রবে উদ্যুক্ত হইবে। কারণ কুটিলস্বভাব আত্মীয়ের দ্বারা যতদূর মর্ম্মবিদারক অনিষ্টের সম্ভাবনা,

যেঽভ্যাগতান্‌ বক্রধিয়াভিচক্ষতে আরোপিতভ্রূভিরমর্ষণাক্ষিভিঃ। ১৬॥
তথারিভি র্ন ব্যথতে শিলীমুখৈঃ শেতেঽর্দ্দিতাঙ্গো হৃদয়েন দূয়তা।
স্বানাং যথা বক্রধিয়াং দুরুক্তিভি র্দিবানিশং তপ্যতি মর্ম্মতাড়িতঃ॥ ১৭॥

অন্বয়ঃ।

অক্ষিভিঃ ক্রোধনেত্রৈঃ, অভ্যাগতান্‌ অভিচক্ষতে পশ্যন্তি॥ ১৬॥

বক্রধিয়াং স্বানাং দুরুক্তিভিঃ মর্ম্মতাড়িতঃ (মর্ম্মসু তাড়িতঃ) জনঃ দূয়তা কম্পমানেন, হৃদয়েন দিবানিশং যথা তপ্যতি তথা অরিভিঃ শত্রুভিঃ (নিমুক্তৈঃ) শিলীমুখৈঃ বাণৈঃ, অর্দ্দিতাঙ্গঃ পীড়িতাঙ্গঃ, সন্‌ ন ব্যথতে॥ ১৭॥

শ্রীধরস্বামী।

যে বক্রধিয়া কুটিলবুদ্ধ্যা পশ্যন্তি। আরোপিতা উত্তম্ভিতা ভ্রূর্যেষু তান্যারোপিতভ্রূণি তৈঃ। আরোপিতাভিভ্রূভিরিতি বা॥ ১৬॥

নন্বু স্বজনানাং গৃহং সুহৃদ্ভির্গন্তব্যং তেষাং দুশ্চেষ্টিতং চ সোঢ়ব্যং ন তস্য দুঃসহত্বাদিত্যাহ তথেতি। অরিভিঃ শিলীমুখৈ র্বাণৈরর্দ্দিতাঙ্গঃ খণ্ডিতগাত্রোঽপি তথা ন ব্যথতে। যতঃ শেতে স্বপিতি স্বানাং দুরুক্তিভির্মর্ম্মসু তাড়িতো. . দূয়তা ব্যথমানেন হৃদা দিবানিশং তপ্যতি॥ ১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বাপত্যজামাত্রাদিষু স্নিহ্যন্ত্যেবেতি তত্রাহ অনবস্থিতাত্মনাং নায়মপি তেষাং নিশ্চয় ইতি ভাবঃ যে আরোপিতাভি ভ্রূভি স্তথা অমর্ষণাক্ষিভিঃ ক্রোধনেত্রৈরভিচক্ষতে পশ্যন্তি॥ ১৬॥

তাদৃশা বন্ধবঃ শত্রুভ্যোঽপ্যধিকা ইত্যাহ অরিভিঃ প্রযুক্তৈঃ শিলীমুখৈর্বাণৈঃ তথা ন ব্যথতে যতঃ শেতে কদাচিৎ স্বপিতি। দূয়তা দূয়মানেনেত্যুত্তরেণান্বয়ঃ॥ ১৭॥

তাদৃশ অব্যবস্থিতচেতা ক্রূরমতি ব্যক্তির গৃহে কথনই গমন করা বিধেয় নহে॥ ১৬॥

দেখ! কুটিলহৃদয় আত্মীয় ও স্বজনগণের দুর্ব্বাক্যে মর্ম্মাহত হইলে, হৃদয় কম্পিত হইয়া উঠে; এবং তজ্জন্য দিবানিশি অন্তরে যেরূপ যাতনা ভোগ হইয়া থাকে, পরম শত্রুর হস্তে নিশিত বাণসমূহে নিদারুণ পীড়িত ও সর্ব্বাঙ্গ ক্ষতবিক্ষত হইলেও লোকে ততদূর ক্লেশ বলিয়া মনে করে না॥ ১৭॥

হে সুলোচনে! দক্ষ এক্ষণে ব্রহ্মা কর্ত্তৃক প্রজাপতিত্বে অভিষিক্ত হইয়া

আভাস।

নিঃসম্পর্কীয় অনাত্মীয়ের দ্বারা কখনই সেরূপ হইতে পারে না। অতএব কুটিল আত্মীয়কে বরং সর্ব্বতোভাবে পরিত্যাগ করিবে। কারণ পরের প্রদত্ত ক্লেশ অতি অল্পকালই থাকে, কিন্তু স্বজনপ্রদত্ত যাতনার আর নিবৃত্তি হয় না॥ ১৬॥ ১৭॥

ব্যক্তং ত্বমুৎকৃষ্টগতেঃ প্রজাপতেঃ প্রিয়াত্মজানামসি সুভ্রু মে মতা।
তথাপি মানং ন পিতুঃ প্রপৎস্যসে মদাশ্রয়াৎ কঃ পরিতপ্যতে যতঃ।। ১৮।।

অন্বয়ঃ।

হে সুভ্রু! উৎকৃষ্টগতেঃ (উৎকৃষ্টা গতিঃ প্রাপ্তিঃ স্থানং যস্য অধিকারপ্রাপ্তস্য) প্রজাপতেঃ দক্ষস্য, আত্মজানাং কন্যানাং, মধ্যে ত্বং প্রিয়া অসি ইতি ব্যক্তং মে ময়া, মতা সম্মতা; তথাপি মদাশ্রয়াৎ মম সম্বন্ধাৎ, পিতুঃ সকাশাৎ মানং সৎকারং, ন প্রপৎস্যসে ন লপ্স্যসে, যতঃ মদাশ্রয়াৎ কঃ দক্ষঃ, পরিতপ্যতে ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

ময়ি তত্র গতায়াং নেয়ং শঙ্কেতি চেত্তত্রাহ ব্যক্তং নিশ্চিতং উৎকৃষ্টা গতিঃ স্থিতির্যস্য তস্য আত্মজানাং কন্যানাং মধ্যে ত্বং প্রিয়েতি মে সম্মতাসি তথাপি পিতুঃ সকাশান্মানং ন লপ্স্যসে মদাশ্রয়াৎ মৎসম্বন্ধাৎ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ময়ি তত্র গতায়াং নেয়ং শঙ্কেতি চেত্তত্রাহ ব্যক্তং নিশ্চিতমেব উৎকৃষ্টগতেরিতি বিপরীতলক্ষণয়া প্রজাপতে দক্ষস্য আত্মজানাং মধ্যে ত্বং প্রিয়া অতিস্নেহপাত্রী ভবসি। তথাপি তদপি পিতুঃ সকাশা[illegible] ন প্রতিপৎস্যসে ন প্রাপ্স্যসি। যতো মদাশ্রয়াৎ মৎসম্বন্ধাৎ ॥ ১৮ ॥

বিশেষ মর্য্যাদা লাভ করিয়াছেন। অবশ্য! তুমি তাঁহার কনিষ্ঠা কন্যা; সকল কন্যার অপেক্ষা তোমাকে তিনি বিশেষ ভালবাসেন বটে; কিন্তু তুমি এখন আমার অনুগত। তিনি আমার প্রতি বিরক্ত। সুতরাং আমার উপলক্ষেই তুমি পিতৃসদনে তাদৃশ গৌরব পাইবার কোন প্রত্যাশা করিও না। ১৮

অসুরকুল যেমন স্বভাবত শ্রীহরিকে দ্বেষ করে, দক্ষও সেইরূপ স্বীয় স্বভাবদোষে পরিতপ্ত হইয়া, অজিতেন্দ্রিয়ের ন্যায়, আমার বিরুদ্ধাচরণে প্রবৃত্ত হইয়া-

আভাস।

পিনাকীর প্রবোধ বাক্যে যখন সতীর চিত্ত স্থির হইল না, তখন তিনি স্বজনসম্বন্ধ ও তথাকার সম্মানাদি স্মরণ করিয়াই দক্ষভবনে গমনের ইচ্ছা প্রকাশ করিতে লাগিলেন। মহাদেব তখনি তাঁহার প্রত্যাশার বিপরীতে দক্ষের স্নেহশূন্যতার পরিচয় প্রদানে তাঁহাকে নিরস্ত করিবার চেষ্টা করিতে লাগিলেন এবং দক্ষ মহাদেবের প্রতি যে যে অসদাচরণ করিয়াছিলেন, তাহাই বারংবার সতীর সমীপে বর্ণনা করিতে লাগিলেন; কিন্তু যখন ত্রিলোচন বুঝিলেন যে, ভবানী শঙ্করের দোষ ব্যতীত নিষ্কারণে পিতার অপরাধ স্বীকার করিতে প্রস্তুত নহেন, তখন মহাদেব সেই বিবাদের কারণ উল্লেখ পূর্ব্বক বলিলেন যে, তাঁহার ন্যায় নিরহঙ্কারী সর্ব্বসাক্ষী দেবতার পূর্ণৈশ্বর্য্যের বিকাশই দক্ষের বিষম গ্লানির

পাপচ্যমানেন হৃদাতুরেন্দ্রিয়ঃ সমৃদ্ধিভিঃ পুরুষবুদ্ধিসাক্ষিণাং।
অকল্প এষামধিরোঢুমঞ্জসা পরং পদং দ্বেষ্টি যথা সুরাঃ হরিং ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

অসুরাঃ যথা হরিং (দ্বিষন্তি তথা স্বভাবতঃ) পাপচ্যমানেন সন্তপ্যমানেন, হৃদা হৃদয়েন, আতুরেন্দ্রিয়ঃ (আতুরাণি ব্যাকুলানি ইন্দ্রিয়াণি যস্য সঃ দক্ষঃ স্বকীয়াভিঃ) সমৃদ্ধিভিঃ এষাং পুরুষবুদ্ধিসাক্ষিণাং জীববুদ্ধিবৃত্তিদ্রষ্টৄণাং অস্মাকং পদং অঞ্জসা অনায়াসেন, অধিরোঢুং অকল্পঃ অসমর্থঃ, সন্ পরং কেবলং, দ্বেষ্টি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

নন্বু ভগবংস্ত্বয়া কিমিতি দক্ষস্তিরস্কৃতঃ যতোহসৌ ত্বাং দ্বেষ্টীত্যত আহ পাপচ্যমানেন অলং দহ্যমানেন হৃদা দুঃখিতেন্দ্রিয়ঃ। কাভিঃ পুরুষো জীবঃ তস্য বুদ্ধিশ্চিত্তং তৎসাক্ষিণাং নিরহঙ্কারিণামিত্যর্থঃ সমৃদ্ধিভিঃ পুণ্যকীর্ত্ত্যাদিভিঃ। এষাং পদং স্থানং ঐশ্বর্য্যং প্রাপ্তুং অকল্পঃ অসক্তঃ সন্ পরং কেবলং দ্বেষ্টি অসুরা যথা হরিং কেবলং দ্বিষন্তি ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু ভগবংস্তদা ত্বয়া বা দক্ষং প্রতি মনসা কিঞ্চিৎদ্বিষ্টং তত্র নহি নহীতি শপথং কুর্ব্বন্ দক্ষো মৎসরী সদৈবাস্মদাদীন্ দ্বেষ্টি সংপ্রতি মদপরাধং কল্পয়িত্বা দ্বেষং প্রকটয়ামাসেত্যাহ পাপচ্যেতি এষামস্মদাদীনাং সবুদ্ধিভির্যোগৈশ্বর্য্যাদিভি র্হেতুভিঃ পাপচ্যমানেন জাজ্বল্যমানেন হৃদা আতুরেন্দ্রিয়ো দ্বেষ্টি যথা অসুরা হরিং। কীদৃশঃ এষাং পরং সর্ব্বোৎকৃষ্টং পদমধিরোঢুং অকল্পঃ অসমর্থঃ অস্মাকন্তু দক্ষে ত্বৎপিতরি দ্বেষলেশোঽপি নাস্তীতি স শপথং বদন্ বিশিনষ্টি পুরুষঃ পরমেশ্বরএব বুদ্ধে র্ভদ্রায়া অভদ্রায়া বা সাক্ষী যেষাং তেষামিতি। হে দাক্ষায়ণি যদি ত্বং ন প্রত্যেষি তদা ক্ষণং সমাধিনা পরমেশ্বরং সাক্ষাৎকৃত্য মদ্দোষগুণৌ সএব প্রষ্টব্য ইতি ভাবঃ ॥ ১৯ ॥

ছেন; তিনি স্বীয় ঐশ্বর্য্যবলে জীবমাত্রের সাক্ষীভূত আমাদের ন্যায় পরমেশগণের সমতুল্য হইতে অসমর্থ হইয়াই, কেবল দ্বেষ করিতেছেন মাত্র ॥ ১৯ ॥

আভাস।

কারণ; অসুরকুল যেমন স্বকীয় অসমর্থতা নিবন্ধনই বিষ্ণুর ঐশ্বর্য্যে বিদ্বেষী হয়, দক্ষ প্রজাপতিও সেইরূপ ত্রিলোচনের ঐশ্বর্য্য দর্শনে ক্ষুব্ধ হইয়াই, বিনা অপরাধে তাঁহার প্রতি বিদ্বেষাচরণ করিয়াছেন ॥ ১৮ ॥ ১৯ ॥

এক্ষণে পাছে সতী মনে করেন যে, দক্ষের পরশ্রীকাতরতার অপেক্ষা মহাদেবের অবিনীত ভাবই বিরোধের প্রধান কারণ; ত্র্যম্বক যদি স্বকীয় শ্বশুর দক্ষ প্রজাপতির সভা প্রবেশকালে, গাত্রোত্থানাদির দ্বারা তাঁহার অভিবাদন করিতেন, দুর্বিনীতের ন্যায় অভিমান করত নিজের আসনেই উপবিষ্ট না থাকিতেন, তাহা হইলে এতাদৃশ অনিষ্টাপাতের কোন সম্ভাবনাই থাকিত না, এইরূপ চিন্তা করিয়া শঙ্কর প্রকাশ করিলেন যে, "আমি মনে মনে

প্রত্যুদ্গমপ্রশ্রয়ণাভিবাদনং বিধীয়তে সাধু মিথঃ সুমধ্যমে।
প্রাজ্ঞৈঃ পরস্মৈ পুরুষায় চেতসা গুহাশয়ায়ৈব ন দেহমানিনে॥ ২০॥

অন্বয়ঃ।

হে সুমধ্যমে! (সুষ্ঠু শুদ্ধং, মধ্যমং হৃদয়ং, যস্যাঃ তৎসম্বোধনে) প্রত্যুদ্গমঃ (উত্থায় সম্মুখাগমনং) প্রশ্রয়ণাভিবাদনং (প্রশ্রয়ঃ স্নেহোচিতক্রিয়া, অভিবাদনং নমস্কারঃ এষাং সমাহারঃ) তৎ পুরুষায় চেতসা এব সাধু সমীচীনং বিধীয়তে; দেহাভিমানিনে (যৎ প্রত্যুদ্গমাদি মিথঃ জনৈঃ বিধীয়তে তৎ সাধু) ন॥ ২০॥

শ্রীধরস্বামী।

নমু ত্বয়া প্রত্যুত্থানবিনয়াদ্যকরণাৎ অবজ্ঞাত এবাসৌ তত্রাহ হে সুমধ্যমে প্রত্যুদ্গমাদিকং মিথো জনৈ র্যদ্বিধীয়তে তৎপ্রাজ্ঞৈঃ সাধু বিধীয়তে। সাধুত্বমেবাহ পরস্মৈ শ্রীবাসুদেবায় গুহাশয়ায় অন্তর্যামিণে এব। তচ্চ চেতসৈব পরিপূর্ণে তস্মিন্ কায়িকব্যাপারাযোগাৎ অতোঽন্তর্যামিদৃষ্ট্যা মনসা ময়া সর্ব্বং কৃতমিতি ভাবঃ॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু সত্যং স্বদ্বেষ্টৈবেতি প্রত্যেসি তদপি শ্বশুরে তস্মিন্ প্রত্যুত্থানবিনয়াদিকমুচিতমেবেত্যত আহ প্রত্যুদ্গমনাভিবাদন-প্রত্যভিবাদনাদিকং মিথো জনৈর্যদ্বিধীয়তে তৎ প্রাজ্ঞৈঃ পরস্মৈ পুরুষায় গুহাশয়ায়ৈব চেতসা অত্র মৎশ্বশুরে মজ্জামাতরি চ পরমেশ্বরো বর্ত্ততে তস্মৈ নমঃ ইতি ভাবনয়ৈব বিধীয়তে নতু দেহমানিনে অপ্রাজ্ঞৈস্তু পরমেশ্বরস্মরণাভাবাদ্দেহমানিনে এব বিধীয়তে ন তৎ সমাগতো দক্ষাগমনসময়ে শ্রীভগবচ্চরণসমাহিতচেতস্ত্বাৎ যদ্যপি দক্ষো ময়া ন দৃষ্টস্তদপি ভগবৎসংমানেন দক্ষসংমানোঽভূদেব দক্ষস্ত্বজ্ঞানী বৃথা কুপ্যতীতি ভাবঃ॥ ২০॥

হে সরলহৃদয়ে! প্রত্যুদ্গম, স্নেহ-প্রদর্শন বা অভিবাদনাদি যে কিছু সদাচার সাধুগণ পরস্পরকে প্রদর্শন করিয়া থাকেন, সে সমস্ত হৃদয়চারী পরাৎপর পরম পুরুষের উদ্দেশে মাত্র, জানিবে! লৌকিক আচরণেও যে ওরূপ অভিবাদনাদির ব্যবহার দেখা যায়, সে কেবল লৌকিকতা মাত্র; তাদৃশ ব্যবহার নিষ্প্রয়োজন॥ ২০॥

আভাস।

তাঁহার সম্মানই করিয়াছিলাম; কিন্তু দক্ষ অভিমান বশতঃ তাহা অবধারণে সক্ষম হন নাই। কারণ জনসমাজে পরস্পরের মধ্যে যে অভিবাদনাদি ব্যবহার প্রতীত হয়, সে যে কেবল পরস্পর দেহমাত্রকেই লক্ষ্য করিয়া আরব্ধ হয়, তাহা নহে; প্রাজ্ঞ বুদ্ধিমান্ ব্যক্তিগণ অন্যকে অভিবাদন করিবার সময়ে, সেই দেহস্থ গুহাশায়ী পরম পুরুষকেই লক্ষ্য করিয়া থাকেন। সাধারণতঃ কৃমি, ভস্ম বা বিষ্ঠাপরিণামী দেহকে কখন কেহ গৌরব বা আদর প্রদর্শন করেন না। দেহ সম্বন্ধে সকলেই সমান; কেবল তন্নিবন্ধন গৌরব

সত্ত্বং বিশুদ্ধং বসুদেবশব্দিতং যদীয়তে তত্র পুমানপাবৃতঃ।

অন্বয়ঃ।

বিশুদ্ধং রজস্তমোভ্যাং অসম্ভিন্নং, সত্ত্বং অন্তঃকরণং যৎ তৎ এব বসুদেবশব্দিতং (অবয়ব-বৃত্ত্যা বসুদেবশব্দেন উক্তং; যৎ যস্মাৎ তত্র শুদ্ধসত্ত্বে অন্তঃকরণে অপাবৃতঃ (অপগতং আবৃতং

শ্রীধরস্বামী।

কিঞ্চ ন কেবলমভ্যাগতেষ্বেব বাসুদেবদৃষ্ট্যা নমনং ক্রিয়তে কিন্তু নিত্যমেব মনসি বাসুদেব-শ্চিন্ত্যত ইত্যাহ। বিশুদ্ধং সত্ত্বমন্তঃকরণং সত্ত্বগুণো বা বসুদেবশব্দিতং বসুদেবশব্দেনোক্তং। কুতঃ যৎ যস্মাৎ তত্র তস্মিন্ সত্ত্বে পুমান্ বাসুদেব ঈয়তে প্রকাশতে। অপগতমাবৃতমাবরণং যস্মাৎ সঃ। অয়মর্থঃ। বসুদেবে ভবতি প্রতীয়তে ইতি বাসুদেবঃ পরমেশ্বরঃ প্রসিদ্ধঃ সচ বিশুদ্ধে সত্ত্বে প্রতীয়তে। অতঃ প্রত্যয়ার্থেন প্রসিদ্ধেন প্রকৃত্যর্থো নির্দ্ধার্য্যতে। ততশ্চ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বয়া তদানীং কথং সমাধিঃ কৃত ইতি তু নোপালম্ভনীয়মেব যতো ভগবৎসমাধি র্নমদধীনঃ কিন্তু তদধীন এবাহ যতো ভগবৎস্ফূর্ত্তের্ম্ম নৈব সময়নিয়ম ইত্যাহ সত্ত্বমিতি বিশুদ্ধং সত্ত্বম-প্রাকৃতমন্তঃকরণং বসুদেবশব্দিতং বসুদেবশব্দেনোক্তং ভবতি যদ্বা বিশুদ্ধং চিচ্ছক্তি বৃত্তিময়ম-প্রাকৃতং সত্ত্বমেব বসুদেবো ভগবজ্জনক উচ্যতে। কুতঃ যদ্যস্মাত্তত্র অপাবৃতো বিগতাবরণঃ পুমান্ ঈয়তে প্রকাশতে সচ বাসুদেব এব বসুদেবে ভবতি আবির্ভবতীতি তচ্ছব্দস্যার্থঃ।

রজঃ এবং তমোগুণের লেশানমুবিদ্ধ শুদ্ধ সত্ত্বস্বরূপ অন্তঃকরণই বসুদেব নামে অভিহিত হইয়া থাকে; কারণ এই বিশুদ্ধসত্ত্ব অন্তঃকরণেই নিরঞ্জন

আভাস।

বা অশ্রদ্ধার কোন কারণই থাকিতে পারে না, যদি তত্রস্থ মহাপুরুষের বিকাস ও অবিকাস ভাবের প্রতি লক্ষ্য করা না হয়। অতএব সকলেই যখন দেহাভ্যন্তরস্থ অচ্যুতভাবে প্রতিষ্ঠিত সর্ব্বান্তর্যামী ভগবানকেই সম্মান করিয়া থাকেন, দেহকে নহে; তখন আমিও দক্ষদেহাভ্যন্তরস্থ তদন্তর্যামী জনার্দ্দনকে যথেষ্ট গৌরব প্রদর্শন করিয়াছি। তবে সাধারণ লোকে তাঁহার স্বরূপ অবগত নহে; সুতরাং কাষ্ঠ অবলম্বনে প্রকাশমান জ্যোতিকে অগ্নিস্বরূপে প্রতীত করিবার ন্যায়, দক্ষদেহ অবলম্বনে বিরাজমান ভগবানকে দেহরূপে প্রতীত করিয়াই সম্মান করে; আমি তাহা না করিয়া কেবল ভগবৎস্বরূপেরই সম্মান করিয়াছি। সুতরাং আমার আদর করাতে কোন বাহ্য আড়ম্বর নাই; কাজে কাজেই আত্মজ্ঞানহীন দক্ষ মৎকৃত আদরকে একেবারে অনুভব করিতেই পারেন নাই। দক্ষ প্রকৃতই অজ্ঞানী; তিনি বৃথা ক্রুদ্ধ হইয়াছেন॥ ২০॥

আমি যে কেবল অভ্যাগত ব্যক্তির দেহেই বাসুদেব প্রতীতিতেই প্রণাম করি, তাহা নহে; কিন্তু নিজ মনোমধ্যে বাসুদেবস্বরূপকে নিয়তই চিন্তা করিয়া থাকি। কারণ বিশুদ্ধ সত্ত্বস্বরূপ এই অন্তঃকরণকেই বসুদেব নামে অভিহিত করা হয়। এবং সেই

সত্ত্বে চ তস্মিন্ ভগবান্ বাসুদেবো হ্যধোক্ষজো মে মনসা বিধীয়তে ॥ ২১ ॥

অন্বয়ঃ।

আবরণং মায়া যস্মাৎ সঃ) পুমান্ ঈয়তে প্রকাশতে। তস্মিন্ বিশুদ্ধে সত্ত্বে অন্তঃকরণে, বসুদেবে চ অধোক্ষজঃ (অধঃ অক্ষজং জ্ঞানং যস্মাৎ অবাঙ্‌মনসগোচরঃ) ভগবান্ পরমেশ্বরঃ বাসুদেবঃ মে ময়া মনসা বিধীয়তে অনুসন্ধীয়তে। নমসা ইতি পাঠে নমস্কারেণ ইতি ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

বাসয়তি দেবমিতি ব্যুৎপত্ত্যা বা বসত্যস্মিন্নিতি বা বসু দীব্যতি দ্যোততে ইতি দেবঃ বসুভিঃ পুণ্যৈর্দীব্যতি প্রকাশতে ইতি বা। বসুদেবশব্দবাচ্যং শুদ্ধং সত্ত্বং ততঃ কিমত আহ সত্ত্বে চ তস্মিন্ মে ময়া নমসা নমস্কারেণানুবিধীয়তে সেব্যত ইত্যর্থঃ। মনসেতি পাঠে মনসা বিশেষেণ ধীয়তে ধার্য্যতে চিন্ত্যত ইত্যর্থঃ। যতোঽধোভূতেষু প্রত্যাহৃতেষু অক্ষেষু জায়তে প্রকাশতে ইন্দ্রিয়াগোচর ইত্যর্থঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিশুদ্ধেঽন্তঃকরণেচ তস্যাবির্ভাবো দৃশ্যতে। অতো বিশুদ্ধস্যান্তঃকরণস্য মদীয়স্য বসুদেবেতি নামেত্যবগতং ততশ্চ বসত্যস্মিন্ পরমেশ্বর ইতি বসুশ্চাপ্রাকৃতত্বাদ্দেবশ্চেতি বসুদেব ইতি তদ্ব্যুৎপত্তিশ্চ গম্যতে। অতস্তস্মিন্ সত্ত্বেঽন্তকরণে ভগবানধোক্ষজঃ প্রাকৃতেন্দ্রিয়াগোচরঃ স্ফুরন্ নমসা নমস্কারোপলক্ষিতয়া বহুবিধসপর্য্যয়া অনুবিধীয়তে পরিচর্য্যতে বিশেষেণ ধীয়তে ধার্য্যত ইতি বা মনসেতি পাঠে মনসৈব সেব্যতে অতস্তদানীং ময়া সেব্যমানো ভগবানাসী-দিতি অতস্তৎপরিচর্য্যায়ামবকাশাভাবাদেব ন মে বহিরনুসন্ধানমভূদতঃ কথয় কো মে দোষ ইতি ভাবঃ ॥ ২১ ॥

পরম পুরুষ প্রতীত হন; এবং আমি সেই অন্তঃকরণের অন্তর্যামী ভগবান্ বাসুদেবকেই মনে মনে নিরন্তর ধ্যান ও নমস্কার করিয়া থাকি ॥ ২১ ॥

আভাস।

সত্ত্বগুণে ব্রহ্মণ্যদেবের স্বরূপ উপলব্ধ হয়, বলিয়াই তাঁহাকে বাসুদেব নামে কীর্ত্তিত করা হয়। এবং যিনি দেবতাকে স্বীয় অধিষ্ঠানে বাস করান, বা দেবতা যাঁহাতে বাস করেন, অথবা বসু অর্থাৎ পুণ্যাদি ঐশ্বর্য্য প্রকাশে দেবতা যে স্থানে প্রকাশ পান, তাহাই বসুদেব নামে অভিহিত। অতএব বসুদেব শব্দে "সত্ত্বং বিশুদ্ধং বসুদেবসজ্ঞিতং" বিশুদ্ধ সত্ত্বগুণই লক্ষিত হইয়া থাকে। মহাদেব বলিলেন, মদীয় বিশুদ্ধ সত্ত্বস্বরূপ অন্তঃকরণে যে দেব সদা বিরাজ করেন, আমি নিরন্তর তাঁহাকে প্রণাম ও চিন্তা করিয়া থাকি। তাঁহার নাম "অধোক্ষজ"। ইন্দ্রিয়বর্গ বিষয়সন্নিধি পরিবর্জ্জন পূর্ব্বক যখন স্বরূপে বিশ্রাম করে, তখনই তরঙ্গহীন সলিলে সূর্য্যপ্রতিবিম্বের স্পষ্ট প্রতীতির ন্যায়, হৃদয়ে ভগবৎস্বরূপ স্পষ্ট উপলব্ধ হইয়া থাকে। ইন্দ্রিয় তাঁহাকে গ্রহণ করিতে পারে না; সুতরাং দক্ষপ্রজাপতির দেহং বা আগমনের প্রতি আমার লক্ষ্য না থাকিলেও তত্রস্থ

তত্তে নিরীক্ষ্যো ন পিতাপি দেহকৃদ্দক্ষো মম দ্বিট্ তদনুব্রতাশ্চ যে।
যো বিশ্বসৃগ্‌যজ্ঞ গতং বরোরু মামনাগসং দুর্ব্বচসা করোত্তিরঃ ॥ ২২ ॥
যদি ব্রজিষ্যস্যতিহায় মদ্বচো ভদ্রং ভবত্যা ন ততো ভবিষ্যতি।

অন্বয়ঃ।

তং তস্মাৎ হে বরোরু! যঃ বিশ্বসৃগ্‌যজ্ঞগতং (বিশ্বসৃজাং যজ্ঞগতং) অনাগসং নিরপরাধং, মাং দুর্ব্বচসা তিরঃ অকরোৎ তিরস্কৃতবান্, সঃ মম দ্বিট্ শত্রুঃ, তব দেহকৃৎ জন্মদাতা পিতাপি ন নিরীক্ষ্যঃ দ্রষ্টব্যঃ, তদনুব্রতাশ্চ যে তেঽপি নিরীক্ষ্যাঃ ন ॥ ২২ ॥

যদি মদ্বচঃ (মম বাক্যং) অতিহায় অতিক্রম্য, ব্রজিষ্যসি ততঃ গমনাৎ ভবত্যাঃ ভদ্রং ন ভবিষ্যতি; যতঃ সম্ভাবিতস্য সুপ্রতিষ্ঠিতস্য, যদা স্বজনাৎ পরাভবঃ ভবতি তদা সদ্যঃ সঃ পরাভবঃ,

শ্রীধরস্বামী।

তত্তস্মাৎ ত্বয়া ন নিরীক্ষ্যঃ দেহকৃদপীতি পোষকত্বাদিভিরৌপচারিকপিতৃত্বব্যাবৃত্ত্যর্থং দ্বিট্ শত্রুঃ তদেবাহ হে বরোরু যো দক্ষঃ বিশ্বসৃজাং যজ্ঞগতং মাং নিরপরাধং তিরোঽকরোৎ তিরস্কৃতবান্ ॥ ২২ ॥

বিপক্ষে দোষমাহ যদীতি। মদ্বচঃ অতিহায় অতিক্রম্য যতঃ সম্ভাবিতস্য সুপ্রতিষ্ঠিতস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্তস্মাদিতি যদি ত্বং পতিব্রতা ভবসীতি ভাবঃ। দেহকৃদপি পিতেতি পোষকাদিরূপস্তু পিতা কিমুতেতি ভাবঃ। শ্লেষেণ দেহং কৃন্ততীতি ভাবী দেহপাতশ্চ সূচিতঃ মাং তিরোঽকরোৎ তিরশ্চকার ॥ ২২ ॥

অতএব হে বরবর্ণিনী! বিশ্বস্রষ্টা মরীচীগণের যজ্ঞে আমি যখন গমন করিয়াছিলাম, তখন বিনা অপরাধে যে ব্যক্তি বিবিধ কটুবাক্যের প্রয়োগে আমাকে তিরস্কার করিয়াছিল, সে আমার পরম শত্রু সন্দেহ নাই। অতএব সে দক্ষ তোমার জন্মদাতা পিতা হইলেও তোমার পক্ষে তাহার মুখাবলোকন করা কখনই কর্ত্তব্য নহে এবং তাহার অনুমোদনকারিগণেরও সংস্রব করা অবিধেয় ॥ ২২ ॥

যদি আমার কথাকে উপেক্ষা করিয়া তথায় গমন কর, তাহাতে তোমার কখনই মঙ্গল হইবে না। দেখ! সম্মানিত ব্যক্তির যদি স্বজন-সন্নিধানে

আভাস।

দেবতাকে আমার উপেক্ষা করা হয় নাই ॥ ২১ ॥

অতএব হে ভামিনি! যদি তুমি প্রকৃত পতিব্রতা হও, তাহা হইলে জন্মদাতা ও পোষণকর্ত্তা বিবেচনায় আপাতত তোমার স্বীয় জনকের প্রতি পূর্ব্বের ন্যায় প্রেম করা কর্ত্তব্য নহে; কারণ তিনি যখন নিরপরাধে প্রতিষ্ঠাপন্ন ব্যক্তির অবমাননায় অগ্রসর

সম্ভাবিতস্য স্বজনাৎ পরাভবো যদা স সদ্যো মরণায় কল্পতে ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে উমারুদ্রসম্বাদে তৃতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

মৈত্রেয় উবাচ ॥

এতাবদুক্ত্বা বিররাম শঙ্করঃ পত্ন্যঙ্গনাশং হ্যুভয়ত্র চিন্তয়ন্ ।

অন্বয়ঃ।

মরণায় কল্পতে ॥ ২৩ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে তৃতীয়োঽধ্যায়ঃ ॥

মৈত্রেয়ঃ উবাচ। শঙ্করঃ ভবঃ এতাবৎ সময়োচিতং বচনং, উক্ত্বা উভয়ত্র (বলাৎ বারণে তত্র গমনানুজ্ঞানে চ) হি নিশ্চিতং পত্ন্যঙ্গনাশং (পত্ন্যাঃ অঙ্গনাশং মরণং) চিন্তয়ন্ এব বিররাম

শ্রীধরস্বামী।

যদা পরাভবো ভবতি তদা স পরাভবঃ তস্য মরণায় কল্পতে ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি চতুর্থে তৃতীয়ঃ ॥ * ॥

চতুর্থেতু পতিং হিত্বা গতা পিত্রাবমানিতা।

রুষা নিভর্ৎস্য তং যজ্ঞে জহৌ দেহমিতীর্য্যতে ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিপক্ষে দোষমাহ যদীতি অপহায় অতিক্রম্য। সম্ভাবিতস্য যদা পরাভবঃ ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

চতুর্থস্য তৃতীয়োঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অদত্তাজ্ঞং পতিং ত্যক্ত্বা গতা পিত্রাপ্যনাদৃতা।

সতী চতুর্থে কোপেন তং বিগর্হ্য তনুং জহৌ ॥ * ॥

পরাভব ঘটে, তাহার পক্ষে তাহা মৃত্যু বলিয়াই স্বীকার করিতে হইবে ॥২৩॥

ইতি চতুর্থস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের তৃতীয় অধ্যায় সমাপ্ত ॥

মৈত্রেয়মুনি বলিলেন, ভগবান্ ত্রিলোচন এই প্রকার বলিয়াই নিরস্ত হইলেন। তিনি দেখিলেন যে, বলপূর্ব্বক দাক্ষায়ণীকে দক্ষালয়ে গমনে নিষেধ করিলে, সেই স্থানেই তাঁহার দেহপতন ঘটিবে; আর যদি যাইবার অনুমতিও করেন, তাহা হইলে দক্ষালয়েই তাঁহার প্রাণবিয়োগ হইবে।

আভাস।

হইয়াছেন, তখন এই পাপে নিশ্চয় তাঁহার মৃত্যু ঘটিবে। এতৎসহ তোমার সম্বন্ধীয় তৎকার্য্যেরও অন্যথা ঘটিবার বিশেষ সম্ভাবনা ॥ ২২ ॥ ২৩ ॥

ইতি চতুর্থ স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত তৃতীয় অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

সুহৃদ্দিদৃক্ষুঃ পরিশঙ্কিতা ভবান্নিষ্ক্রামতী নির্ব্বিশতী দ্বিধাস সা ॥ ১ ॥
সুহৃদ্দিদৃক্ষাপ্রতিঘাতদুর্ম্মনাঃ স্নেহাদ্রুদন্ত্যশ্রুকলাতিবিহ্বলা।
ভবং ভবান্যপ্রতিপুরুষং রুষা প্রধক্ষ্যতীবৈক্ষত জাতবেপথুঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

তুষ্ণীং জাতঃ, সা চ সতী অপি সুহৃদ্দিদৃক্ষুঃ (সুহৃদাং পিত্রাদীনাং দিদৃক্ষাবশাৎ তত্র গমনবিচারেণ গৃহাৎ) নিষ্ক্রামন্তী (ভবাত ইতি) দ্বিধা আস (বিচারপরা বভূব) ॥ ১ ॥

সুহৃদ্দিদৃক্ষাপ্রতিঘাতদুর্ম্মনাঃ (সুহৃদাং দিদৃক্ষায়াঃ প্রতিঘাতঃ প্রতিরোধঃ তেন দুর্ম্মনাঃ) অতএব স্নেহাৎ রুদন্তী অতএব অশ্রুকলাতিবিহ্বলা (অশ্রূণাং কলাভিঃ বিন্দুভিঃ অতি বিহ্বলা ব্যাকুলা তথা) জাতবেপথুঃ (জাতঃ বেপথুঃ কম্পঃ যস্যাঃ সা) ভবানী সতী রুষা ক্রোধেন প্রধক্ষ্যতী ভস্মীকরিষ্যতীব অপ্রতিপুরুষং (যস্য কৃপালুত্বাদিনা অন্যঃ পুরুষো নাস্তি তথাভূতং) অদ্বিতীয়ং ভবং ঐক্ষত দৃষ্টবতী ইত্যন্বয়ঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

উভয়ত্র অনুজ্ঞানে বলান্নিবারণেচ সুহৃদ্দিদৃক্ষুঃ নিষ্ক্রামন্তী ভবাৎ পরিশঙ্কিতা পুনর্নির্ব্বিশতীচ তদা সা সতী দ্বিধা আন্দোলিতচিত্তা আস বভূব ॥ ১ ॥

সুহৃদাং দিদৃক্ষায়াঃ প্রতিঘাতেন দুর্ম্মনাঃ। অশ্রূণাং কলাভিলেঁশৈঃ অতিবিহ্বলা ব্যাকুলা অপ্রতিপুরুষং স্বসমানপুরুষান্তররহিতং প্রধক্ষ্যতীব ভস্মীকরিষ্যতীব রুষা জাতো বেপথুঃ কম্পো যস্যাঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উভয়ত্রানুজ্ঞায়াং বলান্নিবারণেচ সুহৃদ্দিদৃক্ষুঃ সা বলান্নিষ্ক্রামন্তী আস ভবাৎ পরিশঙ্কিতাচ পুনর্বিশতিচেতি দ্বিবিধা অভূৎ। ঔৎসুক্যশঙ্কয়োর্দ্বয়োঃ সংগ্রামে তুল্যবলত্বাদিতি ভাবঃ ॥ ১ ॥

অশ্রূণি কলয়তীতি সা ন বিদ্যতে প্রতিপুরুষস্তুল্যো যস্য তং, ভবং মাং গন্তুং নানুজানীতে ইতি প্রধক্ষ্যতীব কটাক্ষৈ র্ভস্মীকরিষ্যতীব ঐক্ষত ॥ ২ ॥

সুতরাং উভয়ত্র সতীর নিশ্চয় দেহাবসান অবধারণ করিয়া, আর কিছুই বলিতে পারিলেন না। এদিকে সতী এক পক্ষে স্বামীর অবমাননা, অন্যত্র সুহৃদ্দর্শনের বলবতী আকাঙ্ক্ষায় আন্দোলিত হইয়া, গৃহে থাকা বা দক্ষালয়ে গমন করা, ইহার কিছুই নিশ্চয় করিতে না পারিয়া, কিয়ৎক্ষণ বিলম্ব করিলেন। ॥ ১ ॥

পরে সুহৃদ্দর্শনের প্রবল আশায় নিতান্ত আকৃষ্টা হইয়া, স্নেহভরে রোদন করিতে লাগিলেন; লোচন হইতে অবিরল-ধারে অশ্রুবিন্দু নিপতিত হইতে লাগিল। তিনি নিতান্ত উন্মনার ন্যায়, ক্রোধে কম্পিতকলেবরা হইয়া

আভাস।

চতুর্থ অধ্যায়ে পতিকে পরিত্যাগ করিয়া সতীর পিত্রালয়ে গমন এবং পিতার অবমাননায় তথায় তাঁহার দেহত্যাগ বর্ণিত হইয়াছে ॥

তেতো বিনিশ্বস্য সতী বিহায় তং শোকেন রোষেণ চ দূয়তা হৃদা।
পিত্রোরগাৎ স্ত্রৈণ্যবিমূঢ়ধীর্গৃহান্ প্রেম্নাত্মনো যোঽর্দ্ধমদাৎ সতাং প্রিয়ঃ ॥ ৩ ॥
তামন্বগচ্ছন্ দ্রুতবিক্রমাং সতীমেকাং ত্রিনেত্রানুচরাঃ সহস্রশঃ।
সপার্ষদযক্ষা মণিমন্মদাদয়ঃ পুরো বৃষেন্দ্রাস্তরসা গতব্যথাঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

ততঃ স্ত্রৈণ্যবিমূঢ়ধীঃ (স্ত্রৈণ্যং স্ত্রীস্বভাবঃ দুরাগ্রহাদিরূপঃ তেন বিমূঢ়া বিবেকাকুশলা ধীঃ যস্যাঃ সা) সতী রোষেণ শোকেন চ দূয়তা উপতপ্যমানেন, হৃদা বিনিশ্বস্য সতাং প্রিয়ঃ যঃ ভবঃ প্রেম্না আত্মনঃ অর্দ্ধং অদাৎ দত্তবান্ তং শঙ্করং বিহায় পরিত্যজ্য পিত্রোঃ গৃহান্ অগাৎ ॥৩

ততঃ দ্রুতবিক্রমাং (দ্রুতং শীঘ্রং বিক্রমো গমনং যস্যাঃ তাং) একাং একাকিনীং, তাং সতীং, সপার্ষদযক্ষাঃ (পার্ষদৈঃ সহ বর্ত্তমানাঃ যে যক্ষাঃ তে) মণিমন্মদাদয়ঃ (মণিমান্ মদঃ আদিঃ মুখ্যঃ যেষাং তে) পুরোবৃষেন্দ্রাঃ (পুরো অগ্রেসরঃ বৃষেন্দ্রঃ নন্দীশ্বরঃ যেষাং তে) অতএব গতব্যথাঃ নির্ভয়াঃ সহস্রশঃ ত্রিনেত্রানুচরাঃ রুদ্রানুচরাঃ অন্বগচ্ছন্ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ততস্তং বিহায় পিত্রোর্গৃহানগাৎ কথংভূতং যঃ প্রীত্যা তস্মৈ আত্মনো দেহস্যার্দ্ধমদাৎ ত্যাগে হেতুঃ স্ত্রৈণ্যং স্ত্রীস্বভাবঃ তেন বিমূঢ়া ধীর্যস্যাঃ সা ॥ ৩ ॥

দ্রুতবিক্রমাং শীঘ্রং গচ্ছন্তীং সহ পার্ষদৈর্যক্ষৈশ্চ বর্ত্তমানাঃ। মণিমান্ মদশ্চ আদির্যেষাং তে। পুরঃ পুরতো বৃষেন্দ্রো যেষাং তে। গতব্যথা নির্ভয়াঃ। রুদ্রাতিক্রমেণ তস্যাগমনাৎ আগতব্যথা ইতি বা ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চৌৎসুক্যশঙ্কয়োর্দ্বয়োরায়ত্যামৌৎসুক্যস্য প্রাবল্যে শঙ্কায়াঃ পরাভবেচ তং ভবং বিহায় দূয়তা উপতপ্যমানেন পিত্রোর্গৃহান্ অগাৎ কথম্ভূতং যঃ প্রেম্না আত্মনো দেহস্যার্দ্ধমদাৎ তং ত্যাগে হেতুঃ স্ত্রৈণ্যং স্ত্রীস্বভাব স্তেন মূঢ়া ধীর্যস্যাঃ সা ॥ ৩ ॥

দ্রুতবিক্রমাং নিবারয়িষ্যতীতি শঙ্কয়া পদ্ভ্যামেব দ্রুতং গচ্ছন্তী পার্ষদৈর্যক্ষৈশ্চ সহ বর্ত্তমানাঃ অহো একাকিন্যেবাস্মাকমভীষ্টদেবী চলতীত্যাগতা ব্যথা যেষাং তে রুদ্রানুচরা ইতি রুদ্রস্যৈবাভিপ্রায়মবগম্যেতি ভাবঃ ॥ ৪ ॥

ভস্মীভূত করিবার ন্যায় তীক্ষ্ণদৃষ্টিতে দেবদেব ত্রিলোচনের প্রতি নয়নবাণ নিক্ষেপ করিলেন ॥ ২ ॥

অনন্তর স্ত্রীস্বভাবসুলভ দুরাগ্রহাদি নিবন্ধন শোকে বিহ্বল হইয়া দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ পূর্ব্বক, যে শঙ্কর প্রেমের অনুরোধে তাঁহাকে দেহার্দ্ধ পর্য্যন্ত সমর্পণ করিয়াছিলেন, সেই ঈশানকে পরিত্যাগ করিয়া ঈশানী যজ্ঞালয়ে যাত্রা করিলেন ॥ ৩ ॥

তাং সারিকাকন্দুকদর্পণাম্বুজৈঃ শ্বেতাতপত্রব্যজনস্রগাদিভিঃ।
গীতায়নৈর্দুন্দুভিশঙ্খবেণুভি র্বৃষেন্দ্রমারোপ্য বিটঙ্কিতা যযুঃ ॥ ৫ ॥
আব্রহ্মঘোষোর্জ্জিতযজ্ঞবৈশসং বিপ্রর্ষিজুষ্টং বিবুধৈশ্চ সর্ব্বশঃ।

অন্বয়ঃ।

তাং সতীং বৃষেন্দ্রং আরোপ্য সারিকাকন্দুকদর্পণাম্বুজৈঃ, শ্বেতাতপত্রব্যজনস্রগাদিভিঃ গীতায়নৈঃ দুন্দুভিশঙ্খবেণুভিঃ বিটঙ্কিতাঃ শোভিতাঃ যযুঃ ॥ ৫ ॥

আব্রহ্মঘোষোর্জ্জিতযজ্ঞবৈশসং (আ সমন্তাৎ ব্রহ্মঘোষেণ বেদমন্ত্রধ্বনিনা উর্জ্জিতং শোভমানং যজ্ঞসম্বন্ধি বৈশসং পশুহিংসনং যত্র) বিপ্রর্ষিভিঃ ভৃগ্বাদিভিঃ, বিবুধৈঃ দেবৈঃ, চ সর্ব্বশঃ জুষ্টং সেবিতং, মৃদ্দার্ব্বয়ঃকাঞ্চনদর্ভচর্ম্মভিঃ নিসৃষ্টভাণ্ডং (নিসৃষ্টানি নির্ম্মিতানি ভাণ্ডানি পাত্রানি

শ্রীধরস্বামী।

তাং বৃষেন্দ্রমারোপ্য সারিকাদিভিঃ ক্রীড়োপকরণৈঃ শ্বেতাতপত্রাদিভিশ্চ মহারাজবিভূতিভিঃ সহ বিটঙ্কিতাঃ শোভিতাঃ যযুঃ। সারিকা পঠননিরূপিতা পক্ষিণী গীতায়নৈঃ গীতাশ্রয়ৈঃ ॥ ৫ ॥

আ সমন্তাৎ যো বেদঘোষ স্তেনোর্জ্জিতং শোভমানং যজ্ঞসম্বন্ধি পশুবিশসনং যস্মিন্। যদ্বা তেনোর্জ্জিতং অতিশয়িতং যজ্ঞে বৈশসং পরস্পরস্পর্দ্ধা যস্মিন্ তৎ। যজনং যজ্ঞস্থানং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সারিকেত্যাদিভিঃ খেলনোপকরণৈ স্তস্যাঃ খেলনব্যসনিত্বং গীতায়নৈ দুর্ন্দুভ্যাদিভির্গায়নী-শ্যাসিকাদিভিশ্চ তস্যা গানব্যসনিত্বমবধার্য্যেতি ভাবঃ। শ্বেতাতপত্রাদিভি র্মহারাজবিভূতিভিঃ সহ বিটঙ্কিতাঃ সহিতাঃ শোভিতা বা যযুঃ ॥ ৫ ॥

যজনং যজ্ঞস্থানং কীদৃশং আসমন্তাদ্ যো বেদঘোষ স্তেনোর্জ্জিতং শোভিতং যজ্ঞসম্বন্ধি পশুবিশসনং যত্র তৎ। যদ্বা যজ্ঞে বিদুষাং শাস্ত্রবিচারস্পর্দ্ধয়া পরস্পরপরাবুভূষৈব বৈশসং

তিনি পিত্রালয়ে গমনার্থ যখন দ্রুতবেগে একাকিনীই গৃহ হইতে নির্গতা হইলেন, তখন শঙ্করানুচর পার্ষদপরিবৃত যক্ষগণ এবং মণিমান্‌প্রমুখ রুদ্র-পার্ষদগণ নন্দীশ্বরকে আপনাদের পুরোভাগে দর্শন করিয়া, সদাশিবের অনু-মতির অপেক্ষা না করিয়াই নির্ভয়চিত্তে ত্রিলোচনীর অনুগমন করিলেন ॥ ৪

এবং বৃষেন্দ্রবাহনে ভবানীকে আরোহণ করাইয়া সারিকা, কন্দুক, দর্পণ, ক্রীড়াকমল, শ্বেতপত্র, ব্যজন, মাল্য এবং গীতোপকরণ দুন্দুভি, শঙ্খ ও বেণু প্রভৃতি বিচিত্র উপাদানে বিভূষিত হইয়া, সতীর পশ্চাৎ পশ্চাৎ দক্ষভবনাভি-মুখে গমন করিতে লাগিলেন ॥ ৫ ॥

এদিকে দক্ষরাজের যজ্ঞভবন ও পশুবধস্থান তৎকালে বেদধ্বনিতে নিনাদিত হইতেছিল ; যজ্ঞীয় দ্রব্যরক্ষার্থ মৃত্তিকা, দারু, লৌহ এবং কাঞ্চন নির্ম্মিত ভাণ্ডসমূহ যজ্ঞভূমের ইতস্তত রক্ষিত থাকিয়া অপূর্ব্ব শোভাবর্দ্ধন

মৃদ্দার্ব্বয়ঃকাঞ্চনদর্ভচর্ম্মভি র্নিসৃষ্টভাণ্ডং যজনং সমাবিশৎ॥ ৬॥
তামাগতাং তত্র ন কশ্চনাদ্রিয়দ্বিমানিতাং যজ্ঞকৃতো ভয়াজ্জনঃ।
ঋতে স্বসৃর্বৈ জননীঞ্চ সাদরাঃ প্রেমাশ্রুকণ্ঠ্যঃ পরিষস্বজু র্মুদা॥ ৭॥

অন্বয়ঃ।

যত্র তৎ) যজনং যজ্ঞস্থানং সতী সমাবিশৎ॥ ৬॥

স্বসৃঃ ভগিনীঃ, জননীং চ ঋতে বিনা, যজ্ঞকৃতঃ দক্ষাৎ, ভয়াৎ কশ্চনঃ জনঃ আগতাং তাং তত্র ন আদ্রিয়ৎ; বিমানিতাং এবং অনাদৃতাং, তাং সাদরাঃ আদরসহিতাঃ, প্রেমাশ্রুকণ্ঠ্যঃ (প্রেম্ণা স্নেহেন উদ্গতানি অশ্রূণি কণ্ঠে যাসাং তাঃ) স্বসৃজনন্যঃ মুদা হর্ষেণ পরিষস্বজুঃ আলিঙ্গিতবত্যঃ॥ ৭॥

শ্রীধরস্বামী।

সমাবিশদ্দেবী বিবুধৈশ্চ জুষ্টং মৃদাদিভি র্নিসৃষ্টানি নির্ম্মিতানি ভাণ্ডানি পাত্রাণি যস্মিন্॥ ৬॥

কশ্চন নাদ্রিয়ৎ নাদৃতবান্। যজ্ঞকৃতো দক্ষাৎ যদ্ভয়ং তস্মাৎ তত্র হেতুঃ তেন বিমানিতাং স্বসৃর্জননীঞ্চ ঋতে বিনা তাস্তু সাদরাঃ পরিষস্বজুঃ আলিঙ্গিতবত্যঃ প্রেমাশ্রুভির্নিরুদ্ধঃ কণ্ঠো যাসাং তাঃ॥ ৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিবুধৈশ্চ জুষ্টং মৃদাদিভি র্নিসৃষ্টানি নির্ম্মিতানি ভাণ্ডানি যত্র তৎ॥ ৬॥

স্বসৃর্জননীঞ্চ ঋতে বিনা তং তত্র কশ্চনাপি নাদ্রিয়ৎ তত্র হেতুঃ। যজ্ঞকৃতো দক্ষাদ্যদ্ভয়ং তস্মাৎ ততশ্চ বিমানিতাং তৈরনাদৃতামপি তাং স্বসৃজনন্যঃ সাদরাঃ দক্ষাদবিভ্যতঃ পরিষস্বজুঃ॥ ৭॥

করিতেছিল। এমন সময়ে পার্ব্বতী শিবানুচরে পরিবৃতা হইয়া দক্ষভবনে উপনীতা হইলেন॥ ৬॥

সতীর সমুপস্থিতিতে প্রজাপতি দক্ষ তাঁহাকে কোনরূপ আদর করিলেন না; সুতরাং তত্রস্থ ঋত্বিকাদি সদস্যগণ কেহই আর যজমানের ভয়ে দাক্ষায়ণীর অভ্যর্থনা করিতে সাহসী হইলেন না। কেবল জননী ও সহোদরাগণ প্রেমাশ্রুপূর্ণলোচনে অগ্রসর হইয়া স্নেহভরে সতীকে আলিঙ্গন করিলেন॥৭॥

সহোদরা ভগিনীগণ ও মাতৃস্বসাগণ সতীকে বিবিধ মঙ্গলপ্রশ্ন জিজ্ঞাসা করিতে লাগিলেন এবং জননী উৎকৃষ্ট আসন ও মহামূল্য পারিতোষিক প্রদানে সতীকে আদর করিতে লাগিলেন; কিন্তু পিতার হতাদরে অভিমানিনী

মৃন্ময়ানি শরাবাদীনি পুরোডাশাদ্যর্থানি। দারুময়ানি স্রুগাদীনি হোমাদ্যর্থানি। অয়স্ময়ানি স্বধিত্যাদীনি অবদানাদ্যর্থানি। কাঞ্চনানি আচমনী কলসাদীনি। দর্ভময়ানি বেদরসনাদীনি। চর্ম্মময়ানি ঘৃতা দুগ্ধাপনার্থানি কুপ্যাদীনি॥ ৬॥

সৌদর্য্যসংপ্রশ্নসমর্থবার্ত্তয়া মাত্রাচ মাতৃস্বসৃভিশ্চ সাদরং।
দত্তাং সপর্য্যাং বরমাসনঞ্চ সা নাদত্ত পিত্রাঽপ্রতিনন্দিতা সতী ।। ৮ ।।
অরুদ্রভাগং তমবেক্ষ্য চাধ্বরং পিত্রাচ দেবে কৃতহেলনং বিভৌ।
অনাদৃতা যজ্ঞসদস্যধীশ্বরী চুকোপ লোকানিব ধক্ষ্যতী রুষা ।। ৯ ।।

অন্বয়ঃ।

পিত্রা দক্ষেণ, অপ্রতিনন্দিতা অনাদৃতা, সা সতী, তু সৌদ্যর্য্যসংপ্রশ্নসমর্থবার্ত্তয়া (সৌদর্য্যেণ সমানোদরত্বেন ভগিনীনাং সংপ্রশ্নঃ তত্র সমর্থা যোগ্যা যা বার্ত্তা তয়া) মাত্রা মাতৃস্বসৃভিঃ চ সাদরং আদরং যথা স্যাৎ তথা দত্তাং সপর্য্যাং পারিতোষিকং বরং শ্রেষ্ঠং, আসনং চ ন আদত্ত অগ্রহীৎ ॥ ৮ ॥

তং অরুদ্রভাগং (ন বিদ্যতে রুদ্রস্য ভাগং যস্মিন্ তং) অধ্বরং যজ্ঞং, বিভৌ সর্ব্বং কর্ত্তুং সমর্থে, দেবে মহাদেবে পিত্রা কৃতহেলনং অবেক্ষ্য স্বয়ং চ তেন অনাদৃতা ইতি জ্ঞাত্বা অধীশ্বরী সর্ব্বং কর্ত্তুং সমর্থা সতী রুষা ক্রোধেন, লোকান্ ধক্ষ্যতীব ভস্মীকরিষ্যতীব যজ্ঞসদসি চুকোপ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

অপ্রতিনন্দিতা অনাদৃতা সতী নাদত্ত ন গৃহীতবতী। কথং সৌদর্য্যেণ সোদরত্বেন ভগিনীনাং যঃ সংপ্রশ্নঃ তত্র সমর্থা যোগ্যা যা বার্ত্তা তয়া সহ তাঞ্চ নাদত্ত নাশৃণোদিত্যর্থঃ ॥ ৮ ॥

ন বিদ্যতে রুদ্রস্য ভাগো যস্মিন্ তং। দেবে রুদ্রে কৃতং হেলনমবজ্ঞাং আহ্বানাদ্যকরণাৎ ॥৯

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সৌদর্য্যাণাং ভগিনীগণানাং সংপ্রশ্নৈঃ কুশলপ্রশ্নৈঃ সমর্থা যোগ্যা যা বার্ত্তা তয়া সহ দত্তাং সপর্য্যাং নাদত্ত ন গৃহীতবতী কুশলপ্রশ্নে ন প্রত্যুবাচ আসনাদিকঞ্চ ন পস্পর্শেত্যর্থঃ। তত্র হেতুরপ্রতিনন্দিতা অনাদৃতা ॥ ৮ ॥

আহুতিমন্ত্রান্ শৃণ্বতী রুদ্রভাগহীনমধ্বরমবেক্ষ্য দেবে শ্রীরুদ্রে স্বস্যাবহেলনাৎ কৃতহেলনং জ্ঞাত্বা চুকোপ ॥ ৯ ॥

পার্ব্বতী তাহার কিছুই গ্রহণ বা প্রত্যুত্তর প্রদান করিলেন না ।। ৮ ।।

রুদ্রভাগবিহীন যজ্ঞ, দেবদেব ত্রিলোচনের প্রতি পিতার অবজ্ঞা এবং যজ্ঞস্থলে পিতার অনাদর-নিবন্ধন নিজের অবমাননাতে সেই সর্ব্বেশ্বরীর ঈদৃশ কোপের উদয় হইল, যেন তৎপ্রভাবে সম্মুখবর্ত্তী দিক্‌সমূহ ভস্মীভূত হইতে লাগিল ।। ৯ ।।

ভগবতীর কোপে প্রমথগণ যজ্ঞভঙ্গার্থ উদ্‌যোগী হইলে, সতীদেবী ইঙ্গিত মাত্রে তাঁহাদিগকে নিবারণ করিলেন এবং ক্রোধপূর্ণ-হৃদয়ে ও স্খলিতাক্ষরে সেই ঘোর কর্ম্মমার্গ অবলম্বনে বিষম অভিমানী শিবদ্বেষী পিতা দক্ষ প্রজা-

জগর্হ সামর্ষবিপন্নয়া গিরা শিবদ্বিষং ধূমপথশ্রমস্ময়ং ।
স্বতেজসা ভূতগণান্ সমুত্থিতান্ নিগৃহ্য দেবী জগতোঽভিশৃণ্বতঃ ।। ১০ ।।
শ্রীদেব্যুবাচ ॥
ন যস্য লোকেঽস্ত্যতিশায়নঃ প্রিয়স্তথা প্রিয়ো দেহভৃতাং প্রিয়াত্মনঃ ।

অন্বয়ঃ ।

(ততঃ উপদ্রবার্থং) সমুত্থিতান্ ভূতগণান্ স্বতেজসা নিগৃহ্য নিবার্য্য, দেবী দেদীপ্যমানা সতী, জগতঃ অভিশৃণ্বতঃ (তত্রস্থসর্ব্বজনসমূহস্য শৃণ্বতঃ) শিবদ্বিষং শিবদ্বেষকর্ত্তারং যতঃ ধূমপথশ্রমস্ময়ং (ধূমপথে কর্ম্মমার্গে যঃ শ্রমঃ অভ্যাসঃ তেন স্ময়ঃ গর্ব্বো যস্য তং) দক্ষং অমর্ষবিপন্নয়া (অমর্ষেণ ক্রোধেন বিপন্নয়া গদ্গদতাং প্রাপ্তয়া অস্পষ্টাক্ষরয়া) গিরা জগর্হ নিন্দিতবতী ॥ ১০ ॥

শ্রীদেবী উবাচ। দেহভৃতাং দেহধারিণাং প্রিয়াত্মনঃ (প্রিয়শ্চাসৌ আত্মাচেতি তস্য) যস্য শ্রীশিবস্য, অস্মিন্ লোকে, অতিশায়নঃ উৎকৃষ্টঃ, প্রিয়ঃ তথা অপ্রিয়ঃ চ ন অস্তি মুক্তবৈরকে

শ্রীধরস্বামী ।

জগর্হ নিন্দিতবতী অমর্ষেণ কোপেন বিপন্না অব্যক্তা তয়া শিবং দ্বেষ্টি শিবদ্বিট্ তং। ধূমপথঃ কর্ম্মমার্গঃ তত্র শ্রমোঽভ্যাসঃ তেন স্ময়ো গর্ব্বো যস্য। দক্ষবধায় সমুত্থিতান্ স্বাজ্ঞয় নিগৃহ্য নিবার্য্য ॥ ১০ ॥

নিন্দামেবাহ ন যস্যেতি ত্রয়োদশভিঃ। মুক্তবৈরকে ত্যক্তবিরোধে তস্মিন্ শ্রীশিবে ভবন্তং ঋতে বিনা কতমঃ প্রতীপয়েৎ প্রতিকূলমাচরেৎ। বৈরাভাবে হেতবঃ যস্য লোকে অতিশয়িতো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অমর্ষেণ কোপেন বিপন্নয়া সগদ্গদয়া ধূমপথে কর্ম্মমার্গে শ্রমেণাভ্যাসেন স্ময়ো গর্ব্বো যস্য তং দক্ষবধায় সমুত্থিতান্ স্বাজ্ঞয়া নিগৃহ্য নিবার্য্য ॥ ১০ ॥

গর্হামেবাহ ত্রয়োদশভিঃ ন যস্যেতি অতিশায়নঃ যস্মাদধিকো নাস্তি ঈশ্বরত্বাৎ। প্রিয়শ্চাপ্রিয়শ্চ নাস্ত্যাত্মারামত্বাৎ নির্বিসর্গপাঠে অতিশায়িনশ্চ প্রিয়শ্চেতীতরেতরযোগেঽপি সর্ব্বোদ্বন্দ্বোবিভাষয়ৈকবদ্ভবতীত্যেকত্বং। উকারোঽচহ্রস্বদীর্ঘপ্লুত ইতি বৎ। অথচ দেহধারিণাং

পতিকে সদস্যগণের সমক্ষে সম্বোধন পূর্ব্বক বলিতে লাগিলেন ।। ১০ ।।

সতী বলিলেন ! লোকে যাঁহার সমতুল্য দ্বিতীয় ব্যক্তি নাই, যিনি দেহধারী জীবমাত্রেরই পরম প্রিয় পরমাত্মা, তাদৃশ বৈরতাশূন্য অখিলাত্মা

আভাস ।

জনকের মুখে পতির নিন্দা শ্রবণে সুদুঃখিতা পার্ব্বতী পিতৃসদনে তাহার প্রতিবাদ করত প্রজাপতি দক্ষকে যেরূপ ভৎসনা করিয়াছিলেন, তাহাই ক্রমান্বয়ে ত্রয়োদশ শ্লোকে বর্ণিত হইয়াছে। সতী বলিলেন, হে পিতঃ ! আপনি কোন্ ভিত্তি অবলম্বনে যে দেবাদিদেব আশুতোষের বিরুদ্ধাচরণে অগ্রসর হইয়াছেন, তাহার কিছুই নিরূপণ করিতে পারিলাম না। কারণ শঙ্কর মঙ্গলময়, তিনি কখন কাহারও অনিষ্ট করেন না;

তস্মিন্ সমস্তাত্মনি মুক্তবৈরকে ঋতে ভবন্তং কতমঃ প্রতীপয়েৎ ॥ ১১ ॥
দোষান্ পরেষাং হি গুণেষু সাধবো গৃহ্ণন্তি কেচিন্ন ভবাদৃশা দ্বিজ।

অন্বয়ঃ।

সর্ব্বথা বৈররহিতে, সমস্তাত্মনি তস্মিন্ মহাদেবে, ভবন্তং ঋতে বিনা, কতমঃ প্রতীপয়েৎ প্রতিকূলং আচরেৎ ॥ ১১ ॥

কেচিৎ সাধবঃ পরেষাং গুণেষু হি দোষান্ ন গৃহ্ণন্তি; যে কেচিৎ ফল্গূন্ অপি গুণান্

শ্রীধরস্বামী।

নাস্তি। তথা প্রিয়শ্চাপ্রিয়শ্চ নাস্তি। সমাসপাঠে অতিশয়েন প্রিয়ো নাস্তি। দেহভৃতাং প্রিয়ো য আত্মা তস্য সমস্তস্যাত্মনি কারণভূতে সমস্তরূপ ইতি বা ॥ ১১ ॥

তস্য প্রতিকূলকরণং দ্বেধা মহত্তমদ্রোহেণ সাক্ষাত্তদ্দ্রোহেণচ। তত্র পুরুষাণাং চাতুর্ব্বিধ্যং বদন্তী মহত্তমদ্রোহমাহ দোষানিতি দ্বাভ্যাং। হে দ্বিজ ইত্যধিক্ষেপঃ ভবাদৃশা ত্বদ্বিধা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রিয়াত্মনঃ প্রিয়াত্মস্বরূপস্য তস্মিন্ সমস্তাত্মনি সর্ব্বজগৎকারণে ভগবন্তং বিনেতি ভবানেব প্রতীপয়েৎ প্রতীপং প্রতিকূলং কুর্য্যাৎ। যদ্বা ঋতে সত্যরূপে তস্মিন্ মুক্তবৈরকে সতি ভগবন্তং কঃ প্রতীপয়েৎ সমুচিতাচরণেন প্রতিকূলং কুর্য্যাৎ। এতে যাজ্ঞিকসদস্যাদয়স্তু ত্বদ্দত্তৈরন্নৈঃ কুক্ষিম্ভরা এব কিন্তু স রুদ্র এব বা তদীয়ো বা কশ্চিদেব প্রতীপয়েদিতিভাবঃ ॥ ১১ ॥

অসাধোস্তব সভায়ামেতে খল্বসাধব এবেতি বক্তুং সাধূনসাধূংশ্চ লক্ষয়তি দোষানিতি। পরেষাং দোষানপি গুণেষু প্রকারবিশেষেণ গুণান্তঃপাতিতয়ৈব যে গৃহ্ণন্তি যথা কঠোরভাষিত্বং যদপ্যস্য দোষস্তদপি হিতকারিত্বাদয়ং রোগনিবর্ত্তকো নিম্বরস ইব গুণ এবেত্যেবং তে সাধবো

আশুতোষের অপমাননা আপনি ব্যতীত আর কাহাকেও করিতে নয়নগোচর করি না ॥ ১১ ॥

যাঁহারা প্রকৃত সাধু, তাঁহারা কখন পরগুণে দোষারোপ করেন না; এবং

আভাস।

অন্তর্যামিরূপে সর্ব্বজীবের অন্তরে তিনি নিয়তই বাস করিতেছেন; সুতরাং স্ত্রীপুত্রগৃহক্ষেত্রাদি প্রিয়বস্তুর অপেক্ষা নিজদেহে প্রিয়ত্ববোধের ন্যায়, ব্যষ্টিজীবনিচয়ের সমষ্টিস্বরূপ পরমাত্মা শূলপাণিই প্রকৃত প্রেমের ভাজন। অহো! চিত্র যেমন পটে বা ভিত্তির উপর প্রকাশ পায়, এই সমষ্টিজীব যাঁহার আশ্রয়ে আত্মস্বরূপের বিকাশ করে, আপনি সেই শঙ্করের নিন্দা করিতে প্রবৃত্ত হইয়াছেন! দেখুন! সকলেই কিছু না কিছু আপনার নিকট প্রত্যাশা করিয়া থাকেন; এই উপস্থিত ব্রাহ্মণগণ আপনার অন্নে প্রতিপালিত হইয়া আপনার অভিমানেরই প্রশ্রয় দিতেছেন; কিন্তু শঙ্কর কিছুরই প্রত্যাশা না করিয়া সকলের উপকারার্থ সর্ব্বদাই প্রস্তুত আছেন। তাদৃশ মহাদেবের বিপক্ষে আপনি ব্যতীত অন্য কাহাকেও দণ্ডায়মান হইতে দেখিতে পাই না। ১১ ॥

গুণাংশ্চ ফল্গূন্ বহুলীকরিষ্ণবো মহত্তমাস্তেষ্ববিদদ্ভবানঘং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

বহুলীকরিষ্ণবঃ তে মহত্তমাঃ এব। হে দ্বিজ! ভবাদৃশাঃ তু ন তথা; যতঃ ভবান্ তেষু গুণেষু গুণবৎসু চ অঘং দোষং এব অবিদৎ কল্পিতবান্ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

অসূয়কাঃ পরেষাং গুণেষু দোষানেব গৃহ্লন্তি নতু গুণান্। কেচিন্মধ্যস্থাঃ গুণেষু দোষান্ন গৃহ্লন্তি কিন্তু যথাস্থিতান্ গুণদোষান্ বিবেকেন গৃহ্লন্তি তেতু মহান্ত উচ্যন্তে। সাধবস্তু কেবলং গুণানেব গৃহ্লন্তি ন দোষান্ তেতু মহত্তরা উচ্যন্তে। মহত্তমাস্তু দোষান্ ন গৃহ্লন্ত্যেব প্রত্যুত ফল্গূন্ তুচ্ছান্ অপি গুণান্ বহুলীকরিষ্ণবো ভবন্তি তেষু ভবানঘমবিদৎ বিদিতবান্ কল্পিত-বানিত্যর্থঃ। তচ্চ ব্রহ্মিষ্ঠানভিভূয়েত্যনেন সূচিতং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহান্ত এব কেচিদ্ভবন্তি। হে দ্বিজেত্যধিক্ষেপে তত্র ন ভবাদৃশাঃ ইতি ভবাদৃশাস্তু গুণানপি দোষাত্বঃ-পাতিতয়ৈব গৃহ্লন্তি যথাস্য যৎপরোকারিত্বং তৎপরদ্রব্যজিঘৃক্ষয়ৈবেতি দোষএবায়মিত্যেবং তে খলুসাধবএব যেতু দোষান্ অপশ্যন্তো গুণানেব গৃহ্লন্তি যথা বণিগয়মাতিথেয়ো নিস্তীর্ণ ইত্যেবং তে মহত্তরাঃ। যে গুণানেব গৃহ্লন্তি নতু দোষান্। ত্যক্তপরিগ্রহঃ ভিক্ষুরয়মুদরপূরমন্নমাত্রং যথা তথা গৃহ্লাতি। নতু দরিদ্রং বহ্বাশীত্যেবং তথৈব যে দোষানেব গৃহ্লন্তি নতু গুণান্ যথা ভিক্ষুরয়মুদরপূরং স্নিগ্ধান্নং যদত্তি তদয়ং কামী ভ্রষ্টো মন্তব্য ইত্যেবং তে অসাধুতরাঃ যেতু ফল্গূন্ তুচ্ছানপি গুণান্ বহুলীকরিষ্ণবঃ বহুলীকরণশীলাঃ কিন্তু ফল্গূন্ দোষাংস্তু নৈব পশ্যন্তি যথা শীতার্ত্তত্বাদেব মদীয়বস্ত্রমপহরন্নপি শস্ত্রপাণিত্বেঽপি দয়ালুত্বাদেব ন হিনস্তি তদয়ং ধন্য ইত্যেবং তে মহত্তমাস্তথৈব যে তুচ্ছানপি দোষান্ বহুলীকরিষ্ণবো গুণানৈব গৃহ্লন্তি যথা বিরক্তোঽয়ং বনমপহায় যদ্গৃহস্থ গৃহেষু বসতি তৎ প্রচুরধনং চোরয়িতুকাম ইত্যেবং তে অসাধুতমাঃ যেতু গুণাভাবেঽপি পরেষাং গুণানেব পশ্যন্তি। যথা জগত্যস্মিন্ কেঽপি দুষ্টা ন

যাঁহারা অন্যের সামান্য গুণকে প্রচুর করিয়া গ্রহণ করেন, তাঁহারাই প্রকৃত শ্রেষ্ঠতম বলিয়া উক্ত হন। কিন্তু হে পিতঃ! আপনি সে জাতীয় ব্যক্তি নহেন! কারণ আপনি ত্রিলোচনের গুণের প্রতি লক্ষ্য না করিয়া, অনর্থক মিথ্যা দোষ আরোপিত করিয়াছেন ॥ ১২ ॥

আভাস।

জগতে চারিপ্রকারের মনুষ্য নয়নগোচর হইয়া থাকে। প্রথম আপনাদের ন্যায় ব্যক্তি; যাঁহারা অসূয়াবশত পরের গুণে কেবল দোষদর্শনই করিয়া থাকেন; দ্বিতীয় যাঁহারা অন্যের দোষ গ্রহণ না করিয়া, উভয় দোষ ও গুণকে বিচারপূর্ব্বক কীর্ত্তন করেন, তাঁহারা মহৎ নামে অভিহিত। তৃতীয়, যাঁহারা লোকের দোষভাগের প্রতি কোনরূপ দৃষ্টি না করিয়া, তাহার গুণভাগকেই গ্রহণ ও তাহার কীর্ত্তন করেন, তাহারাই প্রকৃত সাধু। আর

নাশ্চর্য্যমেতদ্যদসৎসু সর্ব্বদা মহদ্বিনিন্দা কুণপাত্মবাদিষু।

অন্বয়ঃ।

কুণপাত্মবাদিষু (কুণপং শববৎ কুৎসিতং জড়ং শরীরং তদেব আত্মা ইতি বদনে শীলং

শ্রীধরস্বামী।

এতচ্চ দুর্জ্জনেষু যুক্তমেবত্যাহ নেতি কুণপং জড়ং শরীরং তদেবাত্মেতি বদন্তি যে তেষু ঈর্ষ্যা অক্ষান্তিঃ সৈর্ষ্যং যথা ভবত্যেবং মহতাং বিনিন্দেতি যৎ এতদাশ্চর্য্যং ন ভবতি। সৈর্ষ্যং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সন্তি সর্ব্ব এব সাধব ইত্যেবং তে মহত্তমা স্তথৈব দোষাভাবেঽপি পরেষাং দোষানেব পশ্যন্তি যথা জগত্যস্মিন্ কেঽপি শিষ্টা ন সন্তি সর্ব্ব এব দুষ্টা ইতি তে অত্যসাধুতমা ইত্যেব সত্ত্বতারতম্যেন সাধব ইতি সাধূনাং দ্বৈবিধ্যেঽপ্যুক্তেন ভমপ্রত্যয়েন যুক্তিসম্ভবেন চ মহতাকাত্তুর্বিধ্যমায়াতং। তথৈব তমস্তারতম্যেন ন ভবাদৃশা ইতি অবিদ্বত্তবানধমিত্যাভ্যাং অসাধুনামপি দ্বৈবিধ্যেঽপি যুক্ত্যা চাতুর্বিধ্যং। শুদ্ধসত্ত্বস্বরূপকল্যাণগুণময়ভক্তিযোগতারতম্যেন পুনরপ্যেবং সাধূনামপরাধতারতম্যেনাসাধূনাঞ্চাতুর্বিধ্য ... এবঞ্চ দেহভৃতাং প্রিয়াত্মন স্তস্মিন্ সমস্তাত্মনি মুক্তবৈরক ইত্যাদনা শ্রীরুদ্রস্য সর্ব্বত্রাপি প্রীতিমত্ত্বেন সর্ব্বত্রাদোষদৃষ্ট্যাচ অতিমহত্তমত্বং। তেষ্ববিদ্বত্তবানধমিত্যনেন তস্মিন্ শ্রীরুদ্রে দোষমাত্রদর্শনাং তস্য চ সর্ব্বাত্মত্বাৎ সর্ব্বজগত্যেব দোষদৃষ্টিপ্রাপ্ত্যা চোদিতে পরমেষ্টিনেত্যনেন ব্রহ্মণ্যপি দোষদৃষ্ট্যা ব্রহ্মিষ্ঠানভিভূয় চেতি মহৎস্বপ্যপরাধেনচ দক্ষস্যাত্যসত্তমত্বং ধ্বনিতং ॥ ১২ ॥

যে কোথায়ও বিশ্রাম করিবে, এমন শান্তিময় নিকেতন কুত্রাপি নয়নগোচর হয় না। ঘর্ম্মাক্ত কলেবরে ছায়ার প্রার্থনায় মরুভূমস্থ বৃক্ষের তলে উপনীত পথিকের নিকট বৃক্ষ যেমন স্বীয় মূলদেশ সিঞ্চনার্থ তাহার হৃদয়ঘর্ম্মের আকাঙ্ক্ষা করে, সেইরূপ দুঃখপীড়িত হইয়া সংসারে যাহারই নিকট আশ্রয়ার্থ গমন করা যায়, সকলেই নিজ দুঃখনিবারণার্থ তৎসন্নিধানে স্বার্থসিদ্ধির নিমিত্তই যত্নবান্ হয়। এপথে অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ নামক পঞ্চবিধ দুর্গম স্থান আছে; যেখানে পতিত হইলে, জীব আর ন্যায়পথ অবলোকনে সমর্থ হয় না। সহিষ্ণুতা সহকারে কোন স্থানে অপেক্ষা করিবারও যোগ্যতা নাই; কারণ তীব্র হলাহলমুখ দ্রুতবেগ সর্পসদৃশ কাল ক্ষুধাতুরের ন্যায়, নিরন্তর পশ্চাদ্ধাবন করিতেছে। দ্রুতবেগে

দ্বন্দ্বশ্বভ্রে খলমৃগভয়ে শোকদাবেঽজ্ঞসার্থঃ
পাদৌকস্তে শরণদ কদা যাতি কামোপসৃষ্টঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

অগ্নিঃ যস্মিন্ তস্মিন্ তাদৃশে) উৎপত্ত্যধ্বনি সংসারমার্গে, বর্ত্তমানঃ কামোপসৃষ্টঃ (কামেন উপসৃষ্টঃ অভিভূতঃ) অতএব বিষয়মৃগতৃষ্ণাত্মগেহোরুভারঃ (বিষয়াঃ এব মৃগতৃষ্ণা জলং, তদর্থং আত্মা অহঙ্কারাস্পদং শরীরং, গেহং মমতাস্পদং সর্ব্বং উরুঃ ভারঃ যস্য সঃ) অজ্ঞসার্থঃ (অজ্ঞানাং সার্থঃ সমূহঃ) কদা তে তব পাদৌকঃ চরণারবিন্দরূপং নিবাসস্থানং (ত্বৎকৃপাং বিনা) যাতি (ন কদাপীত্যর্থঃ) ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

এব দুর্গমস্থানানি যস্মিন্। অন্তক এবোগ্রব্যাল স্তেনাদ্বিষ্টে লক্ষ্যীকৃতে বিষয়রূপা মৃগতৃট্ মৃগতৃষ্ণা যস্মিন্। আত্মা অহঙ্কারাস্পদং শরীরং মমত্বাস্পদং গেহঞ্চ সএব উরুভারো যস্য সঃ দ্বন্দ্বানি সুখদুঃখাদীন্যেব শ্বভ্রাণি গর্ত্তা যস্মিন্। খলাএব মৃগা ব্যাঘ্রাদয়ঃ তেভ্যো ভয়ং যস্মিন্। শোক এব দাবাগ্নির্যস্মিন্ কামেনোপসৃষ্টঃ পীড়িতঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবৈতে দৃশ্যন্ত ইতি দক্ষাদিষু কটাক্ষঃ হে শরণদ হে আশ্রয়প্রদেতি ত্বাং যদি স নৈবাশ্রয়তে তদা ত্বয়া কিং কর্ত্তব্যমিতি ভাবঃ। কীদৃশঃ বিষয়রূপা মৃগতৃষ্ণা যস্মিন্ তথাভূত আত্মা দেহোঽহন্তাস্পদং গেহঞ্চ উরুর্ভারো যস্য সঃ। কামেনোপসৃষ্টঃ কামপীড়িতঃ ॥ ২৫ ॥

সংসার-পথ সর্ব্বত্র সমাচ্ছন্ন রহিয়াছে। খলরূপধারী শ্বাপদ ব্যাঘ্রাদিগণে এই মার্গ সর্ব্বদাই সঙ্কুল এবং শোকরূপ দাবাগ্নিতে অনতিক্রমণীয় হইয়াছে। কামনাবায়ু প্রবলবেগে প্রবাহিত হইয়া জীবকে মৃগতৃষ্ণোপম বিষয়াভিমুখেই সর্ব্বদা প্রধাবিত করিতেছে। হে দীনবন্ধো! এতাদৃশ ভীষণপথে গমনকালে মূর্খ জীবসমূহ কবে তোমার চরণারবিন্দে শরণলাভে কৃতার্থ হইবে? তাহাই আপনি অনুমতি করুন্! ॥ ২৫ ॥

আভাস।

পলায়নেরও সামর্থ্য নাই। কারণ সুখদুঃখ, জরাব্যাধি ও কামক্রোধরূপ গর্ত্তসমূহে নিপতিত হইয়া, জীব নিরন্তরই পদস্খলিত হইতেছে। মরীচিকাভ্রমের ন্যায় এখানকার সকল আশা ও ভরসা কেবল কল্পনা মাত্র। শ্বাপদ জন্তুগণই খলস্বভাব সংসৃষ্ট স্বজনগণের মূর্ত্তি ধারণে ইতস্তত পরস্পরের শোণিত শোষণার্থই নিরন্তর পর্য্যটন করিতেছে। জ্ঞান হয়, দাবাগ্নি সদৃশ শোক-রাশি সর্ব্বদাই উপস্থিত হইয়া, জীবহৃদয়কে যেন ভস্মীভূত করিবারই উপক্রম করিতেছে। অতএব ঈদৃশ সংসারপথে পতিত জীবের পক্ষে, হে দয়াময়! তোমার চরণারবিন্দ ব্যতীত আর অন্য উপায় ত পরিদৃষ্ট হইতেছে না। অনুগ্রহ পূর্ব্বক এই শরণহীন জনের প্রতি কৃপা কটাক্ষ বিতরণ করুন্! আমরা কৃতার্থ হই! ॥ ২৫ ॥

রুদ্র উবাচ ॥

তব বরদ বরাঙ্ঘ্র্যাবাশিষেহাখিলার্থে হ্যপি মুনিভিরসক্তৈরাদরেণার্হণীয়ে।
যদি রচিতধিয়ং মাবিদ্যলোকোঽপবিদ্ধং জপতি ন গণয়ে তত্ত্বৎপরানুগ্রহেণ ॥ ২৬

অন্বয়ঃ।

রুদ্রঃ উবাচ। হে বরদ! আশিষেহাখিলার্থে (আশিষা তত্তৎকামনয়া অখিলার্থে সর্ব্ব-পদার্থপ্রাপ্ত্যর্থং সকামৈঃ) তথা অসক্তৈঃ নিষ্কামৈঃ, মুনিভিঃ চ আদরেণ অর্হণীয়ে পূজনযোগ্যে, তব অঙ্ঘ্র্যৌ রচিতধিয়ং স্থিরীকৃতচিত্তং, অবিদ্যলোকঃ বিদ্যাহীনঃ জনঃ, যদি মা মাং, অপ-বিদ্ধং আচারভ্রষ্টং, জপতি জল্পতি, ত্বৎপরানুগ্রহেণ (তব ময়ি যঃ পরঃ অনুগ্রহঃ তেন) তৎ জল্পনং ন গণয়ে ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

শ্রীরুদ্রস্তু পূর্ব্বং মম নিন্দা দুঃসহাসীৎ ইদানীন্তু তাং ন গণয়ামীত্যাহ তবেতি। আশিষা কামেন অসক্তৈ র্নিষ্কামৈঃ রচিতধিয়ং অভিনিবেশিতচিত্তং মা মাং অবিদ্যো বিদ্যাহীনো লোকঃ যদি অপবিদ্ধং জপতি আচারভ্রষ্টং জল্পতি। তজ্জল্পনং তব যঃ পরোঽনুগ্রহঃ ত্বৎপরাণাং বা যোঽনুগ্রহস্তেন ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আশিষা কামেন হেতুনা অখিলার্থে অখিলার্থদাতর্য্যপি অসক্তৈ র্নিষ্কামৈঃ অর্হণীয়ে সেবিতু-মর্হে অঙ্ঘ্র্যৌ রচিতধিয়মাবেশিতবুদ্ধিং মা মাং ন বিদ্যতে বিদ্যা জ্ঞানং যস্য তথাভূতো লোকো দক্ষাদি র্যদি অপবিদ্ধমাচারভ্রষ্টং জপতি জল্পতি তদপি তৎ জল্পনং তব যঃ পরোঽনুগ্রহ স্ত্বৎপরাণাং বানুগ্রহস্তেন ন গণয়ে ॥ ২৬ ॥

রুদ্র বলিলেন, হে সর্ব্বকামবর্ষিন্ বরদ! সকামী জন যে যে কামনা প্রাপ্তির আশয়ে একান্তহৃদয়ে আপনার নিকট অগ্রসর হয়, আপনি তাহাকে তাহাই প্রদান করিয়া থাকেন; আবার নিষ্কামী অকিঞ্চন জনগণও মুক্তির প্রার্থনায় কায়মনোবাক্যে পরমপূজনীয় আপনার নিকটেই অগ্রসর হইয়া থাকেন। হে অভয়প্রদ! আমিও আপনার চরণকমলে চিত্ত সমর্পণ করি-য়াছি; ইহাতে লোকে যদি আমাকে আচারভ্রষ্ট বলিয়া নিন্দা করে, তাহাতে কোন ক্ষতি নাই; আমি আপনার অনুগ্রহের লেশমাত্র প্রাপ্ত হইলে, সে নিন্দাকে নিন্দা না বলিয়া, বরং সুখ্যাতির মধ্যেই গণনা করি ॥ ২৬ ॥

আভাস।

মহাদেব আচারভ্রষ্ট; তাঁহার ভোজনের বিচার বা ভ্রমণের কোন নিষিদ্ধ বা অনিষিদ্ধ স্থান ছিল না। তিনি শ্মশানে মশানে উন্মত্তের ন্যায় পরিভ্রমণ করিয়া থাকেন, বলিয়া দক্ষ প্রজাপতি যে নিন্দা করিয়াছিলেন, সম্প্রতি ভগবৎস্বরূপের সন্দর্শনে তাঁহার সে নিন্দা সুখ্যাতিতে পরিণত হইল। কারণ যাহাদিগকে অনেক বস্তুর পার্থক্য বিচার করিতে

ভৃগুরুবাচ ।।

যন্মায়য়া গহনয়াঽপকৃতাত্মবোধা ব্রহ্মাদয়স্তনুভৃতস্তমসি স্বপন্তঃ।
নাত্মন্ শ্রিতং তব বিদন্ত্যধুনাপি তত্ত্বং সোঽয়ং প্রসীদতু ভবান্ প্রণতাত্মবন্ধুঃ।২৭

অন্বয়ঃ।

ভৃগুঃ উবাচ। গহনয়া গম্ভীরয়া, যন্মায়য়া (যস্য ভগবতো মায়য়া) অপকৃতাত্মবোধাঃ (অপকৃতঃ আচ্ছাদিতঃ আত্মনঃ স্বস্য ভগবতশ্চ বোধঃ জ্ঞানং যেষাং তে) অতএব তমসি সংসাররূপে, স্বপন্তঃ বর্ত্তমানাঃ ব্রহ্মাদয়ঃ তনুভৃতঃ শরীরিণঃ জীবাঃ, আত্মন্ আত্মনি, শ্রিতং স্থিতং, অপি তব তত্ত্বং স্বরূপং, অধুনাপি ন বিদন্তি জানন্তি সঃ অয়ং প্রণতাত্মবন্ধুঃ (প্রণতানাং আত্মা বন্ধুশ্চ) ভবান্ প্রসীদতু মমাপরাধং ক্ষমতু॥ ২৭॥

শ্রীধরস্বামী।

ভৃগুস্তু স্বভাবত স্তত্ত্বজ্ঞানহীনা জীবাঃ। অতো অজ্ঞানকৃতং মম দুশ্চেষ্টিতং ক্ষমস্বেত্যাহ যন্মায়য়েতি। আত্মন্ আত্মনি শ্রিতং অনুগতং তব তত্ত্বং ন বিদন্তি প্রণতানাং আত্মা বন্ধুশ্চ॥ ২৭

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মাদয় ইতি শ্রীরুদ্রে কটাক্ষঃ। তমসি স্বপন্ত ইতি তেঽপ্যবিদ্যাগ্রস্তাএব আত্মানুশ্রিতং স্বপ্রকাশং তব তত্ত্বং অধুনাপি ন বিদন্তি জানীম ইত্যভিমানগ্রস্তা অজ্ঞানেবাজ্ঞানিনো বদন্তীতি ভাবঃ। প্রসীদত্বিতি অহন্তুপরাধী যথার্থবাদিত্বাত্তবাম্যেবেতি ভাবঃ। ভবাংস্তু ন ব্রহ্মাদীনাং নাপি মদ্বিধানাং কিন্তু প্রণতানাং নম্রস্বভাবানামকিঞ্চনানাং বন্ধুঃ। তদপি প্রসীদতু মদপরাধমিমং ক্ষমতু॥ ২৭॥

যে ভগবানের দুরতিক্রমণীয় মায়ার প্রভাবে হতজ্ঞান হইয়া ব্রহ্মাদি দেববৃন্দ ও জীবনিচয় এই বিপুল সংসার-নিদ্রায় নিদ্রিতের ন্যায় এতকাল অতিবাহিত করিতেছেন, অথচ সর্ব্বান্তঃকরণে অচ্যুতভাবে প্রতিষ্ঠিত ভবদীয় তত্ত্বকে অদ্যাবধি অবধারণে সক্ষম হন নাই, তখন আমিই বা আপনার পরমতত্ত্ব কিরূপে অবগত হইব? কিন্তু আপনি যে প্রণতজনের প্রতিপালক তাহা আমি বিশেষ অবগত আছি। এক্ষণে আমি আপনার চরণে শরণাগত হইলাম; আপনি প্রসন্ন হইয়া মদীয় অপরাধ ক্ষমা করুন্।। ২৭ ।।

আভাস।

হয়, তাহাদিগকে আচার, আশ্রম, ভোজন এবং বিহারাদিরও বিচার করিতে হয়; কিন্তু যাঁহারা অদ্বিতীয় পরম মঙ্গলময় ভগবদ্ভাবে জীবন উৎসর্গ করিতে পারেন, তাঁহাদের পক্ষে বিচার কেবল ভ্রমের পরিচয় মাত্র। এতকাল যাঁহাকে চিন্তা করত দ্বৈতবিচার বিসর্জ্জন পূর্ব্বক চিরপ্রার্থিত পরমতত্ত্বকে যিনি প্রত্যক্ষে নিরীক্ষণ করিতে পারেন, তাঁহার পক্ষে কি আর লোকনিন্দার ভয় থাকে? বিষয়ী ও মুক্ত উভয়েই যখন পরমাত্মশরণে কৃতার্থ হন, তখন শঙ্করের সেই আশ্রয়লাভে আর লোকনিন্দা বা সুখ্যাতির জন্য প্রয়াস কেন হইবে? ॥ ২৬ ॥

ব্রহ্মোবাচ ॥

নৈতৎ স্বরূপং ভবতোসৌ পদার্থভেদগ্রহৈঃ পুরুষো যাবদীক্ষেৎ।

অন্বয়ঃ।

ব্রহ্মা উবাচ। পদার্থভেদগ্রহৈঃ. বিষয়বিশেষগ্রাহকৈঃ ইন্দ্রিয়ৈঃ, অসৌ পুরুষঃ, যাবৎ ভবতঃ এতৎ দৃশ্যমানং, (ভক্তোদ্ধারকং) স্বরূপং ন ঈক্ষেৎ পশ্যতি, তাবদেব জ্ঞানস্য (জ্ঞান-কর্ম্মেন্দ্রিয়াণাং তত্তদ্দেবতানাং তত্তদ্বৃত্তীনাং) অর্থস্য (আকাশাদিমহাভূতপঞ্চকস্য) গুণস্য

শ্রীধরস্বামী।

ব্রহ্মাদয়ো ন বিদন্তীতি ভৃগুণোক্তে তদসহমানো ব্রহ্মা তত্ত্বজ্ঞানমাবিষ্কুর্ব্বন্নিবাহ নৈতদিতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পদার্থভেদগ্রহৈ বি'ষয়গ্রাহকৈরিন্দ্রিয়ৈ স্তব এতৎ স্বরূপং শ্রীমূর্ত্তিং যাবন্নপশ্যেৎ তাবদেব জ্ঞানস্যাধিদৈবস্যার্থস্যাধিভূতস্য গুণস্যাধ্যাত্মস্য চাশ্রয়ঃ স্যাৎ। ত্বৎস্বরূপে সাক্ষাদ্দৃষ্টে সতি

ব্রহ্মা বলিলেন, হে ভুবনেশ! জীবগণ ইন্দ্রিয়লাভে তদ্দ্বারা বিষয় বিশেষকেই চিরকাল গ্রহণ করিয়া থাকে বটে, কিন্তু সেই ইন্দ্রিয়গ্রামের আনু-কূল্যে যে ব্যক্তি আপনার এই পরিদৃশ্যমান ভক্তোদ্ধারের হেতুভূত স্বরূপকে যদবধি অবলোকন না করিল, তদবধি তাহাকে একাদশ ইন্দ্রিয়ের, তত্তদধি-

আভাস।

ভৃগু বলিলেন, হে দীনবন্ধো! ব্রহ্মা ও শঙ্কর প্রভৃতি দেববৃন্দও আপনার অবিদ্যার প্রভাবে যখন ভ্রান্ত, তখন আমাদের আর কথা কি? আপনার স্বরূপতত্ত্ব এইজন্য জগতে কাহারও বিদিত নাই। আমি অপরাধী সত্য! কিন্তু আপনি বিনম্র অকিঞ্চনগণের বন্ধু! আপনি শঙ্করেরও নহ বা আমাদেরও নহ। আমি শরণাগত! আমার অপরাধ ক্ষমা করত শ্রী চরণে স্থান দিন! ॥ ২৭ ॥

ভৃগুর স্তবে অভিব্যক্ত হইয়াছে যে, জীব স্বভাবতই তত্ত্বজ্ঞানশূন্য; অতএব অজ্ঞান-কৃত দুরভিসন্ধির ক্ষমাপণার্থ তিনি স্বয়ংও প্রার্থনা করিয়াছেন। কিন্তু ব্রহ্মার অভিপ্রায় এই যে, তত্ত্বজ্ঞান না থাকিলেই যে জীবের উদ্ধারের কোন উপায় হয় না, এরূপ নহে; বরং কেবল তত্ত্ববিচারেও শান্তি হয় না; ভগবদ্ভক্তির বিশেষ প্রয়োজন। কেবল ভক্তির বলে তত্ত্বজ্ঞানও জন্মে এবং জীব মুক্ত হয়। ভগবদ্ভক্ত হইয়া যদি ঘোর সংসারেও পতিত থাকে, তথাপি সে জীব যে কৃতার্থ, তাহাই ব্রহ্মা এই শ্লোকে প্রকাশ করিয়াছেন। চিত্ত যখন যে বিষয়ের আলোচনায় নিমগ্ন থাকে, তখন তাহাকে ও তদধিষ্ঠিত চৈতন্যময় জীবকে তাহারই অধীন বলিয়া স্বীকার করিতে হইবে। অতএব পরমাত্মস্বরূপে চিত্তকে নিয়োজিত করা ব্যতীত, চতুর্ব্বিংশতি তত্ত্বের যে কোন তত্ত্বেই তাহাকে নিমগ্ন করা হউক্ না, তাহাতেই তাহার পরাধীনতা ঘটে; সে বিষয়ে আর সন্দেহ নাই; এবং তত্ত্বের ধর্ম্ম অনুসারে জীবকেও ভোগ করিতে হয়। তত্ত্বগ্রাম সমস্তই ত্রিগুণাত্মক ও মায়াময়; সুতরাং

জ্ঞানস্য গুণস্য চার্থস্য চাশ্রয়ো মায়াময়াদ্ব্যতিরিক্তো মতস্ত্বং ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

(সত্ত্বাদেঃ প্রকৃতেঃ তৎকার্য্যয়োঃ মহদহঙ্কারয়োঃ ইতি সর্ব্বপ্রপঞ্চস্য) আশ্রয়ঃ (ভবেৎ সংসারে ভ্রমতি ইতি শেষঃ) যতঃ মায়াময়াৎ প্রকৃতিকার্য্যাৎ জড়াৎ প্রপঞ্চাৎ ব্যতিরিক্তঃ ত্বং এব মতঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

পদার্থভেদগ্রাহকৈ রিন্দ্রিয়ৈর্গুণস্যেন্দ্রিয়স্য। যদ্বা জ্ঞানার্থয়োঃ কারণস্য সত্ত্বাদেঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন জ্ঞানাদে রাশ্রয়ঃ কিন্তপ্রাকৃত এব স্যাৎ যতস্ত্বং মায়াময়াদসতোঽধিদৈবাদের্ব্যতিরিক্ত-শ্চিদ্রূপো ন তৈ র্গৃহ্যসে ইত্যেতাবত্তত্ত্বন্তু বয়ং জানীমোঽত এতে প্রাকৃতেন্দ্রিয়াঃ পশ্যাম ইত্যভি-মানবন্তোঽপি তৎস্বরূপং নৈব পশ্যন্তীতি ভৃগ্বাদিষু কটাক্ষঃ ॥ ২৮ ॥

ষ্ঠাত্রী দেবতানিচয়ের, ইন্দ্রিয়বৃত্তির, আকাশাদি পঞ্চ মহাভূতের, সত্ত্বাদি গুণত্রয়, প্রকৃতি, তৎকার্য্যভূত মহত্তত্ত্ব ও অহঙ্কার এই যাবতীয় প্রপঞ্চের অধীনে অবস্থিতি করিতে হয়; ইহাদের অধীনে থাকিয়া, তাঁহার সংসার-ভ্রমণ কিছুতেই নিবৃত্ত হয় না। আপনি কিন্তু এই প্রপঞ্চের অতীত; অতএব কেবল ভবদীয় সন্দর্শনই জীবের একমাত্র মুক্তির হেতু সন্দেহ নাই।। ২৮।।

আভাস।

অনিত্য এবং সুখ, দুঃখ ও মোহের বশবর্ত্তী। অতএব যতই তত্ত্ববিচার করা হউক্ না, মায়ার হস্ত হইতে সেই তত্ত্বজ্ঞ জীবের নিস্তার নাই। তিনি যে উপায়ে বস্তুকে অবধারণ করেন, সেই একাদশ ইন্দ্রিয়, ইন্দ্রিয়ের অধিষ্ঠাতৃ দেবগণ এবং চিত্তের বৃত্তিসমূহের অধীন থাকিয়া তাঁহাকে তৃপ্তি, অতৃপ্তি, সিদ্ধি, অসিদ্ধি প্রভৃতি বিবিধ বিভ্রাটের অন্তর্গত থাকিতে হয়। সুতরাং জ্ঞানাধিকারে আধিদৈবিক দুঃখের আর অন্ত থাকে না। সংসারে অনন্ত পদার্থ আছে; এবং সকল পদার্থের মূল পঞ্চ মহাভূত। তত্ত্বজ্ঞ পণ্ডিত যখন এই পঞ্চভূত লইয়া তাহার বিচার, পরীক্ষা বা ভোগে নিরত হন, তখন আধিভৌতিক দুঃখকে যে তিনি অবশ্য ভোগ করিবেন, তাহাতে আর অন্যথা নাই। সত্ত্ব রজঃ ও তমোনামে তিনিটী গুণ আছে; এই গুণত্রয়ের সাম্যে প্রকৃতি এবং বৈষম্যে সূক্ষ্মভাব মহত্তত্ত্ব ও অহঙ্কার এই ছয়টীকে বুঝায়। জীব স্থূলভাব পরিহার পূর্ব্বক এই সূক্ষ্ম ষট্ তত্ত্বের বিচারে নিবিষ্টচিত্ত হইলেও আধ্যাত্মিক দুঃখের পরপারে উত্তীর্ণ হইতে পারে না। সুতরাং তত্ত্বজ্ঞ হইলেই যে সংসার-স্রোত হইতে জীব অব্যাহতি পান, এমত নহে; কিন্তু ভগবানের সবিশেষ বা নির্ব্বিশেষ যে কোন ভাবে তাঁহার চিত্ত আসক্ত হয়, তাহাতেই শান্তি লাভ হয়। কারণ সুবর্ণালঙ্কারের সকল ভাবই যেমন সুবর্ণময়, সেইরূপ পরমাত্মার সবিশেষ বা নির্ব্বিশেষ, সকল ভাবই ব্রহ্মময়। সে ভাবে আনন্দ ও শান্তি সর্ব্বভাবে ও

ইন্দ্র উবাচ ॥

ইদমপ্যচ্যুত বিশ্বভাবনং বপুরানন্দকরং মনোদৃশাং।
সুরবিদ্বিট্‌ ক্ষপণৈরুদায়ুধৈ র্ভুজদণ্ডৈরুপপন্নমষ্টভিঃ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

ইন্দ্রঃ উবাচ। হে অচ্যুত স্বরূপতঃ গুণতশ্চ চ্যুতিরহিত! সুরবিদ্বিট্‌ক্ষপণৈঃ (সুরাণাং বিদ্বিষঃ যে দৈত্যাদয়ঃ তান্ ক্ষপয়ন্তি নাশয়ন্তীতি তৈঃ) উদায়ুধৈঃ (উদ্যতানি আয়ুধানি যৈঃ তৈঃ) অষ্টভিঃ ভুজদণ্ডৈঃ উপপন্নং বিশিষ্টং বিশ্বভাবনং (বিশ্বং ভাবয়তি পালয়তীতি তৎ) ইদং অপি বপুঃ (অস্মাকং) মনোদৃশাং (মনসাং দৃশাং নেত্রাণাং) আনন্দকরং ভবতি ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

ইন্দ্রস্তু ইন্দ্রিয়বিষয়ঃ সর্ব্বোঽপি মিথ্যেতি ব্রহ্মণোক্তমসহমান আহ। ইদং তব বপুরপি উপপন্নমেব নতু প্রপঞ্চবদনির্ব্বচনীয়তয়া অনুপপন্নং সুরাণাং বিদ্বিষঃ ক্ষপয়ন্তীতি তথা তৈর্ভুজ-দণ্ডৈ রুপলক্ষিতং ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইদং তব বপু র্বিশ্বমপি কৃপয়া ভাববন্তং করোতীতি তৎ। সুরবিদ্বিট্‌ক্ষপণৈ র্দুষ্টসংহারকৈরিত্যষ্টভুজমিদং তে বপুরস্মাভিঃ প্রাকৃতেন্দ্রিয়ৈরপ্যনির্বাচ্যয়া ত্বৎকৃপয়া দৃষ্টমেব আনন্দকরমিত্যস্মদাদ্যানন্দান্যথানুপপত্তিরেবাত্র প্রমাণমিতি ব্রহ্মণি কটাক্ষঃ ॥ ২৯ ॥

ইন্দ্র বলিলেন, হে অচ্যুত! দেবদ্বেষী দৈত্যগণের বিনাশার্থ উদ্যতাস্ত্র অষ্টভুজের প্রকটনে দেদীপ্যমান বিশ্বমঙ্গল ভবদীয় এই অনুপম বিগ্রহ সন্দর্শনে আমাদের চিত্ত ও নয়ন আনন্দরসে পরিপূর্ণ হইতেছে ॥ ২৯ ॥

আভাস।

সকল কালে অভিব্যক্ত আছে। অতএব তত্ত্বজ্ঞ অপেক্ষা ভক্তই শ্রেষ্ঠ ॥ ২৮ ॥

ব্রহ্মার উক্তিতেও ইন্দ্রের সন্তোষ লাভ হইল না; তিনি বলিলেন, তত্ত্বজ্ঞ হইলেই যে দুঃখ পাইতে হয়, এমত নহে; যাহারা কেবল শুষ্ক তর্ককে অবলম্বন করিয়া তত্ত্ববিচারে অগ্রসর হয়, তাহারাই প্রকৃত দুঃখী; কিন্তু যাঁহারা তত্ত্ব বিচারের সঙ্গে তত্ত্বের অন্তরালবর্ত্তী মহাপুরুষের অন্বেষণ প্রতিপদে করেন, তাঁহারাই প্রকৃত সুখী ও নিরাপদে সংসার-মার্গকে অতিক্রম করিয়া থাকেন। ভগবান্ অষ্টধা সিদ্ধিরূপ বাহুর প্রসারণে সেই তত্ত্বজ্ঞ ভক্তকে সর্ব্বপ্রকার বিঘ্ন ও বিপ্রতিপত্তির হস্ত হইতে যে রক্ষা করেন, তাহাই ভগবান্ অষ্টভুজের দ্বারা প্রকাশ করিয়াছেন ॥ ২৯ ॥

ঋত্বিক্ পত্নীগণ ভগবানের প্রশান্ত দৃষ্টির প্রতি অবলোকন করিয়া, আশ্বস্তচিত্তে আপনাদের মর্ম্মবেদনা নিবেদন করিয়াছেন। তাঁহারা তাঁহাকে শবশয়নাভ বলিয়া সম্বোধন করিয়াছেন। শবশব্দে উদককে বুঝায়। অতএব শবে অর্থাৎ উদকে শয়ন অর্থাৎ আরোহণ করে যে, সেই পদ্ম যাঁহার নাভিদেশ হইতে সমুৎপন্ন, তিনিই বিশ্বাধার

পত্ন্য ঊচুঃ ॥

যজ্ঞোঽয়ং তব যজনায় কেন সৃষ্টো বিধ্বস্তঃ পশুপতিনাদ্য দক্ষকোপাৎ।
তন্নস্ত্বং শবশয়নাভ শান্তমেধং যজ্ঞাত্মন্নলিনরুচা দৃশা পুনীহি ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

পত্ন্যঃ ঊচুঃ। অয়ং যজ্ঞঃ তব যজনায় পূজনায়, কেন দক্ষেণ, সৃষ্টঃ প্রবর্ত্তিতঃ, (কিন্তু রুদ্রভাগনিরাসকৃতাবমানেন) দক্ষকোপাৎ পশুপতিনা রুদ্রেণ, সঃ যজ্ঞঃ, অদ্য বিধ্বস্তঃ নষ্টঃ, তং শবশয়নাভশান্তমেধং (শবাঃ মৃতাঃ শেরতে যস্মিন্ তৎ শবশয়নং তদ্বৎ আভা প্রতীতিঃ যস্য স চাসৌ শান্তমেধঃ শান্তঃ উপরতঃ মেধঃ পশুহিংসাদ্যুপলক্ষিতঃ উৎসবঃ যত্র তং) তং নঃ অস্মাকং যজ্ঞং হে যজ্ঞাত্মন্! নলিনরুচা (নলিনবৎ রুক্ কান্তিঃ যস্যাঃ তয়া স্বস্য) দৃশা নেত্রেণ পুনীহি পবিত্রং কুরু ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

ঋত্বিজাং পত্ন্যঃ স্তুবন্তি। যজ্ঞোঽয়ং তব যজনায় ত্বাং যষ্টুং কেন ব্রহ্মণা পূর্ব্বং সৃষ্টঃ। হে যজ্ঞাত্মন্ ত্বং নো যজ্ঞং নলিনকান্ত্যা দৃশা নেত্রেণ পুনীহি পবিত্রং কুরু। কথম্ভূতং যজ্ঞং শবাঃ শেরতে যস্মিন্নিতি শবশয়নং শ্মশানং তদ্বদাভা প্রতীতির্যস্য সচাসৌ শান্তমেধশ্চ উপরতোৎসবঃ; মেধশব্দেন পশুহিংসাদ্যুৎসবো লক্ষ্যতে। শবমুদকং তত্র শেতে ইতি তথা পদ্মং তন্নাভেতি সম্বোধনং বা ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কেন ব্রহ্মণা। শবশব্দস্যোদকবাচিত্বাৎ শবশয়নং কমলং তন্নাভশান্তমেধমুপরত পশুহিংসোৎসবং দৃশা পুনীহীতি ত্বৎসন্নিধানং বিনা বর্ত্তমানৈঃ সপ্রযত্নৈরপ্যেতে কিমপি ন সিধ্যতীত্যবগতমিতি সর্ব্বেষেব কটাক্ষঃ ॥ ৩০ ॥

ঋত্বিগ্‌পত্নীগণ বলিলেন, হে ত্রিলোকতারন্! আপনার আরাধনার নিমিত্তই প্রজাপতি দক্ষ এই যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন; কিন্তু দুর্ভাগ্যবশত যজ্ঞভাগ হইতে রুদ্রকে নিরাকৃত করায়, দক্ষের প্রতি রুদ্রকোপ বশত অদ্য এই যজ্ঞ বিধ্বস্ত হইয়াছে; তথায় মেধ্য পশুবধ-নিমিত্ত আনন্দের কোন চিহ্ন মাত্রই নাই; কেবল মৃত নরকলেবর ইতস্তত বিকীর্ণ হইয়া, শ্মশানের ন্যায় শোভা ধারণ করিয়াছে। কিন্তু হে যজ্ঞেশ্বর! বিকশিত কমলতুল্য অমল দৃষ্টির নিক্ষেপে আমাদের এই যজ্ঞকে পবিত্র করুন্! এবং পূর্ণফল প্রদানে আমাদিগকে কৃতার্থ করুন্! ॥ ৩০ ॥

আভাস।

মহাবিষ্ণু। কিম্বা যে যজ্ঞের অনুষ্ঠানে শিবস্বরূপ পরম মঙ্গল লাভ হইবারই সম্ভাবনা; অদ্য এক যজ্ঞেশ্বর শম্ভুর অনাদরে সেই যজ্ঞে সম্পূর্ণ অশিবের উৎপত্তি হইয়াছে। যেখানে উৎসবের কোলাহলে প্রাণিমাত্রই আনন্দ-রসে প্লাবিত হইবে, সে স্থলে শান্ত তুরীয়

ঋষয় ঊচুঃ ॥

অনন্বিতং তব ভগবন্ বিচেষ্টিতং যদাত্মনা চরসি হি কর্ম্ম নাজ্যসে।
বিভূতয়ে যত উপসেদুরীশ্বরং ন মন্যতে স্বয়মনুবর্ত্ততীং ভবান্ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

ঋষয়ঃ ঊচুঃ। হে ভগবন্! তে তব বিচেষ্টিতং আচরণং, অনন্বিতং অদ্ভুতং, যৎ যস্মাৎ আত্মনা স্বশরীরেণ, কর্ম্ম চরসি করোসি পরং তু ন আজ্যসে (তজ্জনিতপুণ্যপাপাভ্যাং তৎ-ফলেন সুখদুঃখাদিনা বা ন লিপ্যসে) যতঃ অন্যে বিভূতয়ে সম্পদে, ঈশ্বরীং লক্ষ্মীং উপসেদুঃ ভেজুঃ; যদ্বা যতঃ যাং, ঈশ্বরীং লক্ষ্মীং, বিভূতয়ে বিভূতিপ্রাপ্ত্যর্থং, লোকাঃ উপসেদুঃ ভজন্তি, স্ম স্বয়ং অনুবর্ত্ততীং সেবমানাং, অপি তাং ভবান্ তু ন মন্যতে আদ্রিয়তে ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

ঋষয়স্তু কর্ম্মাণ্যনুতিষ্ঠন্তঃ। তৎপুণ্যেন তৎফলেনচ যুজ্যন্তে। ভগবতি তু তদভাবমালক্ষ্য বিস্মিতাঃ স্তুবন্তি। অনন্বিতং অঘটমানং যৎ যস্মাৎ আত্মনা স্বয়ং কর্ম্মাচরসি অনুতিষ্ঠসি নতু অজ্যসে লিপ্যসে যতশ্চান্যে বিভূতয়ে সম্পদে ঈশ্বরীং লক্ষ্মীং উপসেদুঃ ভেজুঃ। যদ্বা যত ইতি সার্ব্ববিভক্তিকস্তসিঃ যামিত্যর্থঃ ভবাংস্তু স্বয়মেবানুবর্ত্তমানাং তাং ন মন্যতে নাদ্রিয়তে ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনন্বিতমঘটমানং যদ্যস্মাদাত্মনা স্বয়ং কর্ম্মাচরসি অনুতিষ্ঠসি অথচ নাজ্যসে ন লিপ্যসে। কর্ম্মকারিণ স্ত্বন্যে সর্ব্বে লিপ্যন্ত এবেতি ব্রহ্মাদিষু কটাক্ষঃ। যতশ্চ অন্যে বিভূতয়ে সংপদে ঈশ্বরীং লক্ষ্মীং উপসেদুঃ ভেজুঃ যদ্বা যতইতি সার্ব্ববিভক্তিকস্তসিঃ। যামিত্যর্থঃ। ভবাংস্তু স্বয়মেবানুবর্ত্তমানাং তাং ন মন্যতে নাদ্রিয়তে ॥ ৩১ ॥

ঋষিগণ বলিলেন, হে ভগবন্! আপনার আচরণ অদ্ভুত ও অলৌকিক! আপনি নিজ দেহের দ্বারা সকল কর্ম্মেরই অনুষ্ঠান করিতেছেন; কিন্তু কি আশ্চর্য্য! কর্ম্মজনিত পাপপুণ্য বা সুখদুঃখাদি কিছুতেই আপনি লিপ্ত নহেন; কারণ সকলেই সম্পদ্ প্রাপ্তির কামনায় যে লক্ষ্মীর উপাসনা সতত করিয়া থাকেন, সেই সর্ব্বৈশ্বর্য্যস্বরূপা স্বয়ং লক্ষ্মী চরণসেবার্থ নিয়ত আপ-

আভাস।

চৈতন্যস্বরূপ পরমেশের প্রকোপে সকলে নিরানন্দ সাগরে ভাসিতেছে। যজ্ঞভূমের সর্ব্বত্র কেবল শবদেহই পরিব্যাপ্ত রহিয়াছে। নারীগণ প্রার্থনা পূর্ব্বক বলিলেন, হে জগন্নাথ! তোমার কোপদৃষ্টিতে যদি এই সুবৃহৎ যজ্ঞশালাটী কেবল মৃতদেহে পরিব্যাপ্ত হইতে পারে, তবে অদ্য সুবিমল কমলের ন্যায় অমল দৃষ্টিবিশিষ্ট লোচনভঙ্গিতে এই যজ্ঞভূমি অন্ততঃ পূর্ব্বের ন্যায় অপূর্ব্ব শোভায় সজ্জিত হইবে না কেন? এবং আমরাইবা অভিলষিত লাভে কৃতার্থ হইব না কেন? ॥ ৩০ ॥

ঋষিগণ বলিলেন, হে মঙ্গলময়! পত্নীগণ যদিও আপনার কোপ ও প্রসন্নতার কথা উল্লেখ

সিদ্ধা উচুঃ॥

অয়ং ত্বৎকথামৃষ্টপীযূষনদ্যাং মনোবারণঃ ক্লেশদাবাগ্নিদগ্ধঃ।
তৃষার্ত্তোঽবগাঢ়ো ন সস্মার দাবং ন নিষ্ক্রামতি ব্রহ্মসম্পন্নবন্নঃ॥ ৩২॥

অন্বয়ঃ।

সিদ্ধাঃ উচুঃ। অয়ং অস্মাকং মনোবারণঃ (মনঃ এব দুর্দ্দম্যত্বাৎ বারণঃ) ক্লেশদাবাগ্নি-দগ্ধঃ (ক্লেশঃ এব দাবাগ্নিঃ তেন দগ্ধঃ) অতঃ তৃষার্ত্তঃ (তৃষা আর্ত্তঃ) সুখতৃষ্ণয়া পীড়িতঃ সন্ ত্বৎকথামৃষ্টপীযূষনদ্যাং (ত্বৎকথৈব মৃষ্টং শুদ্ধং সর্ব্বদোষবর্জ্জিতং পীযূষং তন্ময়ী নদী তস্যাং) অবগাঢ়ঃ প্রবিষ্টঃ ব্রহ্মসম্পন্নবৎ ব্রহ্মপ্রাপ্তবৎ, পরমানন্দং অনুভবন্, দাবং দাবাগ্নিতুল্যং সংসার-ক্লেশং, ন সস্মার ন চ ততঃ নিষ্ক্রামতি নিঃসরতি॥ ৩২॥

শ্রীধরস্বামী।

সিদ্ধাস্ত তৎকথামৃতমভিনন্দন্তঃ স্তুবন্তি। অয়ং নো মনো গজঃ ত্বৎকথৈব মৃষ্টং শুদ্ধং পীযূষং তন্ময়ী যা নদী তস্যামবগাঢ়ঃ প্রবিষ্টঃ দাবাগ্নিতুল্যং সংসারতাপং ন স্মরতি স্ম নচ ততো নির্গচ্ছতি। ব্রহ্মসম্পন্নবৎ ব্রহ্মৈক্যং প্রাপ্ত ইব॥ ৩২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সিদ্ধা ইতি কেবলয়া ভক্ত্যৈব প্রেমসিদ্ধিং প্রাপ্তা ইত্যর্থঃ; ত্বৎকথৈব মৃষ্টপীযূষনদী শুদ্ধামৃতনদী তস্যাং অবগাঢ়ঃ নিমগ্নঃ। দাবং সংসারজ্বালাং বিস্মৃতবান্। অতস্ততো ন নিষ্ক্রামতি ব্রহ্মসম্পন্নবৎ ব্রহ্মৈক্যং প্রাপ্ত ইবেতি কিং কর্ম্মকরণাকরণলেপালেপবিচারেণ ভগবতো লীলাকথামৃতে নিমজ্জয়েতি ঋষিষু কটাক্ষঃ॥ ৩২॥

নার অনুবর্ত্তিনী থাকিলেও আপনি ভ্রমেও তাঁহাকে একবার আদর করেন না॥ ৩১॥

সিদ্ধগণ বলিলেন, হে দেবাদিদেব! আমাদিগের দুর্জ্জয় মনোবারণ বিষয়-মদে মত্ত হইয়া ক্লেশরূপ দাবাগ্নিতে নিরন্তর পরিদগ্ধ হইতেছে; সুখতৃষ্ণায় ধাবিত হইয়া এপর্য্যন্ত তাহার তৃষ্ণাবেগ কিছুতেই শান্ত হয় নাই। অবশেষে তৃষ্ণায় কাতর হইয়া ভবদীয় পীযূষপূর্ণ কথানদীতে অবগাহন করত ব্রহ্মানন্দে

আভাস।

করিলেন বটে, কিন্তু এতদুভয় ভাব আপনার নিজ প্রয়োজনে নহে; কারণ আপনার কিছুরই অভাব নাই। কৃতার্থতা লাভের জন্য জগৎ যাঁহাকে পাইবার যত্ন করে, সেই সাক্ষাৎ কমলা আপনার চিত্তবিনোদনার্থ নিয়ত সেবা করিলেও, আপনি তাঁহাকে উপেক্ষা করিতেছেন। আপনি আপ্তকাম ও সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ! আপনি সকল কর্ম্ম করেন বটে, কিন্তু কিছুতেই লিপ্ত নহেন। যাহা কিছু করিতেছেন, হে মঙ্গলময়! তদ্দ্বারা জগতের উপকার-সাধনই আপনার এক মাত্র উদ্দেশ্য॥ ৩১॥

সিদ্ধগণ মহাদেবের কার্য্যে নিতান্ত প্রীত হইয়া বলিলেন, হে দর্পদলনকারিন্! আপনি

যজমান্যুবাচ ॥

স্বাগতং তে প্রসীদেশ তুভ্যং নমঃ শ্রীনিবাস শ্রিয়া কান্তয়া ত্রাহি নঃ।

অন্বয়ঃ।

যজমানী প্রসূতিঃ, উবাচ। হে ঈশ! তে তব, স্বাগতং ভদ্রং, আগমনং; যতঃ ত্বাং ঋতে বিনা, ভোঃ অধীশ! যথা শীর্ষহীনঃ শিরসা রহিতঃ, কবন্ধঃ কায়মাত্রঃ পুরুষঃ, অঙ্গৈঃ কর-

শ্রীধরস্বামী।

যজমানী দক্ষপত্নী স্তৌতি। তে স্বাগতং ভদ্রমাগমনং জাতং। হে অধীশ! যথা শিরসা হীনঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যজমানী দক্ষপত্নী প্রসূতিঃ। শ্রিয়া কান্তয়েতি ময়ি ত্বস্মানে স্বায়ম্ভুবো মনোঃ পুত্র্যাং

নিমজ্জিত হইবার ন্যায়, পরম নির্বৃতি লাভ করিয়াছে; আর তথা হইতে পুনরায় উত্থিত হইতেও বাসনা করে না; দাবাগ্নিসদৃশ সংসারক্লেশ যেন একেবারে বিস্মৃত হইয়া গিয়াছে ॥ ৩২ ॥

প্রসূতি বলিলেন, হে সর্ব্বেশ্বর! আপনার শুভাগমনে যে কিরূপ মঙ্গল সাধিত হইল, তাহা বর্ণনাতীত! কারণ করচরণাদি সকল অবয়ব থাকিতেও দেহ যেমন এক মস্তকের অভাবে কোনরূপ শোভা ধারণ করে না, সেইরূপ কেবল এক আপনার অভাবে সর্ব্বাবয়বপূর্ণ এই যজ্ঞও এতকাল

আভাস।

যদি আমাদের চিত্তকে সৎপথে প্রবর্ত্তিত না করেন, কাহার সাধ্য তাহার প্রত্যাবর্ত্তন করায়? মদমত্ত কুঞ্জর যেমন পদ্মবনকে পদদলিত করে, আমাদের মনকরীও সেইরূপ বিষয়-বনে বিচরণ করে। কিন্তু কি দুঃখের বিষয়! পঙ্কনিমগ্ন হস্তীর ন্যায়, চিত্ত দুর্জ্জয় বিষয়বিষে জর্জ্জরিত হইয়াও বিষয়সম্ভোগে ক্ষান্ত হয় না। কিন্তু যখন আপনার অলোকসামান্য কার্য্যের প্রতি লক্ষ্য করে, তখনই তাহার শান্তি লাভ হয় এবং চিত্ত বিষয়বাসনা পরিত্যাগ করে। অতএব আপনার লীলা জগজ্জনের পক্ষে নিতান্তই হিতকর, সন্দেহ নাই ॥ ৩২ ॥

দক্ষপত্নী প্রসূতি জনার্দ্দনকে প্রণাম করত বলিলেন, হে দেবাদিদেব মহাদেব! আপনার শুভাগমনে এই যজ্ঞের যথার্থ মঙ্গলই সাধিত হইয়াছে। হে সর্ব্বেশ্বর! মস্তক-বিহীন কেবল কবন্ধমাত্র পুরুষ যেমন করচরণাদি শোভন অঙ্গপ্রত্যঙ্গে অবিকলাঙ্গ হইয়াও কোন শোভা ধারণ করে না; এক মস্তকের সঙ্গে সঙ্গে তাহার সকল শোভাই তিরোহিত থাকে, সেইরূপ ব্রহ্মাদি যাবতীয় দেবেন্দ্রবর্গে সমাকীর্ণ হইলেও এক আপনার অভাবে এই অপূর্ব্ব যজ্ঞে কোন শোভাই পরিদৃষ্ট হয় নাই। আপনার সমাগমেই অদ্য যজ্ঞ পূর্ণ-কলেবর ধারণ করিয়াছে। হে ত্রিলোকনাথ! স্বয়ং কমলা সতীকে যখন আমাদের গৃহে আপনি প্রদান করিয়াছিলেন, তখন স্বায়ম্ভুব মনুর কন্যা দেবহূতির ন্যায়, আমার প্রতিও

ত্বামৃতেঽধীশ নাঙ্গৈর্মখঃ শোভতে শীর্ষহীনঃ কবন্ধো যথা পুরুষঃ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

চরণাদ্যবয়বৈঃ, ন শোভতে তথা অঙ্গৈঃ প্রযাজাদিভিঃ, মখঃ ন শোভতে। হে ঈশ! তুভ্যং নমঃ ত্বং প্রসীদ! হে শ্রীনিবাস! কান্তয়া স্বভার্য্যয়া শ্রিয়া, সহ নঃ অস্মান্ ত্রাহি ত্রায়স্ব ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

কবন্ধমাত্রঃ পুরুষোঽঙ্গৈঃ করচরণাদ্যবয়বৈঃ শোভনৈরপি ন শোভতে তথা ত্বাং বিনা কেবলং প্রযাজাদ্যঙ্গৈর্মখো ন শোভতে। অতো নঃ শ্রিয়া সহ ত্রায়স্ব ত্বত্তক্তাঃ কুর্ব্বিত্যর্থঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবহূতাবিব তব মহতী কৃপাস্তীত্যবগতং। যতঃ স্বকান্তাং শ্রিয়াং মদ্গাহ্মানৈর্ষীস্তন্নোঽস্মান্ রুদ্রাপরাধবিধ্বস্তান্ ত্রাহি। ত্বামৃত ইতি ব্রহ্মাদি সর্ব্বদেবেষু কটাক্ষঃ ॥ ৩৩ ॥

মস্তকহীন কবন্ধের ন্যায়, কোনরূপ শোভা ধারণ করে নাই। হে জগৎস্বামিন্! আপনি প্রসন্ন হউন! আপনাকে প্রণিপাত করি! হে শ্রীনিবাস! স্বকীয় ভার্য্যা কমলাসহ আমাদিগকে এই বিপদ্ সাগর হইতে উদ্ধার করুন্! ॥ ৩৩ ॥

লোকপালগণ বলিলেন, যে করুণাময়ের অনুগ্রহে এই বিশ্ব সংসার আমাদিগের নিকট পরিদৃষ্ট হইতেছে, যিনি দর্শনেরও দর্শকরূপে জীবমাত্রেরই হৃদয়ের অন্তরে ও বাহিরে সতত বিচরণ করিতেছেন, সেই ভক্তবৎসল ভগবানকে কি আমরা এই প্রাকৃত পদার্থগ্রাহক ইন্দ্রিয়ের বলে দর্শন করিতেছি?

আভাস।

আপনার বিশেষ অনুগ্রহ আছে, তাহা আমি অবগত হইয়াছি। অতএব এই রুদ্রাপরাধে বিনষ্টপ্রায় আমাদিগকে আপনি পরিত্রাণ করুন ॥ ৩৩ ॥

লোকপালগণ স্ব স্ব ঐশ্বর্য্যমদে অভিমানী হইয়া পূর্ব্বে ভগবত্তত্ত্ব অনুসন্ধানে অগ্রসর হন নাই। সম্প্রতি যজ্ঞধ্বংসে হতমানী হইয়া পরমেশকে স্তব করত বলিলেন, হে লোকনাথ! আপনার বিভূতির প্রমাণ করা দূরে থাকুক্, আমরা যে এই সামান্য লোচনযোগে আপনাকে নিরীক্ষণ করিতেছি, এ কথাও বলিতে আমরা সাহসী হইতেছি না। কারণ আপনি ইন্দ্রিয়াদির অগোচর! ইন্দ্রিয়নিচয় যে সকল তত্ত্বকে অবধারণ করিতে পারে, আপনার শ্রীমূর্ত্তি কখন তাদৃশ কোন তত্ত্বেই গঠিত নহে। আপনার বিগ্রহ বিশুদ্ধ সত্ত্বগুণে গঠিত এবং পবিত্রহৃদয় সাধকেরই তাহা গ্রহণীয়। শব্দস্পর্শাদি ভূতপঞ্চকই ইন্দ্রিয় গ্রহণ করিতে পারে; কিন্তু ভবদীয় কলেবরের উপাদান কারণ এই পঞ্চভূতের অতীত হইলেও আমাদের ন্যায় বহির্মুখ জনগণের যে দর্শনীয় হইতেছে, সে আমাদের ইন্দ্রিয়ের গুণে নহে; ভবদীয় কৃপাই তাহার প্রধান কারণ। অনুগ্রহ পূর্ব্বক আপনি দেখা দিতেছেন; আমাদের ইন্দ্রিয়কে দর্শনসামর্থ্য প্রদান করিতেছেন, সেই হেতুই আমরা

লোকপালা ঊচুঃ ॥
দৃষ্টঃ কিং নো দৃগ্‌ভিরসদ্‌গ্রহৈস্ত্বং প্রত্যগ্‌দ্রষ্টা দৃশ্যতে যেন বিশ্বং।
মায়া হ্যেষা ভবদীয়াহি ভূমন্ যত্ত্বং ষষ্ঠঃ পঞ্চভির্ভাসি ভূতৈঃ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

লোকপালাঃ ঊচুঃ। যেন অনুগ্রাহকেণ, বিশ্বং দৃশ্যতে প্রত্যগাত্মা অন্তর্ব্বহিঃ সর্ব্বসাক্ষী সঃ ত্বং নঃ অস্মাভিঃ অসদ্‌গ্রহৈঃ প্রাকৃতপদার্থগ্রাহকৈঃ দৃগ্‌ভিঃ ইন্দ্রিয়ৈঃ কিং দৃষ্টঃ (ন দৃষ্টঃ অপিতু স্বেচ্ছয়ৈব দর্শনং গতঃ) হে ভূমন্ সর্ব্বব্যাপিন্! যৎ যস্মাৎ ত্বং ষষ্ঠঃ পঞ্চভূতেভ্যঃ ব্যতিরিক্তঃ, অপি পঞ্চভিঃ ভূতৈঃ বিশিষ্টঃ ইব ভাসি সা এষা ভবদীয়া মায়া হি এব ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

লোকপালাস্তীশ্বরাভিমানারূঢ়াঃ ভগবতস্তত্ত্বমপশ্যন্ত উচুঃ। দৃষ্টঃ কিং ন দৃষ্টঃ ইত্যর্থঃ। কুতঃ অসদ্গ্রহৈঃ পুংস্ত্বমাবিষ্টলিঙ্গত্বাৎ। অসৎপ্রকাশকরূপাভি র্দৃগ্‌ভিরিন্দ্রিয়ৈঃ। অয়ং ভাবঃ। শুদ্ধচিত্তানাং ত্বং শুদ্ধসত্ত্বমূর্ত্তি র্ভাসি। অস্মাকন্তু বহির্মুখেন্দ্রিয়াণাং পঞ্চভূতোপলক্ষিতো জীববিশেষ ইবাবভাসি অত স্ত্বমস্মদাদীনামিন্দ্রিয়গোচরো ন ভবসি ধিগস্মজ্জীবিতমিতি ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অসদ্গ্রহৈর্বিষয়গ্রাহিণীভিরিন্দ্রিয়ৈস্ত্বং কিং নো দৃষ্টঃ অপিতু দৃষ্ট ইত্যর্থঃ। অসদ্গ্রহৈরিতি পুংস্ত্বমজহল্লিঙ্গত্বাৎ প্রত্যগপি দ্রষ্টাপি ত্বং ত্বংকৃপয়ৈব দৃশ্যঃ স্যাঃ ইত্যর্থঃ। যতস্ত্বং ষষ্ঠঃ পঞ্চভূতাতিরিক্তোঽপি পঞ্চভিভূ‌তৈর্ভৌতিকশরীরো ভাসীত্যেষা ভবদীয়া মায়ৈবেতি ত্বদীয়শ্রীবিগ্রহস্য ভৌতিকত্বং যে মন্যন্তে তৈর্জরাসন্ধাদিভিরিব দৃষ্টোঽপি ত্বং মাধুর্য্যানুপলম্ভাৎ নৈব দৃষ্ট ইতি শুষ্কজ্ঞানিষু ঋষিষু দেবেষুচ কটাক্ষঃ ॥ ৩০ ॥

না! তাহা নিতান্তই অসম্ভব! তিনি অনুগ্রহ প্রকাশে আমাদের চক্ষুর বিষয় হইয়াছেন মাত্র। হে বিশ্বব্যাপিন্! আপনি পঞ্চভূতের অতিরিক্ত দ্রষ্টারূপে বিদ্যমান থাকিলেও, আমাদের ন্যায় স্থূলদর্শীর নিকট যে পাঞ্চভৌতিক দেহরূপে পরিদৃষ্ট হইতেছেন, সে কেবল ভবদীয় অনির্ব্বচনীয় মায়ার প্রভাবে মাত্র ।। ৩৪ ।।

আভাস।

আপনাকে নয়নগোচর করিতেছি। অহো! আপনার সম্বন্ধে আমাদের অস্তিত্বেরও কোন পরিচয় হয় না ॥ ৩৪ ॥

"একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ, সর্ব্বসাক্ষী সর্ব্বভূতান্তরাত্মা" ইতি তথা "বায়ুর্যথৈকো ভুবনং প্রবিষ্টো রূপং রূপং প্রতিরূপো বভূব। একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ"। এই শ্রুতিবাক্যের দ্বারা স্পষ্টই প্রকাশ আছে যে, বায়ু বা অগ্নি যেমন আধারভেদে বহুরূপে ও বহুভাবে প্রতীত হয়, সেইরূপ জীবমাত্রেরই অন্তরাত্মা অনাদি-

যোগেশ্বরা ঊচুঃ ॥

প্রেয়ান্ন তেঽন্যোঽস্ত্যমুত ত্বয়ি প্রভো বিশ্বাত্মনীক্ষেন্ন পৃথগ্য আত্মনঃ।

অন্বয়ঃ।

হে প্রভো! যঃ ত্বয়ি বিশ্বাত্মনি পরব্রহ্মণি, আত্মনঃ স্বস্য, পৃথক্ পৃথক্ত্বং ন ঈক্ষেৎ যদ্বা আত্মনঃ জীবান্, পৃথক্ ন ঈক্ষেৎ অমুতঃ অমুস্মাৎ অভেদদ্রষ্টুঃ, অন্যঃ তে তব প্রেয়ান্ প্রিয়ঃ ন

শ্রীধরস্বামী।

যোগেশ্বরা স্বভেদেন ভজতাং অনুগ্রহভাক্ত্বং মন্যমানাঃ স্বামিভৃত্যভাবেন ভজতামপ্যনুগ্রহং প্রার্থয়মানাঃ স্তুবন্তি প্রেয়ানিতি দ্বাভ্যাং। বিশ্বাত্মনি পরব্রহ্মণি ত্বয়ি য আত্মনঃ পৃথক্ত্বং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বয়ি বিশ্বাত্মনি আত্মনো জীবান্ যঃ পৃথঙ্ নেক্ষেত ত্বচ্ছক্তিত্বাত্তদনন্যত্বেনৈব জানাতি অমুতঃ অমুষ্মাদ্যদ্যপি তে প্রেয়ানন্যো নাস্তি প্রিয়োহি জ্ঞানিনোত্যর্থমহং সচ মম প্রিয় ইতি ত্বদুক্তেঃ। তথাপি তদপি ভৃত্যেশতয়া অহং তে ভৃত্য স্ত্বং মে ঈশ ইতি ভেদেন দাসপ্রভু-ভাবেন উপধাবতাং সেবমানানাং যা অনন্যভক্ত্যা অনুবৃত্তি স্তয়ৈব তদ্দানেনৈবাস্মাননুগৃহাণ

যোগেশ্বরগণ বলিলেন, হে প্রভো পরমেশ্বর! যে সমস্ত বিবেকী জ্ঞানবান্ ব্যক্তি বিশ্বাধার ভবদীয় স্বরূপ হইতে নিজ স্বরূপ ও অন্যান্য জীবনিচয়কে পৃথক্ দৃষ্টিতে অবলোকন না করেন, তাঁহাদের অপেক্ষা অন্য কেহই আর

আভাস।

নিধন এক পরমাত্মাই জীবদেহরূপ বিবিধ উপাধিভেদে একাকীই বিবিধভাবে বিরাজ করিতেছেন। এতদর্থে গীতাতেও উক্ত আছে, "বহূনাং জন্মনামন্তে জ্ঞানবান্ মাং প্রপদ্যতে। বাসুদেবঃ সর্ব্বমিতি স মহাত্মা সুদুর্ল্লভঃ। মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ" ॥ ইতি অর্থাৎ ভগবানই জীবরূপে বিরাজ করিতেছেন, এবং যাঁহারা অভেদ ভাবে সেই পরমতত্ত্বকে উপলব্ধি করিতে পারেন, তাঁহারাই কৃতার্থ। এই ভাবটী অন্তরে রাখিয়া যোগেশ্বরগণ ভগবানকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে ত্রিলোকতারণ! ভবদীয় চৈতন্যঘন বিশ্বাধার বিগ্রহে যাঁহারা চিৎকণস্বরূপ জীবনিচয়কে অবলোকন করেন, আপনার শক্তি হইতে জীবজগৎকে আর পৃথক্‌ভাবে দর্শন করেন না; সকলই ব্রহ্মময় বলিয়া অবধারণ করেন, তাঁহারাই প্রকৃত জ্ঞানী ও আপনার প্রিয়পাত্র, সন্দেহ নাই। জ্ঞানীর অপেক্ষা অন্য কেহই যে আপনার আদরের ধন নহে, তাহা আপনি গীতাবাক্য "প্রিয়োহি জ্ঞানিনোঽত্যর্থমহং স চ মম প্রিয়ঃ" দ্বারা স্পষ্টই প্রকাশ করিয়াছেন। তথাপি হে শরণাগতজনপালক! অনন্যশরণে নিতান্তই চিহ্নিত ভৃত্যভাবে যাঁহারা আপনার সেবা করেন; আপনি প্রভু এবং তাঁহারা দাস, এইভাবে যাঁহারা অনন্যা ভক্তিসহকারে নিরন্তর আপনারই অনুসরণ করেন, তাদৃশ ভক্তের ভক্তি প্রদানে আমাদিগকে অনুগৃহীত করুন্! জ্ঞানী প্রিয় হইলেও ভক্ত যে প্রিয় নহে, একথা কখন সঙ্গত হইতে পারে না।

অথাপি ভৃত্যেশ তয়োপধাবতামনন্যবৃত্ত্যানুগৃহাণ বৎসল ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

অণ্ডি। অথাপি হে বৎসল! ভৃত্যেশতয়া (অহং তে ভৃত্যঃ ত্বং মে ঈশঃ ইতি ইত্থম্ভূতয়া উপধাবতাং সেবমানানাং, যা ভক্তিঃ তয়া অনন্যবৃত্ত্যা অব্যভিচারিণ্যা ভক্ত্যা অস্মান্ অনুগৃহাণ ॥৩৫॥

শ্রীধরস্বামী।

নেক্ষেত। অমুতঃ অমুষ্মাৎ অন্যস্তে প্রেষ্ঠো নাস্তি। আত্মনো জীবান্ পৃথঙ্ নেক্ষেতেতি বা। বৎসল ভক্তপ্রিয়। অনন্যবৃত্ত্যা ভক্ত্যা অব্যভিচারিভক্ত্যা ভজতোঽনুগৃহাণেত্যর্থঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বয়ং নিকৃষ্টা স্তদভেদভাবং প্রাপ্তুং কথং শক্নুম ইতি দ্যোতিতয়া ব্যাজস্তুত্যা দাসাএব তবাতিপ্রিয়া ইতি জ্ঞানিষু কটাক্ষঃ। যদুক্তং ত্বয়ৈব। ন তথা মে প্রিয়তম আত্মযোনির্ন শঙ্করঃ। নচ সঙ্কর্ষণো ন শ্রীর্নৈবাত্মাচ যথা ভবানিতি। নাহমাত্মানমাশাসে মদ্ভক্তৈঃ সাধুভির্বিনেতি তত্র লিঙ্গং হে বৎসলেতি ত্বং ভক্তবৎসল ইতি সর্ব্বত্র শ্রূয়সে নতু জ্ঞানিবৎসল ইতি ॥ ৩৫ ॥

আপনার প্রিয় নহে। তথাপি "আপনি প্রভু, আমরা ভৃত্য" এই ভাবের অনুসরণে অনন্যা বৃত্তিসহকারে যাঁহারা আপনাতে আত্মসমর্পণ করেন, হে ভক্তবৎসল! তাদৃশ ভক্তি প্রদানে আমাদের ন্যায় জনগণের প্রতি অনুগ্রহ করুন্! ৩৫

আভাস।

বরং জ্ঞানী স্বয়ংসিদ্ধ; তিনি নিজের সামর্থ্যে অনায়াসে মুক্ত হইবেন; হে দীনবন্ধো! ভক্তের ত আপনি ব্যতীত গতি নাই! ভক্ত সর্ব্বতোভাবে আপনার উপরই নির্ভর দিয়া থাকেন। বিশেষত আপনি ভক্তবৎসল, এই অপূর্ব্ব নামটীই স্বীকার করিয়া থাকেন; কখনত জ্ঞানিবৎসল নামে অভিহিত হন না। আপনি নিজেইত বলিয়াছেন যে, সঙ্কর্ষণ, শঙ্কর বা স্বয়ং লক্ষ্মীও তাদৃশ প্রিয় নহেন, যেরূপ ভক্ত আপনার প্রিয়; আপনি বলিয়াছেন, "ভক্তই আপনার প্রাণ, মন, জীবন ও সর্ব্বস্ব ধন; ভক্ত বিনা নিজের স্বরূপও আপনার তত প্রিয়তম নহে"। অতএব তাদৃশ ভক্তের কথঞ্চিৎ ভক্তি আমাদিগকে প্রদান করিয়া, চিরকৃতার্থ করুন্ ॥ ৩৫ ॥

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, বিচিত্র কর্ম্মানুসারে জীবসন্নিধানে অচিন্ত্যশক্তি মায়া যেমন অনন্তরূপ ধারণে ভোগপ্রদান ও দেহাদির কল্পনা করিয়া থাকেন, সেইরূপ সত্ত্ব রজঃ ও তমোগুণের আশ্রয়ে সেই মায়াই যখন ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্ররূপের কল্পনা করিতেছেন, তখন জীব ও ঈশ্বরের মধ্যে সেব্যসেবকাদি বিভিন্ন সম্বন্ধ হইবার প্রয়োজন কি? উভয়েই ভোগী ও সংসারী বলিয়া কেন গণনীয় নহেন। এতদুত্তরে প্রকাশ করা হইয়াছে যে, জীব অজ্ঞানে অন্ধপ্রায় হইয়া, আসক্তি বশত কর্ম্মের অনুষ্ঠান করে; সুতরাং অবশভাবে মায়ারচিত বিচিত্র ভোগ ও দেহাদিতে অনুগত হয়; কিন্তু পরমাত্মা অলুপ্তচৈতন্য; সর্ব্বজ্ঞতার হানি তাঁহাতে কখন ঘটে না। সুতরাং ক্রীড়া করা ব্যতীত, কখন আসক্তি-

জগদুদ্ভবস্থিতিলয়েষু দৈবতো বহুভিদ্যমানগুণয়াত্মমায়য়া।
রচিতাত্মভেদমতয়ে স্বসংস্থয়া বিনিবর্ত্তিতভ্রমগুণাত্মনে নমঃ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

জগদুদ্ভবস্থিতিলয়েষু (জগতঃ উদ্ভবঃ উৎপত্তিঃ, স্থিতিঃ পালনং, লয়ঃ সংহারঃ তেষু) দৈবতঃ প্রাণ্যদৃষ্টাৎ, বহুভিদ্যমানগুণয়া (বহুধা ভিদ্যমানাঃ রজঃসত্ত্বতমোরূপাঃ গুণাঃ যস্যাঃ তয়া) আত্মমায়য়া (আত্মনঃ স্বস্য মায়য়া রচিতাত্মভেদমতয়ে (রচিতা আত্মনি স্বস্মিন্ ব্রহ্মাদিভেদমতিঃ যেন তস্মৈঃ) তথা স্বসংস্থয়া স্বরূপাবস্থানেন, বিনিবর্ত্তিতভ্রমগুণাত্মনে (বিশেষেণ নির্বর্ত্তিতঃ দূরমপসারিতঃ ভেদো ভ্রমঃ তদ্ধেতবো গুণাঃ আত্মনি যেন তস্মৈ) নমঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

অব্যভিচারিণী ভক্তিঃ কথং স্যাৎ ভজনীয়ানাং বহুত্বাদিত্যাশঙ্ক্যাহুঃ। জগত উদ্ভবাদিষু নিমিত্তেষু দৈবতো জীবাদৃষ্টাৎ বহুধা ভিদ্যমানা গুণা যস্যাঃ তয়া স্বমায়য়া আত্মনি স্বস্বরূপে রচিতা ব্রহ্মাদিভেদমতি র্যেন তস্মৈ স্বসংস্থয়া কেবলস্বরূপাবস্থানেন বিনিবর্ত্তিতো ভেদভ্রমো গুণাশ্চ তদ্ধেতবঃ আত্মনি যেন তস্মৈ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু পরব্রহ্মণো মম মায়াশাবল্য এব সাকারত্বং তস্মিংশ্চ সতি ভৃত্যেশভাবস্তত্রচ সতি ভক্তবাৎসল্যমিতি কেচিদ্ব্যাচক্ষতে। সত্যং তে ভ্রান্তা এবেত্যাহুঃ। জগদিতি। দৈবতো জীবাদৃষ্টাৎ বহুধা ভিদ্যমানা গুণা যস্যা স্তয়া স্বমায়য়া রচিতা আত্মনি স্বস্বরূপে সৃষ্ট্যাদ্যর্থং ব্রহ্মাদিভেদমতি র্যেন তস্মৈ স্বসংস্থয়া স্বরূপাবস্থানেন তু বিনিবর্ত্তিতো ভ্রমরূপো গুণাত্মা গুণবুদ্ধি র্যত্র তস্মৈ। আত্মা যত্নো ধৃতি র্বুদ্ধিরিত্যমরঃ ॥ ৩৬ ॥

হে জগদীশ্বর! ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও সংহারকারিণী যে ত্রিগুণাত্মিকা মায়া প্রাণিবর্গের অদৃষ্টবশত বিচিত্রভাবে পরিণত হইতেছেন এবং যাঁহার গুণত্রয়কে অবলম্বন করিয়া, আপনিও ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বররূপে আত্মপরিচয় প্রদান করিতেছেন; কিন্তু কি আশ্চর্য্য! পরমার্থত আপনি তাহার কোন অংশে লিপ্ত নহেন। মায়ার গুণ আপনাকে কোন অংশে অভিভূত করে না; আপনি সকল সময়েই নিরঞ্জনরূপে বিরাজ করিতেছেন; আপনাকে প্রণাম করি ॥ ৩৬ ॥

আভাস।

পুরঃসর তাঁহার কর্ম্মে প্রবৃত্তি আইসে না। তিনি স্বেচ্ছাপূর্ব্বক মায়াকে নিজ অধীনে রাখিয়া সত্ত্ব রজঃ ও তমোমাত্রায় ব্রহ্মা, বিষ্ণু ও শঙ্কররূপে স্বীয় অংশে পরিচিত হইলেও পরমার্থত দেহাদি ধারণ করেন না; সুতরাং স্বরূপত তাঁহার কোন বৈলক্ষণ্য ঘটে না। অতএব জীব বদ্ধ; ঈশ্বর মুক্ত। জীব সেবক; জগদীশ্বর সেব্য ॥ ৩৬ ॥

ব্রহ্মা বলিলেন, বিশুদ্ধ সত্ত্বস্বরূপ বেদই আপনার ব্যক্ত মূর্ত্তি; সত্ত্বগুণে ধর্ম্ম, জ্ঞান,

ব্রহ্মোবাচ ॥

নমস্তে শ্রিতসত্ত্বায় ধর্ম্মাদীনাঞ্চ সূতয়ে।

নির্গুণায় চ যৎকাষ্ঠাং নাহং বেদাপরেঽপিচ ॥ ৩৭ ॥

অগ্নিরুবাচ ॥

যত্তেজসাহং সুসমিদ্ধতেজা হব্যং বহে স্বধ্বর আজ্যসিক্তং।

অন্বয়ঃ।

ব্রহ্মা উবাচ। শ্রিতসত্ত্বায় (শ্রিতং স্বীকৃতং সত্ত্বং সত্ত্বগুণঃ যেন তস্মৈ) অতঃ ধর্ম্মাদীনাং ধর্ম্মার্থকামমোক্ষাণাং চ সূতয়ে প্রসবিত্রে, নির্গুণায় চ তে তুভ্যং নমঃ। যৎকাষ্ঠাং (যৎ যস্য ভগবতঃ তব কাষ্ঠাং তত্ত্বং) অহং ন বেদ বেদ্মি, অপরে অপি ন বিদুঃ ॥ ৩৭ ॥

অগ্নিঃ উবাচ। যত্তেজসা (যস্য তব তেজসা) সুসমিদ্ধতেজাঃ (সুষ্ঠু সমিদ্ধং দীপ্তং তেজো যস্য সঃ অহং) স্বধ্বরে প্রশস্তযজ্ঞে, আজ্যসিক্তং ঘৃতপ্লুতং, হব্যং হবিঃ, বহে বহামি, (বিভজ্য

শ্রীধরস্বামী।

শব্দব্রহ্ম স্তৌতি নমস্তে। শ্রিতং স্বীকৃতং সত্ত্বং যেন অতঃ ধর্ম্মাদিফলপ্রসবিত্রে সত্ত্বগুণত্বং নির্গুণত্বং চ কথমিত্যাশঙ্ক্যাহ। যস্য কাষ্ঠাং তত্ত্বং নাহং বেদ্মি অপরে রুদ্রাদয়শ্চ নবিদুঃ তস্মৈ ॥ ৩৭ ॥

অগ্নিস্ত যজ্ঞমূর্ত্তিং প্রণমতি। যস্য তেজসা সুষ্ঠু সমিদ্ধং প্রদীপ্তং তেজো যস্য। সোঽহং প্রশস্তাধ্বরে হবির্বহামি তং যজ্ঞিয়ং যজ্ঞায় হিতং পালকং যজ্ঞং যজ্ঞমূর্ত্তিং পঞ্চ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মোবাচেতি তত্রত্যোপযোগী কর্ম্মপ্রতিপাদকো বেদঃ বেদস্তত্ত্বং তপোব্রহ্মেত্যমরঃ। শ্রিতং সত্ত্বং সত্ত্বগুণোঽয়ং ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যাণাং সূতয়ে উৎপত্ত্যৈ কাষ্ঠাং তত্ত্বং অপরেঽপি জ্ঞানপ্রতিপাদকা বেদাশ্চ ন বিদুঃ কিমুতৈতে ইতি কর্ম্মিষু জ্ঞানিষু চ কটাক্ষঃ ॥ ৩৭ ॥

যজ্ঞকুণ্ডস্থোঽগ্নিরাহ যত্তেজসেতি স্বধ্বরে প্রশস্তযজ্ঞে হব্যং হবির্বহামি কেবলং নতু তব তত্ত্বং জানামীতি জ্ঞানাভিমানিষু যাজ্ঞিকেষু কটাক্ষঃ। তং যজ্ঞিয়ং যজ্ঞায় হিতং

ব্রহ্মা বলিলেন, হে ভগবন্! বিশুদ্ধ সত্ত্বগুণকে আশ্রয় করিয়া ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গের প্রদানকর্ত্তা হইলেও আপনি গুণাতীত। অন্যের কথা দূরে থাকুক, আপনার পরম তত্ত্ব আমিও কখন অবধারণে সক্ষম নহি; আমি আপনাকে প্রণাম করি ॥ ৩৭ ॥

অগ্নি বলিলেন, যাঁহার অতুল তেজে আমি তেজস্বী হইয়া, সুপ্রশস্ত

আভাস।

বৈরাগ্য ও ঐশ্বর্য্যের উদয় হয়। কিন্তু গুণাতীত আপনার পরম তত্ত্ব বেদ বা বেদজ্ঞগণও নিরূপণে সমর্থ হন না। আপনি জ্ঞানের অবিষয় এবং বিশুদ্ধ জ্ঞানময় ॥ ৩৭ ॥

তং যজ্ঞিয়ং পঞ্চবিধঞ্চ পঞ্চভিঃ স্বিষ্টং যজুর্ভিঃ প্রণতোঽস্মি যজ্ঞং ।। ৩৮ ।।

অন্বয়ঃ।

তান্ তান্ দেবতান্ প্রাপয়ামি) তং যজ্ঞীয়ং যজ্ঞোপহিতং পঞ্চভিঃ যজুভিঃ মন্ত্রৈঃ স্বিষ্টং সুপূজিতং, পঞ্চবিধং যজ্ঞং যজ্ঞরূপং ত্বাং প্রণতঃ অস্মি ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

বিধত্বমৈতরেয়ক উক্তং স এব যজ্ঞঃ। পঞ্চবিধোঽগ্নিহোত্রং দর্শপৌর্ণমাসৌ চাতুর্মাস্যানি পশুসোম ইতি পঞ্চভির্যজ্ঞমন্ত্রৈঃ স্বিষ্টং সুপূজিতং। তথাচ শ্রুতিঃ। আশ্রাবয়েতি চতুরক্ষরং অস্তু শ্রৌষড়িতি চতুরক্ষরং যজে ইতি দ্ব্যক্ষরং যে যজামহে ইতি পঞ্চাক্ষরং দ্ব্যক্ষরো বষট্কার ইতি স্মৃতিশ্চ। চতুর্ভিশ্চ চতুর্ভিশ্চ দ্বাভ্যাং পঞ্চভিরেবচ। হূয়স্থেচ পুনর্দ্বাভ্যাং স মে বিষ্ণুঃ প্রসীদত্বিতি ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পঞ্চবিধত্বমৈতরেয়ক উক্তং। স এব যজ্ঞঃ। পঞ্চবিধোঽগ্নিহোত্রং দর্শপৌর্ণমাসশ্চাতুর্মাস্যানি পশুসোম ইতি পঞ্চভি র্যজুর্ভি র্মন্ত্রৈঃ স্বিষ্টং। তথাচ শ্রুতিঃ। আশ্রাবয়েতি চতুরক্ষরং অস্তু শ্রৌষড়িতি চতুরক্ষরং যজেতি দ্বাভ্যাং যে যজামহ ইতি পঞ্চাক্ষরং দ্ব্যক্ষরো বষট্কার ইতি স্মৃতিশ্চ চতুর্ভিশ্চ চতুর্ভিশ্চ দ্বাভ্যাং পঞ্চভিরেবচ। হূয়তেচ পুনর্দ্বাভ্যাং স মে বিষ্ণুঃ প্রসীদত্বিতি যজ্ঞং যজ্ঞমূর্ত্তিং ॥ ৩৮ ॥

যজ্ঞাদি কার্য্যে ঘৃতাক্ত হোমীয় দ্রব্য বহন পূর্ব্বক তত্তদ্দেবতাগণের তুষ্টি সাধন করিয়া থাকি, সেই যজ্ঞাধিপ ভগবানকে আমি নমস্কার করি! তিনি অগ্নিহোত্র, দর্শ, পৌর্ণমাস, চাতুর্মাস্য এবং পশুসোমরূপে স্বয়ং বিরাজ করত উক্ত পঞ্চবিধ যজ্ঞমন্ত্রে তিনি নিজেই পূজিত হইতেছেন ।। ৩৮ ।।

আভাস।

যজ্ঞকুণ্ডস্থ হুতাশন ভগবানের যজ্ঞমূর্ত্তিকে অবলম্বন পূর্ব্বক প্রণাম করিয়াছেন। শ্রুতি বলিয়াছেন, "ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ। তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি" ॥ চন্দ্র, সূর্য্য, গ্রহ, নক্ষত্র এবং অগ্নি প্রভৃতি কেহই স্বয়ং জ্যোতির্বিশিষ্ট নহে; সকলেই সেই পরমাত্মার পরম তেজে সুদীপ্ত হইয়া অতুল ঐশ্বর্য্যের বিকাশ করিতেছে। হুতাশন বলিলেন, হে জগদ্গুরো! আপনার তেজে সামর্থ্যবান্ হইয়া সুপ্রশস্ত যজ্ঞাদিতে চিরকাল হবিঃ বহন করত দেবতাগণেরই তুষ্টিসাধন করিতেছি মাত্র; কিন্তু দুঃখের বিষয় এই যে, যাঁহার বলে আমি বলী, সেই পরম দেবতাকে এ পর্য্যন্ত অনুভব করিতেও পারিলাম না! কিন্তু স্পষ্টত প্রতীত হইতেছে যে, পঞ্চাঙ্গ যজ্ঞও তিনি এবং অগ্নিহোত্র, দর্শ, পৌর্ণমাস, চাতুর্মাস্য ও পশুসোম এই পঞ্চবিধ যজ্ঞমন্ত্রের দ্বারা একা তিনিই সুপূজিত হইতেছেন; তাঁহাকেই প্রণাম করি ॥ ৩৮ ॥

দেবা উচুঃ ॥

পুরা কল্পাপায়ে স্বকৃতমুদরীকৃত্য বিকৃতং
ত্বমেবাদ্যস্তস্মিন্ সলিল উরগেন্দ্রাধিশয়নে।
পুমান্ শেষে সিদ্ধৈ হৃর্দিবিমৃশিতাধ্যাত্মপদবিঃ
সএবাদ্যাক্ষ্ণোর্যঃ পথি চরসি ভৃত্যানবসি নঃ ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

দেবাঃ উচুঃ। পুরা পূর্ব্বং, কল্পাপায়ে (কল্পস্য প্রপঞ্চস্য অপায়ে নাশে প্রলয়ে) স্বকৃতং স্বেনোৎপাদিতং বিকৃতং বিকারজাতং, উদরীকৃত্য স্বোদরে নিধায়, আদ্যঃ ত্বং এব পুমান্ তস্মিন্ সলিলে উরগেন্দ্রাধিশয়নে (উরগেন্দ্রঃ এব অধিকঃ উৎকৃষ্টঃ শয়নং তস্মিন্ শেষে, সিদ্ধৈঃ হৃদি বিমৃশিতাধ্যাত্মপদবিঃ (বিমৃশিতা চিন্তিতা অধ্যাত্মপদবী জ্ঞানমার্গঃ যস্য সঃ) সঃ ত্বং অদ্য ইদানীং অস্মাকং অক্ষ্ণোঃ পথি চরসি নঃ অস্মান্ ভৃত্যান্, অবসি রক্ষসি ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

দেবাস্তু সত্যং বয়মপি দেবাঃ তথাপি জগদাদ্যন্তয়োস্ত্বমেব নান্যঃ কশ্চিদিত্যাহুঃ পুরেতি। কল্পাপায়ে প্রলয়ে বিকৃতং কার্য্যজাতং উদরীকৃত্য সংহৃত্য ত্বমেবাদ্যঃ পুমান্ উরগেন্দ্র এবাধিকং শয়নং শয্যা তস্মিন্ শেষে শয়নং করোষি। সিদ্ধৈর্জনলোকাদিবাসিভিঃ বিমৃশিতা বিচিন্তিতা অধ্যাত্মপদবী জ্ঞানমার্গো যস্য স এব ত্বং ব ইদানীং অক্ষ্ণোঃ পথি চরসি প্রত্যক্ষোঽসি অবসি রক্ষসি ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বকৃতং স্বসৃষ্টং বিকৃতং কার্য্যজাতং উদরীকৃত্য উদরস্থীকৃত্য বিমৃশিতা অধ্যাত্মপদবী জ্ঞানমার্গো যস্য সঃ। ভৃত্যান্ অবসি পালয়সীতি পথি চরসীত্যাভাং স্বাভ্যাং ত্বৎপালিতৈর্ভৃত্যৈরেব ত্বং দৃশ্যসে জ্ঞায়সে নান্যৈরিতি যাজ্ঞিককর্ম্মিষু জ্ঞানিষু চ কটাক্ষঃ ॥৩৯॥

দেবগণ বলিলেন, প্রলয়কালে আপনি এই বিশ্ব-সংসারকে পূর্ব্ববৎ স্বীয় উদরমধ্যে গ্রহণ করত প্রলয়পয়োধিজলে অনন্তশয্যায় শয়ান থাকেন; তৎকালে জনলোকবাসী সিদ্ধগণ পরম প্রেমসহকারে ভবদীয় জ্ঞানমার্গকেই কেবল চিন্তা করিয়া থাকেন! আপনিই আদিভূত সনাতন পরম পুরুষ! কিন্তু

আভাস।

দেবতাগণ বলিলেন, হে জগজ্জীবন! দেবতানামে আমরা সকলে অভিহিত হইলেও আপনার সহিত কোন অংশে তুলনীয় নহি। আমাদের ন্যায় দেবতা কেন? এই ব্রহ্মাণ্ডস্থ কার্য্যবর্গ প্রলয়কালে যখন প্রলীন হইয়া যায়, তখন যে তাহারা সকলে বিলুপ্ত হয়, এমত নহে। আপনি সেই সমস্তকে নিজ উদরমধ্যে সংগ্রহ করিয়া, সর্ব্বকারণ-
বৈরাগ্য কারণরূপে একাকীই বিরাজ করেন। আপনি জগতের আদিতে ও অন্তে বিদ্যমান থাকেন;
নিরূপণ কেবল জ্ঞানী মুক্তপুরুষগণ তৎকালে আপনার এই অনন্ত ভাণ্ডারের ভাব অবগত থাকেন

গন্ধর্ব্বাপ্সরস ঊচুঃ ।।

অংশাংশাস্তে দেব মরীচ্যাদয় এতে ব্রহ্মেন্দ্রাদ্যা দেবগণা রুদ্রপুরোগাঃ।
ক্রীড়াভাণ্ডং বিশ্বমিদং যস্য বিভূমন্ তস্মৈ নিত্যং নাথ নমস্তে করবাম ।। ৪০ ।।

অন্বয়ঃ।

গন্ধর্ব্বাপ্সরসঃ ঊচুঃ। হে দেব! তে মরীচ্যাদয়ঃ (প্রজাপতয়ঃ) ব্রহ্মেন্দ্রাদ্যাঃ (ব্রহ্মা আদ্যঃ জনকঃ যেষাং তে) রুদ্রপুরোগাঃ (রুদ্রঃ পুরোগঃ মুখ্যঃ যেষাং তে) এতে দেবগণাঃ তে তব অংশাংশাঃ (ত্বত্তঃ সামর্থ্যবন্তঃ); হে বিভূমন্ মহত্তম! ইদং চতুর্দ্দশভুবনাত্মকং, বিশ্বং যস্য তব ক্রীড়াভাণ্ডং ক্রীড়োপকরণং, হে নাথ! তস্মৈ নিত্যং নমঃ করবাম নমনং কুর্ম্মঃ ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

গন্ধর্ব্বাপ্সরসস্তু বয়ং ভিন্না কেবলং সর্ব্বানপি পরমেশ্বরত্বেন উপশ্লোকয়ামঃ ত্বমেবতু পরমেশ্বরঃ অন্যেতু ত্বদংশা এবেত্যাহুঃ। অংশাংশা ইতি। হে ভূমন্ মহত্তম! ক্রীড়াভাণ্ডং ক্রীড়োপকরণং বিশ্বং ব্রহ্মাণ্ডং যস্য তস্মৈ তে নমনং কুর্ম্মঃ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তুভ্যমেব নিত্যং নমঃ করবামেতি বয়ং যস্য সভাং প্রবিশাম ত্বমেব পরমেশ্বরত্বেন স্তবামা অপি তেষাং ত্বদংশাংশত্বাত্ত্বামেব বস্তুতঃ স্তবামেতি তে খল্বীশ্বরাভিমানিন এব নত্বীশ্বরা ইতি ব্রহ্মাদিষু কটাক্ষঃ ॥ ৪০ ॥

কি সৌভাগ্যের বিষয়! সেই আপনি অদ্য প্রত্যক্ষে প্রতীত হইয়া, আমাদের ন্যায় ভৃত্যবর্গকে প্রতিপালন করিতেছেন! ।। ৩৯ ।।

গন্ধর্ব্ব ও অপ্সরাগণ বলিলেন, হে দেব! মরীচ্যাদি প্রজাপতিগণ এবং ব্রহ্মা, ইন্দ্র ও রুদ্রপ্রমুখ এই সমস্ত দেবতাগণ সকলেই আপনার অংশসমুদ্ভূত এবং আপনার সামর্থ্যেই সামর্থ্যবিশিষ্ট। হে সর্ব্বাধিপ! এই চতুর্দ্দশ ভুবনবিশিষ্ট ব্রহ্মাণ্ড যখন আপনার কেবল ক্রীড়ার উপকরণ মাত্র, তখন আপনাকে কেবল প্রণাম মাত্র করাই আমাদের নিত্য কর্ত্তব্য ।। ৪০ ।।

আভাস।

এবং আপনার স্তব করেন! অহো! সেই আপনি অদ্য আমাদের নয়নগোচর হইয়াছেন; আমরাই ধন্য! ॥ ৩৯ ॥

দেবতাগণ বলিলেন, হে ভগবন্! আমরাও দেবতানামে অভিহিত হইয়া থাকি সত্য! কিন্তু আপনি যে দেবতা, আমরা তাহা নহি! কারণ জগতের আদিতে ও অন্তে আমরা দেবতারূপে থাকি না, কেবল সৃষ্টিকালে এইরূপেই পরিচিত হই মাত্র; কিন্তু আপনি আদি, মধ্য ও অন্ত এই তিন কালেই সমানরূপে বিদ্যমান থাকেন; কখন কোন ভাবান্তর আপনাতে ঘটে না। বরং বস্ত্রনিষ্ঠ চিত্র ও বর্ণাদির রঞ্জনে যেমন আধারবস্ত্র সাধারণ

বিদ্যাধরা উচুঃ ॥

ত্বন্মায়য়ার্থমভিপদ্য কলেবরেঽস্মিন্ কৃত্বা মমাহমিতি দুর্ম্মতিরুৎপথৈঃ স্বৈঃ।

অন্বয়ঃ।

বিদ্যাধরাঃ উচুঃ। অর্থং (ত্বদ্ভজনদ্বারা পুরুষার্থসাধনং) শরীরং অভিপদ্য প্রাপ্য, উৎপথৈঃ অসদ্ভিঃ, স্বৈঃ পুত্ত্রাদিভিঃ ক্ষিপ্তঃ তিরস্কৃতঃ, উৎপীড়িতঃ, অপি অসদ্বিষয়লালসঃ শ্রীধরস্বামী।

বিদ্যাধরাস্তু কেবলং বিদ্যাভিঃ সম্পদঃ প্রাপ্যন্তে। অহঙ্কারাদিব্যামোহনিবৃত্তিস্তু তৎকথাশ্রবণং বিনা নাস্তীত্যাহুঃ। অর্থং পুরুষার্থসাধনং কলেবরং অভিপদ্য প্রাপ্য ত্বন্মায়য়াঽস্মিন্ মমেত্যহমিতি চাভিমানং কৃত্বা ইমমাত্মমোহং যুষ্মৎকথামৃতনিষেবক উৎ শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অর্থং বিষয়মভিপদ্য প্রাপ্য মমাহমিত্যভিমানঞ্চ কৃত্বা দুর্ম্মতিঃ স্বৈঃ পুত্ত্রাদিভিঃ ক্ষিপ্তো-

বিদ্যাধরগণ বলিলেন, ভবদীয় ভজনের দ্বারা পুরুষার্থসাধক এই শরীর প্রাপ্ত হইয়া, উৎপথগামী স্ব স্ব পুত্রকলত্রাদির দ্বারা নিরন্তর তিরস্কৃত হইলেও তুচ্ছ এবং পরিণামে দুঃখপ্রদ বিষয়ের লালসায় চিত্ত এতই আকৃষ্ট হয় যে, এই কলেবরে আমিও পুত্রাদিতে "আমার" বলিয়া দৃঢ় অভিমান

আভাস।

দৃষ্টিতে প্রদৃষ্ট হয় না, চিত্রাংশই দৃষ্টির সমীপে নৃত্য করে, সেইরূপ সৃষ্টিকালে আধারশক্তি-স্থানীয় আপনার সন্দর্শন যেন বিলুপ্ত হইয়া, আধেয় জগৎ সৎস্বরূপে প্রতীত হইতে থাকে; আধেয় চরাচর জগৎ আধার, আশ্রয়, উপাদান এবং নিমিত্তকারণ, দ্রষ্টা ও প্রেরকস্বরূপ আপনার আশ্রয়ে নিজেরাই সেই সেই রূপ ধারণে আপনাকে যেন প্রচ্ছন্নের ন্যায় করিতেছে। কিন্তু পরমার্থত আপনিই সৃষ্টিকালে সেই সেই রূপেই আত্মপরিচয় দিয়া থাকেন। মরীচি প্রভৃতি ঋষি এবং ব্রহ্মাদি যে কোন দেবতা হউন্! আপনার শক্তি বা জ্ঞানের বিকাশভাব হওয়া ব্যতীত, তাঁহারা অন্য কিছুই নহেন; যেমন মূল রসই বীজকে অবলম্বন করিয়া স্কন্ধ, শাখা, প্রশাখা, পত্র, পুষ্প ও ফলরূপে পরিণত প্রতীত হয়, আপনিও সেইরূপ প্রকৃতিকে অবলম্বন করিয়া এই বিশ্ব সংসাররূপে প্রতীত হন। বীজই রসের সাহায্যে বৃক্ষরূপে পরিণত হয়; বীজেই বৃক্ষত্ব আছে, রসে কখন নাই। কারণ তাহা হইলে সর্ব্বত্র সকল বৃক্ষের উৎপত্তি হইতে পারিত; কিন্তু তাহা ঘটে না। বীজবিশেষেই বৃক্ষবিশেষের জন্ম হয়; সেইরূপ প্রকৃতিবিশেষেই ভাববিশেষের উৎপত্তি হয়। কিন্তু বীজ যেমন রসেই আশ্রিত; শুষ্ক বীজ কখন অঙ্কুরিত হয় না, সেইরূপ প্রকৃতি যদবধি আপনার সাহায্যে বিকসিতা থাকেন, তদবধিই তাঁহাতে সংসারের কারণ থাকে; আপনার ঈক্ষণের অভাবে শুষ্কবীজবৎ প্রকৃতিও অকারণ হইয়া যান। অতএব অনন্ত বীজ যেমন কেবল এক রসেরই পরিচয় দেয়, সেইরূপ এই বিশ্ব ব্রহ্মাণ্ড এক আপনারই পরিচয় দিতেছে; কিন্তু ভ্রান্ত জীব কেবল

ক্ষিপ্তোপ্যসদ্বিষয়লালস আত্মমোহং যুষ্মৎকথামৃতনিষেবক উদ্ব্যুদস্যেৎ ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

(অসৎসু দুঃখপ্রদেষু বিষয়েষু লালসা যস্য তাদৃশঃ) দুর্ম্মতিঃ জনঃ অস্মিন্ কলেবরে মম অহং ইতি অভিমানং কৃত্বাপি যুষ্মৎকথামৃতনিষেবকঃ সন্ তাদৃশং আত্মমোহং উৎ উচ্চৈঃ, ব্যুদস্যেৎ পরিত্যজেৎ ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

উচ্চৈঃ ব্যুদস্যেৎ পরিত্যজেৎ নান্যঃ নম্বু স্বৈঃ পুত্রাদিভিরধিক্ষিপ্তো দুঃখিতঃ সন্ পরিত্যজে-দেব নেত্যাহুঃ ক্ষিপ্তোঽপি দুর্ম্মতিঃ অসৎসু বিষয়েষেব লালসা তৃষ্ণা যস্য সঃ ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্যসদ্বিষয়লালসএব ইমমাত্মমোহং যুষ্মৎকথামৃতনিষেবকঃ সন্ উচ্চৈ র্ব্যুদস্যেৎ পরিত্যজে-ন্নান্যঃ ইতি শুষ্কজ্ঞানিষু কটাক্ষঃ ॥ ৪১ ॥

কিছুতেই নিবৃত্ত হয় না। কিন্তু তথাপি যদি ভবদীয় কথারূপ অমৃতে সতত অবগাহন করা হয়, তাহা হইলে, তাদৃশ দুরন্ত আত্মমোহকেও অনায়াসে পরিত্যাগ করা যায়, সন্দেহ নাই ॥ ৪১ ॥

আভাস।

বৃক্ষের প্রতি অবলোকন করিবার ন্যায়, এই সংসারের প্রতিই সতৃষ্ণনয়নে অবলোকন করিতেছে; মূল কারণ আপনার প্রতি ভ্রমেও দৃষ্টিপাত করে না। বস্তুর সম্বন্ধ লইয়াই জীব প্রমত্ত। দেহগেহাদি পদার্থনিচয়ের পরস্পর বিনিময়ই যেন জগতে প্রধান উদ্দেশ্য বলিয়া কল্পনা করিতেছে; কিন্তু উদ্দেশ্য যে কাহার, তাহা যদি একবারও ধারণা করিতে পারিত, তাহা হইলে অভিলষিত বিষয় লইয়া কখনই এত বিহ্বল হইত না। আপনি সর্ব্বশক্তিমান্; অনন্তশক্তি যুগপৎ বিশ্বাধার আপনাতে নিহিত রহিয়াছে এবং এই অনন্ত ব্রহ্মাণ্ড ও অত্রত্য বিচিত্র ভাব যে আপনার সর্ব্বশক্তিমত্তারই পরিচয়, তাহা আপনি প্রতিপদেই পরিচয় দিয়াছেন। ধান্যাদি একটী বীজ হইতে উৎপন্ন বৃক্ষে ফল-রূপ অনন্ত বীজভাবের পরিচয় দিয়া জীবকে বুঝাইয়াছেন যে, অতি তুচ্ছ ও ক্ষুদ্র বলিয়া কোন বিষয়াসক্তি বা সংস্কারকে পরিবর্দ্ধিত হইতে দিও না! তাহা হইলে ইহার এক একটী সংস্কারে অগণ্য বৃক্ষরূপ সংসারপথের উদয়ে ফলরূপ অনন্ত সংসার-কারণের উৎপত্তি হইয়া থাকে। অতএব বীজভাগ হইতে রসভাগের বিশ্লেষণ-ক্রিয়ার ন্যায়, সংস্কারভাগ হইতে তাহার চৈতন্যভাগকে বিশ্লিষ্ট করিতে হইবে; তাহা হইলেই জীব পরম পদ মুক্তিকে অনায়াসে লাভ করিতে পারে, সন্দেহ নাই। কিন্তু হে দেব! পাছে জগৎদর্শনে আপনার শক্তি কেবল প্রকৃতিমাত্রেরই জ্ঞান হয়, মোক্ষস্বরূপ আপনার পরম তত্ত্ব উপলব্ধ না হয়, এই নিমিত্ত আপনি জ্ঞান ও ঐশ্বর্য্যবিশিষ্ট জীবদেহের সৃষ্টি করিয়াছেন। ইহাতে প্রকৃতির বিচার পূর্ব্বক পরমতত্ত্বের অপূর্ব্ব উদ্ভাসন হইতে পারে; কিন্তু যাহারা

ব্রাহ্মণা ঊচুঃ ॥

ত্বং ক্রতুস্ত্বং হবিস্ত্বং হুতাশঃ স্বয়ং ত্বং হি মন্ত্রঃ সমিদ্দর্ভপাত্রাণিচ।
ত্বং সদস্যত্বি র্জো দম্পতী দেবতা অগ্নিহোত্রং স্বধা সোম আজ্যং পশুঃ ॥ ৪২ ॥
ত্বং পুরা গাং রসায়া মহাশূকরো দংষ্ট্রয়া পদ্মিনীং বারণেন্দ্রো যথা।

অন্বয়ঃ।

ব্রাহ্মণাঃ উচুঃ। ত্বং ক্রতুঃ যজ্ঞরূপঃ, হবিঃ ত্বং, হুতাশঃ অগ্নিঃ স্বয়ং ত্বং এব, মন্ত্রঃ সমিধঃ কাষ্ঠানি, দর্ভাঃ কুশাঃ, পাত্রাণি চ হি ত্বং এব হবনং) স্বধা পিতৃভার্য্যা, সোম সোম-লতা, আজ্যং ঘৃতং, পশুঃ সর্ব্বং হি ত্বং এব ॥ ৪২ ॥

হে ত্রয়ীগাত্র বেদত্রয়মূর্ত্তে! যজ্ঞঃ সযূপঃ, ক্রতুঃ নির্যূপঃ, যাগবিশেষঃ তদ্রূপী ত্বমেব মহাশূকরঃ সন্ যোগিভিঃ সনকাদিভিঃ স্তূয়মানঃ স্বয়ং চ নদন্ লীলয়া অনায়াসেনৈব

শ্রীধরস্বামী।

ব্রাহ্মণা স্তবন্তি ত্বমিতি ত্রিভিঃ। সদস্যাশ্চ ঋত্বিজশ্চ ॥ ৪২ ॥

গাং পৃথ্বীং রসায়া রসাতলাৎ দংষ্ট্রয়া যুযজ্ঞহর্থ বিশেষেণ উদ্ধৃতবানসি। যোগিভিঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সদস্যাশ্চ ঋত্বিজশ্চ তে ॥ ৪২ ॥

তৎকালে ব্রাহ্মণগণ স্তবোপলক্ষে বলিলেন, হে প্রভো! যজ্ঞ, হবিঃ, হুতাশন, মন্ত্র, যজ্ঞকাষ্ঠ, কুশ এবং যজ্ঞপাত্রাদিরূপে যে কিছু সামগ্রী এই যজ্ঞস্থলে নয়নগোচর হইতেছে, এক আপনিই এই সকলরূপে বিরাজ করিয়া থাকেন। অধিক কি? সদস্য,ঋত্বিক্, যজমান ও তাঁহার পত্নী, দেবতা, অগ্নিহোত্র, পিতৃভার্য্যা স্বধা, সোম, ঘৃত এবং পশুরূপে আপনিই পরিচয় দিতেছেন ॥৪২॥

হে বেদত্রয়মূর্ত্তিধারিন্! সযূপ যজ্ঞ এবং নির্যূপ ক্রতুরূপে যে আপনি বিচরণ করিয়া থাকেন, সেই আপনিই সৃষ্টির প্রারম্ভে মহাশূকর মূর্ত্তি পরিগ্রহ পূর্ব্বক, গজেন্দ্র যেমন কমলকে শুণ্ড দ্বারা উত্তোলন করে, আপনিও সেইরূপ

আভাস।

আত্মচিন্তায় অগ্রসর না হইয়া, কেবল বিষয়-ব্যাপারেই প্রণিহিতমনা হন, তাঁহারা স্বরূপত চৈতন্যময় হইলেও রসসম্বলিত বীজের বীজভাবের প্রকটনের ন্যায়, বিষয়-লালসার জন্য জগদ্রূপেই পরিচিত হইতে থাকেন; বিষয়সম্পর্কে অনন্ত দুঃখের গভীর গর্ত্তে উত্তরোত্তর অধঃপতিত হইলেও, তাহা বিসর্জ্জনে বাসনা করেন না। কিন্তু কি আশ্চর্য্য! একবার বিষয়স্রোত হইতে প্রতিনিবৃত্ত হইয়া, প্রতিলোম-গমনে চৈতন্যস্রোতকে অবলম্বন করত ভগবদ্ভাবের উপলব্ধি মাত্র করিলেই, তাদৃশ ভয়াবহ তীব্র সংসারমার্গকে জীব অতিক্রম করিতে পারে। এই তাৎপর্য্যই দেবতা, গন্ধর্ব্ব, অপ্সরা ও বিদ্যাধরগণের উক্তিতে শ্লোকত্রয়ে পরিস্ফুট করা হইয়াছে ॥ ৪০ ॥ ৪১ ॥

স্তূয়মানো নদল্লীলয়া যোগিভি র্ব্যুজ্জহর্থ ত্রয়ীগাত্র যজ্ঞক্রতুঃ ॥ ৪৩ ॥
স প্রসীদ ত্বমস্মাকমাকাঙ্ক্ষতাং দর্শনং তে পরিভ্রষ্টসৎকর্ম্মণাং।
কীর্ত্যমানে নৃভির্নাম্নি যজ্ঞেশ তে যজ্ঞবিঘ্নাঃ ক্ষয়ং যান্তি তস্মৈ নমঃ ॥ ৪৪ ॥

মৈত্রেয় উবাচ ॥

ইতি দক্ষ কবির্যজ্ঞং ভদ্ররুদ্রাভিমর্শিতং।

অন্বয়ঃ।

পুরা সৃষ্টিপ্রারম্ভে প্রথমমন্বন্তরে, বারণেন্দ্রঃ ঐরাবতঃ, পদ্মিনীং কমলং, যথা তথা ত্বং রসায়াঃ রসাতলাৎ, দংষ্ট্রয়া গাং পৃথ্বীং, ব্যুজ্জহর্থ বিশেষেণ উদ্ধৃতবান্ ॥ ৪৩ ॥

হে যজ্ঞেশ! সঃ সর্ব্বাত্মা ত্বং পরিভ্রষ্টসৎকর্ম্মণাং (পরিভ্রষ্টং সর্ব্বতো নষ্টং সৎকর্ম্ম পুণ্যং যেষাং তেষাং) তে তব দর্শনং আকাঙ্ক্ষতাং অস্মাকং প্রসীদ প্রসন্নঃ ভব। যস্য তে তব নাম্নি নৃভিঃ কীর্ত্যমানে সতি যজ্ঞবিঘ্নাঃ ক্ষয়ং যান্তি বিনশ্যন্তি। তস্মৈ তে নমঃ ॥ ৪৪ ॥

মৈত্রেয়ঃ উবাচ। ইতি অনেন প্রকারেণ হৃষীকেশে (হৃষীকাণাং ইন্দ্রিয়াণাং ঈশে

শ্রীধরস্বামী।

স্তূয়মানঃ। হে ত্রয়ীগাত্র বেদমূর্ত্তে। যজ্ঞো যাগঃ সযূপঃ তদ্বিশেষঃ ক্রতুঃ তদ্রূপী যজ্ঞ-সংকল্পরূপ ইতি বা। যজ্ঞঃ ক্রতুঃ কর্ম্ম যস্যেতি বা ॥ ৪৩ ॥

স ত্বমস্মাকং ত্বদ্দর্শনমাকাঙ্ক্ষতাং প্রসীদ অস্মদ্‌যজ্ঞমপুদ্ধরেত্যর্থঃ। ন চাশক্যং তবৈতৎ যতস্তব নাম্নি কীর্ত্যমান এব যজ্ঞবিঘ্নাঃ ক্ষয়ং যান্তি এবংপ্রভাবো যস্য তস্মৈ নমঃ ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রয়ীগাত্র হে বেদমূর্ত্তে। যজ্ঞঃ সযূপঃ। ক্রতু নির্যূপঃ ॥ ৪৩ ॥

নাম্নি কীর্ত্যমান এব কিং পুনঃ কীর্ত্তিতে কিন্তরাং তৎসাক্ষাৎসন্নিধৌ যজ্ঞবিঘ্না রুদ্রানুচরা ইতি তেষু কটাক্ষঃ। অত্র স্তাবকানামন্যত্র কটাক্ষে ভগবতো ভক্তেশ্চ প্রায় উৎকর্ষপোষান্ন দোষ আখ্যেয়ঃ ॥ ৪৪ ॥

দন্তের অগ্রভাগ দ্বারা এই ধরণীকে অবলীলাক্রমে উদ্ধার করিয়াছিলেন এবং তৎকালে কেবল সনকাদি যোগিবৃন্দই আপনার স্তব করিয়াছিলেন ॥ ৪৩ ॥

হে যজ্ঞেশ্বর! অন্যায় আচরণের ফলে আমাদের যাবদীয় পুণ্যই বিনষ্ট হইয়াছে; উন্নতির কোন প্রত্যাশা নাই; কেবল আপনার চরণ দর্শনেরই অভিলাষী মাত্র। একবার প্রসন্ন হউন! আপনার নামটী মাত্র উচ্চারণ করিলে, যজ্ঞের সকল বিঘ্নই দূরে যায়। আপনাকে প্রণাম করি ॥ ৪৪ ॥

আভাস।

ব্রাহ্মণগণ স্তবচ্ছলে তিনটী শ্লোকে ভগবানের সর্ব্বময়ত্ব ভাবেরই পরিচয় দিয়াছেন ॥ ৪২—৪৪ ॥

কীর্ত্ত্যমানে হৃষীকেশে সন্নিন্যে যজ্ঞভাবনে ॥ ৪৫ ॥
ভগবান্ স্বেন ভাগেন সর্ব্বাত্মা সর্ব্বভাগভুক্ ।
দক্ষং বভাষ আভাষ্য প্রীয়মাণ ইবানঘ ॥ ৪৬ ॥

শ্রীভগবানুবাচ ॥

অহং ব্রহ্মাচ শর্ব্বশ্চ জগতঃ কারণং পরং ।

অন্বয়ঃ।

অন্তর্যামিণি, যজ্ঞভাবনে যজ্ঞপ্রবর্ত্তকে, ভগবতি দক্ষাদিভিঃ কীর্ত্ত্যমানে স্তূয়মানে, সতি দক্ষঃ কবিঃ ভদ্ররুদ্রাভিমর্ষিতং (ভদ্ররুদ্রঃ বীরভদ্রঃ তেন মর্ষিতং নাশিতং) যজ্ঞং সন্নিন্যে প্রবর্ত্তয়ামাস। অথবা হে ভদ্র বিদুর! ॥ ৪৫ ॥

হে অনঘ বিদুর! তদা সর্ব্বাত্মা অতঃ সর্ব্বভাগভুক্ (সর্ব্বেষাং দেবানাং ভাগান্ সঃ এব ভুঙ্‌ক্তে) ভগবান্ রুদ্রঃ স্বেন ভাগেন (ত্রিকপালপুরোডাশেন প্রীয়মাণঃ ইব দক্ষং আভাষ্য বভাষ ॥ ৪৬ ॥

শ্রীভগবান্ উবাচ। জগতঃ পরং স্বকারণরহিতং, কারণং আত্মা, উপাদানং ঈশ্বরঃ

শ্রীধরস্বামী।

ইত্যনেন প্রকারেণ সর্ব্বৈঃ কীর্ত্ত্যমানে হে ভদ্র বিদুর! সংনিন্যে প্রবর্ত্তয়ামাস ॥ ৪৫ ॥

সর্ব্বাত্মতয়া সর্ব্বভাগভোক্তাপি ভগবান্ নিজানন্দতৃপ্তোঽপি স্বেন ভাগেন ত্রিকপাল-পুরোডাশেন প্রীয়মাণ ইব দক্ষমাভাষ্য সম্বোধ্য বভাষে ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে ভদ্র যদ্বা ভদ্ররুদ্রেণ ভদ্রাখ্যরুদ্রেণ বীরভদ্রেণ অভিমর্ষিতং বিদূষিতং। সংনিন্যে প্রবর্ত্তয়ামাস ॥ ৪৫ ॥

ভগবত্ত্বেনানন্দপূর্ণোঽপি সর্ব্বাত্মত্বেন সর্ব্বভাগভূগপি স্বেন ভাগেন প্রীয়মাণ ইবেতি রুদ্রাপরাধিত্বান্ন বস্তুতঃ প্রীতঃ। হে অনঘেতি নিরপরাধিন্যেব ভগবান্ প্রীণাতীত্যত্র ত্বমেব প্রমাণমিতি ভাবঃ ॥ ৪৬ ॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর! ইন্দ্রিয়াধিষ্ঠাতা সর্ব্বান্তর্যামী সর্ব্বদর্শী ও সর্ব্বসমর্থ যজ্ঞেশ্বর বিষ্ণু, দক্ষাদি কর্ত্তৃক এই প্রকারে অভিবন্দিত হইয়া, বীরভদ্রকর্ত্তৃক বিনষ্ট যজ্ঞকে পুনঃ প্রতিষ্ঠিত করিলেন ॥ ৪৫ ॥

হে পবিত্রচেতা বিদুর! ভগবান্ সর্ব্বভূতের অন্তরাত্মা, সুতরাং যাঁহারই উদ্দেশে যে কোন যজ্ঞভাগ প্রদত্ত হয়, সকলই তাঁহাতে সমর্পিত হয়, সন্দেহ নাই। সে যাহা হউক্! তিনি নিজ ভাগে পরিতুষ্ট হইয়া, প্রজাপতি দক্ষকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ৪৬ ॥

হে প্রজাপতে! এই জগতের পরম কারণ, উপাদান, নিয়ামকস্বরূপ ঈশ্বর,

আত্মেশ্বর উপদ্রষ্টা স্বয়ংদৃগবিশেষণঃ ।। ৪৭ ॥
আত্মমায়াং সমাবিশ্য সোঽহং গুণময়ীং দ্বিজ ।
সৃজন্ রক্ষন্ হরন্ বিশ্বং দধ্রে সংজ্ঞাং ক্রিয়োচিতাং ।। ৪৮ ॥
তস্মিন্ ব্রহ্মণ্যদ্বিতীয়ে কেবলে পরমাত্মনি ।

অন্বয়ঃ ।

(উৎপাদকঃ নিয়ামকঃ চ ইতি নিমিত্তকারণং) উপদ্রষ্টা সাক্ষী স্বয়ংদৃক্, স্বয়ংপ্রকাশকশ্চ, অবিশেষণঃ সর্ব্বসঙ্গবিনির্ম্মুক্তঃ, চ যঃ অহং সঃ এব ব্রহ্মা, শর্ব্বঃ, রুদ্রঃ চ (ন অস্মাকং ভেদোঽস্তি ॥ ৪৭ ॥

সঃ পরমকারণভূতঃ, অহং গুণময়ীং ত্রিগুণাং, আত্মমায়াং স্বাধীনাং প্রকৃতিং, সমাবিশ্য অধিষ্ঠায়, হে দ্বিজ ! বিশ্বং সৃজন্ রক্ষন্ হরন্ তত্তৎক্রিয়োচিতাং সঙ্গাং দধ্রে ধারয়ামি ॥ ৪৮ ॥

তস্মিন্ সর্ব্বকারণে, ব্রহ্মণি ব্যাপকে, অদ্বিতীয়ে স্বজাতীয়াদিভেদরহিতে, কেবলে সর্ব্বসঙ্গ-

শ্রীধরস্বামী ।

বাপ্যো বৈদুর্য্যসোপানাঃ পদ্মোৎপলকুমুদ্বতীঃ।
হংসকারণ্ডবকুলৈ র্জুষ্টাশ্চক্রাহ্বসারসৈঃ॥
উত্তানপাদো রাজর্ষিঃ প্রভাবং তনয়স্য তং।
শ্রুত্বা দৃষ্ট্বাদ্ভুততমং প্রপেদে বিস্ময়ং পরং॥ ৫৫॥
বীক্ষ্যোঢ়বয়সং পুত্রং প্রকৃতীনাঞ্চ সম্মতং।
অনুরক্তপ্রজং রাজা ধ্রুবং চক্রে ভুবঃ পতিং॥ ৫৬॥
আত্মানঞ্চ প্রবয়সমাকলয্য বিশাংপতিঃ।

অন্বয়ঃ।

বৈদুর্য্যসোপানাঃ পদ্মোৎপলকুমুদ্বতীঃ হংসকারণ্ডবকুলৈঃ চক্রাহ্বসারসৈঃ জুষ্টাঃ সেবিতাঃ বাপ্যঃ যত্র আভান্তি॥

রাজর্ষিঃ উত্তানপাদঃ তনয়স্য তং ভগবদারাধনারূপং ধ্রুবক্ষিতিপ্রাপ্তিরূপং চ অদ্ভুততমং প্রভাবং শ্রুত্বা তল্লক্ষণং চ দৃষ্ট্বা পরং বিস্ময়ং প্রপেদে॥ ৫৫॥

উঢ়বয়সং প্রাপ্তযৌবনং, পুত্রং বীক্ষ্য তথা প্রকৃতীনাং অমাত্যাদীনাং, সম্মতং অভিমতং, জ্ঞাত্বা রাজা অনুরক্তপ্রজং (অনুরক্তাঃ প্রজাঃ যস্মিন্ তং) ধ্রুবং ভুবঃ পতিং চক্রে (রাজ্যে অভিষিক্তবান্)॥ ৫৬॥

আত্মানঞ্চ প্রবয়সং বৃদ্ধং, আকলয্য দৃষ্ট্বা, বিশাংপতিঃ রাজা (বিষয়াৎ) বিরক্তঃ সন্ আত্মনঃ

শ্রীধরস্বামী।

কুমুৎ কুমুদং। পদ্মাদিমত্যো বাপ্যঃ॥ ৫৫॥

উঢ়বয়সং প্রাপ্তযৌবনং। অনুরক্তাঃ প্রজা যস্মিন্॥ ৫৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যত্র ভবনোত্তমে শয্যাদয়ো রৌক্মান্তাঃ ভোগোপস্করাঃ সন্তি॥ ৫৪॥ ৫৫॥

বাপীসমূহের সোপান বৈদূর্য্যমণির দ্বারা নির্ম্মিত; পদ্ম, উৎপল ও কুমুদের বিকাসে জলাশয় নিরতিশয় শোভিত; তাহাতে আবার হংস, কারণ্ডব, চক্রবাক এবং সারসকুল আনন্দে আকুল হইয়া পর্য্যটন করিতেছে॥

রাজর্ষি উত্তানপাদ বালক ধ্রুবের ভগবদারাধনার বিষয় শ্রবণ করিয়া এবং তাঁহার ইষ্টসিদ্ধির লক্ষণ সকল নিজে প্রত্যক্ষ করিয়া, যার পর নাই বিস্মিত হইলেন॥ ৫৫॥

তিনি পুত্র ধ্রুবকে যৌবন-পদবীতে আরূঢ় অবলোকন করিয়া এবং রাজত্ব করিবার উপযুক্ত পাত্র হইয়াছেন এইরূপ অমাত্যবর্গের সম্মতি অবগত হইয়া, প্রজারঞ্জন ধ্রুবকে স্বরাজ্যে অভিষিক্ত করিলেন॥ ৫৬॥

এবং নিজের বয়োধিক্য বিবেচনা করিয়া, পরমাত্মতত্ত্বের চিন্তার উপযুক্ত

বনং বিরক্তঃ প্রাতিষ্ঠং বিমৃশন্নাত্মনো গতিং ॥ ৫৭ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে ধ্রুবচরিতে নবমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

মৈত্রেয় উবাচ ॥

প্রজাপতে র্দুহিতরং শিশুমারস্য বৈ ধ্রুবঃ ।
উপযেমে ভ্রমিং নাম তৎসুতৌ কল্পবৎসরৌ ॥ ১ ॥
ইলায়ামপি ভার্য্যায়াং বায়োঃ পুত্র্যাং মহাবলং ।

অন্বয়ঃ ।

পরমাত্মনঃ গতিং তত্ত্বং, বিমৃশন্ বিচারয়ন্, বনং প্রাতিষ্ঠং ॥ ৫৭ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে নবমোঽধ্যায়ঃ ॥

মৈত্রেয়ঃ উবাচ । প্রজাপতেঃ শিশুমারস্য দুহিতরং বৈ প্রসিদ্ধাং, ভ্রমিং ধ্রুবঃ উপযেমে বিবাহিতবান্ তৎসুতৌ তস্যাঃ ভ্রমেঃ সুতৌ কল্পবৎসরৌ আস্তাম্ ॥ ১ ॥

তথা বায়োঃ পুত্র্যাং ইলায়াং ভার্য্যায়াং, অপি মহাবলঃ ধ্রুবঃ উৎকলনামানং পুত্রং

শ্রীধরস্বামী ।

প্রবয়সং বৃদ্ধং ॥ ৫৭ ॥

॥ * ॥ ইতি চতুর্থে নবমঃ ॥ * ॥

দশমে ভ্রাতৃহন্তৄণাং যক্ষাণামকরোদ্বধং । এক এবালকাং গত্বেত্যস্য বিক্রম উচ্যতে ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

উঢ়বয়সং প্রাপ্তযৌবনং ॥ ৫৬ ॥ ৫৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং ।
চতুর্থে নবমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ধ্রুবো ভ্রাতুর্ব্বধং যক্ষৈঃ শ্রুত্বা গত্বালকাং পুরীং । যক্ষান্ যুদ্ধে জঘানেতি দশমে কথ্যতে কথা ॥ ১ ॥

অবসর বলিয়া স্থির করিলেন এবং বিষয়াসক্তিকে বিসর্জ্জন পূর্ব্বক ভগবদারাধনার্থ বনে প্রবেশ করিলেন ॥ ৫৭ ॥

ইতি চতুর্থ স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত নবম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

মহর্ষি মৈত্রেয় বলিলেন, হে বিদুর! ধ্রুব রাজ্যে অভিষিক্ত হইয়া, প্রজাপতি শিশুমারের কন্যা ভ্রমির পাণিগ্রহণ করিলেন; এই পত্নীর গর্ভে তাঁহার দুইটী পুত্র জন্মে; একজনের নাম কল্প; অপরের নাম বৎসর ॥ ১ ॥

আভাস ।

দশমাধ্যায়ে যক্ষকর্তৃক ভ্রাতা উত্তমের বধ শ্রবণ করিয়া, শোকাকুলিতচিত্ত ধ্রুবের একাকী অলকাপুরীতে গমন এবং তথায় যক্ষগণের সহিত তাঁহার যুদ্ধবিক্রম বর্ণন ॥

পুত্রমুৎকলনামানং যোষিদ্রত্নমজীজনৎ ॥ ২ ॥
উত্তমস্ত্বকৃতোদ্বাহো মৃগয়ায়াং বলীয়সা।
হতঃ পুণ্যজনেনাদ্রৌ তন্মাতাস্য গতিং গতা ॥ ৩ ॥
ধ্রুবো ভ্রাতৃবধং শ্রুত্বা কোপামর্ষশুচার্পিতঃ।
জৈত্রং স্যন্দনমাস্থায় গতঃ পুণ্যজনালয়ং ॥ ৪ ॥

অন্বয়ঃ।

যোষিদ্রত্নং (যোষিতাং রত্নমিব মনোহরাং) পুত্রীং চ অজীজনৎ উৎপাদয়ামাস ॥ ২ ॥

উত্তমঃ তু অকৃতোদ্বাহঃ এব মৃগয়ায়াং বলীয়সা পুণ্যজনেন যক্ষেণ, অদ্রৌ হিমবতি, হতঃ। তস্য মাতা সুরুচিশ্চ, অস্য উত্তমস্য, গতিং মৃত্যুং, গতা ॥ ৩ ॥

ভ্রাতৃবধং শ্রুত্বা কোপামর্ষশুচার্পিতঃ ক্লিষ্টহৃদয়ঃ সন্ জৈত্রং জয়প্রদং, স্যন্দনং রথং, আস্থায় আরুহ্য, পুণ্যজনাশয়ং অলকাপুরীং গতঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

যোষিতাং রত্নমিবাতিমনোহরং কন্যারত্নং চেতি বা ॥ ২ ॥

যক্ষেণাদ্রৌ হিমবতি হতঃ। আজাবিতি পাঠে যুদ্ধে অস্য গতিং গতা মৃতেত্যর্থঃ ॥ ৩ ॥

কোপামর্ষশুচাং দ্বন্দ্বৈক্যং তেনার্পিতো ব্যাপ্তঃ। জৈত্রং জয়হেতুং পুণ্যজনালয়ং অলকাং ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোষিদ্রত্নং কন্যারত্নং চ ॥ ২ ॥

অদ্রৌ হিমবতি। আজাবিতি পাঠে তৈঃ সহ যুদ্ধে। অস্য গতিং পুত্রমন্বিষ্যন্তী দাবানলান্মৃত্যুং ॥ ৩ ॥

বায়ুর পুত্রী ইলাও তাঁহার অপরা পত্নী ছিলেন; ইহাঁর গর্ভে উৎকল নামে এক পুত্র এবং ললনাজন-ললামভূতা অতি সুন্দরী এক কন্যা উৎপাদন করেন ॥ ২ ॥

তাঁহার ভ্রাতা উত্তম দারপরিগ্রহ করিবার পূর্ব্বেই এক দিন মৃগয়ার্থ বনে গমন করেন এবং তথায় একজন বলবান্ যক্ষের হস্তে নিহত হন। তদীয় জননী সুরুচি পুত্রের অনুসন্ধানার্থ বনে গমন করেন; তিনিও তথায় দাবাগ্নিতে পরিদগ্ধ হইয়া মৃত্যুমুখে পতিত হন ॥ ৩ ॥

ভ্রাতার নিধনবার্ত্তা শ্রবণে ধ্রুব নিতান্তই দুঃখিত হইলেন এবং ক্রোধে ব্যাকুল হইয়া নিধনকারীর দণ্ডবিধানার্থ জয়শীল রথে আরোহণ পূর্ব্বক যক্ষালয় অলকাপুরীর অভিমুখে যাত্রা করিলেন ॥ ৪ ॥

কিয়দ্দূর উত্তরাভিমুখে গমন করিয়া, মহারাজ ধ্রুব হিমালয়ের উপত্যকার

গত্বোদীচীং দিশং রাজা রুদ্রানুচরসেবিতাং।
দদর্শ হিমবদ্দ্রোণ্যাং পুরীং গুহ্যকসঙ্কুলাং॥ ৫॥
দধ্মৌ শঙ্খং বৃহদ্বাহুঃ খং দিশশ্চানুনাদয়ন্।
যেনোদ্বিগ্নদৃশঃ ক্ষত্তরুপদেব্যোঽত্রসন্ ভৃশং॥
ততো নিষ্ক্রম্য বলিন উপদেবমহাভটাঃ।
অসহন্তস্তন্নিনাদমভিপেতুরুদায়ুধাঃ॥ ৬॥

অন্বয়ঃ।

উদীচীং উত্তরাং, দিশং গত্বা রাজা ধ্রুবঃ, রুদ্রানুচরসেবিতাং (রুদ্রানুচরৈঃ ভূতপ্রেত-পিশাচাদিভিঃ সেবিতাং) গুহ্যকসঙ্কুলাং (গুহ্যকৈঃ যক্ষৈঃ সঙ্কুলাং ব্যাপ্তাং) হিমবদ্দ্রোণ্যাং পুরীং অলকাং দদর্শ॥ ৫॥

তত্র গত্বা বৃহদ্বাহুঃ ধ্রুবঃ, খং আকাশং, দিশশ্চ অনুনাদয়ন্ ঘোষয়ন্, শঙ্খং দধ্মৌ বাদিতবান্। হে ক্ষত্তঃ! তেন শব্দেন উদ্বিগ্নদৃশঃ উপদেব্য যক্ষস্ত্রিয়ঃ ভৃশং অত্যন্তং অত্রসন্ ভীতাঃ বভূবুঃ॥

তং নিনাদং অসহন্তঃ বলিনঃ উপদেবস্য কুবেরস্য, মহাভটাঃ যোদ্ধারঃ, ততঃ পুরাৎ, নিষ্ক্রম্য উদায়ুধাঃ উদ্যতাস্ত্রাঃ, সন্তঃ অভিপেতুঃ (যুদ্ধার্থং সম্মুখং আজগ্মুঃ)॥ ৬॥

শ্রীধরস্বামী।

রুদ্রানুচরা ভূতাদয়ঃ॥ ৫॥

দধ্মৌ বাদিতবান্। যেন শঙ্খবাদনেন। হে ক্ষত্তঃ উপদেব্যো যক্ষস্ত্রিয়ঃ॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অর্পিতো প্রাপ্তঃ॥ ৪॥ ৫॥ উপদেব্যো যক্ষস্ত্রিয়ঃ॥ ৬॥

মধ্যে প্রমথগণ-সেবিত গুহ্যকগণের বাসস্থান অলকাপুরীকে নয়নগোচর করিলেন॥ ৫॥

পুরীর সমীপবর্ত্তী হইয়া বিপুলবিক্রম ধ্রুব নভোমণ্ডল এবং দিক্ সমূহকে প্রতিধ্বনিত করিয়া ভীষণ শঙ্খধ্বনি করিলেন। হে বিদুর! এই শঙ্খধ্বনি এতই ভীষণ হইয়াছিল যে, তাহা শ্রবণে যক্ষপত্নীগণ সাতিশয় উদ্বিগ্ন ও ভীত হইয়া উঠিলেন॥

এই গভীর শঙ্খনিনাদে গুহ্যকগণ আর নিস্তব্ধ থাকিতে পারিল না; কুবেরের বলবান্ সৈনিকগণ অস্ত্রশস্ত্রে ভূষিত হইয়া তৎক্ষণাৎ যুদ্ধার্থ পুরী হইতে নির্গত হইল॥ ৬॥

উক্ত বীরপুরুষগণ যুদ্ধার্থ আগমন করিলে, ধনুর্দ্ধরাগ্রগণ্য বীরকেশরী মহা

স তানাপততো বীরানুগ্রধন্বা মহারথঃ।
একৈকং যুগপৎ সর্ব্বানহন্ বাণৈস্ত্রিভিস্ত্রিভিঃ॥
তে বৈ ললাটলগ্নৈস্তৈরিষুভিঃ সর্ব্ব এবহি।
মত্বা নিরস্তমাত্মানমাশংসন্ কর্ম্ম তস্য তৎ॥ ৭॥
তেঽপি চামুমমৃষ্যন্তঃ পাদস্পর্শমিবোরগাঃ।
শরৈরবিধ্যন্ যুগপৎ দ্বিগুণং প্রচিকীর্ষবঃ॥ ৮॥

অন্বয়ঃ।

সঃ উগ্রধন্বা (উগ্রং অপ্রধৃষ্যং ধনুঃ যস্য সঃ) মহারথঃ (মহান্ রথঃ যস্য সঃ) বীরঃ ধ্রুবঃ, আপততঃ তান্ সর্ব্বান্ একৈকং ত্রিভিঃ ত্রিভিঃ বাণৈঃ যুগপৎ একদৈব অহন্॥

তে বৈ সর্ব্বে এব হি যক্ষাঃ তৈঃ, ললাটলগ্নৈঃ (ললাটে লগ্নৈঃ ইষুভিঃ বাণৈঃ আত্মানং নিরস্তং তিরস্কৃতং, মত্বা তস্য ধ্রুবস্য, তৎ কর্ম্ম আশংসন্ শ্লাঘিতবন্তঃ॥ ৭॥

ততঃ তে চ যক্ষাঃ উরগাঃ পাদস্পর্শং ইব তৎকর্ম্ম অমৃষ্যন্তঃ অসহমানাঃ, প্রচিকীর্ষবঃ প্রতিকর্ত্তুমিচ্ছবঃ, সন্তঃ দ্বিগুণং যথা ভবতি তথা ষড়্ভিঃ ষড়্ভিঃ শরৈঃ বাণৈঃ, যুগপৎ অমুং ধ্রুবং অবিধ্যন্॥ ৮॥

শ্রীধরস্বামী।

একৈকং ত্রিভিস্ত্রিভিঃ। ইত্যেকং সর্ব্বান্ ত্রয়োদশাযুতানি যক্ষান্ যুগপদহন্ জঘান॥ ৭॥

তেঽপি তৎকর্ম্মাসহমানা অমুমবিধ্যন্। দ্বিগুণং যথা ভবতি। ষড়্ভিঃ ষড়্ভিঃ প্রতিকর্ত্তুমিচ্ছবঃ॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আশংসন্ মনসা সম্যক্ তুষ্টুবুঃ॥ ৭॥

দ্বিগুণং যথাস্যাত্তথা ষড়্ভিঃ ষড়্ভিঃ প্রতিকর্ত্তুমিচ্ছবঃ॥ ৮॥

রথ ধ্রুব একেবারে প্রত্যেক যোদ্ধাকে তিন তিন বাণে বিদ্ধ করিলেন॥

গুহ্যক সৈন্যগণ সকলেই স্ব স্ব ললাটদেশে এই প্রকারে তিনটী করিয়া বাণ বিদ্ধ নিরীক্ষণ করিয়া, আপনাদিগকে অপমানিত বোধ করত ধ্রুবের ক্ষিপ্রকারিতার বিশেষ প্রশংসা করিতে লাগিল॥ ৭॥

পরে যক্ষসেনাগণ ধ্রুবের তাদৃশ বীরত্ব সহ্য করিতে পারিল না; তাহারা পদাহত কালসর্পের ন্যায় ক্রুদ্ধ হইয়া, প্রত্যেকে দ্বিগুণ অর্থাৎ ছয়টী করিয়া বাণ ধ্রুবের অঙ্গে নিক্ষেপ করিল॥ ৮॥

অনন্তর সেই ত্রয়োদশ অযুত যক্ষসৈন্য নিতান্ত ক্রুদ্ধ হইয়া ধ্রুবকৃত অপমানের প্রতীকার মানসে সকলে একত্র হইয়া পরিঘ, নিস্ত্রিংশ প্রাস, শূল

ততঃ পরিঘনিস্ত্রিংশৈঃ প্রাসশূলপরশ্বধৈঃ।
শক্ত্যৃষ্টিভির্ভুশুণ্ডীভিশ্চিত্রবাজৈঃ শরৈরপি॥
অভ্যবর্ষন্ প্রকুপিতাঃ সরথং সহসারথিং।
ইচ্ছন্তস্তৎপ্রতীকর্ত্তুমযুতানাং ত্রয়োদশ॥ ৯॥
ঔত্তানপাদিঃ স তদা শস্ত্রবর্ষেণ ভূরিণা।
ন উপাদৃশ্যত চ্ছন্ন আসারেণ যথা গিরিঃ॥ ১০॥
হাহাকার স্তদৈবাসীৎ সিদ্ধানাং দিবি পশ্যতাং।
হতোঽয়ং মানবঃ সূর্য্যো মগ্নঃ পুণ্যজনার্ণবে॥ ১১।

অন্বয়ঃ।

ততঃ চ তৎ কর্ম্ম প্রতীকর্ত্তুং ইচ্ছন্তঃ প্রকুপিতাঃ অযুতানাং ত্রয়োদশ যক্ষাঃ পরিঘনিস্ত্রিংশৈঃ প্রাসশূলপরশ্বধৈঃ শক্ত্যৃষ্টিভিঃ ভুষণ্ডীভিঃ চিত্রবাজৈঃ (চিত্রাঃ বাজাঃ পক্ষাঃ যেষাং তৈঃ শরৈঃ) সরথং সহসারথিং ধ্রুবং অভ্যবর্ষন্ আচ্ছাদয়ামাসুরিতি দ্বয়োরন্বয়ঃ॥ ৯॥

তদা আসারেণ ধারাসম্পাতেন চ্ছন্নঃ গিরিঃ যথা, তথা ভূরিণা শস্ত্রবর্ষেণ চ্ছন্নঃ সঃ ঔত্তানপাদিঃ ধ্রুবঃ, ন উপাদৃশ্যত॥ ১০॥

অয়ং সূর্য্যঃ সূর্য্যতুল্যঃ, মানবঃ মনুপৌত্রঃ, পুণ্যজনার্ণবে (পুণ্যজনাঃ যক্ষাঃ, এব অর্ণবঃ অপারসমুদ্রসদৃশঃ তস্মিন্) মগ্নঃ প্রবিষ্টঃ, সন্ হতঃ ইতি দিবি পশ্যতাং সিদ্ধানাং মধ্যে তদৈব হাহাকারঃ আসীৎ॥ ১১॥

শ্রীধরস্বামী।

চিত্রবাজৈশ্চিত্রপক্ষৈঃ॥ ৯॥

ধারাসম্পাতেন ছন্নো গিরিরিব নৈবাদৃশ্যত॥ ১০॥ সূর্য্যতুল্যঃ॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চিত্রবাজৈ র্বিচিত্রপক্ষৈঃ॥ ৯॥

আসারেণ ধারাসম্পাতেন ছন্নোগিরিরিব নৈবাদৃশ্যত॥ ১০॥

সূর্য্যঃ সূর্য্যতুল্যঃ পুণ্যজনার্ণব ইতি তেষাং সরস্বত্যা ধ্রুবস্য কোঽপি নাপকারোঽভূদিতি ব্যজ্যতে ন হ্যর্ণবে মগ্নস্য সূর্য্যস্য কিমপি কষ্টং ভবেদিতি॥ ১১॥

পরশ্বধ, শক্তি, ঋষ্টি, ভুষণ্ডী এবং বিচিত্র পক্ষবিশিষ্ট অসংখ্য বাণ মহারাজ ধ্রুব, তাঁহার রথ ও সারথির উপর অবিরল ভাবে নিক্ষেপ করিতে লাগিল। ৯॥

বারিধর জলধারের অবিরল বর্ষণে যেমন ধরাধরকে সমাচ্ছাদিত করে, অদ্য সেইরূপ অবিশ্রান্ত অস্ত্রশস্ত্রের নিক্ষেপে ধ্রুবের দেহ বা রথ আর পরিদৃষ্ট হয় নাই। ১০॥

আকাশপথ হইতে সিদ্ধগণ এই ব্যাপার অবলোকন করিয়া ভাবিলেন যে,

নদৎসু যাতুধানেষু জয়কাশিষ্বথো মৃধে।
উদতিষ্ঠদ্রথস্তস্য নীহারাদিব ভাস্করঃ ॥ ১২॥
ধনুর্বিস্ফূর্জয়ন্নুগ্রং দ্বিষতাং খেদমুদ্বহন্।
অস্ত্রৌঘং ব্যধমদ্বাণৈর্ঘনানীকমিবানিলঃ ॥ ১৩॥
তস্য তে চাপনির্মুক্তা ভিত্ত্বা বর্ম্মাণি রক্ষসাং।

অন্বয়ঃ।

অথ মৃধে রণভূমৌ যাতুধানেষু রাক্ষসেষু, নদৎসু জয়কাশিষু স্বজয়প্রকাশকেষু, সৎসু নীহারাৎ ভাস্করঃ সূর্য্যঃ, ইব তস্য ধ্রুবস্য রথঃ উদতিষ্ঠৎ ॥ ১২ ॥

উগ্রং (শত্রূণাং ভয়জনকং) ধনুঃ বিস্ফূর্জ্জয়ন টঙ্কারঘোষযুক্তং কুর্ব্বন্ দ্বিষতাং শত্রূণাং, খেদং উদ্বহন্ অনিলঃ বায়ুঃ, যথা ঘনানীকং দূরীকরোতি তথা বাণৈঃ তেষাং অস্ত্রৌঘং ব্যধমং নিরস্তং কৃতবান্ ॥ ১৩ ॥

তস্য ধ্রুবস্য চাপনির্ম্মুক্তাঃ তিগ্মাঃ তীক্ষ্ণাঃ বাণাঃ অশনয়ঃ ইন্দ্রমুক্তবজ্রাণি যথা গিরীন্

শ্রীধরস্বামী।

যাতুধানেষু রাক্ষসেষু জয়কাশিষু জিতং জিতমিতি জয়প্রকাশকেষু সৎসু ॥ ১২ ॥

ব্যধমৎ সংচূর্ণয়ামাস ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জয়কাশিষু জিতং জিতমিতি স্বজয়প্রকাশকেষু সৎসু ॥ ১২ ॥

ব্যধমৎ সংচূর্ণয়ামাস ॥ ১৩ ॥

গিরীনশনয়ো যথেতি আসারেণ যথা গিরিরিতি দৃষ্টান্তাভ্যাং যক্ষাণাং শরাঃ ধ্রুবস্যাকিঞ্চিৎকরাঃ প্রত্যুতোৎসাহবর্দ্ধকা এব যথা ধারাসম্পাতেন গিরয়ঃ ক্ষালিতমলা উদ্দীপ্তা এব

দিবাকরের ন্যায় অতুলতেজস্বী মনুপৌত্র এই ধ্রুব অদ্য গুহ্যকসৈন্যসাগরে নিপতিত হইয়া, বুঝি জীবনে বিনষ্ট হন! এই বলিয়া তাঁহাদের মধ্যে একটী হাহাকার ধ্বনি উত্থিত হইল ॥ ১১ ॥

কিছুক্ষণ পরে সেই রাক্ষসসৈন্য যখন নিজেদের জয়-বিবেচনায় হর্ষে কোলাহল করিতে লাগিল, তখন নীহার-নিষ্ক্রান্ত ভাস্করের ন্যায় ধ্রুবের রথ রণভূমির মধ্যস্থল হইতে আত্মপ্রকাশ করিল ॥ ১২ ।

শত্রুকুলের হৃদয়ে বিষম ভয় উৎপাদন পূর্ব্বক ধ্রুব জ্যা আকর্ষণে ভীষণ টঙ্কারধ্বনি করিলেন এবং সমীরণ যেমন জলদরাশীকে অতি সত্বর বিচ্ছিন্ন ও ভ্রষ্টপদ করিয়া দেয়, তিনি সেইরূপ শরনিক্ষেপের দ্বারা শত্রুনির্ম্মুক্ত যাবতীয় অস্ত্রশস্ত্রকে মধ্যপথেই নিরস্ত করিয়া ফেলিলেন ॥ ১৩ ॥

ইন্দ্র নির্ম্মুক্ত অশনি যেমন মহীধরকে বিদীর্ণ করে, সেইরূপ ধ্রুবের

কায়ানাবিবিশুস্তিগ্মা গিরীনশনয়ো যথা। ১৪॥
ভল্লৈঃ সংছিদ্যমানানাং শিরোভিশ্চারুকুণ্ডলৈঃ।
ঊরুভি র্হেমতালাভৈ র্দোর্ভি র্বলয়বল্গুভিঃ॥
হার-কেয়ূর-মুকুটৈরুষ্ণীষৈশ্চ মহাধনৈঃ।
আস্তৃতা স্তা রণভুবো রেজু র্বীরমনোহরাঃ॥ ১৫॥
হতাবশিষ্টা ইতরে রণাজিরাদ্রক্ষোগণাঃ ক্ষত্রিয়বর্য্যশায়কৈঃ।
প্রায়ো বিবৃক্নাবয়বা বিদুদ্রুবু র্মৃগেন্দ্রবিক্রীড়িতযূথপা ইব॥ ১৬॥

অন্বয়ঃ।

প্রবিশন্তি তথা রক্ষসাং বর্ম্মাণি ভিত্ত্বা কায়ান্ শরীরাণি আবিবিশুঃ॥ ১৪॥

ভল্লৈঃ অর্দ্ধচন্দ্রাকারবাণবিশেষৈঃ, সংছিদ্যমানানাং যক্ষাণাং চারুকুণ্ডলৈঃ (চারুণি কুণ্ডলানি যেষু তৈঃ) শিরোভিঃ হেমতালাভৈঃ সুবর্ণতালসদৃশৈঃ ঊরুভিঃ উৎসঙ্গৈঃ, বলয়-বল্গুভিঃ দোর্ভিঃ ভুজৈঃ, হারকেয়ূরমুকুটৈঃ মহাধনৈঃ (মহান্তি ধনানি যেষু তৈঃ) উষ্ণীষৈঃ আস্তৃতাঃ প্রকীর্ণাঃ, তাঃ রণভুবঃ বীরমনোহরাঃ (বীরাণাং মনোহরাঃ সত্যঃ) রেজুঃ শুশুভিরে ইতি দ্বয়োরন্বয়ঃ॥ ১৫॥

(হতাবশিষ্টাঃ (হতেভ্যঃ অবশিষ্টাঃ) ক্ষত্রিয়বর্য্যশায়কৈঃ (ক্ষত্রিয়বর্য্যস্য ধ্রুবস্য সায়কৈঃ) প্রায়ঃ বাহুল্যেন, বিবৃক্নাবয়বাঃ (বিবৃক্নাঃ সংছিন্নাঃ অবয়বাঃ যেষাং তে) ইতরে রক্ষোগণাঃ মৃগেন্দ্রবিক্রীড়িতযূথপাঃ (মৃগেন্দ্রেণ সিংহেন বিক্রীড়িতাঃ বিদ্রাবিতাঃ যূথপাঃ গজাঃ) ইব রণাজিরাৎ যুদ্ধক্ষেত্রাৎ, বিদুদ্রুবুঃ পলায়িতবন্তঃ॥ ১৬॥

শ্রীধরস্বামী।

বর্ম্মাণি কবচানি॥ ১৪॥

শিরঃ প্রমুখৈরাস্তৃতাঃ প্রকীর্ণা রেজুরিতি দ্বয়োরন্বয়ঃ॥ ১৫॥

প্রায়ো বাহুল্যেন। বিবৃক্নাঃ সংছিন্না অবয়বা যেষাং॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভবন্তি ধ্রুবস্য শরাস্তু যক্ষাণাং প্রাণাপহারিণ এব যথা অশনিভির্গিরয়ো বিদীর্য্যন্তে এবেতি ব্যঞ্জিতং॥ ১৪॥ আস্তৃতা আচ্ছন্নাঃ॥ ১৫॥ ১৬॥

শরাসন-নির্ম্মুক্ত বাণসমূহ রাক্ষসগণের বর্ম্ম ভেদ করিয়া দেহমধ্যে প্রবিষ্ট হইতে লাগিল॥ ১৪॥

অর্দ্ধচন্দ্রের ন্যায় অগ্রভাগবিশিষ্ট ভল্লের আঘাতে ছিন্ন-বিচ্ছিন্ন-কলেবর যক্ষগণের চারু কুণ্ডলবিশিষ্ট মুণ্ড, সুবর্ণময় তালসদৃশ বক্ষস্থল, বলয়শোভিত বাহু, হার, কেয়ূর, মুকুট এবং মহামূল্য উষ্ণীষাদি ইতস্তত প্রকীর্ণ হইয়া, সমগ্র যুদ্ধভূমী বীরমনোজ্ঞ শোভায় শোভিত পরিদৃষ্ট হইয়াছিল॥ ১৫॥

অপশ্যমানঃ স তদাততায়িনং মহামৃধে কঞ্চন মানবোত্তমঃ।
পুরীং দিদৃক্ষন্নপি নাবিশদ্দ্বিষাং ন মায়িনাং বেদ চিকীর্ষিতং জনঃ।। ১৭।।
ইতি ব্রুবংশ্চিত্ররথঃ স্বসারথিং যত্তঃ পরেষাং প্রতিযোগশঙ্কিতঃ।
শুশ্রাব শব্দং জলধেরিবেরিতং নভস্বতো দিক্ষু রজোঽন্বদৃশ্যত।। ১৮।।

অন্বয়ঃ।

চিত্ররথঃ (চিত্রঃ বিচিত্রঃ রথঃ যস্য সঃ) মানবোত্তমঃ মনুবংশ্যেষু উত্তমঃ, সঃ ধ্রুবঃ, তদা মহামৃধে যুদ্ধভূমৌ, কঞ্চন অপি আততায়িনং শস্ত্রপাণিং অপশ্যমানঃ অপি পরেষাং শত্রূণাং প্রতিযোগশঙ্কিতঃ (প্রতিযোগাৎ পুনরুদ্যমাৎ শঙ্কিতঃ অতএব যত্তঃ সাবধানঃ এব মায়িনাং দ্বিষাং চিকীর্ষিতং জনঃ ন বেদ (অতঃ সাবধানমেব অবস্থাতব্যমিতি) ইতি স্বসারথিং প্রতি ব্রুবন্ পুরীং দিদৃক্ষন্ দ্রষ্টুমিচ্ছন্, আবিশং ইতি দ্বয়োরন্বয়ঃ। ততশ্চ জলধেঃ ঈরিতং উৎপন্নং ইব শব্দং শুশ্রাব। নভস্বতঃ বায়োঃ হেতোঃ, দিক্ষু রজঃ অনু অদৃশ্যত ॥ ১৭ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

আততায়িনং শস্ত্রপাণিং ॥ ১৭ ॥

ইতি ব্রুবন্নিত্যত্রাপি ন মায়িনামিত্যাদেরন্বয়ঃ। চিত্ররথো ধ্রুবঃ। যত্তঃ যত্নবান্। প্রতিযোগঃ পুনরুদ্যোগঃ তস্মাচ্ছঙ্কিতঃ। নভস্বতো বায়োর্হেতোঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আততায়িনং শস্ত্রপাণিং ॥ ১৭ ॥

ধ্রুবের অস্ত্রে যাহাদের জীবন নষ্ট হয় নাই, এইরূপ যে কয়েক জন অবশিষ্ট ছিল, তাহাদের মধ্যে কাহারও দেহ অক্ষুন্ন ছিল না; সকলের কোন না কোন অঙ্গ ছিন্ন বিচ্ছিন্ন হইয়াছিল, সন্দেহ নাই। তাহারা ধ্রুবের অস্ত্র তেজে নিতান্তই উৎপীড়িত হইয়া, কেশরীতাড়িত করিযূথের ন্যায় রণভূমি হইতে ইতস্তত পলায়ন করিল।। ১৬।।

মনুবংশাবতংস বিচিত্ররথ বীরবাহু ধ্রুব যখন রণপ্রাঙ্গণে আর কোন অস্ত্রধারীকেই দেখিতে পাইলেন না, তখন তিনি নিজ মন্ত্রিকে বলিলেন যে, যদিও শত্রুকুল সর্ব্বতোভাবে পরাস্ত হইয়াছে বটে, তথাপি তাহাদের পুনরুদ্যোগের বিশেষ সম্ভাবনা আছে; আমাদিগের অতি সতর্কতার সহিত অবস্থান করা কর্ত্তব্য। বিশেষত ইহারা মায়াবী রাক্ষস; ইহাদের গতি লোকে কিছুতেই অবধারণ করিতে পারে না। এইরূপ উপদেশ দিয়া পুরী দর্শনার্থ যখন তিনি অগ্রসর হইলেন, তখন জলধির গভীর গর্জ্জনের ন্যায়, একটী ভীষণ শব্দ উত্থিত হইল এবং বাত্যার প্রবাহে তত্রস্থ দিক্ সমূহ ধূলায় আচ্ছন্ন হইয়া গেল।। ১৭।। ১৮।।

ক্ষণেনাচ্ছাদিতং ব্যোম ঘনানীকেন সর্ব্বতঃ।
বিস্ফূরত্তড়িতা দিক্ষু ত্রাসয়ৎ স্তনয়িত্নুনা ॥ ১৯ ॥
ববৃষু রুধিরৌঘাসৃক্ পূয়বিন্মূত্রমেদসঃ।
নিপেতু র্গগনাদস্য কবন্ধান্যগ্রতোঽনঘ।। ২০ ॥
ততঃ খে দৃশ্যত গিরির্নিপেতুঃ সর্ব্বতো দিশং।
গদাপরিঘনিস্ত্রিংশমুষলাঃ সাশ্মবর্ষিণঃ ॥ ২১ ।

অন্বয়ঃ।

বিস্ফূরত্তড়িতা (বিস্ফূরন্তঃ প্রকাশমানাঃ তড়িতঃ যস্মিন্ তেন) ত্রাসয়ৎস্তনয়িত্নুনা (ত্রাসয়ন্তঃ স্তনয়িত্নবঃ অশনয়ঃ যস্মিন্ তেন) ঘনানীকেন সর্ব্বতঃ দিক্ষু ক্ষণেন ব্যোম আচ্ছাদিতং জাতং ॥ ১৯ ॥

(মেঘাঃ) রুধিরৌঘাসৃক্পূয়বিন্মূত্রমেদসঃ ববৃষুঃ; হে অনঘ! বিদুর! গগনাৎ অস্য ধ্রুবস্য অগ্রতঃ কবন্ধানি মস্তকহীনশরীরাণি নিপেতুঃ ॥ ২০ ॥

ততঃ চ খে আকাশে, গিরিঃ অদৃশ্যত; তত সাশ্মবর্ষিণঃ (অশ্মসহিতং বর্ষং অস্য তস্মাৎ গিরেঃ সকাশাৎ) সর্ব্বতোদিশং গদাপরিঘনিস্ত্রিংশমুষলাঃ নিপেতুঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

বিস্ফূরন্ত্যস্তড়িতো যস্মিন্ তেন ত্রাসয়ন্তঃ স্তনয়িত্নবোঽশনয়ো যস্মিন্ ॥ ১৯ ॥

ববৃষু র্নিপেতুরিত্যর্থঃ। ন সৃজতি শরীরমিত্যসৃগিহ শ্লেষ্মাদি। মেধসঃ পুংস্ত্বমার্ষং। মেদাংসি অস্যাগ্রতো নিপেতুঃ ॥ ২০ ॥

সাশ্মবর্ষিণঃ অশ্মসহিতং যদ্বর্ষং তদ্বন্তঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি ন মায়িনামিতি বাক্যং ব্রুবন্ চিত্ররথো ধ্রুবঃ। অনু অনন্তরং নভস্বতো হেতোর্দিক্ষু রজঃ ॥ ১৮ ॥ ১৯ ॥

ন সৃজতি শরীরমিত্যসৃক্ শ্লেষ্মাদি মেদসঃ পুংস্ত্বমার্ষং। মেদাংসি ববৃষুর্মেঘা ইতি শেষঃ। অস্য ধ্রুবস্যাগ্রতঃ ॥ ২০ ॥

ক্ষণকালের মধ্যে সমগ্র নভোভাগ জলদপটলে সমাচ্ছন্ন হইয়া গেল; এবং অতি ভীষণ ভাবে বিদ্যুৎ স্ফুরিত হইতে লাগিল এবং বজ্রাঘাত হইতে লাগিল।। ১৯ ॥

উপর হইতে রুধির, পূতি রস, পূয়, বিষ্ঠা, মূত্র ও মেদ সমস্ত নিপতিত হইতে লাগিল। হে পবিত্রচেতা বিদুর! অধিক কি! ধ্রুবের সম্মুখে মস্তকহীন অগণ্য নরকলেবর নিপতিত হইতে লাগিল।। ২০ ॥

ক্ষণকাল পরেই আকাশ মধ্যে একটী পর্ব্বত দেখা দিল; এবং সেই

অহয়োঽশনিনিশ্বাসা বমন্তোঽগ্নিং রুষাক্ষিভিঃ।
অভ্যধাবন্ গজা মত্তাঃ সিংহব্যাঘ্রাশ্চ যূথশঃ॥
সমুদ্র ঊর্ম্মিভি ভীমঃ প্লাবয়ন্ সর্ব্বতো ভুবং।
আসসাদ মহাহ্রাদঃ কল্পান্ত ইব ভীষণঃ॥ ২২॥
এবং বিধান্যনেকানি ত্রাসনান্যমনস্বিনাং।
সসৃজু স্তিগ্মগতয় আসুর্য্যা মায়য়াসুরাঃ॥ ২৩॥

অন্বয়ঃ।

অশনিনিশ্বাসাঃ (অশনিবৎ বহ্নিজ্বালাবৎ নিশ্বাসঃ যেষাং তে) অহয়ঃ সর্পাঃ, রুষা ক্রোধেন, অক্ষিভিঃ অগ্নিং বমন্তঃ তথা মত্তাঃ গজাঃ সিংহাব্যাঘ্রাশ্চ যূথশঃ অভ্যধাবন্॥

ঊর্ম্মিভিঃ সর্ব্বতো ভুবং প্লাবয়ন্ মহাহ্রদঃ প্রচণ্ডশব্দবান্ ভীমঃ সমুদ্রঃ কল্পান্তে প্রলয়সময়ে, ভীষণঃ ভয়ঙ্করঃ ইব আসসাদ সমীপং আজগাম॥ ২২॥

তিগ্মগতয়ঃ (তিগ্মা ক্রূরা গতিঃ যেষাং তে) অসুরাঃ আসুর্য্যা অসুরসম্বন্ধিন্যা মায়য়া, এবম্বিধানি অমনস্বিনাং অধীরাণাং, অনেকানি ত্রাসনানি ভয়ঙ্কারণানি, সসৃজুঃ॥ ২৩॥

শ্রীধরস্বামী।

অশনিবন্নিশ্বাসা যেষাং॥ ২২॥

ত্রাসনাদি ভয়ঙ্করাণি। তিগ্মা ক্রূরা গতিঃ প্রবৃত্তির্যেষাং। অসুররাক্ষসাদিশব্দৈরদূরান্তরত্বেন যক্ষাএব উচ্যন্তে॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাশ্মবর্ষিণঃ অশ্মবর্ষিণঃ। পূরুষৈঃ সহ বর্ত্তমানাঃ॥ ২১॥ ২২॥

পর্ব্বত হইতে অসুরকুল প্রস্তর, গদা, পরিঘ, নিস্ত্রিংশ ও মুষলাদি অস্ত্র-সমূহ বর্ষণ করিতে লাগিল।। ২১॥

সর্পগণ ক্রোধে যেন শ্বাসরন্ধ্র দ্বারা অনল নিক্ষেপ করিতে লাগিল। মত্ত মাতঙ্গ, সিংহ ও ব্যাঘ্রকুল ক্রোধমূর্ত্তি ধারণে দলে দলে মহারাজ ধ্রুবের অভিমুখে ধাবিত হইতে লাগিল॥

বারিধি প্রলয়কালীন রূপ পরিগ্রহে উত্তাল তরঙ্গমালা উত্থাপিত করিয়া প্রচণ্ডশব্দে ও ভীমবেগে সমগ্র ধরাতল প্লাবিত করিয়া অগ্রসর হইতে লাগিল।। ২২॥

ক্রূর-কর্ম্মা অসুরদল আসুরী মায়ায় প্রকাশে অধীরগণের ভয়াবহ এইরূপ নানা প্রকার ভয়ের কারণ উৎপাদন করিতে লাগিল।। ২৩॥

অসুরগণ এই প্রকার ভীষণ মায়ার পরিচয়ে ধ্রুবকে বিমোহিত করিতেছে নিরীক্ষণ করিয়া, মুনিগণ তথায় উপনীত হইলেন; এবং ধ্রুবের কল্যাণ-

ধ্রুবে প্রযুক্তামসুরৈস্তাং মায়ামতিদুস্তরাং।
নিশম্য তস্য মুনয়ঃ শমাশংসন্ সমাগতাঃ॥ ২৪॥
ঔত্তানপাদ ভগবাংস্তব শার্ঙ্গধন্বা দেবঃ ক্ষিণোত্ববনতার্ত্তিহরো বিপক্ষান্।
যন্নামধেয়মভিধায় নিশম্য বাদ্ধা লোকোঽঞ্জসা তরতি দুস্তরমঙ্গ মৃত্যুং॥ ২৫॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
চতুর্থস্কন্ধে ধ্রুবচরিতে যক্ষমায়াধানং দশমোঽধ্যায়ঃ॥ * ॥ ১০॥ * ॥

মৈত্রেয় উবাচ॥
নিশম্য গদতামেবমৃষীণাং ধনুষি ধ্রুবঃ।

অন্বয়ঃ।

অসুরৈঃ ধ্রুবে প্রযুক্তাং অতিদুস্তরাং তাং মায়াং নিশাম্য দৃষ্ট্বা, মুনয়ঃ সমাগতাঃ সন্তঃ তস্য ধ্রুবস্য, শং কল্যাণং, আশংসন্ উক্তবন্তঃ॥ ২৪॥

হে উত্তানপাদ! যস্য নামধেয়ং অভিধায় উচ্চার্য্য, নিশম্য শ্রুত্বা, লোকঃ অদ্ধা সাক্ষাৎ, অঞ্জসা অনায়াসেন, দুস্তরং মৃত্যুং তরতি হে অঙ্গ! অবনতার্ত্তিহরঃ সঃ শার্ঙ্গধন্বা দেবঃ ভগবান্ তব বিপক্ষান্ ক্ষিণোতু নাশয়তু॥ ২৫॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দশমাধ্যায়ে অন্বয়ঃ সমাপ্ত॥

মৈত্রেয়ঃ উবাচ। এবং গদতাং বদতাং, ঋষীণাং বচনং নিশম্য শ্রুত্বা, ধ্রুবঃ উপস্পৃশ্য

শ্রীধরস্বামী।

তস্য শং কল্যাণং আশংসন্ প্রার্থিতবন্তঃ॥ ২৪॥
তব বিপক্ষান্ শত্রূন্ নাশয়তু। অদ্ধা সাক্ষাৎ, অঞ্জসা সুখেনৈব মৃত্যুং তরতি॥ ২৫॥

॥ * ॥ ইতি চতুর্থে দশমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অমনস্বিনাং শৌর্য্যশূন্যানাং অসুরা অসুরতুল্যাঃ॥ ২৩॥ ২৪॥
মৃত্যুং তরতি কিং যক্ষমায়াং ত্বং ন তরিষ্যসীতি নারায়ণাস্ত্রং স্মারয়ামাসুঃ॥ ২৫॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্থে দশমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাম্ ॥ * ॥

কামনায় তাঁহাকে উপদেশ প্রদানে বলিলেন॥ ২৪।

হে উত্তানপাদনন্দন! যাঁহার নাম মাত্র উচ্চারণ করিলে বা অন্যের মুখে শ্রবণ করিলে, মানব এই দুরন্ত মৃত্যুকে অতিক্রম করিয়া থাকে, হে অঙ্গ! সেই প্রপন্নজনদুঃখহারী ভগবান্ শার্ঙ্গধন্বা তোমার বিপক্ষ পক্ষের নিধন সাধন করুন্॥ ২৫॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্র নাথ শাস্ত্রিকৃত দশম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত॥

সন্দধেঽস্ত্রমুপস্পৃশ্য যন্নারায়ণনির্ম্মিতং ॥ ১ ॥
সন্ধীয়মান এতস্মিন্ মায়াঃ গুহ্যকনির্ম্মিতাঃ।
ক্ষিপ্রং বিনেশুর্বিদুর ক্লেশা জ্ঞানোদয়ে যথা ॥ ২ ॥

অন্বয়ঃ।

আচম্য, নারায়ণনির্ম্মিতং যং নারায়ণাস্ত্রং তৎ ধনুষি সন্দধে যোজিতবান্ ॥ ১ ॥

হে বিদুর! এতস্মিন অস্ত্রে সন্ধীয়মানে সতি জ্ঞানোদয়ে (জ্ঞানস্য উদয়ে) ক্লেশাঃ (অবিদ্যাস্মিতারাগদ্বেষাভিনিবেশাঃ) যথা বিনশ্যন্তি তথা গুহ্যকনির্ম্মিতাঃ মায়াঃ মেঘাদিরূপাঃ, শীঘ্রং বিনেশুঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

একাদশেতু যক্ষাণাং ক্ষয়ং দৃষ্ট্বা মনুঃ স্বয়ং।
আগত্য বারয়ামাস ধ্রুবং তত্ত্বোপদেশতঃ ॥ * ॥

এবং গদতাং বচনমুপদেশমিব নিশম্য উপস্পৃশ্য আচম্য। যন্নারায়ণনির্ম্মিতং নারায়ণাস্ত্রং তং সন্দধে ॥ ১ ॥

ক্লেশা রাগাদয়ো যথা ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যক্ষাণাং ক্ষয়মালক্ষ্য মনুরেকাদশে ধ্রুবং।
তদ্বধাদ্বারয়ামাস শাস্ত্রতত্ত্বোপদেশতঃ ॥ * ॥

ঋষীণাং বচঃ ॥ ১ ॥ এতস্মিন্নারায়ণাস্ত্রে ॥ ২ ॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর! মহারথ ধ্রুব ঋষিগণের তাদৃশ উপদেশ ব্যঞ্জক হিতকর বাক্য শ্রবণ করিয়া, আচমন পূর্ব্বক স্বীয় শরাসনে নারায়ণাস্ত্র সংযোজিত করত শত্রুর অভিমুখে সন্ধান করিলেন ॥ ১ ॥

অহো! ব্রহ্মজ্ঞানের উদয়ে অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ নামক পঞ্চপর্ব্ব অবিদ্যা ক্লেশ যেমন আপনা হইতেই অন্তর্হিত হয়, সেইরূপ নারায়ণাস্ত্রের প্রতিসন্ধানে গুহ্যক-নির্ম্মিত মায়াময় মেঘাদি বিপদ্জাল তৎ-ক্ষণাৎ তিরোহিত হইয়া গেল ॥ ২ ॥

নারায়ণাস্ত্র ধ্রুবের শরাসনে যোজিত হইবা মাত্র কলহংসের ন্যায় পক্ষ-বিশিষ্ট সুবর্ণপ্রান্ত শানিতমুখ শরসমূহ চাপনির্ম্মুক্ত হইয়া, উচ্চকণ্ঠ শিখিকুল যেমন তীব্রবেগে অরণ্যমধ্যে প্রবেশ করে, তদ্রূপ ভীষণ রব করত শত্রুগণের

আভাস।

একাদশ অধ্যায়ে যক্ষগণের নিধন অবলোকন করিয়া, স্বায়ম্ভুব মনু স্বয়ং যুদ্ধক্ষেত্রে উপস্থিত হইয়া তত্ত্বোপদেশ প্রদানে ধ্রুবকে যুদ্ধ হইতে নিবৃত্ত করেন; ইহাই বর্ণিত হইয়াছে ॥

তস্যার্ষমাস্ত্রং ধনুষি প্রযুঞ্জতঃ সুবর্ণপুঙ্খাঃ কলহংসবাসসঃ।
বিনিঃসৃতা আবিবিশুর্দ্বিষদ্বলং যথা বনং ভীমরবাঃ শিখণ্ডিনঃ।। ৩।।
তৈস্তিগ্মধারৈঃ প্রধনে শিলীমুখৈরিতস্ততঃ পুণ্যজনা উপদ্রুতাঃ।
তমভ্যধাবন্ কুপিতা উদায়ুধা সুপর্ণমুন্নদ্ধফণা ইবাহয়ঃ।। ৪।।

অন্বয়ঃ।

আর্ষাস্ত্রং (ঋষেঃ নারায়ণাৎ উদ্ভূতং আর্ষং অস্ত্রং) ধনুষি প্রযুঞ্জতঃ সংদধতঃ তস্য ধ্রুবস্য কলহংসবাসসঃ (কলহংসানাং ইব বাসাংসি পক্ষাঃ যেষাং তে) সুবর্ণপুঙ্খাঃ সুবর্ণময়াঃ পুঙ্খাঃ মূলপ্রান্তাঃ যেষাং তে) শরাঃ ভীমরবাঃ (ভীমঃ ভয়ঙ্করঃ রবঃ শব্দঃ যেষাং তে) শিখণ্ডিনঃ ময়ূরাঃ, যথা বনং বিশন্তি তথা বিনিঃসৃতাঃ সন্তঃ (দ্বিষদ্বলং দ্বিষতাং শত্রুণাং বলং সেনাং) আবিবিশুঃ ॥ ৩ ॥

তদা তৈঃ তিগ্মধারৈঃ তীক্ষ্ণাগ্রভাগৈঃ, শিলীমুখৈঃ শরৈঃ, উপদ্রুতাঃ উদ্বেজিতাঃ, অতএব কুপিতাঃ উদয়ুধাঃ (উদ্যতানি আয়ুধানি যৈঃ তে) পুণ্যজনাঃ যক্ষাঃ উন্নদ্ধফণাঃ উত্থিতফণাঃ অহয়ঃ সুপর্ণং গরুড়ং ইব প্রধানে যুদ্ধভূমৌ, তং ধ্রুবং, ইতস্ততঃ অভ্যধাবন্ সম্মুখং আগতাঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ তস্যার্ষাস্ত্রং ঋষের্নারায়ণাদুদ্ভূতমস্ত্রং প্রযুঞ্জতঃ সন্দধতঃ সতঃ সুবর্ণময়াঃ পুঙ্খা মূলপ্রান্তা যেষাং কলহংসানাং বাসাংসি পক্ষা যেষাং তে শরা বিনিঃসৃতা ইতি দ্রষ্টব্যং উপরিষ্টাৎ শিলীমুখগ্রহণাৎ ॥ ৩ ॥

প্রধনে যুদ্ধে উন্নদ্ধাঃ উচ্ছ্রিতাঃ ফণা যেষাং তে সর্পাঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আর্ষাস্ত্রং ঋষের্নারায়ণস্যাস্ত্রং। পুংখাঃ মূলপ্রান্তা বাসাংসি পক্ষাঃ বিনিঃসৃতাঃ শরা ইতি শেষঃ ॥ ৩ ॥ ৪ ॥

সৈন্য মধ্যে প্রবেশ করিল ॥ ৩ ॥

তীক্ষ্ণাগ্র শিলীমুখের তীব্র বেধনে প্রপীড়িত যক্ষগণ নিতান্ত কুপিত হইয়া স্ব স্ব অস্ত্র উত্তোলন পূর্ব্বক, ফণাধারণে ফণিকুলের গরুড়াভিমুখে ধাবিত হইবার ন্যায়, রণক্ষেত্রের ইতস্তত হইতে ধ্রুবের অভিমুখে ধাবিত হইল ॥ ৪ ॥

আভাস।

ভক্ত যদি ভ্রমে কোন গর্হিতাচরণ করেন, তজ্জন্য তাঁহাকে বিপন্ন হইতে হয় না। ধ্রুব বিনা কারণে নিরপরাধী যক্ষগণের প্রাণ বিনাশে অগ্রসর হইলেও, পুণ্যজন যক্ষগণ তাঁহার অনিষ্ট সাধনে সক্ষম হয় নাই। ধ্রুবের বিপক্ষে তাহাদের সকল উদ্যমই নিষ্ফল হইয়াছিল। তাহারা ধ্রুবকে নিহত করিবে বলিয়া তদভিমুখে যখন ধাবিত হইল, তখন ফণা বিস্তারে ভুজঙ্গ গরুড়াভিমুখে ধাবিত হইলে যেমন আপনাদের মৃত্যুকেই আপনারা আলিঙ্গন করে, সেইরূপ যক্ষগণও মৃত্যুমুখে পতিত হইতে লাগিল ॥ ৪ ॥

স তান্ পৃষৎকৈরভিধাবতো মৃধে নিকৃত্তবাহূরুশিরোধরোদরান্।
নিনায় লোকং পরমর্কমণ্ডলং ব্রজন্তি নির্ভিদ্য যমূর্দ্ধরেতসঃ॥ ৫॥
তান্ হন্যমানানভিবীক্ষ্য গুহ্যকাননাগস শ্চিত্ররথেন ভূয়সা।

অন্বয়ঃ।

সঃ ধ্রুবঃ অভিধাবতঃ অপি মৃধে যুদ্ধে, পৃষৎকৈঃ নিকৃত্তবাহূরুশিরোধরোদরান্ (নিকৃত্তাঃ বাহ্বাদয়ো যেষাং তান্) তান্ যক্ষান্ পরমর্কমণ্ডলং যৎ অর্কমণ্ডলং নির্ভিদ্য ঊর্দ্ধরেতসঃ ব্রজন্তি তং লোকং নিনায় প্রাপিতবান্॥ ৫॥

ভূয়সা বলিনা, চিত্ররথেন ধ্রুবেণ অনাগসঃ নিরপরাধান্, গুহ্যকান্ হন্যমানান্ অভিবীক্ষ্য

শ্রীধরস্বামী।

পৃষৎকৈর্বাণৈঃ নিকৃত্তা বাহ্বাদয়ো যেষাং তান্ পরলোকং নিনায়। কথম্ভূতং ঊর্দ্ধরেতসঃ সংন্যাসিনোঽর্কমণ্ডলং নির্ভিদ্য যং ব্রজন্তি তং॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পৃষৎকৈর্ব্বাণৈ নিকৃত্তবাহ্বাদীন্ তান্ পরং সত্যলোকং নিনায় যং লোকং ঊর্দ্ধরেতসঃ সন্ন্যাসিনোঽর্কমণ্ডলং নির্ভিদ্য ব্রজন্তীতি ভগবদ্ভক্তহস্তমৃত্যুতো বিশিষ্ট স্বর্গিণস্তে বভূবুঃ। আব্রহ্ম ভূবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুন ইতি শ্রীগীতোক্তে রাবর্ত্তিষান্ত এব তে। নতু সন্ন্যাসিসাহচর্য্যেব তেষাং মুক্তি র্ব্যাখ্যেয়া। স্বয়ং ভগবন্তং শ্রীকৃষ্ণং বিনা

সমবেত শত্রুকুল মারণাভিপ্রায়ে নিজের অভিমুখে আগত নিরীক্ষণ করিয়া, মহারথ ধ্রুব অস্ত্রের প্রহারে তাহাদিগের বাহু উরু মস্তক ও গলদেশ নিকৃন্তন পূর্ব্বক ঊর্দ্ধরেতা সন্ন্যাসিগণ সূর্য্যমণ্ডল অতিক্রম করত যে পরম স্থানে গমন করেন, তাহাদিগকে নিধন করিয়া সেই পরমলোকে প্রেরণ করিলেন॥ ৫

বিপুলবিক্রম মহাধনুর্দ্ধর চিত্ররথ ধ্রুব নিরপরাধী যক্ষগণকে এইরূপে নিহত করিতেছেন অবলোকন করিয়া, পিতামহ মনু সাতিশয় দুঃখিত হইলেন; এবং যক্ষগণের উপর অনুগ্রহ প্রকাশে ঋষিগণকে সমভিব্যাহারে

আভাস।

ভক্তের হস্তে নিহত হইলেও শ্রেয়ো লাভ হয়। যক্ষগণ ধ্রুবের অস্ত্রে নিহত হইয়া, সূর্য্যলোকেরও অতীত পরম স্থানে গমন করিলেন। ঊর্দ্ধরেতা সন্ন্যাসিগণই এরূপ স্থানে গমন করিয়া থাকেন। ইহাতে যদিও তাঁহারা মুক্তি লাভ করেন নাই বটে, তথাপি ধ্রুবের প্রসাদে স্বর্গবাসী যে হইয়াছিলেন, তাহাতে আর সন্দেহ নাই। কারণ পরমেশ্বর নারায়ণ ব্যতীত জীবকে কেহ মুক্তিপদ দিতে পারেন না॥ ৫॥

যক্ষগণের এইরূপ দুরাবস্থা দর্শনে পিতামহ মনুর হৃদয়ে সাতিশয় দয়ার উদ্রেক হইল; তিনি নিজ পৌত্র ধ্রুবকে এই দারুণ কর্ম্ম হইতে নিবৃত্ত করিবার চেষ্টা করিলেন। কিন্তু

ঔত্তানপাদিং কৃপয়া পিতামহো মনুর্জগাদোপগতঃ সহর্ষিভিঃ ॥ ৬॥

মনুরুবাচ ॥

অলং বৎসাতিরোষেণ তমোদ্বারেণ পাপ্মনা।

যেন পুণ্যজনানেতানবধীস্ত্বমনাগসঃ ॥

নাস্মৎকুলোচিতং তাত কর্ম্মৈতৎ সদ্বিগর্হিতং।

বধো যদুপদেবানামারব্ধস্তেঽকৃতৈনসাং ।। ৭ ॥

অন্বয়ঃ।

কৃপয়া করুণয়া মহর্ষিভিঃ সহ উপগতঃ সমীপং আগতঃ পিতামহঃ মনুঃ ঔত্তানপাদিং ধ্রুবং, জগাদ উবাচ ॥ ৬ ॥

মনুঃ উবাচ। হে বৎস! যেন ত্বং অনাগসঃ নিরপরাধান্, অপি এতান্ পুণ্যজনান্ অবধীঃ তেন তমোদ্বারেণ (তমসঃ নরকস্য দ্বারভূতেন) অতএব পাপ্মনা পাপজনকেন, রোষেণ অলং পূর্ণং, পুনঃ সঃ রোষঃ ন কার্য্যঃ॥

তে ত্বয়া অকৃতৈনসাং (ন কৃতং এনঃ পাপং অপরাধঃ যৈঃ তেষাং) উপদেবানাং যক্ষাণাং, যং বধঃ আরব্ধঃ তং এতং সদ্বিগর্হিতং (সদ্ভিঃ বিগর্হিতং নিন্দিতং কর্ম্ম) হে তাত! অস্মৎ-কুলোচিতং ন ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

অনাগসো নিরপরাধান্ ॥ ৬ ॥ তমসো নরকস্য দ্বারেণ যেন রোষেণ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংগ্রামমৃতানাং কালনেম্যাদীনামবতারান্তরেভ্যোঽপি মোক্ষাদর্শনাং ॥ ৫ ॥ ৬ ॥

উপদেবানাং যক্ষাণাং ॥ ৭ ॥

লইয়া রণক্ষেত্রে স্বয়ং উপনীত হইলেন এবং উত্তানপাদনন্দন ধ্রুবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ৬ ॥

হে বৎস! তুমি যে, এই পুণ্যজন যক্ষগণকে বিনা অপরাধে বধ করিতেছ, তাহাতে তুমি অপরাধী হইতেছ, সন্দেহ নাই। এইরূপ নিরর্থক ক্রোধ প্রকাশে তোমার অজ্ঞান-মূলক নরকেরই দ্বার উদ্‌ঘাটিত হইতেছে। অতএব যথেষ্ট হইয়াছে; এক্ষণে ক্ষান্ত হও!॥

দেখ! সাধুগণ কখন নিরপরাধীকে নিহত করেন না; এই সমস্ত যক্ষকুল কিছু তোমার কোনরূপ বিপরীতাচরণ করেন নাই; তখন তুমি

আভাস।

পাছে ধ্রুব তাঁহার বাক্যে কিঞ্চিন্মাত্র অনাস্থা প্রদর্শন করেন, এই ভয়ে ভক্ত ধ্রুবের ভক্তির পাত্র ঋষিবৃন্দকে নিজ সমভিব্যাহারে লইয়া সেই রণক্ষেত্রে উপস্থিত হইলেন ॥ ৬॥

নম্বেকস্যাপরাধেন তৎসঙ্গাদ্বহবো হতাঃ।
ভ্রাতু র্বধাভিতপ্তেন ত্বয়াঙ্গ ভ্রাতৃবৎসল ॥ ৮ ॥
নায়ং মার্গো হি সাধূনাং হৃষীকেশানুবর্ত্তিনাং।

অন্বয়ঃ।

হে অঙ্গ ভ্রাতৃবৎসল! ভ্রাতুঃ বধাভিতপ্তেন ত্বয়া একস্য ত্বদ্ভ্রাতৃহন্তুঃ যক্ষস্য অপরাধেন তৎসঙ্গাৎ বহবঃ নিরপরাধিনঃ যক্ষাঃ এব হতাঃ ॥ ৮ ॥

যৎ পরাগ্ বহির্ভূতং, আত্মানং দেহং, (প্রত্যগ্ভূতং) গৃহ্য মত্বা, পশুবৎ ভূতবৈশসং

শ্রীধরস্বামী।

ননু মদ্ভ্রাতৃহন্তারঃ কথমকৃতৈনসঃ অত আহ নম্বিতি। ৮॥

সত্যপ্যপরাধে চৈতদুচিতং ন ভবতীত্যাহ নায়মিতি। পরাগ্গৃহ্য পরাগ্ভূতং দেহমাত্মানং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু নিশ্চিতমেকস্য ত্বদ্ভ্রাতৃহন্তু র্যক্ষস্যাপরাধেন তৎসঙ্গাৎ তৎসঙ্গহেতোরিত্যর্থঃ ॥ ৮॥

ব্যাবহারিক-স্নেহপারবশ্যং ভক্তানামনুচিতং কিং পুন স্তেন পরহিংসেত্যাহ নায়মিতি। যদাত্মানং দেহং পরাগ্গৃহ্য পরাগ্ভূতমপি আত্মত্বাভিমানেন গৃহীত্বা পশবো যথা দেহসম্বন্ধেনা-

ইহাদিগকে বধ করিলে, লোকে তোমাকে নিন্দা করিবে; এবং এরূপ কর্ম্ম আমাদের কুলোচিত ধর্ম্ম কখনই নহে ॥ ৭ ॥

তুমি ভ্রাতা উত্তমের নিধনেই সাতিশয় উত্তেজিত হইয়া, ঈদৃশ কর্ম্মে অগ্রসর হইয়াছ সত্য! কিন্তু তোমার বিবেচনা করা কর্ত্তব্য যে, একের অপরাধে অন্যে কখন দণ্ডনীয় নহে; একজন যক্ষ তোমার ভ্রাতাকে বিনাশ করিয়াছে বলিয়া, তুমি কোন্ বিবেচনায় অদ্য সমগ্র যক্ষকুলকে নির্ম্মূলিত করিতে অগ্রসর হইয়াছ? ॥ ৮ ॥

দেখ! যাহারা জ্ঞানহীন মূর্খ, কেবল দেহকেই পরমার্থ বোধে চিন্তা করে, তাহারা দেহসম্বন্ধীয় স্বার্থের অনুরোধে পশুর ন্যায় প্রাণিসমূহের

আভাস।

মনু ধ্রুবকে সম্বোধন পূর্ব্বক প্রথমত হিংসাকার্য্যের দোষ প্রদর্শন করাইলেন। অর্থাৎ ধ্রুবের ন্যায় নিষ্পাপ হৃদয়ে হিংসাবৃত্তির প্রশ্রয়ে পাপের অবসর দেওয়া ভাল হয় নাই। দ্বিতীয়ত পাপীর প্রতি দণ্ডবিধানই রাজার কর্ত্তব্য; নিরপরাধীর প্রতি অন্যায় আচরণ করায়, বিশেষ পাপেরই সম্ভাবনা। এস্থলে, এক জন যক্ষ উত্তমকে নিহত করিয়াছিল বলিয়া, সকল যক্ষ অপরাধীরূপে কখনই গণনীয় নহে। অতএব কেবল ভ্রাতৃস্নেহের অনুরোধে যাবতীয় যক্ষের প্রাণবিনাশ করা ধ্রুবের ন্যায় সংযতচেতা ব্যক্তির কখনই কর্ত্তব্য হয় নাই। বিশেষত এরূপ স্নেহের বশীভূত হওয়াও জ্ঞানবান্ ভক্তের অবিধেয়। যাহারা কেবল দেহকে সর্ব্বস্বধন

যদাত্মানং পরাগ্ গৃহ্য পশুবদ্ভূতবৈশসং ॥ ৯ ॥
সর্ব্বভূতাত্মভাবেন ভূতাবাসং হরিং ভবান্।
আরাধ্যাপ দুরারাধ্যং বিষ্ণোস্তং পরমং পদং ॥ ১০ ॥

অন্বয়ঃ।

(ভূতানাং প্রাণিনাং বৈশসং হিংসনং) সোঽয়ং হৃষীকেশানুবর্ত্তিনাং (হৃষীকাণি ইন্দ্রিয়াণি তেষাং ঈশঃ নিয়ন্তা, তদনুবর্ত্তিনাং) সাধূনাং হি মার্গঃ ন ভবতি ॥ ৯ ॥

সর্ব্বভূতাত্মভাবেন (সর্ব্বেষাং ভূতানাং স্থাবরজঙ্গমানাং আত্মত্বেন) ভূতাবাসং (ভূতেষু আবসতীতি তং) দুরারাধ্যং হরিং আরাধ্য যঃ ভবান্ বিষ্ণোঃ তং পরমং পদং আপ প্রাপ্তবান্ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

গৃহীত্বা পশবো যথা দেহাভিমনাদন্যোন্যং ঘ্নন্তি তথা ভূতানাং বৈশসং হিংসেতি যৎ ॥ ৯ ॥

ত্বঞ্চ বালো সাধুঃ সন্নিদানাং কথমন্যথা কৃতবানিত্যাহ সর্ব্বভূতাত্মভাবেনেতি দ্বাভ্যাং ॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যোঽন্যং ঘ্নন্তি তথা ভূতানাং বৈশসং হিংসেতি। যৎ ছন্দসি ল্যোপপ্। পরাগৃহ্যেতি পাঠে পরেতি নিষেধার্থকং। জীবাত্মানমগৃহীত্বেত্যর্থঃ ॥ ৯ ॥

তবত্ত ভক্তেষপ্যাতিশ্রেষ্ঠস্যৈতদত্যন্তমনুচিতমিত্যাহ দ্বাভ্যাং। সর্ব্বেষু ভূতেষাত্মনঃ স্বস্যৈব ভাবো ভাবনা তেন ॥ ১০ ॥

প্রাণবধে অগ্রসর হয়, হউক্! ইন্দ্রিয়াধিষ্ঠাতা ভগবান্ হৃষীকেশের অনুগত তদীয় ভক্ত সাধুগণের আচরণ কখন এরূপ হওয়া সঙ্গত নহে ॥ ৯ ॥

স্থাবর জঙ্গমাত্মক যাবতীয় ভূতের অন্তরে ভগবান্ জনার্দ্দন অধিষ্ঠিত আছেন; ভূতসম্বন্ধে পরস্পরের মধ্যে প্রকৃত প্রস্তাবে কোন ভেদ নাই। তুমি যখন সেই সকলের দুরারাধ্য ভগবান্ জনার্দ্দনের আরাধনার দ্বারা তাঁহার পরম পদ লাভ করিয়াছ ॥ ১০ ॥

আভাস।

ও আত্মা বলিয়া জানে, তাহারাই সেই দেহের রক্ষাবিধানার্থ পশুহিংসা ও ভূতদ্রোহাদি করিয়া থাকে বটে; কিন্তু জ্ঞানবান্ ঈশ্বরপরায়ণ ব্যক্তির পক্ষে এরূপ কার্য্য কখনই সঙ্গত নহে ॥ ৭—৯ ॥

তুমিও সাধারণ ব্যক্তি নহ! কারণ দুরারাধ্য ভগবানকে আরাধনার বলে সন্তুষ্ট করিয়াছ! এবং তাঁহার নিকট হইতে যখন দুর্লভ বৈষ্ণবপদবী লাভ করিয়াছ, তখন বিষ্ণুকে আরাধনার যে পথ, তাহা বিলক্ষণ অবগত আছ। কারণ ভগবানকে আরাধনা করিব মনে করিলেই, আরাধনা করা হয় না; এবং কেবল তাঁহার আরাধনাতেই আরাধনা পূর্ণ হয় না। কারণ "ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি"। এই গীতাবাক্য অনুসারে এবং "একো দেবঃ

স ত্বং হরেরনুধ্যাতস্তৎপুংসামপি সম্মতঃ।
কথং ত্ববদ্যং কৃতবাননুশিক্ষন্ সতাং ব্রতং ॥ ১১ ॥
তিতিক্ষয়া করুণয়া মৈত্র্যা চাখিলজন্তুষু।

অন্বয়ঃ।

সঃ হরেঃ অনুধ্যাতঃ (স্বকীয়ত্বেন চিন্তিতঃ) তৎপুংসাং ভগবদ্ভক্তানাং সম্মতঃ ত্বং সতাং নারদাদীনাং, ব্রতং আচরণং, অনুশিক্ষন্ কথং তু অবদ্যং নিন্দ্যং কর্ম্ম কৃতবান্ ॥ ১১ ॥

(দ্বিষৎসু) তিতিক্ষয়া তৎকৃততিরস্কারসহনেন, (হীনেষু) করুণয়া, (সমেষু) মৈত্র্যা অখিল-

শ্রীধরস্বামী।

অনুধ্যাতঃ হৃদিস্থিতঃ তৎপুংসাং হরিদাসানামপি সাধুত্বেন সম্মতঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হরেরনুধ্যাতঃ অনু নিরন্তরং ধ্যাতং ধ্যানং যস্মিন্ সঃ॥ বাৎসল্যাদ্ধরিণাপি স্মর্য্যমাণ ইত্যর্থঃ। তৎপুংসাং নারদাদীনামপি কৃপাপাত্রীভূতঃ ॥ ১১ ॥

সতাং ব্রতমেবাহ মহৎসু তিতিক্ষয়া, নীচেষু করুণয়া, সমেষু মৈত্র্যা, এবং অখিলজন্তুষু সমত্বেন স্বতুল্যহর্ষশোকক্ষুৎপিপসাদিমত্ত্বভাবনয়া। যদুক্তং আত্মৌপম্যেন সর্ব্বত্র সমং

নারায়ণ তোমাকে যখন স্বকীয় ভক্ত বলিয়া গ্রহণ করিয়াছেন এবং ভগবদ্ভক্তগণও তোমার গৌরব করিয়া থাকেন; বিশেষত নারদাদি সাধু ব্যক্তিগণের সদুপদেশে তুমি যখন উপদিষ্ট, তখন এরূপ শিষ্টবিগর্হিত কার্য্য কেন করিতেছ ? ॥ ১১ ॥

দেখ ! প্রবল শত্রুগণের তিরস্কারাদিকে সহ্য করিয়া, সমতুল্য ব্যক্তিগণের প্রতি সৌহার্দ্দ প্রদর্শন করিয়া এবং হীন ব্যক্তির প্রতি করুণা বিতরণের দ্বারা

আভাস।

সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বসাক্ষী সর্ব্বভূতান্তরাত্মা, ইত্যাদি শ্রুতি অনুসারে স্পষ্টই প্রকাশ যে, ভগবান্ সর্ব্বভূতের হৃদয়ে অবস্থিতি করিতেছেন। "দেহো দেবালয়ঃ প্রোক্তো জীবো দেবঃ সদাশিবঃ" জীবদেহ ভগবানের আবাস-মন্দির এবং দেহাভ্যন্তরস্থ জীবই ভগবানের অংশ স্বরূপ। অতএব ভগবানকে আরাধনা করিতে হইলে, ভূতমাত্রকে নিজের স্বরূপে অবলোকন করিতে হয়। কিন্তু তুমিই সেই সংসারের দারুণ ভেদবুদ্ধিকে বিস্মৃত হইয়া, সকল ভূতকে নিজের তুলনায় চিন্তা করিয়া আসিয়াছ ; এবং সাধুশিরোমণি দেবর্ষি নারদের উপদেশকে আশ্রয় করিয়া, ভগবান্ বাসুদেবকে নিরন্তর হৃদয়পদ্মে চিন্তা করিয়া আসিতেছ। কিন্তু, কি দুঃখের বিষয় ! তোমার ন্যায় তাদৃশ ঈশ্বরপরায়ণ ব্যক্তির দ্বারাও এরূপ লোকবিগর্হিত কর্ম্মও আচরিত হইল ? ॥ ১০ ॥ ১১ ॥

সাধুগণ কিরূপ সদাচারের অনুষ্ঠানে যে ভগবানের প্রসন্নতা লাভ করেন, তাহাই এই

সমত্বেনচ সর্ব্বাত্মা ভগবান্ সংপ্রসীদতি ॥ ১২ ॥
সংপ্রসন্নে ভগবতি পুরুষঃ প্রাকৃতৈ গু´ণৈঃ।
বিমুক্তো জীবনির্ম্মু´ক্তো ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

জন্তষু (অখিলেষু জন্তষু) সমত্বেন চ সর্ব্বাত্মা ভগবান্ সম্প্রসীদতি ॥ ১২ ॥

ভগবতি সংপ্রসন্নে সতি পুরুষঃ প্রাকৃতৈঃ রজঃসত্ত্বতমোভিঃ, গুণৈঃ বিমুক্তঃ অতএব জীব-নির্ম্মুক্তঃ (জীবেন লিঙ্গদেহেন নির্ম্মুক্তঃ সন্) নির্ব্বাণং সংসারাতীতং ব্রহ্ম ভগবন্তং ঋচ্ছতি প্রাপ্নোতি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

সতাং ব্রতমেবাহ মহৎসু তিতিক্ষয়া নীচেষু করুণয়া সমানেষু মৈত্র্যা অখিলজন্ত সমত্বেনচ ॥ ১২ ॥

ততঃ কৃতার্থো ভবতীত্যাহ। সংপ্রসন্নে সতি গুণৈর্বি´যুক্তঃ অতএব তৎকার্য্যেণ জীবেন লিঙ্গশরীরেণ নির্ম্মুক্তঃ সন্ নির্ব্বাণং সুখাত্মকং ব্রহ্ম প্রাপ্নোতি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পশ্যতি যোঽর্জ্জুন। সুখং বা যদি বা দুঃখং স যোগী পরমো মত ইতি। সর্ব্বাত্মেতি সর্ব্বভূতেষু তুষ্যৎসু ভগবত্তোষোঽনুমেয় ইত্যর্থঃ ॥ ১২ ॥

জীবেন লিঙ্গশরীরেণ নির্মু´ক্তঃ ব্রহ্মনির্ব´াণং জ্ঞানী চেৎ সাযুজ্যং ভক্তশ্চেৎ অধোক্ষ-জালম্বনকং দাস্যং অধোক্ষজালম্বনমিহেত্যত্র তদ্ব্রহ্মনির্ব্বাণসুখং বিদুর্বু´ধা ইতি প্রহ্লাদোক্তে স্তদা প্রাকৃতৈগু´ণৈর্বিমুক্তঃ অপ্রাকৃতৈস্ত বিশিষ্ট ইত্যর্থঃ ॥ ১৩ ॥

সর্ব্বাত্মা ভগবানের প্রসন্নতা লাভ করিতে হয়। ১২ ॥

ভগবান্ যদি সুপ্রসন্ন হন, তবেই পুরুষ সত্ত্বাদি গুণত্রয়ের কুহক হইতে অব্যাহতি লাভ করে এবং লিঙ্গদেহ হইতে নির্ম্মু´ক্তিলাভে সংসারের অতীত ব্রহ্মপদ প্রাপ্ত হয়, সন্দেহ নাই। ১৩ ॥

আভাস।

শ্লোকে বর্ণিত হইয়াছে। শত্রুকৃত অপমানকে সহ্য করা, দীনজনের প্রতি করুণা করা, সমতুল্য ব্যক্তির প্রতি মিত্রতা করা এবং ভূতমাত্রের প্রতিই আত্মসমতুল্যতা জ্ঞান করাই চিত্ত-প্রসাদনের প্রধান উপায়। যেমন স্বচ্ছ সলিলে সূর্য্যের প্রতিবিম্ব স্পষ্টত প্রতীত হয়, সেইরূপ প্রসন্নচিত্তেই ভগবৎস্বরূপের সাক্ষাৎকার হইয়া থাকে ॥

ভগবানের সাক্ষাৎকার লাভ হইলে, মায়া আর স্বীয় প্রতাপের পরিচয় দিতে পারেন না; জীবও লিঙ্গদেহরূপ জীবত্বের উপাধি পরিহারে নির্ব্বাণস্বরূপ ব্রহ্মপদবী লাভ করিয়া থাকে ॥ ১২ ॥ ১৩ ॥

মনু বলিলেন, হে ধ্রুব! ভ্রাতৃহন্তা বলিয়াও যদি তোমার মনে কোন বিকার উপস্থিত

ভূতৈঃ পঞ্চভিরারব্ধৈ র্যোষিৎ পুরুষ এবহি।
তয়োর্ব্যবায়াৎ সম্ভূতি র্যোষিৎপুরুষয়োরিহ ॥ ১৪ ॥
এবং প্রবর্ত্ততে সর্গঃ স্থিতিঃ সংযম এবচ।

অন্বয়ঃ।

পঞ্চভিঃ ক্ষিত্যাদিভিঃ ভূতৈঃ আরব্ধৈঃ দেহাদ্যাকারেণ পরিণতৈঃ, যোষিৎ পুরুষশ্চ ব্যবহ্রিয়তে ; তয়োঃ সকাশাৎ এব পুনঃ হি স্ত্রিপুংসয়োঃ সম্ভূতিঃ জন্ম ভবতি ॥ ১৪ ॥

হে রাজন্ ! এবং পূর্ব্বোক্তপ্রকারেণ পরমাত্মনঃ মায়য়া গুণব্যতিকরাৎ (গুণানাং ন্যূনাধিক-

শ্রীধরস্বামী।

ভ্রাতৃহন্তৃত্বমঙ্গীকৃত্যোক্তমিদানীন্তু নাত্মনো ভ্রাতৃপুত্রাদিসম্বন্ধঃ। নচান্যোন্যং হন্তৃত্বাদিকমপীত্যাহ দশভিঃ। ভূতৈঃ পঞ্চভিরারব্ধৈঃ দেহাদ্যাকারেণ পরিণতৈঃ। যোষিৎ পুরুষশ্চেতি প্রসিদ্ধিঃ। তয়োর্ব্ব্যবায়াৎ মৈথুনাৎ সংভূতিরন্যয়োর্যোষিৎপুরুষয়োরিহ সংসারে ভবতি ॥ ১৪॥

এবং তাবৎ সর্গঃ প্রবর্ত্ততে এবং পালকাকারেণ পরিণতৈর্ভূতৈরেব স্থিতিঃ। হন্তৃদেহাকার-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বস্তুনি বিচার্য্যমাণে তু কঃ কস্য হন্তা বধ্যো বেত্যাহ দশভিঃ। ভূতৈঃ পৃথিব্যাদিভিরারব্ধৈর্দেহৈর্যোষিৎ পুরুষশ্চ তয়োর্ব্যবায়াদন্যয়োর্যোষিৎপুরুষয়োঃ সংভূতি রুৎপত্তি র্ভবতি ॥ ১৪ ॥

এবং ভূতৈ র্যথা সর্গঃ প্রবর্ত্ততে তথা তৈরেব পিতৃমাত্রাদ্যাকারৈঃ স্থিতিঃ পালনং তৈরেব

দেখ ! ক্ষিত্যাদি ভূতপঞ্চকই দেহরূপে পরিণত হইয়া, পুরুষ ও নারীর বেশ ধারণ করে ; আবার সেই স্ত্রীপুরুষের সহবাসেই অপর স্ত্রী ও পুরুষের উৎপত্তি হইয়া থাকে ॥ ১৪ ॥

হে নরনাথ ! সেই পরমাত্মার মায়াপ্রভাবেই গুণত্রয়ের বৈষম্য উপস্থিত

আভাস।

হইয়া থাকে, তাহাও অন্যায়। কারণ দেহনিষ্ঠত্ব সম্বন্ধে আত্মা কখন সংসৃষ্ট থাকেন না। এবং কেহ যে কাহাকেও বধ করে, তাহাও সঙ্গত নহে। আত্মা অজর অমর সনাতন এবং বিভু পদার্থ। দেহসম্বন্ধেও পরস্পরে কোন ভেদ নাই। কারণ দেহের উপাদান ভূতপঞ্চক সকল দেহেই সমানরূপে বিদ্যমান ; পঞ্চভূতের মিলনে দেহ উৎপন্ন হইয়া পুরুষ ও যোষিৎ নামে অভিহিত হইয়া থাকে মাত্র। পুনরায় এই উভয়বিধ দেহের সংস্রবে অভিনব পুরুষ ও যোষিতের উৎপত্তি হইয়া থাকে। অতএব আত্মা ও দেহসম্বন্ধে পরস্পরে কোন ভেদ নাই। সুতরাং ভূতপঞ্চকের দ্বারা সৃষ্টি, মাতা ও পিতারূপে পালন এবং ব্যাঘ্র ও চৌরাদিরূপে যে সংহার ক্রিয়া আমরা জগতে দেখিতেছি, সেই সকল মূলে ভূতভাবন ভগবানের মায়াগুণের বৈষম্যে মাত্র ঘটিয়া থাকে। কারণ রজোগুণে সৃষ্টি, সত্ত্বগুণে পালন এবং তমোগুণে সংহার ধারাবাহিকরূপে চলিয়া আসিতেছে। অবশ্য, এই গুণত্রয়ের নিয়ামকরূপে এক কালকে অবলম্বন করা যায় বটে, কিন্তু সে কালও ভগবানের চেষ্টাশক্তির বিকাস মাত্র। জ্ঞান-

গুণব্যতিকরাদ্রাজন্ মায়য়া পরমাত্মনঃ ॥ ১৫ ॥
নিমিত্তমাত্রং তত্রাসীন্নির্গুণঃ পুরুষর্ষভঃ ।
ব্যক্তাব্যক্তমিদং বিশ্বং যত্র ভ্রমতি লৌহবৎ ॥ ১৬ ॥

অন্বয়ঃ

ভাবাং (রজসঃ ঔৎকট্যে) সর্গঃ (সত্ত্বস্যঔৎকট্যে) স্থিতিঃ (তমসঃ ঔৎকট্যে) সংযমঃ এব চ প্রবর্ত্ততে ॥ ১৫ ॥

লৌহবৎ (অয়স্কান্তসন্নিধানমাত্রেণ অচেতনমপি লৌহং যথা প্রবর্ত্ততে তদ্বৎ) যত্র যস্মিন্ পরমাত্মনি নিমিত্তে সতি ইদং ব্যক্তাব্যক্তং স্থূলসূক্ষ্মাত্মকং কার্য্যকারণাত্মকং, বিশ্বং ভ্রমতি কার্য্যাদৌ পরিবর্ত্ততে সঃ পুরুষর্ষভঃ পুরুষোত্তমঃ, তত্র সর্গাদৌ নিমিত্তমাত্রং আসীৎ (তত্র তস্য আসক্তিঃ প্রয়াসো বা ন ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

পরিণতৈঃ সংযমঃ সচ পরমাত্মনো মায়য়া গুণানাং ব্যতিকরান্নতু স্বতঃ ॥ ১৫ ॥

নন্থ দেহানাং জড়ানাং গুণানাংবা কথং সর্গাদিহেতুত্বং তত্রাহ নিমিত্তমাত্রং পুরুষর্ষভঃ ঈশ্বরঃ যত্র যস্মিন্ নিমিত্তে সতি কার্য্যকারণাত্মকং বিশ্বং ভ্রমতি পরিবর্ত্ততে যথা অয়স্কান্তে নিমিত্তে সতি লৌহং পরিবর্ত্ততে তদ্বৎ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দস্যুব্যাঘ্রসর্পাদ্যাকারৈঃ সংযমো নাশশ্চ। তত্র কিঞ্চ পরমাত্মনো মায়য়া গুণব্যতিকরাদেব নতু স্বতঃ। রজসা সর্গঃ। সত্ত্বেন স্থিতিঃ। তমসাহঙ্কার ইত্যর্থঃ ॥ ১৫ ॥

নন্থ জড়ানাং যোষিৎপুরুষাদিদেহানাং গুণানাং বা চৈতন্যাধিষ্ঠানং বিনা কথ সর্গাদি-হেতুত্বং তত্রাহ। নিমিত্তমাত্রং পুরুষর্ষভ ঈশ্বরোঽধিষ্ঠাতা যত্র যস্মিন্নিমিত্তে সতি কার্য্যকারণাত্মকং বিশ্বং ভ্রমতি জড়মপি চেতনীভবৎ দেবমনুষ্যাদিরূপেণ তথা তথা পরিবর্ত্ততে। যথা অয়স্কান্তে নিমিত্তে সতি লোহং নিশ্চেষ্টমপি সচেষ্টং ভবতি ॥ ১৬ ॥

হইয়া রজোগুণের উৎকর্ষে সৃষ্টি, সত্ত্বের প্রাবল্যে পালন এবং তমোগুণের আধিক্যে ধ্বংস পর্য্যায়ক্রমে ঘটিয়া থাকে ॥ ১৫ ॥

অয়স্কান্তের সন্নিধানে অচেতন লৌহও যেমন ক্রিয়াশক্তির বিকাসে চঞ্চল হয়, সেইরূপ যে পরমাত্মা কেবল নিমিত্তমাত্র রূপে অবস্থান করিলেই এই স্থূল সূক্ষ্মাত্মক বিশ্ব সংসার কার্য্যে পরিণত হইতেছে, সেই পুরুষশ্রেষ্ঠ ভগবান্ সৃষ্ট্যাদি সম্বন্ধে কেবল নির্লিপ্ত ও নিমিত্তমাত্র; ইহাতে তাঁহার আসক্তি বা কণামাত্র প্রয়াসও নাই ॥ ১৬ ॥

আভাস।

স্বরূপ পূর্ণব্রহ্মের কোন পরিণাম হয় না; তাহার ঈক্ষণে তদীয় শক্তি মায়া পরিণত হয়। ভগবান্ অনাসক্তভাবে সর্ব্বত্র অনুস্যূত থাকেন; কর্ত্তা বা ভোক্তা কখন হন না সাক্ষী,

স খল্বিদং ভগবান্ কালশক্ত্যা গুণপ্রবাহেণ বিভক্তবীর্য্যং।
করোত্যকর্ত্তৈব নিহন্ত্যহন্তা চেষ্টা বিভূম্নঃ খলু দুর্ব্বিভাব্যা॥ ১৭॥

অন্বয়ঃ।

কালশক্ত্যা গুণপ্রবাহেণ সৃষ্ট্যাদিনিমিত্তেন কালাখ্যয়া স্বশক্ত্যা, বিভক্তবীর্য্যঃ (বিভক্তং বীর্য্যং রজ আদি শক্তি র্যস্য সঃ) ভগবান্ খলু ইদং বিশ্বং অকর্ত্তা এব করোতি অহন্তা এব নিহন্তি। বিভূম্নঃ মহত্তমস্য, ভগবতঃ চেষ্টা লীলা খলু দুর্বিভাব্যা অচিন্ত্যা এব॥ ১৭॥

শ্রীধরস্বামী।

ননু স চেন্নিমিত্তং তর্হি তস্যাবিশেষাৎ যুগপদেব সর্গাদিত্রয়ং ভবেৎ অত আহ স খল্বিতি। কালশক্ত্যা ক্রমেণ গুণানাং প্রবাহঃ ক্ষোভস্তেন বিভক্তং সৃষ্ট্যাদিবিষয়ং বীর্য্যং শক্তির্যস্য। ননু কালোঽপি গুণান্ যুগপদেব ক্ষোভয়তু তত্রাহ চেষ্টা কালশক্তিঃ দুর্ব্বিভাব্যা অচিন্ত্যা॥ ১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু সচেন্নিমিত্তং তর্হি তস্যাবিশেষাৎ যুগপদেব সর্গাদিত্রয়ং ভবতু। মৈবং রজঃ সত্ত্ব-তমসাং কালশক্ত্যা ক্রমেণৈব ক্ষোভো ভবতি নতু যুগপদতঃ ক্রমেণৈব সর্গাদিত্রয়ং ভবতীত্যাহ স খল্বিতি কালশক্ত্যা ক্রমেণ গুণানাং প্রবাহঃ ক্ষোভস্তেন বিভক্তং আত্মনঃ সকাশাৎ বিভক্তী-কৃতং বীর্য্যং চিদাভাসং জীবশক্ত্যাত্মকং মায়াশক্তিপ্রবিষ্টং যস্য সঃ। করোতীতি গুণকাল-জীবানাং শক্তিত্বেন তদ্ভেদাভাবাৎ সএবোপাদানকারণং সএব নিমিত্তকারণঞ্চেত্যর্থঃ। অক-র্ত্তেতি তেষাং গুণাদীনাং স্বরূপভূতত্বাভাবাৎ। এবং নিহন্তাহন্তেত্যপি ননু বিশ্বং কিমর্থং করোতি সদৈব বা কিং ন করোতি বিষমং বা কিং করোতীতি। সর্ব্বাক্ষেপপরিহারার্থমাহ চেষ্টা দুর্বিভাব্যা অতর্ক্যা বিভূম্নো বিভুত্বাদিতি। এতদেব তস্য বিভুত্বমিত্যর্থঃ॥ ১৭॥

তাঁহার কালশক্তির উদয়ে সৃষ্টির উদ্বোধন হইয়া, যখন তাঁহাতে শক্তিরূপে গুণত্রয়ের বৈষম্য উপস্থিত হয়, তখন তিনি অকর্ত্তা হইলেও সৃষ্টি করেন এবং অহন্তা হইয়াও নিধন করেন। সেই মহামহিমান্বিত ভগবানের লীলা চিন্তার অতীত॥ ১৭॥

আভাস।

চেতা কেবল ও নির্গুণভাবেই নিত্য প্রতিষ্ঠিত আছেন॥ ১৪—১৬॥

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, পরমাত্মা যদি সংসারের নিমিত্তকারণ হন, তাহা হইলে সৃষ্টি, স্থিতি ও সংহাররূপ কার্য্যত্রয় একত্র এক সময়েই ঘটিতে পারে; এবং উক্ত ত্রিবিধ কার্য্যের পরস্পর বৈসাদৃশ্যে সৃষ্টিকালে সংহার এবং সংহারকালে সৃষ্টি এবং সংহারকালে পালন ও পালনকালে সংহার আসিয়া সমগ্র কার্য্যের কেন 'বিশৃঙ্খলতা জন্মায় না? তদুত্তরে প্রকাশ করিয়াছেন যে, ভগবানের কালশক্তির দ্বারা রজঃ সত্ত্ব ও তমোগুণের ব্যাপার ক্রমান্বয়েই ঘটিয়া থাকে; একত্র কখন ঘটে না। সেই সর্ব্বৈশ্বর্য্য-

সোঽনন্তোঽন্তকরঃ কালোঽনাদিরাদিকৃদব্যয়ঃ।
জনং জনেন জনয়ন্ মারয়ন্ মৃত্যুনান্তকং ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

কালঃ অপি সঃ অনাদিঃ জন্মরহিতঃ, অব্যয়ঃ ক্ষয়াদিরহিতঃ অনন্তঃ এব। জনেন পিত্রাদিনা, জনং পুত্রাদিং, জনয়ন্ আদিকৃৎ সৃষ্টিকর্ত্তা, অন্তকং ব্যাঘ্রাদিকং, মৃত্যুনা মারয়ন্ অন্তকরঃ সংহারকঃ চ ভবতি ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

ননু পিত্রাদিঃ সৃজতি, নিহন্তিচ চৌরাদি র্নতু ঈশ্বর স্তত্রাহ স ইতি। জনেন পিত্রাদিনা জনং পুত্রাদিং জনয়ন্নাদিকৃৎ, অন্তকং চৌরাদিকং তন্মৃত্যুহেতুনা মারয়ন্নন্তকরঃ স্বয়ন্ত অনন্তঃ অনাদিঃ অব্যয়ঃ অক্ষীণশক্তিঃ। অয়ং ভাবঃ পিত্রাদয়ঃ অন্যত উৎপত্ত্যাদিমন্তো ন স্বাতন্ত্র্যেণ কারণং কিন্ত্বীশ্বর এব তন্নিয়ন্তা সর্ব্বকারণমিতি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যচ্চ তস্য বিভুত্বং পশ্যেত্যাহ ন স্বয়মনন্তঃ নাশরহিতঃ। অথ চান্যেষাং অন্তকরো নাশকরঃ কেন রূপেণেত্যত আহ কালঃ। স্বয়মনাদিঃ জন্মশূন্যঃ অথ চান্যেষাং আদিকৃৎ। অব্যয়ঃ চিন্তামণিরিব সর্ব্বপ্রসবিতাপি ব্যয়শূন্যঃ। স্বয়মেবাদিকৃদপি জনেন পিত্রাদিনা জনং পুত্রাদিং জনয়ন্। স্বয়মেবান্তকৃদপি মৃত্যুহেতুনা কালাগ্নিরুদ্রেণ অন্তকং যমমপি মারয়ন্ ॥ ১৮ ॥

কালও তিনি মাত্র; সেই অনাদিনিধন ক্ষয়োদয়াদিবর্জ্জিত অনন্তদেব পিত্রাদিরূপে পুত্রাদির উৎপাদন করিয়া, সৃষ্টিকর্ত্তা নামে অভিহিত হন এবং অন্তকারী ব্যাঘ্রাদিকে মৃত্যুর দ্বারা নিহত করিয়া, সংসারে সংহারক নামে পরিচিত হন ॥ ১৮ ॥

আভাস।

সম্পন্ন মহাবিভূতিবিশিষ্ট ভগবান্ কালশক্তির দ্বারা গুণত্রয়ের প্রবাহ উৎপন্ন করিয়া, আত্মস্বরূপ হইতে চিচ্ছক্তির বিভাগে চিদাভাসরূপ জীবশক্তির প্রকটন করিয়া থাকেন; এবং স্বয়ং জীবরূপে জীবদেহে প্রবেশ করেন। অতএব গুণ, কাল ও জীবাত্মক চৈতন্যশক্তিরূপে একাকী তিনিই বিরাজ করিতেছেন। তিনি পূর্ণজ্ঞানবান্; কোন কার্য্যে নিজের কোন স্বার্থ বা ক্ষতি না থাকিলেও, কার্য্যের অনুরোধে এই বিশ্ব সংসারের সৃষ্ট্যাদি ক্রিয়া সম্পাদন করিতেছেন। সংসারের নিমিত্ত বা উপাদান বলিয়া উভয় কারণের প্রতি লক্ষ্য করিতে হইলে, চিত্ত সেই পরমাত্মভাব পর্য্যন্ত পর্য্যালোচনা করিয়াই, নিরস্ত হয়; তদতিরিক্ত নিমিত্ত বা উপাদানরূপে অন্য কাহাকেও নির্ণয় করা যায় না। তাঁহার শক্তিই এই জগদ্রূপে বিরচিত এবং তাঁহার জ্ঞানই এই জগতে সৃষ্ট্যাদির নিয়ামকরূপে ভাসমান উপলব্ধ হয়। তিনি কাহারও অপেক্ষা করেন না; তাঁহার সামর্থ্য অচিন্ত্য ও অভাবনীয় ॥ ১৭ ॥

তিনি পিতৃমূর্ত্তিতে জনন-শক্তির পরিচয়ে আদিকর্ত্তা এবং হিংসক ব্যাঘ্রাদিরূপে

নবৈ স্বপক্ষোঽস্য বিপক্ষ এব বা পরস্য মৃত্যোর্বিশতঃ সমং প্রজাঃ।
তং ধাবমানমনুধাবন্ত্যনীশা যথা রজাংস্যনিলং ভূতসংঘাঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

অতঃ সমং যথা ভবতি তথা প্রজাঃ বিশতঃ, পরস্য অস্য, মৃত্যোঃ মরণাদিহেতোঃ কালরূপস্য, স্বপক্ষঃ বন্ধুঃ, বিপক্ষঃ শত্রুঃ, এব বা ন অস্তি; রজাংসি যথা ধাবমানং অনিলং ধাবন্তি তথা অনীশাঃ কর্ম্মাধীনাঃ, ভূতসঙ্ঘাঃ প্রাণিসমূহাঃ, ধাবমানং তং পরমাত্মানং, এব অনুধাবন্তি ॥১৯

শ্রীধরস্বামী।

নচৈবং কুর্ব্বতোঽপি বৈষম্যপ্রসক্তিঃ পক্ষপাতাভাবাদিত্যাহ নবা ইতি দ্বাভ্যাং। মৃত্যুরূপস্য সমং যথা ভবতি তথা প্রজাঃ কর্ম্মভূতা বিশতঃ তস্য সাম্যেঽপি ভূতেষু ফলবৈষম্যং তৎকর্ম্মণ স্তথাত্বাদিতি সদৃষ্টান্তমাহ তং ধাবন্তমনু অনীশাঃ কর্ম্মাধীনা ভূতসংঘা ধাবন্তি অনিলং ধাবন্তমনু রজাংসীব। তত্র যথা রজসাং তমঃপ্রকাশজলাগ্ন্যাদিপ্রবেশেঽপি নানিলস্য বৈষম্যং এবমীশ্বরস্যাপীতি ভাবঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচৈবং কুর্ব্বতোঽপি বৈষম্যপ্রসক্তিঃ পক্ষপাতাভাবাদিত্যাহ নবা ইতি দ্বাভ্যাং। মৃত্যোর্মৃত্যুরূপস্য সমং যথাস্যাত্তথা প্রজা বিশতঃ। তস্য সাম্যেঽপি ভূতেষু ফলবৈষম্যং তত্তৎকর্ম্মণ স্তথাভাবাদিতি সদৃষ্টান্তমাহ তং ধাবন্তমনু অনীশাঃ কর্ম্মাধীনা ভূতসংঘা ধাবন্তি। অনিলং ধাবন্তমনুধাবন্তি রজাংসীব। তত্র রজসাং তমঃপ্রকাশজলাগ্ন্যাদিপ্রবেশেঽপি নানিলস্য বৈষম্যং এবমীশ্বরস্যাপীতি ভাবঃ ॥ ১৯ ॥

মরণের নিমিত্তীভূত কালরূপ সেই ভগবানের কেহ স্বপক্ষ বা বিপক্ষ নাই। জন্তুগণ স্ব স্ব কর্ম্মের অনুসারেই গতি লাভ করিয়া থাকে। ধূলিপটল যেমন প্রধাবিত সমীরণেরই অনুগমন করিয়া থাকে, ভূতসমূহও সেইরূপ নিজ নিজ কর্ম্মের অনুসারে ঈশ্বরের অনুগামী হইয়া থাকে ॥ ১৯ ॥

আভাস।

জগতের সংহারকর্ত্তা হইয়া থাকেন এবং কালমূর্ত্তিতে সর্ব্বক্রিয়ার সামঞ্জস্য প্রতিপাদন করিতেছেন ॥ ১৮ ॥

এই বিবিধ কার্য্য তিনি একাকী সাধন করিলেও কোন স্থানে তাঁহার স্বার্থের পরিচয় নাই। জীবের কর্ম্মানুসারেই তিনি সকলকে ফল প্রদান করিয়া থাকেন। কোনরূপ পক্ষাপক্ষের বিচার তাঁহাতে কখন সম্ভব হয় না। তাঁহার বিধিই সংসারে বিচিত্রতার কারণ। নিয়মের উল্লঙ্ঘন ও প্রতিপালনেই এই বিবিধ দশা সৃষ্ট জগতে পরিদৃষ্ট হয় এবং এই প্রতিপালন এবং উল্লঙ্ঘনও মায়ার উপরই নির্ভর করে। মায়াও তাঁহার শক্তি। কিন্তু সেই মায়াময়ের চরিত্র নিরূপণ করা, কখন মায়াধীন জীবের পক্ষে সঙ্গত নহে। তিনি নিজে

আয়ুষোপচয়ং জন্তো স্তথৈবোপচয়ং বিভুঃ।
উভাভ্যাং রহিতঃ স্বস্থো দুঃস্থস্য বিদধাত্যসৌ ॥ ২০ ॥
কেচিৎ কর্ম্ম বদন্ত্যেনং স্বভাবমপরে নৃপ।

অন্বয়ঃ।

উভাভ্যাং উপচয়াপচয়াভ্যাং, রহিতঃ অসৌ বিভুঃ পরমাত্মা, দুঃস্থস্য (কর্ম্মবশাৎ হেয়োপাদেয়গতিং গতস্য) জন্তোঃ (কর্ম্মানুসারেণ দেবাদিযোনৌ আয়ুষঃ) উপচয়ং বৃদ্ধিং, তথা (পিপীলিকাদিযোনৌ আয়ুষঃ) অপচয়ং বিদধাতি ॥ ২০ ॥

কেচিৎ মীমাংসকাঃ, এনং এব কর্ম্ম বদন্তি, অপরে চার্ব্বাকাঃ এনং স্বভাবং বদন্তি, হে

শ্রীধরস্বামী।

অপচয়ং অকালমৃত্যুং। উপচয়ং কালমৃত্যোরপি রক্ষাং। যদ্বা অপচয়ং মশকাদৌ উপচয়ং দেবাদৌ স্বস্থত্বাদুপচয়াপচয়াভ্যাং রহিতোঽসৌ বিভুর্দুঃস্থস্য কর্ম্মাধীনস্য বিদধাতি॥২০

এবংভূতেশ্বরঃ সর্ব্ববাদিসম্মতঃ বিবাদস্ত নামমাত্র ইত্যাহ কেচিদিতি। পুংসঃ কামং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাপ্যায়ুষোঽপচয়ং মশকাদাবুপচয়ং দেবাদৌ দুঃস্থস্য কর্ম্মাধীনস্য ॥ ২০ ॥

ননু তর্হি কর্ম্মৈব সুখদুঃখজন্মমরণাদিকারণমস্ত সত্যমত্রৈবংবাদিনো বিবদন্ত ইত্যাহ কেচিদিতি কেচিন্মীমাংসকাঃ এনং সুখদুঃখপ্রদং কর্ম্ম অপরে লোকায়তিকাঃ স্বভাবং। একে

হ্রাস-বৃদ্ধি বা জন্ম-মরণের সহিত ভগবানের নিজের কোন সংস্রব নাই। অথচ কর্ম্মের অনুসারে জীবগণকে উৎকৃষ্ট দেবতাদি যোনিতে পরমায়ুর বৃদ্ধি এবং পিপীলিকাদি যোনিতে আয়ুর হ্রাস এইরূপ ব্যবস্থা করিয়া থাকেন ॥ ২০

হে বৎস! বহুনামে ও নানারূপে অভিব্যক্ত হইলেও ভগবান্ এক ও অনন্ত; মীমাংসকগণ যাঁহাকে কর্ম্ম নামে অভিহিত করেন, অন্য চার্ব্বাক তাঁহাকেই স্বভাব নামে শব্দিত করিয়া থাকেন। অপর জ্যোতির্ব্বিদ্ পণ্ডিতগণ তাঁহাকেই গ্রহাদির স্বরূপ দৈব বলিয়া গণনা করিয়া থাকেন; এবং

আভাস।

সৃষ্টির অতীত থাকিয়া সৃষ্ট্যাদি কার্য্যের বিধান করিয়া থাকেন ॥ ১৯ ॥ ২০ ॥

ভগবানের নিয়ম অচল ও অটল; তাঁহাতে কখন কোন বৈষম্যাদি দোষের আপতন ঘটে না। তাঁহার যে নিয়ম অনুসারে অগ্নি প্রজ্বলিত হইয়া গৃহস্থের গৃহ ও বসনভূষণ দগ্ধ করে, সেই নিয়মানুসারেই জলদ-পটল নভোভাগে উত্থিত হইয়া, মার্ত্তণ্ডতাপে উত্তপ্ত শস্যক্ষেত্রকে শস্য উৎপাদনের সামর্থ্য প্রদান করে। শ্রুতি বলিয়াছেন, "ভয়াদস্যাগ্নি স্তপতি ভয়াত্তপতি সূর্য্যঃ। ভয়াদিন্দ্রশ্চ বায়ুশ্চ মৃত্যু র্ধাবতি পঞ্চম ইতি"। অগ্নি, সূর্য্য, বায়ু, ইন্দ্র এবং যম সকলেই সেই পরম সামর্থ্যবান্ ভগবানের নিয়ম প্রতিপালন করত স্ব স্ব কার্য্যে নিযুক্ত থাকেন।

একে কালং পরে দৈবং পুংসঃ কামমুতাপরে ॥ ২১ ॥
অব্যক্তস্যাপ্রমেয়স্য নানাশক্ত্যুদয়স্যচ।

অন্বয়ঃ।

নৃপ! একে পৌরাণিকাঃ, এনং এব কালং বদন্তি, পরে জ্যোতির্ব্বিদঃ, এনং এব দৈবং গ্রহাদি-রূপং, বদন্তি; অপরে বাৎস্যায়নাদয়ঃ, এনং এব পুংসঃ কামং বদন্তি ॥ ২১ ॥

হে তাত! অব্যক্তস্য (কেনাপি প্রমাণেন ন ব্যজ্যতে অসৌ তস্য) বুদ্ধ্যগোচরস্য, অপ্র-

শ্রীধরস্বামী।

বাৎস্যায়নাদয়ঃ। শ্রুতিশ্চ কামোঽকার্ষীৎ কামঃ কর্ত্তা কামঃ কাময়িতেত্যাদি ॥ ২১ ॥

ননু কর্ম্মাদীনাং জড়ত্বাদিনা স্বরূপতোঽপি ভিন্নত্বাৎ কথমৈকমত্যমিত্যাহ। অব্যক্তস্য অতএবাপ্রমেয়স্য। তথাপি সত্ত্বে হেতুঃ নানাশক্তীনাং মহদাদীনাং উদয়ো যস্মাৎ চিকীর্ষিত-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যাবহারিকাঃ কালং পরে জ্যোতিষিকা দৈবং গ্রহাদিরূপাং দেবতাং অপরে বাৎস্যায়নাদয়ঃ কামং। শ্রুতিশ্চ কামোঽকার্ষীৎ কামঃ করোতি কামঃ কর্ত্তা কামঃ কাময়িতেত্যাদি ॥ ২১ ॥

নন্বেষাং বিবদমানানাং মধ্যে কো ব্যবস্থাপক স্তত্র তত্তন্মূলতত্ত্ববস্তুনোঽজ্ঞানান্ন কোঽপীত্যাহ অব্যক্তস্য কৈরপি বলবুদ্ধ্যাদিভি র্ব্যক্তীকর্ত্তুমশক্যস্য তত্র হেতুরপ্রমেয়স্য প্রত্যক্ষাদিপ্রমাণৈঃ

বাৎস্যায়নাদি বিচক্ষণগণ সেই মহাপুরুষের ইচ্ছাকেই তাঁহার স্বরূপ বলিয়াই কীর্ত্তন করিয়া থাকেন। প্রকৃত প্রস্তাবে তিনি এক এবং সর্ব্বতোভাবে একাই বিরাজ করিতেছেন ॥ ২১ ॥

হে রাজেন্দ্র! যিনি বাগাদি ইন্দ্রিয়ের অতীত; প্রত্যক্ষাদি প্রমাণত্রয়

আভাস।

তবে যে যেমন অধিকারী, তিনি সেই জাতীয় কার্য্যেরই অনুষ্ঠানে জগতের সৃষ্টিমর্য্যাদা রক্ষা করিতেছেন; এবং পাত্র অনুসারে ফল প্রদান করিতেছেন। বায়ু নামক এক প্রাণনশক্তির দ্বারা স্থাবরজঙ্গমাত্মক যাবতীয় ভূতবর্গই প্রেরিত হইয়া, কার্য্যক্ষেত্রে আত্মপ্রকাশ করিতেছে এবং কালক্রমে বিলীন হইতেছে। প্রাণবায়ুর উত্তেজনায় যেমন ভুক্ত অন্নপানাদি রস শোণিতরূপে পরিণত হইয়া কলেবরের আয়তন বৃদ্ধি করে, তেমনই অন্নপানাদির অভাবে পিত্তকে দগ্ধ করিয়া, দেহে ক্ষয়রোগকে আনয়ন করে। অতএব প্রাণশক্তি সত্ত্বেও যেমন পরিমিত আহার ব্যবহারের প্রয়োজন; নতুবা কলেবরের পুষ্টিসাধনের পরিবর্ত্তে ক্ষয়ই ঘটিয়া থাকে; তখন ফলের বৈপরীত্যে ভগবানের প্রতি দোষারোপ না করিয়া, স্বীয় কর্ম্মের প্রতিই লক্ষ্য রাখা কর্ত্তব্য। কর্ম্মানুসারে যেরূপ জাতি, আয়ু ও ভোগ প্রাপ্ত হওয়া উচিত, প্রকৃতির পরিণামে তাহা সংঘটিত হইলেও মূলে সর্ব্বনিয়ন্তার নিয়তি অবশ্যই আছে; কিন্তু তাহাতে তাঁহার নিজের কোন অভিসন্ধি নাই ॥ ২১ ॥

নবৈ চিকীর্ষিতং তাত কো বেদাদ্ধা স্বসম্ভবং ॥ ২২ ॥

অন্বয়ঃ।

মেয়স্য অবাঙ্‌মনসগোচরস্য, নানাশক্ত্যুদয়স্য (নানাশক্তীনাং মহদাদীনাং উদয়ঃ যস্মাৎ তস্য) ভগবতঃ চিকীর্ষিতং বৈ কোঽপি ন বেদ। স্বসম্ভবঃ (স্বস্য সম্ভবঃ প্রাদুর্ভাবঃ যস্মাৎ তৎ) ভগবন্তং কোঽপি ন বেদ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

মেব তাবৎ কোঽপি ন বেদ অথাস্য সম্ভবো যস্মাৎ তমীশ্বরং কো বেদ। অদ্ধেতি পাঠে সাক্ষাৎ। অতস্তত্ত্বজ্ঞানাভাবাৎ বিশেষাংশে বিবাদ ইত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ। কোঽদ্ধা বেদ ক ইহ প্রাবোচৎ কুত আয়াতা ইয়ং বিসৃষ্টিঃ অর্ব্বাগ্দেবা অস্য বিসর্জ্জনেনাথা কো বেদ যত আবভূবেত্যাদি ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রমাতুমশক্যস্য নানাশক্তীনাং কালকর্ম্মস্বভাবকামাদীনাং উদয়ো যস্মাদিতি তস্যৈকৈকাং শক্তিমাশ্রিত্যৈব বিবদমানানাং তেষাং শক্তিমতি তস্মিন্ বস্তুতো নাস্ত্যেব বিবাদ ইতি ভাবঃ। তস্য ভগবতশ্চিকীর্ষিতমেব কোঽপি নোবেদ স্বস্য সম্ভবো যস্মাত্তং কোবেদ। যদুক্তং ভীষ্মেণ। নহ্যস্য কর্হিচিদ্রাজন্ পুমান্ বেদ বিধিৎসিতং। যদ্বিজিজ্ঞাসয়া যুক্তা মুহ্যন্তি কবয়োঽপিহীতি। তথাচ শ্রুতিঃ কোদ্ধা বেদ ক ইহ প্রাবোচৎ কুত আয়াতা কুত ইয়ং বিসৃষ্টিঃ। অর্ব্বাগ্দেবা অস্য বিসর্জ্জনেনাথা কো বেদ যত আবভূবেত্যাদি ॥ ২২ ॥

যাঁহাকে প্রমাণ করিতে পারে না; অনন্তশক্তি যে সর্ব্বশক্তিমান্ হইতে নিত্য উদিত হইতেছে, তাঁহার অভিপ্রায় বা কার্য্যবর্গকে কে অবগত হইতে পারে? কেহ কখন সাক্ষাৎ নিজের উৎপত্তির কারণকে অনুসন্ধান করিতে পারে না? ২২ ॥

আভাস।

না করে, তখন জনসাধারণের ধিক্কারবাক্যেই সে দগ্ধ ও মৃতপ্রায় হইবে এবং আমরাও স্বকীয় কোপাগ্নি দ্বারা তাহাকে পরিদগ্ধ করিতে পারিব ॥ ১০ ॥

মনে মনে এইরূপ সংকল্প অবধারণ করিয়া, মুনিগণ ক্রোধ-সম্বরণ পূর্ব্বক বেণের সমীপে উপনীত হইলেন এবং বিবিধ সামোক্তির প্রয়োগে তাঁহাকে সান্ত্বনা করিবার অভিপ্রায়ে বলিলেন— ॥

হে বৎস নৃপশ্রেষ্ঠ! আমরা তোমার শ্রীঃ, আয়ুঃ, বল ও কীর্ত্তির উন্নতি নিয়তই প্রার্থনা করিয়া থাকি! সুতরাং আমাদের উপদেশে তোমার কর্ণপাত করা বিশেষ কর্ত্তব্য ॥ ১১ ॥

দেখ! জনগণ বুদ্ধিপূর্ব্বক কায়মনোবাক্যে যে সকল ধর্ম্মের অনুষ্ঠান করে, তাহাতে তাহাদের স্বর্গাদি সুখময় লোকেই গমন ঘটে; ইহার মধ্যে আবার

স তে মা বিনশেদ্বীর প্রজানাং ক্ষেমলক্ষণঃ।
যস্মিন্ বিনষ্টে নৃপতিরৈশ্বর্য্যাদবরোহতি ॥ ১৩ ॥
রাজন্নসাধ্বমাত্যেভ্যশ্চৌরাদিভ্যঃ প্রজা নৃপঃ।
রক্ষন্ যথা বলিং গৃহ্ণন্নিহ প্রেত্যচ মোদতে ॥
যস্য রাষ্ট্রে পুরে চৈব ভগবান্ যজ্ঞপুরুষঃ।
ইজ্যতে স্বেন ধর্ম্মেণ জনৈ বর্ণাশ্রমাত্মকৈঃ ॥

অন্বয়ঃ।

হে বীর! সঃ তে তব, প্রজানাং ক্ষেমলক্ষণঃ পালনলক্ষণঃ ধর্ম্মঃ, মা ন, বিনশেৎ বিনশ্যতু, যস্মিন্ ধর্ম্মে বিনষ্টে সতি নৃপতিঃ ঐশ্বর্য্যাৎ রাজ্যাৎ, অবরোহতি ভ্রষ্টো ভবতি ॥ ১৩ ॥

হে রাজন্! অসাধ্বমাত্যেভ্যঃ (অসাধবঃ যে অমাত্যাঃ তেভ্যঃ) চৌরাদিভ্যঃ প্রজাঃ রক্ষন্ যথা যথাশাস্ত্রং, তাভ্যঃ বলিং করং, গৃহ্ণন্ নৃপঃ ইহ অস্মিন্ লোকে যথা তথা প্রেত্য পরলোকে, চ মোদতে ॥

যস্য রাজ্ঞঃ রাষ্ট্রে পুরে চ বর্ণাশ্রমাত্মকৈঃ বর্ণাশ্রমবদ্ভিঃ, জনৈঃ স্বেন অধিকারানুরূপেণ ধর্ম্মেণ ভগবান্ যজ্ঞপুরুষঃ যজ্ঞফলদাতা ইজ্যতে পূজ্যতে ॥

শ্রীধরস্বামী।

মা বিনশেৎ মা বিনশ্যতু ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মা বিনশেৎ মা বিনশ্যতু ॥ ১৩ ॥

যাহারা নিষ্কামভাবে ধর্ম্মের অনুষ্ঠান করে, তাহারা তদ্দ্বারা অনন্ত মোক্ষ-সুখকেই অধিকার করিতে সমর্থ হয় ॥ ১২ ॥

অতএব তুমি যখন প্রজাগণের পালনকার্য্যেই নিযুক্ত রহিয়াছ, তখন হে বীর! ধর্ম্ম যাহাতে বিনষ্ট না হয়, তাদৃশ আচরণ করাই তোমার সর্ব্বতোভাবে কর্ত্তব্য; দেখ! ধর্ম্ম যদি বিনষ্ট হয়, তাহা হইলে, রাজাও স্বকীয় ঐশ্বর্য্য হইতে বিচ্যুত হন, সন্দেহ নাই ॥ ১৩ ॥

হে নরনাথ! দুষ্ট রাজপুরুষ ও চৌরাদির বিষম নিগ্রহ হইতে প্রজাগণকে রক্ষা করেন বলিয়া, নরপতি যেমন এই জীবনেই যথেষ্ট সুখ সমৃদ্ধি ভোগ করেন, সেইরূপ এই ধর্ম্মত প্রজাপালনের গুণে পরলোকেও রাজা আনন্দ-ভোগ করেন, সন্দেহ নাই ॥

হে মহারাজ! ধর্ম্মানুসারে প্রজাপালন-তৎপর সিংহাসনস্থ রাজার প্রতি বিশ্বাত্মা ভূতভাবন ভগবান্ নিরতিশয় সন্তুষ্ট হন ॥

অহো! দেবদেব বিশ্বম্ভর জনার্দ্দন সন্তুষ্ট হইলে, আর কিছুইত দুর্ল্লভ

তস্য রাজ্ঞো মহারাজ ভগবান্ ভূতভাবনঃ।
পরিতুষ্যতি বিশ্বাত্মা তিষ্ঠতো নিজশাসনে॥
তস্মিংস্তুষ্টে কিমপ্রাপ্যং জগতামীশ্বরেশ্বরে।
লোকাঃ সপালা হ্যেতস্মৈ হরন্তি বলিমাদৃতাঃ॥ ১৪ ॥
তং সর্ব্বলোকামরযজ্ঞসংগ্রহং ত্রয়ীময়ং দ্রব্যময়ং তপোময়ং।
যজ্ঞৈর্বিচিত্রৈর্যজতো ভবায় তে রাজন্ স্বদেশাননুরোদ্ধুমর্হসি॥ ১৫ ॥

অন্বয়ঃ

হে মহারাজ! নিজশাসনে প্রজাপালনলক্ষণে, তিষ্ঠতঃ তৎপরতয়া অবস্থিতস্য, রাজ্ঞঃ অপি ভূতভাবনঃ (ভূতানি ভাবয়তি পালয়তীতি) বিশ্বাত্মা ভগবান্ পরিতুষ্যতি॥

জগতাং ঈশ্বরেশ্বরে (চতুর্দ্দশভুবনানাং যঃ ঈশ্বরঃ ব্রহ্মা তস্যাপি ঈশ্বরে নারায়ণে) তস্মিন্ তুষ্টে কিং অপ্রাপ্যং স্যাৎ হি যতঃ সপালাঃ লোকাঃ প্রাণিনঃ, আদৃতাঃ এব এতস্মৈ বলিং হরন্তি ভোগং সম্পাদয়ন্তি॥ ১৪॥

সর্ব্বলোকামরযজ্ঞসংগ্রহং (সর্ব্বান্ চতুর্দ্দশাত্মকান্ লোকান্ অমরান্ লোকপালান্ লোক-প্রাপকান্ যজ্ঞান্ চ স্বস্মিন্ সংগৃহ্ণাতি যঃ তং) ত্রয়ীময়ং বেদত্রয়াত্মকং দ্রব্যময়ং দ্রব্যাদ্যাত্মকং, তপোময়ং (তপসা দ্রষ্টুং যোগ্যং) তং ভগবন্তং বিচিত্রৈঃ যজ্ঞৈঃ তে তব ভবায় উদ্ভবায়, যজতঃ স্বদেশান্ স্বদেশবাসিনঃ জনান্ হে রাজন্! অনুরোদ্ধুং অনুবর্ত্তিতুং অর্হসি॥ ১৫॥

শ্রীধরস্বামী।

অসাধবো যে অমাত্যাঃ তেভ্যঃ যথা যথাশাস্ত্রং॥ ১৪॥

সর্ব্বান্ লোকাংশ্চ তৎপালান্ অমরাংশ্চ তৎপ্রাপকান্ যজ্ঞাংশ্চ সংগৃহ্ণাতি নিযচ্ছতীতি তথা তং। বিচিত্রৈ র্যজ্ঞদ্রব্যাদিভিঃ। অভবায় সমৃদ্ধয়ে। স্বদেশান্ তদ্বাসিনো জনান্ অনু-রোদ্ধুং অনুবর্ত্তিতুং॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বর্ণাশ্রমধর্ম্মেষু আত্মা মনো যেষাং তৈঃ॥ ১৪॥

তে ভবায় তবৈব ভূত্যৈ যজতো যজনকর্ত্তৄন্ স্বদেশবর্ত্তিনো জনান্ অনুরোদ্ধুং তত্রৈব যজনে প্রবর্ত্তয়িতুং॥ ১৫॥

থাকে না। দেখ! মানবের কথা দূরে থাকুক, ইন্দ্রাদি লোকপাল সহ সমগ্র ভুবনবাসী আদরাতিশয়ে সেই ভুবনেশ্বরের উদ্দেশেই উপহার সমর্পণ করিয়া থাকেন॥ ১৪॥

তিনি চতুর্দ্দশ ভুবনের, তত্রস্থ অমরবৃন্দের এবং ফলপ্রাপক যজ্ঞের এক মাত্র আশ্রয়; বেদত্রয়রূপ মন্ত্ররূপে, যজ্ঞের উপাদানভূত দ্রব্যরূপে এবং উদ্যোগরূপ তপস্যার ভাবে তিনিই বিরাজ করিতেছেন। হে রাজেন্দ্র!

যজ্ঞেন যুষ্মদ্বিষয়ে দ্বিজাতিভি র্বিতায়মানেন সুরাঃ কলা হরেঃ।
স্বিষ্টাঃ সুতুষ্টাঃ প্রদিশন্তি বাঞ্ছিতং তদ্ধেলনং নার্হতি বীর চেষ্টিতুং ॥ ১৬॥
বেণ উবাচ ॥
বালিশা বত যূয়ং বা অধর্ম্মে ধর্ম্মমানিনঃ।
যে বৃত্তিদং পতিং হিত্বা জারং পতিমুপাসতে ॥

অন্বয়ঃ।

হে বীর! দ্বিজাতিভিঃ ত্রৈবর্ণিকৈঃ, যুষ্মদ্বিষয়ে যুষ্মদুদ্দেশে বিতায়মানেন প্রবর্ত্ত্যমানেন, যজ্ঞেন হরেঃ সর্ব্বদুঃখহর্ত্তুঃ, কলাঃ অংশাঃ, সুরাঃ ইন্দ্রাদয়ঃ, স্বিষ্টাঃ সম্যক্ পূজিতাঃ অতএব সুতুষ্টাঃ সন্তুষ্টাঃ, সন্তঃ বাঞ্ছিতং প্রদিশন্তি সম্পাদয়ন্তি। অতঃ তদ্ধেলনং (তেষাং দেবানাং হেলনং যজ্ঞাদি প্রতিষেধেন অবজ্ঞাং) চেষ্টিতুং কর্ত্তুং, ন অর্হসি ॥ ১৬ ॥

যতঃ যূয়ং অধর্ম্মে মদ্ভজনত্যাগপূর্ব্বকবিষ্ণুভজনে ধর্ম্মমানিনঃ অতঃ কুযোষিতঃ পতিং হিত্বা যথা জারং উপাসতে তথা যে ভবন্তঃ, বৃত্তিদং জীবিকাপ্রদং, রাজানং পতিং, হিত্বা জারবৎ কল্পিতং পতিং বিষ্ণুং উপাসতে বত খেদে, তাদৃশাঃ যূয়ং বালিশাঃ ভ্রান্তাঃ এব ॥

শ্রীধরস্বামী।

যুষ্মদ্বিষয়ে ত্বদুদ্দেশে। হরেঃ কলাঃ অংশাঃ সুরাঃ। তেষাং সুরাণাং হেলনমবজ্ঞাং ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চেষ্টিতুং কর্ত্তুং ॥ ১৬ ॥

তোমারই কল্যাণার্থ প্রজাগণ বিবিধ যজ্ঞের দ্বারা দেবদেব জনার্দ্দনের আরাধনা করিতেছে। অতএব স্বীয় অধিকারস্থ জনগণের ধর্ম্মরোধ করা তোমার পক্ষে কখনই কর্ত্তব্য নহে ॥ ১৫ ॥

তোমারই অভ্যুদয়ার্থ দ্বিজাতিগণ কর্ত্তৃক অনুষ্ঠিত যজ্ঞের দ্বারা ভগবান্ শ্রীহরির অংশস্বরূপ দেবতাগণ সুপূজিত ও সন্তুষ্ট হইয়া তোমাকে ও প্রজাবর্গকে অভিলষিত ফল প্রদান করিয়া থাকেন। অতএব হে বীর! তাদৃশ যজ্ঞাদির দ্বারা ধর্ম্মানুষ্ঠানে অবহেলা করা, তোমার ন্যায় নৃপতির কখনই কর্ত্তব্য নহে ॥ ১৬ ॥

বেণ বলিল, অহো! তোমাদের কোন ধর্ম্মজ্ঞান আছে বলিয়া আমার বোধ হইতেছে না। কারণ কুলটা কামিনী যেমন স্বীয় কান্তকে উপেক্ষা করত, সামান্য ভোগাভিলাষী স্বার্থপর উপপতির সেবায় অগ্রসর হয়, সেইরূপ তোমরা জীবিকাপ্রদ প্রকৃত পতি আমাকে উপেক্ষা করিয়া, যখন পূজাপ্রার্থী স্বার্থপর বিষ্ণুর সেবাতেই নিরন্তর তৎপর হইয়াছ, তখন তোমাদিগকে নিতান্ত মূর্খ ও ধর্ম্মাভিমানী ব্যতীত আর কি বলা যাইতে পারে ॥

অবজানন্ত্যমী মূঢ়া নৃপরূপিণমীশ্বরং।
নানুবিন্দন্তি তে ভদ্রমিহ লোকে পরত্রচ ॥ ১৭ ॥
কো যজ্ঞপুরুষো নাম যত্র বো ভক্তিরীদৃশী।
ভর্ত্তৃস্নেহবিদূরাণাং যথা জারে কুযোষিতাং ॥ ১৮ ॥
বিষ্ণুর্বিরিঞ্চো গিরিশ ইন্দ্রো বায়ুর্যমো রবিঃ।
পর্জ্জন্যো ধনদঃ সোমঃ ক্ষিতিরগ্নিরপাম্পতিঃ ॥
এতে চান্যেচ বিবুধাঃ প্রভবো বরশাপয়োঃ।

অন্বয়ঃ।

নৃপরূপিণং ঈশ্বরং যে অবজানন্তি তে অমী মূঢ়াঃ মূর্খাঃ, জনাঃ ইহ অস্মিন্ লোকে পরত্র চ অনু কদাচিৎ, অপি ভদ্রং কল্যাণং, ন বিন্দন্তি লভন্তে ॥ ১৭ ॥

ভর্ত্তৃস্নেহবিদূরাণাং (ভর্ত্তৃস্নেহঃ বিদূরে যাসাং তাসাং) কুযোষিতাং নিন্দিতস্ত্রীণাং জারে পরপুরুষে, যথা (ভক্তির্ভবতি তথা) মদংশাৎ ভিন্নঃ যজ্ঞপুরুষঃ যজ্ঞাধিষ্ঠাতা, বিষ্ণুঃ নাম কঃ অস্তি যত্র যজ্ঞপুরুষে, বঃ যুষ্মাকং, ঈদৃশী ভক্তিঃ? ॥ ১৮ ॥

বিষ্ণুঃ বিরিঞ্চঃ ব্রহ্মা, গিরিশঃ, ইন্দ্রঃ, বায়ুঃ যমঃ রবিঃ পর্জ্জন্যঃ মেঘাভিমানী দেবঃ, ধনদঃ কুবেরঃ, সোমঃ ক্ষিতিঃ অগ্নিঃ অপাংপতিঃ বরুণঃ ॥

এতে অন্যে অনুক্তাঃ চ বরশাপয়োঃ প্রভবাঃ সমর্থাঃ, বিবুধাঃ দেবাঃ, যতঃ নৃপতেঃ দেহে

শ্রীধরস্বামী।

বালিশা অজ্ঞাঃ। বৃত্তিদমন্নাদিপ্রদং মাং হিত্বা ॥ ১৭ ॥

ভর্ত্তৃস্নেহো বিদূরে যেষাং ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৃত্তিদং পতিমিতি অদ্যৈব ময়া ফলমূলাদিত্রোটনে নিষিদ্ধে সদ্যএব মরিষ্যথেতি

নৃপরূপধারী ঈশ্বরকে যাহারা অবজ্ঞা করে, তোমাদের ন্যায় তাদৃশ মূর্খ ব্যক্তিগণ কখন ইহলোকে বা পরলোকে মঙ্গল লাভ করিতে পারে না ॥ ১৭ ॥

পতিকে পরিত্যাগ করত কুলটা কামিনীর উপপতিতে আসক্ত হইবার ন্যায়, এস্থলে যজ্ঞপতি বিষ্ণু বলিয়া আবার অন্য কে আছেন? যাঁহার প্রতি তোমাদের এত ভক্তির স্রোত প্রবাহিত হইতেছে? ॥ ১৮ ॥

বিষ্ণু, ব্রহ্মা, মহাদেব, ইন্দ্র, বায়ু, যম, দিবাকর, পর্জ্জন্য, কুবের, সোম, ক্ষিতি, হুতাশন ও জলেশ্বর বরুণ— ॥

ইহাঁরা সকলে এবং শাপ ও বরদানে সমর্থ অন্যান্য যে কোন দেবতার

দেহে ভবন্তি নৃপতেঃ সর্ব্বদেবময়ো নৃপঃ।। ১৯ ।।
তস্মান্মাং কর্ম্মভি র্ব্বিপ্রা যজধ্বং গতমৎসরাঃ।
বলিঞ্চ মহ্যং হরত মত্তোঽন্যঃ কোঽগ্রভুক্ পুমান্ ॥
ইত্থং বিপর্য্যয়মতিঃ পাপীয়ানুৎপথংগতঃ।
অনুনীয়মান স্তদ্যাচ্ঞাং ন চক্রে ভ্রষ্টমঙ্গলঃ ॥ ২০ ॥
ইতি তেঽসৎকৃতাস্তেন দ্বিজাঃ পণ্ডিতমানিনা।

অন্বয়ঃ।

(অবয়বভূতাঃ) ভবন্তি ততঃ নৃপঃ হি সর্ব্বদেবময়ঃ ॥ ১৯ ॥

অতঃ মত্তঃ অন্যঃ অগ্রভুক্ প্রথমভোক্তা, পুমান্ যজ্ঞপুরুষঃ কঃ অস্তি? তস্মাৎ হে বিপ্রাঃ! গতমৎসরাঃ শুদ্ধচিত্তাঃ, সন্তঃ মাং এব কর্ম্মভিঃ যজধ্বং তথা বলিং শুল্কং, চ মহ্যং হরত সমর্পয়ত ॥

ইত্থং (পূর্ব্বোক্তপ্রকারেণ মুনিভিঃ) অনুনীয়মানঃ অপি বিপর্য্যয়মতিঃ (বিপর্য্যয়ং প্রাপ্তা মতিঃ যস্য সঃ) পাপীয়ান্ উৎপথংগতঃ ভ্রষ্টমঙ্গলঃ বেণঃ তদ্যাচ্ঞাং (তেষাং মুনীনাং যাচ্ঞাং) ন চক্রে অঙ্গীকৃতবান্ ॥ ২০ ॥

হে বিদুর! ইতি এবং পূর্ব্বোক্তপ্রকারেণ ভব্যযাচ্ঞাং (ভব্যা উদ্ভবহেতুভূতা যা

শ্রীধরস্বামী।

যতো দেহে ভবন্তি নৃপতেঃ। অতো নৃপতিরেবেশ্বরঃ ইতরে তদংশা ইতি ভাবঃ ॥ ১৯ ॥

বলিঞ্চ করাদিকং। অগ্রভুক্ আরাধ্যঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভাবঃ ॥ ১৭—২০ ॥ তেনাসৎ কৃতাঃ ॥

নাম উল্লেখ আছে, তাঁহারা সকলেই এক নৃপতির অবয়ব হইতে সমুৎপন্ন হইয়াছেন; সুতরাং রাজাই সর্ব্বদেবময় ।। ১৯ ।।

অতএব তোমারা অভিমানে জলাঞ্জলি দিয়া, বিবিধ কর্ম্মের অনুষ্ঠানে এক আমারই অর্চ্চনা কর! সর্ব্বপ্রকার করাদি উপহার সংগ্রহ করত, আমাকেই সমর্পণ কর! আমি ব্যতীত অগ্রভাগ গ্রহণ করিতে পারে, এমন কে এই ব্রহ্মাণ্ড মধ্যে থাকিতে পারে?।।

উৎপথগামী পাপাত্মা বেণ নিজ বুদ্ধির দোষেই ভ্রষ্ট হইয়াছিল; তাহার পুণ্য আপনা হইতেই বিনষ্ট হইয়াছিল; সে বিপরীত বুদ্ধির প্রভাবে ঋষিগণের অনুনয়পূর্ণ প্রার্থনাতে কর্ণপাত করিল না ॥ ২০ ।।

হে বিদুর! উক্ত ব্রাহ্মণগণ এই প্রকারে সেই পণ্ডিতাভিমানী বেণকর্ত্তৃক যখন অনাদৃত হইলেন এবং তাঁহাদের সেই উন্নতিপ্রদ সৎপ্রার্থনাটীও

ভগ্নায়াং ভব্যযাচ্ঞায়াং তস্মৈ বিদুর চুক্রুধুঃ ॥
হন্যতাং হন্যতামেষ পাপঃ প্রকৃতিদারুণঃ।
জীবঞ্জগদসাবাশু কুরুতে ভস্মসাদ্ধ্রুবং ॥
নায়মর্হত্যসদ্বৃত্তো নরদেববরাসনং।
যো ঽধিযজ্ঞপতিং বিষ্ণুং বিনিন্দত্যনপত্রপঃ ॥ ২১ ॥
কো বৈনং পরিচক্ষীত বেণমেকমৃতেঽশুভং।
প্রাপ্ত ঈদৃশমৈশ্বর্য্যং যদনুগ্রহভাজনঃ ॥ ২২ ॥

অন্বয়ঃ

যাচ্ঞা তস্যাং) ভগ্নায়াং সত্যাং পণ্ডিতমানিনা তেন বেণেন, অসৎকৃতাঃ অনাদৃতাঃ, ভৃগ্বাদয়ঃ দ্বিজাঃ তস্মৈ বেণায়, চুক্রুধুঃ (উচুশ্চ) ॥

এষঃ প্রকৃতিদারুণঃ (প্রকৃত্যা স্বভাবেন দারুণঃ ভয়ঙ্করঃ) পাপঃ পাপীয়ান্, বেণঃ হন্যতাং হন্যতাং; যতঃ অসৌ বেণঃ জীবন্ এব আশু জগৎ ধ্রুবং ভস্মসাৎ কুরুতে ॥

অধিযজ্ঞং যজ্ঞাধিষ্ঠাতারং বিষ্ণুং বিনিন্দতি যঃ অয়ং অনপত্রপঃ নির্লজ্জঃ, অসদ্বৃত্তঃ দুরাচারী, বেণঃ নরদেববরাসনং (নরদেবস্য রাজ্ঞঃ বরং উৎকৃষ্টং আসনং) ন অর্হতি ॥ ২১ ॥

যদনুগ্রহভাজনঃ (যস্য ভগবতঃ অনুগ্রহভাজনঃ অনুগ্রহবিষয়ঃ সন্) ঈদৃশং ঐশ্বর্য্যং প্রাপ্তঃ অপি অশুভং পাপময়ং, একং বেণং ঋতে বিনা, এনং ভগবন্তং, কঃ জনঃ পরিচক্ষীত বিনিন্দেত ॥২২

শ্রীধরস্বামী।

তেনাসৎকৃতাঃ। ভগ্নায়াং ভব্যায়াং যাচ্ঞায়াং ॥ ২১ ॥

পরিচক্ষীত নিন্দেৎ। অশুভং বেণং বিনা। কৃতঘ্নতামাহুঃ। যদনুগ্রহবিষয়ঃ সন্ ঈদৃশং ঐশ্বর্য্যং প্রাপ্তঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভস্মসাৎ কুরুতে করিষ্যতে। তস্মাদয়মেব ভস্মীকর্ত্তব্য ইতি ভাবঃ ॥ ২১ ॥

এনং বিষ্ণুং কোবা পরিচক্ষীত নিন্দেৎ। বেণং বিনা যদ্যস্মাদীদৃশমৈশ্বর্য্যং প্রাপ্তোহি

উপেক্ষিত হইল, তখন তাঁহারা বেণ রাজার উপর ক্রুদ্ধ হইয়া উঠিলেন ॥

এবং সকলে একবাক্যে বলিলেন যে, এই পাপাত্মা দারুণপ্রকৃতি রাজা জীবিত থাকিলে, নিশ্চয় সমগ্র ধরণীকে সত্বরই ভস্মসাৎ করিবে; অতএব ইহাকে এখনই নিহত কর! নিহত কর! ॥

এই ব্যক্তি যখন নিতান্ত নির্লজ্জের ন্যায়, যজ্ঞাধিষ্ঠাতা বিষ্ণুকেই নিন্দা করিতেছে; তখন ইহার ন্যায় অসচ্চরিত্র ব্যক্তি কখন রাজাসনের উপযুক্ত পাত্র হইতে পারে না। ২১ ॥

অহো! যাঁহার অনুকম্পার পাত্র হইয়া, ঈদৃশ অতুল ঐশ্বর্য্যের অধিপতি

ইত্থং ব্যবসিতা হন্তুমৃষয়ো গূঢ়মন্যবঃ।
নিজঘ্নুর্হুঙ্কৃতৈর্বেণং হতমচ্যুতনিন্দয়া ॥ ২৩ ॥
ঋষিভিঃ স্বাশ্রমপদং গতে পুত্রকলেবরং।
সুনীথা পালয়ামাস বিদ্যাযোগেন শোচতী ॥ ২৪ ॥
একদা মুনয় স্তে তু সরস্বৎসলিলাপ্লুতাঃ।
হুত্বাগ্নীন্ সংকথাশ্চক্রুরুপবিষ্টাঃ সরিত্তটে ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

ইত্থং অনেন প্রকারেণ, হন্তুং ব্যবসিতাঃ কৃতনিশ্চয়াঃ, গূঢ়মন্যবঃ ঋষয়ঃ হুঙ্কৃতৈঃ হুঙ্কারৈঃ, এবং অচ্যুতনিন্দয়া হতং এব বেণং নিজঘ্নুঃ ॥ ২৩ ॥

(বেণং হত্বা) ঋষিভিঃ স্বাশ্রমপদং স্বস্থানং গতে সতি (পুত্রমরণাৎ) শোচতী সুনীথা বিদ্যা-যোগেন মন্ত্রাদিপ্রয়োগেণ পুত্রকলেবরং পালয়ামাস রক্ষিতবতী ॥ ২৪ ॥

তে মুনয়ঃ তু একদা সরস্বৎসলিলাপ্লুতাঃ (সরস্বত্যাঃ নদ্যাঃ সলিলে আপ্লুতাঃ কৃতস্নানাঃ) সরিত্তটে (সরিতঃ তস্যাঃ এব তটে) উপবিষ্টাঃ অগ্নীন্ হুত্বা সংকথাঃ ভগবৎকথাঃ চক্রুঃ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বং গূঢ়মন্যবঃ হুঙ্কৃতৈঃ হুঙ্কারৈঃ ॥ ২৩ ॥

স্বাশ্রমপদং প্রতি ঋষিভির্গতে সতি বিদ্যাযোগেন মন্ত্রসহিতয়া যুক্ত্যা ॥ ২৪ ॥

পুংবদ্ভাব আর্ষঃ। সরস্বত্যাঃ সলিলে আপ্লুতা ইত্যর্থঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুগ্রহভাজনং ভবতি তস্মান্নিরনুগ্রহো হন্তব্য এবেতি ভাবঃ ॥ ২২ ॥ ২৩ ॥

বিদ্যাযোগেন মন্ত্রসহিতয়া তৈলাদিপ্রক্ষেপযুক্ত্যা ॥ ২৪ ॥

হইয়াছে, তাদৃশ পরম কারুণিক পরমেশ্বরকে উপেক্ষা করা, এক এই পাপিষ্ঠ বেণ ব্যতীত অন্য কাহাকেও নয়নগোচর হয় না ॥ ২২ ॥

ঋষিগণের ক্রোধবেগ পূর্ব্বে প্রচ্ছন্নই ছিল; সম্প্রতি বেণের অনাদরে উদ্দীপিত হইয়া, যখন তাহার নিধনেই তাঁহারা কৃতসংকল্প হইলেন, তখন ভগবান্ অচ্যুতের নিন্দায় স্বয়ংই হতমঙ্গল বেণকে তাঁহারা কেবল হুঙ্কার-ধ্বনিতেই বিনষ্ট করিয়া ফেলিলেন ॥ ২৩ ॥

রাজাকে নিহত করিয়া, ঋষিগণ স্ব স্ব আশ্রমে প্রতিগমন করিলেন; এদিকে পুত্রশোকে কাতরা বেণজননী সুনীথা মন্ত্রৌষধির প্রয়োগ ও বিদ্যার কৌশলে বেণের মৃত কলেবরকে রক্ষা করিলেন ॥ ২৪ ॥

এক দিবস মুনিগণ সরস্বতীর পবিত্র সলিলে স্নান করত, সেই নদীর তটেই যথাবিহিত হোমাদি সমাপন পূর্ব্বক শান্তচিত্তে উপবিষ্ট হইয়া বিবিধ

বীক্ষ্যোত্থিতান্ তদোৎপাতানাহুর্লোকভয়ঙ্করান্।
অপ্যভদ্রমনাথায়া দস্যুভ্যো ন ভবেদ্ভুবঃ ॥ ২৬ ॥
এবং মৃশন্ত ঋষয়ো ধাবতাং সর্ব্বতো দিশং।
পাংশুঃ সমুত্থিতো ভূরিশ্চৌরাণামভিলুম্পতাং ॥ ২৭ ॥
তদুপদ্রবমাজ্ঞায় লোকস্য বসুলুম্পতাং।
ভর্ত্তর্য্যুপরতে তস্মিন্নন্যোন্যঞ্চ জিঘাংসতাং ॥

অন্বয়ঃ।

তদাতু তে লোকভয়ঙ্করান্ (লোকস্য ভয়সূচকান্) উত্থিতান্ মহোৎপাতান্ বীক্ষ্য দৃষ্ট্বা, অনাথায়াঃ ভুবঃ দস্যুভ্যঃ অভদ্রং অমঙ্গলং, অপি ন ভবেৎ মা ভবতু ইতি আহুঃ ॥ ২৬ ॥

যাবৎ ঋষয়ঃ এবং মৃশন্তঃ বিচারয়ন্তঃ, স্থিতাঃ তাবৎ ধনং অভিলুম্পতাং অপহর্ত্তৃণাং সর্ব্বতঃ দিশঃ ধাবতাং চৌরাণাং ভূরি পাংশুঃ সমুত্থিতঃ ॥ ২৭ ॥

তং তদা, তে মুনয়ঃ তস্মিন্ ভর্ত্তরি পালকে, বেণে উপরতে মৃতে, সতি বসু ধনং, লুম্পতাং চৌরাণাং তথা অন্যোন্যং জিঘাংসতাং দুর্জ্জনানাং কৃতং লোকস্য সাধুজনস্য উপদ্রবং আজ্ঞায় ॥

শ্রীধরস্বামী।

তদা উত্থিতানুৎপাতান্ বীক্ষ্য ভুবোঽভদ্রং ন ভবেৎ কিমিত্যাহুঃ ॥ ২৬ ॥

এবং মৃশন্তঃ ঋষয়ঃ স্থিতাঃ তদা ধাবতাং চৌরাণাং ভূরিঃ পাংশুঃ সমুত্থিতঃ ॥ ২৭ ॥

তত্তদা তেষাং লোকস্য ধনং লুম্পতাং জিঘাংসতাং চোপদ্রবমাজ্ঞায় তদা চৌরপ্রায়ং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সরস্বদিতি পুংবদ্ভাব আর্ষঃ ॥ ২৫ ॥ ২৬ ॥

এবং মৃশন্তো বিচারয়ন্তঃ ঋষয়ো যাবৎ স্থিতা তাবদেবেতি শেষঃ ॥ ২৭ ॥

কথোপকথন করিতেছেন ॥ ২৫ ॥

এমন সময়ে লোক-ভয়ঙ্কর নিদারুণ উৎপাত সমূহ নয়নগোচর করত তাঁহারা ভাবিলেন, নরপতিহীনা ধরণীর প্রতি কি দস্যুগণ কর্ত্তৃক নানা প্রকার অন্যায় অত্যাচার অনুষ্ঠিত হইতেছে ? ॥ ২৬ ॥

তাঁহারা এই প্রকার চিন্তা করিতেছেন, ইতিমধ্যে সর্ব্বদিক্ হইতে ধাবিত সর্ব্বস্বাপহারী চৌরগণের চরণধূলি ভূরি পরিমাণে সমুত্থিত হইতেছে, এইরূপ অবলোকন করিলেন ॥ ২৭ ॥

এবং বেণরাজার লোকান্তর হওয়ায়, ইহা লোকসমূহের ধনাপহারী অসুর-বৃত্তি দস্যুগণের উপদ্রব ও সাধারণের উপর জিঘাংসা বৃত্তিরই পরিচয়, এইরূপ অবগত হইলেন ॥

চৌরপ্রায়ং জনপদং হীনসত্ত্বমরাজকং।
লোকান্নাবারয়ন্ শক্তা অপি তদ্দোষদর্শিনঃ ॥ ২৮ ॥
ব্রাহ্মণঃ সমদৃক্ শান্তো দীনানাং সমুপেক্ষকঃ।
স্রবতে ব্রহ্ম তস্যাপি ভিন্নভাণ্ডাৎ পয়ো যথা ॥ ২৯ ॥
নাঙ্গস্য বংশো রাজর্ষেরেষ সংস্থাতুমর্হতি।

অন্বয়ঃ।

তথা অরাজকং রাজরহিতং, অতএব চৌরপ্রায়ং চৌরবাহুল্যং, হীনসত্ত্বং বিশীর্ণপ্রায়ং, জনপদং আজ্ঞায়, লোকান্ উপদ্রবকারিণঃ জনান্, বারয়িতুং নাশয়িতুং, শক্তাঃ সমর্থাঃ, অপি তদ্দোষদর্শিনঃ (তস্মিন্ বধে আত্মনাং দোষদর্শিনঃ তে ঋষয়ঃ) ন অবারয়ন্ নিবারিতবন্তঃ ॥ ২৮ ॥

ব্রাহ্মণঃ সমদৃক্ (সমং ব্রহ্ম পশ্যতীতি) শান্তঃ রাগাদিদোষরহিতঃ অপি যদি দীনানাং সমুপেক্ষকঃ ভবেৎ তর্হি ভিন্নভাণ্ডাৎ পয়ঃ যথা তথা তস্য অপি ব্রহ্ম তপঃস্বাধ্যায়াদিজনিতং তেজঃ, স্রবতে ক্ষরতি ॥ ২৯ ॥

(তে আহুঃ চ অহো!) রাজর্ষেঃ অঙ্গস্য এষঃ বংশঃ সংস্থাতুং বিনষ্টুং, ন অর্হতি; হি

শ্রীধরস্বামী।

অরাজকং হীনসত্ত্বঞ্চ জনপদমাজ্ঞায় শক্তা অপি অবারণে দোষদর্শিনোঽপি জনা লুম্পতো লোকান্নাবারয়ন্নিত্যন্বয়ঃ ॥ ২৮ ॥

শক্তানাং ক্ষত্রিয়াণাং অবারণে দোষ ইতি কিং বক্তব্যং সমদৃগপি শান্তোঽপি ব্রাহ্মণোঽপি যদি দীনানাং সমুপেক্ষকো ভবেৎ তর্হি তস্যাপি ব্রহ্ম তপঃ স্রবতি ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততদা তেষাং লোকস্য ধনং লুম্পতাং জিঘাংসতাঞ্চোপদ্রবমাজ্ঞায় তথা চৌরপ্রায়ং জনপদঞ্চাজ্ঞায় যে শক্তা অপ্যবারণে দোষদর্শিনোঽপি জনাঃ ক্ষত্রিয়লোকাঃ আত্মনএব রক্ষন্তঃ কিমস্মাকমন্যৈরিত্যুদাসীনা অন্যান্ লুম্পতো লোকান্নাবারয়ন্নিত্যন্বয়ঃ ॥ ২৮ ॥

শক্তানাং ক্ষত্রিয়াণামবারণে দোষ ইতি কিং বক্তব্যং সমদৃগপি শান্তোঽপি ব্রাহ্মণো দীনানাং

অরাজকতা-নিবন্ধন চৌরগণের বিশেষ প্রাদুর্ভাব এবং প্রজাবর্গের অবসাদ অবলোকন করিয়াও সামর্থ্যশীল ঋষিগণ, পরদণ্ডে নিজেদের পক্ষে দোষ নিশ্চয় করত, উপদ্রবকারিগণের অবসাদনে যত্ন করিলেন না ॥ ২৮ ॥

কিন্তু নিশ্চিন্তও রহিলেন না; কারণ পরমার্থদর্শী শমগুণসম্পন্ন বেদজ্ঞ ব্রাহ্মণ হইয়াও যদি দীনহীন পীড়িত জনের উপকার সাধনে উপেক্ষা করেন, তাহা হইলে ভগ্ন ভাণ্ড হইতে জল যেমন পতিত হইয়া যায়, সেইরূপ তাঁহার স্বাধ্যায়াদির দ্বারা লব্ধ ব্রহ্মতেজও অজ্ঞাতসারে নির্গত হইয়া যায় ॥ ২৯ ॥

এইরূপ নিশ্চয় করিয়া তাঁহারা ভাবিলেন, রাজর্ষি অঙ্গের বংশ বিলুপ্ত

অমোঘবীর্য্যা হি নৃপা বংশেঽস্মিন্ কেশবাশ্রয়াঃ ॥
বিনিশ্চিত্যৈবমৃষয়ো বিপন্নস্য মহীপতেঃ।
মমন্থুরূরুং তরসা তত্রাসীদ্বাহুকো নরঃ ॥ ৩০ ॥
কাককৃষ্ণোঽতিহ্রস্বাঙ্গো হ্রস্ববাহু র্মহাহনুঃ।
হ্রস্বপান্নিম্ননাসাগ্রো রক্তাক্ষস্তাম্রমূর্দ্ধজঃ ॥

অন্বয়ঃ।

যস্মাৎ অস্মিন্ মনুবংশে কেশবাশ্রয়াঃ ভগবদ্ভক্তাঃ, অতএব অমোঘবীর্য্যাঃ মহানুভাবাঃ নৃপাঃ জাতাঃ ॥

এবং বিনিশ্চত্য ঋষয়ঃ বিপন্নস্য মৃতস্য, মহীপতেঃ (সুনীথারক্ষিতস্য বেণদেহস্য ঊরুং (অধোভাগং প্রথমং) তরসা বেগেন, মমন্থুঃ। তত্র মথ্যমানাৎ উরোঃ, বাহুকঃ বামনকঃ, নরঃ আসীৎ ॥ ৩০ ॥

কাককৃষ্ণঃ কাকবৎ কৃষ্ণবর্ণঃ, অতিহ্রস্বাঙ্গঃ (অতিহ্রস্বং অঙ্গং শরীরং যস্য সঃ) হ্রস্ববাহুঃ (হ্রস্বৌ বাহু যস্য সঃ) মহাহনুঃ (মহত্তৌ হনূ কপোলপ্রান্তৌ যস্য সঃ) হ্রস্বপাদ্ (হ্রস্বৌ পাদৌ যস্য সঃ) নিম্ননাসাগ্রঃ (নিম্নঃ নাসায়াঃ অগ্রভাগঃ যস্য সঃ) রক্তাক্ষঃ (রক্তে অক্ষিণী যস্য সঃ) তাম্রমূর্দ্ধজঃ (তাম্রবৎরক্তাঃ মূর্দ্ধজাঃ কেশাঃ যস্য সঃ) ॥

শ্রীধরস্বামী।

অত উপেক্ষাদোষ-পরীহারায় নাঙ্গস্যেত্যাদি বিনিশ্চিত্য মহীপতে রূরুং তরসা মমন্থুরিত্যন্বয়ঃ। সংস্থাতুং নাশং গন্তুং। যদ্বা ঋষয় এব লুম্পতো লোকান্নাবারয়ন্। কথম্ভূতাঃ হুঙ্কারৈরেব তান্নিবারয়িতুং শক্তা অপি তং কিং তস্মিন্নিবারণে তন্মরণাদিদোষদর্শিনঃ নচোদাসন্ চৌরোপদ্রুতদীনোপেক্ষায়াং তপোহানিপ্রসঙ্গাৎ নচান্যং তন্নিবারকং রাজানমকুর্ব্বন্ অঙ্গবংশোচ্ছেদস্যানর্হত্বাৎ। অতো বেণস্যৈব দেহং মমন্থুরিতি যোজ্যং। বাহুকো বামনঃ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমুপেক্ষকো ভবেত্তর্হি তস্যাপি ব্রহ্ম তপঃ স্রবতি ॥ ২৯ ॥ ৩০ ॥

নম্বেবঞ্চেত্তর্হি ভৃগ্বাদয়স্তে মুনয়ঃ কথং নিশ্চিন্তাঃ স্থিতাঃ সত্যং ত এব স্বৈর্দস্যুবধপ্রজাপালনাভ্যাং তপঃক্ষয়বিক্ষেপাদিকমালক্ষ্য কোঽপ্যেকো জনো রাজা কর্ত্তব্য ইতি ব্যবস্থায়াং পরামৃশ্যাহুঃ নাঙ্গস্যেতি সংস্থাতুং নষ্টীভবিতুং। বাহুকো বামন ইতি প্রথমং তদ্দেহান্মাত্রাংশঃ পৃথগ্ভূয় প্রকটীবভূবেত্যর্থঃ ॥

হওয়া কোনমতে সঙ্গত নহে; কারণ ভগবদাশ্রিত অমোঘবীর্য্য নরেন্দ্রগণই এই বংশে জন্ম পরিগ্রহ করিয়াছেন এবং করিবারও বিশেষ সম্ভাবনা ॥

এই প্রকার বিচার করত ঋষিগণ মৃত বেণ নরপতির অধোভাগ উরুদেশ বেগে মন্থন করিলেন এবং সেই মন্থনে একটী বামন পুরুষ উৎপন্ন হইল ॥ ৩০

তন্তু তেঽবনতং দীনং কিং করোমীতি বাদিনং।
নিষীদেত্যব্রুবং স্তাত স নিষাদ স্ততোঽভবৎ ॥ ৩১ ॥
তস্য বংশ্যাস্তু নৈষাদা গিরি-কানন-গোচরাঃ।
যেনাহরজ্জায়মানো বেণকল্মষমুল্বণং ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতে নিষাদোৎপত্তির্নাম চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৪ ॥ * ॥

অন্বয়ঃ।

তং তু নরং অবনতং নম্রশীর্ষকং, দীনং কিং (ভবৎসন্তোষকরং কার্য্যং) করোমি ইতি বাদিনং প্রার্থয়মানং তে মুনয়ঃ নিষীদ স্থিতঃ ভব ইতি অব্রুবন্; হে তাত! বিদুর! ততঃ সঃ নিষাদঃ অভবৎ ॥ ৩১ ॥

যেন হেতুনা জায়মানঃ পুরুষঃ উল্বণং ভয়ঙ্করং, বেণকল্মষং পাপং অহরৎ অতঃ তস্য নিষাদস্য বংশ্যাঃ বংশসম্ভূতাঃ, এব গিরিকাননগোচরাঃ (গিরিকাননং এব গোচরঃ বাসস্থানং যেষাং তে) নৈষাদাঃ জাতাঃ ॥ ৩২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

তমেবাহ কাক ইব কৃষ্ণঃ। মহত্যৌ হনূ কপোলপ্রান্তৌ যস্য হ্রস্বৌ পাদৌ যস্য ॥ ৩১ ॥

গিরিঃ কাননঞ্চ গোচর আশ্রয়ঃ নতু পুরাদিপ্রবেশো যেষাং তে। তত্র হেতুঃ। যেন কারণেনাসাবহরৎ। ততস্তস্য বংশ্যাস্তথাভূতাঃ ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে চতুর্দ্দশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিষীদেতি নাসৌ রাজযোগ্য ইতি ব্যবসায়েত্যর্থঃ ॥ ৩১ ॥

যেন কারণেনাসৌ জায়মানো বেণকল্মষমহরৎ জগ্রাহ তেন স নিষাদো নীচজাতিরভবৎ। তস্য বংশ্যাস্তু নৈষাদা অতি নীচা অভূবন্নিত্যন্বয়ঃ ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্দ্দশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

তাহার বর্ণ কাকের ন্যায় কৃষ্ণবর্ণ, আকৃতি খর্ব্ব, বাহু ও কপোল-প্রান্ত নিতান্তই হ্রস্ব; পাদদ্বয় খর্ব্ব, নাসাগ্র নিম্ন, লোচনদ্বয় রক্তবর্ণ এবং তাহার কেশজাল তাম্রবর্ণ ॥

সেই পুরুষ উৎপন্ন হইয়াই অবনত-মস্তকে ঋষিগণকে অভিবাদন পূর্ব্বক বলিল, আমাকে কি করিতে হইবে? আজ্ঞা করুন! 'তখন ঋষিগণ তাহাকে "নিস্তব্ধ ভাবে অবস্থান কর," বলিয়া অনুমতি করিলেন। এই পুরুষ হইতেই

মৈত্রেয় উবাচ ॥

অথ তস্য পুনর্ব্বিপ্রৈরপুত্রস্য মহীপতেঃ।

বাহুভ্যাং মথ্যমানাভ্যাং মিথুনং সমপদ্যত ॥

তদ্দৃষ্ট্বা মিথুনং জাতমৃষয়ো ব্রহ্মবাদিনঃ।

ঊচুঃ পরমসন্তুষ্টা বিদিত্বা ভগবৎকলাং ॥ ১ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। অথ অধর্ম্মাংশদূরীকরণানন্তরং, অপুত্রস্য তস্য মহীপতেঃ বেণস্য, বিপ্রৈঃ পুনঃ মথ্যমানাভ্যাং বাহুভ্যাং মিথুনং সমপদ্যত ॥

তৎ মিথুনং জাতং দৃষ্ট্বা ভগবৎকলাং বিদিত্বা জ্ঞাত্বা, পরমসন্তুষ্টাঃ ব্রহ্মবাদিনঃ বেদার্থতত্ত্বজ্ঞাঃ, ঋষয়ঃ ঊচুঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

ততঃ পঞ্চদশে বিপ্রৈর্ম্মথনাদ্বেণবাহুতঃ জাতস্য তু পৃথোরুক্তমভিষেকার্হণাদিকং ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদ্বেণ-বাহু-মথন-জন্মনঃ সার্চ্চিষশ্চঃ পৃথোঃ।

অভিষেকোপায়নাদ্যাহ্নতিঃ পঞ্চদশেহভবৎ ॥ * ॥

অথাত্র পিত্রংশো বিষ্ণুযজ্ঞপ্রভাবশ্চ কীদৃশ উদ্ভবেদিত্যপেক্ষায়াং মুনিভির্ম্মথনমাহ অথেতি ॥ ১

নিষাদকুলের উৎপত্তি হইল ॥ ৩১ ॥

এই পুরুষের উৎপত্তিতে বেণরাজের কলঙ্কাংশ নিঃসৃত হয়; সুতরাং এই পাপমূর্ত্তিতে কেবল গিরিকাননচারী নিষাদগণই জন্ম পরিগ্রহ করিয়াছিল ॥ ৩২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চতুর্দ্দশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর! বেণরাজার অপুত্রক অবস্থায় মৃত্যু হওয়ায়, বিপ্রগণ পুনরায় মৃত বেণের বাহুদ্বয় মন্থন করিতে আরম্ভ করিলেন এবং সেই মন্থনে একটী পুরুষ ও একটী নারীরূপ মিথুনের উৎপত্তি হইল ॥

মিথুনের উৎপত্তি দর্শন করিয়া, ব্রহ্মবাদী ঋষিগণ উভয়কে ভগবানের অংশসমুদ্ভূত জ্ঞানে পরম প্রীত হইলেন ॥ ১ ॥

তাঁহারা বলিলেন, এই পুরুষ ভগবান্ পরমেশের জগৎপবিত্র অংশ এবং

আভাস।

পঞ্চদশ অধ্যায়ে বিপ্রগণ কর্ত্তৃক বেণের বাহুমন্থন পূর্ব্বক পৃথুর উৎপত্তি এবং তাঁহার রাজ্যাভিষেক বর্ণিত হইয়াছে ॥

এষ বিষ্ণোর্ভগবতঃ কলা ভুবনপাবনী।
ইয়ঞ্চ লক্ষ্মীসম্ভূতিঃ পুরুষস্যানপায়িনী ॥ ২ ॥
অত্র যঃ প্রথমো রাজ্ঞাং পুমান্ প্রথয়িতা যশঃ।
পৃথুর্নাম মহারাজো ভবিষ্যতি পৃথুশ্রবাঃ ॥ ৩ ॥
ইয়ঞ্চ দেবী সুদতী গুণভূষণভূষণা।
অর্চ্চির্নাম বরারোহা পৃথুমেবাবরুন্ধতী ॥ ৪ ॥

অন্বয়ঃ।

(মিথুনমধ্যে) এষঃ পুরুষঃ ভগবতঃ বিষ্ণোঃ ভুবনপাবনী কলা অংশঃ; ইয়ং চ স্ত্রীঃ পুরুষস্য ভগবতঃ, অনপায়িনী লক্ষ্মীসম্ভূতিঃ (লক্ষ্ম্যাঃ সম্ভূতিঃ অংশঃ) ॥ ২ ॥

অত্র যঃ অয়ং পুমান্ রাজ্ঞাং প্রথমঃ যশঃ প্রথয়িতা ইতি পৃথুঃ নাম পৃথুশ্রবাঃ মহারাজঃ ভবিষ্যতি ॥ ৩ ॥

ইয়ং চ সুদতী শোভনদন্তবতী, দেবী দীপ্যমানা গুণভূষণভূষণা (গুণানাং সৌশীল্যাদীনাং ভূষণানাং চ ভূষণভূতা) বরারোহা (বরঃ শোভনঃ আরোহঃ উৎসঙ্গঃ যস্যাঃ সা) অর্চ্চিঃ নাম স্ত্রীঃ সতী পৃথুং এব অবরুন্ধতী পতিত্বেন ভজন্তী ভবিষ্যতি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

কিমূচুরিত্যত আহ এষ ইতি চতুর্ভিঃ। লক্ষ্ম্যাঃ সংভূতিঃ কলা ॥ ২ ॥

অত্র যঃ পুমান্ সতু মহারাজো ভবিষ্যতি ॥ ৩ ॥

সুদতী শোভনদন্তবতী গুণানাং ভূষণনানাঞ্চ ভূষণরূপা অবরুন্ধতী ভর্তৃত্বেন ভজন্তী ভবিষ্যতি ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সম্যক্ ভূতিঃ সম্পত্তি স্তদ্রূপা লক্ষ্মীঃ ॥ ২ ॥

বাহুভ্যামিতি ক্ষাত্রং তেজো ভগবৎপ্রভাবশ্চ ক্ষত্রিয়স্য বাহ্বোরেব তিষ্ঠতীত্যভিপ্রায়েণ অত্র যঃ পুমান্ প্রথমঃ সপ্রথয়িতেতি নিরুক্ত্যা পৃথুঃ ॥ ৩ ॥

গুণানাং ভূষণানাঞ্চ ভূষণরূপা অবরুন্ধতী ভক্ত্যা বশীকুর্ব্বতী ভবিষ্যতি ৪ ॥

এই নারীও পরমেশ্বর বিষ্ণুর সনাতনী শক্তিস্বরূপা লক্ষ্মীর অংশে সমুদ্ভূতা হইয়াছেন ॥ ২ ॥

এই পুরুষ রাজন্যগণের অগ্রগণনীয় হইয়া, অতুল যশঃ ও কীর্ত্তির বিস্তার করিবেন; এবং প্রচুর কীর্ত্তির জন্য ইনি রাজচক্রবর্ত্তী পৃথু নামে অভিহিত হইবেন ॥ ৩ ॥

এবং এই চারু-দশন-বিশিষ্টা লাবণ্যবতী নিবিড়নিতম্বা অর্চ্চি নামা সর্ব্ব-গুণালঙ্কৃতা কামিনী মহারাজ পৃথুকেই পতিত্বে ভজনা করিবেন ॥ ৪ ॥

এব সাক্ষাদ্ধরেরংশো জাতো লোকরিরক্ষয়া।
ইয়ঞ্চ তৎপরা হি শ্রীরনুজজ্ঞেঽনপায়িনী ॥ ৫ ॥
মৈত্রেয় উবাচ ॥
প্রশংসন্তিস্ম তং বিপ্রা গন্ধর্ব্বপ্রবরা জগুঃ।
মুমুচুঃ সুমনোধারাঃ সিদ্ধা নৃত্যন্তি স্বঃস্ত্রিয়ঃ ॥
শঙ্খ-তূর্য্য-মৃদঙ্গাদ্যা নেদুর্দুন্দুভয়ো দিবি।
তত্র সর্ব্ব উপাজগ্মু র্দেবর্ষি পিতৃণাংগণাঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

হি যস্মাৎ এষঃ সাক্ষাৎ হরেঃ অংশঃ এব লোকরিরক্ষয়া (লোকানাং রিরক্ষয়া রিরক্ষিষয়া) জাতঃ; ইয়ং চ তৎপরা (তস্য ভগবতঃ একান্তভক্তা) অনপায়িনী সনাতনী, শ্রীঃ লক্ষ্মীঃ, অনুজজ্ঞে তেন সহ জাতা (অনয়োর্দম্পতিভাবো ন বিরুদ্ধঃ) ॥ ৫ ॥

মৈত্রেয়ঃ উবাচ। (অন্যে) বিপ্রাঃ তং প্রশংসন্তি স্ম তুষ্টুবুঃ, গন্ধর্ব্বপ্রবরাঃ জগুঃ, সিদ্ধাঃ সুমনোধারাঃ (সুমনসাং পুষ্পাণাং ধারাঃ) মুমুচুঃ ববৃষুঃ, স্বঃস্ত্রিয়ঃ অপ্সরসঃ, নৃত্যন্তি স্ম ॥

দিবি স্বর্গে, শঙ্খতূর্য্যমৃদঙ্গাদ্যাঃ (দেবৈঃ বাদিতাঃ) দুন্দুভয়ঃ নেদুঃ তত্র স্থানে, দেবর্ষি-পিতৃণাং সর্ব্বে গণাঃ সমূহাঃ উপাজগ্মুঃ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

অত্র হেতুঃ এষ ইতি লোকস্য রিরক্ষয়া রিরক্ষিষয়া ॥ ৫ ॥
স্বঃস্ত্রিয়ঃ অপ্সরসো নৃত্যন্তিস্ম ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রিরক্ষয়া রিরক্ষিষয়া ॥ ৫ ॥

এই পুরুষ জগতের রক্ষাবিধানার্থ সাক্ষাৎ শ্রীহরির অংশে জন্ম পরিগ্রহ করিয়াছেন; এবং এই নারীও সাক্ষাৎ ভগবৎপরায়ণা সনাতনী কমলা; ইহাঁদের পরস্পরের মধ্যে কখন বিচ্ছেদ নাই; সুতরাং একত্রই জন্ম পরিগ্রহ করিয়াছিলেন ॥ ৫ ॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর! পৃথুকে অবলোকন করিয়া, অন্যান্য ব্রাহ্মণগণ বিশেষ প্রশংসা করিতে লাগিলেন; গন্ধর্ব্বশ্রেষ্ঠগণ সঙ্গীত আরম্ভ করিলেন এবং স্বর্গবিদ্যাধরীগণ নৃত্য করিতে লাগিলেন ॥

স্বর্গ হইতে দেবতাগণ শঙ্খ, তূরী, মৃদঙ্গ ও দুন্দুভি প্রভৃতির ধ্বনি করিতে লাগিলেন। অনন্তর সমস্ত দেবতা, ঋষি ও পিতৃলোকগণ পৃথুকে অবলোকন করিবার জন্য, তথায় উপনীত হইলেন ॥ ৬ ॥

ইন্দ্রাদি সুরেন্দ্রবৃন্দে পরিবৃত ভগবান্ কমলযোনি ব্রহ্মা তথায় উপস্থিত

ব্রহ্মা জগদ্গুরুর্দেবৈঃ সহাসৃত্য সুরেশ্বরৈঃ।
বৈণ্যস্য দক্ষিণে হস্তে দৃষ্ট্বা চিহ্নং গদাভৃতঃ॥
পাদয়োরবিন্দঞ্চ তং বৈ মেনে হরেঃ কলাং॥ ৭॥
যস্যাপ্রতিহতং চক্রমংশঃ স পরমেষ্ঠিনঃ।
তস্যাভিষেক আরব্ধে ব্রাহ্মণৈর্ব্রহ্মবাদিভিঃ॥ ৮॥
আভিষেচনিকান্যস্মৈ আজহ্রুঃ সর্ব্বতো জনাঃ।
সরিৎসমুদ্রাগিরয়ো নাগা গাবঃ খগা মৃগাঃ॥
দ্যৌঃ ক্ষিতিঃ সর্ব্বভূতানি সমাজহ্রুরুপায়নং।
সোঽভিষিক্তো মহারাজঃ সুবাসাঃ সাধ্বলঙ্কৃতঃ॥

অন্বয়ঃ।

সুরেশ্বরৈঃ ইন্দ্রাদিভিঃ দেবৈঃ, সহ জগদ্গুরুঃ ব্রহ্মা, তত্র আসৃত্য আগত্য, বৈণ্যস্য পৃথোঃ, দক্ষিণে হস্তে গদাভৃতঃ ভগবতঃ, চিহ্নং রেখাত্মকং চক্রং, তথা পাদয়োঃ অরবিন্দং রেখাকারং কমলং, চ দৃষ্ট্বা তং পৃথুং হরেঃ কলাং অংশং, এব মেনে॥ ৭॥

অপ্রতিহতং রেখান্তরৈঃ অভিন্নং, চক্রং যস্য চিহ্নং সঃ পরমেষ্ঠিনঃ পরমেশ্বরস্য, অংশঃ ইতি মত্বা ব্রহ্মবাদিভিঃ ব্রাহ্মণৈঃ, তস্য পৃথোঃ, অভিষেকে আরব্ধে সতি॥ ৮॥

অস্মৈ পৃথবে, সর্ব্বতঃ দিগ্ভ্যঃ জনাঃ আভিষেচনিকানি অভিষেকসাধনবস্তূনি আজহ্রুঃ আনীয় সমর্পিতবন্তঃ॥

সরিৎসমুদ্রাদয়ঃ সর্ব্বে সর্ব্বভূতানি চ উপায়নং নিবেদনার্হং বস্তু সমাজহ্রুঃ॥

শ্রীধরস্বামী।

দেবৈঃ সহাসৃত্য আগত্য চিহ্নং রেখাত্মকং চক্রং॥ ৭॥

অপ্রতিহতং রেখান্তরৈরভিন্নং চক্রং যস্য চিহ্নং স পরমেশ্বরস্যাংশঃ॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুমনসাং পুষ্পাণাং ধারা ইব ধারা মুমুচুঃ॥ ৬॥ ৭॥

হইয়া, বেণনন্দন পৃথুর দক্ষিণ হস্তে ভগবান্ চক্রপাণির চক্রচিহ্ন ও চরণে পদ্মচিহ্ন অবলোকন করিয়া, ভগবান্ শ্রীহরির অংশ বলিয়াই পৃথুকে অনুমান করিলেন॥ ৭॥

যাঁহার করতলস্থ চক্ররেখা রেখান্তরের দ্বারা প্রতিহত হয় না, তিনিই পরম পুরুষ ভগবানের অংশ বলিয়া নির্দ্দেশ করত ব্রহ্মবাদী ব্রাহ্মণগণ কর্ত্তৃক পৃথুর অভিষেক আরম্ভ হইলে—॥ ৮॥

জনগণ সর্ব্বত্র হইতে তাঁহার অভিষেকের দ্রব্য সামগ্রী আহরণ করিল। সরিৎ, সমুদ্র, ভূধর, নাগলোক, গাভী, খগ, মৃগ, আকাশাধিপতি এবং

পত্ন্যার্চ্চিষালঙ্কৃতয়া বিরেজেঽগ্নিরিবাপরঃ ॥ ৯ ॥
তস্মৈ জহার ধনদো হৈমং বীর বরাসনং।
বরুণঃ সলিলস্রাবমাতপত্রং শশিপ্রভং ॥ ১০ ॥
বায়ুশ্চ বালব্যজনে ধর্ম্মঃ কীর্ত্তিময়ীং স্রজং।
ইন্দ্রঃ কিরীটমুৎকৃষ্টং দণ্ডং সংযমনং যমঃ ॥ ১১ ॥
ব্রহ্মা ব্রহ্মময়ং বর্ম্ম ভারতী হারমুত্তমং।

অন্বয়ঃ।

সাধু অলঙ্কৃতঃ সুবাসাঃ (ব্রাহ্মণৈঃ) অভিষিক্তঃ সঃ মহারাজঃ পৃথুঃ, অলঙ্কৃতয়া পত্ন্যা অর্চ্চিষা, সহ অপরঃ দ্বিতীয়ঃ, অগ্নিঃ ইব বিরেজে শুশুভে ॥ ৯ ॥

হে বীর বিদুর! ধনদঃ কুবেরঃ, তস্মৈ পৃথবে হৈমং বরাসনং জহার নিবেদিতবান্; বরুণঃ (সলিলস্রাবং সলিলস্য স্রাবঃ যস্মাৎ তৎ) শশিপ্রভং শুভ্রং, আতপত্রং ছত্রং জহার ॥ ১০ ॥

বায়ুঃ চ বালব্যজনে দ্বে চামরে; ধর্ম্মঃ কীর্ত্তিময়ীং অম্লানপুষ্পাং, স্রজং মালাং; ইন্দ্রঃ উৎকৃষ্টং কিরীটং, যমশ্চ সংযমনং দণ্ডং আজহার প্রদদৌ ॥ ১১ ॥

ব্রহ্মা ব্রহ্মময়ং বেদময়ং, বর্ম্ম কবচং; ভারতী সরস্বতী, উত্তমং হারং; হরিঃ সুদর্শনং

শ্রীধরস্বামী।

আভিষেচনিকানি অভিষেকসাধনানি ॥ ৯ ॥

হে বীর! বরমাসনং। সলিলস্য স্রাবো যস্মাৎ ॥ ১০ ॥

দ্বে বালব্যজনে ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপ্রতিহতং রেখান্তরৈরভিন্নং পাণিতল ইত্যর্থঃ। পরমেষ্ঠিনঃ পরমেশ্বরস্য ॥ ৮—১১ ॥

যাবতীয় প্রাণিবর্গ উপযুক্ত সামগ্রী আনয়ন করিল ॥

অতি উৎকৃষ্ট বস্ত্র ও অলঙ্কারাদি পরিধানে মহারাজ পৃথু অভিষিক্ত হইয়া, স্বলঙ্কৃতা পত্নী অর্চ্চির সহিত একাসনে উপবেশন পূর্ব্বক দ্বিতীয় হুতাশনের ন্যায়, শোভা ধারণ করিলেন ॥ ৯ ॥

হে বীর বিদুর! ধনেশ্বর কুবের অতি উৎকৃষ্ট স্বর্ণ-সিংহাসন পৃথুকে প্রদান করিলেন। জলাধিপতি বরুণ পূর্ণ-শশধরের ন্যায় শোভাসম্পন্ন অতি শুভ্র সলিলস্রাবী ছত্র তাঁহাকে প্রদান করিলেন ॥ ১০ ॥

পবনদেব চামরদ্বয়; ধর্ম্ম অম্লান মালা, ইন্দ্র অতি উৎকৃষ্ট সুন্দর কিরীট, এবং যম সংযমনকারী দণ্ড পৃথুকে সমর্পণ করিলেন ॥ ১১ ॥

ব্রহ্মা বেদময় কবচ, সরস্বতী উৎকৃষ্ট হার, শ্রীহরি সুদর্শন চক্র এবং কমলা অনপায়িনী সম্পদ্ পৃথুকে প্রদান করিলেন ॥ ১২ ॥

হরিঃ সুদর্শনং চক্রং তৎপত্ন্যব্যাহতাং শ্রিয়ম্ ॥ ১২ ॥
দশচন্দ্রমসিং রুদ্রঃ শতচন্দ্রং তথাম্বিকা।
সোমোঽমৃতময়ানশ্বাংস্ত্বষ্টা রূপাশ্রয়ং রথম্ ॥ ১৩ ॥
অগ্নিরাজগবং চাপং সূর্য্যো রশ্মিময়ানিষূন্।
ভূঃ পাদুকে যোগময্যৌ দ্যৌঃ পুষ্পাবলিমন্বহম্ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

চক্রং; তৎপত্নী (তস্য হরেঃ পত্নী লক্ষ্মীঃ) অব্যাহতাং ক্ষয়াদিদোষবর্জ্জিতাং, শ্রিয়ং সম্পদং ॥১২॥

রুদ্রঃ শিবঃ, দশচন্দ্রং (দশচন্দ্রাকারাণি বিম্বানি কোশে যস্মিন্ তৎ) অসিং; অম্বিকা পার্ব্বতী, শতচন্দ্রং চর্ম্ম; সোমঃ চন্দ্রমাঃ, অমৃতময়ান্ খেদাদিবর্জ্জিতান্, অশ্বান্; ত্বষ্টা বিশ্বকর্ম্মা রূপাশ্রয়ং অতিসৌন্দর্য্যযুক্তং, রথং ॥ ১৩ ॥

অগ্নিঃ আজগবং (অজস্য গোঃ শৃঙ্গাভ্যাং নির্ম্মিতং আজগবং) চাপং ধনুঃ; সূর্য্যঃ রশ্মিময়ান্ ইষূন্ বাণান্; ভূঃ ভূমিঃ, যোগময্যৌ (পাদমাত্রধারণেন অভীষ্টদেশপ্রাপিকে) পাদুকে; দ্যৌঃ স্বর্গাভিমানী দেবতা, অন্বহং প্রতিদিনং, পুষ্পাবলিং পুষ্পবৃষ্টিং চকার ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

ব্রহ্মময়ং বেদময়ং। বর্ম্ম কবচং। তৎপত্নী শ্রীঃ শ্রিয়ং সম্পদং ॥ ১২ ॥

দশচন্দ্রাকারাণি বিম্বানি কোশে যস্য তৎ অসিং খড়্গাং শতচন্দ্রং চর্ম্ম রূপাশ্রয়ং অতিসুন্দরং ॥ ১৩ ॥

অজস্য গোশ্চ শৃঙ্গাভ্যাং নির্ম্মিতং চাপং যোগময্যৌ পাদস্পর্শমাত্রেণাভীষ্টদেশপ্রাপিকে ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মময়ং বেদময়ং। বর্ম্ম কবচং। তৎপত্নী লক্ষ্মীঃ শ্রিয়ং সম্পত্তিং ॥ ১২ ॥

দশচন্দ্রাকারাণি বিম্বানি কোশে যস্য তমসিং খড়্গাং। শতচন্দ্রং চর্ম্ম। রূপাশ্রয়মতিসুন্দরং ॥ ১৩ ॥

অজস্য গোশ্চ শৃঙ্গাভ্যাং নির্ম্মিতং চাপং। যোগময্যৌ পাদস্পর্শমাত্রেণাভীষ্টদেশপ্রাপিকে ॥ ১৪ ॥

রুদ্র দশচন্দ্রাকার উজ্জ্বল অসি, অম্বিকা শত-চন্দ্র-শোভন সুন্দর চর্ম্ম, চন্দ্রমা অমৃতোৎপন্ন দুঃখ-খেদাদি-পরিশূন্য অশ্ব সমূহ, এবং বিশ্বকর্ম্মা সর্ব্ব শোভাসম্পন্ন উত্তম রথ রাজাকে প্রদান করিলেন ॥ ১৩ ॥

অগ্নি গোশৃঙ্গ-নির্ম্মিত ধনুঃ, দিবাকর রশ্মিময় বাণ এবং ভূমি অপূর্ব্ব পাদুকা প্রদান করিলেন; এই পাদুকাতে চরণ-বিন্যাস মাত্রে, অভিলষিত স্থানে গমন করিতে পারা যায়। আকাশ অনবরত পুষ্পাঞ্জলি প্রদানে রত

নাট্যং সুগীতং বাদিত্রমন্তর্ধানঞ্চ খেচরাঃ।
ঋষয়শ্চাশিষঃ সত্যাঃ সমুদ্রঃ শঙ্খমাত্মজং॥
সিন্ধবঃ পর্ব্বতা নদ্যো রথবীথী র্মহাত্মনঃ॥ ১৫॥
সূতোঽথ মাগধো বন্দী তং স্তোতুমুপতস্থিরে॥ ১৬॥
স্তাবকাংস্তানভিপ্রেত্য পৃথুর্বৈণ্যঃ প্রতাপবান্।
মেঘনির্হ্রাদয়া বাচা প্রহসন্নিদমব্রবীৎ॥ ১৭॥

অন্বয়ঃ।

খেচরাঃ আকাশচারিণঃ গন্ধর্ব্বাদয়ঃ, নাট্যং সুগীতং বাদিত্রং অন্তর্ধানং চ (এতেষাং কৌশলং বরত্বেন) দদুঃ; ঋষয়ঃ সত্যাঃ আশিষঃ দদুঃ; সমুদ্রঃ আত্মজং স্বপ্রভবং, শংখং দদৌ॥

সিন্ধবঃ সপ্তসমুদ্রাঃ, পর্ব্বতাঃ নদ্যঃ চ মহাত্মনঃ বিশ্বাবতারস্য পৃথোঃ রথবীথীঃ রথমার্গান্ বরত্বেন দদুঃ॥ ১৫॥

অথ সূতঃ পৌরাণিকঃ, মাগধঃ বংশশংসকঃ, বন্দী প্রস্তাবসদৃশকথনতৎপরঃ, ইত্যেতে সর্ব্বে জনাঃ তং পৃথুং স্তোতুং উপতস্থিরে॥ ১৬॥

প্রতাপবান্ বৈণ্যঃ বেণাঙ্গসমুৎপন্নঃ, পৃথুঃ তান্ স্তাবকান্ সূতাদীন্, (স্তোতুমুদ্যতান্) অভিপ্রেত্য জ্ঞাত্বা, প্রহসন্ মেঘনির্হ্রাদয়া (মেঘানাং ইব তপ্তজনাশ্বাসনকরঃ নির্হ্রাদঃ ধ্বনিঃ যস্যাং তয়া) বাচা ইদং অব্রবীৎ॥ ১৭॥

শ্রীধরস্বামী।

নাট্যাদিকৌশলং খেচরাঃ। আত্মজং স্বভবং॥ ১৫॥ তং স্তোতুমুপস্থিতাঃ॥ ১৬॥
স্তাবকান্ স্তোতুমুদ্যতান্ অভিপ্রেত্য জ্ঞাত্বা॥ ১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মজং স্বভবং॥ ১৫॥ ১৭॥

হইলেন॥ ১৪॥

খেচরগণ নাট্য, গীতি, বাদিত্র ও অন্তর্দ্ধান হইবার কৌশল নৃপতিকে প্রদান করিলেন; ঋষিগণ অব্যর্থ আশীর্ব্বাদ এবং রত্নাকর নিজ গর্ভসম্ভূত শঙ্খ পৃথুকে সমর্পণ করিলেন॥ ১৫॥

সিন্ধু, পর্ব্বত ও নদীসমূহ ঐ মহাত্মাকে রথারোহণে গমনার্থ রথচক্রের পথ প্রদান করিলেন; পুরাণবক্তা (সূত) বংশবর্ণনকারী মাগধ এবং প্রস্তাবানুরূপ কথনে সমর্থ বন্দীগণ মহারাজের স্তব করিবার জন্য তথায় উপনীত হইলেন॥১৬

বেণকুমার প্রতাপবান্ পৃথু স্তুতি করিবার অভিপ্রায়ে সমবেত সূত ও মগধগণকে অবলোকন করিয়া, সহাস্যবদনে ও মেঘগম্ভীর ধ্বনিতে তাঁহাদিগকে সম্বোধন পূর্ব্বক বলিলেন॥ ১৭॥

পৃথুরুবাচ ॥

ভোঃ সূত হে মাগধ সৌম্য বন্দিন্ লোকেঽধুনাস্পষ্টগুণস্য মে স্যাৎ।
কিমাশ্রয়ো মে স্তব এষ যোজ্যতাং মাময্যভূবন্ বিতথা গিরো বঃ।। ১৮ ॥
তস্মাৎ পরোক্ষেঽস্মদুপশ্রুতান্যলং করিষ্যথ স্তোত্রমপীব্যবাচঃ।

অন্বয়ঃ।

ভোঃ সূত! হে মাগধ! হে সৌম্য বন্দিন্! লোকে অধুনা অস্পষ্টগুণস্য মে স্তবঃ স্যাৎ, অত এষঃ স্তবঃ কিমাশ্রয়ঃ (কান্ গুণান্) আশ্রিত্য স্যাৎ? ময়ি প্রযুক্তাঃ বঃ যুষ্মাকং গিরঃ বিতথাঃ অযথাঃ মা অভূবন্; এষঃ ক্রিয়মাণঃ স্তবঃ (স্পষ্টপূর্ণগুণস্য ভগবতঃ) যোজ্যতাং ॥ ১৮ ॥

হে অপীব্যবাচঃ মধুরগিরঃ! তস্মাৎ পরোক্ষে কালান্তরে, অস্মদুপশ্রুতানি (অস্মাকং উপশ্রুতানি যশাংসি প্রতি স্তোত্রং অলং অত্যর্থং, করিষ্যথ; উত্তমঃশ্লোকগুণানুবাদে (উত্তম-

শ্রীধরস্বামী।

লোকেঽস্পষ্টগুণস্য সতো মে স্তুতিঃ স্যাৎ। অধুনাতু কিমাশ্রয়ো মে স্তবো যোজ্যতাং। অতো বো গিরোঽধুনা ময়ি বিতথা মাভূবন্। যদ্বা লোকেঽধুনাস্পষ্টগুণস্য মে কিমাশ্রয়ঃ স্তবঃ স্যাৎ অত এষ ক্রিয়মাণঃ স্তবঃ অমে মদন্যস্য যোজ্যতাং নতু মে বিতথাভিধানাপত্তেরিত্যর্থঃ ॥ ১৮ ॥

তস্মাৎ পরোক্ষে কালান্তরে স্পষ্টেষু গুণেষু সংসু অস্মাকমুপাশ্রিতানি যশাংসি প্রতি স্তোত্র-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকে অধুনা অস্পষ্টগুণস্য মে স্তবোঽয়ং কিমাশ্রয়ঃ স্যাৎ কং গুণং মে দৃষ্ট্বা স্তুধ্বে ইত্যর্থঃ। স্তবং বিনা স্থাতুং ন শক্নুম ইতি চেৎ অমে মত্তিন্নস্য কস্যচিদ্যোগ্যজনস্য এষ ক্রিয়মাণঃ স্তবো যোজ্যতাং নতু মে। নন্বু কোঽত্র তে দোষস্তং কিং বিভেষীতি তত্র ন মে দোষঃ; কিন্তু যুষ্মাকমেব দোষপ্রসঙ্গে বিভেমীত্যাহ মেতি ময়ি বিষয়ে বো গিরো মাবিতথা ভবন্তু ॥ ১৮ ॥

নমু ভো গুণরত্নাকর! ভবতো নিখিলা এবৈতে গুণাঃ স্পষ্টীভবিষ্যন্ত্যেবেতি জ্ঞাত্বৈব স্তুম ইতি চেত্তত্রাহ তস্মাদিতি। যস্মান্মদ্গুণা ভবিষ্যন্তি তস্মাৎ অস্মদুপশ্রুতানি যশাংসি প্রতি স্তোত্রং অলমত্যর্থং করিষ্যথৈব নতু কুরুথ তদা কে যুষ্মান্নিষেৎস্যন্তীতি ভাবঃ। তদাপি

পৃথু বলিলেন, হে সূত! হে মাগধ! হে সৌম্য বন্দিগণ! জগতে আমার কোন গুণেরইত পরিচয় অদ্যাবধি প্রতীত নাই; তবে আপনারা আমার কোন্ গুণকে অবলম্বন করত, এরূপ স্তব করিতেছেন? পাছে আপনাদের কথা ভিত্তিহীন ও নিরর্থক হয়, এই আশঙ্কায় অনুরোধ করি! কোন উপযুক্ত পাত্রকে এই স্তবের দ্বারা আনন্দিত ও প্রথিত করুন্॥ ১৮॥

হে মধুরভাষিগণ! আমার ভাবি গুণের সম্প্রতি ব্যাখ্যা করা সঙ্গত নহে; যখন সে সমস্ত প্রকটিত হইবে, তখন তাহার ব্যাখ্যা করেন, ক্ষতি নাই;

সত্যুত্তম শ্লোকগুণানুবাদে জুগুপ্সিতং ন স্তবয়ন্তি সভ্যাঃ ॥ ১৯ ॥
মহদ্গুণানাত্মনি কর্ত্তুমীশঃ কঃ স্তাবকৈ স্তাবয়তে সতোঽপি।
তেঽস্যাভবিষ্যন্নিতি বিপ্রলব্ধো জনাবহাসং কুমতি ন বেদ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

শ্লোকস্য ভগবতঃ গুণানুবাদে কার্য্যে সতি) সভ্যাঃ জুগুপ্সিতং অর্ব্বাচীনং, মদ্বিধং জনং, ন স্তবয়ন্তি স্তাবয়িতুং ন যোগ্যাঃ ভবন্তি ॥ ১৯ ॥

মহদ্গুণান্ আত্মনি স্বস্মিন্, কর্ত্তুং সম্পাদয়িতুং, ঈশঃ সমর্থঃ, অপি অসতঃ অবিদ্যমানান্, গুণান্ স্তাবকৈঃ সূতাদিভিঃ, কঃ স্তাবয়তে। তে অস্য গুণাঃ অভবিষ্যন্ ইত্যেবমুক্ত্যা, (স্তাবকৈঃ) বিপ্রলব্ধঃ উপহসিতঃ, অপি জনাবহাসং কুমতিঃ জনঃ ন বেদ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

মলমত্যর্থং করিষ্যথ। হে অপীব্যবাচঃ মধুরগিরঃ। সভ্যৈঃ প্রেরিতা বয়ং ত্বমেব স্তুম ইতি চেত্তত্রাহ উত্তমঃশ্লোকস্য গুণানুবাদে কার্য্যে সতি জুগুপ্সিতমর্ব্বাচীনং ন স্তাবয়ন্তি ॥ ১৯ ॥

ননু সম্ভাবিতৈরেব গুণৈরাত্মানং জনঃ স্তাবয়তীতি চেৎ তত্রাহ। মহতাং গুণানাত্মনি সম্পাদয়িতুং শক্তোঽপি অসতো গুণান্ সম্ভাবনামাত্রেণ কঃ স্তাবয়তি। যদ্বা আদাবেব সতোঽপি কঃ স্তাবয়তে। স্বতএব প্রখ্যাতিসিদ্ধেঃ অন্যস্তু মিথ্যাগুণস্তুতিপ্রাপ্তী মন্দ ইত্যাহ ত ইতি। যদ্যয়ং শাস্ত্রাভ্যাসাদিকমকরিষ্যং তর্হি তে অস্য বিদ্যাদয়ো গুণা অভবিষ্যন্নিতি ক্রিয়াতিপত্ত্যা বিপ্রলব্ধো জনানামবহাসং ন বেদ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরোক্ষএব নতু মৎসাক্ষাৎ। হে অপীব্যবাচঃ মনোজ্ঞবাক্কৌশলাভিজ্ঞাঃ। নহি স্তবাঃ সংমুখ এব স্তুত্বা হ্রেপয়িতুং যুজ্যন্ত ইতি ভাবঃ। ননু কিং কুর্ম্মঃ সভ্যৈঃ প্রেরিতা বয়মধুনারভ্যৈব ত্বামেব স্তুম ইতি চেন্নৈব ব্রূথেত্যাহ উত্তমঃশ্লোকস্য গুণানুবাদে সদৈব সর্ব্বথৈব স্তবনীয়ে সতি জুগুপ্সিতমর্ব্বাচীনং মদ্বিধং জনং ন স্তাবয়ন্তি সভ্যত্বান্যথানুপপত্তেরিতি ভাবঃ ॥ ১৯ ॥

ননু সত্তুত্তমঃশ্লোকো ভবানেবেতি তত্রাহ মহতো ভগবতো গুণান্ আত্মনি স্বস্মিন্ কর্ত্তুং শিরঃশেখরীকর্ত্তুং ঈশঃ সমর্থোঽপি কোঽভিজ্ঞঃ আত্মানং স্তাবয়তে ন কোঽপি। সতো বর্ত্তমানানপি কিং পুনরবর্ত্তমানান্। মন্দস্তু অনীশোঽপি অবর্ত্তমানানপি স্তাবয়ত এবেতি ভাবঃ। সচ কুমতি র্জনাবহাসং ন বেদ। কীদৃশঃ তেঽস্যেতি যদ্যয়ং শস্ত্রশাস্ত্রকলাভ্যাসাদিকমকরিষ্যত্তদা বীরঃ পণ্ডিতো বিদগ্ধোঽপ্যভবিষ্যদিতি ক্রিয়াতিপত্ত্যা বিপ্রলব্ধঃ উপহসিতঃ ॥ ২০ ॥

সম্প্রতি যিনি সকল গুণের আকর, সেই পতিতপাবন জনার্দ্দনের গুণকীর্ত্তন না করিয়া, আপনাদের ন্যায় সভ্যের পক্ষে আমার ন্যায় অর্ব্বাচীন কুমতি ব্যক্তির স্তব করা কোন মতে বিধেয় নহে ॥ ১৯ ॥

প্রভবোহ্যাত্মনঃ স্তোত্রং জুগুপ্সন্ত্যপি বিশ্রুতাঃ।
হ্রীমন্তঃ পরমোদারাঃ পৌরুষং বা বিগর্হিতং ॥ ২১ ॥
বয়ং ত্ববিদিতালোকে সূতাদ্যাপি বরীমভিঃ।
কর্ম্মভিঃ কথমাত্মানং গাপয়িষ্যাম বালবৎ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৫ ॥ * ॥

অন্বয়ঃ।

পরমোদারাঃ বিশদচিত্তাঃ, হ্রীমন্তঃ বিশ্রুতাঃ প্রখ্যাতাঃ অপি প্রভবঃ বিদ্যমানগুণসম্পাদনে সমর্থাঃ অপি, বিগর্হিতং নিন্দিতং, পৌরুষং বা যথা তথা আত্মনঃ স্তোত্রং জুগুপ্সন্তি নিবারয়ন্তি ॥ ২১ ॥

হে সূত! বয়ং তু লোকে বরীমভিঃ বরিষ্ঠৈঃ, কর্ম্মভিঃ অদ্যাপি তু লোকে অবিদিতাঃ অজ্ঞাতাঃ; অতঃ বালবৎ অজ্ঞবৎ, কথং আত্মানং গাপয়িষ্যাম ॥ ২২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ প্রভবোঽপি বিশ্রুতা অপি হ্রীমন্তো জুগুপ্সন্তি বেতি দৃষ্টান্তে যথা অতিস্তুতৌ ক্রিয়মাণায়াং বিগর্হিতং ব্রাহ্মণবধাদিপৌরুষং নিন্দন্তি। তথা উচিতামপি স্তুতিং ন সহন্ত ইত্যর্থঃ ॥২১
বরীমভিরিতি দীর্ঘত্বমার্ষং। ভবিতৃপ্রধানশ্চায়ং নির্দ্দেশঃ বরিষ্ঠৈঃ কর্ম্মভিরবিদিতা ইত্যর্থঃ ॥২২

॥ * ॥ ইতি চতুর্থে পঞ্চদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে স্বস্তাবকাঃ প্রভবো ন জ্ঞেয়াঃ যতঃ প্রভবো হীত্যাদি। বা শব্দ ইবার্থে বিগর্হিতং পৌরুষমিব যথায়ং সতাং ধর্ম্মধ্বংসে পরমসমর্থ ইত্যাদি স্তোত্রং নিন্দন্তি ॥ ২১ ॥
বরীমভিরিতি দীর্ঘত্বমার্ষং বরীমভিঃ শ্রেষ্ঠৈস্তৈর্বয়মবিদিতা অবিখ্যাতাঃ। অতঃ কথং কর্ম্মভিরাত্মানং গাপয়িষ্যাম ॥ ২২ ॥

মহৎব্যক্তিগণের গুণগ্রাম যে ব্যক্তি আপনাতে প্রকাশে অসমর্থ, তাদৃশ অপ্রকটিত গুণগ্রামের আলাপনে কোন্ ব্যক্তি স্তুতিবাদকের দ্বারা নিজে পরিস্তুত হইতে বাসনা করে? যদি তাহার সে গুণের পরিচয় না হয়, তবে উক্ত কুমতি ব্যক্তি কেবল জনসমাজে হাস্যাস্পদ হয় মাত্র ॥ ২০ ॥

যাঁহারা প্রকৃতই গুণবান্, তাদৃশ ধীমান্ উদারচেতা ব্যক্তিগণও নিন্দিত পুরুষকারের অতিস্তুতির ন্যায়, নিজের সুখ্যাতি-বাদকে বরং ঘৃণা করিয়াই থাকেন ॥ ২১ ॥

যাহাই হউক্, হে সূতগণ! আপনাদের নিকট এ পর্য্যন্ত আমার কোন

মৈত্রেয় উবাচ ॥

ইতি ব্রুবাণং নৃপতিং গায়কা মুনিচোদিতাঃ।

তুষ্টুবুস্তুষ্টমনসস্তদ্বাগমৃতসেবয়া ॥ ১ ॥

নালং বয়ং তে মহিমানুবর্ণনে যো দেববর্য্যোঽবততার মায়য়া।

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। ইতি এবং ব্রুবাণং নৃপতিং পৃথুং তদ্বাগমৃতসেবয়া (তস্য বাক্ এব অমৃতং তস্য সেবয়া) তুষ্টমনসঃ (তুষ্টং মনো যেষাং তে) গায়কাঃ সূতাদয়ঃ মুনিভিঃ চোদিতাঃ প্রেরিতাঃ, সন্তঃ তুষ্টুবুঃ ॥ ১ ॥

যঃ দেববর্য্যঃ বিষ্ণুঃ, মায়য়া নিজেচ্ছয়া, অবততার তস্য বেণাঙ্গজাতস্য তে তব পৌরুষাণি

শ্রীধরস্বামী।

ষোড়শে সর্ব্বলোকেশৈঃ সংকৃতং ভার্য্যয়া যুতং।

মুনিপ্রযুক্তাঃ সূতাদ্যাঃ স্তবন্তি স্মেতি বর্ণ্যতে ॥ * ॥

গায়কাঃ সূতাদয়ঃ ॥ ১ ॥

নালং সমর্থাঃ যো ভবান্ অবতারেষপ্যস্যাধিক্যমাহুঃ। বেণস্যাঙ্গাজ্জাতস্য তে পৌরুষাণি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

পঞ্চদশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মুনিপ্রযুক্তাঃ সূতাদ্যাঃ ষোড়শে তুষ্টুবুঃ পৃথুং।

স্তবশ্চ পৃথ্বীদোহাদি ভাবি তদ্বৃত্তিসূচকঃ ॥ * ॥

নালং ন সমর্থাঃ। মায়য়া কৃপয়া। যদ্বা। সশক্ত্যা অর্চ্চিষা সহ তে তব পৌরুষাণি প্রতি

সৎকর্ম্মেরই প্রকাশ হয় নাই; এক্ষণে কি প্রকারে, বালকের ন্যায় আপনাদের দ্বারা আত্মগুণের কীর্ত্তন করাইব? ॥ ১২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের পঞ্চদশ অধ্যায় সমাপ্ত ॥

মৈত্রেয় বলিলেন, মহারাজ পৃথু এই প্রকার বলিলে, তাঁহার অমৃতোপম কথা-লহরীতেই সূতাদি স্তুতিপাঠকগণের চিত্ত সন্তুষ্ট হইল; তাঁহারা মুনিগণের উৎসাহ-বাক্যে অগ্রসর হইয়া, বেণবংশধর পৃথুর স্তব পুনরায় আরম্ভ করিলেন ॥ ১ ॥

তাঁহারা বলিলেন, যে দেবদেব বিষ্ণু নিজ বৈষ্ণবী মায়ার প্রভাবে অবতীর্ণ হন, তিনিই এই বেণদেহ সমুৎপন্ন পৃথুরূপে আমাদের নয়নগোচর

আভাস।

ষোড়শাধ্যায়ে মুনিগণের অনুমত্যনুসারে সূতাদি কর্ত্তৃক সভার্য্য পৃথুর স্তব ॥

বেণাঙ্গজাতস্য চ পৌরুষাণি তে বাচস্পতীনামপি বভ্রমুর্ধিয়ঃ ॥ ২ ॥
অথাপ্যুদারশ্রবসঃ পৃথোর্হরেঃ কলাবতারস্য কথামৃতাদৃতাঃ।
যথোপদেশং মুনিভিঃ প্রচোদিতাঃ শ্লাঘ্যানি কর্ম্মাণি বয়ং বিতন্মহি ॥
এষ ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠো লোকং ধর্ম্মেঽনুবর্ত্তয়ন্।
গোপ্তা চ ধর্ম্মসেতূনাং শাস্তা তৎপরিপন্থিনাং ॥ ৩ ॥

অন্বয়ঃ।

প্রতি বাচস্পতীনাং ব্রহ্মাদীনাং, অপি ধিয়ঃ বভ্রমুঃ ভ্রান্তাঃ জাতাঃ, তস্য তে মহিমানুবর্ণনে বয়ং সূতাদয়ঃ ন অলং সমর্থাঃ ॥ ২ ॥

অথাপি তথাপি, হরেঃ কলাবতারস্য উদারশ্রবসঃ (উদারং ধর্ম্মাদিচতুর্ব্বিধপুরুষার্থহেতু শ্রবঃ যশঃ যস্য তস্য) পৃথোঃ কথামৃতাদৃতাঃ (কথা এব অমৃতং তেন আদৃতাঃ) বয়ং মুনিভিঃ প্রচোদিতাঃ সন্তঃ যথোপদেশং শ্লাঘ্যানি মুখ্যানি কর্ম্মাণি বিতন্মহি বিস্তারয়ামঃ ॥

এষঃ ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠঃ পৃথুঃ ধর্ম্মে লোকং অনুবর্ত্তয়ন্ ধর্ম্মসেতুনাং বর্ণাশ্রমধর্ম্মমর্য্যাদানাং গোপ্তা পালকঃ, তথা তৎপরিপন্থিনাং ধর্ম্মমর্য্যাদাবিঘটকানাং শাস্তা দণ্ডয়িতা, এব ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

প্রতি অবিতর্ক্যা হয়। ব্রহ্মাদীনামপি ধিয়ো বভ্রমুঃ কুতঃ পুনর্ব্বয়ং তদ্বর্ণনে সমর্থা ভবেম ॥ ২ ॥

তথাপি যথাবৎ বর্ণয়িতুমশক্তা অপি কথামৃতে সাদরাঃ মুনিভিরুপদেশং যোগবলেন হৃদি প্রকাশনং তমনতিক্রম্য বিতন্মহি বিস্তারয়ামঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মাদীনামপি ধিয়ো বভ্রমুঃ ॥ ১ ॥ ২ ॥

যথোপদেশং মুনিভিরস্মদন্তঃকরণং প্রবিশ্য কৃতমুপদেশমনতিক্রম্য ॥ ৩ ॥

হইতেছেন! ইঁহার অলোকসামান্য গুণগণের বর্ণন করা, আমাদের ন্যায় সূতাদির পক্ষে দূরে থাকুক, ব্রহ্মাদি বাচস্পতিগণেরও চিত্তে ইহঁার মহিমা বর্ণনে মোহ উপস্থিত হয় ॥ ২ ॥

তথাপি ভগবান্ শ্রীহরির অংশে সমুৎপন্ন হইয়া, ধর্ম্মাদি চতুর্ব্বিধ পুরুষার্থের হেতুভূত অনুপম কীর্ত্তি ও যশের বিস্তারে যিনি পৃথুরূপে জন্ম পরিগ্রহ করিয়াছেন, তাঁহার বাক্যামৃতে আমাদের হৃদয় সাতিশয় শান্তিলাভ করিয়াছে; মুনিগণও আমাদিগকে বিশেষ উৎসাহ প্রদান করিয়াছেন; অতএব তাঁহাদের উপদেশ অনুসারে, আমরা যথাসাধ্য পৃথুর পবিত্র এবং উৎকৃষ্ট কীর্ত্তিকলাপেরই কীর্ত্তন করিব ॥

এই পৃথু ধার্ম্মিকগণের অগ্রগণনীয়! ধর্ম্মানুষ্ঠানে জনগণের প্রবৃত্তি উৎপাদন করত, স্বয়ং বর্ণাশ্রম ধর্ম্মের আচরণ করিয়া ধর্ম্মমর্য্যাদা রক্ষা করিবেন;

এষ বৈ লোকপালানাং বিভর্ত্যেকস্তনৌ তনূঃ ।
কালে কালে যথাভাগং লোকয়োরুভয়োর্হিতং ॥ ৪ ॥
বসু কাল উপাদত্তে কালে চায়ং বিমুঞ্চতি ।

অন্বয়ঃ ।

এষঃ একঃ সহায়ান্তরনিরপেক্ষঃ এব যথাভাগং যথাযোগ্যং উভয়োঃ (যজ্ঞাদিপ্রবর্ত্তনেন দেবলোকস্য বৃষ্ট্যাদিসম্পাদনেন মনুষ্যলোকস্য ইতি লোকয়োঃ হিতং আচরন্ স্বস্য তনৌ স্বশরীরে লোকপালানাং আদিত্যেন্দ্রাদীনাং, তনূঃ মূর্ত্তীঃ, কালে কালে তত্তদবসরে, বিভর্ত্তি ধারয়তি ॥৪॥

অয়ং বিভুঃ পৃথুঃ, সর্ব্বেষু ভূতেষু প্রাণিমাত্রেষু, সমঃ রাগদ্বেষাদিরহিতঃ সন্ সূর্য্যবৎ (সূর্য্যো যথা সর্ব্বেষু সমং প্রতপন্ অষ্টৌ মাসান্ জলমাদত্তে বর্ষাসু বিমুঞ্চতি তদ্বৎ) প্রতপন্ স্বপ্রতাপং প্রকটয়ন্, কালে করাদানকালে, বসু ধনং, প্রজাভ্যঃ উপাদত্তে (তথা দুর্ভিক্ষাদিকালে)

শ্রীধরস্বামী ।

তনৌ স্বদেহে লোকপালানাং তনূর্মূর্ত্তীঃ কালে কালে বিভর্ত্তি যথাভাগং পালনপোষণানুরঞ্জনাদিকার্য্যানুসারেণ যজ্ঞাদিপ্রবর্ত্তনেন স্বর্গস্য হিতং বৃষ্ট্যাদিপ্রবর্ত্তনেন ভূর্লোকস্যচ হিতং যথা ভবতি তথা ॥ ৪ ॥

সূর্য্যাদি তনুধারণমেবাহ অষ্টভিঃ। বসু ধনং করাদানকালে আদত্তে দুর্ভিক্ষাদিকালে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

এক এবৈষ তনৌ স্বমূর্ত্তাবেব লোকপালানাং তনূর্মূর্ত্তীর্বিভর্ত্তি কালে কালে প্রতিসময়ং লোকয়োরিতি যজ্ঞাদিপ্রবর্ত্তনেন স্বর্গস্য বৃষ্ট্যাদিনা ভূর্লোকস্য চ হিতং ভাগং ভগসম্বন্ধি যথা স্যাত্তথা। ভগং শ্রীকামমাহাত্ম্যবীর্য্যযত্নার্ককীর্ত্তিষিত্যমরঃ ॥ ৪ ॥

সূর্য্যাদিতনু ধারণমাহাষ্টভিঃ। বসু ধনং করাদানকালে আদত্তে দুর্ভিক্ষাদিকালে

এবং ধর্ম্ম মর্য্যাদা উল্লঙ্ঘনপূর্ব্বক যাহারা অসৎপথাবলম্বী হয়, তাহাদের শাসন করিবেন ॥ ৩ ॥

ইনি অন্যের কোন সাহায্য অপেক্ষা না করিয়া, স্বয়ং একাকী যজ্ঞাদির প্রবর্ত্তনে দেবলোক এবং বারিবর্ষণাদির দ্বারা মনুষ্যলোকের হিতসাধন করত নিজ কলেবরেই আদিত্য ও ইন্দ্রাদি লোকপালগণের মূর্ত্তি প্রয়োজনমত উপযুক্ত অবসরে ধারণ করিয়া থাকেন ॥ ৪ ॥

এই সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ সর্ব্বকরণক্ষম মহারাজ পৃথু প্রাণিবর্গের প্রতি সমান দৃষ্টি করত রাগদ্বেষাদিশূন্য হইয়া, সূর্য্য যেমন সকলের প্রতি সমভাবে কিরণ প্রদান করত বৎসরের মধ্যে আট মাস পৃথিবী হইতে জল আকর্ষণ করেন, এবং বর্ষার চারি মাস জল প্রদান করেন, সেইরূপ কখন প্রজাবর্গের নিকট হইতে কর গ্রহণ করেন এবং দুর্ভিক্ষাদি বিপদ্কালে ধন প্রদানে প্রজাবর্গের

সমঃ সর্ব্বেষু ভূতেষু প্রতপন্ সূর্য্যবদ্বিভুঃ ॥ ৫ ॥
তিতিক্ষত্যক্রমং বৈণ্য উপর্য্যাক্রামতামপি।
ভূতানাং করুণঃ শশ্বদার্ত্তানাং ক্ষিতিবৃত্তিমান্ ॥ ৬ ॥
দেবে বর্ষত্যসৌ দেবো নরদেববপুর্হরিঃ।
কৃচ্ছ্রপ্রাণাঃ প্রজা হ্যেষ রক্ষিষ্যত্যঞ্জসেন্দ্রবৎ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

বিমুঞ্চতি দদাতি চ। অনেন (সূর্য্যতনুধারণমুক্তম্) ॥ ৫ ॥

অয়ং করুণঃ ক্ষিতিবৃত্তিমান্ (ক্ষিতেঃ বৃত্তিঃ সর্ব্বাপরাধসহনং যস্যাস্তি সঃ) বৈণ্যঃ বেণাঙ্গজাতঃ পৃথুঃ আর্ত্তানাং পীড়িতানাং অতএব উপরি (মস্তকে পাদেন) আক্রমতাং অপি ভূতানাং অক্রমং অতিক্রমং, শশ্বদ্ তিতিক্ষতি সহতে (ইতি পৃথিবীতনুধারণমুক্তম্) ॥ ৬ ॥

দেবে ইন্দ্রে, অবর্ষতি সতি কৃচ্ছ্রপ্রাণাঃ (কৃচ্ছ্রং কষ্টং গতাঃ প্রাণাঃ যাসাং তাঃ) প্রজাঃ এষঃ পৃথুঃ, ইন্দ্রবৎ (বৃষ্টিং কৃত্বা) অঞ্জসা অনায়াসেন, রক্ষিষ্যতি ; যতঃ অসৌ পৃথুঃ নরদেববপুঃ নরদেহধারী দেবঃ হরিঃ এব (ইতি ইন্দ্রতনুধারণমুক্তম্) ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

বিমুঞ্চতিচ। অষ্টৌ মাসান্ সূর্য্যো যথা বসু জলমাদত্তে বিমুঞ্চতি বর্ষাসু তদ্বৎ ॥ ৫ ॥

মস্তকে পাদেনাক্রামতামপি আর্ত্তানাং ভূতানাং অতিক্রমং সহিষ্যতে। ক্ষিতের্বৃত্তিঃ সর্ব্বসহনং সা বৃত্তির্যস্যাস্তি স তথা ॥ ৬ ॥

দেবেঽবর্ষত্যেষ কৃচ্ছ্রং গতাঃ প্রাণা যাসাং তাঃ প্রজাঃ স্বয়ং বৃষ্টিং কৃত্বা রক্ষিষ্যতি। তত্র হেতুঃ অসৌ নরদেববপুর্হরিরিতি ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিমুঞ্চতিচ। অষ্টৌ মাসান্ সূর্য্যো যথা বসু জলমাদত্তে বিমুঞ্চতিচ বর্ষাসু তদ্বৎ ॥ ৫ ॥

অক্রমমনতিক্রমং তিতিক্ষতি সহতে। ক্ষিতিবৃত্তিমান্ পৃথ্বীস্বভাবযুক্তঃ ॥ ৬ ॥

রক্ষিষ্যতি স্বয়মেব বৃষ্টিং দত্ত্বা পালয়িষ্যতি ॥ ৭ ॥

জীবন রক্ষা করেন। এই কার্য্যে তাঁহার সূর্য্যমূর্ত্তিধারণের ফল পরিদৃষ্ট হয় ।।৫

সর্ব্বংসহা ধরণীর ন্যায়, পরম কারুণিক পৃথু আর্ত্তজনের দুঃখ নিবারণ করিবেন। দুঃখের তাড়নায় জনগণ কিংকর্ত্তব্য-বিমূঢ় হইয়া, যদি তাঁহার মস্তকে চরণাঘাতেও অপদস্থ করিতে উদ্যোগ করে, তথাপি তিনি তাহাদের উপর বিরক্ত বা ক্রোধ-পরতন্ত্র না হইয়া, চিরকালই তাহাদের অত্যাচারকে সহ্য করিবেন। ইহাতে তাঁহার পৃথিবীরূপ ধারণের পরিচয় লাভ হইবে ।।৬।।

পুরন্দরের বারিবর্ষণের অভাবে প্রজাবর্গ পরিক্লিষ্ট হইলে, এই পৃথুই পুরন্দরের ন্যায় প্রচুর বারিবর্ষণ করত অবলীলাক্রমে সকল প্রজাকেই রক্ষা

আপ্যায়য়ত্যসৌ লোকং বদনামৃতমূর্ত্তিনা।
সানুরাগাবলোকেন বিশদস্মিতচারুণা ॥ ৮ ॥
অব্যক্তবর্ত্মৈষ নিগূঢ়কার্য্যো গম্ভীরবেধা উপগুপ্তবিত্তঃ।

অন্বয়ঃ।

বিশদস্মিতচারুণা (বিশদং স্বচ্ছং যৎ স্মিতং তেন চারুণা মনোহরেণ) সানুরাগাবলোকেন (সানুরাগঃ অবলোকঃ যস্মিন্ তেন) বদনামৃতমূর্ত্তিনা (বদনমেব অমৃতমূর্ত্তিঃ চন্দ্রঃ তেন) অসৌ পৃথুঃ লোকং আপ্যায়য়তি তর্পয়তি (ইতি চন্দ্রতনুধারণমুক্তং) ॥ ৮ ॥

অব্যক্তবর্ত্মা (অব্যক্তং বর্ত্ম প্রবেশনির্গমমার্গঃ যস্য সঃ) নিগূঢ়কার্য্যঃ (নিগূঢ়ং অবিজ্ঞাতং কার্য্যং কর্ত্তব্যং যস্য সঃ) গম্ভীরবেধা (গম্ভীরং অবিজ্ঞাতফলকং কার্য্যং বিধত্তে যঃ সঃ) উপ-গুপ্তবিত্তঃ (উপগুপ্তং সুরক্ষিতং বিত্তং যস্য সঃ) অনন্তমাহাত্ম্যগুণৈকধামাঃ (গুণানাং

শ্রীধরস্বামী।

বদনমেবামৃতমূর্ত্তিশ্চন্দ্র স্তেন সানুরাগোহবলোকো যস্মিন্ তেন চারুণা। অত্রচ ক্বচিদ্বর্ত্ত-মান নির্দ্দেশো বর্ত্তমান সামীপ্যে বর্ত্তমানবদ্বেতি ভূতনির্দ্দেশশ্চাশংসায়াং ভূতবচ্চেতি দ্রষ্টব্যঃ ॥ ৮ ॥

নব্যক্তং বর্ত্ম প্রবেশনির্গময়ো র্মার্গো যস্য নিগূঢ়ং নিষ্পত্তেঃ পূর্ব্বমবিজ্ঞাতং কার্য্যং তস্য তচ্চ কার্য্যং গম্ভীরং াকমর্থমেতং কৃতমিতি অন্যৈরজ্ঞাতাভিপ্রায়ং বিধত্তে ইতি তথা উপগুপ্তং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বদনমেবামৃতমূর্ত্তিশ্চন্দ্র স্তেনেতি চন্দ্রতনুধারণমুক্তং ॥ ৮ ॥

নব্যক্তং বর্ত্ম অন্তঃ প্রবেশনির্গময়োর্মার্গো যস্য সঃ। নিগূঢ়ং নিষ্পত্তেঃ পূর্ব্বমবিজ্ঞাতং কার্য্যং যস্য সঃ। তচ্চ কার্য্যং গম্ভীরমন্যৈরজ্ঞাতাভিপ্রায়ং যথাস্যাত্তথা বিধত্তে ইতি বেধাঃ। উপ আধিক্যেন গুপ্তং বিত্তং ধনং জ্ঞানঞ্চ যস্য সঃ। অনন্তস্য বিষ্ণোরিব মাহাত্ম্যং গুণাশ্চ

করিবেন; কারণ ইনি সামান্য মানব নহেন; দেবদেব ভগবান বিষ্ণুই নরদেব-রূপ ধারণে পৃথু-বিগ্রহে অবতীর্ণ হইয়াছেন, সন্দেহ নাই; ইহাই তাঁহার ইন্দ্রমূর্ত্তি-ধারণের পরিচয় ॥ ৭ ॥

অমল হাস্যের বিকাশে এবং অনুরাগপূর্ণ দৃষ্টির প্রয়োগে সুধাংশু-বিনিন্দিত চারুবদন-কমলের দ্বারা এই পৃথু জনগণের তৃপ্তিসাধন করিবেন। ইহাতে তাঁহার চন্দ্রমূর্ত্তি ধারণের ফল পরিদৃষ্ট হয় ॥ ৮ ॥

তাঁহার প্রবৃত্তি বা নিবৃত্তির মার্গ কেহই অবধারণ করিতে পারিবে না; তাঁহার কর্ত্তব্যের নিরূপণ করা, অন্যের দুঃসাধ্য। তাঁহার কার্য্যের পরিণাম ফল অন্যের অনুমিত নহে; তাঁহার ঐশ্বর্য্য সম্পূর্ণ সুরক্ষিত এবং মাহাত্ম্য অনু-পম। সৌশীল্যাদি যাবতীর গুণ তাঁহার ন্যায় একাধারেই নিয়ত আছে; তিনি

অনন্তমাহাত্ম্যগুণৈকধামা পৃথুঃ প্রচেতা ইব সংবৃতাত্মা ॥ ৯ ॥
দুরাসদো দুর্বিষহ আসন্নোঽপি বিদূরবৎ।
নৈবাভিভবিতুং শক্যো বেণারণ্যুত্থিতোঽনলঃ ॥ ১০ ॥
অন্তর্বহিশ্চ ভূতানাং পশ্যন্ কর্ম্মাণি চারণৈঃ।

অন্বয়ঃ।

সৌশীল্যাদীনাং একং মুখ্যং ধাম আশ্রয়ঃ চ যস্য সঃ) সংবৃতাত্মা (সংবৃতঃ প্রকৃত্যাদিভিঃ আবৃতঃ সুরক্ষিতঃ আত্মা যস্য সঃ) এষঃ পৃথুঃ প্রচেতাঃ ইব রাজতে; (ইতি বরুণমূর্ত্তিধারণমুক্তম্) ॥ ৯ ॥

এষঃ পৃথুঃ দুরাসদঃ শত্রুভিঃ প্রাপ্তুং অশক্যঃ, দুর্বিষহঃ (শত্রুভিঃ সোঢ়ুং অশক্যঃ) আসন্নঃ সমীপে বর্ত্তমানঃ, অপি বিদূরবৎ যতঃ বেণারণ্যুত্থিতঃ (বেণঃ এব অরণিঃ তস্মাৎ উত্থিতঃ উৎপন্নঃ) অনলঃ ইব অভিভবিতুং নৈব শক্যঃ। (ইতি অনলমূর্ত্তিত্বং উক্তম্) ॥ ১০ ॥

দেহিনাং আত্মা আত্মভূতঃ সূত্রাত্মা বায়ুঃ ইব অসৌ ভূতানাং প্রাণিনাং অন্তঃ মনসি, বহিঃ

শ্রীধরস্বামী।

সুরক্ষিতং বিত্তং যস্য অনন্তমাহাত্ম্যশ্চাসৌ গুণানামেকং ধাম বিষ্ণুর্যস্মিন্ সঃ। অনন্ত-মহাত্ম্যোপেতা গুণা এব ধাম স্থানং যস্যেতি বা। সংবৃতাত্মা সংযতমূর্ত্তিঃ সমুদ্রচরত্বেন বরুণ-স্যাপ্যেতে গুণা দ্রষ্টব্যাঃ ॥ ৯ ॥

দুরাসদঃ শত্রো র্মনসাপি প্রাপ্তুমশক্যঃ। দুর্বিষহঃ শত্রুভিঃ সোঢ়ুমশক্যঃ। বিদূরবৎ পৌরুষেণাপ্যভিভবিতুমশক্যঃ। বেণএবারণি স্তস্মাদুত্থিতঃ ॥ ১০ ॥

চারণৈ গুপ্তভৃত্যৈঃ পশ্যন্নপি স্বস্তুতিনিন্দাদাবুদাসীন ইব বর্ত্তিষ্যতে। যথা দেহিনা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একং মুখ্যং ধাম প্রভাবশ্চ যস্য সঃ। সংবৃতাত্মা অন্যালক্ষিতস্বভাবঃ প্রচেতা বরুণ ইবেতি সমুদ্রচরত্বেন বরুণস্যাপ্যেতে গুণা দ্রষ্টব্যাঃ॥ ৯ ॥

দুরাসদঃ দুষ্টতমৈঃ শত্রুবর্গৈরনিকটঃ দুর্বিষহঃ শত্রুশার্দূলৈঃ সোঢ়ুমশক্যঃ। বেণ এবারণি স্তন্মথনাদুত্থিতঃ ॥ ১০ ॥

চারণৈশ্চেষ্টিতৈশ্চরৈশ্চ পশ্যন্ উদাসীনোঽনাসক্তঃ। পৃথুপক্ষে ভৃত্যামাত্যাদিষ্বাসক্তোঽপি

প্রকৃতিগ্রামের সম্বরণ করত, সাক্ষাৎ প্রচেতার ন্যায়, বিরাজ করিতেছেন। ইহাতে তাঁহার বরুণমূর্ত্তি পরিগ্রহের ফল প্রদর্শিত হইয়াছে ॥ ৯ ॥

মহারাজ পৃথু বেণগুল্মোত্থিত অনলের ন্যায়, শত্রুগণের দুরাসদ ও দুর্বিসহ হইয়া উঠিবেন। তিনি অতি নিকটে থাকিলেও শত্রুকুল তাঁহার তেজস্বিতার কোনরূপ ব্যাঘাত করিতে পারিবে না ॥ ১০ ॥

দেহিমাত্রেরই আত্মভূত সূত্রাত্মাস্বরূপ প্রাণবায়ুর ন্যায়, ইনি প্রাণিবর্গের অন্তরে ও বাহিরে বিদ্যমান যাবতীয় কর্ম্মকলাপের প্রতি দৃষ্টি নিক্ষেপ

উদাসীন ইবাধ্যক্ষো বায়ুরাত্মেব দেহিনাং ॥ ১১ ॥
নাদণ্ড্যং দণ্ডয়ত্যেষ সুতমাত্মদ্বিষামপি।
দণ্ডয়ত্যাত্মজমপি দণ্ড্যং ধর্ম্মপথে স্থিতঃ ॥ ১২ ॥
অস্যাপ্রতিহতং চক্রং পৃথোরামানসাচলাৎ।
বর্ত্ততে ভগবানর্কো যাবত্তপতি গোগণৈঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ

চ বর্ত্তমানানি কর্ম্মাণি চারগণৈঃ ভৃত্যৈঃ, পশ্যন্ অপি অধ্যক্ষঃ অধিকৃতঃ, সাক্ষীব উদাসীনঃ বর্ত্তিষ্যতে (ইতি বায়ুমূর্ত্তিত্বং দর্শয়তি) ॥ ১১ ॥

এষঃ পৃথুঃ আত্মদ্বিষাং (আত্মনঃ দ্বিষাং) সুতং অপি অদণ্ড্যং দণ্ডানর্হং চেৎ ন দণ্ডয়তি তথা ধর্ম্মপথে নীতিমার্গে, স্থিতঃ সন্ দণ্ড্যং আত্মজং অপি দণ্ডয়তি (ইতি যমমূর্ত্তিধারণং) ॥১২॥

ভগবান্ অতিতেজস্বী অর্কঃ সূর্য্যঃ, গোগণৈঃ রশ্মিসমূহৈঃ, যাবৎ দেশং তপতি প্রকাশয়তি তাবৎ আমানসাচলাৎ মানসাচলপর্ব্বতং অভিব্যাপ্য, অস্য পৃথোঃ অপ্রতিহতং চক্রং আজ্ঞা সেনা রথস্য চক্রং বা বর্ত্ততে প্রতিবন্ধো নাস্তি (ইতি সূর্য্যরূপত্বং সূচিতং) ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

মধ্যক্ষোঽধিকৃত আত্মভূতো বায়ুঃ সূত্রাত্মা তদ্বৎ ॥ ১১ ॥

আত্মদ্বিষাং সুতমিতি সুতগ্রহণং স্বাত্মজসাম্যার্থং ধর্ম্মপথে যমস্য বৃত্তৌ স্থিতঃ ॥ ১২ ॥

চক্রং আজ্ঞা সেনা বা রথস্য বা চক্রং মানসাচলমভিব্যাপ্য বর্ত্ততে। কিং পর্য্যন্তমিত্যাহ অর্কো রশ্মিগণৈ র্যাবত্তপতি তাবৎ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৈরুদাসীন ইব লক্ষ্যমাণঃ। বায়ুঃ সূত্রাত্মেব আত্মা অন্তর্যামীব পৃথুরধ্যক্ষঃ ॥ ১১ ॥

ধর্ম্মপথে যমস্য বৃত্তৌ ॥ ১২ ॥

চক্রমাজ্ঞা সেনা বা রথস্য চক্রং বা। মানসোত্তরগিরিমভিব্যাপ্য বর্ত্ততে। কিং পর্য্যন্তমিত্যত আহ অর্কো যাবত্তপতীতি ॥ ১৩ ॥

করিলেও উদাসীন ও সাক্ষিরূপে অবস্থিতি করিবেন ।। ১১ ।।

এই পৃথু চিরকাল ধর্ম্ম ও নীতির অনুসরণে কার্য্য করিবেন; আপনার পরম শত্রুর পুত্রও যদি প্রকৃত দোষী ও দণ্ডের পাত্র না হয়, তাহা হইলে কখন তাহার দণ্ড বিধান করিবেন না; কিন্তু নিজের প্রিয় পুত্রও যদি অপরাধ করে, তখনই তাহার দণ্ডবিধানে কোনরূপ চিন্তিত বা ব্যথিত হইবেন না ॥ ১২

অতুল প্রভাসম্পন্ন ভগবান্ দিবাকর কিরণজাল বিকীরণ পূর্ব্বক ধরণীর যে সকল প্রদেশ প্রকাশ করিয়া থাকেন, মানসাচল হইতে আরম্ভ করিয়া সেই সমস্ত প্রদেশে মহারাজ পৃথুর অপ্রতিহত আজ্ঞা ও গতির কোনরূপ

রঞ্জয়িষ্যতি যল্লোকময়মাত্মবিচেষ্টিতৈঃ।
অথামুমাহু রাজানং মনোরঞ্জনকৈঃ প্রজাঃ॥
দৃঢ়ব্রতঃ সত্যসন্ধো ব্রহ্মণ্যো বৃদ্ধসেবকঃ।
শরণ্যঃ সর্ব্বভূতানাং মানদো দীনবৎসলঃ॥ ১৪॥
মাতৃভক্তিঃ পরস্ত্রীষু পত্ন্যামর্দ্ধ ইবাত্মনঃ।
প্রজাসু পিতৃবৎস্নিগ্ধঃ কিঙ্করো ব্রহ্মবাদিনাং॥ ১৫॥

অন্বয়ঃ।

ক্ষীণাঃ সূক্ষ্মতয়া স্থিতাঃ। দৃষ্টেন যোগেন বক্ষ্যমাণেনোপায়েন ॥ ৮ ॥

কোন ধর্ম্মাত্মা রাজা জন্মগ্রহণ করেন এবং তাঁহার দ্বারা পুনরায় যজ্ঞ প্রবর্ত্তিত হয়, তাহা হইলে তাঁহার জন্য ওষধি সংগ্রহ রাখা আমার বিশেষ কর্ত্তব্য; এই বিবেচনায় অবশিষ্ট ওষধি আমি দুরাচারী লোকদিগের নিকট হইতে প্রত্যাহরণ পূর্ব্বক স্বয়ং গ্রাস করিয়া লইয়াছি ॥ ৭ ॥

কিন্তু বহুকাল অতীত হওয়ায়, আমার অন্তরস্থ সেই ওষধিসমূহ নিতান্ত জীর্ণ হইয়া গিয়াছে; এক্ষণে তাহাদিগকে পুনঃপ্রাপ্ত হইতে হইলে, দৃষ্ট প্রসিদ্ধ উপায় অবলম্বন করাই বিশেষ কর্ত্তব্য ।। ৮ ॥

হে মহাবাহো! এতাদৃশ কার্য্যসাধনে আপনিই উপযুক্ত পাত্র! আপনি

আভাস।

উন্নতিলাভের উপায় স্বয়ং কিছু উদ্ভাবন করিতে হইবে না; ঋষিগণ অল্পপ্রজ্ঞ জীবের জন্য অনন্ত উপায়ের নির্দ্দেশ করিয়া গিয়াছেন; এবং সেই সমস্ত উপায়ের যথার্থতা প্রতিপাদনার্থ তাঁহারা স্বয়ংও তাহার অনুষ্ঠানে প্রচুর ফললাভের পরিচয় দিয়াছেন। তাঁহারা অভ্রান্ত; তাঁহাদের নির্ব্বাচিত উপায়সমূহও কখন নিষ্ফল হইতে পারে না; বিশ্বাস সহকারে তাঁহাদিগের প্রদর্শিত পথের অনুসরণ করিলেই আর ফললাভের বিলম্ব হয় না; কিন্তু ভ্রান্তবুদ্ধিতে যে কোন উপায়ের উদ্ভাবন করা হয়, তাহাতেই ভ্রম ও প্রমাদ ঘটিবার সম্ভাবনা; সুতরাং তদ্দ্বারা প্রকৃত ফললাভের কোন প্রত্যাশা নাই। এই সময়ের জীবনিচয় পূর্ব্ব পূর্ব্ব মহাজনগণের পথে কণ্টক প্রদান করত, কেবল ঐহিকের সুখসম্ভোগার্থ বিপরীত আচারের অনুষ্ঠানে আপনারাই পতিত হইয়াছে। পূর্ব্বসঞ্চিত ধন তাহারা নিঃশেষে ব্যয় করিয়াছে;

দোগ্ধারঞ্চ মহাবাহো ভূতানাং ভূতভাবন।
অন্নমীপ্সিতমূর্জ্জস্বদ্ভগবান্ বাঞ্ছতে যদি ॥ ৯ ॥

অন্বয়ঃ।

ইচ্ছতি, তদা মে গোরূপায়াঃ, অনুরূপং বৎসং দোহনপাত্রং, দোগ্ধারং চ কল্পয় সম্পাদয় : যেন বৎসাদিকল্পনেন অহং বৎসলা বৎসবতী, সতী ক্ষীরময়ান্ তব কামান্ অন্নাদীন্, ধোক্ষ্যে প্রপূরয়িষ্যামি ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

মন্নং উর্জস্বৎ বলপ্রদং ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

: দোহনং দোহপাত্রং ধোক্ষ্যে প্রপূরয়িষ্যামি। উর্জ্জস্বৎ বলপ্রদং ॥ ৯ ॥

জীবসমূহের প্রতিপালনের নিমিত্তই জন্মগ্রহণ করিয়াছেন; অতএব আপনি যদি জীবের অভিপ্রেত বলসাধন অন্ন উৎপাদনে অভিলাষ করেন, তাহা হইলে এই গাভীরূপা আমার উপযুক্ত বৎস, দোহন পাত্র এবং দোহন কর্ত্তার নির্ব্বাচন করুন্! আমি বৎসাদির লাভে পুত্রবতী হইয়া, আপনার অভিলষিত ক্ষীরময় যাবতীয় অন্নাদি কাম্য বস্তু প্রদান করিব, সন্দেহ নাই ॥ ৯ ॥

আভাস।

এক্ষণে আর সঞ্চয়ের চেষ্টাও নাই; কেবল ব্যয়ের জন্য বিষম উদ্‌যোগী। সুতরাং ধনাভাবে কেবল দারিদ্র্য-দোষই ভোগ করিতেছে। সৃষ্টির সময়ে ব্রহ্মা যে সমস্ত ব্রীহি প্রভৃতি ধন জীবগণকে প্রদান করিয়াছিলেন, জীব ব্যবহারের দোষে এত কাল তাহার অপচয় করিল; উপচয়ের জন্য কোনরূপ চেষ্টা করিল না। সুতরাং এক্ষণে আর প্রচুর ভোগের সম্ভাবনা কোথায়? তবে ব্রহ্মার সৃষ্টি বিলীন হয় নাই; কেবল জীবের কর্ম্ম লুপ্ত হইয়াছে মাত্র। জীব যদি পুনরায় কর্ম্ম করে, পুনরায় সেই সকল ভোগই প্রাপ্ত হইতে পারে। আমাতেই বীজ নিহিত রহিয়াছে। ঈশ্বরের সৃষ্টি কখন বীজশূন্য হইতে পারে না। তবে গাভীর নিকট হইতে দুগ্ধলাভের প্রত্যাশা করিলে, যেমন উপযুক্ত বৎস, দোহন-কর্ত্তা এবং দোহন পাত্রের প্রয়োজন, সেইরূপ জীবকে ফললাভ করিতে হইলে প্রযোজক, প্রযোজ্য ও অধিকারের প্রয়োজন। জননীর স্তনে প্রচুর দুগ্ধ থাকিলেও এবং বালকের ক্ষুধার উদ্দীপন হইলেও পরস্পরের সাধ কখন পূর্ণ হইতে পারে না; বালককে স্তন্য মুখ দ্বারা আকর্ষণ করিতে হইবে; জননীর প্রিয় পাত্র হইতে হইবে এবং যাহাতে দুগ্ধ পান করিয়া সহ্য করিতে পারে, এরূপ দেহ ও পানশক্তি ধরিতে হইবে। তাহা হইলেই উভয়ের আশা পূর্ণ হয়। প্রকৃতি প্রজাবর্গের জন্য সমস্তই রাখিয়াছেন; কিন্তু কেবল অদৃষ্টের উপর নির্ভর দিয়া, পুরুষকারে জলাঞ্জলি দিলে, অদৃষ্টও শীর্ণ হইয়া যায়। পুরুষকারের দ্বারা অদৃষ্ট সুপ্রসন্ন হয় এবং পুরুষকারের অভাবে অদৃষ্টও মলিন এবং বিশীর্ণ হইয়া ফলপ্রদানে নিরস্ত হয়। অতএব যাহার যেমন প্রয়োজন, তাহার তদনুরূপ আয়োজনের দ্বারা নিজেদের অনুকূল ফল যে লাভ করিতে হইবে, তাহাই

সমাঞ্চ কুরু মাং রাজন্ দেববৃষ্টং যথা পয়ঃ।
অপর্ত্তাবপি ভদ্রন্তে উপাবর্ত্তেত মে বিভো॥
ইতি প্রিয়ং হিতং বাক্যং ভুব আদায় ভূপতিঃ।
বৎসং কৃত্বা মনুং পাণাবদুহৎ সকলৌষধীঃ॥ ১০॥

অন্বয়ঃ।

হে রাজান্! দেববৃষ্টং (দেবেন ইন্দ্রেণ বৃষ্টং) পয়ঃ জলং, অপর্ত্তৌ বর্ষর্ত্তৌ অপগতে, অপি যথা যেন মম সর্ব্বতঃ উপাবর্ত্তেত তথা মাং সমাং কুরু! এবং কৃতে হে বিভো! তে তব ভদ্রং ভবিষ্যতি॥

ইতি প্রিয়ং হিতং ইষ্টসাধকং, ভুবঃ বাক্যং আদায় অঙ্গীকৃত্য, ভূপতিঃ পৃথুঃ, মনুং এব বৎসং কৃত্বা পাণৌ পাত্রে, সকলৌষধীঃ ব্রীহিযবাদীন্ অদুহৎ॥ ১০॥

শ্রীধরস্বামী।

অপগতেঽপি বর্ষর্ত্তৌ যথা মে ময়ি সর্ব্বতো বর্ত্তেত॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপর্ত্তৌ অপগতেঽপি বর্ষর্ত্তৌ॥ ১০॥

হে রাজন্! দেবেন্দ্র বর্ষণ করিলে, আমার সর্ব্বাঙ্গে জল নিপতিত বা প্রতিষ্ঠিত থাকে না; আমার কলেবরের নিম্নতা ও উচ্চতা নিবন্ধন কোন স্থানে প্রচুর এমন কি! অতিরিক্ত সলিল থাকে এবং কোন উচ্চ স্থান সম্পূর্ণ জলশূন্যই থাকিয়া যায়; তাহাতে উৎপাদনের নিতান্তই ব্যাঘাত জন্মে। আপনি আমার দেহকে এরূপ সমতল করিয়া দেন, যেন বর্ষাতিরিক্ত অন্য ঋতুর সামান্য বর্ষণেও আমার সকল স্থানে সমান পরিমাণে জল নিষিক্ত হইতে পারে। এরূপ করিলে আপনার অভিপ্রায় নিশ্চয়ই পূর্ণ হইবে॥

মহারাজ পৃথু ধরণীর এতাদৃশ প্রিয় ও হিতকর বাক্য শ্রবণে বিশেষ আদর প্রকাশ করিলেন এবং তদনুসারে মনুকে বৎস এবং নিজ করতলকে দোহনের পাত্ররূপে কল্পনা করত, ব্রীহি যবাদি যাবতীয় ওষধি স্বয়ং দোহন করিতে আরম্ভ করিলেন॥ ১০॥

পৃথু যেমন পৃথিবীর কথায় বিশ্বস্ত হইয়া তদনুসারে কার্য্য করিয়াছিলেন,

আভাস।

এই পৃথুচরিতে প্রকাশ করা হইয়াছে। এস্থলে যে যেমন অধিকারী তিনি তেমনি প্রয়োজ্যকে অগ্রবর্ত্তী করিয়া এবং তেমনি আধার লইয়া, পৃথিবীকে অর্থাৎ প্রাকৃতিক জগৎকে দোহন পূর্ব্বক যেরূপ অনুকূল ফল লাভ করিয়াছিলেন, তাহাই এই অধ্যায়ের সমাপ্তি পর্য্যন্ত প্রদর্শিত হইয়াছে॥ ৪—৯॥

তথাপরেচ সর্ব্বত্র সারমাদদতে বুধাঃ ।। ১১ ॥
ততোঽন্যেচ যথা কামং দুদুহুঃ পৃথুভাবিতাং ॥ ১২ ॥
ঋষয়ো দুদুহুর্দেবীমিন্দ্রিয়েষ্বথ সত্তমাঃ ।
বৎসং বৃহস্পতিং কৃত্বা পয়শ্ছন্দোময়ং শুচি ।। ১৩ ॥

অন্বয়ঃ ।

(যথা সারত্বেন ভূমিবচনং পৃথুনা গৃহীতং) তথা অপরে অপি বুধাঃ চ সর্ব্বত্র সারং অনুকূলং গুণং এব আদদতে স্বীকুর্ব্বন্তি স্ম ॥ ১১ ॥

ততঃ পৃথুদোহনানন্তর পৃথুভাবিতাং (পৃথুনা বশীকৃতাং) ভূমিং অন্যে চ যথাকামং যথেষ্টং দুদুহুঃ ॥ ১২ ॥

অথ পৃথুদোহনানন্তরং বৃহস্পতিং বৎসং কৃত্বা হে সত্তম ! ইন্দ্রিয়েষু পাত্রেষু শুচি ছন্দোময়ং বেদরূপং পয়ঃ দেবীং ভূমিং ঋষয়ঃ দুদুহুঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী ।

প্রসঙ্গাদর্থান্তরমাহ তথেতি । যথা পৃথুঃ এবং সর্ব্বত্র বাক্যে। অপরেঽপি সারমাদদতে ॥ ১১

প্রস্তুতমনুবর্ণয়তি ততোঽন্যেচ ঋষ্যাদয়ঃ পঞ্চদশ দুদুহুঃ । পৃথুনা ভাবিতাং বশীকৃতাং ॥ ১২ ॥

দেবীং পৃথ্বীং বাঙ্মনঃশ্রবণৈর্ব্বেদগ্রহণাদিন্দ্রিয়াণাং পাত্রত্বং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

প্রসঙ্গাদর্থান্তরমাহ তথেতি । যথা পৃথুঃ পৃথিব্যা বাক্যসারং জগ্রাহ গৃহীত্বাচ স্বকার্য্যং সাধয়ামাস তথা অপরেচ বুধাঃ সর্ব্বত্র সর্ব্বেষামেব সর্ব্ববাক্যেষু সারং গৃহ্ণন্তীতি নীতিঃ ॥ ১১ ॥

বেণরাজ্যেঽরাজকেচ ধর্ম্মলোপাৎ সর্ব্বেষামপি সর্ব্বং হারিতং বস্তু সর্ব্ব এব পুনঃ প্রাপুরিত্যাহ তত ইতি অন্যেচ ঋষ্যাদয়ঃ পঞ্চদশ। পৃথুনা ভাবিতাং সর্ব্বমহং দাস্যামীতি দিৎসুতা ভাববতীং কৃতাং মতুপস্তান্নিচা রূপং ॥ ১২ ॥

দেবীং পৃথ্বীং বাঙ্মনঃশ্রবণৈ র্ব্বেদগ্রহণাদিন্দ্রিয়াণাং পাত্রত্বং ॥ ১৩ ॥

অন্যান্য জ্ঞানী ব্যক্তিগণও তদনুরূপ কার্য্যের অনুষ্ঠানে স্ব স্ব অনুকূল বিশেষ ফলই লাভ করিয়াছিলেন ॥ ১১ ॥

পৃথু কর্ত্তৃক দোহনের পর ঋষিপ্রভৃতি অন্যান্য সকলে স্ব স্ব প্রয়োজন এবং অভিলাষ অনুসারে পৃথুর অধীনস্থা পৃথিবীকে দোহন করিতে আরম্ভ করিলেন ॥ ১২ ॥

হে সাধুগণাগ্রগণ্য বিদুর ! পৃথুর দোহনকার্য্য সমাপ্ত হইলে, ঋষিগণ বেদার্থ-পারদর্শী বৃহস্পতিকে বৎস করিয়া, ইন্দ্রিয়রূপ পাত্রে পবিত্র ছন্দোময় বেদরূপ দুগ্ধ দেবী ধরণীর নিকট হইতে মন্থনের দ্বারা লাভ করিলেন ॥ ১৩ ॥

দেবতাগণ দেবেন্দ্রকে বৎস করিয়া হিরণ্ময় দোহন-পাত্রে অমৃত (সোম)

কৃত্বা বৎসং সুরগণা ইন্দ্রং সোমমদূদুহন্।
হিরণ্ময়েন পাত্রেণ বীর্য্যমোজো বলং পয়ঃ॥ ১৪॥
দৈতেয়া দানবা বৎসং প্রহ্লাদমসুরর্ষভং।
বিধায় দুদুহুঃ ক্ষীরময়ঃপাত্রে সুরাসবং॥ ১৫॥
গন্ধর্ব্বাপ্সরসোঽধুক্ষন্ পাত্রে পদ্মময়ে পয়ঃ।
বৎসং বিশ্বাবসুং কৃত্বা গন্ধং মধু সসৌভগং॥ ১৬॥
বৎসেন পিতরোঽর্য্যম্না কব্যং ক্ষীরমধুক্ষত।

অন্বয়ঃ।

সুরগণাঃ দেবাঃ ইন্দ্রং বৎসং কৃত্বা হিরণ্ময়েন পাত্রেণ সোমং অমৃতং, বীর্য্যং মনঃশক্তিং ওজঃ ইন্দ্রিয়শক্তিং, বলং দেহশক্তিং এব পয়ঃ অদূদুহন্ দুদুহুঃ॥ ১৪॥

দৈতেয়াঃ দিতিবংশজাঃ দানবাঃ অসুরর্ষভং অসুরশ্রেষ্ঠং, প্রহ্লাদং বৎসং কৃত্বা বিধায়, অয়ঃপাত্রে লোহপাত্রে, সুরাসবং (সুরাং মদিরাং আসবং মদ্যং চ) ক্ষীরং পয়ঃ দুদুহুঃ॥ ১৫॥

গন্ধর্ব্বাঃ অপ্সরসঃ বিশ্বাবসুং স্বগণমুখ্যং, বৎসং কৃত্বা, পদ্মময়ে পাত্রে সসৌভগং সৌন্দর্য্য-সহিতং মধু বাঙ্মাধুর্য্যং, গন্ধং এব চ পয়ঃ অধুক্ষন্ দুদুহুঃ॥ ১৬॥

মহাভাগাঃ শ্রাদ্ধদেবতাঃ পিতরঃ অর্য্যম্না স্বগণমুখ্যেন, বৎসেন, আমপাত্রে অপক্বে মৃণ্ময়-

শ্রীধরস্বামী।

সোমমমৃতং। বীর্য্যং মনঃশক্তিং ওজ ইন্দ্রিয়শক্তিং। বলং দেহশক্তিং তদেব পয়ঃ॥ ১৪॥
সুরাং আসবঞ্চ তালাদিমদ্যং॥ ১৫॥
মধু বাঙ্মাধুর্য্যং সৌভগং সৌন্দর্য্যং তৎসহিতং॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সোমমমৃতং। বীর্য্যং মনঃশক্তিং। ওজ ইন্দ্রিয়শক্তিং বলং শরীরশক্তিং তদেব পয়ঃ॥ ১৪॥
সুরৈব আসবো মাদকঃ পদার্থস্তং॥ ১৫॥
মধু মাধুর্য্যং গান্ধর্ব্বমিতি পাঠে গানং॥ ১৬॥

মনের শক্তি বীর্য্য, ইন্দ্রিয়ের শক্তি ওজঃ এবং দেহের শক্তি বল এই সমস্ত পদার্থকে ক্ষীররূপে পৃথিবীর অঙ্গ হইতে নিষ্কাসিত করিলেন॥ ১৪॥

দিতিবংশীয় দানবগণ অসুরকুলের অগ্রগণনীয় ভক্তশ্রেষ্ঠ প্রহ্লাদকে বৎসরূপে কল্পনা করত, লোহময় পাত্রে মদিরা ও আসবকেই অভিপ্রেত ক্ষীরবোধে ধরণীর নিকট হইতে দোহন করিলেন॥ ১৫॥

গন্ধর্ব্ব ও অপ্সরাগণ স্বগণশ্রেষ্ঠ বিশ্বাবসুকে বৎস হইবার ভার প্রদান করত, পদ্মময় পাত্রে সৌন্দর্য্যাদি সহ বাঙ্মাধুর্য্য ও অঙ্গের সৎগন্ধ কেবল পৃথিবীকে দোহন করত পৃথক্ করিলেন॥ ১৬॥

আমপাত্রে মহাভাগা শ্রদ্ধয়া শ্রাদ্ধদেবতা ॥ ১৭ ॥
প্রকল্প্য বৎসং কপিলং সিদ্ধাঃ সংকল্পনাময়ীং।
সিদ্ধিং নভসি বিদ্যাঞ্চ যেচ বিদ্যাধরাদয়ঃ ॥ ১৮ ॥
অন্যেচ মায়িনো মায়ামন্তর্দ্ধানাদ্ভুতাত্মনাং।
ময়ং প্রকল্প্য বৎসত্বে দুদুহুর্ধারণাময়ীং ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

পাত্রে, কব্যং পিতৃণাং অন্নলক্ষণং, ক্ষীরং শ্রদ্ধয়া অধুক্ষত দুদুহুঃ ॥ ১৭ ॥

সিদ্ধাঃ কপিলং বৎসং প্রকল্প্য সংকল্পনাময়ীং অণিমাদিলক্ষণাং সিদ্ধিং নভসি আকাশ-লক্ষণে পাত্রে, দুদুহুঃ; তথা যে চ বিদ্যাধরাদয়ঃ তে অপি কপিলং বৎসং কৃত্বা নভসি পাত্রে বিদ্যাং অন্তর্ধান-খেচরত্বাদিরূপাং, দুদুহুঃ ॥ ১৮ ॥

যে চ অন্যে মায়িনঃ কিম্পুরুষাদয়ঃ তে ময়ং বৎসত্বে প্রকল্প্য নভসি পাত্রে অন্তর্দ্ধানাদ্ভুতা-ত্মনাং (অন্তর্দ্ধানেন অদ্ভুতঃ আত্মা যেষাং তেষাং সম্বন্ধিনীং) ধারণাময়ীং ধারণাপ্রভবাং, মায়াং অন্তর্দ্ধানশক্তিং, দুদুহুঃ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

কব্যং পিতৃণামন্নং। আমপাত্রে অপক্বে মৃন্ময়ে অধুক্ষত দুদুহুঃ ॥ ১৭ ॥

সংকল্পনাময়ীং অণিমাদিসিদ্ধিং। যে বিদ্যাধরাদয়ঃ তে চ তমেব বৎসং প্রকল্প্য নভস্যেব পাত্রে খেচরত্বাদিরূপাং বিদ্যাং দুদুহুঃ ॥ ১৮ ॥

অন্যেচ কিংপুরুষাদয়ঃ অন্তর্দ্ধানেনাদ্ভুতাত্মনাং সম্বন্ধিনীং মায়াং ধারণাময়ীং সংকল্পমাত্র-প্রভবাং ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কব্যং পিতৃণামন্নং। আমপাত্রে অপক্বমৃণ্ময়ে ॥ ১৭ ॥

সঙ্কল্পনাময়ীমণিমাদিসিদ্ধিং নভসি পাত্রে বিদ্যাঞ্চ খেচরত্বাদিরূপাং ॥ ১৮ ॥

অন্যেচ কিংপুরুষাদয়ঃ। অন্তর্দ্ধানেনাদ্ভুতাত্মনাং অদ্ভুতস্বভাবানাং সম্বন্ধিনীং মায়াং ধারণা-ময়ীং সঙ্কল্পমাত্রপ্রভবাং ॥ ১৯ ॥

মহাভাগ শ্রাদ্ধদেবতা পিতৃলোকগণ সর্ব্বশ্রেষ্ঠ অর্যমনকে নিজেদের দোহন কার্য্যে বৎসরূপে নির্দ্দিষ্ট করিয়া, অপক্ব মৃণ্ময় পাত্রে কব্য নামক পিতৃলোকের অন্নস্বরূপ ক্ষীর শ্রদ্ধাসহকারে দোহন করিলেন ॥ ১৭ ॥

সিদ্ধগণ কপিলদেবকে বৎসত্বে কল্পনা করত, সংকল্পের দ্বারা প্রাপণীয় অণিমাদি অষ্টপ্রকার শক্তি আকাশ-পাত্রে দোহন করিলেন। অন্যান্য বিদ্যা-ধরগণও মহামুনি কপিলদেবকে বৎস এবং নভোভাগকে দোহনপাত্র করিয়া, অন্তর্দ্ধান ও খেচরত্বাদির প্রাপ্তিরূপ বিদ্যা সংগ্রহ করিলেন ॥ ১৮ ॥

কিম্পুরুষাদি মায়িগণ ময়কে বৎস করিলেন এবং আকাশ-পাত্রের সাহায্যে

যক্ষরক্ষাংসি ভূতানি পিশাচাঃ পিশিতাশনাঃ।
ভূতেশবৎসা দুদুহুঃ কপালে ক্ষতজাসবং ॥ ২০ ॥
তথাহয়ো দন্দশূকাঃ সর্পা নাগাশ্চ তক্ষকং।
বিধায় বৎসং দুদুহু বিলপাত্রে বিষং পয়ঃ ॥ ২১ ॥
পশবো যবসং ক্ষীরং বৎসং কৃত্বাচ গোবৃষং।

অন্বয়ঃ

ভূতেশবৎসাঃ (ভূতেশঃ রুদ্রঃ এব বৎসঃ যেষাং তে) যক্ষরক্ষাংসি, ভূতানি পিশিতাশনাঃ মাংসভোজিনঃ, পিশাচাঃ কপালে নৃমুণ্ডাস্থিপাত্রে, ক্ষতজাসবং (ক্ষতজং রুধিরং এব আসবং মাদকং) পয়ঃ দুদুহুঃ ॥ ২০ ॥

তথা অহয়ঃ নিষ্ফণাঃ, দন্দশূকাঃ বৃশ্চিকাদয়ঃ, সর্পাঃ সফণাঃ, নাগাঃ তক্ষকং বৎসং বিধায় বিলপাত্রে (বিলং মুখং এব পাত্রং তস্মিন্) বিষং পয়ঃ দুদুহুঃ ॥ ২১ ॥

পশবঃ অশ্বাদয়ঃ গোবৃষং নন্দীশ্বরং রুদ্রবাহং বৃষভং বা বৎসং কৃত্বা অরণ্যপাত্রে যবসং তৃণং, ক্ষীরং অধুক্ষন্ দুদুহুঃ; দংষ্ট্রিণঃ (উন্নতদংষ্ট্রাবন্তঃ ক্রব্যাদাঃ মাংসভক্ষিণঃ প্রাণিনঃ ব্যাঘ্রা-

শ্রীধরস্বামী।

ভূতেশো রুদ্রঃ। সএব বৎসো যেষাং ক্ষতজং রুধিরং তদেবাসবং ॥ ২০ ॥

অহয়ো নিষ্ফণাঃ। দন্দশূকা বৃশ্চিকাদয়ঃ। সর্পাঃ সফণাঃ তএব কদ্রুসন্ততিজা নাগাঃ বিলপাত্রে মুখে ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূতেশো রুদ্রঃ ক্ষতজং রুধিরং তদেবাসবং ॥ ২০ ॥

অহয়ো নিষ্ফণাঃ। দন্দশূকা বৃশ্চিকাদয়ঃ। সর্পাঃ সফণাঃ। তএব কদ্রুসন্ততিজা নাগা বিলমুখে ॥ ২১ ॥

অন্তর্হিত হইবার অদ্ভুত কৌশলসম্বন্ধীয় ধারণাবলে লব্ধ বিচিত্র মায়াসমূহ দোহন করিলেন ।। ১৯ ।।

মাংসভোজী যক্ষ, রক্ষ, ভূত ও পিশাচগণ রুদ্রকে বৎস করিয়া, নৃকপালে ক্ষত-জনিত রুধিরই মাদক আসবরূপে দোহন করিল ।। ২০ ।।

ফণাহীন অহি ও ফণাবিশিষ্ট সর্পকুল এবং বৃশ্চিকাদি নাগবংশীয়গণ তক্ষককে বৎসরূপে নির্ব্বাচন পূর্ব্বক, স্ব স্ব মুখরূপ বিলপাত্রে স্ব স্ব জাত্যুচিত বিষকেই ক্ষীররূপে দোহন করিল ।। ২১ ।।

অশ্বাদি-পশুগণ নন্দীশ্বরকে বৎস করিয়া, অরণ্যপাত্রে তৃণাদিকেই ক্ষীররূপে দোহন করিল এবং উন্নতদন্ত মাংসভোজী ক্রব্যাদগণ এবং ব্যাঘ্রাদি হিংস্রপশুকুল সিংহকেই বৎস করিয়া, নিজের কলেবর-পাত্রে মাংসকেই

অরণ্যপাত্রে চাধুক্ষন্ মৃগেন্দ্রেণ চ দংষ্ট্রিণঃ ॥ ২২ ॥

ক্রব্যাদাঃ প্রাণিনঃ ক্রব্যং দুদুহুঃ স্বকলেবরে ।

সুপর্ণবৎসা বিহগাশ্চরঞ্চাচরমেবচ ॥

বটবৎসাশ্চ তরবঃ পৃথগ্রসময়ং পয়ঃ ।

গিরয়ো হিমবদ্বৎসা নানাধাতূন্ স্বসানুষু ॥ ২৩ ॥

সর্ব্বে স্বমুখ্যবৎসেন স্বে স্বে পাত্রে পৃথক্ পয়ঃ ।

অন্বয়ঃ।

দংষ্ট্রিণঃ (দয়শ্চ) মৃগেন্দ্রেণ সিংহেন, বৎসেন স্বকলেবরে পাত্রে, ক্রব্যং মাংসং, এব ক্ষীরং অধুক্ষন্ ইতি উত্তরেণান্বয়ঃ ॥ ২২ ॥

সুপর্ণবৎসাঃ (সুপর্ণঃ গরুড়ঃ বৎসঃ যেষাং তে) বিহগাঃ পক্ষিণঃ স্বকলেবরে এব পাত্রে চরং কীটাদি, অচরং ফলাদি এব ক্ষীরং দুদুহুঃ ॥

বটবৎসাঃ (বটো বৎসো যেষাং তে) তরবঃ (বনস্পতয় ইতি পাঠে পুষ্পমন্তরেণ ফল-শালিনঃ পিপ্পলাদয়ঃ স্বে কলেবরে পাত্রে) পৃথক্ রসময়ং পয়ঃ দুদুহুঃ । গিরয়ঃ হিমবৎসাঃ হিমবন্তং বৎসং কৃত্বা স্বসানুষু পাত্রেষু, নানা ধাতূন স্বর্ণরৌপ্যাদীন্, দুদুহুঃ ॥ ২৩ ॥

সর্ব্বে অন্যে, স্বমুখ্যবৎসেন (স্বগণেষু যো মুখ্যস্তেন বৎসেন) স্বে স্বে পৃথক্ পৃথক্ পাত্রে পয়ঃ

শ্রীধরস্বামী ।

যবসং তৃণং । গোবৃষং রুদ্রবাহং বৃষভং । মৃগেন্দ্রেণেত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২২ ॥

ক্রব্যং মাংসং । চরং কীটাদি । অচরং ফলাদি ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

যবসং তৃণং গোবৃষং রুদ্রবাহং বৃষভং । মৃগেন্দ্রেণ সিংহেন বৎসীকৃতেনেত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২২

ক্রব্যং মাংসং । সুপর্ণো গরুড়ঃ । চরং কীটাদি । অচরং ফলাদি ॥ ২৩ ॥

দুগ্ধরূপে দোহন করিল ॥ ২২ ॥

গরুড়কে বৎস করিয়া, বিহঙ্গমকুল স্বীয় কলেবরেই চর কীট এবং অচর ফলাদি দ্রব্যকেই দুগ্ধরূপে দোহন করিল ॥

এই প্রকারে পাদপশ্রেণী বটবৃক্ষকে বৎস করিয়া, বিচিত্র রসরূপ দুগ্ধ মহী হইতে দোহন করিতে লাগিল। ভূধরসমূহ পর্ব্বতশ্রেষ্ঠ হিমাদ্রিকেই বৎসরূপে কল্পনা করত, ধরণীর সন্নিধান হইতে স্ব স্ব শৃঙ্গদেশে বিচিত্র সুবর্ণাদি ধাতু সমূহকেই পয়োরূপে প্রাপ্ত হইল ॥ ২৩ ॥

এই প্রকার সকল সম্প্রদায় স্ব স্ব জাতীয় মধ্যে শ্রেষ্ঠ ব্যক্তিকে বৎসরূপে নির্ব্বাচন করত, পৃথুর বশীভূতা সর্ব্বকামদুঘা মহীকে দোহন করত, পৃথক্

সর্ব্বকামদুঘাং পৃথ্বীং দুদুহুঃ পৃথুভাবিতাং ॥ ২৪ ॥
এবং পৃথ্বাদয়ঃ পৃথ্বীমন্নাদাঃ স্বন্নমাত্মনঃ।
দোহবৎসাদিভেদেন ক্ষীরভেদং কুরূদ্বহ ॥ ২৫ ॥
ততো মহীপতিঃ প্রীতঃ সর্ব্বকামদুঘাং পৃথুঃ।
দুহিতৃত্বে চকারেমাং প্রেম্ণা দুহিতৃবৎসলঃ ॥ ২৬ ॥
চূর্ণয়ংশ্চ ধনুষ্কোট্যা গিরিকূটানি রাজরাট্।
ভূমণ্ডলমিদং বৈণ্যঃ প্রায়শ্চক্রে সমং বিভুঃ ॥

অন্বয়ঃ।

পৃথুনা ভাবিতাং বশীকৃতাং, সর্ব্বকামদুঘাং পৃথ্বীং দুদুহুঃ ॥ ২৪ ॥

হে কুরূদ্বহ! এবং উক্তপ্রকারেণ, অন্নাদাঃ (অদ্যতে ইতি অন্নং ইতি ব্যুৎপত্ত্যা অমৃত-মাংসাদীনামপি অন্নত্বাৎ তদ্দাতারঃ) পৃথ্বাদয়ঃ আত্মনঃ স্বন্নং সু অভীষ্টং, অন্নং (অদনক্রিয়াসাধনং ছন্দোবিদ্যাদীনামপি তৎসাধনত্বাদন্নত্বে) ক্ষীরভেদং দোহবৎসাদিভেদেন দুদুহুঃ ॥ ২৫ ॥

ততঃ দুহিতৃবৎসলঃ মহীপতিঃ পৃথুঃ প্রীতঃ সন্ প্রেম্ণা সর্ব্বকামদুঘাং ইমাং পৃথিবীং দুহিতৃত্বে চকার ॥ ২৬ ॥

রাজরাট্ বিভুঃ বিষ্ণ্বতারঃ, বৈণ্যঃ পৃথুঃ ধনুষ্কোট্যা (ধনুষঃ কোট্যা অগ্রেণ) গিরিকূটানি (গিরীণাং কূটানি শৃঙ্গাণি) চূর্ণয়ন্ ইদং ভূমণ্ডলং প্রায়ঃ সমং চক্রে ॥

শ্রীধরস্বামী।

অনুক্তসংগ্রহার্থমাহ। সর্ব্বে স্বজাতৌ যো মুখ্য স্তেন বৎসেন ॥ ২৪ ॥
উপসংহরতি এবমিতি। স্বন্নং অভীষ্টমন্নং তমেব ক্ষীরভেদং দুদুহুঃ। দোহঃ পাত্রং ॥২৫॥
ইমাং পৃথ্বীং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুক্তসর্ব্বসংগ্রহার্থমাহ স্বজাতৌ যো মুখ্যস্তেন বৎসেন ॥ ২৪ ॥
উপসংহরতি এবমিতি স্বন্নমভীষ্টমন্নং তমেব ক্ষীরভেদং দুদুহুঃ দোহঃ পাত্রং ॥ ২৫ ॥
ইমাং পৃথ্বীং দুহিতৃত্বে ইতি স্বহস্তেনৈবান্নময়দুগ্ধাদানাৎ স্ত্রীভাবস্যানৌচিত্যং শরহস্তেন

পৃথক্ পাত্রে আপনাদের প্রয়োজন মত ক্ষীর দোহন করিয়াছিলেন ॥ ২৪ ॥

হে কুরুশ্রেষ্ঠ! পৃথু প্রভৃতি অন্নদাতাগণের অনুগ্রহে এই প্রকারে ধরণী-তলস্থ জীবনিচয় বৎসাদি দোহন-ব্যাপারের কৌশলে স্ব স্ব অভীষ্ট অন্ন লাভে বিশেষ পরিতৃপ্ত হইয়াছিলেন ॥ ২৫ ॥

অনন্তর মহীপতি পৃথু ধরণীর প্রতি প্রসন্ন হইয়া, দুহিতৃ-বাৎসল্য প্রদর্শন পূর্ব্বক ধরণীকে দুহিতাভাবে গ্রহণ করিলেন ॥ ২৬ ॥

রাজরাজেশ্বর সাক্ষাৎ বিষ্ণুর অবতার বেণবংশধর পৃথু ধনুকের অগ্র-

অথাস্মিন্ ভগবান্ বৈণ্যঃ প্রজানাং বৃত্তিদঃ পিতা।
নিবাসান্ কল্পয়াঞ্চক্রে তত্র তত্র যথার্হতঃ॥ ২৭॥
গ্রামান্ পুরঃ পত্তনানি দুর্গাণি বিবিধানিচ।
ঘোষান্ ব্রজান্ সশিবিরানাকরান্ খেটখর্ব্বটান্॥

অন্বয়ঃ।

অথ সমীকরণানন্তরং, প্রজানাং বৃত্তিদঃ জীবিকাসম্পাদকঃ, পিতা ভগবান্ বৈণ্যঃ পৃথুঃ, অস্মিন্ ভূমণ্ডলে, যথার্হতঃ যথাযোগ্যং, তত্র তত্র প্রজানাং নিবাসান্ কল্পয়াঞ্চক্রে রচয়ামাস॥২৭

গ্রামান্ হট্টাদিশূন্যান্, পুরঃ হট্টাদিবিশিষ্টান্, (তাঃ এব মহত্যঃ) পত্তনানি, বিবিধানি দুর্গাণি প্রবেশপ্রতিবন্ধকানি, ঘোষান্ আভীরাণাং নিবাসান্, ব্রজান্ গবাং নিবাসান্, সশিবিরান্ সেনানিবাসস্থানসহিতান্ আকরান্ স্বর্ণাদিস্থানানি, খেটখর্ব্বটান্ (খেটাঃ কর্ষক-গ্রামাঃ, খর্ব্বটাঃ পর্ব্বতপ্রান্তগ্রামাঃ তান্) রচয়ামাস॥

শ্রীধরস্বামী।

ধনুষোঽগ্রেণ গিরিশৃঙ্গাণি চূর্ণয়ন্ রাজ্ঞাং রাজা॥ ২৭॥

গ্রামা হট্টাদিশূন্যাঃ। পুরো হট্টাদিমত্যঃ। তা এব মহত্যঃ পত্তনানি দুর্গাণি বিবিধানি যথাহ বৃহস্পতিঃ। ঔদকং পার্ব্বতং বার্ক্ষমৌরিণং ধান্বনং তথেতি। ঘোষান্ আভীরাণাং নিবাসান্। ব্রজান্ গবাং নিবাসান্। শিবিরং সেনানিবাসস্থানং তৎসহিতান্ আকরান্ স্বর্ণাদি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বেন দণ্ডকরণাম্মাতৃভাবস্যাপ্যনৌচিত্যমালক্ষ্য পারিশেষ্যাত্তস্যাং বাৎসল্যোদয়াচ্চ দুহিতৃত্বমেব রসাবহমিতি জ্ঞেয়ং॥ ২৬॥ ২৭॥

গ্রামা হট্টাদিশূন্যাঃ। পুরো হট্টাদিমত্যঃ। তাশ্চ মহত্যঃ পত্তনানি। দুর্গাণি বিবিধানি। যথাহ বৃহস্পতিঃ। ঔদকং পার্ব্বতং বার্ক্ষমৈরিণং ধান্বনং তথেতি ঘোষান্ আভীরাণাং স্থানানি ব্রজান্ গবাং। শিবিরাণি সেনায়াঃ। আকরাঃ সুবর্ণরূপ্যাদ্যুদ্ভবস্য। খেটাঃ কর্ষকাণাং। খর্ব্বটাঃ

ভাগের দ্বারা পর্ব্বতসমূহের শৃঙ্গদেশ চূর্ণ করত, এই ভূমণ্ডলকে প্রায় সমতল করিয়া দিলেন॥

এবং স্বয়ং জীবিকাপ্রদ ও রক্ষকরূপে বিদ্যমান থাকিয়া, পুত্র-নির্ব্বিশেষে প্রজাবর্গের বাসার্থ যথাযোগ্য বাসস্থান রচনা করিলেন॥ ২৭॥

হট্টাদিশূন্য গ্রাম, হট্টাদি বিশিষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র পুর, তদনুরূপ প্রশস্ত পত্তন সমূহ, বিবিধ দুর্গম প্রবেশদ্বার, ঘোষপল্লী, গোরক্ষার স্থান, সেনানিবেশস্থল সুবর্ণাদি ধনরক্ষা করিবার স্থান, কৃষকগণের বাসস্থান, ও পর্ব্বতপ্রান্ত গ্রাম সমূহের রচনা করিলেন॥

পৃথুর পূর্ব্বে ধরাধামে এরূপ পুরগ্রামাদির রচনা ছিল না; সম্প্রতি সকল

প্রাক্ পৃথোরিহ নৈবৈষা পুরগ্রামাদিকল্পনা।
যথাসুখং বসন্তিস্ম তত্র তত্রাকুতোভয়াঃ॥ ২৮॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথ্বীদোহোঽষ্টাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৮ ॥ * ॥

মৈত্রেয় উবাচ ॥

অথাদীক্ষত রাজর্ষি র্হয়মেধশতেন সঃ।

অন্বয়ঃ।

পৃথোঃ প্রাক্ পূর্ব্বং, এষা পুরগ্রামাদিকল্পনা (পুরগ্রামাদীনাং কল্পনা রচনা) নৈব আসীৎ। ইদানীন্তু যথাযোগ্যস্থানপ্রাপ্ত্যা) অকুতোভয়াঃ প্রজাঃ তত্র তত্র যথাসুখং বসন্তি স্ম ॥ ২৮ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥

মৈত্রেয়ঃ উবাচ। অথ (প্রজানাং কামপূর্ত্ত্যনন্তরং) সঃ রাজর্ষিঃ পৃথুঃ, মনোঃ ক্ষেত্রে

শ্রীধরস্বামী।

স্থানানি। খেটাঃ কর্ষকগ্রামাঃ খর্ব্বটাঃ পর্ব্বতপ্রান্ত গ্রামাস্তাংশ্চ তাংশ্চ ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি চতুর্থে অষ্টাদশঃ ॥ * ॥

ঊনবিংশেঽশ্বমেধাশ্বহয়াপহরণাৎ পৃথোঃ।
ইন্দ্রং হন্তুং প্রবর্ত্তস্য ধাত্রা বারণমুচ্যতে ॥ * ॥

হয়মেধশতেন নিমিত্তেন অদীক্ষত দীক্ষিতোঽভূৎ। শতাশ্বমেধসংকল্পমকরোদিত্যর্থঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পর্ব্বতপ্রান্তবর্ত্তিনাং ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্থেঽষ্টাদশোধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
ঊনবিংশেঽশ্বমেধস্য হয়হারিহরে র্মুহুঃ।
পাষণ্ডসৃষ্টির্ঋত্বিগ্‌ভি স্তদ্বধং কো ন্যবারয়ৎ ॥ * ॥

সরস্বতী দৃষদ্বত্যোর্দেবনদ্যো র্যদন্তরং। তং দেবনির্ম্মিতং দেশং ব্রহ্মাবর্ত্তং প্রচক্ষতে। তত্র

প্রজাবর্গ যথাযোগ্য বাসস্থান প্রাপ্ত হইয়া, পৃথুর দোর্দণ্ডপ্রতাপে সেই সেই স্থানে যথাসুখে নিবসতি করিতে লাগিল ॥ ২৮ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অষ্টাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর! রাজর্ষি পৃথু এই প্রকারে প্রজাগণের কামনা

আভাস।

ঊনবিংশ অধ্যায়ে অশ্বমেধ যজ্ঞের অশ্ব অপহরণ করাতে পৃথুর ইন্দ্রবধার্থ উদ্যম এবং ব্রহ্মা কর্তৃক তাহার নিবারণ বর্ণিত হইয়াছে ॥

ব্রহ্মাবর্ত্তে মনোঃ ক্ষেত্রে যত্র প্রাচী সরস্বতী ॥ ১ ॥
তদভিপ্রেত্য ভগবান্ কর্ম্মাতিশয়মাত্মনঃ।
শতক্রতু র্ন মমৃষে পৃথোর্যজ্ঞমহোৎসবং ॥ ২ ॥
যত্র যজ্ঞপতিঃ সাক্ষাদ্ভগবান্ হরিরীশ্বরঃ।
অন্বভূয়ত সর্ব্বাত্মা সর্ব্বলোকগুরুঃ প্রভুঃ ॥
অন্বিতো ব্রহ্মসর্ব্বাভ্যাং লোকপালৈঃসহানুগৈঃ।

অন্বয়ঃ।

ব্রহ্মাবর্ত্তে যত্র প্রাচী সরস্বতী নদী বিদ্যতে, তত্র হয়মেধশতেন অদীক্ষত (শতাশ্বমেধানুষ্ঠান-সংকল্পং অকরোৎ) ॥ ১ ॥

ভগবান্ শতক্রতুঃ ইন্দ্রঃ, আত্মনঃ সকাশাৎ পৃথোঃ কর্ম্মাতিশয়ং কর্ম্মোৎকর্ষং, তৎ সঙ্কল্পং অভিপ্রেত্য জ্ঞাত্বা, পৃথোঃ যজ্ঞমহোৎসবং ন মমৃষে ন সেহে ॥ ২ ॥

যত্র যস্মিন্ পৃথুযজ্ঞে যজ্ঞপতিঃ যজ্ঞাধিষ্ঠাতা, সর্ব্বলোকগুরুঃ (সর্ব্বেষাং লোকানাং ব্রহ্মাদীনামপি গুরুঃ) সর্ব্বাত্মা প্রভুঃ সর্ব্বস্বামী, ভগবান্ সর্ব্বৈশ্বর্য্যপূর্ণঃ, ঈশ্বরঃ জগদুৎপত্তিস্থিতিলয়কর্ত্তা অন্তর্যামী সাক্ষাৎ হরিঃ অন্বভূয়ত (প্রত্যক্ষতঃ) অদৃশ্যত ॥

ব্রহ্মসর্ব্বাভ্যাং অন্বিতঃ সহিতঃ, সহানুগৈঃ লোকপালৈঃ গন্ধর্ব্বৈঃ মুনিভিঃ অপ্সরোগণৈঃ চ

শ্রীধরস্বামী।

ব্রহ্মাবর্ত্তে। সরস্বতী দৃশদ্বত্যো র্দেবনদ্যো র্যদন্তরং। তং দেবনির্ম্মিতং দেশং ব্রহ্মাবর্ত্তং প্রচক্ষতে ইত্যুক্তলক্ষণে ॥ ১ ॥

আত্মনঃ স্বস্য কর্ম্ম অতিশেত ইত্যতিশয়ং। অভিপ্রেত্য জ্ঞাত্বা তদিতি তৎ পৃথো র্যজ্ঞমহোৎসবং ন মমৃষে ন সেহে ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হয়মেধশতেন নিমিত্তেন ॥ ১ ॥ আত্মনঃ সকাশাৎ ॥ ২ ॥

পূরণ করত সরস্বতী নদীর পূর্ব্ব কূল, যে স্থানে ভগবান্ মনু বিবিধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন, সেই ব্রহ্মাবর্ত্ত প্রদেশে শত অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠানে সংকল্প করিলেন। ১ ॥

কিন্তু তৎকালীন পুরন্দর পৃথুর তাদৃশ সঙ্কল্পে তাঁহার আপনার অপেক্ষা বিশেষ কার্য্যোৎকর্ষ অবলোকন করিয়া, সেই যজ্ঞমহোৎসব সহ্য করিতে পারিলেন না ॥ ২ ॥

পৃথুর যজ্ঞে সর্ব্বলোকগুরু সর্ব্বান্তর্যামী সর্ব্বস্বামী সাক্ষাৎ পরমেশ্বর ভগবান্ শ্রীহরি প্রত্যক্ষে পরিদৃষ্ট হইয়াছিলেন ॥

ব্রহ্মা, ত্রিলোচন, অনুচর পরিবেষ্টিত লোকপালগণ, গন্ধর্ব্বগণ, মুনিগণ,

উপগীয়মানো গন্ধর্ব্বৈ র্মুনিভিশ্চাপ্সরোগণৈঃ ॥ ৩ ॥
সিদ্ধা বিদ্যাধরা দৈত্যা দানবা গুহ্যকাদয়ঃ।
সুনন্দ-নন্দপ্রমুখাঃ পার্ষদপ্রবরা হরেঃ ॥
কপিলো নারদো দত্তো যোগেশাঃ সনকাদয়ঃ।
তমন্বীয়ুর্ভাগবতা যে চ তৎসেবনোৎসুকাঃ ॥ ৪ ॥
যত্র ধর্ম্মদুঘা ভূমিঃ সর্ব্বকামদুঘা সতী।
দোগ্ধি স্মাভীপ্সিতানর্থান্‌ যজমানস্য ভারত ॥ ৫ ॥

অন্বয়ঃ।

উপগীয়মানঃ ভগবান্‌ যত্র অন্বভূয়ত ॥ ৩ ॥

তথা সিদ্ধাঃ বিদ্যাধরাঃ দৈত্যাঃ দানবাঃ গুহ্যকাদয়ঃ সুনন্দনন্দপ্রমুখাঃ হরেঃ পার্ষদপ্রবরাঃ চ ভগবন্তং অন্বীয়ুঃ ॥

তথা কপিলঃ নারদঃ দত্তঃ সনকাদয়ঃ যোগেশাঃ যে চ তৎসেবনোৎসুকাঃ (তস্য সেবনে উৎসুকাঃ উৎসাহবন্তঃ তে) ভাগবতাঃ ভক্তাঃ, তং ভগবন্তং, অন্বীয়ুঃ অনুজগ্মুঃ ॥ ৪ ॥

হে ভারত! যত্র যজ্ঞে, সর্ব্বকামদুঘা ভূমিঃ ধর্ম্মদুঘা (ধর্ম্মসাধনানাং পদার্থানাং দোগ্ধ্রী সতী) যজমানস্য পৃথোঃ, অভীপ্সিতান্‌ অর্থান্‌ দোগ্ধি স্ম পূরয়ামাস ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

অতিশয়মেব দর্শয়তি যত্রেতি সপ্তভিঃ। যত্র ক্রতৌ সাক্ষাদন্বভূয়ত প্রত্যক্ষেণাদৃশ্যত ॥ ৩ ॥
সিদ্ধাদয়শ্চ তং হরিমন্বীয়ুরিত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৪ ॥
ধর্ম্মদুঘা হবির্দোগ্ধ্রী ধেনুঃ সতী ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মাতিশয়মেব দর্শয়তি যত্রেতি সপ্তভিঃ ॥ ৩—৫ ॥

এবং অপ্সরাসমূহ ভগবানের স্তব করত তাঁহার সমভিব্যাহারে সকলেই তথায় উপনীত হইলেন ॥ ৩ ॥

সিদ্ধগণ, বিদ্যাধরগণ, দৈত্য দানব ও গুহ্যকগণ এবং সুনন্দ নন্দাদি ভগবানের পার্ষদগণও সকলে তাঁহার সহিত তথায় উপস্থিত হইলেন ॥

কপিল, নারদ, দত্ত এবং সনকাদি যোগেশ্বরগণ এবং ভগবানের সেবাতৎপর অন্যান্য ভক্তগণও ভগবান্‌ বিষ্ণুর সহিত সেই যজ্ঞক্ষেত্রে উপস্থিত হইলেন ॥ ৪

হে ভারত! পৃথুরাজের যজ্ঞে সর্ব্বকামপ্রসবিনী ধরিত্রী যজ্ঞীয় হবি-র্দ্দোগ্ধ্রী ধেনুরূপ ধারণ করত, যজমানের প্রার্থনীয় যাবতীয় পদার্থ প্রদান করিয়াছিলেন ॥ ৫ ॥

নদীসমূহ দধি, দুগ্ধ ও ঘৃতাদি বিবিধ রস বহন করিতে লাগিল; বহুবিস্তৃত

উহুঃ সর্ব্বরসান্নদ্যঃ ক্ষীরদধ্যন্নগোরসান্ ।
তরবো ভূরিবর্ষ্মাণঃ প্রাসূয়ন্ত মধুচ্যুতঃ ॥ ৬ ॥
সিন্ধবো রত্ননিকরান্ গিরয়োঽন্নং চতুর্ব্বিধং ।
উপায়নমুপাজহ্রুঃ সর্ব্বলোকাঃ সপালকাঃ ॥ ৭ ॥
ইতি চাধোক্ষজেশস্য পৃথোস্তৎপরমোদয়ং ।

অন্বয়ঃ ।

নদ্যঃ চ ক্ষীরদধ্যন্নগোরসান্ (ক্ষীরঃ চ দধি চ অন্নগোরসঃ অন্নসম্বন্ধিগোরসঃ ঘৃতং ক্ষীরাদি তান্) সর্ব্বরসান্ উহুঃ বহন্তি স্ম। তথা ভূরিবর্ষ্মাণঃ (ভূরীণি বিস্তৃতানি বর্ষ্মাণি শরীরাণি যেষাং তে) তরবঃ মধুচ্যুতঃ মধুস্রাবিণঃ, সন্তঃ প্রাসূয়ন্ত ফলন্তি স্ম ॥ ৬ ॥

সিন্ধবঃ রত্ননিকরান্ রত্নসমূহান্ প্রকটিতবন্তঃ ; গিরয়ঃ পাষাণময়প্রদেশাঃ, অপি চতুর্ব্বিধং (ভক্ষ্যভোজ্যচোষ্যলেহ্যভেদেন) অন্নং প্রাসূয়ন্তঃ, সপালকাঃ সর্ব্বলোকাঃ প্রাণিনঃ, উপায়নং (স্ব স্ব ব্যাপারবিত্তানুসারেণ বস্তু) উপাজহ্রুঃ রাজ্ঞে নিবেদিতবন্তঃ ॥ ৭ ॥

ইতি অধোক্ষজেশস্য (অধোক্ষজঃ বিষ্ণুঃ ঈশঃ নাথঃ যস্য তস্য) পৃথোঃ তৎপরমোদয়ং (পরমঃ

শ্রীধরস্বামী ।

উহুঃ বহন্তিস্ম। সর্ব্বরসান্ ইক্ষুদ্রাক্ষাদিরসান্। ক্ষীরঞ্চ দধিচ অন্নঞ্চ পানকাদিগোরসো ঘৃতঞ্চ তক্রঞ্চ তাংশ্চ। ভূরীণি বিস্তৃতানি বর্ষ্মাণি শরীরাণি যেষাং তে ফলাদি প্রাসূয়ন্ত মধুচ্যুতঃ মধুস্রাবিণঃ সন্তঃ ॥ ৬ ॥

চতুর্ব্বিধং ভক্ষ্যং ভোজ্যং চোষ্যং লেহ্যঞ্চ ॥ ৭ ॥

অধোক্ষজ ঈশো নাথো যস্য পরম উদয়োঽতিবৃদ্ধির্যস্মিন্ তৎকর্ম্ম অসূয়ন্ অসহমানঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ভূরিবর্ষ্মাণঃ বহুপ্রমাণাঃ ফলাদিকং প্রাসূয়ন্ত মধূনাং চ্যুং ক্ষরণং যেষু তে বর্ষ্ম দেহ-প্রমাণয়োরিত্যমরঃ ॥ ৬ ॥ ৭ ॥

পাদপশ্রেণী মধুক্ষরণ করত, নানাপ্রকার ফলপুষ্পে সুশোভিত হইয়া উঠিল ॥ ৬ ॥

সিন্ধুগণ রত্নসমূহের প্রকাশে এবং পাষাণময় পর্ব্বতকুল ভোক্ষ্য, ভোজ্য, চর্ব্ব্য, চোষ্য চতুর্ব্বিধ অন্নের উৎপাদনে যজ্ঞের বিশেষ সমৃদ্ধি পরিবর্দ্ধিত করিল। ইন্দ্রাদি লোকপাল সহ সকল প্রাণীই স্ব স্ব সামর্থ্য ও বিত্তানুসারে বিবিধ যজ্ঞোপকরণ দ্রব্যাদি আনয়ন করিল ॥ ৭ ॥

রাজা পৃথু ভগবান্ নারায়ণে আত্মসমর্পণপূর্ব্বক কার্য্যের উদ্‌যোগ করায়, যখন তাঁহার কর্ম্ম বিশেষ সুপ্রতুলের সহিতই সমাধা হইতে লাগিল, তখন অমরাধিপতি পুরন্দরের হৃদয়ে বিলক্ষণ ঈর্ষার উদ্রেক হইল। কোন্ উপায়ে

অসূয়ন্ ভগবানিন্দ্রঃ প্রতীঘাতমচীকরৎ ॥ ৮ ॥
চরমেণাশ্বমেধেন যজমানে যজুস্পতিং।
বৈণ্যে যজ্ঞপশুং স্পর্দ্ধন্নপোবাহ তিরোহিতঃ ॥ ৯ ॥
তমত্রির্ভগবানৈক্ষৎ ত্বরমাণং বিহায়সা।
আমুক্তমিব পাষণ্ডং যোঽধর্ম্মে ধর্ম্মবিভ্রমঃ ॥
অত্রিণা চোদিতো হন্তুং পৃথুপুত্রো মহারথঃ।

অন্বয়ঃ।

উদয়ঃ বৃদ্ধিঃ যস্মিন্ তৎ) অসূয়ন্ অসহমানঃ, ভগবান্ ইন্দ্রঃ, প্রতিঘাতং বিঘ্নং, অচীকরৎ চকার ॥ ৮ ॥

চরমেণ অন্তিমেন, অশ্বমেধেন যজুস্পতিং ভগবন্তং, বৈণ্যে যজমানে, পুজয়তি সতি স্পর্দ্ধমানঃ ইন্দ্রঃ, তিরোহিতঃ অপ্রত্যক্ষঃ, সন্ যজ্ঞপশুং যজ্ঞীয়ং অশ্বং, অপোবাহ অপহৃতবান্ ॥ ৯ ॥

যঃ অধর্ম্মে বেদবিরুদ্ধধর্ম্মে, ধর্ম্মবিভ্রমঃ তং আমুক্তং কবচং, ইব বিহায়সা আকাশমার্গেণ ত্বরমাণং ত্বরয়া গচ্ছন্তং, ইন্দ্রং ভগবান্ অত্রিঃ ঐক্ষৎ অপশ্যৎ ॥

তদা অত্রিণা ইন্দ্রং হন্তুং চোদিতঃ প্রেরিতঃ, মহারথঃ পৃথুপুত্রঃ, সংক্রুদ্ধঃ সন্ ধাবন্তং তং

শ্রীধরস্বামী।

প্রতিঘাতং বিঘ্নং চকারেত্যর্থঃ ॥ ৮ ॥

বৈণ্যে যজুস্পতিং বিষ্ণুং। যজমানে সতি স্পর্দ্ধমান ইন্দ্রস্তিরোহিতঃ সন্ অপহৃতবান্ ॥ ৯ ॥

ত্বরমাণং ধাবন্তং। আমুক্তঃ প্রতিমুক্তশ্চ পিনদ্ধশ্চাপিনদ্ধবৎ। সংনদ্ধো বর্ম্মিতঃ সর্জ্জো।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পৃথোস্ত্বিতি পৃথোস্তদিতি পাঠদ্বয়ং ॥ ৮ ॥ যজুঃপতিং বিষ্ণুং। অপোবাহ অপজহার ॥ ৯ ॥

অত্রিরৈক্ষদিতি তদীক্ষণভীত্যা ত্বরমাণং পলায্য ধাবন্তং পাষণ্ডং পাষণ্ডবেশং কবচমিব

পৃথুরাজের যজ্ঞে বিঘ্ন উৎপাদন করিবেন, তিনি তাহারই অনুসন্ধান করিতে লাগিলেন ॥ ৮ ॥

পরে যখন শেষ অশ্বমেধ যজ্ঞের দ্বারা পৃথু ভগবানের অর্চ্চনা করিতে সঙ্কল্প করিলেন, তখন ইন্দ্র ঈর্ষাপরতন্ত্র হইয়া যজ্ঞের অশ্ব অপহরণপূর্ব্বক স্বয়ং তিরোহিত হইলেন ॥ ৯ ॥

বেদবিরুদ্ধ ধর্ম্মকেই প্রকৃত ধর্ম্ম বলিয়া যে ভান, তাদৃশ কবচতুল্য বেশ-ধারী ইন্দ্র যখন ত্বরিতবেগে আকাশপথে ধাবিত হইতেছিলেন, তখন ভগবান্ অত্রি তাঁহার দিব্য চক্ষে তাহা অবলোকন করিলেন ॥

এবং মহারথ পৃথুপুত্রকে সম্বোধনপূর্ব্বক ইন্দ্রকে বিনাশার্থ প্রণোদিত করিলেন; অত্রিবাক্যে পৃথু-নন্দন ক্রুদ্ধ হইয়া ইন্দ্রের পশ্চাদ্ধাবনপূর্ব্বক তাঁহাকে

অন্বধাবত সংক্রুদ্ধস্তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥ ১০ ॥
তং তাদৃশাকৃতিং বীক্ষ্য মেনে ধর্ম্মং শরীরিণং।
জটিলং ভস্মনাচ্ছন্নং তস্মৈ বাণং ন মুঞ্চতি ॥ ১১ ॥
বধান্নিবৃত্তং তং ভূয়ো হন্তবেঽত্রিরচোদয়ৎ।
জহি যজ্ঞহনং তাত মহেন্দ্রং বিবুধাধমং ॥

অন্বয়ঃ।

অন্বধাবত তথা তিষ্ঠ তিষ্ঠ ইতি অব্রবীৎ চ ॥ ১০ ॥

ভস্মনা আচ্ছন্নং আবৃতং, জটিলং মস্তকে জটাবন্তং, তং ইন্দ্রং, তাদৃশাকৃতিং পাষণ্ডবেশ-ধারিণং, বীক্ষ্য শরীরিণং ধর্ম্মং ধর্ম্মরূপিণং মেনে। অতঃ তস্মৈ বাণং ন মুঞ্চতি স্ম ॥ ১১ ॥

বধাৎ নিবৃত্তং তং পৃথুপুত্রং, হন্তবে (ইন্দ্রং হন্তুং) ভূয়ঃ পুনরপি হে তাত! যজ্ঞহনং (অশ্বাপহারেণ যজ্ঞবিঘ্নকর্ত্তারং) এনং বিবুধাধমং মহেন্দ্রং জহি ইতি অত্রিঃ অচোদয়ৎ ॥

শ্রীধরস্বামী।

দংশিত ইত্যমরঃ। পাষণ্ডবেশং কবচমিব গৃহীতবন্তমিত্যর্থঃ। অধর্ম্মে ধর্ম্মবিভ্রমঃ ধর্ম্মোঽয়-মিতি ভ্রান্তিকরো যঃ ॥ ১০ ॥ নমুঞ্চতি স্ম ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আমুক্তং গৃহীতবন্তং আমুক্তঃ প্রতিমুক্তশ্চ পিনদ্ধশ্চেত্যমরঃ। অধর্ম্মেঽপি ধর্ম্মবিশিষ্টো ভ্রমো যতঃ সএব যঃ ॥ ১০ ॥

তং তাদৃশাকৃতিমিতি শ্রীশিবাদিষু দর্শনাৎ কস্যচিদ্ধর্ম্মস্যায়মপি বেশো ভবেদিতি ভাব-নয়া ॥ ১১ ॥ হন্তবে হন্তুং ॥

সম্বোধন করত বলিলেন, “অহে ইন্দ্র! পলায়ন করিও না! যুদ্ধার্থ ক্ষণকাল অপেক্ষা কর!” ॥ ১০ ॥

তখন ইন্দ্র পলায়নে প্রতিনিবৃত্ত হইয়া, তাঁহার সম্মুখে অবস্থান করিলেও তাঁহার বেশ দর্শনে পৃথুনন্দন আর তাঁহার প্রতি অস্ত্রনিক্ষেপ করিলেন না। কারণ ভস্মাচ্ছাদিত কলেবর এবং মস্তকে জটাভার বহনে একজন প্রকৃত ব্রহ্মচারীর ন্যায় পরিদৃষ্ট হওয়ায়, পৃথুপুত্র তাঁহার কপটবেশে একজন প্রকৃত ধার্ম্মিক বলিয়াই নিশ্চয় করিলেন। সুতরাং তৎপ্রতি বাণ নিক্ষেপে নিরস্তই হইলেন ॥ ১১ ॥

পরে মহর্ষি অত্রি যখন তাঁহাকে পুনরায় সম্বোধন পূর্ব্বক বলিলেন, ওব্যক্তি প্রকৃত জটিল ব্রহ্মচারী নহেন। মহেন্দ্রবেশ পরিবর্ত্তন পূর্ব্বক তোমার পিতার যজ্ঞীয় অশ্ব অপহরণ করত পলায়ন করিতেছে; ঐ দেবাধমকে শীঘ্র নিহত কর! ॥

এবং বৈণ্যসুতঃ প্রোক্তস্ত্বরমাণং বিহায়সা।
অন্বধাবদতিক্রুদ্ধো গৃধ্রাড়িব রাবণং ॥ ১২ ॥
সোঽশ্বং রূপঞ্চ তদ্ধিত্বা তস্মা অন্তর্হিতঃ স্বরাট্।
বীরঃ স্বপশুমাদায় পিতুর্যজ্ঞমুপেয়িবান্ ॥ ১৩ ॥
তত্তস্য চাদ্ভুতং কর্ম্ম বিচক্ষ্য পরমর্ষয়ঃ।
নামধেয়ং দদুস্তস্মৈ বিজিতাশ্ব ইতি প্রভো ॥ ১৪ ॥
উপসৃজ্য তমস্তীব্রং জহারাশ্বং পুনর্হরিঃ।

অন্বয়ঃ।

এবং অত্রিণা প্রোক্তঃ বৈণ্যসুতঃ অতিক্রুদ্ধঃ সন্ ধাবন্তং রাবণং অনু গৃধ্ররাট্ জটায়ুঃ, ইব বিহায়সা ত্বরমাণং ইন্দ্রং অন্বধাবৎ অন্বদ্রবৎ ॥ ১২ ॥

সঃ স্বরাট্ ইন্দ্রঃ, তং রূপং পাষণ্ডবেশং হিত্বা তস্মৈ পৃথুপুত্রার্থং অশ্বং চ হিত্বা ত্যক্ত্বা, অন্তর্হিতঃ। বীরঃ পৃথুপুত্রঃ, স্বপশুং অশ্বং, আদায় পিতুর্যজ্ঞং উপেয়িবান্ আগতঃ ॥ ১৩ ॥

হে প্রভো! যমাবতার বিদুর! তস্য পৃথুপুত্রস্য, তং অদ্ভুতং কর্ম্ম বিচক্ষ্য দৃষ্ট্বা, পরমর্ষয়ঃ তস্মৈ পুত্রায়, বিজিতাশ্বঃ ইতি নামধেয়ং দদুঃ ॥ ১৪ ॥

তদা বিভুঃ, হরিঃ, ইন্দ্রঃ, তীব্রং ঘোরতরং, তমঃ উপসৃজ্য সৃষ্ট্বা, তেন ছন্নঃ সন্ চষালযূপতঃ

শ্রীধরস্বামী।

হন্তবে হন্তুং যজ্ঞহনং যজ্ঞং হতবন্তং ॥ ১২ ॥

তস্মৈ হিত্বা তদর্থমুৎসৃজ্য ॥ ১৩ ॥　　　　বিচক্ষ্য দৃষ্ট্বা ॥ ১৪ ॥

উপসৃজ্য সৃষ্ট্বা। তেন ছন্নঃ সন্। চষালো যূপাগ্রে নিক্ষিপ্তকাষ্ঠকটকঃ তদ্যুক্তাৎ যূপাৎ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বরমাণমিন্দ্রং গৃধ্ররাট্ জটায়ুঃ ॥ ১২—১৩ ॥

তস্মৈ তং পৃথুপুত্রমন্তর্দ্ধানবিদ্যাং শিক্ষয়িতুমিত্যগ্রিমগ্রন্থদৃষ্ট্যা ব্যাখ্যেয়ং ॥ ১৪ ॥

উপসৃজ্য তমোঽন্ধকারং। পাষণ্ডবেশেন ছন্নঃ সন্ চষালো যূপাগ্রে নিক্ষিপ্তঃ কাষ্ঠকটকঃ।

তখন বৈণ্যনন্দন ক্রুদ্ধ হইয়া দশবদনের পশ্চাদ্ধাবিত জটায়ুর ন্যায়, আকাশমার্গে ধাবিত ইন্দ্রের পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইলেন। ১২ ॥

ইন্দ্র ইচ্ছা করিলে, নানা বেশ ধরিতে পারিতেন; সুতরাং তৎক্ষণাৎ তিনি নিজের কপটবেশ পরিত্যাগপূর্ব্বক পৃথুনন্দনের সমীপে অশ্ব পরিত্যাগ করত পলায়ন করিলেন। বীরকেশরী পৃথুপুত্র তখন অশ্ব লইয়া পিতার যজ্ঞক্ষেত্রে প্রত্যাবর্ত্তন করিলেন ॥ ১৩ ॥

হে প্রভো বিদুর! পৃথুপুত্রের তাদৃশ অদ্ভুত কার্য্যকৌশল নয়নগোচর করিয়া, ঋষিগণ তাঁহাকে বিজিতাশ্ব এই নাম প্রদান করিলেন। ১৪ ॥

চষালযূপতশ্ছন্নো হিরণ্যরসনং বিভুঃ ॥
অত্রিঃ সন্দর্শয়ামাস ত্বরমাণং বিহায়সা।
কপালখট্বাঙ্গধরং বীরো নৈনমবাধত ॥
অত্রিণা চোদিতস্তস্মৈ সন্দধে বিশিখং রুষা।
সোঽশ্বং রূপঞ্চ তদ্ধিত্বা তস্থা অন্তর্হিতঃ স্বরাট্।
বীরশ্চাশ্বমুপাদায় পিতুর্যজ্ঞমথাব্রজৎ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

(চষালো নাম যূপাগ্রনিক্ষিপ্তঃ কাষ্ঠকটকঃ তদ্‌যুক্তঃ যূপঃ চষালযূপঃ তস্মাৎ) হিরণ্যরসনং (হিরণ্যরচিতং রসনা যস্য তং) অশ্বং পুনঃ জহার ॥

অশ্বং গৃহীত্বা বিহায়সা ত্বরমাণং ইন্দ্রং, অত্রিঃ সন্দর্শয়ামাস; বীরঃ পৃথুপুত্রঃ, তু কপাল-খট্বাঙ্গধরং দৃষ্ট্বা ধর্ম্মাত্মানং মত্বা এনং ইন্দ্রং, ন অবাধত ॥

অথ অত্রিণা চোদিতঃ পৃথুপুত্রঃ তস্মৈ (ইন্দ্রং হন্তুং) রুষা ক্রোধেন বিশিখং বাণং, ধনুষি সন্দধে যোজিতবান্। সঃ স্বরাট্ ইন্দ্রঃ, চ তৎরূপং হিত্বা তস্মৈ পৃথুনন্দনায়, অশ্বং চ হিত্বা অন্তর্হিতঃ; বীরঃ পৃথুপুত্রশ্চ অশ্বং উপাদায় অথ পিতুঃ যজ্ঞং আব্রজৎ আজগাম ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

হিরণ্যনির্ম্মিতা রসনা যস্য তং। রসনায়া দৃঢ়ত্বেন ছেদাশক্ত্যা রসনাসহিতমেবোদ্ধৃত্য যূপা-গ্রান্নীতবানিত্যর্থঃ। বিভুঃ সমর্থঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদ্‌যুক্তাৎ যূপাৎ হিরণ্যরসনমিতি রসনায়া দৃঢ়ত্বেন ছেদাশক্ত্যা রসনাসহিতমেবোদ্ধৃত্য যূপাগ্রান্নীতবানিত্যর্থঃ ॥ ১৫ ॥

দেবরাজ অশ্ব পরিত্যাগ করিলেও যজ্ঞবিঘ্ন করিবার বাসনা তাঁহার হৃদয়ে সম্পূর্ণ জাগরিত ছিল। তিনি সকলের অজ্ঞাতসারে একটী গাঢ় অন্ধ-কারের সৃষ্টি করিয়া, আপনাকে প্রচ্ছন্ন করত যজ্ঞক্ষেত্রে পুনরায় উপস্থিত হইলেন এবং কটকযুক্ত যূপকাষ্ঠে সুবর্ণশৃঙ্খলের দ্বারা বদ্ধ ঐ অশ্বকে দেখিতে পাইলেন। তিনি তৎক্ষণাৎ সেই স্বর্ণশৃঙ্খল ছেদন করিতে না পারিয়া, সেই কাষ্ঠকটকযুক্ত যূপসহ অশ্বকে অপহরণ করিলেন ॥

এবং নর-কপাল ও খট্বাঙ্গাদি ধারণে অবধৌতের বেশে পুনরায় যখন আকাশপথে দ্রুতবেগে পলায়ন করিতেছিলেন, তখন সেই অত্রিই তাঁহাকে পুনর্ব্বার দেখিতে পাইয়া, রাজকুমারকে প্রদর্শন করাইলেন; কিন্তু তিনি ইন্দ্রের বেশ অবলোকনে ভ্রান্ত হইয়া, কাপালিক জ্ঞানে তাঁহার অনুবর্ত্তন করিলেন না ॥

তদবদ্যং হরে রূপং জগৃহুর্জ্ঞানদুর্ব্বলাঃ ॥ ১৬ ॥
যানি রূপাণি জগৃহে ইন্দ্রো হয়জিহীর্ষয়া।
তানি পাপস্য খণ্ডানি লিঙ্গং খণ্ডমিহোচ্যতে ॥ ১৭ ॥
এবমিন্দ্রে হরত্যশ্বং বৈণ্যযজ্ঞজিঘাংসয়া।
তদ্গৃহীতবিসৃষ্টেষু পাষণ্ডেষু মতির্নৃণাং ॥

অন্বয়ঃ।

তৎ অবদ্যং নিন্দিতং, হরেঃ ইন্দ্রস্য, রূপং জ্ঞানদুর্ব্বলাঃ মন্দমতয়ঃ জগৃহুঃ ॥ ১৬ ॥

হয়জিহীর্ষয়া (হয়স্য হরণেচ্ছয়া) ইন্দ্রঃ যানি রূপাণি, জগৃহে গৃহীতবান্, তানি পাপস্য খণ্ডানি জ্ঞেয়ানি ; ইহ শাস্ত্রে খণ্ডং খণ্ডশব্দিতং লিঙ্গং চিহ্নং উচ্যতে ॥ ১৭ ॥

বৈণ্যযজ্ঞজিঘাংসয়া (বৈণ্যস্য পৃথোঃ যজ্ঞজিঘাংসয়া হননেচ্ছয়া) এবং ইন্দ্রে অশ্বং হরতি সতি তদ্গৃহীতবিসৃষ্টেষু (তেন ইন্দ্রেণ গৃহীতেষু পুনর্বিসৃষ্টেষু ত্যক্তেষু) পাষণ্ডেষু পাষণ্ডবেশেষু

শ্রীধরস্বামী।

অবদ্যং নিন্দিতং রূপং মন্দপ্রজ্ঞা জগৃহুঃ ॥ ১৬ ॥

তদেব পাষণ্ড নামনিরুক্ত্যা দর্শয়তি যানীতি। বহুবচনেনান্যান্যপি গৃহীতানীত্যুক্তং ॥ ১৭ ॥

তৎপ্রভৃতি পাষণ্ডমার্গাঃ প্রবৃত্তা ইত্যাহ এবমিতি তেন গৃহীতেষু পুনর্বিসৃষ্টেষু। নগ্না জৈনাঃ, রক্তপটাঃ বৌদ্ধাঃ, আদিশব্দেন কাপালিকাদয়শ্চ তেষু উপধর্ম্মেষু ধর্ম্মোপমেষু ধর্ম্ম

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্ঞানদুর্ব্বলা ইতি পৃথুপুত্রেণাবধ্যং স্বেষামবধ্যত্বমভিমন্যমানাঃ। যজ্ঞাদিদূষকমত-প্রবর্ত্তকং স্বসংপ্রদায়ং রচয়িত্বা পরধনাকর্ষণান্তর্দ্ধানাদি ক্ষুদ্রসিদ্ধীরেব সাধ্যত্বেন নিরচৈষুরিত্যর্থঃ ॥ ১৬ ॥

পাষাণ্ডনাম নিরুক্তিঃ যানীতি বহুবচনেন বহব এব পাষণ্ডপ্রভেদাঃ প্রবৃত্তা ইত্যুক্তং ॥ ১৭ ॥

তেনেন্দ্রেনাদৌ গৃহীতেষু পশ্চাদ্বিসৃষ্টেষু নগ্না জৈনাঃ রক্তপটা বৌদ্ধা আদিশব্দেন কাপা-

---

পরে অত্রি যখন তাঁহাকে বুঝাইয়া দিলেন যে, উনি কাপালিক নহেন, ইন্দ্র ; পুনরায় অশ্বহরণপূর্ব্বক ঐরূপ কপটবেশে পলায়ন করিতেছেন ; তখন রাজপুত্র ইন্দ্রের প্রতি বাণ নিক্ষেপ করিলেন। তখন ইন্দ্র সেই কপটবেশ পরিহারপূর্ব্বক সেই স্থলে অশ্ব ছাড়িয়া অন্তর্হিত হইলেন এবং বীরবর পৃথু-কুমার পুনরায় অশ্ব লইয়া পিতৃযজ্ঞে উপনীত হইলেন।। ১৫ ॥

যাহাদের প্রকৃত ধর্ম্মজ্ঞান নাই, তাদৃশ মন্দমতি মানবগণই ইন্দ্রকৃত এই সমস্ত কপটবেশ ধারণে কপটতার আচরণ করিয়া থাকে।। ১৬ ॥

অশ্ব-হরণেচ্ছায় ইন্দ্র যে সমস্ত রূপ ধারণ করিয়াছিলেন, সেই সমস্ত পাপের চিহ্ন ও পরিচয় বলিয়া শাস্ত্রাদিতে কীর্ত্তিত হইয়াছে।। ১৭ ॥

ধর্ম্ম ইত্যুপধর্ম্মেষু নগ্নরক্তপটাদিষু।
প্রায়েণ সজ্জতে ভ্রান্ত্যা পেশলেষুচ বাগ্মিষু ॥
তদভিজ্ঞায় ভগবান্ পৃথুঃ পৃথুপরাক্রমঃ।
ইন্দ্রায় কুপিতো বাণমাদত্তোদ্যতকার্ম্মুকঃ॥ ১৮ ॥
তমৃত্বিজঃ শক্রবধাভিসন্ধিতং বিচক্ষ্য দুষ্প্রেক্ষ্যমসহ্যরংহসং।

অন্বয়ঃ।

উপধর্ম্মেষু ধর্ম্মবৎপ্রতীয়মানেষু, পেশলেষু অবিচারিরমণেষু, নগ্নরক্তপটাদিষু (নগ্নাঃ জৈনাঃ, রক্তপটাঃ বৌদ্ধাঃ, কাপালিকাদয়শ্চ তেষাং সম্বন্ধিষু) বাগ্মিষু তর্ককুশলেষু প্রায়েণ ভ্রান্ত্যা ধর্ম্মঃ অয়ং ইতি বুদ্ধ্যা নৃণাং মতিঃ সজ্জতে ইতি দ্বয়োরন্বয়ঃ ॥

তং (ইন্দ্রস্য অশ্বাপহরণাত্মকং কর্ম্ম) অভিজ্ঞায় জ্ঞাত্বা, কুপিতঃ পৃথুপরাক্রমঃ (পৃথবঃ মহান্তঃ পরাক্রমাঃ যস্য সঃ) ভগবান্ পৃথুঃ উদ্যতকার্ম্মুকঃ সন্ ইন্দ্রায় হন্তুং বাণং আদত্ত জগৃহে ॥ ১৮ ॥

শক্রবধাভিসন্ধিতং (শক্রবধে অভিসন্ধিতং কৃতাভিপ্রায়ং) অসহ্যরংহসং (অসহ্যং রংহঃ বেগো যস্য তং) দুষ্প্রেক্ষ্যং তং পৃথুং, বিচক্ষ্য দৃষ্ট্বা, ঋত্বিজঃ "অহো মহামতে! অত্র যজ্ঞে

শ্রীধরস্বামী।

এবায়মিতি মতিঃ সজ্জত ইতি দ্বয়োরন্বয়ঃ। পেশলেষু আপাততো রম্যেষু বাগ্মিষু হেতুক্তি-চতুরেষু ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লিকাদয়ঃ। উপধর্ম্মেষু ধর্ম্মোপমেষু নতু ধর্ম্মেষু। পেশলেষ্বাপাততো রম্যেষু বাগ্মিষু হেতুক্তি-চতুরেষু ॥ ১৮ ॥

শক্রবধেঽভিসন্ধিঃ সংজাতো যস্য তং বিচক্ষ্য দৃষ্ট্বা। প্রচোদিতাং শাস্ত্রবিহিতাং পশো-

পৃথুর যজ্ঞ বিনষ্ট করিবার অভিপ্রায়ে ইন্দ্র যজ্ঞাশ্ব হরণ করিবার সময়, যত প্রকার বেশ ধারণ ও পরিত্যাগ করিয়াছিলেন, সে সমস্ত পাষণ্ডবেশের মধ্যেই পরিগণিত ; এবং যাহারা প্রকৃত ধর্ম্মের কোন তত্ত্ব অবগত নহে, আপাতত মনোরম ধর্ম্মবিশিষ্ট বাক্যের প্ররোচনায় পরের হৃদয়কে আকর্ষণ করিতেই সমর্থ মাত্র এবং তর্ককুশল, তাদৃশ ভণ্ডগণই ঐ সমস্ত নগ্ন, রক্তবসনধারী ও কাপালিকাদি জৈন ও বৌদ্ধের বেশে বিচরণ করত ধর্ম্মের ন্যায় প্রতীয়মান অপধর্ম্মে আসক্ত হইয়া থাকে এবং মানবগণের মতিকে ভ্রান্ত করায় ॥

এই সমস্ত অবগত হইয়া পৃথু নিতান্ত ক্রুদ্ধ হইলেন, এবং অস্ত্র শস্ত্র ধারণ পূর্ব্বক ইন্দ্রকে নিহত করিবার মানসে বাণ গ্রহণ করিলেন ॥ ১৮ ॥

যজ্ঞস্থলে যে সকল ঋত্বিক্ যজ্ঞ করিতেছিলেন, তাঁহারা ইন্দ্রবধার্থ পৃথুকে

নিবারয়ামাসু রহো মহামতে ন যুজ্যতেঽত্রান্যবধঃ প্রচোদিতাৎ ॥ ১৯ ॥
বয়ং মরুত্বন্তমিহার্থনাশনং হ্বয়ামহে ত্বচ্ছ্রবসা হতত্বিষং।
অযাতযামোপহবৈস্তমগ্নয়ে প্রসহ্য রাজন্ জুহবাম তে হিতং ॥ ২০ ॥

অন্বয়ঃ।

প্রচোদিতাৎ শাস্ত্রবিহিতাৎ অশ্ববধাৎ, অন্যবধঃ (অন্যস্য ইন্দ্রস্য বধঃ) তব ন যুজ্যতে ইতি" উক্ত্বা নিবারয়ামাসুঃ ॥ ১৯ ॥

বয়ং অযাতযামৈঃ অগতবীর্য্যৈঃ, উপহবৈঃ আহ্বানমন্ত্রৈঃ, তে তব, অহিতং শত্রুং, অর্থনাশনং যজ্ঞে বিঘ্নকর্ত্তারং, ত্বচ্ছ্রবসা এব হতত্বিষং (হতা ত্বিট্ কান্তির্যস্য তং) মরুত্বন্তং ইন্দ্রং, ইহ যজ্ঞশালায়াং, এব হ্বয়ামহে ততশ্চ হে রাজন্! প্রসহ্য বলাৎকারেণ, তং অগ্নয়ে জুহবাম অগ্নৌ হোষ্যামঃ ইতি ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

শক্রবধে অভিসন্ধিতং কৃতাভিপ্রায়ং প্রচোদিতাৎ অন্যস্য বধস্তব ন যুজ্যতে ॥ ১৯ ॥

তদ্বধঞ্চ বয়ং করিষ্যাম ইত্যাহুঃ। বয়মিতি অর্থনাশনং যজ্ঞনাশকং ত্বৎকীর্ত্ত্যৈব হতপ্রভমিন্দ্রং আহ্বয়ামহে কৈঃ অযাতযামৈঃ অগতবীর্য্যৈরাহ্বানমন্ত্রৈঃ। অনন্তরঞ্চ তবাহিতং জুহবাম হোষ্যামঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বধাদন্যস্য বধো ন যুজ্যতে ॥ ১৯ ॥

নমু তর্হ্যত্র কঃ প্রতীকার স্তদাহুঃ বয়মিতি। অযাতযামৈরগতবীর্য্যৈঃ উপহবৈরাহ্বানমন্ত্রৈঃ। অত্র তদানীং তস্যেন্দ্রস্য ভগবদবতারত্বেঽপি বিপ্রাণাঞ্চ তেষামবহির্মুখত্বেঽপি তথাভূতোক্ত্যা কর্ম্মমার্গস্য স্বভাব এব তৈর্দ্যোতিতো যত্তত্র প্রবৃত্তা বিবেকিনোঽপ্যন্ধা ভবন্তীতি যথা ব্রহ্মণা কামস্য শ্রীরুদ্রেণ ক্রোধস্য শ্রীবিষ্ণুনাপি যজ্ঞাবতারে তস্মিন্ মাৎসর্য্য কৌটিল্যাদিকমীহমানেনেন্দ্রত্বস্য স্বভাবো দ্যোতিত ইতি ॥ ২০ ॥

ক্রোধে দুষ্প্রেক্ষ্য অবলোকন করিয়া, নিবারণ করত কহিতে লাগিলেন, হে মহারাজ! এ সময় শাস্ত্রবিহিত পশুবধ ব্যতীত অন্য কাহাকেও বধ করা আপনার পক্ষে উচিত হয় না ॥ ১৯ ॥

আমরা বেদোক্ত বীর্য্যবান্ আহ্বান-মন্ত্রের দ্বারা আপনার পরম শত্রু যজ্ঞ-বিঘ্নকারী ত্রিদিবনাথকে এখানে আহ্বান করিতেছি; আপনার অতুল কীর্ত্তির প্রভাবেই তাঁহার তেজ ও কান্তি ম্লান হইয়া গিয়াছে; হে নরনাথ! পুরন্দর এইখানে আগমন করিলে, আমরা বলপূর্ব্বক তাঁহাকে এই হুতাশনে আহুতি প্রদান করিব ॥ ২০ ॥

হে বিদুর! ঋত্বিক্‌গণ এইরূপ উক্তির দ্বারা যজমান পৃথুরাজকে প্রবোধিত করত, যখন অতি ক্রোধসহকারে স্রুগাদি হস্তে লইয়া অগ্নিতে আহুতি প্রদান

ইত্যামন্ত্র্য ক্রতুপতিং বিদুরাস্যর্ত্বিজো রুষা।
স্রুগ্‌হস্তাঞ্জুহ্বতোঽভ্যেত্য স্বয়ম্ভূঃ প্রত্যষেধত ॥ ২১ ॥
ন বধ্যো ভবতামিন্দ্রো যদ্‌যজ্ঞো ভগবত্তনুঃ।
যং জিঘাংসথ যজ্ঞেন যস্যেষ্টাস্তনবঃ সুরাঃ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

হে বিদুর! ইতি এবং ক্রতুপতিং যজমানং, আমন্ত্র্য প্রতিবোধ্য, রুষা ক্রোধেন, জুহ্বতঃ (ইন্দ্রাহ্বানার্থং হোমং কুর্ব্বতঃ) স্রুগ্‌হস্তান্ (স্রুক্ হস্তে যেষাং তান্) অস্য পৃথোঃ ঋত্বিজঃ অভ্যেত্য উপগম্য, স্বয়ম্ভূঃ ব্রহ্মা, প্রত্যষেধত নিবারিতবান্ ॥ ২১ ॥

যজ্ঞরক্ষার্থং যং যূয়ং জিঘাংসথ হন্তুং ইচ্ছথ, সঃ ইন্দ্রঃ, ভবতাং ভবদ্ভিঃ, ন বধ্যঃ; যৎ যস্মাৎ, যজ্ঞঃ এব অয়ং ইন্দ্রঃ ভগবত্তনুঃ (ভগবতঃ নারায়ণস্য তনুঃ অবতার এব) তথা যজ্ঞেন ইষ্টাঃ পূজিতাঃ, সুরাঃ দেবাঃ, যস্য ইন্দ্রস্য তনবঃ এব ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

অস্য পৃথোঃ। স্রুক্ হস্তে যেষাং তান্ ॥ ২১ ॥

যমিন্দ্রং যজ্ঞেন জিঘাংসথ যজ্ঞেনেষ্টাঃ সর্ব্বে সুরাঃ যস্য তনবঃ। স ইন্দ্রো ভবতাং বধার্হো ন ভবতি। যৎ যস্মাৎ যজ্ঞো নামায়মিন্দ্রো ভগবতস্তনুঃ অবতারঃ। ততঃ সপ্তমআকূত্যাং রুচের্যজ্ঞোঽভ্যজায়ত ইত্যাদ্যুক্তত্বাৎ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্য পৃথোঃ ॥ ২১ ॥

ভগবত্তনুরিতি নহি ভগবদ্বিগ্রহো বিপ্রৈর্হন্তুমধ্যবসাতে ভবতাং তর্হি বিপ্রত্বমেব কুতঃ যং যজ্ঞেন জিঘাংসথেতি স খলু যজ্ঞঃ কথং যজ্ঞেন বধ্যো ভবেদ্‌যথা ক্ষীরাব্ধিঃ ক্ষীরপ্রস্থক্ষেপেণেতি কিঞ্চ যস্য যজ্ঞস্যেন্দ্রস্য চ তনবঃ সুরা স্তেচ যজ্ঞেন যুষ্মাভিরিষ্টা ইজ্যন্তে স্মেতি কথং স মরিষ্যতীত্যেতমপি বিবেকং ন কুরুথেতি ভাবঃ ॥ ২২ ॥

করিতে লাগিলেন, তখন স্বয়ম্ভু ব্রহ্মা স্বয়ং তথায় উপস্থিত হইয়া, তাঁহাদিগকে উক্ত কার্য্য হইতে নিরস্ত করিলেন ॥ ২১ ॥

ব্রহ্মা বলিলেন, যজ্ঞ-রক্ষার নিমিত্ত তোমরা যাঁহাকে বিনাশ করিতে বাঞ্ছা করিতেছ, সে ইন্দ্র কখন তোমাদের বধ্য নহেন। কারণ যজ্ঞের স্বরূপই এই ইন্দ্র ; তিনি ভগবান্ নারায়ণের অবতার-বিশেষ। বিশেষত যজ্ঞের অনুষ্ঠানে যে সমস্ত দেবতার তুষ্টি প্রার্থনা করিতেছ, তাঁহারা এই দেবেন্দ্রেরই অবয়ব বিশেষ ; ইন্দ্র হইতে কোন অংশে তাঁহারা পৃথক্ নহেন ॥ ২২ ॥

হে ব্রাহ্মণগণ! ঈর্ষাপরতন্ত্র হইয়া রাজার অনিষ্ট-সাধনার্থ বাসব যেরূপ কর্ম্ম করিতেছেন, তাহাতে ধর্ম্মের বিশেষ হানিই জন্মিতেছে ; তাহার পরি-

তদিদং পশ্যত মহদ্ধর্ম্মব্যতিকরং দ্বিজাঃ।
ইন্দ্রেণানুষ্ঠিতং রাজ্ঞঃ কর্ম্মৈতদ্বিজিঘাংসতা ॥ ২৩ ॥
পৃথুকীর্ত্তেঃ পৃথোর্ভূয়াত্তর্হ্যেকোন-শতক্রতুঃ।
অলং তে ক্রতুভিঃ স্বিষ্টৈর্যদ্ভবান্ মোক্ষধর্ম্মবিৎ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

হে দ্বিজাঃ! রাজ্ঞঃ এতৎ কর্ম্মজিঘাংসতা তদ্বিঘ্নমিচ্ছতা, ইন্দ্রেণ অনুষ্ঠিতং প্রবর্ত্তিতং, মহদ্ধর্ম্মব্যতিকরং (মহতাং বেদবাদিনং ধর্ম্মস্য ব্যতিকরং নাশকং) ইদং পাষণ্ডং যূয়ং পশ্যত ॥ ২৩ ॥

পৃথুকীর্ত্তেঃ পৃথোঃ একোনশতক্রতুঃ ভূয়াৎ। (ততঃ রাজানং অভিবাদ্য উবাচ) যৎ যস্মাৎ ভবান্ মোক্ষধর্ম্মবিদ্ তদা স্বিষ্টৈঃ সম্যক্ অনুষ্ঠিতৈঃ, ক্রতুভিঃ তে তব, অলং ন কিঞ্চিৎ প্রয়োজনং ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

অতো বলীয়সাঽনেন সখ্যমেব কর্ত্তব্যং। অন্যথা ভূয়ঃ পাষণ্ডং প্রক্ষ্যতী প্রক্ষ্যতীত্যাশয়েনাহ। তদিদমিন্দ্রেণানুষ্ঠিতং মহদন্যায্যং পশ্যত। কিমিত্যপেক্ষায়ামাহ। ধর্ম্মস্য ব্যতিকরং ধর্ম্মবিপর্য্যয়ং পাষণ্ডপথং ॥ ২৩ ॥

তর্হি কিমত্র যুক্তমিত্যত আহ পৃথুকীর্ত্তেরিতি। একেনোনং শতং যস্মিন্ তাদৃশঃ ক্রতুপ্রয়োগঃ পৃথোর্ভূয়াৎ। পৃথুরিতি পাঠে একোনশতং ক্রতবো যস্য তাদৃশোঽপি মহেন্দ্রাৎ পৃথুকীর্ত্তি র্ভূয়াদিত্যর্থঃ। তদেবমৃত্বিজঃ প্রত্যুক্ত্বা পৃথুং প্রত্যাহ অলমিতি ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ তদ্বেশেনাধর্ম্ম এব বর্দ্ধিষ্যতে তত্রাধর্ম্মমস্য রাজ্যে মূর্ত্তমেব প্রবৃত্তং পশ্যতেত্যাহ তদিদমিতি ধর্ম্মস্য ব্যতিকরং পাষণ্ডপথং ॥ ২৩ ॥

তর্হি কিং তবাভিপ্রেতমিত্যত আহ পৃথ্বিতি। একোনশতক্রতুরপি পৃথুরয়ং শতক্রতোরিন্দ্রাদপি পৃথুকীর্ত্তি বিপুলযশা ভূয়াদিতি ক্রতুভি র্যশএব সাধ্যং তচ্চ মদাশীর্ব্বাদাদেব ভবিষ্যতীতি ভাবঃ। পৃথুকীর্ত্তেঃ পৃথোরিতি ষষ্ঠ্যন্তপাঠে একোনশতমেব ক্রতুর্ভূয়াদিত্যেকত্বং জাত্যপেক্ষয়া একোনশতমিতি সংখ্যাব্যক্ত্যপেক্ষয়া সিদ্ধং ক্রতুশতস্য সঙ্কল্পোঽপূর্ণোঽপি মদাশীর্ব্বাদাদেকোনত্বেঽপি পূর্ণো ভবত্বিত্যর্থঃ। ঋত্বিজঃ প্রত্যুক্ত্বা পৃথুং প্রত্যাহ অলমিতি ॥ ২৪

চয়ার্থ ভীষণ পাষণ্ড ব্যবহার তোমরাইত স্পষ্টত প্রতীতি করিতেছ ॥ ২৩ ॥

বিপুলকীর্ত্তি পৃথুর আর শতযজ্ঞ পূর্ণ হইবার প্রয়োজন নাই; একটী যজ্ঞ অবশিষ্ট থাকুক্! এদিকে পৃথুকেও সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে মহারাজ! আপনি মোক্ষধর্ম্মে বিশেষ অভিজ্ঞ; অতএব শতঅশ্বমেধ যজ্ঞ সম্যক্ অনুষ্ঠিত হইলেই বা আপনার বিশেষ স্বার্থ কি? স্বর্গভোগের জন্য আপনি ত আর উৎকণ্ঠিত নহেন ॥ ২৪ ॥

নৈবাত্মনা মহেন্দ্রায় রোষমাহর্ত্তুমর্হসি।
উভাবপি হি ভদ্রন্তে উত্তমশ্লোকবিগ্রহৌ॥ ২৫॥
মাস্মিন্মহারাজ কৃথাঃ স্ম চিন্তাং নিশাময়াস্মদ্বচ আদৃতাত্মা।
যদ্ধ্যায়তো দৈবহতং নু কর্ত্তুং মনোঽতিরুষ্টং বিশতে তমোঽন্ধং॥ ২৬॥

অন্বয়ঃ।

আত্মনে স্বরূপায়, মহেন্দ্রায় রোষং আহর্ত্তুং কর্ত্তুং, ত্বং ন অর্হসি এব; হি যতঃ, উভৌ অপি উত্তমশ্লোকবিগ্রহৌ (উত্তমশ্লোকস্য ভগবতঃ বিগ্রহৌ অবতারৌ এব)। তে তব ভদ্রং ভবিষ্যতি॥ ২৫॥

হে মহারাজ! অস্মিন্ যজ্ঞবিঘ্নে, সতি অপি, ত্বং চিন্তাং মাস্ম কৃথাঃ; আদৃতাত্মা সন্ অস্মদ্বচঃ নিশাময়! যৎ যস্মাৎ দৈবহতং (দেবেন প্রারব্ধকর্ম্মণা তৎফলদাত্রা পরমেশ্বরেণ বা হতং বিঘ্নিতং) কার্য্যং পুনঃ কর্ত্তুং ধ্যায়তঃ জনস্য মনঃ অতিরুষ্টং সৎ অন্ধং অতিগাঢ়তমং, তমঃ অজ্ঞানং, বিশতে॥ ২৬॥

শ্রীধরস্বামী।

আত্মনৈবাত্মনে মহেন্দ্রায় রোষং কর্ত্তুং নার্হসি। তত্র হেতুঃ উভাবপীতি॥ ২৫॥

তথাপি ক্রতুসমাপ্তিমেব ধ্যায়ন্তং প্রত্যাহ। অস্মিন্ যজ্ঞবিঘ্নে চিন্তাং মাস্ম কৃথাঃ। যদ্‌-যস্মাৎ দৈবহতং কার্য্যং কর্ত্তুং ধ্যায়তো মনঃ নু নিশ্চিতং অতি কষ্টং সৎ অন্ধং তমো মোহং বিশতি নতু শান্তিং লভতে॥ ২৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনে ইত্যত্র হেতুঃ। উভাবপীতি দ্বয়োরপি যুবয়োর্ভগবদবতারত্বাদিতার্থঃ॥ ২৫॥

তদপি ক্রত্বসমাপ্তিং ধ্যায়ন্তং তং প্রত্যাহ মাস্মিন্নিতি। যদ্দৈবহতং কর্ম্ম তৎকর্ত্তুং ধ্যায়তঃ পুংসঃ নু নিশ্চিতং মনোঽতিরুষ্টং সৎ অন্ধতমো মোহং বিশতি নতু শান্তিং লভতে॥ ২৬॥

তোমার আত্মস্বরূপই এই মহেন্দ্র; তাঁহার প্রতি রোষ করা তোমার কখনই কর্ত্তব্য নহে; কারণ তোমরা উভয়েই সেই পরম দেব ভগবানের অবতার বিশেষ। তুমি নিরস্ত হইলে, তোমার মঙ্গলই হইবে, সন্দেহ নাই॥ ২৫

হে মহারাজ! তোমার যজ্ঞের ব্যাঘাত হইলেও তজ্জন্য কোন চিন্তা করিও না! তুমি আমাদের সকলেরই আদরের পাত্র! দেখ! আমি যাহা বলি, তাহা শ্রবণ কর! দেখ! পূর্ব্বসঞ্চিত কর্ম্মের ফলদাতা ভগবান্ নারায়ণই যখন দৈবরূপে এই প্রতিবন্ধকের উৎপাদন করিতেছেন, তখন কার্য্যের ব্যাঘাতের পরও যাহারা সেই কার্য্যের নির্ব্বাহার্থ যত্ন করেন, তাঁহারা কেবল মনঃগ্লানি ভোগ করত গভীর অজ্ঞান-নরকেই নিপতিত হন, সন্দেহ নাই॥ ২৬॥

ক্রতুর্ব্বিরমতামেষ দেবেষু দুরবগ্রহঃ।
ধর্ম্মব্যতিকরো যত্র পাষণ্ডৈরিন্দ্রনির্ম্মিতৈঃ ॥ ২৭ ॥
এভিরিন্দ্রোপসংসৃষ্টৈঃ পাষণ্ডৈ হ'রিভি র্জনং।

অন্বয়ঃ।

হে রাজেন্দ্র! ইন্দ্রনির্ম্মিতৈঃ পাষণ্ডৈঃ যত্র ধর্ম্মব্যতিকরঃ অভূৎ সঃ দেবেষু দুরবগ্রহঃ অনিবার্য্যভোগাভিনিবেশঃ, ভবতি অতঃ এষঃ ক্রতুঃ বিরমতাং বিরমতু ॥ ২৭ ॥

যঃ তে তব যজ্ঞধ্রুক্ (যজ্ঞং দ্রুহ্যতীতি) অশ্বমুট্ (অশ্বং মুষ্ণাতীতি) তেন ইন্দ্রেণ উপসৃষ্টৈঃ

শ্রীধরস্বামী।

অতএব ক্রতুর্বি'রমতু। নমু ইন্দ্রঃ কিং ন নিবার্য্যতে অত আহ যতো দেবেষু দুরবগ্রহো ভবতীতি যত্র ক্রতৌ ॥ ২৭ ॥

ইন্দ্রদুরবগ্রহকৃতমনর্থং পশ্যেত্যাহ। এভিরিন্দ্রেণোপসৃষ্টৈঃ অধিষ্ঠিতৈঃ হারিভিশ্চিত্তা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতএব ক্রতুর্বি'রমতাং নম্বিন্দ্রঃ কিমিতি ন নিবার্য্যতে তত্রাহ দেবেষু মধ্যেহয়ং দুরাগ্রহো ভবতি যত্র ক্রতৌ ॥ ২৭ ॥

ইন্দ্রদুরাগ্রহকৃতমনর্থং দর্শয়তি এভিরিতি। হারিভিশ্চিত্তাকর্ষকৈঃ। য ইন্দ্রস্তে অশ্বং

হে রাজেন্দ্র! ইন্দ্রকৃত এই পাষণ্ড ব্যবহারে ধর্ম্মের বিশেষ অনিষ্টই ঘটিতেছে। এই প্রচণ্ড ভোগাভিনিবেশ অনিবৃত্তভাবে দেবতাগণের মধ্যেও প্রবেশ করিতেছে। অতএব তুমি এই যজ্ঞসমাপনরূপ কার্য্য হইতে নিবৃত্ত হও! ॥ ২৭ ॥

তোমার যজ্ঞে যিনি বিঘ্ন উৎপাদন করিতেছেন এবং তোমার যজ্ঞীয়

আভাস।

পৃথুর কার্য্যকলাপে জগতের যেমন যথেষ্ট উপকার সাধিত হইয়াছিল, তৎসঙ্গে একটী বিশেষ অনুপকারও সাধিত হইয়াছিল, সন্দেহ নাই। অর্থাৎ পৃথু যতদিন পরের উপকারে ব্রতী ছিলেন, ততদিন কোন অনিষ্টেরই উৎপত্তি হয় নাই; কিন্তু তিনি যখন স্বার্থে পরিচালিত হইয়া, নিজের অভ্যুদয়ার্থ শত অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠানে যত্নবান্ হইলেন, অমনি ইন্দ্র নিজের অনিষ্টাশঙ্কায় পৃথুর বিরুদ্ধাচরণে অগ্রসর হইয়া; জগতে একটী বিষম কুপ্রথার প্রতিষ্ঠা করিয়াছিলেন। মহারাজ পৃথু স্বার্থের অনুরোধে সেই ভাবি অনিষ্টকে লক্ষ্য করিতে পারেন নাই। তৎকালীন ইন্দ্র পূর্ব্বজন্মে শত অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠানে ইন্দ্রত্বপদ প্রাপ্ত হইয়া, অমরগণের উপরও আধিপত্য করিতেছিলেন। সম্প্রতি পৃথুও তাঁহার ন্যায় শত অশ্বমেধ যাগের সংকল্প করিলে, ইন্দ্রের মনোমধ্যে চিন্তা হইল যে, যদি পৃথুর যজ্ঞও সুচারুরূপে নির্ব্বাহ হয়, তাহা হইলে, পৃথুই পরজন্মে ইন্দ্র হইয়া বর্ত্তমান ইন্দ্রের স্থান অধিকার করিবেন। অতএব যাহাতে পৃথুর যজ্ঞ নির্ব্বিঘ্নে সমাপ্ত না হয়, তজ্জন্য তিনি বিশেষ উদ্‌যোগী হইলেন। যাঁহারা স্বার্থ-

ম্রিয়মাণং বিচক্ষ্বেনং যন্তে যজ্ঞধ্রুগশ্বমুট্ ॥ ২৮ ॥
ভবান্ পরিত্রাতুমিহাবতীর্ণো ধর্ম্মং জনানাং সময়ানুরূপং ।
বেণাপচারাদবলুপ্তমদ্য তদ্দেহতো বিষ্ণুকলাসি বৈণ্য ॥ ২৯ ॥

অন্বয়ঃ ।

প্রবর্ত্তিতৈঃ, হারিভিঃ মনোহরৈঃ, এভিঃ পাষণ্ডৈঃ, ম্রিয়মানং আকৃষ্যমাণং, এনং জনং, বিচক্ষ্ব বিপশ্য ॥ ২৮ ॥

সময়ানুরূপং শাস্ত্রবিহিতং, বেণাপচারাৎ অবলুপ্তং বিনষ্টপ্রায়ং, জনানাং ধর্ম্মং পরিত্রাতুং রক্ষিতুং, তদ্দেহতঃ (তস্য বেণস্য দেহতঃ ভবান্) ইহ অবতীর্ণঃ। হে বৈণ্য ! যতঃ ত্বং সর্ব্ব-পালকস্য বিষ্ণোঃ, কলা অংশঃ, অসি ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী ।

কর্ষকৈঃ। য ইন্দ্রঃ। তেঽশ্বং মুষ্ণাতীতি তথা যজ্ঞায় দ্রুহ্যতীতি তথা তেনোপসৃষ্টৈঃ ॥ ২৮ ॥

ততো মম কিমিতি চেত্তত্রাহ ভবানিতি দ্বাভ্যাং। সাংখ্যযোগাদি নানাসিদ্ধান্তানুরূপং ধর্ম্মং বেণস্যান্যায়াদবলুপ্তং পরিত্রাতুং তদ্দেহাদ্বিষ্ণোঃ কলৈব ত্বং অবতীর্ণোঽসি ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

মুষ্ণাতীতি তথা যজ্ঞায় দ্রুহ্যতীতি তথা তেন সৃষ্টৈঃ ॥ ২৮ ॥

ত্বত্তঃ সকাশাৎ ধর্ম্মএব প্রবর্ত্তিতুমর্হতি নত্বধর্ম্ম ইত্যাহ ভবানিতি ॥ ২৯ ॥

অশ্ব হরণ করিয়াছিলেন, সেই দেবেন্দ্রের প্রবর্ত্তিত প্রতারণাপূর্ণ মনোহর পাষণ্ডবেশে আকৃষ্টচিত্ত জনগণের বিষম অবস্থার প্রতি লক্ষ্য কর ! ॥ ২৮ ॥

বেণের অত্যাচারে বিলুপ্ত-প্রায় শাস্ত্রবিহিত ধর্ম্মসমূহের পুনরুদ্ধারার্থই সেই বেণের দেহ হইতে তুমি সমুদ্ভূত হইয়াছ ! হে বেণনন্দন ! তুমি সর্ব্ব-লোকৈকপালক ভগবান্ বিষ্ণুর অংশরূপেই অবতীর্ণ হইয়াছ ॥ ২৯ ॥

আভাস ।

শূন্য তাঁহাদের দ্বারা জগতের উপকার হয়; কিন্তু যাঁহারা স্বার্থপর, তাঁহাদের দ্বারা তাঁহাদের নিজের ও পরের যে বিশেষ অনুপকার হইয়া থাকে, তাহাই এই পৃথু-চরিত্রে বিলক্ষণ প্রতীয়-মান করান হইয়াছে। পৃথু যতদিন নিঃস্বার্থ ছিলেন, ততদিন তাঁহার দ্বারা জগতের অগণ্য উপকার হইয়াছিল এবং যে সময় হইতে তিনি স্বার্থপর হইয়া, নিজের ভাবি উন্নতির প্রতি দৃষ্টি করিলেন, অমনি জগতে প্রবঞ্চনাদি ঘোর কাপট্যের সংস্থাপন হইতে লাগিল। পৃথুর অকপট ধর্ম্মপরতা এবং লোকরঞ্জনভাবের প্রতি দৃষ্টি করত ইন্দ্র বিলক্ষণ অবগত হইয়াছিলেন যে, সাক্ষাৎ সম্বন্ধে ও সরলভাবে পৃথুর প্রতিহিংসা করা, তাঁহার পক্ষে নিতান্তই সুকঠিন। তিনি ভাবিলেন যে, এমন কোন উপায় উদ্ভাবন করিতে হইবে যে, পৃথু তাঁহাকে শত্রু বলিয়া না জানিতে পারেন, অথচ পরোক্ষে তাঁহার অনিষ্ট হয়। যেমন বর্ম্মের দ্বারা মাংসময় কোমল দেহকে আবৃত রাখিয়া, রণপ্রাঙ্গণে শত্রুকুলের ভীষণ অস্ত্রাঘাত অবলীলাক্রমে সহ

স ত্বং বিমৃশ্যাস্য ভবং প্রজাপতে সংকল্পনাং বিশ্বসৃজাং পিপীপৃহি।
ঐন্দ্রীঞ্চ মায়ামুপধর্ম্মমাতরং প্রচণ্ডপাষণ্ডপথং প্রভো জহি ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

সঃ ভগবদবতারঃ ত্বং অস্য বিশ্বস্য, ভবং কল্যাণং, বিমৃশ্য বিচার্য্য, হে প্রজাপতে! বিশ্বসৃজাং ভৃগ্বাদীনাং, সঙ্কল্পনাং সঙ্কল্পং মনোরথং, পিপীপৃহি পূরয়! হে প্রভো! প্রচণ্ডপাষণ্ডপথং (প্রচণ্ডঃ যঃ পাষণ্ডমার্গঃ তং) উপধর্ম্মমাতরং (উপধর্ম্মস্য মাতরং অধর্ম্মস্য মাতরং) ঐন্দ্রীং ইন্দ্রসম্বন্ধীয়াং, মায়াং চ জহি বিনাশয় ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

অস্য বিশ্বস্য উদ্ভবং বিচার্য্য যৈরুৎপাদিতোঽসি তেষাং বিশ্বসৃজাং সংকল্পং পিপীপৃহি আর্ষঃ প্রয়োগঃ পূরয়েত্যর্থঃ। প্রচণ্ডো যঃ পাষণ্ডমার্গঃ সৈব ঐন্দ্রী মায়া উপধর্ম্মজননী তাং জহি ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্য বিশ্বস্য ভবং কল্যাণং, হে প্রজাপতে! বিশ্বসৃজাং যৈর্ম্মনাদুৎপাদিতোঽসি তেষাং সঙ্কল্পনাং সঙ্কল্পং পিপীপৃহি আর্ষঃ প্রয়োগঃ পূরয়েত্যর্থঃ। উপধর্ম্মস্য মাতরং জনয়িত্রীং কীদৃশীং প্রচণ্ডস্য পাষণ্ডস্য পন্থানং আবিষ্টলিঙ্গত্বাদযুক্তং পুংস্ত্বং ॥ ৩০ ॥

অতএব তুমি যখন সেই বিষ্ণুর অংশেই জন্ম গ্রহণ করিয়াছ, তখন হে প্রজাপতে! এই বিশ্ব সংসারের মঙ্গলচিন্তা করত ভৃগুপ্রভৃতি জগৎহিতৈষিগণের বাসনা পূরণ কর! হে প্রভো! যাবতীয় অধর্ম্মের যোনীভূত প্রচণ্ড বঞ্চনার উপায়স্বরূপ ইন্দ্রকৃত এই মায়ার নিবারণ কর! ॥ ৩০ ॥

আভাস।

করা যায়, সেইরূপ মিত্র ও সাধুর বেশ পরিগ্রহ করিয়া শত্রু ও অসাধুর কার্য্য সমাধা করা দুর্ব্বল ব্যক্তির পক্ষে অনায়াস-সাধ্য, তাহাতে আর সন্দেহ নাই। স্পষ্ট শত্রু বা স্পষ্ট মিত্র হওয়া নিতান্ত বীর ও উদারচেতার কর্ম্ম; ইন্দ্রও স্বার্থের অনুরোধে এবং পৃথুর ভীম পরাক্রম সম্বন্ধে নিতান্তই দুর্ব্বল; সুতরাং কপটতার প্রথা তিনিই জগতে প্রথম প্রবর্ত্তিত করিলেন। তাঁহার অনুকরণে জগতের জীবও ক্রমশ কপটী হইতে আরম্ভ করিল। অবধূতের বেশ পরিগ্রহ করিয়া এবং সাধুর ন্যায় বাক্‌পটুতার পরিচয়ে সাধারণ লোককে প্রতারিত করা এবং তাহাদের প্রিয়পাত্র হওয়া যে অতি সুগম উপায়, তাহা কেবল এই ইন্দ্রের কার্য্যের দ্বারাই জগৎবাসী প্রথম অবগত হইল এবং তদনুসারে কার্য্যে অগ্রসর হইল। ইন্দ্র কয়েকবার পৃথুপুত্রকে প্রতারিত করিলে, স্বয়ং পৃথু যখন ইন্দ্রকে বধ করিবার জন্য অগ্রসর হইলেন, তখন ব্রহ্মা নিজে উপস্থিত হইয়া তাঁহাকে নিষেধ করত বলিলেন যে, ইন্দ্র দেবতা; তুমি মানব। তোমার অপেক্ষা সম্প্রতি ইন্দ্রের পরাক্রম অনেকাংশে অধিক। সুতরাং তুমি তাহাকে ওরূপ উপায়ে নিবারণ করিতে পারিবে না। লাভের মধ্যে, অধিক কপটতার বিস্তারে জগতে আরও

মৈত্রেয় উবাচ ।।
ইত্থং স লোকগুরুণা সমাদিষ্টো বিশাম্পতিঃ।
তথাচ কৃত্বা বাৎসল্যং মঘোনাপিচ সন্দধে ।। ৩১ ।।
কৃতাবভৃথস্নানায় পৃথবে ভূরিকর্ম্মণে।
বরান্ দদুস্তে বরদা যে তদ্বর্হিষি তর্পিতাঃ ।।
বিপ্রাঃ সত্যাশিষস্তুষ্টাঃ শ্রদ্ধয়া লব্ধদক্ষিণাঃ।

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। সঃ বিশাম্পতিঃ প্রজাপালকঃ পৃথুঃ, ইত্থং প্রকারেণ, লোকগুরুণা ব্রহ্মণা, সমাদিষ্টঃ সম্যক্ প্রতিবোধিতঃ, সন্ তথা যজ্ঞাগ্রহং হিত্বা, বাৎসল্যং স্নেহং, কৃত্বা মঘোনা ইন্দ্রেণ, অপি সহ সন্দধে সন্ধানং কৃতবান্ ॥ ৩১ ॥

তদ্বর্হিষি (তস্য পৃথোঃ বর্হিষি যজ্ঞে) তর্পিতাঃ ভাগদানেন সন্তোষিতাঃ যে দেবাঃ তে বরদাঃ সন্তঃ কৃতাবভৃথস্নানায় (কৃতং অবভৃথসম্বন্ধিস্নানং যেন তস্মৈ) ভূরিকর্ম্মণে (ভূরীণি কর্ম্মাণি যস্য তস্মৈ) পৃথবে বরান্ দদুঃ ॥

হে ক্ষত্তঃ বিদুর! (তেন পৃথুনা) শ্রদ্ধয়া লব্ধদক্ষিণাঃ (লব্ধা দক্ষিণা যৈঃ তে) সংকৃতাঃ

শ্রীধরস্বামী।

তথা কৃত্বা যজ্ঞাগ্রহং চ হিত্বা বাৎসল্যং স্নেহঞ্চ কৃত্বা ইন্দ্রেন সহ সন্ধানঞ্চ কৃতবান্ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চ এবার্থে যথা ব্রহ্মণ আজ্ঞা তথৈব বাৎসল্যং কৃত্বেতি যজ্ঞস্য বয়োবৃদ্ধত্বেঽপি দেবেন্দ্রত্বেঽপিচ ব্রহ্মণ এবাজ্ঞয়া তত্র পৃথো বাৎসল্যং সাচ তয়ো বিশুদ্ধসত্বেন তুল্যত্বেঽপি পৃথো-

---

মৈত্রেয় বলিলেন, প্রজাপতি পৃথু জগদ্‌গুরু ব্রহ্মাকর্ত্তৃক এই প্রকারে সম্যক্ প্রতিবোধিত হইয়া, যজ্ঞ সমাপনের আগ্রহ পরিত্যাগ করিলেন; এবং বাৎসল্যের প্রকাশে ত্রিদিবেশ্বর ইন্দ্রের সহিত সৌহার্দ্দ্য স্থাপন করিলেন ॥৩১

নারদ প্রাচীনবর্হিকে কাম্যকর্ম্মাদিতে নিতান্ত আসক্তচিত্ত অবলোকন করিয়া, মনে মনে সাতিশয় ক্ষুব্ধ হইলেন এবং প্রিয় শিষ্য ধ্রুবের বংশে পাছে এরূপ কর্ম্মপ্রিয়তার প্রশ্রয় হয়, এই নিমিত্ত স্বয়ং প্রাচীনবর্হি সন্নিধানে উপনীত হইয়া, পুরঞ্জনের উপাখ্যান প্রসঙ্গে জ্ঞান, বৈরাগ্য ও ভক্তির বিষয় উপদেশ প্রদান করিয়াছেন॥ ২॥

গৃহেষু কূটধর্ম্মেষু পুত্রদারধনার্থধীঃ।
ন পরং বিন্দতে মূঢ়ো ভ্রাম্যন্ সংসারবর্ত্মসু ॥ ৫ ॥
নারদ উবাচ ॥
ভোভোঃ প্রজাপতে রাজন্ পশূন্ পশ্য ত্বয়াধ্বরে।
সংজ্ঞপিতান্ জীবসঙ্ঘান্ নির্ঘৃণেন সহস্রশঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

কূটধর্ম্মেষু কাম্যকর্ম্মাদ্যনুষ্ঠানপ্রচুরেষু, গৃহেষু পুত্রদারধনার্থধীঃ মূঢ়ঃ জনঃ সংসারবর্ত্মসু ভ্রাম্যন্ পরং শ্রেষ্ঠং, পুরুষার্থং মোক্ষং, ন বিন্দতে প্রাপ্নোতি ॥ ৫ ॥

নারদঃ উবাচ। ভোঃ ভোঃ প্রজাপতে রাজন্! নির্ঘৃণেন নির্দয়েন ত্বয়া অধ্বরে যজ্ঞে যান্ সহস্রশঃ জীবসঙ্ঘান্ সংজ্ঞপিতান্ মারিতান্ তান্ পশ্য ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ গৃহেষু স্থিতং পুত্রাদিষ্বেব পুরুষার্থধী র্যস্য ॥ ৫ ॥

কর্ম্মফলেষু বৈরাগ্যমুৎপাদ্য ব্রহ্মবিদ্যামুপদেষ্টুং যোগানুভাবেন যজ্ঞপশূন্ প্রত্যক্ষং প্রদর্শ্যাহ ভোভো ইতি। সংজ্ঞপিতান্ মারিতান্ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গৃহস্থঃ সর্ব্বএব মাদৃশ ইত্যাহ গৃহেষ্বিতি ॥ ৫ ॥

কর্ম্মফলেষু বৈরাগ্যমুৎপাদয়িতুং যোগবলেন যজ্ঞপশূন্ প্রত্যক্ষং প্রদর্শ্যাহ ভো ভো ইতি সংজ্ঞপিতান্ মারিতান্ ॥ ৬ ॥

লাভ করিতে পারি, তজ্জন্য সেই পরম পবিত্র মোক্ষসাধক জ্ঞানের বিষয় আমাকে উপদেশ করুন্! ॥ ৪ ॥

গার্হস্থ ধর্ম্মে অবস্থান পূর্ব্বক মানব পুত্র, দারা ও ধনাদির প্রাপ্তিকামনায় কাম্যকর্ম্মের অনুষ্ঠানে নিতান্ত মোহিত হইয়াই পড়ে; সুতরাং সংসারস্রোতে ভাসমান হইয়া, পরমপুরুষার্থস্বরূপ মোক্ষকে কখনই লাভ করিতে পারে না ॥ ৫ ॥

নারদ বলিলেন, ওহে রাজন্ প্রজাপতে! আপনি নিষ্করুণভাবে ভবদীয় যজ্ঞে যে সহস্র সহস্র জীবের প্রাণবধ করিয়াছ, সেই সকল প্রাণীর প্রতি সম্প্রতি একবার অবলোকন কর! ॥ ৬ ॥

আভাস।

কর্ম্মফলের প্রতি রাজার বৈরাগ্য উৎপাদনার্থ যোগবলে তদীয় যজ্ঞে নিহত পশুসমূহকে প্রত্যক্ষে প্রদর্শন করাইয়া দেবর্ষি নারদ প্রাচীনবর্হিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে নরনাথ! তুমি স্বীয় মঙ্গলকামনায় ইহাদিগকে যেমন অস্ত্রাঘাতে ছিন্ন বিচ্ছিন্ন করিয়াছ, এক্ষণে ইহারা

এতে ত্বাং সংপ্রতীক্ষন্তে স্মরন্তো বৈশসং তব।
সংপরেতময়ঃকূটৈশ্চিন্দন্ত্যুত্থিতমন্যবঃ ॥ ৭ ॥
অত্র তে কথয়িষ্যেঽমুমিতিহাসং পুরাতনং।
পুরঞ্জনস্য চরিতং নিবোধ গদতো মম ॥ ৮ ॥

অন্বয়ঃ।

এতে পশ্বাদয়ঃ তব বৈশসং ত্বৎকৃতাং পীড়াং, স্মরন্তঃ অতএব উত্থিতমন্যবঃ ত্বাং প্রতীক্ষন্তে; যতঃ সম্পরেতং মৃতং, ত্বাং অয়ঃকূটৈঃ লৌহময়শৃঙ্গৈঃ ছিন্দন্তি ॥ ৭ ॥

অত্র এবং সংসারদুঃখনিস্তারকে উপায়ে, পুরঞ্জনস্য চরিতং পুরাতনং ইতিহাসং তে তুভ্যং, অহং কথয়িষ্যে; তং অমুং গদতঃ বদতঃ, মম সকাশাৎ নিবোধ শৃণু ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

এতে ত্বাং সংপরেতং মৃতং সংপ্রতীক্ষন্তে। বৈশসং তৎকৃতাং পীড়াং স্মরন্তঃ ততশ্চ অয়ঃ-কূটৈঃ লৌহময়ৈঃ শৃঙ্গৈশ্ছিন্দন্তি ছেৎস্যন্তি ॥ ৭ ॥

অত্র অস্মিন্ সঙ্কটে নিস্তারকমমুমিতিহাসং কথয়িষ্যামি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কদায়ং মরিষ্যতীতি ত্বাং প্রতীক্ষন্তে। বৈশসং ত্বৎকৃতং স্বশরীরচ্ছেদং। অতঃ সংপরেতং ত্বাং অয়ঃকূটৈর্লৌহযন্ত্রময়ৈঃ শৃঙ্গৈশ্ছিন্দন্তি বর্ত্তমাননির্দ্দেশেনাবিলম্বত এব ছেৎস্যন্তি ॥ ৭ ॥

বৈষয়িককথাপ্রিয়মিমং বৈষয়িককথয়ৈব প্রবোধয়ামীতি মনসি বিচার্য্য তস্যৈব প্রাচীন-বর্হিষঃ কথামেব কথান্তরকল্পনয়া অপ্রস্তুতপ্রশংসালঙ্কারেণ তৎপ্রবোধে কারণীকুর্ব্বন্নাহ। অত্রেতি স্পষ্টং বস্তুতস্তু তে তবৈব চরিতং কীদৃশস্য পুরমেতৎ শরীরং স্বকর্ম্মণা জনয়তীতি তস্য পুরঞ্জনস্য পুরাতনং মাতৃগর্ভপ্রবেশাৎ পূর্ব্বমপ্যারভ্যেত্যর্থঃ ॥ ৮ ॥

ইহারা সকলে তোমার কৃত অত্যাচারকে স্মরণ করত, ক্রোধ-প্রদীপ্ত-হৃদয়ে তোমার মৃত্যুরই অপেক্ষা করিতেছে; তোমার মৃত্যু হইলে, ইহারা সকলে লৌহময় শৃঙ্গাস্ত্রের দ্বারা তোমাকে ছিন্ন বিচ্ছিন্ন করিবে, সন্দেহ নাই ॥ ৭ ॥

এই অপরিহার্য্য সংসারদুঃখ হইতে নিস্তীর্ণ হইবার উপায় সম্বন্ধে আমি তোমার নিকট পুরঞ্জনের চরিত্র-সম্বন্ধীয় প্রাচীন একটী ইতিহাস কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। ॥ ৮ ॥

আভাস।

প্রত্যেকে তোমার মৃত্যুর জন্য অপেক্ষা করিতেছে। তুমি মৃত্যুমুখে পতিত হইবা মাত্র, ইহারা সকলে অতি তীব্র লৌহময় অস্ত্রের দ্বারা তোমাকে বিদীর্ণ এবং বিচ্ছিন্ন করিবে, তজ্জন্য প্রতীক্ষা করিতেছে ॥ ৬ ॥ ৭ ॥

কেবল বেদোক্ত যজ্ঞাদির অনুষ্ঠানে মানব কখন মুক্তিলাভ করিতে পারে না; কারণ

আসীৎ পুরঞ্জনো নাম রাজা রাজন্ বৃহচ্ছ্রবাঃ।
তস্যাবিজ্ঞাতনামাসীৎ সখাবিজ্ঞাতচেষ্টিতঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

হে রাজন্! বৃহচ্ছ্রবাঃ মহাযশাঃ, পুরঞ্জনঃ নাম কশ্চিৎ রাজা আসীৎ। তস্য পুরঞ্জনস্য অবিজ্ঞাতচেষ্টিতঃ (ন বিজ্ঞাতং চেষ্টিতং যস্য সঃ) তথা অবিজ্ঞাতনামা কশ্চিৎ সখা আসীৎ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

তত্র জীবস্য বিষয়াসক্ত্যা সংসারঃ সচ ঈশ্বরানুগ্রহান্নিবর্ত্তত ইতি বক্তুং বিপর্য্যয়গ্রহ-গৃহীতস্য সাক্ষাদ্বোধয়িতুমশক্তেঃ রাজবৃত্তান্তমিবাহ আসীদিতি পুরঞ্জনাদীন্ স্বয়মেব ইতঃ পঞ্চমেঽধ্যায়ে ব্যাখ্যাস্যতি। তথাপি সুখগ্রহণায় যথোপযোগং কিঞ্চিৎ কিঞ্চিৎ ব্যাখ্যাস্যামঃ। তত্র স্বকর্ম্মভিঃ পুরং শরীরং জনয়তীতি পুরঞ্জনো জীবঃ ন বিজ্ঞাতং নাম যস্য নচ বিজ্ঞাতং চেষ্টিতং যস্য স ঈশ্বরঃ তস্য সখা যদ্বা বিজ্ঞাতং চেষ্টিতং জীবপ্রেরণাদিলক্ষণং যস্য জীবপারতন্ত্র্যস্যানুভবসিদ্ধত্বাৎ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আসীদিতি পুরঞ্জনাদীন্ স্বয়মেব ইতঃ পঞ্চমেঽধ্যায়ে ব্যাখ্যাস্যতে তদপি সুখগ্রহণায় যথোপস্থিতি ব্যাখ্যাস্যামঃ। পুরঞ্জনো জীবঃ অধ্যাত্মাদিভি বিরাজমানত্বাদ্রাজা। শ্রবো যশঃ দৃষ্টাদৃষ্টসুখসাধনকর্ম্মাদি শুশ্রূষুত্বাৎ শ্রবঃ শ্রবণঞ্চ। অবিজ্ঞাতং নাম যস্য ন বিজ্ঞাতং চেষ্টিতং যস্য স ঈশ্বর স্তস্য সখা যদ্বা বিজ্ঞাতং চেষ্টিতং জীবপ্রেরণাদিকং যস্য জীবপারতন্ত্র্যস্যানুভবসিদ্ধত্বাৎ ॥ ১ ॥

হে নরনাথ! পূর্ব্বে পুরঞ্জননামে একজন মহাযশস্বী রাজা ছিলেন। এবং অবিজ্ঞাতনামে তাঁহার একজন সখা ছিলেন। এই অবিজ্ঞাত সখার কর্ম্ম কেহ অনুভব করিতে পারিতেন না ॥ ১ ॥

আভাস।

তাহাতেও জীবহিংসাদিজনিত পাপের সঞ্চয় হয় এবং তন্নিমিত্ত বিলক্ষণ যাতনা জীবকে ভোগ করিতে হয়; যজ্ঞসম্পাদনজনিত প্রচুর পুণ্যেও সে পাপের ক্ষয় হয় না। এই স্থলে প্রাচীন-বর্হিকে এই ব্যাপারটী প্রত্যক্ষত অবধারণ করাইবার অভিপ্রায়ে ভগবান্ নারদ ঋষি পুরঞ্জন-চরিত নামক প্রথিত ইতিহাসের উল্লেখ করিয়াছেন। এতদ্দ্বারা তিনি স্পষ্টত বুঝাইয়াছেন যে, বিষয়াসক্তিই জীবের পক্ষে সংসারের প্রধান কারণ; এই আসক্তি পরিত্যাগ করিতে হইলে, পরমেশ্বরে প্রেম ও ভক্তি করা প্রয়োজন। তাঁহার অনুগ্রহে জীব সংসারদশা হইতে নিষ্কৃতি লাভ করিতে পারে। কিন্তু বিষয়ের প্রতি আসক্তিজনিত চিত্তের মালিন্য সহজে উপলব্ধ না হওয়ায়, রাজার বৃত্তান্তের ন্যায় কেবল পুরঞ্জনের নাম করিয়া, জীবের মাতৃগর্ভে প্রবেশের পূর্ব্ব হইতে স্বীয় কর্ম্মফলের পরিচয় প্রদান করিয়াছেন। অর্থাৎ যে পুরীতে অবস্থান করত জীব কর্ম্ম-ফল ভোগ করে, তাহার নামই শরীর। সে শরীর বিনা কারণে জীব প্রাপ্ত হয় না। কর্ম্মের

সোঽন্বেষমাণঃ শরণং বভ্রাম পৃথিবীং প্রভুঃ।
নানুরূপং যদাবিন্দদভূৎ স বিমনা ইব ॥ ১০ ॥
ন সাধু মেনে তাঃ সর্ব্বা ভূতলে যাবতীঃ পুরঃ।

অন্বয়ঃ।

সঃ প্রভুঃ সমর্থঃ, পুরঞ্জনঃ শরণং বাসস্থানং, অন্বেষমাণঃ পৃথিবীং সর্ব্বাং বভ্রাম। কিন্তু যদা অনুরূপং স্বাভিলষিতং, স্থানং ন অবিন্দৎ তদা সঃ বিমনাঃ ইব অভূৎ ॥ ১০ ॥

কামান্ বিষয়োপভোগান্, কাময়মানঃ অসৌ পুরঞ্জনঃ তস্য তস্য কামভোগস্য উপপত্তয়ে

শ্রীধরস্বামী।

শরণং ভোগায়তনং দেহং ॥ ১০ ॥

যাবত্যঃ পুরঃ তাস্তস্য তস্য কামস্যোপপত্তয়ে প্রাপ্ত্যৈ সাধু ন মেনে। গবাদি দেহানামৈ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শরণং বাসস্থলং সুখভোগায়তনং দেহঞ্চ। বভ্রামেতি নানাজন্মবত্ত্বাৎ নানুরূপমিতি ক্বাপি জন্মনি স্বাভীপ্সিতসমস্তসুখপ্রাপ্ত্যদর্শনাৎ ইবেতি শূকরাদিজন্মন্যপি বিষয়ানন্দপ্রাপ্ত্যা বস্তুতো বিমনস্ত্বাভাবাৎ ॥ ১০ ॥

যাবতী র্যাবত্যঃ সর্ব্বত্র বিষয়ানন্দপ্রাপ্তাবপি তস্য তস্য কামস্য উপপত্তয়ে প্রাপ্ত্যৈ সাধু ন মেনে। গবাদিদেহানাং ভোগসাধনযোগ্যত্বাভাবাৎ। তথাচ শ্রুতিঃ তাভ্যো গামানয়ন্ তা অব্রুবন্ নবৈ নোঽয়মলমিতি তাভ্যোঽশ্বমানয়ন্ তা অব্রুবন্ ন বৈ নোঽয়মলমিতীতি।

প্রবলপরাক্রম পুরঞ্জন স্বকীয় বাসস্থানার্থ সমগ্র পৃথিবীর সমস্ত স্থান পর্য্যটন করিয়াও বাসোপযোগী কল্যাণকর স্থান নয়নগোচর না করিয়া, বিশেষ দুঃখিত হইলেন ॥ ১০ ॥

যত প্রকার কামভোগের অভিলাষ হয়, সেই সমস্ত কামনার চরিতার্থ হইতে পারে, এরূপ আয়তন তিনি সমগ্র ধরণী অন্বেষণ করিয়াও নিরীক্ষণ

আভাস।

দ্বারা জীব নিজেই তাহার জন্ম প্রদান করে; সুতরাং জীবই পুরঞ্জন নামে অভিহিত। যদিও একোনত্রিংশ অধ্যায়ে গ্রন্থকার নিজেই পুরঞ্জন-বৃত্তান্তের অধ্যাত্মব্যাখ্যা প্রকাশ করিবেন, তথাপি পূর্ব্ব হইতেই সেই ভাবের সামান্য ব্যাখ্যার দ্বারা আমরা বিষয়টীকে সুগম করিবার চেষ্টা করিব। জীবতত্ত্বই পুরঞ্জন; তাঁহার বন্ধুই ঈশ্বর। তিনি জ্ঞানের অতীত এবং নাম রূপাদি শূন্য; তবে জীব যে তাঁহার অধীন হইয়া কর্ম্মফল ভোগ করে, তাহাতে ঈশ্বরই কর্ম্মের ফলদাতা, তাহা জীবেরই অনুভবসিদ্ধ ॥ ৮ ॥ ৯ ॥

শরণশব্দে বাসস্থান বলিলেও এস্থলে ভোগায়তন দেহকেই লক্ষ্য করিতে হইবে। পৃথিবীতে অর্থাৎ সংসারপ্রবাহে নানাজন্ম পরিগ্রহ করিয়া, এমন কোন উৎকৃষ্ট ভোগায়তন দেহ পুরঞ্জন প্রাপ্ত হন নাই, যাহার কল্যাণে সর্ব্ববিধ ভোগ তাঁহার সাধিত* হইতে পারে। যখন

কামান্ কাময়মানোঽসৌ তস্য তস্যোপপত্তয়ে ॥ ১১ ॥
স একদা হিমবতো দক্ষিণেষ্বথ সানুষু।
দদর্শ নবভির্দ্বার্ভিঃ পুরং লক্ষিতলক্ষণাং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

সিদ্ধয়ে, ভূতলে যাবতীঃ যাবত্যঃ পুরঃ স্থানানি, তাঃ সর্ব্বাঃ, সাধু যোগ্যাঃ ন মেনে ॥ ১১ ॥

অথ একদা হিমবতঃ হিমালয়স্য, দক্ষিণেষু সানুষু নবভিঃ দ্বার্ভিঃ যুক্তাং লক্ষিতলক্ষণাং (লক্ষিতানি দৃষ্টানি লক্ষণানি তত্তদ্বিষয়ভোগোপযোগিচিহ্নানি যস্যাং তাং) পুরং স দদর্শ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

হিকপারলৌকিকভোগযোগ্যত্বাভাবাৎ। তথাচ শ্রুতিঃ। তাভ্যো গামানয়ং তা অব্রুবন্নবৈ নোঽয়মলমিতি তাভ্যোঽশ্বমানয়ৎ তা অব্রুবন্ নবৈ নোঽয়মলমিতি ॥ ১১ ॥

হিমবতো দক্ষিণেষু সানুষু কর্ম্মক্ষেত্রে ভারতবর্ষে পুরং মনুষ্যশরীরং লক্ষিতানি দৃষ্টানি সর্ব্বাণি লক্ষণানি যস্যাং অন্ধপঙ্গুত্বাদিদোষরহিতামিত্যর্থঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্তদ্দেহানামসাধুমননঞ্চ গর্ব্ভদশায়ামেব মৃতশ্চাহং পুনর্জাত ইত্যাদি শ্রুতে স্তত্রৈব বিবেকোৎপত্তেঃ ॥ ১১ ॥

হিমবতো হিমালয়স্য দক্ষিণেষু সানুষু ভারতভূমৌ কর্ম্মক্ষেত্রে তত্রত্যমনুষ্যদেহস্যৈব ফলসাধনত্বাৎ পুরং মনুষ্যদেহং লক্ষিতানি দৃষ্টানি লক্ষণানি যস্যামিতি পঙ্গ্বন্ধাদি দেহস্য ম্লেচ্ছান্ত্যজাদি দেহস্যচ ব্যাবৃত্তিঃ ॥ ১২ ॥

করিলেন না; যত কিছু অবলোকন করিলেন, কোনটীতেই তাঁহার সাধ পূরণ হয়, এরূপ বিবেচনা করিলেন না ॥ ১১ ॥

এক দিবস হিমগিরির দক্ষিণপ্রান্তে বিচরণ করিতে করিতে, সর্ব্বলক্ষণলক্ষিত নবদ্বারবিশিষ্ট একটী অপূর্ব্ব পুরী অবলোকন করিলেন ॥ ১২ ॥

আভাস।

যে কোন দেহ প্রাপ্ত হন, তাহাতে তদুচিত ভোগ লাভ হয় বটে, কিন্তু অন্য দেহোচিত ভোগের অভিলাষ করিলে, তৎপ্রাপ্তির কোন প্রত্যাশা থাকে না। গবাদি যোনিতে ঐহিক বা পারলৌকিক ভোগযোগ্যতা থাকে না। শ্রুতিতেও উক্ত আছে যে, জীবাত্মা গাভী এবং অশ্বাদি বিবিধ যোনিতে প্রবিষ্ট হইয়া, কোনটীকে ভাল বলিয়া মনে করিলেন না। গর্ব্ভদশাতে জীব যখন অবস্থান করে, তখন তাহার সম্যক্ আত্মজ্ঞানের উদয় থাকে; তখন সেই জ্ঞানের প্রভাবে গর্ব্ভস্থ জীব আপনার মৃত্যু ও জন্মের বিষয় আলোচনা করিয়া থাকে ॥১০॥১১॥

পুরঞ্জন পুরুষ হিমগিরির দক্ষিণপ্রান্তে কর্ম্মক্ষেত্র ভারতভূমে মানবশরীর অবলোকন করিয়াছেন এবং তাহাতে সর্ব্বলক্ষণলক্ষিত বলিয়া, পঙ্গু অন্ধ প্রভৃতি অন্ত্যজ দেহনিষ্ঠ দোষের পরিহার করা হইয়াছে ॥ ১২ ॥

প্রাকারোপবনাট্টালপরিখৈরক্ষতোরণৈঃ।
স্বর্ণরৌপ্যায়সৈঃ শৃঙ্গৈঃ সঙ্কুলাং সর্ব্বতোগৃহৈঃ॥ ১৩॥
নীল-স্ফটিক-বৈদূর্য্যমুক্তামরকতারুণৈঃ।

অন্বয়ঃ।

প্রাকারোপবনাট্টালপরিখৈঃ (প্রাকারাঃ উপবনানি অট্টালঃ প্রবেশদ্বারং পরিখাঃ নিষেধদ্বারাণি তৈঃ) অক্ষতোরণৈঃ (অক্ষাঃ গবাক্ষাঃ তোরণানি দ্বারাণি তৈঃ) স্বর্ণরৌপ্যায়সৈঃ শৃঙ্গৈঃ শিখরৈঃ গৃহৈঃ চ সর্ব্বতঃ সঙ্কুলাং॥ ১৩॥

নীলস্ফটিকবৈদূর্য্যমুক্তামরকতারুণৈঃ (অরুণং মাণিক্যং) ক্লৃপ্তহর্ম্ম্যস্থলীং (ক্লৃপ্তাঃ হর্ম্ম্য-

শ্রীধরস্বামী।

তামনুবর্ণয়তি ত্রিভিঃ। অত্র কিঞ্চিৎ কিঞ্চিৎ সাদৃশ্যমবলম্ব্য কথাসৌন্দর্য্যায় প্রাকারাদীনি বর্ণ্যন্তে পরিখৈরিতি পুংস্ত্বমার্ষং। অক্ষাণি গবাক্ষাঃ ত্বগাদয়ঃ শরীরাবয়বাঃ প্রাকারাদি পুরাবয়বত্বেন নিরূপ্যন্তে। স্বর্ণাদিময়ৈঃ শৃঙ্গৈঃ শিখরৈ র্যুক্তা যে গৃহাস্তৈঃ সঙ্কুলামিতি। আধারাদি চক্রাণি গৃহাঃ শৃঙ্গাণিচ রাজসাদিস্বভাবা বিবক্ষিতাঃ॥ ১৩॥

নীলাদিভিঃ কৢপ্তা হর্ম্ম্যস্থলী যস্যাং অরুণং মাণিক্যং স্থলী হৃদয়ং নাড্যো নীলাদিভাবেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাকারাস্ত্বচঃ উপবনানি বহির্বিষয়াঃ অট্টালো মুখং। পরিখা গুণাঃ। পরিখৈরিতার্ষং। অক্ষা গবাক্ষা রোমরন্ধ্রাণি তোরণানি নেত্রাদীনি দ্বারাণি স্বর্ণাদ্যৈঃ শৃঙ্গৈঃ পিত্তকফবাতৈর্ধাতুভিঃ রাজসসাত্বিকতামসৈঃ স্বভাবৈর্বা গৃহৈরাধারচক্রাদ্যৈঃ সংকুলাং ব্যাপ্তাং॥ ১৩॥

ইন্দ্রনীলাদিভিঃ রত্নৈঃ কৢপ্তা হর্ম্ম্যস্থল্যো যস্যাং সমাসান্তবিধেরনিত্যত্বান্ন কপ্। অরুণ-

---

পুরীর সর্ব্বদিক্ প্রাচীরে বেষ্টিত; তন্মধ্যে উপবন! তদন্তরে অট্টালিকা এবং পরিখাদি শোভা পাইতেছিল। প্রশস্ত গবাক্ষসমূহ এবং প্রবেশদ্বার, স্বর্ণময়, রৌপ্যময় এবং লৌহময় শিখরযুক্ত গৃহ সকল সর্ব্বতোভাবে শোভা প্রদান করিতেছিল॥ ১৩॥

নীলকান্তমণি স্ফটিক বৈদূর্য্য মুক্তা মরকত ও বিচিত্র মাণিক্য সকল হর্ম্ম্য-

আভাস।

মনুষ্যদেহের সহিত পুরীর যথাসঙ্গত সাদৃশ্যে বাক্যের সৌন্দর্য্যার্থ প্রাকারাদির বর্ণন করা হইয়াছে। পুরীর পরিবেষ্টিত প্রাচীরই দেহের ত্বক্; ভোগ্য বিষয়ই উপবন, অট্টাল মুখবিবর, পরিখা গুণ; গবাক্ষসমূহ ইন্দ্রিয়গোলক এবং রোমকূপ ও তোরণ সমূহই দেহের নেত্রাদি দ্বারস্বরূপ। স্বর্ণময়, রৌপ্যময় ও লৌহময় শৃঙ্গই দেহের বাতপিত্ত ও কফনামে পরিগৃহীত। অথবা রাজসিক, সাত্বিক ও তামসিক গুণ বলিয়া অভিহিত। গৃহ বা প্রকোষ্ঠ বলিতে, দেহস্থ আধারাদি সপ্ত চক্রকেই লক্ষ্য করিতে হইবে॥ ১৩॥

নীলাদি মণিবর্ণ নাড়ীসমূহকেই অবধারণ করিতে হইবে। তাহারা হর্ম্ম্যস্থলীরূপ হৃদয়,

কঃপ্তহর্ম্ম্যস্থলীং দীপ্তাং শ্রিয়া ভোগবতীমিব ॥ ১৪ ॥
সভাচত্বররথ্যাভিরাক্রীড়ায়তনাপণৈঃ।
চৈত্যধ্বজপতাকাভির্যুক্তাং বিদ্রুমবেদিভিঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

স্থলাঃ যস্যাঃ তাং) দীপ্তাং প্রকাশমানাং শ্রিয়া শোভয়া ভোগবতীং নাগানাং পুরীং ইব দদর্শ ॥ ১৪ ॥

সভাচত্বররথ্যাভিঃ (সভা রাজোপবেশস্থানং চত্বরং চতুষ্পথং, রথ্যাঃ রাজমার্গাঃ তৈঃ) আক্রীড়ায়তনাপণৈঃ (আক্রীড়ায়তনানি দ্যূতাদিস্থানানি আপণঃ হট্টঃ তৈঃ) চৈত্যধ্বজপতাকাভিঃ (চৈত্যং বিশ্রামস্থানং ধ্বজেষু যাঃ পতাকাঃ তৈঃ) বিদ্রুমবেদিভিঃ যুক্তাং ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

নিরূপ্যন্তে। তত্তদ্বিষয়বাসনা বা ভোগবতীং নাগানাং পুরীমিব ॥ ১৪ ॥

সভা সমাজস্থানং। চত্বরং চতুষ্পথং। রথ্যা রাজমার্গঃ। আক্রীড়ায়তনং দ্যূতাদিস্থানং। আপণো হট্টঃ তৈঃ চৈত্যং জনানাং বিশ্রামস্থানং। ধ্বজেষু যাঃ পতাকা স্তাভিশ্চ যুক্তাং ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাণিক্যং স্থল্যো হৃদয়কণ্ঠভ্রূমধ্যস্থানানি নীলাদয় স্তদ্বর্ণা নাড্যো জ্ঞেয়াঃ। ভোগবতীং নাগানাং পুরীং। পক্ষে ভোগবতীমিবেতি বস্তুবিচারতো ভোগা অপি তত্র ন সন্তীত্যর্থঃ ॥ ১৪ ॥

সভা রাজোপবেশস্থানং সা চাত্র হৃদয়ং তত্রৈব রাজ্ঞঃ পুরঞ্জনস্য জীবস্য স্থিতেঃ। চত্বরং চতুষ্পথং তচ্চাত্র তাল্বধঃস্থলং তত্রৈব মুখনাসানয়নকর্ণমার্গাশ্চত্বারঃ রথ্যা রাজমার্গঃ ইড়াপিঙ্গলাসুষুম্নাঃ। আক্রীড়ায়তনানি দ্যূতাদিস্থানানি ইন্দ্রিয়গোলকাঃ। অপণো হট্টো মনোগোলকঃ চৈত্যং বিশ্রামস্থানং চিত্তমধ্যং ধ্বজে ভগবদ্বৈমুখ্যরূপে সংযুক্তাঃ পতাকাঃ পঞ্চক্লেশাঃ। বিদ্রুমবেদয় আধারাদিচক্রমধ্যস্থলভেদাঃ ॥ ১৫ ॥

স্থলে বিবিধভাবে খচিত ছিল। সেই অপূর্ব্ব পুরীটী সৌন্দর্য্যে যেন নাগলোক ভোগবতীকেও অতিক্রম করিয়া বিরাজমান পরিদৃষ্ট হইল ॥ ১৪ ॥

পুরীর মধ্যে রাজসভা, চতুষ্পথ, রাজমার্গ, দ্যূতক্রীড়ার স্থান, হট্ট, বিশ্রামভবন এবং ধ্বজা ও পতাকাদিতে পরিশোভিত এবং স্থানে স্থানে বিদ্রুমবেদি সকল লক্ষিত হইতেছিল ॥ ১৫ ॥

আভাস।

কণ্ঠ ও ভ্রূমধ্যস্থানে নিযোজিত রহিয়াছে। অন্য দেহের অপেক্ষা মনুষ্যকলেবর অতীব সুন্দর; এবং ভোগবতী নামক নাগলোকের ন্যায় ভোগপ্রদ বলিয়া অনুভূত হইলেও, অভিলাষানুরূপ ভোগ যে তাহাতেও নাই, তাহা এক ইব শব্দের দ্বারাই স্পষ্টত প্রকাশ করা হইয়াছে ॥ ১৪ ॥

সভাশব্দে জীবের উপবেশনস্থান অন্তঃকরণ; চতুষ্পথ চত্বর অর্থে তালুর অধঃস্থল; তথায় মুখ, নাসিকা, নয়ন ও কর্ণ এই চারিটীর পথ প্রশস্ত আছে বলা হইল। রথ্যা অর্থাৎ

পুর্য্যাস্তু বাহ্যোপবনে দিব্যদ্রুমলতাকুলে।
নদদ্বিহঙ্গালিকুল-কোলাহল-জলাশয়ে ।। ১৬ ।।

অন্বয়ঃ।

দিব্যদ্রুমলতাকুলে (দিব্যৈঃ মনোহরৈঃ দ্রুমৈঃ লতাভিঃ চ আকুলে ব্যাপ্তে) নদদ্বিহঙ্গালিকুল-কোলাহলজলাশয়ে (নদতাং বিহঙ্গালিকুলানাং কোলাহলঃ যেষু তে জলাশয়াঃ যস্মিন্ তস্মিন্) পুর্য্যাঃ বাহ্যোপবনে তু ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

অত্রচ বিষয়নিষ্ঠবুদ্ধিযোগেন জীবস্য দেহসম্বন্ধ ইতি বিবক্ষয়া বিষয়বর্গং বাহ্যোপবনত্বেন রূপয়তি। তদ্বিশেষান্ স্রক্‌চন্দনাদীন্ দ্রুমলতাদিভাবেন শেষঃ কথালঙ্কারঃ। বাহ্যোপবনে প্রমদোত্তমাং দদর্শেতি চতুর্থেনান্বয়ঃ। নদতাং বিহঙ্গানিকুলানাং কোলাহলো যেষু তে জলাশয়া যস্মিন্ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্র বিষয়নিষ্ঠবুদ্ধিযোগেন জীবস্য দেহসম্বন্ধ ইতি বিবক্ষয়া বাহ্যোপবনভূতং বিষয়-বর্গং বিশিষ্য বর্ণয়তি পুর্য্যা ইতি ত্রিভিঃ বাহ্যোপবনে প্রমদোত্তমাং অবিদ্যাবৃত্তিং যদৃচ্ছয়ৈব পুরঞ্জনো রাজা দদর্শেতি তয়োঃ প্রাথমিকসম্বন্ধস্য নির্হেতুকত্বমুক্তং তেন কথাপক্ষে হে রাজন্ যুষ্মদ্বিধৈরুপবনে প্রমদোত্তমা কদাপি নানেতব্যা কথঞ্চিৎ স্বত এব প্রাপ্তা দৃষ্টা স্পৃষ্টা বা স্যাচ্চেদাত্মধিকারঃ কর্ত্তব্যঃ। অধ্যাত্মপক্ষে শব্দস্পর্শাদিভোগ্যবস্তুষু বুদ্ধি ন দেয়া। দৈবাদ্‌গতা চেদনুতপনীয়মিতি বিধিব্যঞ্জিতঃ। কীদৃশে নদদিতি দিব্যদ্রুমেতি রূপবৈচিত্র্যং নদবিহঙ্গেতি শব্দবৈচিত্র্যং ॥ ১৬ ॥

মনোহর লতা ও পাদপসমূহে সঙ্কীর্ণ একটী উপবন ঐ পুরীর বাহিরে বিরাজিত ছিল; তথায় স্বচ্ছসলিল সরোবর সমূহ অবলোকন করিলেন; স্থলচর এবং জলচর পক্ষিকুলের কাকলিতে এবং ভৃঙ্গকুলের মধুর ঝঙ্কারে ঐ উপবনটী নিয়ত নিনাদিত হইত ।। ১৬ ।।

আভাস।

রাজমার্গ অর্থে ইড়া, পিঙ্গলা এবং সুষুম্নাকেই লক্ষ্য করিতে হইবে। দ্যূতস্থান ইন্দ্রিয়গোলক; হট্ট (বাজার) অর্থে মনোগোলক। চৈত্যনামক বিশ্রামস্থানকে চিত্ত বলিতে হইবে। ভগবানে বৈমুখ্যই ধ্বজা এবং অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশকেই তাহার পতাকানামে অভিহিত করিতে হইবে। বিদ্রুমবেদি অর্থে আধারাদি চক্র মধ্যবর্ত্তি স্থান-সমূহই কল্পনীয় ॥ ১৫ ॥

পুর্য্যাঃ বলিয়া শ্লোকত্রয়ে প্রকাশ করা হইয়াছে যে, মায়াময় বিষয়ের অভিমুখে প্রবৃত্তা বুদ্ধির দোষে জীবের আমি ও আমার ইত্যাদি সাংসারিক ভেদবুদ্ধি জন্মে; সুতরাং তাদৃশ বুদ্ধির সম্বন্ধে মোহিত জীবের অন্তঃকরণে, প্রাণে, ইন্দ্রিয়বর্গে এবং দেহে আত্মার অধ্যাস বশত আত্মবিস্মৃতি ঘটে; সুতরাং সংসার অপরিহার্য্য। এই নিমিত্ত পুর্ববুদ্ধির বিষয়ভূত

হিমনির্ঝরবিপ্রুষ্মৎকুসুমাকরবায়ুনা।
চলৎপ্রবালবিটপনলিনীতটসম্পদি ॥ ১৭ ॥
নানারণ্যমৃগব্রাতৈরনাবাধে মুনিব্রতৈঃ।
আহুতং মন্যতে পান্থো যত্র কোকিলকূজিতৈঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

হিমনির্ঝরবিপ্রুষ্মৎকুসুমাকরবায়ুনা (হিমনির্ঝরাণাং বিপ্রুষঃ বিন্দবঃ তদ্বতা কুসুমাকর-সম্বন্ধিবায়ুনা) চলৎপ্রবালবিটপনলিনীতটসম্পদি (চলন্তঃ প্রবালাঃ বিটপাঃ শাখাঃ চ যেষাং তৈঃ নলিনীনাং সরসীনাং তটেষু সম্পৎ সমৃদ্ধিঃ যস্মিন্ তস্মিন্) ॥ ১৭ ॥

মুনিব্রাতৈঃ অহিংস্রৈঃ নানারণ্যমৃগব্রাতৈঃ অনাবাধে বাধারহিতে যত্র উপবনে, কোকিল-কূজিতৈঃ পান্থঃ পথিকঃ, আত্মানং আহুতং মন্যতে ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

হিমনির্ঝরাণাং বিপ্রুষো বিন্দবঃ তদ্বতা কুসুমাকরসম্বন্ধিনা বায়ুনা চলন্তঃ প্রবালাঃ বিটপাঃ শাখাশ্চ যেষাং তৈর্বৃক্ষৈঃ নলিনীনাং সরসীনাং তটেষু সম্পৎ সমৃদ্ধির্যস্মিন্ ॥ ১৭ ॥

অনাবাধে তৎকৃতবাধারহিতে। মুনিব্রতৈরহিংস্রৈঃ আত্মানমাহুতং মন্যতে যত্র ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হিমনির্ঝরাণাং বিপ্রুষো বিন্দব স্তদ্বতা কুসুমাকরবায়ুনা চলন্তঃ প্রবালাঃ বিটপাঃ শাখাশ্চ যেষাং তৈঃ বৃক্ষৈ নলিনীনাং সরসীনাং তটেষু সম্পৎ সমৃদ্ধির্যস্মিন্ অত্র হিমনির্ঝরেতি রসঃ কুসুমাকরেতি গন্ধঃ। বায়ুনেতি স্পর্শঃ চলৎপ্রবালেতি ব্যঞ্জিতস্য পক্ষিপুষ্পফলাদিসত্তা-বস্যাবশ্যকত্বাৎ শব্দাদিবিষয়পঞ্চকবৈচিত্র্যমেব জ্ঞেয়ং ॥ ১৭ ॥

অনাবাধে তৎকৃতবাধারহিতে মুনিব্রতৈঃ অহিংস্রৈঃ। পক্ষে পুরঞ্জনস্য পুণ্যবত্ত্বাৎ পাপা-ভাবাচ্চ ভোগাঃ নিষ্কণ্টকা এব কোকিলকূজিতৈঃ পান্থঃ আত্মানমাতিথ্যদানার্থং আহুতং মন্যতে। অধ্যাত্মপক্ষেঽপি তান্নিষ্কণ্টকান্ ভোগান্ স্বীয় কুটুম্ববন্ধুব্রাহ্মণাতিথ্যাদিভ্যঃ বিভজ্যৈব যত্র ভুঙ্ক্তে ইত্যর্থঃ। কূজিতৈঃ যশোভিঃ ॥ ১৮ ॥

সরোবরের তটস্থ তরু ও পল্লবরাজির শাখা এবং পত্রের অগ্রভাগ দিয়া হিমকণার বিন্দুসমূহ ধীরে ধীরে নিপতিত হইতেছিল; গন্ধবহ মৃদুমন্দ সঞ্চালনে শাখা প্রশাখাদিকে ঈষৎ সঞ্চালন করত ইতস্ততঃ কুসুমগন্ধ বিকীরণ করিতেছিল; অহো! এতাদৃশ সৌন্দর্য্য দর্শনে দর্শকমাত্রেরই চিত্ত যে তৎপ্রতি আকৃষ্ট হয়, তাহাতে আর সন্দেহ নাই ॥ ১৭ ॥

আরণ্য পশুকুল হিংসাবৃত্তি পরিত্যাগ পূর্ব্বক তথায় অবস্থান করায়

আভাস।

ভোগ্য পদার্থসমূহকে বাহ্যোপবনরূপে এস্থলে ব্যাখ্যা করা হইয়াছে। তথায় শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ ও স্রক্চন্দন বনিতাদিকে তরু, লতা ও জলাশয়রূপে বর্ণন করিয়াছেন; রস,

যদৃচ্ছয়াগতাং তত্র দদর্শ প্রমদোত্তমাং।
ভৃত্যৈ র্দশভিরায়ান্তীমেকৈকশতনায়কৈঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

একৈকশতনায়কৈঃ (প্রত্যেকং শতানাং অনন্তানাং নায়কৈঃ স্বামিভিঃ) দশভিঃ ভৃত্যৈঃ সহ যদৃচ্ছয়া আয়ান্তীং তত্র উপবনে আগতাং প্রমদোত্তমাং দদর্শ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

তত্র প্রমদোত্তমাং বিষয়বিবেকবতীং বুদ্ধিং দদর্শ। যদৃচ্ছয়াগতামিতি তয়োঃ সম্বন্ধস্য ত্বনির্ব্বিরূপত্বং দর্শয়তি তামনুবর্ণয়তি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। দশভির্জ্ঞানকর্ম্মেন্দ্রিয়ৈঃ। একৈকং প্রত্যেকং শতং অনন্তা বৃত্তয়ঃ তাসাং নায়কৈঃ পতিভিঃ সহ। একৈকশতনায়িকৈরিতিপাঠে নায়িকাঃ স্ত্রিয়ো যেষাং তৈঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কীদৃশৈঃ দশভির্জ্ঞানকর্ম্মেন্দ্রিয়ৈঃ। একৈকং প্রত্যেকং শতং অনন্তা বৃত্তয়স্তাসাং নায়কৈঃ। নায়িকৈরিতি পাঠে নায়িকাঃ স্ত্রিয়ো যেষাং তৈঃ ॥ ১৯ ॥

তন্মধ্যে অন্যের প্রবেশের কোনরূপ প্রতিবন্ধকই ছিল না; কোকিলের কূজন-ধ্বনিতে যেন নিকটবর্ত্তী পথিককে তন্মধ্যে প্রবেশার্থই আহ্বান করিতেছে ॥১৮

পুরঞ্জন উপবনের মধ্যে প্রবেশ পূর্ব্বক একটী অপূর্ব্ব সুন্দরী নারীকে তৎসমীপে যদৃচ্ছাক্রমে আগমন করিতে অবলোকন করিলেন। ঐ কামিনীর সঙ্গে দশ জন ভৃত্য সহচররূপে আগমন করিতেছিল এবং ঐ প্রত্যেক ভৃত্যও শত শত বনিতায় পরিবেষ্টিত ॥ ১৯ ॥

আভাস।

ভোক্তা ও শব্দকারী অলিকুল এবং বিহঙ্গমগণকে পুত্রমিত্রাদির স্থলে গ্রহণ করত জীবের প্রতি আনুগত্য ও আধিপত্যের পরিচয়ে বিহারের কথা বর্ণিত হইয়াছে। প্রমদোত্তমা শব্দে মুলা অবিদ্যাকেই পুরঞ্জন দর্শন করিয়াছেন। দশ ইন্দ্রিয়ই তাঁহার ভৃত্যস্থানীয় এবং সেই সকল ইন্দ্রিয়ের মধ্যে প্রত্যেক ইন্দ্রিয়ের অনন্তবৃত্তিই এখানে ভৃত্যবনিতা বুঝিতে হইবে। এস্থলে পুরঞ্জন রাজাকে উপলক্ষ করিয়া, মহারাজ বর্হিষদকে প্রতিবোধিত করা হইয়াছে যে, অবিদ্যার বশবর্ত্তী হওয়া কোনমতে সঙ্গত নহে। যদি অবিদ্যা স্বয়ং উপনীত হন, আত্ম-ধিক্কারের দ্বারা তাঁহার প্রতিবন্ধক করা বিধেয়। ভোগ্য বিষয়ে চিত্তের অভিনিবেশ যাহাতে না হয়, তদ্বিষয়ে বিলক্ষণ যত্ন করা কর্ত্তব্য। দৈবযোগে যদি চিত্ত কখন বিষয়রসে ভ্রমণ করে, তাহা হইলে, যে প্রণালীতে পদার্থের যোজনা ঘটে, তাহারই বর্ণনচ্ছলে হিমনির্ঝরাদির উল্লেখ করিয়াছেন। অর্থাৎ হিমবিন্দুই মধুর রস; কুসুমাকর গন্ধসম্পত্তি; সমীরণের সঞ্চালনে স্পর্শানুভূতি; নলিনীতটের সৌন্দর্য্যে রূপমাধুরী এবং কোকিলকূজনে দিব্য শব্দের উপস্থিতি বর্ণ ন করা হইয়াছে। মুনিব্রত বলায়, অশ্ব গবাদি প্রভুভক্ত অনুকূলাচারী পশুর ন্যায় স্বামীর

পঞ্চশীর্ষাহিনা গুপ্তাং প্রতীহারেণ সর্ব্বতঃ।
অন্বেষমাণামৃষভমপ্রৌঢ়াং কামরূপিণীং ॥ ২০ ॥
সুনাসাং সুদতীং বালাং সুকপোলাং বরাননাং।
সমবিন্যস্তকর্ণাভ্যাং বিভ্রতীং কুণ্ডলশ্রিয়ং ॥ ২১ ॥

অন্বয়ঃ।

পঞ্চশীর্ষাহিনা (পঞ্চ শীর্ষাণি যস্য তাদৃশেন অহিনা) প্রতিহারেণ সর্ব্বতঃ গুপ্তাং রক্ষিতাং, ঋষভং পতিং, অন্বেষমাণাং কামরূপিণীং নানাশৃঙ্গারধারিণীং অপ্রৌঢ়াং যুবতীং ॥ ২০ ॥

সুনাসাং সুদতীং সুকপোলাং বরাননাং সমবিন্যস্তকর্ণাভ্যাং (সমং বিন্যস্তৌ রচিতৌ কর্ণৌ তাভ্যাং) কুণ্ডলশ্রিয়ং বিভ্রতীং বালাং ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

পঞ্চশীর্ষাণি বৃত্তয়ো যস্য তেন অহিনা প্রাণেন প্রতীহারেণ দ্বারপালকেন গুপ্তাং ঋষভং ভর্ত্তারং ॥ ২০ ॥

গন্ধজ্ঞানাদিভির্বুদ্ধ্যবয়বৈঃ সুনাসত্বাদি নিরূপ্যতে। সমং বিন্যস্তৌ রচিতৌ কর্ণৌ তাভ্যাং কুণ্ডলশোভাং দধতীং ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পঞ্চশীর্ষা অহিঃ পঞ্চবৃত্তিঃ প্রাণঃ তেন প্রতীহারেণ দ্বারপালেন গুপ্তাং রক্ষিতাং ॥

ঋষভং স্বস্যোপভোক্তারং পতিং জীবং অপ্রৌঢ়ামিত্যপ্রৌঢৈব কান্তা যথা পতিং মোহয়তি তথৈবাবিদ্যাবৃত্তিবুদ্ধির্জীবমিত্যর্থঃ। কামরূপিণীং নিত্যবিবিধশৃঙ্গারধারিণীং। পক্ষে বিবিধ বাসনাবতীং গন্ধজ্ঞানাদিভি র্বুদ্ধের্বৃত্তিভিরেবাবয়বৈঃ সুনাসত্বাদিরূপ্যতে ॥ ২০ ॥

রসাস্বাদচর্ব্বণাশক্তয়ো দন্তাঃ শুকপোলত্বং বুদ্ধেঃ স্বচ্ছতা আননং বুদ্ধেরগ্রভাগঃ সমং যথাস্যাত্তথা ধাত্রৈব কৌশলেন বিন্যস্তাবিব যৌ কর্ণৌ তাভ্যাং কুণ্ডলশোভাং বিভ্রতীং প্রবৃত্তি-নিবৃত্তিশাস্ত্রার্থমবধারয়ন্তীং ॥ ২১ ॥

পঞ্চশিরা এক সর্প দ্বারপালরূপে ঐ কামিনীকে সর্ব্বতোভাবে রক্ষা করিতে-ছিল। ঐ নবযৌবনসম্পন্না কামচারিণী কামিনী স্বামীলাভের প্রত্যাশায় সেই উপবনে বিচরণ করিতেছিল ॥ ২০ ॥

সেই নবীনার সুন্দর নাসিকা, শোভন দন্তপংক্তি, মনোহর গণ্ডস্থল, সমবিন্যস্ত শ্রবণযুগলে দোদুল্যমান কুণ্ডলদ্বয়ের শোভায় বদনমণ্ডলে কি অনুপম সৌন্দর্য্যেরই পরিচয় হইয়াছিল ! ॥ ২১ ॥

আভাস।

চিত্তানুকারী ভৃত্যবর্গের পরিচয় হইয়াছে। কোকিলকূজনের দ্বারা আত্মীয়বর্গ মধুর বচনে মানবকে বৈরাগ্য বা ঈশ্বরারাধন হইতে প্রতিনিবৃত্ত করিয়া, ভোগের অভিমুখেই আকর্ষণ করিতেছে ॥ ১৬—১৯ ॥

পঞ্চশীর্ষ অহি অর্থে পঞ্চ বৃত্তিবিশিষ্ট প্রাণকেই অবধারণ করিতে হইবে। অবিদ্যা

পিশঙ্গনীবীং সুশ্রোণীং শ্যামাং কনকমেখলাং।
পদ্ভ্যাং ক্বণদ্ভ্যাং চলতীং নূপুরৈর্দেবতামিব ॥ ২২ ॥

অন্বয়ঃ।

পিশঙ্গনীবীং পীতাম্বরাং, সুশ্রোণীং শোভননিতম্ববতীং, শ্যামাং কিশোরাবস্থাপন্নাং, কনকমেখলাং (কনকস্য মেখলা কটিভূষণং যস্যাঃ তাং) নূপুরৈঃ ক্বণদ্ভ্যাং পদ্ভ্যাং চলতীং দেবতাং ইব শোভমানাং ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

অন্নময়ং হি সৌম্য মন ইতি যৎ কৃষ্ণং তদন্নস্য ইত্যাদি শ্রুত্যনুসারেণ শ্যামামিত্যুক্তং। নূপুরৈঃ ক্বণদ্ভ্যাং নূপুরেণ পদাঙ্গুলীয়কানামপ্যুপলক্ষণাদ্বহুবচনং ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পিশঙ্গনীবীং পীতাম্বরাং রজোগুণময়সমস্তকর্ম্মাবৃতাং শ্যামামিতি বুদ্ধেঃ শ্যামত্বাৎ তচ্চ তস্যা জীবান্ প্রতি সূর্য্যস্থানীয়েশ্বরাবরকমেঘস্থানীয়ত্বাং ক্বণদ্ভ্যামিতি চলন্তী-মিত্যাভ্যাং বুদ্ধেরস্থৈর্য্যমেব শাস্ত্রেষু শব্দিতমিতি দ্যোতিতং নূপুরৈরিতি বহুবচনেন পাদাঙ্গু-লীয়াদীন্যপ্যুপলক্ষিতানি ॥ ২২ ॥

নিবিড় নিতম্বোপরি পীতাম্বর বসন ও সুবর্ণময় মেখলা কটিদেশে ধারণ করত সেই কিশোরবয়স্কা কামিনী গমনকালে চরণনূপুরের ক্বণধ্বনিতে সাক্ষাৎ দেবতার ন্যায় পরিদৃষ্ট হইয়াছিলেন ॥ ২২ ॥

আভাস।

জীবরূপ স্বামীকে অন্বেষণ করিয়া থাকেন এবং স্বীয় বৃত্তিরূপা বুদ্ধির বেশে বিচিত্র ভোগ জীবকে প্রদান করেন। কামরূপিণী বলায় পুরুষকে বিবিধ ভোগ প্রদান করিবার উপযোগিনী বুদ্ধিবৃত্তিকে নারীর নাসিকাদি বিভিন্ন অবয়বের কল্পনা করা হইয়াছে ॥ ২০ ॥

আনন অর্থে বুদ্ধির অগ্রভাগ; স্বচ্ছতাই তাহার সুন্দর গণ্ডস্থল; কুণ্ডলবিশিষ্ট কর্ণদ্বয়ের পরিচয়ে শাস্ত্রার্থ অবধারণ করিবার প্রবৃত্তি ও নিবৃত্তিকেই লক্ষ্য করা হইয়াছে ॥ ২১ ॥

নারী পীত বসন পরিধান করিয়াছিলেন বলায়, রজোগুণময় কর্ম্মবসনে বুদ্ধি আবৃত। সূর্য্যস্থানীয় পুরুষের পক্ষে প্রকৃতি শ্যামবর্ণ আত্মাবরক মেঘের কার্য্য করিতেছেন। নূপুর-ধ্বনি বিশিষ্ট পাদবিক্ষেপে প্রতিপদে সুখপ্রদ প্রার্থনায় বুদ্ধির চাঞ্চল্যেরই পরিচয় দেওয়া হইয়াছে ॥ ২২ ॥

কামিনীর কুচযুগলেই বুদ্ধির রাগ ও দ্বেষের পরিচয়। বৃদ্ধও কুচ দর্শনে কামাতুর হইয়া থাকে। পয়োধরের বর্ত্তুলাকারে ও তুল্যরূপে প্রতীতিই পুরুষমাত্রের মোহনের পরিচয়। ঐ দুইটীর পীন উন্নত এবং পরস্পরের মধ্যে অবকাশশূন্য একত্রাবস্থানভাবের দ্বারা অবিনা-ভাবেরই পরিচয় হইয়াছে। গীতাতে উক্ত হইয়াছে, "কাম এষ ক্রোধ এষ রজোগুণ-সমুদ্ভব ইতি"। কাম এবং ক্রোধ এতদুভয়ের নামান্তর এবং রূপান্তর আছে মাত্র; বৃত্তিতে

স্তনৌ ব্যঞ্জিতকৈশোরৌ সমবৃত্তৌ নিরন্তরৌ।
বস্ত্রান্তেন নিগূহন্তীং ব্রীড়য়া গজগামিনীং ॥ ২৩ ॥
তামাহ ললিতং বীরঃ সব্রীড়স্মিতশোভিনা।

অন্বয়ঃ।

ব্যঞ্জিতকৈশোরৌ (ব্যঞ্জিতং কৈশোরং যৌবনোপক্রমো যাভ্যাং তৌ) সমবৃত্তৌ (সমৌ তুল্যৌ বৃত্তৌ বর্ত্তুলৌ) নিরন্তরৌ মধ্যব্যবধানরহিতৌ, স্তনৌ ব্রীড়য়া লজ্জয়া বস্ত্রান্তেন নিগূহন্তীং আচ্ছাদয়ন্তীং গজগামিনীং (গজবৎ মন্থরগমনং যস্যাঃ তাং) ॥ ২৩ ॥

প্রেমোদ্‌ভ্রমদ্‌ভ্রুবা (প্রেম্না উচ্চৈঃ ভ্রমন্তী ভ্রূঃ ধনুঃস্থানীয়া যস্মিন্ তেন) অপাঙ্গপুঙ্খেন (অপাঙ্গঃ এব পুঙ্খঃ মূলপ্রান্তঃ যস্য কটাক্ষলক্ষনস্য বাণস্য তেন) স্নিগ্ধেন স্নেহযুক্তেন স্পৃষ্টঃ

শ্রীধরস্বামী।

ব্যঞ্জিতং কৈশোরং যৌবনোপক্রমো যাভ্যাং। সমৌচ বৃত্তৌচ ॥ ২৩ ॥

তামাহেতি তয়োঃ সম্বাদোক্তং সম্বন্ধদার্ঢ্যায় অপাঙ্গ এব পুংখো মূলপ্রান্তো যস্য কটাক্ষ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্তনৌ রাগদ্বেষৌ। যদুক্তং ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ। ন তয়োর্ব শমাগচ্ছেত্তৌ হ্যস্য পরিপন্থিনাবিতি। ব্যঞ্জিতকৈশোরাবিত্যত এব বৃদ্ধস্যাপি রাগদ্বেষৌ নিত্যতরুণাবেব লোকে দৃশ্যেতে সমৌচ বৃত্তৌ বর্ত্তুলৌচ পক্ষে সমং তুল্যমেব বৃত্তং পুংমাত্র-মোহনং চরিত্রং যয়োস্তৌ। নিরন্তরাবতিপীনত্বান্মূলদেশেঽবকাশশূন্যৌ। পক্ষে বস্তু-তস্তয়োরৈক্যেন নির্ভেদৌ। যদুক্তং কামএষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভব ইতি নিগূহন্তীমিতি রাগদ্বেষাবপি শিষ্টজনৈর্হ্রীবিনয়াভ্যাং নিহ্নূয়েতে এব ॥ ২৩ ॥

অবিদ্যা বৃত্ত্যা জীবঃ স্বমিচ্ছয়ৈব বধ্নাতি। নতু তমীশ্বর স্তয়া বলাৎকারেণ বধ্নাতীতি বক্তুং তয়োঃ সম্বন্ধস্য প্রকারমাহ তামাহেতি স্নিগ্ধেন স্নিগ্ধত্বাদলব্ধভঙ্গেন অপাঙ্গরূপেণ পুংখেন

যৌবনপদবীর প্রধান পরিচায়ক ব্যবধান-ব্যতীত বর্ত্তুলাকারে উদ্গত পীনোন্নত পয়োধরযুগলকে বস্ত্রাঞ্চলে আবরণ করত লজ্জাবনতমুখে এবং গজেন্দ্রগমনে আগমন করিতে লাগিলেন ।। ২৩ ।।

শরাসনতুল্য বঙ্কিম ভ্রূযুগলের নিশিত বাণতুল্য কামিনীর অপাঙ্গশরে বিদ্ধ-

আভাস।

ও উপাধিতে উভয়েই এক আধারে তুল্যরূপে বিদ্যমান থাকে। নিজের স্ত্রী বা পুত্রে যেমন তীব্র প্রেম বা কামবৃত্তির উদয় হয়, তাহার সঙ্গে সঙ্গে তীব্র দ্বেষবুদ্ধিরও উদয় হইয়া থাকে। তবে একটীর তীব্র মূর্ত্তিতে অপরটী অবলোকিত হয় না। নিজ পত্নীতে যেমন তীব্র অনু-রাগ, আবার পত্নীর অসচ্চরিত্র দর্শনে তেমনি তীব্র দ্বেষ উপস্থিত হয়; অন্য নারীর প্রতি সেরূপ দ্বেষ বা আনুরক্তির সম্ভব নহে। অতএব রাগের বিপরীত মূর্ত্তিই ক্রোধ। কুচদ্বয়ই এতদুভয়ের অনুরূপ মীত্র ॥ ২৩ ॥

স্নিগ্ধেনাপাঙ্গপুঙ্খেন স্পৃষ্টঃ প্রেমোদ্ভ্রমদ্ভ্রুবা ॥ ২৫ ॥
কা ত্বং কঞ্জপলাশাক্ষি কস্যাসীহ কুতঃ সতি।
ইমামুপপুরীং ভীরু কিঞ্চিকীর্ষসি শংস মে ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

বিদ্ধঃ বীরঃ পুরঞ্জনঃ সব্রীড়স্মিতশোভনাং (সব্রীড়েন স্মিতেন শোভনাং) তাং প্রমদাং ললিতং মনোহরং, যথাস্যাং তথা আহ ॥ ২৪ ॥

হে কঞ্জপলাশাক্ষি! হে সতি! হে ভীরু! ত্বং কা? কস্য (কন্যা পত্নী বা ত্বং) অসি; ইহ স্থানে, কুতঃ আগতাসি? ইমাং উপপুরীং (পুর্য্যাঃ সমীপস্থাং ভুবং, আলক্ষ্য কিং চিকীর্ষসি কর্ত্তুং ইচ্ছসি, তৎ মে মহ্যং, শংস কথয় ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

বাণস্য তেন স্পৃষ্টো বিদ্ধঃ। প্রেম্না উচ্চৈ র্ভ্রমন্তী ভ্রূর্ধনুঃস্থানীয়া যস্মিন্ তেন ॥ ২৪ ॥

কুতঃ স্থানাদিহাগতাসি হে সতি পুর্য্যাঃ সমীপস্থা উপপুরীভূঃ তামালম্ব্য কিং কর্ত্তুমিচ্ছসীত্যর্থঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৎ পর্য্যন্তেনাপি কটাক্ষশরেণ বিদ্ধ ইত্যর্থঃ। যতো বীরঃ বীরত্বাদেব তদপ্যক্রান্ত ইত্যর্থঃ। পক্ষে ভোগোৎসাহবত্ত্বাদ্বীরঃ। অয়মর্থঃ। অবিদ্যা খলু ভোগ্যপদার্থভূতং স্বং দর্শয়তি জীবস্তত্র সুরসবুদ্ধ্যা ভোক্তৃত্বমঙ্গীকুর্ব্বন্ অনুরজ্যতি। ঈশ্বরস্তু তত্র বিরসবুদ্ধ্যা ততো বিরজ্যতীতি ॥ ২৪ ॥

যদ্যপি বুদ্ধ্যাদিভিঃ সহৈব জীবস্য সর্ব্বদা স্থিতি স্তথাপি মনুষ্যশরীরসম্বন্ধিন স্তে বুদ্ধ্যাদয়ো বিলক্ষণা ভবন্তীত্যনুরাগেণচ তাং বুদ্ধিমপরিচিতমিব পৃচ্ছতি কা ত্বমিতি কুত স্থানাদিহাগতাসি হে সতি পুর্য্যাঃ সমীপস্থা উপপুরী ভূমি স্তামবলম্ব্য কিং কর্ত্তুমিচ্ছসি ॥ ২৫ ॥

হৃদয় বীরবর পুরঞ্জন কামে জর্জ্জরিত হইয়া, মধুরভাববিশিষ্ট লজ্জাবনতমুখী সেই ললনাশ্রেষ্ঠাকে প্রেম সম্ভাষণে বলিলেন—। ২৪ ॥

হে পদ্মপলাশলোচনে সাধ্বি! তোমার নাম কি? তুমি কাহার কন্যা এবং পতিরূপে কাহাকেই বা বরণ করিয়াছ? হে চারুশীলে! তুমি কোথা হইতেই বা এখানে আগমন করিয়াছ? এবং এই পুরীর সমীপবর্ত্তী উপবনে কি নিমিত্তই বা বিচরণ করিতেছ? এই সকল বিষয় আমার নিকট আনুপুর্ব্বিক বর্ণন কর। ॥ ২৫ ॥

আভাস।

তমো মোহ মহামোহ তামিস্র ও অন্ধতামিস্র নামে অবিদ্যার পঞ্চ বৃত্তি আছে। এই পঞ্চ বৃত্তির দ্বারা অবিদ্যা জীবরূপী পুরুষকে বন্ধন করে। অবিদ্যার এই পঞ্চ বৃত্তিই এখানে অপাঙ্গদৃষ্টি প্রভৃতির অনুরূপে উল্লেখ করা হইয়াছে। জীব বিবেকবিশিষ্ট চৈতন্যস্বরূপ

ক এতেঽনুপথা যে ত একাদশ মহাভটাঃ।
এতা বা ললনাঃ সুভ্রু কোঽয়ং তেঽহিঃ পুরঃসরঃ ॥ ২৬ ॥
ত্বং হ্রীর্ভবান্যস্যথ বাগ্রমাপতিং বিচিন্বতী কিং মুনিবদ্রহো বনে।

অন্বয়ঃ।

তব অনুপথাঃ অনুবর্ত্তিনঃ, যে এতে একাদশঃ মহাভটাঃ তে কে? হে সুভ্রু। এতাঃ ললনাঃ স্ত্রিয়ঃ বা কাঃ? তে তব পুরঃসরঃ অগ্রচরঃ, অয়ং অহিঃ বা কঃ? ॥ ২৬॥

মুনিবৎ বশীকৃতান্তঃকরণা ত্বং রহঃ একান্তে, বনে কিং হ্রীঃ অসি? যতঃ ধর্ম্মং পতিং অথবা ভবানী? যতঃ শিবং পতিং অথবা বাক্ সরস্বতী কিং ত্বং? যতঃ স্বপতিং ব্রহ্মাণং কিং বা

শ্রীধরস্বামী।

তব যে অনুপথা অনুবর্ত্তিনঃ এতে কে একাদশো মহাভটা বৃহদ্বলত্বেন বক্ষ্যমাণো যেষু দশসু তে। বুদ্ধের্মনসঃ পৃথগুপাদানং বুদ্ধিপরিচারকেন্দ্রিয়সহায়তয়া তৎপরিচারকত্ব-বিবক্ষয়া ॥ ২৬ ॥

ত্বং হ্রীঃ কিং পতিং ধর্ম্মং বিচিন্বতী অথবা ভবানী পতিং শিবং বিচিন্বতী কিম্বা বাক্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুপথা অনুবর্ত্তিনঃ একাদশো মহাভটা বেম্বিতি বৃহদ্বলত্বেন বক্ষ্যমাণং মন আলক্ষ্য ললনাশ্চেট্য ইতীন্দ্রিয়বৃত্তীরালক্ষ্য অহিঃ ক্রীড়োপকরণী ভূত ইতি প্রাণমালক্ষ্য প্রশ্নঃ ॥ ২৬ ॥

লোকে হ্যবিবেকাৎ স্বস্য বুদ্ধিরুৎকৃষ্টেতি সর্ব্বস্যাভিমতিরিতি পুরঞ্জনবাক্যেনাভি-ব্যঞ্জয়তি। ত্বং হ্রীরিতি তস্যা মুখনেত্রাদ্যাবরণবাঞ্ছিতাং হ্রিয়মালক্ষ্য ন ত্বং হ্রীমতী কিন্তু

তোমার অনুচররূপে বিদ্যমান এই একাদশ ভৃত্যই বা কে? হে সুভ্রু! এই যে নারীগণকে অবলোকন করিতেছি এবং তোমার অগ্রভাগে এই যে সর্পকে অবলোকন করিতেছি, ইহারা সকলে কে? এবং কেনই বা তোমার সহিত বিচরণ করিতেছে? ॥ ২৬ ॥

হে সাধ্বি! তুমি কি ধর্ম্মপত্নী হ্রী? না শিবসিমন্তিনী ভবানী অথবা ব্রহ্মার অঙ্কশোভিনী বাগ্‌দেবী বা কমলা মুনিবৃত্তি অবলম্বনে অন্তঃকরণ ও ইন্দ্রিয়গ্রামকে সংযত করত এই নির্জ্জন উপবনে স্বকীয় পতির অন্বেষণ করি-

আভাস।

হইলেও ভ্রমে অবিদ্যার কুহকে যে নিপতিত হয়, তাহাই পুরঞ্জনের প্রকৃতিতে প্রদর্শন করান হইয়াছে। ঈশ্বর কিন্তু বুদ্ধিতে আসক্ত না থাকায়, বদ্ধ হন না; জীব বুদ্ধির অতীত চৈতন্য স্বরূপ হইলেও, জপাসন্নিহিত স্ফটিকের ন্যায় রঞ্জিত হইয়া, অজ্ঞানীর ন্যায় প্রকৃতির সন্নিধানে বেশ ভূষার পরিচয় লইয়া থাকে। সুতরাং পুরঞ্জন সেই নারীর পরিচয় জিজ্ঞাসা করিয়াছিলেন ॥ ২৪ ॥ ২৫ ॥

ত্বদঙ্ঘ্রিকামাপ্তসমস্তকামং ক্ব পদ্মকোশঃ পতিতঃ করাগ্রাৎ ২৭ ॥
নাসাং বরোর্ব্বন্যতমা ভুবিস্পৃক্ পুরীমিমাং বীরবরেণ সাকং।

অন্বয়ঃ।

তদঙ্ঘ্রিকামাপ্তসমস্তকামং স্বপতিং বিষ্ণুং, বিচিন্বতী লক্ষ্মীরসি তথা চেৎ করাগ্রাৎ পদ্মকোশঃ লীলাকমলঃ, ক্ব পতিতঃ ॥ ২৭ ॥

হে বরোরু! যতঃ ত্বং ভুবিস্পৃক্ অতঃ আসাং হ্র্যাদীনাং মধ্যে ত্বং অন্যতমা অপি ন

শ্রীধরস্বামী।

সরস্বতী পতিং ব্রহ্মাণং, রমা লক্ষ্মীর্ব্বা পতিং বিষ্ণুং মুনিরিব সংযতা সতী কথংভূতং পতিং ত্বদঙ্ঘ্রিকামেনৈব প্রাপ্তাঃ সমস্তাঃ কামা যেন তং॥ ২৭ ॥

হে বরোরু আসাং মধ্যে ত্বমন্যতমাপি ন ভবসি। যতো ভুবিস্পৃক্ নহি দেবতা ভুবং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাক্ষাৎ স্বয়ং হ্রীরেব মাং মোহয়ন্তী সতী কিং পতিং ধর্ম্মং বিচিন্বতী অত্র বনে রহো বর্ত্তসে ইতি স্ববুদ্ধিবৃত্তিমাধুর্য্যৈঃ স্বমোহনপ্রপঞ্চঃ। অথবা ভবানীতি সৌন্দর্য্যমালক্ষ্যোক্তিঃ পতিং শিবং বিচিন্বতী কিং বাক্ সরস্বতীতি তস্যা মহাবুদ্ধিমত্তমালক্ষ্য পতিং ব্রহ্মাণং রমা লক্ষ্মীরিতি মহাসম্পত্তিমভিলক্ষ্য পতিং বিষ্ণুং মুনিরিব সংযতা সতী কথম্ভূতং পতিং ত্বদঙ্ঘ্রিকামনয়ৈব প্রাপ্তাঃ সমস্তা কামা যেন তং। লোকেঽপি স্ববুদ্ধিবলাধীনমেব সর্ব্বমৈশ্বর্য্যং সর্ব্বস্যেতি ব্রুবতে। ক্বেতি পদ্মকোশো লীলাকমলং সচ জীবস্য বিবেক এব তয়া তদলক্ষিতমেব স্বহস্তবশীকৃত্য দূরতঃ ক্ষিপ্ত ইতি জ্ঞেয়ং ॥ ২৭ ॥

ত্বদনুরূপোঽহমেবেতি বক্তুং স্বকৃতং সন্দেহং স্বয়মেব নিরস্যতি নাসামিতি। হে বরোরু

তেছ কি না? ইহার কিছুই আমি নিরূপণ করিতে পারিতেছি না। কিন্তু যাঁহার চরণ-প্রসাদে ব্রহ্মাদি দেবতাগণও পূর্ণমনোরথ হন, সেই কমলাই যদি তুমি হইবে, তবে তোমার হস্তস্থিত লীলাকমল কোথায় নিক্ষেপ করিয়া আসিয়াছ? ॥ ২৭ ॥

হে বরবর্ণিনি! তুমি যখন পৃথিবীস্পর্শে দণ্ডায়মান রহিয়াছ, তখন পূর্ব্বোক্ত দেবীগণের মধ্যে তুমি কেহ নহ! তুমি মানবী এবং মনুষ্যেরই ভোগ্য সম্পত্তি! অতএব কমলা যেমন বিষ্ণুর সহিত বৈকুণ্ঠধামে বিরাজ করেন, আমার

আভাস।

পুরঞ্জন বলিলেন, হে সুন্দরি! তোমার ভাব দর্শনে প্রতীতি হইতেছে যে, লজ্জা যে কেবল তোমার অঙ্গে আশ্রয় লইয়াছেন, তাহা নহে; তুমিই সাক্ষাৎ লজ্জারই স্বরূপ; আমাকে বিমোহিত করিবার জন্য এই নবীন মূর্ত্তি ধারণ করিয়াছ। কিন্তু আমার বোধ হয়, তুমি স্বীয় পতি ধর্ম্মকে অন্বেষণার্থ ই পর্য্যটন করিতেছ! অথচ আমরা তোমার রূপ দেখিয়া বিমোহিত

অর্হস্যলঙ্কর্ত্তুমদভ্রকর্ম্মণা লোকং পরং শ্রীরিব যজ্ঞপুংসা ॥ ২৮ ॥
যদেষ তেঽপাঙ্গবিখণ্ডিতেন্দ্রিয়ং সব্রীড়ভাবস্মিতবিভ্রমদ্ভ্রুবা।

অন্বয়ঃ।

ভবসি (অপি তু মনুষ্যভোগযোগ্যা) অতঃ যজ্ঞপুংসা বিষ্ণুনা, সহ পরং লোকং, বৈকুণ্ঠং, ইব অদভ্রকর্ম্মণা ভোগসাধনদক্ষেণ, বীরবরেণ ময়া, সাকং সহ ইমাং পুরীং, অলঙ্কর্ত্তুং ত্বং অর্হসি ॥২৮

যৎ যস্মাৎ, তে তব অপাঙ্গবিখণ্ডিতেন্দ্রিয়ং (অপাঙ্গেন কটাক্ষেণ বিখণ্ডিতং মোহিতং

শ্রীধরস্বামী।

স্পৃশন্তি বীরবরেণ ময়া পরং বৈকুণ্ঠং ॥ ২৮ ॥

যদ্যস্মাৎ তবাপাঙ্গেন বিখণ্ডিতমিন্দ্রিয়ং মনো যস্য তৎ মাং মনোভবো বাধতে। অথ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যতস্ত্বং ভুবিস্পৃক্; নহি দেবতা ভুবং স্পৃশন্তি বীরবরেণ ময়া পরং বৈকুণ্ঠং পক্ষে কিঞ্চিদ্বিবেক-প্রাপ্ত্যা স্ববুদ্ধিং ন সর্ব্বোৎকৃষ্টাং মন্যতে লোকঃ কিন্তু স্বাম্বরূপামেবেতি ভাবঃ ॥ ২৮ ॥

যদ্যস্মাত্তবাপাঙ্গেন বিখণ্ডিতমিন্দ্রিয়ং চক্ষুর্যস্য তং মাং মনোভবো মদন স্ত্বয়া উপসৃষ্টঃ প্রেরিতঃ সন্ বাধতে। পক্ষে বিখণ্ডিতজ্ঞানচক্ষুষং। মনোভবো বৈষয়িকী বাসনা। উপসৃষ্ট

ইচ্ছা, তুমিও সেইরূপ আমার ন্যায় ভোগসাধনে দক্ষ বীর পুরুষের সহিত এই পুরোবর্ত্তী পুরীকে সুশোভিত কর! ॥ ২৮ ॥

দেখ! তোমার কটাক্ষবাণে আমার ইন্দ্রিয়গ্রাম অবশপ্রায় হইয়াছে; মধুর প্রেমব্যঞ্জক হাস্য ও ভ্রূযুগলের কৌটিল্য প্রকাশে মনোভব কাম আমাকে

আভাস।

হইতেছি। কিন্তু তোমার রূপ দর্শনে শিবপত্নী উমা বলিয়াও আমার ভ্রম জন্মিয়াছে। এদিকে তোমার বুদ্ধি ও নৈপুণ্যের প্রতি দৃষ্টি করিলে, আমার বোধ হয় যেন, স্বয়ং সরস্বতী ঐ বিগ্রহ ধারণে স্বীয় পতি ব্রহ্মার অনুসন্ধানে এই দিকে পর্য্যটন করিতেছেন। সমগ্র জগতের ঐশ্বর্য্যের বিষয় স্মরণ হইলে, তোমার এই মনোমোহিনী মূর্ত্তিতেই তাহার যুগপৎ সমাবেশ বিলক্ষণ প্রতীত হইতেছে। অতএব তুমি বাণী বা ভবানী নহ! তুমি নারায়ণের লক্ষ্মী! কিন্তু এরূপ বেশে তোমার পতির অন্বেষণ করা উচিত হয় নাই। কারণ তুমি যাঁহাদের অঙ্কলক্ষ্মী, তাঁহারা তোমাকে পাইয়াই এইরূপ ঐশ্বর্য্যের অভিমানী হইয়াছেন; তাঁহাদের পক্ষেই তোমার অনুসন্ধান করা বিধেয়; তোমার অনুসন্ধান করা নিষ্প্রয়োজন ॥ ২৭ ॥

কিন্তু যত প্রকার সন্দেহ আমি করিলাম, সে সকল গুলিই ভ্রমাত্মক; কারণ তুমি যখন ভূমিস্পর্শে দণ্ডায়মান রহিয়াছ, তখন কখনই দেবতা নহ! তখন আমাদের ন্যায় জীবের ভোগ্যা কেন হইবে না? তোমার সংসর্গে যদি আমাদের পরস্পরের স্বর্গসুখের অনুরূপ ভোগ উৎপন্ন হয়, তখন তোমার সে বিষয়ে যত্ন করা সর্ব্বতোভাবে বিধেয় ॥ ২৮ ॥

পুরঞ্জন বলিলেন, হে সুভ্রু! তোমার সৌন্দর্য্যে আমার ইন্দ্রিয়গ্রাম বিশেষত লোচনদ্বয়, সম্পূর্ণ বিমুগ্ধ হইয়া গিয়াছে; অন্যত্র পরিচালিত হইবার আর শক্তি নাই। এরূপ অবস্থায়,

ত্বয়োপসৃষ্টো ভগবান্ মনোভবঃ প্রবাধতেঽথানুগৃহাণ শোভনে ॥ ২৯ ॥
ত্বমাননং সুভ্রু সুতারলোচনং ব্যালম্বিনীলালকবৃন্দসংবৃতং।

অন্বয়ঃ।

ইন্দ্রিয়ং মনো যস্য তং মাং) সব্রীড়ভাবস্মিতবিভ্রমদ্‌ভ্রুবা (সব্রীড়ং যদ্ভাবেন প্রেম্না স্মিতং তেন বিভ্রমন্তী যা ভ্রূঃ তয়া) ত্বয়া উপসৃষ্টঃ প্রেরিতঃ এষঃ ভগবান্ সমর্থঃ, মনোভবঃ কামঃ, প্রবাধতে প্রপীড়য়তি। অথ তস্মাৎ হে শোভনে! ত্বং অনুগৃহাণ ॥ ২৯ ॥

হে শুচিস্মিতে (শুচি শান্তিকরং স্মিতং যস্যাঃ তৎসম্বোধনে) ব্রীড়য়া লজ্জয়া, যৎ অভি-মুখং মম সম্মুখং ন ভবতি তৎ সুভ্রু (শোভনে ভ্রুবৌ যস্মিন্ তৎ) সুতারলোচনং (সুতারে শোভনকনীনিকে লোচনে যস্মিন্ তৎ) ব্যালম্বিনীলালকবৃন্দসংবৃতং (ব্যালম্বিনো দীর্ঘা যে

শ্রীধরস্বামী।

তস্মাদনুগৃহাণ সব্রীড়ং যদ্ভাবেন প্রেম্না স্মিতং তেন বিভ্রমন্তী যা ভ্রূস্তয়া উপসৃষ্টঃ প্রেরিতঃ ॥ ২৯ ॥

যদ্‌ব্রীড়য়া সংমুখং ন ভবতি তদাননমুন্নীয় মে দর্শয়। শোভনে ভ্রুবৌ যস্মিন্, সুতারে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বয়ৈবাধিক্যেন নির্ম্মিতো মাং বাধতে অতোঽনুগৃহাণ ত্বদীয়ান্ শব্দস্পর্শাদীনুপভোক্তুং লভেয়েত্যর্থঃ। বস্তুতস্ত্বনুগৃহাণ স্বভগিনীং বিদ্যাং সন্দর্শয়েতি দৈবঘটিতোঽর্থঃ ॥২৯॥

স্মৃতিভ্রষ্টস্য কামিনো জীবস্য বৈয়গ্র্যং দর্শয়তি ত্বমিতি বস্তু মনোহরং যথাস্যাত্তথা বক্তীতি তৎ। যদাননং তবেদং ন মমাভিমুখমিতি ভগবত্যবিদ্যে দেবি মদীয় চিন্ময়জ্ঞানানন্দভোগা-দহং ত্বয়া বঞ্চিত এব কিন্তু স্বীয়াং রূপাদিবিষয়সম্পত্তিং সংপ্রতি মদ্ভোগাত্বেনাপকল্পয় অল-

সাতিশয় ব্যথিত করিতেছে। হে সুলোচনে! অনুগ্রহ পূর্ব্বক আমার প্রতি একটু কৃপাদৃষ্টি কর!॥ ২৯ ॥

তোমার মধুর হাস্যবিলাসে আমাদের ন্যায় কামসন্তপ্ত জনের হৃদয় প্রকৃতই শান্তিলাভ করিতেছে! শরাসন সদৃশ তোমার ভ্রূযুগল, সুনীল তারকাবিশিষ্ট লোচনদ্বয় এবং অর্দ্ধস্ফুট সুমধুর বাণী ও অলকাজাল-বেষ্টিত

আভাস।

কামদেবকে আমার প্রতি অত্যাচার করিবার জন্য আর প্রেরণ করা তোমার কর্ত্তব্য নহে। এতদর্থে জীবকে উপদেশ দেওয়া হইয়াছে যে, অবিদ্যা যখন মোহন বেশে তোমার নিকট উপস্থিত হইবেন, তখন কাতরভাবে প্রার্থনা করত তাঁহাকে বলিবে যে, বিষয় বাসনায় চিত্তত একত ব্যাকুল, তাহার উপর ভ্রম ও প্রমাদের দ্বারা আমাকে আর অবসন্ন করিবেন না! ভোগ্যের স্বরূপ আমাকে প্রদর্শন করান্! এবং ভবদীয়া ভগ্নী বিদ্যাকে আমার নিকট আনয়ন করুন্ ॥ ২৯ ॥

এই শ্লোকে ভ্রান্ত জীবের দুর্গতি বর্ণিত হইয়াছে, হে দেবি! আমার অভিমুখে তোমার মুখ

উন্নীয় মে দর্শয় বল্গুবাচকং যদ্ব্রীড়য়া নাভিমুখং শুচিস্মিতে ॥ ৩০ ॥
ইত্থং পুরঞ্জনং নারী যাচমানমধীরবৎ।
অভ্যনন্দত তং বীরং হসন্তী বীরমোহিতা ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

নীলালকাঃ তেষাং বৃন্দেন সংবৃতং) বল্গুবাচকং (বল্গূনি বাচকানি বাক্যানি যস্মিন্ তৎ) তব আননং উন্নীয় মে মহ্যং, দর্শয় ॥ ৩০ ॥

ইত্থং অধীরবৎ যাচমানং প্রার্থয়মানং পুরঞ্জনং সা নারী বীরমোহিতা এব হসন্তী তং বীরং অভ্যনন্দত ভর্ত্তৃত্বেন অঙ্গীচকার ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

শোভনে কণীনিকে লোচনে যস্মিন্। ব্যালম্বিনো দীর্ঘা যে নীলা অলকা স্তেষাং বৃন্দেন সম্বৃতং বল্গূনি বাচকানি বাক্যানি যস্মিন্ ॥ ৩০ ॥

হে বীর! সাপি তং দৃষ্ট্বা মোহিতা সতী তমাহ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মেতাবতা বাক্যেন তত্রাননমিত্যাদিনা রূপরসগন্ধস্পর্শানাং বাচকমিতি শব্দস্যচ ভোগ-প্রার্থনাভি র্ব্যঞ্জিতা ॥ ৩০ ॥

অধীরবৎ বস্তুতস্তু চিদ্রূপত্বাত্তীরমেব হে বীরেতি ত্বৈব কথেয়ং কথ্যত ইতি ধ্বনিঃ। মোহিতেতি যথা বিষয়মাধুর্য্যে ত্বয়া জীবোঽনুরঞ্জিত স্তথা চিন্মাধুর্য্যে জীবেনাপি সানুরঞ্জিতে-ত্যর্থঃ ॥ ৩১ ॥

বদনকমলকে আর লজ্জায় অবনত রাখিও না! মুখকমল উত্তোলন পূর্ব্বক আমাকে প্রদর্শন করাও! ॥ ৩০ ॥

বীরবর পুরঞ্জন কামজর্জ্জরিত হইয়া কাতরভাবে প্রার্থনা করিলে, সেই কামিনীও তাঁহার অঙ্গসৌষ্ঠবাদি ভোগযোগ্যতায় বিশেষ সন্তুষ্ট হইলেন এবং কামপ্রেরিতার ন্যায় হাস্য প্রকাশে পুরঞ্জনকে স্বামীরূপে স্বীকার করি-লেন ॥ ৩১ ॥

আভাস।

ফিরাও। বলায় প্রকাশ করা হইয়াছে যে, হে দেবি! তোমার প্রসাদে আমি স্বকীয় চিন্ময় জ্ঞানানন্দস্বরূপে বঞ্চিত হইয়াছি! সম্প্রতি তোমার রূপাদি বিষয় সম্পত্তি প্রদানে আমার কথঞ্চিৎ ভোগ সম্পাদনের ব্যবস্থা কর! এখানে আনন অর্থে শব্দ স্পর্শাদি ভোগ্য বিষয়কেই লক্ষ্য করা হইয়াছে ॥ ৩০ ॥

পুরুষ চৈতন্যস্বরূপ দ্রষ্টা, প্রকৃতি অচেতনা ও দৃশ্য। পুরুষের অনুগ্রহে জড়া প্রকৃতিও অজড় ও দ্রষ্টার ন্যায় পরিণত হন এবং পুরুষ প্রকৃতির সংসর্গে ভোক্তা বলিয়া আপনাকে জ্ঞান করেন। অতএব বিষয়মাধুর্য্যে পুরুষ যেমন অনুরঞ্জিত হন, সেইরূপ চৈতন্যমাধুর্য্যে প্রকৃতিও অনুরঞ্জিতা হইয়া থাকেন ॥ ৩১ ॥

ন বিদাম বয়ং সম্যক্ কর্ত্তারং পুরুষর্ষভ ।
আত্মনশ্চ পরস্যাপি গোত্রং নামচ যৎকৃতং ॥ ৩২ ॥

অন্বয়ঃ ।

হে পুরুষর্ষভ ! যৎকৃতং যেন কৃতং উভয়োঃ নাম গোত্রং চ ভবতি তং আত্মনঃ মম, পরস্য তব, অপি কর্ত্তারং বয়ং সম্যক্ ন বিদাম ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী ।

যৎপৃষ্টং কস্যাসীত্যনেন কস্য পুত্রী গোত্রজা চেতি কাত্বমিতিচ কিং নামাসীতি তত্রাহ । আত্মনো মম পরস্য তবাপি কর্ত্তারং ন সম্যগ্বিদ্মঃ গোত্রং নামচ যৎকৃতং ভবতি তঞ্চ ন বিদ্মঃ ॥৩২

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

যৎ পৃষ্টং কস্যাসি কাসীতি তত্রাহ নবিদামেতি কথাপক্ষে কস্যচিন্মুনেমে হনার্থমায়াতায়াঃ কস্যাশ্চিদপ্সরস ইয়ং কন্যেতি রাজা জানীতেস্ম । অধ্যাত্মপক্ষে যা জীবজ্ঞানমাবৃণীতে সা কথমীশ্বরমহং জানামীতি ব্যাহর্ত্তুমর্হতু গোত্রমিতি কিং গোত্রজাহং নামেতি কিং নাম্নী চাহমিতি ন বিদাম ॥ ৩২ ॥

নারী তখন পুরঞ্জনকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে পুরুষশ্রেষ্ঠ ! আপনি আমার নাম ধামাদির বিষয় জিজ্ঞাসা করিয়াছেন বটে, কিন্তু আমাকে বা আপনাকে যিনি উৎপাদন করিয়াছেন, সেই জনকের বিষয়ত আমরা কেহই অবগত নহি ; সুতরাং উভয়ের নাম বা গোত্রের বিষয় বর্ণনা করা কিরূপে সম্ভব হইতে পারে ? ॥ ৩২ ॥

আভাস ।

পুরঞ্জন নারীর নাম ও গোত্রাদি জিজ্ঞাসা করিয়াছিলেন ; কিন্তু সেই ললনা এতদুত্তরে বলিলেন যে, জীবের জ্ঞানকেও যিনি আবরণ করেন, সেই তমোরূপা বুদ্ধি ঈশ্বরসম্বন্ধীয় সংবাদ কি প্রকারে প্রদান করিবেন । যে পরম পুরুষ পরমাত্মা হইতে প্রকৃতি ও পুরুষের উৎপত্তি হইয়াছে, প্রকৃতি বা পুরুষ, তাঁহাকে অবধারণ করিতে পারে না । মনুসংহিতায় উক্ত আছে, "দ্বিধা কৃত্বাত্মনো দেহমর্দ্ধেন পুরুষোঽভবদ্ । অর্দ্ধেন নারী তস্যাং স বিরাজমসৃজৎ প্রভুঃ" ॥ প্রভু পরমাত্মা স্বকীয় দেহকে (সচ্চিদানন্দ স্বরূপকে) ব্যবহারত দুই ভাগে বিভক্ত করিয়া প্রকৃতি নাম্নী একটী স্ত্রী এবং পুরুষ নামক চিদাভাস উৎপাদন করিলেন । এবং এতদুভয়ের সংযোগে প্রকৃতির গর্ব্ভে বিরাটের জন্ম হইল । সুতরাং অনির্দ্দেশ্য ও অনির্ব্বচনীয় পরমাত্মার স্বরূপ নির্ণয়ে উভয় প্রকৃতি এবং পুরুষ যে অসমর্থ, তাহারই পরিচয় বুদ্ধিরূপা নারী প্রদান করিয়াছেন । তবে পরমাত্মায় আত্মসমর্পণ করাই, উভয়ের পরম শান্তির কারণ । তাহা হইলে পরস্পরকে আর নূতন তৃপ্তির অনুসন্ধান করিতে হয় না ॥ ৩২ ॥

সেই পরমাত্মার কল্পনায় এই নামরূপাত্মক সমষ্টি জগৎ পুরী এবং ব্যষ্টি জীবদেহ সমস্তই রচিত হইয়াছে । ভৃত্য সম্বন্ধীয় প্রশ্নের উত্তরে প্রকাশ করা হইয়াছে যে, ভৃত্যস্থানীয়

ইহাদ্যসন্তমাত্মানং বিদাম ন ততঃ পরং।
যেনেয়ং নির্ম্মিতা বীর পুরী শরণমাত্মনঃ॥ ৩৩॥
এতে সখায়ঃ সখ্যো মে নরা নার্য্যশ্চ মানদ।
সুপ্তায়াং ময়ি জাগর্ত্তি নাগোঽয়ং পালয়ন্ পুরীং॥ ৩৪॥

অন্বয়ঃ।

যেন আত্মনঃ মম শরণং আশ্রয়ং স্থানং ইয়ং পুরী নির্ম্মিতা হে বীর! ইহ অস্যাং পুর্য্যাং আদ্যসন্তং তথাপি ততঃ পুর্য্যাঃ পরং, আত্মানং ন বিদাম॥ ৩৩॥

এতে অনুপথাঃ নরাঃ মে সখায়ঃ এতাঃ নার্য্যঃ চ মে সখ্যঃ এব; হে মানদ! ময়ি সুপ্তায়াং অয়ং নাগঃ পুরীং পালয়ন্ জাগর্ত্তি॥ ৩৪॥

শ্রীধরস্বামী।

আত্মনো মম শরণমিয়ং পুরী যেন নির্ম্মিতা তঞ্চ ন বিদ্মঃ॥ ৩৩॥

যৎ পৃষ্টং ক এতেঽনুপথা ইতি তত্রাহ এত ইতি॥ ৩৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্হি কিং জানাসীত্যত আহ ইহাদ্যেতি যেনাত্মনঃ স্বস্য মম বা শরণমাস্পদং পুরীনির্ম্মিতা তং নবিদামেতি কথাপক্ষে তেনৈব কেনচিন্মুনিনা কর্দ্দমেনৈব বিষয়ভোগার্থং পুরীয়ং যোগবলেন নির্ম্মিতেতি রাজা জানীতে স্ম॥ ৩৩॥

যৎ পৃষ্টং ক এতেঽনুপথা ইতি তত্রাহ এত ইতি। সখায় ইন্দ্রিয়াণি সখ্যস্তদ্বৃত্তয়ঃ। নাগঃ প্রাণঃ। ময়ি সপরিকরায়াং সুপ্তায়াং সত্যাং জাগর্ত্তি। স্বপ্নে ইন্দ্রিয়াণাং লয়ে সুষুপ্তৌ মনোবুদ্ধ্যোরপি লয়ে প্রাণো বিরাজত এব॥ ৩৪॥

হে বীর! যিনি আমার এই পুরী নির্ম্মাণ পূর্ব্বক ইহার অন্তরে নিরন্তর বিদ্যমান রহিয়াছেন, অথচ এই পুরীরূপে পরিণত হন নাই, তাঁহাকে আমি এপর্য্যন্ত অবগত হইতে পারি নাই। ৩৩॥

এই যে দশজন ভৃত্য দেখিতেছেন, ইহারা আমার সখা এবং এই যে অনন্ত নারী দেখিতেছেন, ইহারা প্রকৃতপক্ষে আমারই সেবিকা সখী। যে নাগকে অবলোকন করিতেছেন, আমি নিদ্রিতা হইলেও ইনি নিরন্তর জাগ্রত থাকিয়া, এই পুরীকে রক্ষা করিয়া থাকেন। ৩৪।

আভাস।

একাদশ ইন্দ্রিয়ের অনন্ত বৃত্তিই তাহাদের প্রত্যেকের পত্নীস্থানীয়। জীবদেহস্থ ইন্দ্রিয়বর্গও বহির্ম্মুখা বৃত্তি হইতে প্রতিনিবৃত্ত হইয়া, স্বরূপে বিশ্রাম করিলেও প্রাণবায়ু কখন দেহ পোষণে ক্ষান্ত হয় না। প্রাণশক্তি প্রাণ, অপান, সমান, উদান ও ব্যানমূর্ত্তিতে সমগ্র দেহে ব্যাপ্ত থাকিয়া, জীবের অজ্ঞাতসারে তাহার দেহকে উপযুক্ত অবস্থায় রক্ষা করে; অকস্মাৎ

দিষ্ট্যাগতোঽসি ভদ্রং তে গ্রাম্যান্ কামানভীপ্সসে।
উদ্বহিষ্যামি তান্ স্নেহাৎ স্ববন্ধুভিররিন্দম॥ ৩৫॥
ইমাং ত্বমধিতিষ্ঠস্ব পুরীং নবমুখীং বিভো।
ময়োপনীতান্ গৃহ্ণানঃ কামভোগান্ শতং সমাঃ॥ ৩৬॥

অন্বয়ঃ।

হে অরিন্দম! দিষ্ট্যা মম ভাগ্যেনৈব ত্বং আগতঃ অসি! ত্বং গ্রাম্যান্ যান্ কামান্ বিষয়ভোগান্ অভীপ্সসে ইচ্ছসি, তান্ সর্ব্বান্ স্ববন্ধুভিঃ চ সহ অহং স্নেহাৎ উদ্বহিষ্যামি প্রাপয়িষ্যামি॥ ৩৫॥

হে বিভো! তথা ময়া উপনীতান্ প্রাপিতান্ কামভোগান্ বিষয়ান্ গৃহ্ণানঃ উপভুঞ্জানঃ সন্ শতং সমাঃ সম্বৎসরশতপর্য্যন্তং কালং ত্বং ইমাং নবমুখীং নবদ্বারবিশিষ্টাং, পুরীং অধিতিষ্ঠস্ব॥ ৩৬॥

শ্রীধরস্বামী।

আস্মাং নাম গোত্রাদি যদত্রাগতোঽসি এতৎ দিষ্ট্যা ভদ্রং তাবৎ। গ্রাম্যান্ ইন্দ্রিয়গ্রামার্হান্ উদ্বহিষ্যামি স্ববন্ধুভিঃ সখিভিঃ সখীভিশ্চ॥ ৩৫॥

সমাঃ সম্বৎসরান্ মনুষ্যদেহপ্রবেশাৎ শতমিত্যুক্তং॥ ৩৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দিষ্ট্যা ভাগ্যেনৈব আগতঃ মনুষ্যশরীরং প্রাপ্তোঽসীতি। উদ্বহিষ্যামি সংপাদয়িষ্যামি। স্ববন্ধুভিঃ সখিভিঃ সখীভিশ্চ॥ ৩৫॥

সমাঃ সম্বৎসরান্ মনুষ্যদেহপ্রবেশাচ্ছতমিত্যুক্তং॥ ৩৬॥

আমার নিতান্ত সৌভাগ্যবশতই অদ্য আপনি এখানে সমাগত হইয়াছেন। হে শত্রুনিসূদন! আপনার মঙ্গল হউক! ইন্দ্রিয়চরিতার্থ আপনি যে কোন কামনার প্রার্থনা করেন, এই সমস্ত সখীবর্গে মিলিত হইয়া, অতি যত্নসহকারে আপনার সকল প্রার্থনাই পূরণ করিব॥ ৩৫॥

হে বিভো! এই নবদ্বারবিশিষ্ট পুরীতে আপনি অধিষ্ঠান করুন! এবং আমার প্রদত্ত কাম্য বিষয়সমূহ ভোগ করত, শত বৎসরকাল বাস করুন!॥৩৬॥

আভাস।

পোষণের অভাবে দেহ বিহ্বল বা বিনষ্ট হয় না। স্বপ্ন বা সুষুপ্তিকালে মন এবং বুদ্ধি লীন হইলেও প্রাণ নিরন্তর বিরাজ করে; তাহাকেই এস্থলে নাগনামে আখ্যাত করা হইয়াছে॥৩৩ ৩৪

ইন্দ্রিয়নিচয় বাহ্যবিষয় সমূহকে সংগ্রহ করত, বুদ্ধির নিকট আনয়ন করে। বুদ্ধি সেই সমস্ত লইয়া জীবরূপী পুরুষকে প্রদর্শন করান। পুরুষের সঙ্গ ব্যতীত প্রকৃতির কোন কার্য্যকারিতা শক্তি থাকে না; তাঁহাকে নিশ্চল ভাবে অবস্থান করিতে হয়। অতএব পুরুষের সঙ্গই প্রকৃতির পক্ষে নিতান্তই প্রার্থনীয়; নতুবা তাঁহার প্রকৃতিভাবের পরিচয় দিবারও কোন

কং নু ত্বদন্যং রময়ে হ্যরতিজ্ঞমকোবিদং।
অসম্পরায়াভিমুখমশ্বস্তনবিদং পশুং॥ ৩৭॥

অন্বয়ঃ।

ত্বং ত্বত্তঃ, অন্যং কং অকোবিদং মূর্খং, অরতিজ্ঞং রতিরসানভিজ্ঞং নু অসম্পরায়াভিমুখং পরলোকসুখসাধনানুষ্ঠানরহিতং, অশ্বস্তবিদং (শ্বঃ কিং ভবিষ্যতি ইতি দেহনির্ব্বাহার্থচিন্তা-শূন্যং পশুং পশুতুল্যং, নু রময়ে॥ ৩৭॥

শ্রীধরস্বামী।

প্রবৃত্তিস্বভাবত্বাৎ নিবৃত্তিনিন্দাপূর্ব্বকং তৎসঙ্গমভিনন্দতি পঞ্চভিঃ। ত্বত্তোঽন্যং কং নু রময়ে অরতিজ্ঞং নৈষ্ঠিকং। অকোবিদং অনিষিদ্ধসুখত্যাগিনং। সম্পরায়ো মৃত্যু স্তদমভিমুখং পরলোকচিন্তাশূন্যং। অশ্বস্তনবিদং শ্ব ইদং কর্ত্তব্যমিতি ইহলোকচিন্তাশূন্যং পশুতুল্যং॥ ৩৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

কথাপক্ষে সংপ্রতি পতিস্বরৈবাহমকস্মাৎ প্রাপ্তং স্বসদৃশং ত্বাং পশ্যন্তী নান্যমন্বেষয়ামীত্যাহ কমিতি। অধ্যাত্মপক্ষে তু বুদ্ধিরিয়ং রাজসী কিঞ্চিৎ সত্ত্বমিশ্রত্বাদ্ধার্ম্মিকৈবেতি তামস্যা সাত্ত্বিক্যা চ বুদ্ধ্যা আবৃতং পুমাংসং নিন্দতি কমিতি পঞ্চভিঃ। স্থাবরযোনিগতত্বাদরতিজ্ঞং পশ্বাদিযোনিগতত্বেন রতিজ্ঞত্বেঽপ্যকোবিদং। বিপ্রবণিজাদিজাতিত্বেন কোবিদত্বেঽপি সংপরায়ো যুদ্ধং তদনভিমুখমবীরমিত্যর্থঃ। ক্ষত্রিয়জাতিত্বেন বীরত্বেঽপি অশ্বস্তনবিদং শ্বঃ পরশ্বো বা মরণানন্তরং মে কিং ভবিষ্যতীতি জ্ঞানশূন্যত্বাদধার্ম্মিকমিত্যর্থঃ। পশুতুল্যত্বাৎ পশুং॥ ৩৭॥

হে প্রাণপ্রিয়! আপনার ন্যায় পরমসুন্দর সর্ব্বরসজ্ঞ পুরুষকে পরিত্যাগ করিয়া, কোন্ রমণী রতিতত্ত্বানভিজ্ঞ পরলোকের সুখসাধনানুষ্ঠানে পরাঙ্মুখ ভবিষ্যৎচিন্তাশূন্য পশুতুল্য অজ্ঞানী পুরুষের সহিত রমণ প্রার্থনা করে? ॥৩৭

আভাস।

যোগ্যতা নাই। সুতরাং তিনি পুরঞ্জনকে বলিয়াছেন যে, আমার নিতান্ত সৌভাগ্য বশত আপনি আমার সঙ্গ স্বীকার করিয়াছেন॥ ৩৫॥ ৩৬॥

এই শ্লোকে প্রবৃত্তিস্বভাববিশিষ্ট পুরুষের নিন্দা এবং নিবৃত্তিস্বভাববিশিষ্ট পুরুষের সুখ্যাতি করত পুরাধিষ্ঠাত্রী কামিনী পরবর্ত্তী পাঁচটী শ্লোকের দ্বারা পুরঞ্জনের সংসর্গের প্রশংসা করিয়াছেন। অর্থাৎ পুরঞ্জন যেমন গুণবান্ তাদৃশ পুরুষ আর নয়নগোচর হয় না। অরতিজ্ঞাদি বিশেষণ পদের দ্বারা নিবৃত্তিমার্গের অনুকূলে অর্থ প্রকাশ করিয়াছেন যথা; রতি-শাস্ত্রানভিজ্ঞ পরমাত্মজ্ঞানে প্রতিষ্ঠিত। অকোবিদং; অর্থাৎ শাস্ত্রবিহিত সুখকেও যিনি উপেক্ষা করিয়া থাকেন। "অসম্পরায়াভিমুখং"; সম্পরায় শব্দে মৃত্যু; অতএব যিনি জন্ম মৃত্যুর অতীত থাকায়, মৃত্যু বা পরলোকজনিত ব্যাপারে আকুল না হন "অশ্বস্তনবিদং" শ্ব অদ্য পরশ্ব বা এই কর্ম্ম করিতে হইবে বলিয়া, ঐহিক ভোগে যিনি উৎকণ্ঠিত না হন, তাদৃশ

ধর্ম্মোহ্যত্রার্থকামৌচ প্রজানন্দোঽমৃতং যশঃ।
লোকা বিশোকা বিরজা যান্ন কেবলিনো বিদুঃ॥ ৩৮॥

অন্বয়ঃ।

অত্র গার্হস্থ্যে, ধর্ম্মঃ অর্থকামৌ প্রজানন্দঃ পুত্রসুখং, অমৃতং মোক্ষঃ, যশঃ, বিরাজাঃ শুদ্ধাঃ, বিশোকাঃ দুঃখরহিতাঃ, লোকাঃ স্বর্গাদয়ঃ, সিদ্ধ্যন্তি; যান্ কেবলিনঃ সন্ন্যাসিনঃ ন বিদুঃ॥৩৮॥

শ্রীধরস্বামী।

অত্র গার্হস্থ্যে প্রজানন্দঃ পুত্রসুখং। অমৃতং মোক্ষঃ। কেবলিনো যতয়ঃ॥ ৩৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিবর্গসাধকং গার্হস্থ্যমভিনন্দতি ধর্ম্ম ইতি প্রজার্থকরত্ব্যথ আনন্দঃ পুত্রপৌত্রাদিলালন-রূপ আনন্দো বা অমৃতং অদনীয়ং যজ্ঞশিষ্টাদি। অমৃতং যজ্ঞশেষে স্যাৎ পীযুষে সলিলে ঘৃত ইতি মেদিনী। লোকা যাগাদিপ্রাপ্যাঃ। কেবলিনো যতয়ো যান্ন বিদুরিত্যতিদুঃখপ্রাপ্যস্য চতুর্থপুরুষার্থস্যানভিনন্দনাৎ সাত্ত্বিকী বুদ্ধিরপি নিন্দিতা। অধ্যাত্মপক্ষে ত্রিবর্গস্যোপপাদন-মবিদ্যয়ৈবেত্যুক্তং॥ ৩৮॥

দেখুন্! গৃহস্থাশ্রমের নিদানস্থল এই পুরীর মধ্যে ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ ও পুত্রলাভের সুখ, যশঃ এবং বিশুদ্ধ ও নিষ্কলঙ্ক স্বর্গলোকাদি সাধনের তৃপ্তি সমস্তই প্রাপ্ত হওয়া যায়। অহো! সন্ন্যাসিগণও এ সুখ কখন অনুভব করিতে পারেন না॥ ৩৮॥

আভাস।

নিত্য শুদ্ধ বুদ্ধ মুক্ত ও সত্য স্বরূপ পুরঞ্জনের সংসর্গ অপেক্ষা বুদ্ধির পক্ষে বিসদৃশ পুরুষের সংসর্গ কখনই প্রার্থনীয় নহে। সাংখ্যাচার্য্য বলিয়াছেন, "যথা সর্ব্বং পুরুষোপভোগং সাধয়তি বুদ্ধিঃ। সৈব চ বিশিনষ্টি পুনঃ প্রধানপুরুষান্তরং সূক্ষ্মং"॥ পুরুষের যাবতীয় ভোগ যেমন বুদ্ধি প্রদান করে, আবার প্রকৃতিপুরুষের মধ্যবর্ত্তী অতি সূক্ষ্ম পার্থক্যভাবের পরিচয়ও সেই বুদ্ধিই প্রদান করিয়া থাকে। অতএব মোক্ষস্বরূপ প্রকৃতিপুরুষের পার্থক্য প্রতিবোধিত করাইবার জন্য নিবৃত্তি-পথাবলম্বী পূর্ব্বোক্ত গুণসম্পন্ন পুরুষই বুদ্ধিস্থানীয় নারীর সমীপে নিতান্তই আদরের পাত্র, সন্দেহ নাই। কিন্তু ভোগ প্রদানে যাহাকে সুখী করিতে হইবে, তাদৃশ পুরুষের সেবা যদি বুদ্ধিকে করিতে হয়, তাহা হইলে প্রবৃত্তি-পথাবলম্বী পুরুষই বুদ্ধির নিকট আদরের পাত্র হইয়া থাকেন। স্থাবর যোনিতে বাসকালে পুরুষ যেমন রতিজ্ঞানে বঞ্চিত থাকেন এবং পশ্বাদি যোনিতে রতিজ্ঞ হইলেও বিচার ব্যতীতও সুখভোগে অগ্রসর হন, তাদৃশ পুরুষ কখন বুদ্ধির প্রিয়পাত্র নহেন। অতএব সর্ব্বশ্রেষ্ঠ মনুষ্যযোনিতে প্রবিষ্ট পুরুষই সম্ভোগের উপযুক্ত পাত্র। মনুষ্যের মধ্যে ব্রাহ্মণ ও বৈশ্য বীরত্বের অভাবে বসুন্ধরাভোগের উপযুক্ত পাত্র নহেন। ক্ষত্রিয়ই বীর এবং পরিণাম বা পরলোকের বিষয় চিন্তা না করিয়া, ঐহিকের ভোগেই অনভিজ্ঞ পশুর ন্যায় অগ্রসর হয়; সুতরাং ক্ষত্রিয় পুরঞ্জনই বুদ্ধির সমীপে ভোগলাভের উপযুক্ত ও আদরের পাত্র, সন্দেহ নাই॥ ৩৭॥

পিতৃদেবর্ষিমর্ত্ত্যানাং ভূতানামাত্মনশ্চ হ।
ক্ষেমং বদন্তি শরণং ভবেঽস্মিন্ যদ্গৃহাশ্রমঃ॥
কা নাম বীর বিখ্যাতং বদান্যং প্রিয়দর্শনং।
ন বৃণীত পতিং প্রাপ্তং মাদৃশী ত্বাদৃশং স্বয়ং॥ ৩৯॥
কস্যা মনঃ স্যাত্তবভোগিভোগয়োঃ স্ত্রিয়া ন সজ্জেদ্ভুজয়ো মহাভুজ।

অন্বয়ঃ।

কিন্তু গৃহস্থাশ্রমঃ ইতি যং তদেব অস্মিন্ ভবে সংসারে, পিতৃদেবর্ষিমর্ত্ত্যানাং আত্মনঃ সর্ব্বেষাং ভূতানাং চ ক্ষেমং মঙ্গলজনকং, শরণং আশ্রয়ং, বেদবাদিনঃ বদন্তি॥

হে বীর! বিখ্যাতং প্রসিদ্ধং, বদান্যং উদারচিত্তং, প্রিয়দর্শনং অতিসুন্দরং, স্বয়ং প্রাপ্তং ত্বাদৃশং গুণালয়ং, পতিং মাদৃশী গুণজ্ঞা, যা ন বৃণীত সা কা নাম॥ ৩৯॥

হে মহাভুজ! ভোগিভোগয়োঃ (ভোগিনঃ সর্পস্য ভোগঃ দেহঃ তৎসদৃশয়োঃ তব ভুজয়োঃ ন সজ্জেত এবম্ভূতং কস্যাঃ স্ত্রিয়াঃ মনঃ স্যাৎ? যঃ ঘৃণোদ্ধতস্মিতাবলোকেন (ঘৃণয়া উদ্ধতঃ

শ্রীধরস্বামী।

গৃহাশ্রম ইতি যং এতং ক্ষেমার্হং শরণমাশ্রয়ং বদন্তি॥ ৩৯॥

ভোগিভোগয়োঃ সর্পদেহাকারয়োস্তব ভুজয়োর্যন্ন সজ্জেত এবম্ভূতং কস্যাঃ স্ত্রিয়া মনঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গৃহাশ্রমস্তু সর্ব্বেষাং সুখদ ইত্যাহ পিত্রিতি অস্মিন্ ভবে মনুষ্যজন্মনি যং ক্ষেমং শরণং বদন্তি স গৃহাশ্রমঃ॥ ৩৯॥

ভোগিভোগয়োঃ সর্পশরীরাকারয়োস্তব ভুজয়োঃ কস্যাঃ স্ত্রিয়া মনো ন স্যাৎ ভবচ্চ সং

এই অনন্ত সংসার-তরঙ্গে তত্ত্ববিদ্গণ এক গৃহস্থাশ্রমকেই পিতৃলোক, দেবলোক, ঋষিগণ, ভূতনিচয় এবং নিজেরও পরমমঙ্গলের একমাত্র আশ্রয় বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন॥

আমার ন্যায় অন্য কোন্ কামিনী আর আছে যে, আপনার ন্যায় সুপ্রসিদ্ধ উদারচিত্ত পরমসুন্দর সর্ব্বগুণাকর পুরুষকে স্বয়ং আগত অবলোকন করিয়াও পতিত্বে বরণ না করে?॥ ৩৯॥

হে মহাবাহো! ভুজঙ্গ-ভোগ-সদৃশ ভবদীয় বাহুলতায় আলিঙ্গিত হইতে

আভাস।

গৃহস্থাশ্রম আবার অন্যান্য সকল আশ্রমের মধ্য শ্রেষ্ঠ; এই আশ্রমে অবস্থান পূর্ব্বক জীব ইহকালে পুত্রবিত্তাদিজনিত এবং যজ্ঞাদিজনিত পরলোকে যাদৃশ অতুল সুখস্বচ্ছন্দ উপভোগ করিতে পারে, অন্য কোন আশ্রমে তাদৃশ ভোগলাভের সম্ভাবনা নাই। বিশেষত ব্রহ্মচারী, বানপ্রস্থ ও সন্ন্যাস এই আশ্রমত্রয়ও গৃহস্থাশ্রম হইতে উৎপন্ন হয়! এবং গৃহস্থাশ্রমই ইহাদের পুষ্টিসাধন করিয়া থাকে॥ ৩৮॥ ৩৯॥

যোঽনাথবর্গাধিমলং ঘৃণোদ্ধতস্মিতাবলোকেন চরত্যপোহিতুং ॥ ৪০ ॥

নারদ উবাচ ॥

ইতি তৌ দম্পতী তত্র সমুদ্য সময়ং মিথঃ।

তাং প্রবিশ্য পুরীং রাজন্ মুমুদাতে শতং সমাঃ ॥ ৪১ ॥

উপগীয়মানো ললিতং তত্র তত্রচ গায়কৈঃ।

অন্বয়ঃ।

অতিশয়িতঃ যঃ স্মিতাবলোকঃ তেন) অনাথবর্গাধিং (অনাথবর্গাদীনাং আধিং দুঃখং) অলং অত্যর্থং, অপোহিতুং চরতি ॥ ৪০ ॥

নারদঃ উবাচ। হে রাজন্! ইতি তত্র তৌ দম্পতী মিথঃ পরস্পরং, সময়ং সঙ্কেতং, সমুদ্য সমুদীর্য্য, তাং পুরীং প্রবিশ্য শতং সমাঃ মুমুদাতে ॥ ৪১ ॥

প্রবিশন্ এব তত্র তত্র স্থানে গায়কৈঃ সূতমাগধাদিভিঃ, ললিতং মনোহরং, উপগীয়মানঃ

শ্রীধরস্বামী।

স্যাং ন কস্যা অপীত্যর্থঃ। যো ভবান্ অনাথবর্গাদীন্ স্তোমাঃ তেষামাধিং অলমত্যর্থং অপোহিতুং সর্ব্বত্র চরতি কেনাপোহিতুং ঘৃণয়োদ্ধতঃ অতিশয়িতো যঃ স্মিতপূর্ব্বকোঽবলোকস্তেন ॥ ৪০ ॥

সমুদ্য সমুদীর্য্য। সমাঃ সম্বৎসরান্ ॥ ৪১ ॥

তত্র জাগ্রদবস্থাং সংক্ষেপেণাহ উপগীয়মান ইতি। সুষুপ্তাবস্থামাহ। হ্রদিনীং হৃদয়া-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কস্যা ন সজ্জেদিত্যাবৃত্ত্যা অন্বয়ঃ। যো ভবান্ অনাথবর্গাণামস্মদাদীনামাধিমন্তঃপীড়াং অপোহিতুং দূরীকর্ত্তুং চরতি। কেন স্মিতাবলোকেন। হে ঘৃণোদ্ধত কৃপয়া উদ্দণ্ড। অধ্যাত্মপক্ষে চৈতন্যেনৈব বুদ্ধ্যাদয়ঃ সনাথা ভবন্তীত্যুক্তং ॥ ৪০ ॥

সময়ং সঙ্কেতং। সমুদ্য সমুদীর্য্য ॥ ৪১ ॥

তত্র মুমুদাতে শতং সমা ইত্যাদিনা জাগ্রদবস্থাং সংক্ষেপেণোক্ত্বা স্বপ্নাবস্থামাহ ক্রীড়ন্নিতি

কোন্ কামিনীর চিত্ত ব্যাকুল না হয়? অহো! কৃপাপূর্ণ মধুর হাস্যবিকসিত দৃষ্টি বিতরণে আপনি অনাথাগণের দুঃখ বিমোচন করতই বিচরণ করিতে-ছেন ॥ ৪০ ॥

নারদ বলিলেন, দম্পতিযুগল তথায় এইপ্রকারে পরস্পরের মনোগত ভাব প্রকাশ করত, সেই পুরীর মধ্যে প্রবেশ করিলেন; এবং হে রাজেন্দ্র! শত সম্বৎসর-কাল তথায় আনন্দে বিহার করিতে লাগিলেন ॥ ৪১ ॥

তাঁহারা পুরীর মধ্যে যে যে স্থানে বিহার করিতে লাগিলেন, সেই সেই

আভাস।

পুরীর বাহ্যশোভা বর্ণনের দ্বারা মানবদেহধারী জীবের জাগ্রদবস্থার পরিচয় প্রদান করা হইয়াছে। পরে ললনাজনে পরিবৃত হইয়া ক্রীড়া করত বলায়, মনোনিষ্ঠ সংস্কারবৃত্তি

ক্রীড়ন্ পরিবৃতঃ স্ত্রীভি র্হ্রদিনীমবিশচ্ছুচৌ ॥ ৪২ ॥
সপ্তোপরিকৃতা দ্বারঃ পুরস্তস্যাস্তু দ্বে অধঃ।
পৃথগ্‌বিষয়গত্যর্থং তস্যাং যঃ কশ্চনেশ্বরঃ ॥ ৪৩ ॥

অন্বয়ঃ।

স্তূয়মানঃ স্ত্রীভিঃ চ পরিবৃতঃ ক্রীড়ন্ বভূব। ততঃ শুচৌ নিদাঘকালে, হ্রদিনীং সরসীং, অবিশৎ ॥ ৪২ ॥

সপ্তঃ দ্বারঃ পুরঃ উপরিকৃতাঃ দ্বে দ্বারৌ তস্যাঃ পুরঃ অধঃকৃতে; তস্যাং পুর্য্যাং, অন্তঃ কশ্চন ঈশ্বরঃ স্বামী যঃ তস্য পৃথক্‌বিষয়গত্যর্থং (পৃথক্ বিষয়ে দেশে গত্যর্থং) ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী।

কাশং স্বাবস্থানং। শুচৌ নিদাঘে ॥ ৪২ ॥

ইদানীং নবদ্বারঃ প্রদর্শয়ন্ জাগ্রদবস্থাং প্রপঞ্চয়তি সপ্তেতি যাবদধ্যায়সমাপ্তি। তস্যাঃ পুরঃ উপরিকৃতা দ্বারঃ সপ্ত। বৃতা ইতি পাঠে সংবৃতাঃ। নেত্রে নাসিকে শ্রোত্রে মুখঞ্চেতি সপ্ত। অধো দ্বে দ্বারৌ গুদলিঙ্গে। যঃ কশ্চনেতি আত্মনঃ সম্যগবিজ্ঞানাদনিয়তত্বাচ্চ ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্ত্রীভি র্বৃত ইতি স্বপ্নে ইন্দ্রিয়াণামবসন্নত্বাৎ তৎসংস্কারেণ তদ্বৃত্তীনামেব তত্তৎকার্য্যকারিত্বাৎ সুষুপ্ত্যবস্থামাহ হ্রদিনীং নদীং হৃদয়াকাশং স্বাপস্থানঞ্চ শুচৌ নিদাঘে সুষুপ্তৌচ ॥ ৪২ ॥

ইদানীং নবদ্বারপ্রদর্শনপূর্ব্বকং জাগ্রদবস্থাং বিস্তরেণাহ। সপ্তেতি তস্যাঃ পুরঃ পুর্য্যাঃ উপরি ঊর্দ্ধপ্রদেশে অষ্টে শ্রোত্রে নেত্রে নাসিকে মুখঞ্চেতি সপ্ত দ্বারঃ। অধো গুদলিঙ্গে ইতি দ্বে দ্বারৌ। য ঈশ্বরঃ পুরঞ্জনঃ তস্য ॥ ৪৩ ॥

স্থানে সূতাদি গায়কগণ তাঁহাদের যশোগান করিতে লাগিল; তাঁহারা ললনাগণে পরিবৃত হইয়া, যথেচ্ছা ক্রীড়া করিতে লাগিলেন। গ্রীষ্মের প্রচণ্ডতাপে শীতল হইবার বাসনায় সরোবরের শীতল জলে অবগাহন করিতেন ॥ ৪২ ॥

ঐ দম্পতীযুগল যে পুরীর অন্তরে প্রবেশ করিলেন, তথায় পুরাধিষ্ঠিত পুরুষের পক্ষে পৃথক্ পৃথক্ বিষয় অনুভব করিবার জন্য পুরির উপরিভাগে সাতটী এবং অধোদেশে দুইটী দ্বার নির্ম্মিত ছিল ॥ ৪৩ ॥

আভাস।

সমূহকে অবলম্বন পূর্ব্বক জীবের স্বপ্নাবস্থার পরিচয় দেওয়া হইয়াছে। অনন্তর গ্রীষ্মকালের প্রচণ্ড উত্তাপে সুতপ্ত পুরঞ্জনের হ্রদাবগাহনাদির দ্বারা শান্তিলাভের প্রসঙ্গে সুষুপ্তিকালীন অবস্থারই পরিচয় প্রকাশ করা হইয়াছে ॥ ৪১ ॥ ৪২ ॥

সম্প্রতি পুরীর নবদ্বারের প্রকাশে জাগ্রদবস্থারই বিশেষ পরিচয় দেওয়া হইয়াছে। ঊর্দ্ধে সপ্তদ্বার বলায় মনুষ্য কলেবরে দুই নেত্র, দুই কর্ণ, দুই নাসারন্ধ্র এবং এক মুখ বিবর এই

পঞ্চদ্বারস্তু পৌরস্ত্যা দক্ষিণৈকা তথোত্তরা।
পশ্চিমে দ্বে অমূষাং তে নামানি নৃপ বর্ণয়ে॥ ৪৪॥
খদ্যোতাবিমুখী চ প্রাগ্ দ্বারাবেকত্র নির্ম্মিতে।
বিভ্রাজিতং জনপদং যাতি তাভ্যাং দ্যুমৎসখঃ॥ ৪৫॥

অন্বয়ঃ।

তাসু সপ্তসু পঞ্চদ্বারঃ তু পৌরস্ত্যাঃ পূর্ব্বদিগ্‌ভবাঃ, একা দক্ষিণা (দক্ষিণস্যাং দিশি বর্ত্তমানা) তথা একা উত্তরা উত্তরদিগ্‌ভবা। যে দ্বে অধঃ তে তু পশ্চিমে পশ্চিমদিগ্‌ভবে। অমূষাং দ্বারাং, নামানি তে তুভ্যং অহং বর্ণয়ে। হে নৃপ! ত্বং শৃণু॥ ৪৪॥

খদ্যোতা, (খদ্যোতবৎ অল্পপ্রকাশা বামনেত্ররূপা) আবির্মুখী (আবিঃ প্রকটং মুখং যস্যাঃ বহুপ্রকাশা দক্ষিণনেত্রলক্ষণা) দ্বে দ্বারৌ একত্র সংলগ্নে প্রাক্ পূর্ব্বস্যাং দিশি নির্ম্মিতে। তাভ্যাং দ্যুমৎসখঃ (দ্যুমান্ চক্ষুঃ সখা সহকারী যস্য সঃ পুরঞ্জনঃ) বিভ্রাজিতং নাম জনপদং যাতি॥ ৪৫॥

শ্রীধরস্বামী।

তাসু সপ্তসু পঞ্চ দ্বারঃ পৌরস্ত্যাঃ পূর্ব্বদিগ্‌ভবাঃ॥ ৪৪॥

খদ্যোতবদল্পপ্রকাশা বামনেত্ররূপা। আবিঃ প্রকটং মুখং যস্যাঃ সা বহুপ্রকাশা দক্ষিণনেত্রলক্ষণা তস্মাৎ দক্ষিণার্দ্ধং আত্মবীর্য্যবত্তর ইতি শ্রুতেঃ। স্বানুভবাচ্চ তত্র প্রকাশাধিক্যং। একত্রসংলগ্নে বিভ্রাজিতং রূপং। দ্যুমৎসখঃ চক্ষুঃসহিতঃ॥ ৪৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাসু সপ্তসু মধ্যে পঞ্চ দ্বারঃ পৌরস্ত্যাঃ পূর্ব্বাভিমুখ্যঃ দক্ষিণা একা দক্ষিণাভিমুখী বামকর্ণরূপা॥ ৪৪॥

খদ্যোতবদল্পপ্রকাশা বামনেত্ররূপা আবির্মুখী বহুপ্রকাশা দক্ষিণনেত্ররূপা তস্মাদ্দক্ষিণাঙ্গমাত্মনোবীর্য্যবত্তরমিতি শ্রুতেঃ। একত্র সংলগ্নে বিভ্রাজিতং রূপং। দ্যুমৎসখঃ চক্ষুঃসহিতঃ॥ ৪৫॥

হে নরপাল! ঐ সমস্ত দ্বারের মধ্যে পাঁচটী দ্বার পূর্ব্বদিকে; একটী দক্ষিণে এবং দুইটী দ্বার পশ্চিম দিকে বিরাজিত। আমি তাহাদের প্রত্যেকের নাম বলিতেছি, শ্রবণ কর॥ ৪৪॥

খদ্যোতের ন্যায় স্বল্পপ্রকাশ বামনেত্র এবং প্রকাশবহুল দক্ষিণ নেত্র

আভাস।

সপ্ত ইন্দ্রিয়ছিদ্রের কথাই বলা হইয়াছে। এতদ্ব্যতীত অধোভাগে গুহ্যদেশ ও উপস্থ এই দুই ছিদ্রকে অধোদ্বাররূপে বর্ণন করা হইয়াছে॥ ৪৩॥

তন্মধ্যে লোচনদ্বয়, নাসারন্ধ্রদ্বয় এবং মুখবিবর এই পাঁচটীকে পূর্ব্ব দ্বার; দক্ষিণ কর্ণ দক্ষিণ দ্বার, বাম কর্ণ উত্তর দ্বার এবং গুহ্যদেশ ও লিঙ্গস্থানকে পশ্চিমদ্বাররূপে অভিহিত করা হইয়াছে॥ ৪৪॥

নলিনী নালিনীচ প্রাগ্ দ্বারাবেকত্রনির্ম্মিতে।
অবধূতসখস্তাভ্যাং বিষয়ং যাতি সৌরভং ॥ ৪৬ ॥
মুখ্যা নাম পুরস্তাদ্দ্বা স্তয়াপণবহূদনৌ।
বিষয়ৌ যাতি পুররাট্ রসজ্ঞবিপণান্বিতঃ ॥ ৪৭ ॥

অন্বয়ঃ।

নলিনী নালিনী চ (বামদক্ষিণনাসিকে) দ্বে দ্বারৌ একত্র প্রাক্নির্ম্মিতে তাভ্যাং অবধূত-সখঃ (অবধূতঃ ঘ্রাণেন্দ্রিয়ং সখা যস্য সঃ জীবঃ) সৌরভং গন্ধং বিষয়ং যাতি ॥ ৪৬ ॥

পুর্য্যাঃ পুরস্তাৎ পূর্ব্বতঃ এব একা মুখ্যা নাম দ্বাঃ তয়া পুররাট্ পুরঞ্জনঃ, রাজা রসজ্ঞ-বিপণান্বিতঃ (রসজ্ঞং রসনেন্দ্রিয়ং বিপণঃ বাগিন্দ্রিয়ং তাভ্যাং অন্বিতঃ সন্) আপণবহূদনৌ বিষয়ৌ যাতি ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

নলনালশব্দৌ ছিদ্রবচনৌ তদ্বতী নলিনী নালিনীচ বামদক্ষিণনাসিকে। অত্রাপি সংজ্ঞাভেদাদেব কার্য্যে নূনাধিক্যং পূর্ব্ববজ্জ্ঞেয়ং। অবধূতো বায়ুধিষ্ঠিতো ঘ্রাণঃ সৌরভং গন্ধং ॥ ৪৬ ॥

মুখ্যা প্রধানা। আস্যং আপণো ভাষণং। বহূদনশ্চিত্রমন্নং বহ্বোদন ইত্যনুক্তিঃ পরোক্ষ-বাদত্বায়। রসজ্ঞং রসনেন্দ্রিয়ং। বিপণো বাগিন্দ্রিয়ং তাভ্যামন্বিতঃ ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নলনালশব্দৌ ছিদ্রবচনৌ তদ্বত্যৌ বামদক্ষিণনাসিকে প্রাঙ্মুখৌ অবধূতো বায়ুধিষ্ঠিতো-ঘ্রাণঃ। কথাপক্ষে বিষয়ং দেশং। বহুসুরভিমত্ত্বাৎ সৌরভং পক্ষে গন্ধ ॥ ৪৬ ॥

সর্ব্বদ্বারমুখ্যত্বাৎ সর্ব্বসঞ্জীবকত্বাচ্চ মুখ্যা তয়া একয়ৈব আপণবহূদনৌ দ্বৌ দেশৌ অনত্র দ্বাভ্যাং দ্বাভ্যামেকদেশং যাতীত্যপি মুখ্যত্বে হেতুঃ। পক্ষে মুখ্যা আস্যং আপণো-ভাষণং বহূদনশ্চিত্রমন্নং বহ্বোদন ইত্যনুক্তিঃ পরোক্ষবাদত্বাৎ। রসজ্ঞং রসনেন্দ্রিয়ং বিপণো বাগিন্দ্রিয়ং তাভ্যাং যুক্তঃ ॥ ৪৭ ॥

যাহা পূর্ব্বদিকে বিরাজিত আছে, চক্ষুষ্মান্ পুরঞ্জন এই একত্রাবস্থিত লোচন-দ্বয়যোগে রূপসমূহ গ্রহণ করেন ॥ ৪৫ ॥

এবং নলিনী ও নালিনী নামক পূর্ব্বদিক্বর্ত্তী বাম ও দক্ষনাসাপুট দ্বারা ঘ্রাণেন্দ্রিয়যুক্ত পুরঞ্জন গন্ধগুণকে অনুভব করিয়া থাকেন ॥ ৪৬ ॥

মুখই ঐ পুরীর পুরোবর্ত্তী প্রধান দ্বার; পুরীস্থ পুরঞ্জন রসনেন্দ্রিয় ও

আভাস।

বাম নেত্রের অপেক্ষা দক্ষিণ নেত্রে দর্শনক্রিয়া সুস্পষ্ট হয়, এই নিমিত্ত দক্ষিণ লোচনকে আবির্মুখ এবং বাম লোচনকে খদ্যোত বলা হইয়াছে। শ্রুতিও দক্ষিণাঙ্গকে বীর্য্যবান্ বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। এইরূপ বাম দক্ষিণভেদে শক্তির তারতম্যে কর্ণ, নাসিকা, বাহু ও পদের উভয়ের মধ্যে তারতম্য প্রদর্শিত হইয়াছে ॥ ৪৫ ॥ ৪৬ ॥

পিতৃহূর্নৃপ পূর্য্যা দ্বার্দক্ষিণেন পুরঞ্জনঃ ।
রাষ্ট্রং দক্ষিণপঞ্চালং যাতি শ্রুতধরান্বিতঃ ॥
দেবহূর্নাম পূর্য্যা দ্বারুত্তরেণ পুরঞ্জনঃ ।
রাষ্ট্রমুত্তরপঞ্চালং যাতি শ্রুতধরান্বিতঃ ॥ ৪৮ ॥

অন্বয়ঃ ।

হে নৃপ ! পূর্য্যাঃ দক্ষিণেন দক্ষিণস্যাং দিশি যা পিতৃহূঃ নাম দ্বাঃ তয়া পুরঞ্জনঃ শ্রুতধরান্বিতঃ (শ্রুতধরসঙ্গকেন সহিতঃ) দক্ষিণপঞ্চালং রাষ্ট্রং যাতি ॥

পূর্য্যাঃ উত্তরেণ উত্তরস্যাং, দিশি দেবহূর্নাম দ্বাঃ তয়া পুরঞ্জনঃ শ্রুতধরান্বিতঃ সন্ উত্তর-পঞ্চালং রাষ্ট্রং দেশং যাতি ॥ ৪৮ ॥

শ্রীধরস্বামী ।

দক্ষিণেনেতি ন তৃতীয়া দক্ষিণস্যাং দিশীত্যর্থে তদ্ধিতোযমেনপ্ প্রত্যয়োঽব্যয়সংজ্ঞঃ । এবমুত্তরেণেতি । অয়মর্থঃ । পঞ্চানাং বিষয়াণাং অন্যতোঽনবগতানাং প্রকাশনায়ালমিতি পঞ্চালং শাস্ত্রং শাস্ত্রশ্রবণকালে বলাধিক্যাৎ দক্ষিণকর্ণঃ প্রথমং বর্ত্ততে। শাস্ত্রেচ প্রথমং শ্রোতব্যং কর্ম্মকাণ্ডমিত্যেতাবতা সামান্যেন প্রবৃত্তসংজ্ঞস্য কর্ম্মকাণ্ডস্য দক্ষিণকর্ণেন শ্রবণ-মিষ্যতে। ততস্তদর্থমনুষ্ঠায় পিতৃভিরাহূতঃ পিতৃলোকপ্রাপকং পিতৃযানং প্রপদ্যতে তদনেন প্রকারেণ পিতৃণামাহ্বানমনেন ভবতীতি পিতৃহূর্দক্ষিণঃ কর্ণঃ এবং তদ্বৈপরীত্যেন উত্তরকর্ণো দেবহূঃ। তথাচ ব্যাখ্যাস্যতি পিতৃহূর্দক্ষিণঃ কর্ণ উত্তরো দেবহূঃ স্মৃতঃ। প্রবৃত্তঞ্চ নিবৃত্তঞ্চ শাস্ত্রং পঞ্চালসংজ্ঞকং। পিতৃযানং দেবযানং শ্রোত্রাৎ শ্রুতধরাৎ ব্রজেদিতি ॥ ৪৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

হে নৃপ দক্ষিণেন দিশি দক্ষিণমুখীত্যর্থঃ ॥

উত্তরেণ উত্তরস্যাং দিশি শ্রুতধরঃ শ্রুতং শ্রোত্রেন্দ্রিয়ং দক্ষিণকর্ণেন বলাধিক্যাৎ প্রথম্যাচ্চ কর্ম্মকাণ্ডশ্রবণং বামকর্ণেন জ্ঞানকাণ্ডশ্রবণমিতি দ্বারদেশয়োর্নামভেদঃ কৃতঃ। পঞ্চানামপি বিষয়াণাং শ্রোত্রেণৈব প্রথমমবগমাৎ পঞ্চালমিতি সংজ্ঞা জ্ঞেয়া ॥ ৪৮ ॥

বাগিন্দ্রিয়ে মিলিত হইয়া, এই দ্বারের সাহায্যে অন্ন ভোজন ও বাঙ্নিষ্পত্তি করিয়া থাকেন ॥ ৪৭ ॥

হে নরনাথ ! ঐ পুরীর দক্ষিণদিকে যে মুখ আছে, তাহার নাম পিতৃহূ ; অর্থাৎ দক্ষিণ কর্ণ। জীব শ্রবণেন্দ্রিয়-সংযুক্ত হইয়া, এই দক্ষিণ কর্ণযোগে দক্ষিণপঞ্চাল রাজ্য নামক প্রবৃত্তিপ্রদ শাস্ত্রসমূহ সংগ্রহ করেন ॥

এবং পুরীর উত্তর দিগ্ভাগে প্রকটিত দেবহূ নামক বামকর্ণের সাহায্যে

আভাস ।

দ্বারসমূহের মধ্যে মুখই সর্ব্বপ্রধান ; ইহার সাহায্যে সকল ইন্দ্রিয়ই পুষ্টিলাভ করিয়া থাকে। দক্ষিণ-পঞ্চালই প্রবৃত্তিপর এবং উত্তর-পঞ্চাল নিবৃত্তিপর শাস্ত্র ; পর্য্যায়ক্রমে দক্ষিণ ও বাম কর্ণই তাহা শ্রবণে অধিকারী ॥ ৪৭ ॥

আসুরী নাম পশ্চাৎ দ্বাস্তয়া যাতি পুরঞ্জনঃ ।
গ্রামকং নাম বিষয়ং দুর্ম্মদেন সমন্বিতঃ ।। ৪৯ ।।
নির্ঋতির্নাম পশ্চাদ্দ্বাস্তয়া যাতি পুরঞ্জনঃ ।
বৈশসং নাম বিষয়ং লুব্ধকেন সমন্বিতঃ ।। ৫০ ।।
অন্ধাবমীষাং পৌরাণাং নির্ব্বাক্‌পেশস্কৃতাবুভৌ ।

অন্বয়ঃ ।

আসুরী নাম পশ্চাৎ পশ্চিমদিগ্‌ভবা দ্বাঃ তয়া দুর্ম্মদেন দেশাভিজ্ঞেন, সমন্বিতঃ পুরঞ্জনঃ গ্রামকং (গ্রামস্থানাং গৃহস্থানাং কং সুখং যস্মাৎ গ্রামকং ব্যবায়ং) নাম বিষয়ং যাতি ॥ ৪৯ ॥

নির্ঋতিঃ নাম পশ্চাৎ পশ্চিমদিগ্‌ভবাং দ্বাঃ তয়া লুব্ধকেন (লুব্ধকঃ পায়ুরিন্দ্রিয়ঃ তেন) সমন্বিতঃ পুরঞ্জনঃ বৈশসং নাম মলবিসর্গং বিষয়ং যাতি ॥ ৫০ ॥

অমীষাং পৌরানাং পুরদ্বারাণাং মধ্যে নির্ব্বাক্‌পেশস্কৃতৌ উভৌ দ্বারৌ অন্ধৌ বহির্নির্গ-

শ্রীধরস্বামী ।

অসুরা ইন্দ্রিয়ারামা স্তেষামিয়মাসুরা শিশ্নদ্বাঃ গ্রামকং গ্রামস্থজনানাং কং সুখং ব্যবায়ং দুর্ম্মদেন গুহেন্দ্রিয়েণ ॥ ৪৯ ॥

নির্ঋতির্নাম গুদং মৃত্যুদ্বারত্বাৎ বৈশসং মলবিসর্গং লুব্ধকেন পায়ুনা তেনোৎক্রান্তস্য দুঃখপ্রাপ্তে র্লুব্ধকসাম্যং ॥ ৫০ ॥

অমীষাং মধ্যে নির্ব্বাক্ পাদঃ । পেশস্কৃৎ হস্তঃ তাবুভাবন্ধৌ ছিদ্রাভাবাৎ স্বতঃ জ্ঞানক্রিয়া-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অসুরা ইন্দ্রিয়ারামাস্তেষামিয়মাসুরী শিশ্নদ্বাঃ । গ্রামকং গ্রামস্থজনানাং কং সুখং ব্যবায়ং দুর্ম্মদেন উপস্থেন্দ্রিয়েণ ॥ ৪৯ ॥

নির্ঋতি গুদং মৃত্যুদ্বারত্বাৎ । বৈশসং মলবিসর্গং লুব্ধকেন পায়ুনা তেনোৎক্রান্তস্য দুঃখপ্রাপ্তে র্লুব্ধকসাম্যং ॥ ৫০ ॥

অমীষাং মধ্যে নির্বাক্ পাদঃ পেশস্কৃৎ হস্ত স্তাবুভাবপান্ধৌ ছিদ্রাভাবাৎ । অন্ধত্বতামি-

পুরঞ্জন শ্রবণশক্তিসম্পন্ন হইয়া, উত্তরপঞ্চাল রাজ্য নামক নিবৃত্তিমার্গোদ্দীপক শাস্ত্রসমূহ শ্রবণ করেন ।। ৪৮ ।।

ইহার পশ্চিমদিকস্থ দ্বারকে আসুরী অর্থাৎ শিশ্ন কহে ; পুরঞ্জন উপস্থেন্দ্রিয়যুক্ত হইয়া, উক্ত দ্বার দিয়া গ্রাম্যভোগ স্ত্রীসংসর্গ-জনিত আনন্দ উপভোগ করেন ।। ৪৯ ।।

পশ্চাৎভাগে আসুরী ভিন্ন অপর একটী দ্বার আছে, তাহার নাম নির্ঋতি। পুরীমধ্যবর্ত্তী পুরুষ পায়ু নামক ইন্দ্রিয়ে অধিষ্ঠিত থাকিয়া, এই দ্বারযোগে মলত্যাগ করিয়া থাকেন ।। ৫০ ।।

অক্ষণ্বতামধিপতিস্তাভ্যাং যাতি করোতিচ ॥ ৫১ ॥
স যর্হ্যন্তঃপুরগতো বিষূচীনসমন্বিতঃ।
মোহং প্রসাদং হর্ষং বা যাতি জায়াত্মজোদ্ভবং ॥
এবং কর্ম্মসু সংসক্তঃ কামাত্মা বঞ্চিতোঽবুধঃ।
মহিষী যদ্যদীহেত তত্তদেবান্ববর্ত্তত ॥ ৫২ ॥

অন্বয়ঃ।

বিচ্ছিদ্ররহিতৌ বিদ্যেতে তাভ্যাং অক্ষণ্বতাং দ্বারপাণাং অধিপতিঃ পুরঞ্জনঃ যাতি করোতি চ ॥ ৫১ ॥

সঃ পুরঞ্জনঃ বিষূচীনসমন্বিতঃ (বিষূচীনেন সর্ব্বাভিজ্ঞেন স্ত্রিয়াঃ অন্তরঙ্গেণ পুংসকেন সমন্বিতঃ সন্) যর্হি অন্তঃপুরং গতঃ তদা তত্র জায়াত্মজোদ্ভবং পুত্রকলত্রাদিজনিতং মোহং প্রসাদং হর্ষং বা যাতি ॥

এবং কর্ম্মসু সংসক্তঃ যতঃ কামাত্মা অতএব বঞ্চিতঃ অবুধঃ পুরঞ্জনঃ মহিষী যৎ যৎ ঈহেত তৎ তৎ এব অন্ববর্ত্তত করোতি স্ম ॥ ৫২ ॥

শ্রীধরস্বামী।

শক্ত্যভাবাচ্চ। অক্ষণ্বতাং ইন্দ্রিয়বতাং দেহানামধিপতিঃ পুরঞ্জনঃ। ত্বগিন্দ্রিয়স্যানুক্তিঃ সর্ব্বেষ্বন্তর্ভাবাৎ ॥ ৫১ ॥

অন্তঃপুরং হৃদয়ং গতঃ বিষূচীনং সর্ব্বতোমুখং মনঃ। মোহপ্রসাদহর্ষাঃ তমঃসত্ত্বরজঃকার্য্যাণি। জায়া বুদ্ধিঃ, আত্মজা ইন্দ্রিয়পরিণামা স্তদুদ্ভবং ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন্দ্রিয়বতাং দ্বারাণামধিপতিঃ ॥ ৫১ ॥

অন্তঃপুরং হৃদয়ং বিষু সর্ব্বতোঽঞ্চতীতি বিষূচীনং মনস্তদ্‌যুক্তঃ। মোহঃ প্রসাদহর্ষাস্তমঃসত্ত্বরজঃকার্য্যাণি। জায়া বুদ্ধিঃ। আত্মজাঃ সামান্যবিশেষনিশ্চয়জ্ঞানাদয়স্তদুত্থং ॥ ৫২ ॥

হে মহারাজ! ঐ পুরীতে যত দ্বারভূত ইন্দ্রিয় আছে, তন্মধ্যে নির্ব্বাক্ অর্থাৎ পাদ এবং পেশস্কৃৎ অর্থাৎ হস্ত এই দুইটী অন্ধপ্রায়; ইহাদের অন্তরে প্রবেশ বা তথা হইতে নির্গমনের ছিদ্র নাই। তথাপি ইন্দ্রিয়াধিপতি পুরঞ্জন এই দুইয়ের সাহায্যে অন্যত্র গমন এবং অন্য পদার্থ গ্রহণ করিয়া থাকেন ॥৫১

এই পুরীর মধ্যে পুরঞ্জন প্রবেশ পূর্ব্বক যখন মনের সহিত মিলিত হন, তখন পুত্র-কলত্রাদিজনিত মোহ, প্রসাদ বা হর্ষ নিরন্তরই অনুভব করিয়া থাকেন ॥

এই প্রকারে ক্রমশ কর্ম্মে আসক্ত পুরুষ কামের অনুরোধে আত্মবিচারে বঞ্চিত হইয়া, নিতান্ত নির্ব্বোধ ও মূর্খ বলিয়াই পরিচিত হন। তখন মহিষী

ক্বচিৎ পিবন্ত্যাং পিবতি মদিরাং মদবিহ্বলঃ।
অশ্নন্ত্যাং ক্বচিদশ্নাতি জক্ষন্ত্যাং সহ জক্ষিতি ॥
ক্বচিদ্গায়তি গায়ন্ত্যাং রুদন্ত্যাং রোদিতি ক্বচিৎ।
ক্বচিদ্ধসন্ত্যাং হসতি জল্পন্ত্যামনুজল্পতি ॥ ৫৩ ॥
ক্বচিদ্ধাবতি ধাবন্ত্যাং তিষ্ঠন্ত্যামনুতিষ্ঠতি।
অনুশেতে শয়ানায়ামন্বাস্তে ক্বচিদাসতীং ॥

অন্বয়ঃ।

ক্বচিৎ তস্যাং মদিরাং পিবন্ত্যাং সত্যাং পুরঞ্জনঃ স্বয়মপি পিবতি তথা মদবিহ্বলঃ ভবতি। অশ্নন্ত্যাং মোদনাদিভোজনং কুর্ব্বন্ত্যাং তস্যাং পুরঞ্জনঃ স্বয়ং অশ্নাতি; জক্ষন্ত্যাং ভক্ষয়ন্ত্যাং, জক্ষতি ভোজ্যাদিকং ভক্ষয়তি ॥

গায়ন্ত্যাং তস্যাং ক্বচিৎ গায়তি ক্বচিৎ রুদন্ত্যাং রোদিতি। ক্বচিৎ হসন্ত্যাং হসতি জল্পন্ত্যাং চ স্বয়ং অনুজল্পতি ॥ ৫৩ ॥

ধাবন্ত্যাং ধাবতি, তিষ্ঠন্ত্যাং অনুতিষ্ঠতি, শয়ানায়াং তস্যাং স্বয়ং অনুশেতে তথা আসতীং আসীনাং, তাং অনু আস্তে ॥

শ্রীধরস্বামী।

জক্ষন্ত্যাং মোদকাদিভক্ষয়ন্ত্যাং ॥ ৫৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জীবস্যোপাধিধর্ম্মাধ্যাসং প্রপঞ্চয়তি ক্বচিদিত্যাদি। যদুক্তং প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈরাত্মনি মন্যত ইতি জক্ষন্ত্যাং চর্ব্বন্ত্যাং ॥ ৫৩ ॥

অর্থাৎ পুরাধিষ্ঠাত্রী ঐ কামিনী যেরূপ অভিপ্রায় করেন, পুরুষও তাঁহারই বশবর্ত্তী হইয়া কার্য্য করিতে বাধ্য হইয়া থাকেন ॥ ৫২ ॥

এমন কি! সেই বনিতা যখন মদ্যপানে আসক্ত হন, রাজা পুরঞ্জনও বিহ্বলের ন্যায় মদ্যপানে প্রবৃত্ত হন; নারীর অশনে পুরুষ অশন এবং নারীর ভোজনে পুরুষ ভোজন করিয়া থাকেন ॥

কামিনী যখন উন্মত্তার ন্যায় গান করেন বা রোদন করেন, তখন সেই পুরুষও বিবেচনা না করিয়াই, গান বা রোদন করিতে প্রবৃত্ত হন; নারীর হাস্যে পুরুষ হাস্য করেন এবং নারীর জল্পনে পুরুষও জল্পনা করিয়া থাকেন ॥ ৫৩ ॥

বনিতা যদি ধাবিতা হন, স্বামীও ধাবিত হইতে থাকেন এবং নারী যখন উপবেশন করেন, পুরুষও স্বচ্ছন্দে উপবিষ্ট হন। নারীর শয়নে তাঁহার শয়ন এবং নারীর বিশ্রামে তাঁহার বিশ্রাম লাভ হইয়া থাকে ॥

নারীর শ্রবণেই তাঁহার শ্রবণেন্দ্রিয়ের চরিতার্থতা সাধিত হয় এবং দর্শনেও

ক্বচিৎ শৃণোতি শৃণ্বন্ত্যাং পশ্যন্ত্যামনুপশ্যতি।
ক্বচিজ্জিঘ্রতি জিঘ্রন্ত্যাং স্পৃশন্ত্যাং স্পৃশতি ক্বচিৎ॥
ক্বচিচ্চ শোচতীং জায়ামনুশোচতি দীনবৎ।
অনুহৃষ্যতি হৃষ্যন্ত্যাং মুদিতামনুমোদতে॥ ৫৪॥
বিপ্রলব্ধো মহিষ্যৈবং সর্ব্বপ্রকৃতিবঞ্চিতঃ।
নেচ্ছন্ননুকরোত্যজ্ঞ ক্লৈব্যাৎ ক্রীড়ামৃগো যথা॥ ৫৫॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পুরঞ্জনোপাখ্যানে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৫ ॥ * ॥

অন্বয়ঃ।

শৃণ্বন্ত্যাং শৃণোতি, পশ্যন্ত্যাং অনুপশ্যতি; জিঘ্রন্ত্যাং চ জিঘ্রতি তথা স্পৃশন্ত্যাং চ ক্বচিৎ স্বয়মেব স্পৃশতি॥

তথা জায়াং শোচতীং ক্বচিৎ স্বয়মপি দীনবৎ অনুশোচতি; হৃষ্যন্ত্যাং তস্যাং অনুহৃষ্যতি তথা মুদিতাং তাং অনুমোদতে চ॥ ৫৪॥

এবং মহিষ্যা বিপ্রলব্ধঃ জড়ীকৃতঃ সর্ব্বপ্রকৃতিবঞ্চিতঃ স্বভাবপ্রচ্যুতঃ, ক্লৈব্যাৎ কামপারবশ্যাৎ, ন ইচ্ছন্ অপি ক্রীড়ামৃগঃ বানরঃ, যথা তথা অজ্ঞঃ সঃ পুরঞ্জনঃ সর্ব্বং ভার্য্যাকৃতং কর্ম্ম এব অনুকরোতি॥ ৫৫॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চবিংশোঽধ্যায়॥

শ্রীধরস্বামী।

সর্ব্বা অসঙ্গত্বাদিলক্ষণা প্রকৃতিঃ স্বভাবো বঞ্চিতা যস্য সর্ব্বয়া প্রকৃত্যা বঞ্চিত ইতি বা। নেচ্ছন্ অনিচ্ছন্। ক্লৈব্যাৎ পারবশ্যাৎ॥ ৫৫॥

॥ * ॥ ইতি চতুর্থে পঞ্চবিংশঃ ॥ * ॥

আসতীং আসীনাং॥ ৫৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আসতীমাসীনাং॥ ৫৪॥

বিশেষেণ প্রকর্ষেণ এবমনেন প্রকারেণ লব্ধঃ প্রাপ্তঃ। সর্ব্বয়া প্রকৃত্যা স্বভাবেন জ্ঞানা-

তাঁহার অবলোকন কার্য্য সাধিত হইয়া থাকে। বনিতা যখন গন্ধ গ্রহণ করেন বা স্পর্শানুভব করেন, তখন তত্রত্য পুরুষেরও গন্ধগ্রহণ এবং স্পর্শানুভূতি হইয়া থাকে॥

জায়ার শোকাকুলতায় স্বামী কাতরভাবে শোক প্রকাশ করেন; এবং হর্ষে হর্ষ ও আনন্দে আনন্দ প্রকাশ করিয়া থাকেন॥ ৫৪॥

হে নরেন্দ্র! রাজা পুরঞ্জন এই প্রকারে মহিষীকর্ত্তৃক প্রলোভিত হইয়া, স্বকীয় স্বভাবকে সম্পূর্ণ বিস্মৃত হন; এবং কৌতুক প্রদর্শনার্থ শিক্ষিত বানরের

নারদ উবাচ ॥

স একদা মহেষ্বাসো রথং পঞ্চাশ্বমাশুগং।

অন্বয়ঃ।

নারদঃ উবাচ। একদা সঃ মহেষ্বাসঃ (মহান্ ইষ্বাসঃ ধনুঃ কর্ত্তৃত্বভোক্তৃত্বাদ্যভিনিবেশঃ যস্য সঃ) পুরঞ্জনঃ পঞ্চাশ্বং (পঞ্চ অশ্বাঃ জ্ঞানেন্দ্রিয়াণি যস্য তৎ) আশুগং শীঘ্রগামিনং, দ্বীশং (দ্বে ঈশে দণ্ডিকে অহন্তামমতে যস্য তৎ) দ্বিচক্রং (দ্বে চক্রে পুণ্যপাপে যস্য তৎ) একাক্ষং

শ্রীধরস্বামী।

ষড়্বিংশে মৃগয়াব্যাজাৎ স্বপ্নজাগরণোক্তিভিঃ।

সদ্বুদ্ধিত্যাগযোগাভ্যাং সংসৃতিঃ সা প্রপঞ্চ্যতে ॥ * ॥

তদেবমাত্মন উপাধিকৃতাং সুষুপ্ত্যবস্থাং জাগ্রদবস্থাং চোক্ত্বা ইদানীং স্বপ্নাবস্থামাহ স এক-দেতি দশভিঃ। মহানিষ্বাসো ধনুঃ কর্ত্তৃত্বভোক্তৃত্বাদ্যভিনবেশো যস্য সঃ। রথমারুহ্য পঞ্চ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

নন্দাদিরূপয়া বঞ্চিত স্ত্যাজিতঃ। নেচ্ছন্ একেন স্বস্বভাবেন বস্তুতস্ত তদনিচ্ছন্নপি ক্লৈব্যাৎ পারবশ্যপ্রাপকাদপরস্মাৎ স্বভাবাৎ অনুকরোতি তদ্ধর্ম্মমাত্মন্যধিদধাতি ॥ ৫৫ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

চতুর্থে পঞ্চবিংশোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ধার্ম্মিকস্যাপি জীবস্য দৈবাত্তামসভাবতঃ।

ষড়্বিংশে সদ্বিষয়স্ত্যাগঃ পুনঃ প্রাপ্তিশ্চ বর্ণ্যতে ॥ * ॥

ধার্ম্মিকস্য বিবেকিনোঽপি জীবস্য কদাচিদ্দৈববশাত্তামসভাবোদ্গমেনাবিবেকতো নিষিদ্ধ-বিষয়াসক্তিঃ স্যাদিতি দর্শয়ন্ বিষয়লৌল্যাতিরেকার্থমেব দেহং রথরূপত্বেন বর্ণয়তি স

ন্যায়, পুরঞ্জন সেই ললনার বশতাপন্ন স্বীকার করত, অনিচ্ছা সত্ত্বেও সকল কার্য্য করিয়া থাকেন ॥ ৫৫ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত পঞ্চবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

নারদ বলিলেন, হে রাজন্! এক দিবস পুরঞ্জন একটী ভীষণ শরাসন হস্তে লইয়া, ঈশদ্বয়-সমন্বিত ত্রিধ্বজ পঞ্চবন্ধনযুক্ত পঞ্চঅশ্ববিশিষ্ট অতিদ্রুত-

আভাস।

ষড়্বিংশ অধ্যায়ে মৃগয়াচ্ছলে স্বপ্ন ও জাগ্রত অবস্থার উল্লেখের দ্বারা জীবের সংসারক্রম বর্ণিত হইয়াছে ॥

জীব ধার্ম্মিক ও বিবেকী হইলেও দৈবযোগে তামসিক ভাবের উপস্থিতিতে অবিবেক বশত যেরূপে নিষিদ্ধ বিষয়ের সংসর্গ ও তাহাতে তাহার আসক্তি জন্মে, তাহারই প্রতীতি করাইবার জন্য এস্থলে দেহকে রথরূপে ব্যাখ্যা করত গ্রন্থকার উক্ত প্রণালীকে পরিস্ফুট করিয়াছেন। উপনিষদে উক্ত আছে, "আত্মানং রথিনংবিদ্ধি শরীরং রথমেব তু, বুদ্ধিন্তু সারথিং বিদ্ধি মনঃ

ঈশং দ্বিচক্রমেকাক্ষং ত্রিবেণুং পঞ্চবন্ধুরং ॥ ১ ॥
একরশ্ম্যেকদমনমেকনীড়ং দ্বিকূবরং।

অন্বয়ঃ।

(একং প্রধানং অক্ষঃ যস্য তৎ) ত্রিবেণুং (ত্রয়ঃ গুণাঃ বেণবঃ ধ্বজাঃ যস্য তৎ) পঞ্চবন্ধুরং (পঞ্চপ্রাণাঃ বন্ধুরাণি বন্ধনানি যস্য তৎ) রথং ॥ ১ ॥

একরশ্মি (একং মনঃ রশ্মিঃ প্রগ্রহঃ যস্য তৎ) একদমনং (একা বুদ্ধিঃ দমনঃ সারথিঃ যস্য তৎ) একনীড়ং (একং হৃদয়ং নীড়ং উপবেশস্থানং যস্মিন্ তৎ) দ্বিকূবরং (দ্বৌ শোকমোহৌ কূবরৌ যুগবন্ধনস্থানং যস্য তৎ) পঞ্চপ্রহরণং (পঞ্চানাং শব্দাদীনাং বস্তূনাং প্রহরণং প্রক্ষেপঃ

শ্রীধরস্বামী।

প্রস্থং বনমগাদিতি তৃতীয়েনান্বয়ঃ। রথং তদানীমেব বিপ্লুতং স্বপ্নদেহং জাগ্রদ্দেহস্য শক্ত-সম্বংসরোপভোগ্যপুরত্বেনোক্তত্বাৎ। পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণ্যশ্বা যস্য। আশুগং শীঘ্রগতিং। দ্বে অহন্তামমতে ঈশে দণ্ডিকে যস্য দ্বে পুণ্যপাপে চক্রে যস্য। একং প্রধানমক্ষো যস্য। ত্রয়ো-গুণা বেণবো ধ্বজা যস্য। পঞ্চপ্রাণাঃ বন্ধুরাণি বন্ধনানি যস্য ॥ ১ ॥

একং মনো রশ্মিঃ প্রগ্রহো যস্য। একা বুদ্ধির্দমনঃ সূতো যস্য তঞ্চ তঞ্চ। একং হৃদয়ং নীড়ং রথিন উপবেশস্থানং যস্মিন্ দ্বৌ শোকমোহৌ কূবরৌ যুগবন্ধনস্থানং যস্য। পঞ্চ শব্দা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একৈকস্মিন সময়ে রথমারুহ্য পঞ্চপ্রস্থং বনমগাদিতি তৃতীয়েনান্বয়ঃ। মহানিশ্বাসো ধনুঃ কর্তৃত্ব-ভোক্তৃত্বাভিনিবেশো যস্য সঃ পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণ্যশ্বা যস্য আশুগং শীঘ্রগতিং। দ্বে অহন্তামমতে ঈশে দণ্ডিকে যস্য দ্বে পুণ্যপাপে চক্রে যস্য একং প্রধানমক্ষো যস্য ত্রয়োগুণা বেণবো ধ্বজা যস্য পঞ্চপ্রাণা বন্ধুরাণি নিবন্ধনানি যস্য একং মনোরশ্মিঃ প্রগ্রহো যস্য সঃ।

গামী দ্বিচক্র এবং একাক্ষ রথে আরোহণ পূর্ব্বক মৃগয়ার্থ বনে গমন করিলেন ॥ ১ ॥

পুরঞ্জনের রথে একজন সারথি একটী প্রগ্রহ হস্তে লইয়া, রথকে চালাইতে ছিল। তাহাতে একজন মাত্র রথির উপবেশন স্থান ছিল; তাহাতে যুগন্ধর

আভাস।

প্রগ্রহমেব চ। ইন্দ্রিয়াণি হয়ানাহুর্বিষয়াং স্তেষু গোচরান্, আত্মেন্দ্রিয়মনোযুক্তং ভোক্তে-ত্যাহু র্মনীষিণঃ॥” আত্মস্বরূপ জীবচৈতন্য দেহরূপ রথে আরোহণ পূর্ব্বক, বিষয়পথে বিচরণ করিয়া থাকেন। তৎকালে ইন্দ্রিয়গণ রথের অশ্বরূপে, বুদ্ধি সারথিরূপে এবং সংকল্প-বিকল্পাত্মক মন অশ্বের প্রগ্রহরূপে কার্য্য করিয়া থাকে। এই শ্রুত্যুক্ত ভাবটী কার্য্যে পরিণত দেখাইবার জন্য, গ্রন্থকার এস্থলে পুরঞ্জনের রথারোহণের বৃত্তান্ত বর্ণন করিয়াছেন। পুর-স্বরূপ দেহকে যিনি রঞ্জিত করত অধিষ্ঠাতৃরূপে বিরাজ করেন, তিনিই পুরঞ্জন নামক জীবাত্মা; তিনি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়রূপ অশ্বে সংযোজিত দেহরথে আরোহণ পূর্ব্বক পঞ্চপ্রস্থ অর্থাৎ শব্দ,

পঞ্চপ্রহরণং সপ্তবরূথং পঞ্চবিক্রমং ॥ ২ ॥

হৈমোপস্করমারুহ্য স্বর্ণবর্ম্মাক্ষয়েষুধিঃ।

অন্বয়ঃ।

যস্মিন্ তৎ) সপ্তবরূথং (সপ্ত ধাতবঃ ত্বগাদয়ঃ বরূথাঃ আবরণানি যস্য তৎ) পঞ্চবিক্রমং (পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ব্যাপারাঃ বিক্রমাঃ গতিপ্রকারাঃ যস্য তৎ) ॥ ২ ॥

হৈমোপস্করং (হৈমাঃ রাজসাঃ উপস্করাঃ আভরণানি যস্য তৎ) রথং আরুহ্য স্বর্ণ র্ম্মা (স্বর্ণময়ং বর্ম্ম কবচং যস্য সঃ) অক্ষয়েষুধিঃ (অক্ষয়ঃ সদাবাণপূর্ণঃ বাসনাময়ঃ ইষুধিঃ নিষঙ্গঃ যস্য

শ্রীধরস্বামী।

দয়ো বিষয়াঃ প্রহ্রিয়ন্তে প্রক্ষিপ্যন্তে যস্মিন্ অস্য ব্যাখ্যানং ভবিষ্যতি পঞ্চেন্দ্রিয়ার্থপ্রক্ষেপ ইতি। সপ্তধাতবো বরূথা রথরক্ষণার্থং চর্ম্মাদ্যাবরণানি যস্য পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণি বিক্রমা গতিপ্রকারা যস্য ॥ ২ ॥

হৈমোপস্করং সৌবর্ণাভরণং স্বর্ণবর্ম্মা বর্ম্ম কবচং রজোগুণাবৃতঃ। অক্ষয়েষুধিঃ ইষুধি-নির্ষঙ্গঃ। অনন্তবাসনা অহঙ্কারোপাধিঃ একাদশো মনোরূপ শ্চমূনাথঃ সেনাপতি র্যস্য।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একা বুদ্ধি র্মনঃ সূতো যস্য তঞ্চ তঞ্চ। একং হৃদয়ং নীড়ং রথিন উপবেশস্থানং যত্র দ্বৌ শোকমোহৌ কূবরৌ যুগবন্ধনস্থানং যস্য পঞ্চ ইন্দ্রিয়ব্যাপারাঃ শ্রবণাদয়ঃ প্রহরণান্যস্ত্রাণি যস্য সপ্তধাতবো বরূথা রথরক্ষার্থং চর্ম্মাদ্যাবরণানি যস্য পঞ্চবিক্রমং কথাপক্ষে বিস্তৃতবিক্রমং পচি বিস্তারে। অধ্যাত্মপক্ষে পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণি বিক্রমাগমনানি যস্য। হৈমোপস্করং স্বর্ণময়-

দুইটী এবং প্রহরণ পাঁচটী; উপর্য্যুপরি সপ্ত আবরণে রথখানি আবৃত এবং রথের গমনের পথও পাঁচটী ॥ ২ ॥

সুবর্ণময় সাজ সজ্জায় সুসজ্জিত তাদৃশ রথে আরোহণ পূর্ব্বক পুরঞ্জন স্বর্ণবর্ম্মে কলেবর আবৃত করিলেন। তাঁহার তূণী নিরন্তর বাণপূর্ণ থাকিত।

আভাস।

স্পর্শ, রূপ, রস ও গন্ধ নামক পঞ্চ বিষয়রূপ অরণ্যে ভ্রমণ করিতেছেন। কর্ত্তৃত্বাভিমান ও ভোক্তৃত্বাভিমানই পুরঞ্জনের ভীষণ ধনুঃ; এবং অহঙ্কাররূপ তূণীতে অনন্ত বিষয়বাসনা নিরন্তরই বিদ্যমান রহিয়াছে। রজোগুণরূপ কর্ম্মে আবৃত হইয়া, পূর্ব্বোক্ত শরাসন ও তূণীরাদি উপকরণ সংগ্রহে পুরঞ্জন যে রথে আরোহণ করিয়াছিলেন, তাহারই স্বরূপ তিনটী শ্লোকে বর্ণিত হইয়াছে। দেহ ক্রমান্বয়ে বাল্য ও যৌবনাদি বিচিত্র অবস্থা প্রাপ্ত হয়; পরিণামের পরিবর্ত্তনে দেহ এতই দ্রুতবেগে গমন করিতেছে যে, কেহই তাহার স্বরূপ নিরূপণ করিতে পারে না। দ্রুতগামী রথের নির্দ্দিষ্ট ভূমিতে অবস্থানের কাল যেমন কোন মতেই নিরূপণ করা যায় না, সেইরূপ নিরন্তর পরিণামশীল দেহের কথঞ্চিত সম্ভাবও কোন মতে লক্ষিত হয় না। প্রতি ক্ষণ বা পলাদিতে দেহের যে কত রূপান্তর ঘটিতেছে, আপাতদর্শী

একাদশচমূনাথঃ পঞ্চপ্রস্থমগাদ্বনং ॥ ৩ ॥
চচার মৃগয়াং তত্র দৃপ্ত আত্তেষুকার্ম্মুকঃ ।

অন্বয়ঃ ।

সঃ) একাদশচমূনাথঃ (একাদশঃ মনোরূপঃ চমূনাথঃ সেনাপতিঃ যস্য সঃ পুরঞ্জনঃ) পঞ্চপ্রস্থং পঞ্চ শব্দাদয়ঃ প্রস্থাঃ সানবঃ যস্মিন্ তৎ) বনং অগাৎ গতবান্ ॥ ৩ ॥

এবং অতদর্হাং (তস্য ত্যাগস্য অযোগ্যাং) জায়াং (বিবেকবতীং বুদ্ধিং) বিহায় মৃগব্যসন-লালসঃ (মৃগে মৃগমাংসভক্ষণে বিষয়ভোগাসক্তৌ ব্যসনং স্বভাবঃ তেন লালসঃ অতিস্পৃহা

শ্রীধরস্বামী।

বাসনাময়স্য মনসঃ প্রগ্রহত্বং সংকল্পবিকল্পাত্মকস্য বৃহদ্বলত্বেন বক্ষ্যমাণস্য চমূনাথত্বমিতি বিভাগঃ পঞ্চশব্দাদয়ো বিষয়াঃ প্রস্থাঃ সানবো যস্মিন্ । বনং ভজনীয়ং দেশমগাৎ ॥ ৩ ॥

আত্তা গৃহীতা ইষবো রাগদ্বেষাদিরূপাঃ কার্ম্মুকঞ্চ ভোগাদ্যভিনিবেশরূপং যেন। জায়াং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরিচ্ছদং। অধ্যাত্মপক্ষে হৈমা হিমসম্বন্ধিন উপস্করা অতিজাড্যাদস্ফূর্ত্তয় এব পরিচ্ছদা যস্য। স্বর্ণবর্ম্মা রজোগুণকবচঃ। অক্ষয়েষুধিঃ অনন্তবাসনঃ। একাদশ চমূনাথাঃ সেনান্যো যস্য সঃ। পক্ষে একাদশো মনোরূপশ্চমূপতি র্যস্য সঃ। বাসনাহেতো র্মনসঃ প্রগ্রহত্বং সঙ্কল্পবিকল্পাত্মকস্য মনসো বৃহদ্বলত্বেন বক্ষ্যমাণস্য চমূনাথত্বমিতি বিভাগঃ। পঞ্চপ্রস্থং পঞ্চ প্রস্থসংজ্ঞং। পক্ষে পঞ্চশব্দাদিমদ্বস্তূনি প্রস্থাঃ সানবো যত্র তৎ ॥ ১—৩ ॥

মৃগয়াং পরদারগমনাদি পাপং। ইষবো রাগদ্বেষাদয়ঃ কার্ম্মুকং ভোগাভিনিবেশরূপং।

তিনি একাদশ চমূপতিকে সমভিব্যাহারে লইয়া পঞ্চপ্রস্থ বনে মৃগয়ার্থ প্রবেশ করিলেন ॥ ৩ ॥

পুরঞ্জন উৎকট মৃগয়ার উৎসাহে অতিশয় স্পৃহাযুক্ত হইয়া, তাদৃশ অবস্থায়

আভাস।

সামান্য মানবের হৃদয়ে কখনই তাহার উপলব্ধি হইতে পারে না। অহন্তা এবং মমতারূপ দণ্ডদ্বয়ের উপরই এই দেহরথ রক্ষিত; প্রধানা প্রকৃতির বিদ্যা ও অবিদ্যা নামক প্রান্তভাগে পুণ্য ও পাপ নামে দুইটী চক্র সংলগ্ন রহিয়াছে; এই চক্রদ্বয়ের ঘূর্ণনে রথ ইতস্তত বিষয়াভি-মুখে ধাবিত হইয়া থাকে। সত্ত্ব, রজঃ ও তমোগুণই এই রথের ধ্বজা এবং পঞ্চ প্রাণই এই রথের কলেবরকে বন্ধন করত একত্র সঙ্গত রাখিয়াছে। হৃদয়াকাশই এই রথের রথি-নিবেশস্থল; এবং অভিমানের অন্তরে উপবেশন পূর্ব্বক বুদ্ধিরূপা সারথি সংকল্পবিকল্পাত্মক মনরূপ প্রগ্রহের সাহায্যে পঞ্চ ইন্দ্রিয় নামক অশ্বপঞ্চকে চালিত করিতেছেন। শোক এবং মোহই দুই কূবর, যাহার সাহায্যে যুগপ্রান্তে অশ্বকে বন্ধন করা যায়। পঞ্চ কর্ম্মেন্দ্রিয় প্রহরীর বেশে অশ্বগণের ও রথের রক্ষণাবেক্ষণ কার্য্য করিয়া থাকে এবং রথের গতিও প্রদর্শন করায়। দেহরথখানি ত্বক্, মাংস, শোণিত, স্নায়ু, অস্থি, মজ্জা ও শুক্ররূপ সপ্ত আবরণে

বিহায় জায়ামতদর্হাং মৃগব্যসনলালসঃ ॥ ৪ ॥
আসুরীং বৃত্তিমাশ্রিত্য ঘোরাত্মা নিরনুগ্রহঃ।
ন্যহনন্নিশিতৈর্বাণৈর্বনেষু বনগোচরান্ ॥ ৫ ॥
তীর্থেষু শ্রুতিদৃষ্টেষু রাজা মেধ্যান্ পশূন্ বনে।

অন্বয়ঃ।

যস্য সঃ) দৃপ্তঃ গর্ব্বিতঃ, আত্তেষুকার্ম্মুকঃ (আত্তাঃ গৃহীতাঃ ইষবঃ বাণাঃ রাগাদিদোষাঃ কার্ম্মুকং ধনুঃ ভোগাভিনিবেশরূপং চ যেন সঃ পুরঞ্জনঃ) তত্র বনে মৃগয়াং বিষয়ান্বেষণং, চচার ॥ ৪ ॥

নিরনুগ্রহঃ কৃপারহিতঃ, ঘোরাত্মা ভয়ঙ্করস্বভাবঃ সঃ আসুরীং বৃত্তিং আশ্রিত্য নিশিতৈঃ বাণৈঃ বনেষু বনগোচরান্ মৃগান্ ন্যহনৎ (ভুক্তবান্) ॥ ৫ ॥

বনে শ্রুতিদৃষ্টেষু শাস্ত্রবিহিতেষু তীর্থেষু শ্রদ্ধাদি বিহিতকর্ম্মসু, অলং অত্যর্থং, লুব্ধঃ রাগী,

শ্রীধরস্বামী।

বিবেকবতীং বুদ্ধিং বিহায় অতদর্হাং ত্যাগানর্হাং ত্যাগে হেতুঃ মৃগ্যন্তে ইতি মৃগাঃ বিষয়াঃ তেষু ব্যসনং ভোগাসক্তি স্তেন লালসা অতিস্পৃহা যস্য ॥ ৪ ॥

বাণৈ রাগাদিভিঃ বনেষু ভজনীয়বিষয়ান্ ন্যহনৎ ভজনীয়দেশাদাত্মসাং কৃতবান্ কথা-পক্ষে তু স্পষ্টমেব ॥ ৫ ॥

নম্বাসুরীং বৃত্তিমাশ্রিত্যেতি কিমিতি মৃগয়া নিন্দ্যতে। কথাপক্ষে তাবদ্রাজ্ঞো বিহিতৈব সা। অধ্যাত্মপক্ষেঽপি জীবস্য বিষয়ভোগো বিহিত এবেত্যাশঙ্ক্যাহ তীর্থেষ্বিতি ত্রিভিঃ। অয়ং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জায়াং ধর্ম্মশীলাং বুদ্ধিং ॥ ৪ ॥

ন্যহনন্নিতি বাণাদিকরণকহিংসাদিপাপং কৃতবানিত্যর্থঃ ॥ ৫ ॥

নন্থ কথাপক্ষে রাজ্ঞো মৃগয়া বিহিতৈব অধ্যাত্মপক্ষেঽপি জীবস্য ভোক্তৃত্বাদ্বিষয়ভোগ

পতিপ্রাণা পত্নীকে পরিত্যাগ পূর্ব্বক শরাসন হস্তে নিতান্ত গর্ব্বিতের ন্যায় সেই বনে মৃগয়া করিতে লাগিলেন ॥ ৪ ॥

মৃগয়ার অনুরোধে আসুরিক বৃত্তিকে অবলম্বন করিয়াছিলেন; সুতরাং নিতান্ত নির্দ্দয় ও পাষাণ-হৃদয়ের ন্যায়, বনচর নিরীহ মৃগকুলকে সেই বনমধ্যে শানিত বাণপ্রহারে নিহত করিতে আরম্ভ করিলেন ॥ ৫ ॥

রাজন্যবর্গের পক্ষে মৃগয়া করিবার ব্যবস্থা থাকিলেও যথেচ্ছাচারের প্রশ্রয়

আভাস।

আবৃত। স্বর্ণভূষণে ভূষিত বলায়, রজোগুণেরই পরিচয় দেওয়া হইয়াছে। দশবিধ ইন্দ্রিয় ও এক মন, এই একাদশপ্রকারের বৃত্তিসমূহই এখানে একাদশ সম্প্রদায় সৈন্যগ্রাম, যাহারা রথকে বেষ্টন করিয়া থাকে, বলা হইয়াছে। পুরঞ্জন জীব এইরূপ সমাবেশে পরিবেষ্টিত হইয়া, সংসারারণ্যে ভোগ্য বিষয়রূপ মৃগের অনুসন্ধানে মৃগয়া করিতে থাকেন ॥ ১—৩ ॥

যাবদর্থমলংলুব্ধো হন্যাদিতি নিয়ম্যতে ॥ ৬ ॥
য এবং কর্ম্ম নিয়তং বিদ্বান্ কুর্ব্বীত মানবঃ।

অন্বয়ঃ।

চেৎ যাবদর্থং যথাবশ্যকং, এব মেধ্যান্ পশূন্ হন্যাৎ ইতি নিয়ম্যতে প্রবৃত্তিঃ সংকোচ্যতে ॥৬॥

অতঃ যঃ মানবঃ এবং বিদ্বান্ নিয়মমাত্রং ইতি জ্ঞানবান্, নিয়তং কর্ম্ম কুর্ব্বিত সঃ তেন

শ্রীধরস্বামী।

ভাবঃ। নহি মৃগয়া বিধীয়তে রাগপ্রাপ্তত্বাৎ। কিন্তু নিয়ম্যতে প্রবৃত্তিঃ সঙ্কোচ্যতে। নিয়মমেব ষড়্‌বিধং দর্শয়তি। যদি অলমত্যর্থং লুব্ধো রাগী সন্ হন্যাৎ তর্হি তীর্থেষু শ্রাদ্ধাদিষ্বেব। তত্রাপি শ্রুতিদৃষ্টেষু প্রখ্যাতেষ্বেব ন নিত্যশ্রাদ্ধাদিষু তত্রাপি রাজ্ঞৈব মেধ্যানেব বন এব যাবদুপযোগমেবেতি। এবং জীবস্য বিষয়সেবাপি যাবদুপযোগং ন যথেষ্টমিতি নিয়ম এবেত্যর্থঃ ॥ ৬ ॥

অতোঽনাবশ্যকত্বমিত্যাহ য ইতি। এবং নিয়তং কর্ম্ম বিদ্বান্ তেনেত্যুপলক্ষণং তেনান্যেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উচিত এবেতি কিমিতি নিন্দ্যত ইত্যত আহ তীর্থেষ্বিতি ত্রিভিঃ। অয়ং ভাবঃ নহি মৃগয়া বিধীয়তে রাগপ্রাপ্তত্বাৎ কিন্তু নিয়ম্যতে প্রবৃত্তিঃ সঙ্কোচ্যতে। নিয়মমেব ষড়্‌বিধং দর্শয়তি যদ্যলমত্যর্থং লুব্ধো রাগী সন্ হন্যাৎ তর্হি তীর্থেষু শ্রাদ্ধাদিষ্বেব। তত্রাপি শ্রুতিদৃষ্টেষু প্রখ্যাতেষ্বেব ন নিত্যশ্রাদ্ধাদিষু তত্রাপি রাজ্ঞৈব মেধ্যানেব বন এব যাবদুপযোগমেবেতি এবং জীবস্য বিষয়সেবাপি যাবদুপযোগমেব ন যথেষ্টমিত্যভ্যনুজ্ঞারূপো নিয়ম এবেত্যর্থঃ ॥ ৬ ॥

কোথায়ও দেখিতে পাওয়া যায় না। বেদবিহিত শ্রাদ্ধাদি ও নৈমিত্তিক কর্ম্মের উপলক্ষে যজ্ঞের উপযোগী মেধ্য পশু প্রয়োজন মত রাজা বধ করিতে পারেন; কিন্তু লোভপরবশ হইয়া, যেন প্রয়োজনের অধিক বধ না করেন; এইরূপ ব্যবস্থা শাস্ত্রে বিহিত আছে ॥ ৬ ॥

অতএব নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মের তত্ত্ব অবগত হইয়া, যে ব্যক্তি নিত্য-

আভাস।

মৃগয়াশব্দে পরদারাদি পাপকর্ম্ম, রাগদ্বেষাদিই বাণ, ভোগাভিনিবেশই কার্ম্মুক ধনুঃ এবং বিবেকবতী ধর্ম্মশীলা বুদ্ধিই এখানে জায়াশব্দে অভিহিত হইয়াছে। জীব ভোগের অনুরোধে, বিবেককে বিসর্জ্জন দিয়া, বিপথে ভ্রমণ করে ॥ ৪ ॥

বাণসদৃশ রাগাদি বৃত্তির সাহায্যে আরণ্য মৃগস্থানীয় ভোগ্য বিষয়সমূহও জীব যথেচ্ছ উপভোগ করে ॥ ৫ ॥

নৃপতির পক্ষে মৃগয়া যেমন কর্ত্তব্যের মধ্যে পরিগণিত, সেইরূপ জীবের পক্ষে বিষয়-সম্ভোগ বরং কর্ত্তব্য, দূষনীয় বলিয়া কখন গণ্য হইতে পারে না, পাছে এইরূপ সন্দেহ উৎপন্ন হয়, তজ্জন্য প্রকাশ করা হইয়াছে যে, মৃগয়ার ব্যবস্থায় রাজাদিগের পশুবধের প্রবৃত্তিকে সঙ্কোচ

কর্ম্মণা তেন রাজেন্দ্র জ্ঞানেন স ন লিপ্যতে ॥ ৭ ॥
অন্যথা কর্ম্ম কুর্ব্বাণো মানারূঢ়োঽনুবধ্যতে।
গুণপ্রবাহপতিতো নষ্টপ্রজ্ঞো ব্রজত্যধঃ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

নিয়মেন (অনুষ্ঠিতেন কর্ম্মণা জাতেন) জ্ঞানেন হে রাজেন্দ্র! কর্ম্মবন্ধনৈঃ ধর্ম্মাধর্ম্মলক্ষণৈঃ ন লিপ্যতে ন নিবধ্যতে ॥ ৭ ॥

অন্যথা শাস্ত্রনিয়মোল্লঙ্ঘনেন, মানারূঢ়ঃ কর্ত্তৃত্বাভিমানবিশিষ্টঃ এব কর্ম্ম কুর্ব্বাণঃ ভবতি, সঃ তু (কর্ম্মভিঃ) অনুবধ্যতে, ততশ্চ গুণপ্রবাহপতিতঃ (গুণপ্রবাহে সংসারে পতিতঃ) অতএব নষ্টপ্রজ্ঞঃ জ্ঞানরহিতঃ, এব অধঃ নরকং, ব্রজতি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

বা কর্ম্মণৈবমনুষ্ঠিতেন যজ্‌জ্ঞানং ভবতি তেন জ্ঞানেন হেতুনা সোঽনুষ্ঠাতা ন লিপ্যতে ॥ ৭ ॥

অন্যথা নিয়মোল্লঙ্ঘনেন অন্তঃকরণশুদ্ধ্যভাবাৎ কর্ত্তৃত্বাভিমানমারূঢ়ঃ কর্ম্মভিরনুবধ্যতে ততশ্চ গুণপ্রবাহে পতিতোঽধো ব্রজতি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স তেন কর্ম্মণা ন লিপ্যতে। জ্ঞানেনেতি তৎকর্ম্মজন্যেন জ্ঞানেন হেতুনেত্যর্থঃ ॥ ৭ ॥

অন্যথা নিয়মোল্লঙ্ঘনেন অন্তঃকরণশুদ্ধ্যভাবাৎ কর্ত্তৃত্বাভিমানমারূঢ়ঃ। কর্ম্মভিরনুবধ্যতে ততশ্চ গুণপ্রবাহপতিতোঽধো ব্রজতি। তেনাধ্যাত্মপক্ষেঽপি নিষিদ্ধেতরবিষয়ভোগ এব জীবস্যোক্ত ইত্যর্থঃ ॥ ৮ ॥

কর্ম্মে সতত ব্যাপৃত থাকেন, তিনি সেই কর্ম্মানুষ্ঠানের ফলে জ্ঞান লাভ করত, পুনরায় আর সংসার-স্রোতে পতিত বা বিপন্ন হন না ॥ ৭ ॥

যাঁহারা অভিমান পূর্ব্বক কর্ম্মে অগ্রসর হন, তাঁহারা অন্তঃকরণের মালিন্য-নিবন্ধন গুণপ্রবাহে পতিত হইয়া, অধোগতি লাভ করেন, সন্দেহ নাই ॥ ৮ ॥

আভাস।

করা হইয়াছে মাত্র; তাহার প্রশ্রয় দেওয়া কখনই হয় নাই। অর্থাৎ আসক্তিবশত মৃগয়া কখন করিবে না। যে ছয় প্রকার কারণের অনুরোধে মৃগয়ার ব্যবস্থা হইয়াছে, তাহা বর্ণিত হইতেছে, যথা; শ্রাদ্ধাদির অনুরোধে মৃগয়া বিহিত; তন্মধ্যে নৈমিত্তিক শ্রাদ্ধে, নিত্য শ্রাদ্ধে নহে। রাজা ব্যতীত, অন্য কেহ মৃগয়া করিতে পারিবেন না। বনে মৃগয়া করা কর্ত্তব্য। যাজ্ঞিক পশু ব্যতীত অন্য পশুর প্রাণ হনন নিষিদ্ধ। প্রয়োজনের অতিরিক্ত পশুবধ করা কর্ত্তব্য নহে। বিষয়ভোগ সম্বন্ধে জীবের পক্ষেও এইরূপ প্রণালী অবধারণীয়। অতএব শাস্ত্রের গূঢ় তাৎপর্য্য অবধারণ পূর্ব্বক যাঁহারা এইরূপ নিত্যনৈমিত্তিকাদি কর্ম্মকলাপের অনুষ্ঠানে সমর্থ হন, তাঁহারা কখন কর্ম্মজন্য পাপে লিপ্ত হন না ॥ ৬ ॥ ৭ ॥

সুতরাং শাস্ত্রবিধিকে উল্লঙ্ঘন পূর্ব্বক কর্ত্তৃত্বের অভিমানে, যাঁহারা কর্ম্ম করিতে থাকেন,

তত্র নির্ভিন্নগাত্রাণাং চিত্রবাজৈঃ শিলীমুখৈঃ।
বিপ্লবোঽভূদ্দুঃখিতানাং দুঃসহঃ করুণাত্মনাং॥
শশান্ বরাহান্ মহিষান্ গবয়ান্ রুরুশল্যকান্।
মেধ্যানন্যাংশ্চ বিবিধান্ বিনিঘ্নন্ শ্রমমধ্যগাৎ॥ ৯॥

অন্বয়ঃ।

অত্র বনে পুরঞ্জনস্য চিত্রবাজৈঃ (চিত্রাঃ বাজাঃ পক্ষাঃ যেষাং তৈঃ) শিলীমুখৈঃ বাণৈঃ, নির্ভিন্নগাত্রাণাং (নিতরাং ভিন্নানি গাত্রাণি যেষাং তেষাং) করুণাত্মনাং দুঃসহঃ, দুঃখিতানাং মৃগাণাং বিপ্লবঃ নাশঃ, অভূৎ॥

তত শশাদীন্ মেধ্যান্ অন্যান্ চ বিবিধান্ মৃগান্ বিনিঘ্নন্ পুরঞ্জনঃ শ্রমং অধ্যগাৎ॥ ৯॥

শ্রীধরস্বামী।

প্রাসঙ্গিকং পরিসমাপ্য পুনর্মৃগয়ামেবানুবর্ণয়তি তত্রেতি। চিত্রা বাজাঃ পক্ষা যেষাং তৈ বিপ্লবো নাশঃ। করুণাত্মনাং কৃপালূনাং দুঃসহঃ॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাসঙ্গিকং পরিসমাপ্য প্রকৃতমাহ তত্রেতি বিচিত্রপক্ষৈঃ শরৈর্বিপ্লবো নাশঃ। পক্ষে বিবিধদোষযুক্তৈরিন্দ্রিয়ৈ র্বিবিধহিংসাদিপাপং। করুণাত্মনাং কৃপালূনামস্মদ্দৃশাং দুঃসহঃ। অতএব ত্বমেব প্রবোধ্যস ইতি ভাবঃ॥

শ্রমমধ্যগাদিতি ধার্ম্মিক জীবোহি কথঞ্চিদ্দৈববশাৎ কিঞ্চিৎ কালমধর্ম্মং কৃত্বা অনুতাপং প্রাপ্তঃ স্যাদিত্যর্থঃ॥ ৯॥

হে নরনাথ! পুরঞ্জন বনে প্রবেশ পূর্ব্বক বিচিত্রপক্ষ শানিত বাণের প্রহারে তত্রত্য আরণ্য পশুকুলকে এতই ছিন্ন বিচ্ছিন্ন করিয়া ফেলিলেন যে, তাহাদের আর্ত্তনাদে সমগ্র বন প্লাবিত হইয়া গেল। তথায় এমন কোন সহৃদয় ব্যক্তি ছিল না যে, তাহাদের কাতর ধ্বনি শ্রবণে মর্ম্মাহত না হইয়াছিলেন॥

শশক, বরাহ, মহিষ, গবয়, রুরুমৃগ ও শল্যকাদি মেধ্য এবং অন্যান্য বিবিধ পশু বধ করিয়া, পুরঞ্জন শ্রান্ত ও ক্লান্ত হইয়া পড়িলেন॥ ৯॥

আভাস।

তাঁহাদের চিত্ত হইতে সংসারাসক্তি কখনই বিদূরিত হয় না; সুতরাং তাঁহারা নরকে নিপতিত হন, সন্দেহ নাই॥ ৮॥

বিচিত্র শরের আঘাতে পশুকুল যেমন নির্ম্মথিত হয়, সেইরূপ বিবিধ দোষযুক্ত ইন্দ্রিয়-গ্রামের দ্বারা বিবিধ হিংসাদি পাপ জীবকর্ত্তৃক অনুষ্ঠিত হইয়া থাকে। সাধুগণ যেমন তাদৃশ আচরণে কখন অগ্রসর হন না, হে পুরঞ্জন! তুমিও কৃপাপূর্ণ সাধুর ন্যায়, আচরণ কর! মৃগয়া করিলে যেমন শ্রমজনিত বিশ্রামের প্রার্থনা হয়, সেইরূপ দৈবের বশবর্ত্তী হইয়া, জীব অধর্ম্মের অনুষ্ঠান করিলেও, পরে তাহাকে অনুতাপ করিতে হয়। পরে ক্ষুধা ও তৃষ্ণায়

ততঃ ক্ষুত্তৃট্ পরিশ্রান্তো নিবৃত্তো গৃহমেয়িবান্।
কৃতস্নানোচিতাহারঃ সংবিবেশ গতক্লমঃ ॥
আত্মানমর্হয়াঞ্চক্রে ধূপালেপস্রগাদিভিঃ।
সাধ্বলঙ্কৃতসর্ব্বাঙ্গো মহিষ্যামাদধে মনঃ ॥

অন্বয়ঃ।

ততঃ ক্ষুত্তৃট্ পরিশ্রান্তঃ (ক্ষুত্তৃড্ভ্যাং পরিশ্রান্তঃ) বনাৎ নিবৃত্তঃ গৃহমেয়িবান্ কৃতস্নানোচিতাহারঃ (কৃতং স্নানং উচিতঃ আহারঃ চ যেন সঃ) সংবিবেশ স্বাসনং উপবিষ্টঃ, পুরঞ্জনঃ গতক্লমঃ শ্রমরহিতঃ, জাতঃ ॥

ধূপালেপস্রগাদিভিঃ (আলেপশ্চন্দনং) আত্মানং অর্হয়াঞ্চক্রে। তথা সাধু যথা স্যাৎ তথা অলঙ্কৃতসর্ব্বাঙ্গঃ সন্ (ভোজনেন) সুতৃপ্তঃ, অতএব হৃষ্টঃ দৃপ্তঃ গর্ব্বিতঃ, কন্দর্পাকৃষ্টমানসঃ

শ্রীধরস্বামী।

তদেবং স্বপ্নাবস্থা দর্শিতা। ইদানীং পুনরপি বিবেকবত্যা বুদ্ধ্যা রমমাণস্য পুত্রাদিসন্ততিং প্রপঞ্চয়িষ্যন্ কথাসৌন্দর্য্যায় তস্যাঃ প্রণয়কুপিতায়াঃ অনুনয়ং প্রস্তাবসহিতমাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্ষুত্তৃট্ পরিশ্রান্ত ইতি কৃতানাং দুষ্কৃতানাং স্মরণব্যাকুল ইত্যর্থঃ। নিবৃত্ত ইতি পাপেভ্যো বিরত ইত্যর্থঃ। গৃহমেয়িবানিত্যধর্ম্মমর্য্যাদাং বিহায় পুন র্ধর্ম্মমর্য্যাদায়াং স্থাতুমিয়েষেত্যর্থঃ। কৃতস্নান ইতি ব্রাহ্মণানামন্ত্র্য পাপপ্রায়শ্চিত্তং কৃতবানিত্যর্থঃ। উচিতাহারঃ মাংসমদিরাদ্যশুচিভক্ষণং তত্যাজেত্যর্থঃ। সংবিবেশ কিঞ্চিৎ স্থিরীবভূবেত্যর্থঃ ॥

আত্মানমর্হয়াঞ্চক্র ইতি সাধূন্ মুনীন্ বিদ্বিষশ্চ সম্মানানীয় তৈঃ স্বান্তঃকরণং শোধয়ামাসেত্যর্থঃ। কৈঃ ধূপাদিভিরিতি ধর্ম্মজ্ঞানবৈরাগ্যাদি নানোপাখ্যানোপদেশৈঃ। সাধ্বলঙ্কৃতসর্ব্বাঙ্গ ইতি শাস্ত্রানুসরণীকৃতসর্ব্বচিত্তবৃত্তিক ইত্যর্থঃ। মহিষ্যামিতি পূর্ব্বাবস্থাপ্রাপ্তায়াং ধর্ম্মশীলায়াং স্ববুদ্ধাবিত্যর্থঃ ॥

তখন ক্ষুধা ও পিপাসায় কাতর হইয়া, পুরঞ্জন পশুহনন ব্যাপার হইতে প্রতিনিবৃত্ত হইলেন এবং গার্হস্থ ধর্ম্মে মনোনিবেশ পূর্ব্বক স্নান ও আহারাদির দ্বারা শ্রান্তিদূর করিলেন ॥

গন্ধদ্রব্য, চন্দন ও মাল্যাদি ধারণে সুসজ্জিত হইলেন এবং বিবিধ অলঙ্কার পরিধানে সুবেশিত হইয়া, মনে মনে পত্নীর অনুসন্ধান করিতে লাগিলেন।

আভাস।

কাতর হইবার ন্যায়, দুষ্কৃতির স্মরণে জীবের হৃদয়ে উৎকণ্ঠা ও ব্যাকুলতার উদয় হয়। তখন পাপ কর্ম্ম হইতে সে প্রতিনিবৃত্ত হয় এবং পুনরায় ধর্ম্মানুষ্ঠানে নিরত হইয়া, পুরঞ্জনের স্নান করিবার ন্যায়, ধর্ম্মোপদেষ্টা ব্রাহ্মণাদিকে আহ্বান করত জীব প্রায়শ্চিত্তার্থ অগ্রসর হয়।

দৃপ্তো হৃষ্টঃ সুতৃপ্তশ্চ কন্দর্পাকৃষ্টমানসঃ ॥ ১০ ॥
ন ব্যচষ্ট বরারোহাং গৃহিণীং গৃহমেধিনীং।
অন্তঃপুরস্ত্রিয়োঽপৃচ্ছদ্বিমনা ইব বেদিষৎ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

(কন্দর্পেণ কামেন আকৃষ্টং মানসং যস্য সঃ পুরঞ্জনঃ) মহিষ্যাং বিবেকবত্যাং বুদ্ধৌ, মনঃ আদধে (তাং অন্বেষিতবান্) ॥ ১০ ॥

কিন্তু অন্বেষমাণোঽপি গৃহমেধিনীং বরারোহাং সুন্দরীং, গৃহিণীং (সাত্ত্বিকীং বুদ্ধিং) ন ব্যচষ্ট ন অপশ্যৎ। তদা হে বেদিষৎ প্রচীনবর্হিঃ! সঃ পুরঞ্জনঃ বিমনাঃ ইব অন্তঃপুরস্ত্রিয়ঃ (বুদ্ধিপরিচারিণ্যঃ ইন্দ্রিয়বৃত্তয়ঃ) অপৃচ্ছৎ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

তত ইত্যারভ্য যাবদধ্যায়সমাপ্তি। আ ঈয়িবান্ আগতঃ কৃতং স্নানমুচিতাহারশ্চ যেন। সংবিবেশ শয্যামাশ্রিতঃ ॥ ১০ ॥

গৃহমেধিনীং সাত্ত্বিকীং বুদ্ধিং রাজস্যাং বুদ্ধ্যাং বর্ত্তমানো নাপশ্যৎ। বেদিষৎ হে প্রাচীনবর্হিঃ! অন্তঃপুরস্ত্রিয়ঃ তৎসখীঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৃপ্ত ইত্যাদিনা অধর্ম্মসংস্কারাপগম উক্তঃ। কন্দর্পাকৃষ্টমানস ইতি পূর্ব্বদশাবর্ত্তিনীং ধর্ম্মনিষ্ঠাবতীং বুদ্ধিং যুবতিমিব প্রাপ্তুমত্যুৎসুক ইত্যর্থঃ। ন ব্যচষ্টেতি কথাপক্ষে মৃগয়া-ব্যাজেন বনং গত্বা কামপি কামিনীং রময়ামাসেতি পুরঞ্জনী মানিনী বভূবেতি হেতোরিতি ভাবঃ। অধ্যাত্মপক্ষে আগন্তুকপাপকৃতমালিন্যস্য নিঃশেষানপগমাৎ প্রাক্তনী ধর্ম্মপ্রযোজিকা বুদ্ধিরীপ্সিতাপি ন শীঘ্রমাবির্ভবেদিত্যেব বিবক্ষিতং ॥ ১০ ॥

বেদিষৎ হে প্রাচীনবর্হিঃ সেশ্বরীণাং স্বামিনীসহিতানাং। এতর্হি ইদানীং তাং বিনেত্যর্থঃ। পক্ষে অন্তঃপুরস্ত্রীঃ অন্তঃকরণবৃত্তীঃ পূর্ব্বদশাবস্থা ধর্ম্মপ্রবর্ত্তিনী মনাক্ প্রাদুর্ভূতা বীক্ষ্য

কারণ অলঙ্কারাদি ধারণে ও উত্তম ভোজনে সন্তুষ্ট, তৃপ্ত ও গর্ব্বিত হওয়ায়, তৎকালে তাঁহার মনোমধ্যে কামভাবের উদ্দীপনা হইয়াছিল ॥ ১০ ॥

কিন্তু দুঃখের মধ্যে এই যে, তৎকালে তিনি স্বকীয়া ধর্ম্মপত্নীকে আর তখন কোথায়ও অনুসন্ধান করিয়া দেখিতে পাইলেন না। তখন হে প্রাচীনবর্হি! সেই পুরঞ্জন নিতান্ত ব্যথিতচিত্তে অন্তঃপুরচারিণী অন্যান্য বনিতাগণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ১১ ॥

আভাস।

ক্রমশ মাংসমদ্যাদি আসুরিক ভোজনে প্রতিনিবৃত্ত হয় এবং পুরঞ্জনের পুরপ্রবেশের ন্যায়, জীব স্থৈর্য্যভাব ধারণ করে। তখন ধর্ম্ম, জ্ঞান ও বৈরাগ্যাদি বিবিধ অলঙ্কারে সজ্জিত হইয়া, জীব বিবেকবতী বুদ্ধির সমীপে অগ্রসর হইতে বাসনা করে ॥ ৯ ॥ ১০ ॥

অপি বঃ কুশলং রামাঃ সেশ্বরীণাং যথা পুরা।
ন তথৈতর্হি রোচন্তে গৃহেষু গৃহসম্পদঃ ॥ ১২ ॥
যদি ন স্যাদ্ গৃহে মাতা পত্নী বা পতিদেবতা।
ব্যঙ্গে রথ ইব প্রাজ্ঞঃ কো নামাসীদদীনবৎ ॥
ক্ব বর্ত্ততে সা ললনা মজ্জন্তং ব্যসনার্ণবে।
যা মামুদ্ধরতি প্রজ্ঞাং দীপয়ন্তী পদেপদে ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

হে রামাঃ! সেশ্বরীণাং স্বামিনীসহিতানাং, বঃ যুষ্মাকং, কিং কুশলং অস্তি? যতঃ পুরা পূর্ব্বং, গৃহসম্পদঃ যথা অরোচন্তঃ তথা এতর্হি ইদানীং, গৃহেষু গৃহসম্পদঃ ন রোচন্তে ॥ ১২ ॥

যদি মাতা পতিদেবতা পতিব্রতা, পত্নী বা গৃহে ন স্যাৎ তদা ব্যঙ্গে গমনহেতুচক্রাদাঙ্গ-রহিতে, রথে ইব (স্থিতো অপি যথা দৈন্যং ভবতি) তথা কঃ নাম প্রাজ্ঞঃ তত্র অদীনবৎ ভবতি॥

অতঃ ব্যসনার্ণবে দুঃখসাগরে. মজ্জন্তং মাং পদে পদে ক্ষণে ক্ষণে মম প্রজ্ঞাং দীপয়ন্তী যা মাং উদ্ধরয়তি সা ললনা ক্ব বর্ত্ততে ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

সেশ্বরীণাং স্বামিনীসহিতানাং। যথা পুরেত্যাদি পৃথগ্বাক্যং ॥ ১২ ॥

ব্যঙ্গে চক্রাদিহীনে ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরামমর্শ। হন্তৈতাদৃশ্যএব মম বুদ্ধিবৃত্তয়ো যদি সাংপ্রতিকপাপসংস্কারেণোচ্ছিদ্যমানাঃ স্থিরাঃ স্যুস্তদৈব মমোদ্ধার ইতি কুশলপ্রশ্নস্যার্থঃ। ননু বিষয়ভোগেন সুখী ভব কিং তে ধর্ম্মেণেত্যত আহ। এতর্হি ইদানীং নিষিদ্ধবিষয়া ন রোচন্তে ॥ ১১ ॥ ১২ ॥

মাতা বিষ্ণুভক্তিঃ। পত্নী ধর্ম্মশীলা বুদ্ধিঃ। ব্যঙ্গে চক্রাদিহীনে॥

ক্ব বর্ত্তত ইতি বুদ্ধিবৃত্তয় এব কাশ্চন কাশ্চন নানুভূয়ন্তে নতু বস্তুতঃ সা বুদ্ধিরিতি মনসি খিদ্যতি স্ম ॥ ১৩ ॥

হে রমণীগণ! তোমাদের এবং তোমাদের গৃহকর্ত্রীর মঙ্গল ত? দেখ! মৃগয়াতে যাইবার পূর্ব্বে পুরীস্থ যাবতীয় সম্পত্তিতে আমার যেরূপ প্রীতি বোধ হইতেছিল, সম্প্রতি গৃহে প্রত্যাগমন করিয়া, আমার সেরূপ প্রীতি কোন পদার্থেই অনুভূত হইতেছে না ॥ ১২ ॥

অহো! জননী বা পতিব্রতা পত্নী যদি গৃহে না থাকে, তবে কোন্ বুদ্ধি-মান্ ব্যক্তি গৃহে শান্তিলাভ করিতে পারেন? যেমন চক্রহীন রথে কোন উপকার হয় না, সেইরূপ জননী বা পত্নীহীন গৃহস্থাশ্রমে কোনরূপ ফল লাভ হয় না।

যিনি স্বীয় প্রজ্ঞাবলে প্রতিপদে আমার প্রজ্ঞাকে উদ্দীপিত করিয়া, আমাকে

রামা উচুঃ ॥

নরনাথ ন জানীম ত্বৎপ্রিয়া যদ্ব্যবস্যতে ।

ভূতলে নিরবস্তারে শয়ানাং পশ্য শক্রহন্ ॥ ১৪ ॥

অন্বয়ঃ ।

রামাঃ উচুঃ । হে নরনাথ ! ত্বৎপ্রিয়া যৎ ব্যবস্যতে নিশ্চিনোতি, তৎ বয়ং ন জানীমঃ । হে শক্রহন্ ! নিরবস্তারে আস্তরণরহিতে, ভূতলে শয়ানাং তাং পশ্য ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী ।

নিরবস্তারে আস্তরণহীনে ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

নিরবস্তারে আস্তরণরহিতে । পক্ষে তস্য হৃদয়মেব তস্যাঃ পুষ্পপর্য্যঙ্ক স্তস্মাদ্বিচ্যুতিরেব তস্যাঃ সম্বুদ্ধে নি'রবস্তারে ভূতলে শয়নং । শক্রহন্ হে বীর ! পক্ষে ত্যক্তপাপ ॥ ১৪ ॥

উদ্ধার করিতেন সেই বামলোচনা বুদ্ধিমতী ললনা এক্ষণে এই ঘোর দুঃখসাগরে নিপাতিত করিয়া, আমার অজ্ঞাতসারে কোথায় অবস্থান করিতেছেন ? ॥১৩ ।

রমণীগণ বলিলেন, হে নরনাথ ! আপনার প্রেয়সীর মনোগত অভিপ্রায় আমরা কিছুই অবগত নহি । হে শক্রনিসূদন ! ঐ দেখুন ! তিনি ভূমি-শয্যায় পতিত রহিয়াছেন ॥ ১৪ ॥

আভাস ।

দেবর্ষি নারদ প্রাচীনবর্হিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে মহারাজ ! পুরঞ্জন পুরীস্থ যে মহিলাগণকে কুশল প্রশ্ন করিয়াছিলেন, তাঁহারা বুদ্ধিরই বৃত্তি সমুদায় । পূর্ব্বের ন্যায় ধর্ম্মের পথ প্রশস্ত করত তাঁহাদিগকে প্রাদুর্ভূ'তা হইতে দেখিয়া, মনে মনে বিবেচনা করিলেন যে, এই সমস্ত বুদ্ধিবৃত্তি পাপসংস্কারের দ্বারা নষ্টপ্রায় হইয়াও যখন এখনও প্রতীত হইতেছে, তখন ইহারা সুস্থির থাকিলে, আমার উদ্ধারের বিশেষ সম্ভাবনা । এখন আমার বিষয়ভোগেও আর প্রবৃত্তি জন্মিতেছে না । কারণ বিষয়েও পূর্ব্ববৎ আনন্দ আর অনুভূত হয় না । বিষ্ণুভক্তিই জীবের মাতৃস্থানীয়া এবং ধর্ম্মশীলা বুদ্ধিই পতিব্রতা পত্নী । এই পত্নীর আনুকূল্যে জীব ধর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকে । সম্প্রতি পুরঞ্জন বৃত্তিসকলকে দর্শন করিলেও মূলা বুদ্ধি'কে যেন অবলোকন করিতে পান নাই, তজ্জন্যই তাঁহার অন্বেষণ করিতেছিলেন ॥ ১১—১৩ ॥

পুরঞ্জনের হৃদয়ই বুদ্ধির পুষ্পপর্য্যঙ্ক ; সুতরাং হৃদয়ে স্থান না পাওয়াতেই, বুদ্ধির ভূমিতে শয়ন স্বীকার করিতে হইবে । শক্রহন্ বলিয়া পুরঞ্জনকে সম্বোধন করায়, তাঁহার তাৎকালিক নিষ্পাপত্বেরই পরিচয় দেওয়া হইয়াছে ॥ ১৪ ॥

জীব বিষয়ভোগের অনুরোধে সাত্ত্বিকী বুদ্ধিকে নিজেই পরিত্যাগ করিয়া, যখন দুর্গতি-গ্রস্ত হয়, তখন অনুতাপ করে । এবং তাদৃশ পাপচিন্তা কেন উপস্থিত হইয়াছিল, তজ্জন্য কারণ অনুসন্ধান করে । এবং পুনরায় ভোগের অনুরোধে তাদৃশী বুদ্ধিকে পরিত্যাগ করিবে

পুরঞ্জনঃ স্বমহিষীং নিরীক্ষ্যাবধুতাং ভুবি।
তৎসঙ্গোন্মথিতজ্ঞানো বৈক্লব্যং পরমং যযৌ॥ ১৫॥
সান্ত্বয়ন্ শ্লক্ষ্ণয়া বাচা হৃদয়েন বিদূয়তা।
প্রেয়স্যাঃ প্রেমসংরম্ভলিঙ্গমাত্মনি নাধ্যগাৎ॥ ১৬॥

অন্বয়ঃ।

স্বমহিষীং ভুবি অবধুতাং ত্যক্তদেহাদরাং, পতিতাং নিরীক্ষ্য পুরঞ্জনঃ তৎসঙ্গোন্মথিতজ্ঞানঃ (তৎসঙ্গেন উন্মথিতজ্ঞানঃ সন্) পরমবৈক্লব্যং ব্যাকুলতাং, যযৌ প্রাপ॥ ১৫॥

তদা চ বিদূয়তা কম্পমানেন, হৃদয়েন শ্লক্ষ্ণয়া মধুরয়া, বাচা সান্ত্বয়ন্ প্রেয়স্যাঃ প্রেমসংরম্ভ-লিঙ্গং (প্রেমসংরম্ভস্য প্রণয়কোপস্য লিঙ্গং কারণং) আত্মনি ন অভ্যগাৎ ন জ্ঞাতবান্॥ ১৬॥

শ্রীধরস্বামী।

অবধুতাং ত্যক্তদেহাদরাং। তৎসঙ্গেনোন্মথিতং ব্যাকুলং জ্ঞানং চিত্তং যস্য॥ ১৫॥

প্রেমসংরম্ভঃ প্রণয়কোপঃ তস্য লিঙ্গং কুটিলদৃষ্ট্যাদি স্বস্মিন্নলব্ধবান্॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবধুতাং ত্যক্তদেহাদরাং। পক্ষে স্বেনৈব স্বহৃদয়াৎ চ্যাবিতত্বাৎ খণ্ডিতাং নিরীক্ষ্য হন্ত মমৈবায়ং মহাপরাধ ইতি বিচার্য্য তৎসঙ্গেন তস্যাঃ পুনরাদিৎসয়া উন্মথিতজ্ঞানঃ তিরস্কৃত-স্বদুর্বুদ্ধিক ইত্যর্থঃ। বৈক্লব্যং দৈন্যং॥ ১৫॥

সান্ত্বয়ন্নিতি মদ্ভাগ্যাদিয়ং মে প্রাক্তনী বুদ্ধিঃ পুনরপ্যাবির্ভবতি যাং বিনৈব মম দুর্গতিরিতি মনোঽনুলাপঃ। প্রেমসংরম্ভচিহ্নং নাধ্যগাদিতি মমাপ্যেবং পাপাচরণং কেন কারণেনাভূদিতি ক্ষণং পরামমর্শ॥ ১৬॥

মহিষী অঙ্গসৌন্দর্য্যের প্রতি উপেক্ষা করত তাদৃশ হতাদৃতভাবে ভূতলে শয়ান রহিয়াছেন অবলোকন করিবা মাত্র, পুরঞ্জন একেবারে হতজ্ঞান ও ব্যাকুল হইয়া উঠিলেন; তখন তাঁহার দুঃখের আর সীমা রহিল না॥ ১৫॥

তাঁহার হৃদয় কম্পিত হইয়া উঠিল; তখন তিনি মধুর বচনে বনিতাকে সান্ত্বনা করিতে চেষ্টা করিলেন; কিন্তু প্রেয়সীর কুটিল ভ্রূভঙ্গি প্রভৃতি চিহ্নে তাদৃশ প্রণয়কোপের কারণ যে কেবল তাঁহারই আচরণে ঘটিয়াছে, তাহা তিনি বিশেষরূপে অবধারণ করিলেন॥ ১৬॥

আভাস।

না, বলিয়া অঙ্গীকার করাই বুদ্ধিরূপ পত্নীর চরণ ধারণ কার্য্য। অহঙ্কার-ত্যাগ এবং সাধুজনের সম্মান এই দুইটীই বুদ্ধির চরণদ্বয়। বনিতাকে ক্রোড়ে লইয়াছিলেন বলায়, হৃদয়ে ধারণ করিয়াছিলেন, ইহাই প্রকাশ করা হইয়াছে॥ ১৫—১৭॥

প্রভু যদি অপরাধী ভৃত্যকে পরিত্যাগ না করিয়া, তাহার চরিত্র সংশোধনার্থ দণ্ডের

অনুনিন্যেঽথ শনকৈ র্বীরোঽনুনয়কোবিদঃ।
পস্পর্শ পাদযুগলমাহ চোৎসঙ্গলালিতাং ॥ ১৭ ॥
নূনং ত্বকৃতপুণ্যাস্তে ভৃত্যা যেষ্বীশ্বরাঃ শুভে।

অন্বয়ঃ।

অথ অনুনয়কোবিদঃ বশীকরণে চতুরঃ, বীরঃ পুরঞ্জনঃ শনকৈঃ অনুনিন্যে বশীচকার। পাদযুগলং তস্যাঃ পস্পর্শ। উৎসঙ্গলালিতাং চ তাং আহ ॥ ১৭ ॥

হে শুভে কল্যাণি! (স্বামিনি) কৃতাগঃসু কৃতাপরাধেষু, যেষু ভৃত্যেষু ঈশ্বরাঃ স্বামিনঃ,

শ্রীধরস্বামী।

উৎসঙ্গমারোপ্য লালিতাং ॥ ১৭ ॥

কৃতমাগোঽপরাধো যৈ স্তেষু। আত্মসাৎকৃত্বা অস্মদধীনোঽয়মিতি মত্বা শিক্ষার্থং দণ্ডং ন

শ্রীবিশ্বনাথ-চক্রবর্ত্তী।

অনুনিন্যে ইতি পুনরদ্যারভ্য দুর্বিষয়ভোগে বুদ্ধির্ময়া নৈব কার্য্যেতি পস্পর্শ পাদযুগলমিতি অহঙ্কারত্যাগসাধুজনসংমানাবেব তস্যাঃ পাদৌ পস্পর্শ প্রাপ। উৎসঙ্গলালিতাং স্বহৃদয়নিকটমেবানীতাং ॥ ১৭ ॥

কথাপক্ষে প্রিয়ে মহ্যং যৎ কোপরূপং দণ্ডং করোষি তৎকৃপয়া সাপরাধমপি নিজদাসমবুধং শিক্ষয়স্যত ত্বামেতজ্জন্মনি কদাপি ন ত্যক্ষ্যামীত্যর্থান্তরন্যাসেনাহ নূনমিতি দ্বাভ্যাং। আত্মসাৎকৃত্বা অস্মদধীনোঽয়মিতি মত্বা শিক্ষার্থং দণ্ডং যেষু ন কুর্ব্বন্তি তে ভৃত্যা মন্দভাগ্যাস্তেন যেষু দণ্ডং কুর্ব্বন্তি তে ভূরিভাগ্যা ইত্যহং তে দণ্ডপাত্রীভবন্নাত্মানং ভূরিভাগ্যমেব মন্য ইতি ভাবঃ। অধ্যাত্মপক্ষে হন্ত হন্ত প্রতিষ্ঠিতস্যাপি মম কাদাচিৎকপাপাচরণেন সংপ্রতি যল্লোকনিন্দাচিত্তাপ্রসাদৌ পরমদুঃসহাবভূতাং তৎ পরমেশ্বরেণৈব মহ্যং শিক্ষাদণ্ডো দত্ত

অনুনয় বিষয়ে নিতান্ত সুনিপুণ পুরঞ্জন তখন নানাপ্রকার অনুনয়বাক্যে প্রেয়সীর চিত্তানুরঞ্জনে যত্ন করিলেন; তিনি বনিতাকে স্বকীয় উৎসঙ্গে আরোহণ করাইয়া, হস্ত দ্বারা তাঁহার চরণযুগল ধারণ পূর্ব্বক বলিলেন ॥ ১৭ ॥

হে কল্যাণি! তুমি এই ক্রোধরূপ মহাদণ্ডের ব্যবস্থায়, আমার প্রতি বিশেষ অনুগ্রহই প্রকাশ করিয়াছ! কারণ অনবধানতা বশত কর্ত্তব্য কর্ম্মে ত্রুটি করায়, যে সকল ভৃত্য প্রভুর নিকট অপরাধী হয়, প্রভু যদি নিজের অধীন ও একান্ত প্রিয়পাত্র বিবেচনায় শিক্ষা-প্রদানার্থ সেই সকল ভৃত্যের

আভাস।

বিধান করেন, তবে সে ভৃত্যের পক্ষে যেমন পরিণামে মঙ্গল হয়, সেইরূপ পাপাচরণে সম্প্রতি যে লোকনিন্দা ও চিত্তের অপ্রসন্নতা আমার জন্মিয়াছিল, তাহা ভগবান্ কৃপা প্রকাশে আমার উপদেশার্থ এই নানাপ্রকারের দণ্ড প্রদান করিয়াছেন। অতএব এই জন্মে আমি

কৃতাগঃস্বাত্মসাৎকৃত্বা শিক্ষাদণ্ডং ন যুঞ্জ্যতে ॥ ১৮ ॥
পরমোঽনুগ্রহো দণ্ডো ভৃত্যেষু প্রভুনার্পিতঃ।
বালো ন বেদ তত্তন্বি বন্ধুকৃত্যমমর্ষণঃ ॥ ১৯ ॥
সা ত্বং মুখং সুদতি সুভ্রূনুরাগভারব্রীড়াবিলম্ববিলসদ্ধসিতাবলোকং।

অন্বয়ঃ।

আত্মসাৎকৃত্বা (অস্মদীয়াঃ ইমে ইতি মত্বা) শিক্ষাদণ্ডং শিক্ষার্থং দণ্ডং ন যুঞ্জ্যতে ন কুর্ব্বন্তি তে ভৃত্যাঃ সেবকাঃ, তু নূনং নিশ্চিতং, অকৃতপুণ্যাঃ সুকৃতরহিতাঃ, এব ॥ ১৮ ॥

হে তন্বি! কৃতাগঃসু ভৃত্যেষু প্রভুণা অর্পিতঃ দণ্ডঃ হি পরমঃ অনুগ্রহঃ এব। যঃ তু দণ্ডিতঃ সন্ অমর্ষণঃ অসহমানঃ, ভবতি সঃ তু বালঃ এব যতঃ তৎ বন্ধুকৃত্যং স্বামিহিতাচরণং, ন বেদ জানাতি ॥ ১৯ ॥

হে সুদতি! হে সুভ্রু! হে মনস্বিনি! সা ত্বং অনুরাগভারব্রীড়াবিলম্ববিলসদ্ধসিতা-

শ্রীধরস্বামী।

কুর্ব্বন্তি। তে ভৃত্যা মন্দভাগ্যাঃ ॥ ১৮ ॥

যতঃ পরমোঽনুগ্রহো দণ্ডঃ যস্তু দণ্ডিতো বিষীদতি সোঽজ্ঞ ইত্যাহ বাল ইতি। বন্ধুকৃত্যং শিক্ষাকরণং। অমর্ষণঃ ক্রোধী ॥ ১৯ ॥

হে সুদতি হে সুভ্রু হে মনস্বিনি সা ত্বমস্মাকং স্বামিনী অতঃ স্বানাং মুখং প্রদর্শয় কীদৃশং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অদহমেতজ্জন্মনি পুনঃ কদাপি সদ্বুদ্ধিং ন ত্যক্ষ্যামীতি তাং সদ্বুদ্ধিমেব মনসা সম্বোধ্যাহ নূন মিতি দ্বাভ্যাং ॥ ১৮ ॥

যস্তু দণ্ডিতো বিষীদতি সোঽজ্ঞ ইত্যাহ বাল ইতি অমর্ষণঃ ক্রোধী। পক্ষে সদ্বুদ্ধিং প্রতি স্বগতমাহ ত্বাং সদ্বুদ্ধিং ত্যক্তবতো মম যঃ সাংপ্রতিকোঽনুতাপঃ এষ এব ত্বদ্দণ্ডো দণ্ডঃ পরমো মমানুগ্রহ এব যতঃ পুনরপি পাপাসক্তি র্নাম ভাবিনীতি ভাবঃ ॥ ১৯ ॥

দণ্ডস্তু দত্তএব সংপ্রতি প্রসীদেত্যাহ সা ত্বমিতি সা প্রসিদ্ধা ত্বমস্মাকং স্বামিনী অনুরাগ-

---

উপর দণ্ডবিধান না করেন, তাঁহা হইলে সেই সকল ভৃত্য প্রকৃতই হতভাগ্য সন্দেহ নাই!॥ ১৮ ॥

ভৃত্যের প্রতি দণ্ডবিধানই প্রভুর বিশেষ অনুগ্রহের পরিচয়। যাহারা সেই দণ্ড সহ্য করিতে বিরক্ত বোধ করে, তাহারা বালক! পোষণকর্ত্তা প্রভুর কার্য্য অবধারণ করিতে, তাহারা কোন প্রকারে সমর্থ হয় না॥ ১৯ ।

হে সুদতি! হে সুভ্রু! হে মনস্বিনি! প্রেমানুরাগ ও লজ্জায় বিড়ম্বিত

আভাস।

আর সদ্বুদ্ধিকে পরিত্যাগ করিয়া পাপাচরণে কখন প্রবৃত্ত হইব না! এইরূপ জীবের মনোগত অভিপ্রায় অনুসারে পুরঞ্জন আত্মগ্লানি প্রকাশ করিয়াছেন। যাহারা দণ্ডিত হইলে বিষণ্ন হয়,

নীলালকালিভিরুপস্কৃতমুন্নসং নঃ স্বানাং প্রদর্শয় মনস্বিনি বল্গুবাক্যং ॥ ২০ ॥
তস্মিন্ দধে দমমহং তব বীরপত্নি যোঽন্যত্র ভূসুরকুলাৎ কৃতকিল্বিষস্তং।

অন্বয়ঃ।

ঘলোকং (অনুরাগভরেণ ব্রীড়য়া চ যো বিলম্বঃ মন্থরতা তেন বিলসন্ হসিতাবলোকঃ যস্মিন্ তৎ) নীলালকালিভিঃ (নীলাঃ অলকাঃ এব অলয়ঃ ভ্রমরাঃ তৈঃ) উপস্কৃতং ভূষিতং, উন্নসং উচ্চনাসিকং, বল্গু বাক্যং যস্মিন্ তৎ, মুখং স্বানাং নঃ অস্মাকং, প্রদর্শয় ॥ ২০ ॥

হে বীরপত্নি (বীরস্য মম পত্নী তৎসম্বোধনে) ভূসুরকুলাৎ ব্রাহ্মণকুলাৎ, অন্যত্র যঃ তব কৃতকিল্বিষঃ, অপরাধকর্ত্তা তং আদিশ। তস্মিন্ অহং দমং দণ্ডং, দধে করোমি। যতঃ ভূসুর-

শ্রীধরস্বামী।

অনুরাগভারেণ ব্রীড়য়া যো বিলম্বঃ মন্থরতা তেন বিলসন্ হসিতাবলোকো যস্মিন্ নীলা অলকা এবালয় স্তৈরুপস্কৃতং ভূষিতং উচ্চনাসিকং বল্গুবাক্যং যস্মিন্ তৎ ॥ ২০ ॥

হে বীরপত্নি বীরস্য মম ভার্য্যে যস্তে কৃতাপরাধ স্তস্মিন্নহং ব্রাহ্মণকুলাদন্যত্র অন্যস্মিন্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভারেণ ব্রীড়য়া যো বিলম্বঃ মন্থরতা তেন বিলসন্ হসিতাবলোকো যস্মিন্ বল্গূনি বাক্যানি যস্মিন্ তৎ। অধ্যাত্মপক্ষে সর্ব্বৈনৈব প্রকারেণ সৈবেয়ং মে প্রাক্তনী বুদ্ধিরনুকূলীভূয় স্থিরা ভবত্বিতি মুহুঃ প্রার্থনা ॥ ২০ ॥

হে বীরপত্নি বীরস্য মম ভার্য্যে যদন্যঃ কশ্চিন্মদীয় স্তব প্রাতিকূল্যমকরোৎ। তস্মিন্ দমং দণ্ডং দধে করোমি যত স্তবাহং ত্বদধীনত্বাত্ত্বদীয় ইত্যর্থঃ। কিন্তু ব্রাহ্মণকুলাদন্যত্র মুররিপোর্দাসাদিতরত্র তদ্দ্বয়ে মম নাস্তি প্রভুতেতি পুরঞ্জনস্যাস্য প্রাচীনবর্হিস্ত্বাৎ প্রাচীন-বর্হিষশ্চ পিতৃপৈতামহধর্ম্মমর্য্যাদানুল্লঙ্ঘনাৎ সা মর্য্যাদাচান্যত্র ব্রাহ্মণকুলাদন্যত্রাচ্যুতগোত্রত ইতি পৃথুচরিতোক্তে র্ব্রাহ্মণবৈষ্ণবয়োঃ করদণ্ডাদ্যগ্রহণরূপৈবেতি বিবেচনীয়ং। অতো ব্রাহ্মণবৈষ্ণবাভ্যামন্যত্র ত্রিলোক্যাং ত্রিলোকীমধ্যে অন্যত্র ত্রিলোক্যা বহির্ব্বা বীতভয়-

ঈষৎ হাস্যপূর্ণ-দৃষ্টিবিকসিত উন্নত নাসিকা ও মনোহর বাক্যবিশিষ্ট ভ্রমরসদৃশ নীলবর্ণ অলকাজালমণ্ডিত তোমার মুখকমল আমাদিগকে প্রদর্শন করাও। ॥২০

হে বরবর্ণিনি! আমার ন্যায় বীরপুরুষের পত্নী হইয়া, তোমার এরূপ-ভাবে বিষণ্ন থাকা কখনই উচিত নহে! যদি তোমার প্রতি কেহ কোন কুব্যবহার করিয়া থাকে, তাহা আমার নিকট স্পষ্টাক্ষরে প্রকাশ কর! যদি সেই ব্যক্তি

আভাস।

তাহারা বালমতি মূর্খ। তাহারা দণ্ডকারী পরম বন্ধুর ভাব অবধারণ করিতে পারে না। এক্ষণে ভগবানের নিকট প্রার্থনা যেন, সদ্বুদ্ধি জীবকে কখন পরিত্যাগ না করেন। ॥১৮—২০॥

বীরপত্নি বলিয়া সম্বোধন করত পুরঞ্জন প্রকাশ করিয়াছেন যে, যদি বিষয়াসক্তি নিবন্ধন সদ্বুদ্ধির কোনরূপ প্রতিকূলাচরণ করা হইয়া থাকে, তবে বৈরাগ্য ও অভ্যাসের সাহায্যে

পশ্যে ন বীতভয়মুন্মুদিতং ত্রিলোক্যামন্যত্র বৈ মুররিপোরিতরত্র দাসাৎ ॥২১॥
বক্ত্রং ন তে বিতিলকং মলিনং বিহর্ষং সংরম্ভভীমমবিমৃষ্টমপেতরাগং।

অন্বয়ঃ।

কুলাৎ অন্যত্র অন্যস্মিন্ মুররিপোঃ দাসাৎ ইতরত্র মম অপরাধকর্ত্তারং বীতভয়ং নির্ভয়ং, উন্মুদিতং মহামোদযুক্তং, ত্রিলোক্যাং অন্যত্র লোকত্রয়াৎ বহিরপি, বৈ ন পশ্যে পশ্যামি ॥ ২১ ॥

ইতঃ পূর্ব্বং তে তব বক্ত্রং বিতিলকং মলিনং বিহর্ষং, সংরম্ভভীমং (সংরম্ভেণ কোপাবেশেন ভীমং ভয়ঙ্করং) অবিমৃষ্টং অনুজ্জ্বলং, অপেতরাগং স্নেহশূন্যং, তথা সুজাতৌ শোভনৌ

শ্রীধরস্বামী।

মুররিপুদাসাদিতরত্রচ দমং দধে দণ্ডং করোমি। কিন্তু তং বিগতভয়ং উচ্চৈর্ম্মুদিতং ত্রিলোক্যাং অন্যত্র ত্রৈলোক্যাদ্বহিরপি ন পশ্যামি। মদ্ভয়াদেবাসৌ মরিষ্যতীত্যর্থঃ ॥ ২১ ॥

তে বক্ত্রমিতঃ পূর্ব্বং কদাচিদপি বিতিলকং ন পশ্যামি। সংরম্ভেণ কোপাবেশেন ভীমং ভয়ঙ্করং। অবিমৃষ্টং অনুজ্জ্বলং অপেতরাগং স্নেহশূন্যং তথা তে সুজাতৌ শোভনৌ স্তনাবপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মত্তো বিগতভয়ং উৎ উচ্চৈর্ম্মুদিতং ন পশ্যামি। মদ্ভয়াদেবাসৌ মরিষ্যতীতি ভাবঃ। অধ্যাত্মপক্ষে যদি প্রাচীনদৈহিকাদ্বা পাপাচরণাত্তব প্রাতিকূল্যং তদা হে সদ্বুদ্ধে দমং তদুপশমকং দানপুণ্যব্রতাদিকং করোমি। যদিতু ব্রাহ্মণকোপাৎ বৈষ্ণবাপরাধাদ্বা তদাতু তৌ দুরুপশমাবেবেত্যাহ ভূসুরকুলাদন্যত্রেত্যাদি তদ্দ্বয়াপরাধস্য তদ্দ্বয়প্রসাদাদেবোপশান্তির্নান্যথেতি ভাবঃ। বীতভয়মিত্যাদ্যধর্ম্মনির্ম্মূলনে সাটোপোক্তিঃ ॥ ২১ ॥

বক্ত্রং বিতিলকং তদাপি নপশ্যামি সংপ্রতি মদ্দৌর্ভাগ্যাদেব পশ্যামীতি ভাবঃ। বিগতঃ কুঙ্কুমপঙ্কস্তেব তাম্বূলস্য রাগো যত্র তং বিম্বাধরং বিন্দামি। শমিতি পাঠে বিগতকুঙ্কুমপঙ্করাগা-

ব্রাহ্মণকুলে জন্ম পরিগ্রহ না করিয়া থাকে, তবে আমি এখনি তাহার সমুচিত দণ্ড বিধান করিব! এই ত্রিলোক মধ্যে, ব্রাহ্মণবংশীয় ও বৈষ্ণব ব্যতীত এমন কোন প্রাণী নাই যে, তোমার প্রতি অন্যায়াচরণ করিয়া আনন্দ সহকারে বা নির্ভয়চিত্তে কালাতিপাত করিতে পারে! ॥ ২১ ॥

ইতিপূর্ব্বে তোমার বদনকমলত কখন এরূপ মলিন, তিলকহীন, বিষণ্ণ

আভাস।

তাদৃশ আসক্তি সমূহের নিরোধ করিতে পারিবেন; কিন্তু যদি ব্রাহ্মণশাপ বা বৈষ্ণবাপরাধে অপরাধী হইয়া থাকেন, অর্থাৎ ধর্ম্মের বিরুদ্ধে ও ঈশ্বরভক্তির প্রতিকূলে কর্ম্ম করা হয়, সে পাপফল অপরিহার্য্য। বিষয়াসক্তির নিকট অগ্রসর হইলে, পাপ উৎপন্ন হয়; কিন্তু ধর্ম্ম বা ঈশ্বরসন্নিধানে গমন করিলে, পুণ্য ও মঙ্গলের আবির্ভাব হয়। সেইরূপ ব্রাহ্মণ ও বৈষ্ণবের শরণাগত হইলেই, দুষ্কৃতি হইতে অব্যাহতি লাভ হয়। তাঁহারা ব্যথিত না হইলে, পাপের কোন সম্ভাবনা নাই ॥ ২১ ॥

পশ্যে স্তনাবপি শুচোপহতৌ সুজাতৌ বিম্বাধরং বিগতকুঙ্কুমপঙ্করাগং ॥২২॥
তন্মে প্রসীদ সুহৃদঃ কৃতকিল্বিষস্য স্বৈরং গতস্য মৃগয়াং ব্যসনাতুরস্য।

অন্বয়ঃ।

তে স্তনৌ অপি শুচা শোকাশ্রুণা উপহতৌ অভিষিক্তৌ ইতঃ পূর্ব্বং ন পশ্যে পশ্যামি; তথা বিম্বাধরং বিম্বফলসদৃশং অতিরক্তং তব অধরং অপি বিগতকুঙ্কুমপঙ্করাগং (বিগতঃ কুঙ্কুম-তুল্যঃ তাম্বূলরাগঃ যস্মাৎ তাদৃশং ন পশ্যামি ইদানীং কথমেবং জাতং) ॥ ২২ ॥

তস্মাৎ স্বৈরং স্বাতন্ত্র্যেণ, মৃগয়াং গতস্য ব্যসনাতুরস্য স্বভাবতঃ বিবশস্য, কৃতকিল্বিষস্য কৃতাপরাধস্য, সুহৃদঃ মে মম, প্রসীদ অপরাধক্ষমাং কৃত্বা প্রসাদং কুরু! কুসুমাস্ত্রবেগবিস্রস্ত-পৌংস্নং (কুসুমাস্ত্রস্য বেগেন বিস্রস্তং অপগতং পৌংস্নং পৌরুষং ধৈর্য্যং যস্য তং) বশগতং

শ্রীধরস্বামী।

শোকাশ্রুভি রুপহতৌ ন পশ্যামি। তথাবিম্বফলাকারমধরঞ্চ বিগতঃ কুঙ্কুমপঙ্কতুল্যঃ তাম্বূল-রাগো যস্মাৎ তাদৃশং ন পশ্যামি। ইদানীং কুত এবং জাতমিতি শেষঃ। পশ্যন্ বিন্দামি শং কুঙ্কুম পঙ্করাগৌ চেতি পাঠে এবং ভূতং মুখং স্তনৌচ পশ্যন্ শং ন বিন্দামীত্যন্বয়ঃ। বিগতঃ কুঙ্কুমপঙ্করাগো যাভ্যামিতি স্তনয়ো র্বিশেষণং ॥ ২২ ॥

তত্তস্মাৎ কৃতং কিল্বিষমপরাধো যেন তস্য। কিল্বিষমেবাহ। স্বৈরং স্বাতন্ত্র্যেণ ত্বামপৃষ্ট্বা মৃগয়াং গতস্য। দেবো দেবনং ক্রীড়া তং রাতি দদাতীতি দেবরঃ কান্ত স্তং কামবেগেন বিস্রস্তং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিতি স্তনয়ো র্বিশেষণং। পক্ষে বিতিলকত্বাদিভিরুপলক্ষায়া অপি সদ্বুদ্ধেঃ পূর্ব্ববৎ প্রসাদা-ভাবো দ্যোতিতঃ ॥ ২২ ॥

প্রেয়স্যাঃ প্রসাদং প্রার্থয়তে তন্ম ইতি কিল্বিষমেবাহ স্বৈরমিত্যাদি। দেবো দেবনং ক্রীড়া তং রাতি দদাতীতি দেবরঃ কান্তস্তং স্মরশরবেগেনৈব বিস্রস্তং পৌংস্নং পুরুষার্হং স্বাতন্ত্র্যং যস্য তং। উশতী কমনীয়া কৃত্যে কান্তবিষয়কস্নেহোচিতে কর্ম্মণি কা ন ভজেত

প্রভাহীন, স্নেহবর্জ্জিত বা প্রণয়কোপবিশিষ্টত কখন অবলোকন করি নাই। তোমার কুচযুগলোপরি অদ্য বিষাদ-সলিল কেন প্রবাহিত হইতেছে? বিম্ব-ফলের ন্যায় রক্তিম অধরপ্রান্তে তাম্বূলরাগ কেন নিরীক্ষণ করিতেছি না? অদ্য কেন তোমার এরূপ অবস্থা হইয়াছে? ॥ ২২ ॥

আমি নিজের দৌশীল্য বশত তোমার অজ্ঞাতসারে মৃগয়া করিতে গিয়াই এই বিষম অনর্থের উৎপাদন করিয়াছি! এক্ষণে তুমি নিজগুণে প্রসন্ন হইয়া

আভাস।

পুরঞ্জনীর মলিনভাবের পরিচয়ে বুদ্ধিরই ম্লানভাবের প্রকাশ করা হইয়াছে। এক্ষণে সদ্বুদ্ধির নিকট প্রার্থনা করা হইয়াছে যে, পতিব্রতা পত্নী যেমন অপরাধী স্বামীকে কখন পরিত্যাগ করেন না, বরং সরল ব্যবহারে স্বামীর স্বভাবকে পরিবর্ত্তিত করিবারই যত্ন করিয়া

কা দেবরং বশগতং কুসুমাস্ত্রবেগবিস্রস্তপৌংস্নমুশতী ন ভজেত কৃত্যে ।। ২৩ ॥

।। * ।। ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পুরঞ্জনোপাখ্যানে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ।। * ।। ২৬ ।। * ।।

নারদ উবাচ ॥

ইত্থং পুরঞ্জনং সধ্র্যগ্বশমানীয় বিভ্রমৈঃ।

অন্বয়ঃ।

দেবরং (দেবঃ দেবনং ক্রীড়া রতিঃ তাং রাতি দদাতি ইতি দেবরং কান্তঃ তং) কা নাম উশতী কমনীয়া, ত্বাদৃশী নারী কৃত্যে ভজনাবসরে ন ভজেৎ অঙ্গীকুর্য্যাৎ ॥ ২৩ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

গতং পৌংস্নং পৌরুষং ধৈর্য্যং যস্য তং উশতী কাময়মানা কৃত্যে কর্তুং যোগ্যেঽর্থে কা ন ভজতে ইতি ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি চতুর্থে ষড়্‌বিংশঃ ॥ * ॥

সপ্তবিংশে প্রিয়াপুত্ত্রাদ্যাসক্ত্যা বিস্মৃতাত্মনা।

কালকন্যাদ্যুপাখ্যানৈ র্জরারোগাদ্যুদীর্য্যতে ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পক্ষে সদ্বুদ্ধিমেব সাক্ষাৎকৃত্যাহ প্রসীদ প্রসন্না ভবন্তী মম হৃদি বিরাজস্ব মম কীদৃশস্য স্বৈরং নিরঙ্কুশমেব কৃতকিল্বিষস্য মৃগয়াং গতস্য ব্যাধস্যেব পাপিন ইত্যর্থঃ। ব্যাধো মৃগবধা জীবো-মৃগয়ুর্ল্লুব্ধকোঽপি স ইত্যভিধানাৎ সদ্বুদ্ধেঃ স্বস্মিন্নবস্থিতিং অর্থান্তরন্যাসেনাহ। কেতি স্ত্রী যথা কান্তং সাপরাধমপি ন জহাতি তথৈব হে সদ্বুদ্ধে মাং ত্বং ন জহীহীত্যর্থঃ ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

ষড়্‌বিংশোঽয়ং চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সদ্বুদ্ধ্যা সহিতস্যাস্য সুকৃতান্যপি কুর্ব্বতঃ।

সপ্তবিংশে জরারোগাদ্যুপাখ্যানেন কথ্যতে ॥ * ॥

আমার সেই অপরাধ ক্ষমা কর! কুসুমশরের আঘাতে আমার ধৈর্য্য বিচ্যুত হইয়াছে; আমি তোমার নিতান্ত অধীন! আমার ন্যায় রতিপ্রদ কান্তকে উপেক্ষা করা, তোমার ন্যায় কমনীয়া কামিনীর কখনই কর্ত্তব্য নহে। তুমি নিজগুণে আমাকে ভজনা কর! ।। ২৩ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ষড়্‌বিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ।।

আভাস।

থাকেন, সেইরূপ সদ্বুদ্ধি যেন পুরঞ্জনের শত অপরাধ ক্ষমা করিয়া, তাঁহার সঙ্গ কখন পরিত্যাগ না করেন, ইহাই পুরঞ্জনের একান্ত প্রার্থনা ॥ ২২ ॥ ২৩ ॥

ইতি চতুর্থস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ষড়্‌বিংশ অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

পুরঞ্জনী মহারাজ রেমে রময়তী পতিং ॥ ১ ॥
স রাজা মহিষীং রাজন্ সুস্নাতাং রুচিরাননাং।

অন্বয়ঃ।

নারদঃ উবাচ। হে মহারাজ! ইত্থং বিভ্রমৈঃ বিলাসৈঃ, পুরঞ্জনী পুরঞ্জনং সধ্র্যক্ সম্যক্, স্ববশং আনীয় তং পতিং, রময়তী স্বয়ং রেমে ॥ ১ ॥

সঃ রাজা পুরঞ্জনঃ অপি সুস্নাতাং কৃতস্নানাং, রুচিরাননাং সুমুখীং, কৃতস্বস্ত্যয়নাং (কৃতং

শ্রীধরস্বামী।

তদেবং জীবস্য অনুনয়াদি কথাসৌন্দর্য্যোপাত্যন্তমুপাধিবশ্যত্বমুক্ত্বা তন্নিমিত্তাং সংসার-পরম্পরাং নিরূপয়িতুমাহ ইত্থমিতি অত্রচ প্রতিপদং কথঞ্চিদধ্যাত্মপক্ষে যোজয়িতুং শক্যমেব। শ্রীনারদেন তু জীবস্য স্ত্রীপুরুষবাসনাদার্ঢ্যেন বিচিত্রা সংসৃতি র্ভবতি ইতি এতাবদেব কথাতাৎপর্য্যং দর্শিতং ক্বচিৎ পুমান্ ক্বচিচ্চ স্ত্রী ক্বচিন্নোভয়মন্ধধীঃ। দেবো মনুষ্য-স্তির্য্যগ্বা যথাকর্ম্মগুণং ভব ইতি বদতা তত্রাদৌ পুংস্ত্বেন সংসৃতি রধ্যায়ত্রয়েণোক্তা ততশ্চৈকে-নাধ্যায়েন স্ত্রীত্বেন সংসৃতিং প্রদর্শ্য ঈশ্বরপ্রসাদলব্ধজ্ঞানেন মোক্ষ ইত্যুক্তং তত স্তদেব যথোপযোগং ব্যাখ্যাতমিতি পঞ্চাধ্যায়ারম্ভঃ প্রতীয়তে প্রতিপদমধ্যাত্মযোজনা দুর্ঘটা নিষ্প্র-য়োজনাচ ইতি স্বপ্রৌঢ়িপ্রখ্যাপনমনাদৃত্য যথোপযোগমেব ব্যাখ্যাস্যামঃ। সধ্র্যক্ সম্যক্ বিভ্রমৈঃ বিলাসৈঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং ধার্ম্মিকস্যাপি জীবস্য কদাচিদন্তরায়প্রাপ্তে বিবিধদুষ্কৃতদূষিতান্তঃকরণস্যাপি পুনর্লব্ধবিবেকস্য দানব্রততপঃপ্রায়শ্চিত্তাদিকং কৃতবতোঽপি মনোমালিন্যানপগমাদনুপদ-মনুতাপসহস্রবিদীর্ণস্য ভাগ্যবশাদেব পুনরপি সদ্বুদ্ধিপ্রাপ্তিঃ প্রপঞ্চিতা। ইদানীং পূর্ব্ব-বদেব ধর্ম্মবুদ্ধিমতঃ সদাচারস্য তস্য গার্হস্থ্যমাহ ইত্থমিতি সধ্র্যক্ সম্যক্ বিভ্রমৈ বিলাসৈঃ। পক্ষেঽধর্ম্মে মতিং পরিত্যজ্য পূর্ব্ববদ্ধর্ম্মবুদ্ধাবেবাসক্তো বভূবেত্যর্থঃ ॥ ১ ॥

নারদ বলিলেন, হে মহারাজ! পুরঞ্জনী এইপ্রকার বিচিত্র বিলাসের পরিচয়ে স্বকীয় পতি রাজা পুরঞ্জনকে নিজের বশীভূত করত, তাঁহার আনন্দোৎ-পাদন পূর্ব্বক স্বয়ং প্রেমক্রীড়া আরম্ভ করিলেন ॥ ১ ॥

অনন্তর পুরঞ্জনী স্নানাদি সমাপন পূর্ব্বক অঙ্গরাগাদি করিয়া সহাস্যবদনে ও আনন্দচিত্তে যখন পুরঞ্জনের সমীপে স্বয়ং উপনীত হইলেন, তখন রাজা

আভাস।

সপ্তবিংশ অধ্যায়ে পুত্রকন্যাদিতে আসক্তি বশত পুরঞ্জনের আত্মবিস্মৃতি এবং কাল-কন্যাদির উপাখ্যান দ্বারা জরারোগাদির বিষয় বর্ণিত হইয়াছে।

ধার্ম্মিক জীবের বিবিধ অন্তরায়-জনিত দুষ্কৃতির ফলে দূষিতচিত্তে দানব্রত তপোহোমাদির দ্বারা পুনরায় বিবেক উৎপন্ন হইলে, মনোমালিন্য দূর হয় বটে, কিন্তু প্রতিপদে অনন্ত

কৃতস্বস্ত্যয়নাং তৃপ্তামভ্যনন্দদুপাগতাং ॥ ২ ॥
তয়োপগূঢ়ঃ পরিরব্ধকন্ধরোরহোঽনুমন্ত্রৈরপকৃষ্টচেতনঃ।
ন কালরংহো বুবুধে দুরত্যয়ং দিবা নিশেতি প্রমদাপরিগ্রহঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

স্বস্ত্যয়নং মঙ্গলং কুঙ্কুমাদিভিঃ অলঙ্কারঃ যয়া তাং) তৃপ্তাং সন্তুষ্টাং, উপাগতাং স্বমীপমাগতাং স্বমহিষীং, দৃষ্ট্বা তাং অভ্যনন্দং হর্ষেণ অঙ্গীচকার ॥ ২ ॥

তয়া স্ত্রিয়া উপগূঢ়ঃ পরিরব্ধঃ, তথা পরিরব্ধকন্ধরঃ (পরিরব্ধা গৃহীতা তস্যাঃ কন্ধরা যেন সঃ) রহঃ একান্তে, তস্যাঃ অনুমন্ত্রৈঃ গুহ্যভাষণৈঃ, অপকৃষ্টচেতনঃ (অপকৃষ্টা চেতনা বিবেকঃ যস্য সঃ) প্রমদাপরিগ্রহঃ (সা প্রমদা এব পরিগ্রহঃ ন জ্ঞানাদিসাধনং যস্য সঃ) দুরত্যয়ং অত্যেতুমশক্যং দিবানিশা ইতি কালরংহঃ (কালস্য রংহঃ বেগং) ন বুবুধে জ্ঞাতবান্ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

কৃতং স্বস্ত্যয়নং মঙ্গলং কুঙ্কুমসিন্দূরাদিভি র্যস্যাঃ ॥ ২ ॥

উপগূঢ়ঃ পরিরব্ধঃ। পরিরব্ধা কন্ধরা তস্যা যেন। রহঃ একান্তে অনুমন্ত্রৈঃ অনুকূলৈঃ গুহ্যভাষণৈঃ অপকৃষ্টা চেতনা বিবেকো যস্য। কালরংহঃ আয়ুর্ব্যয়ং। প্রমদৈব পরিগ্রহো ন জ্ঞানসাধনং যস্য ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুস্নাতেত্যাদিনা স্বীয়সদ্বুদ্ধেঃ প্রসন্নতামালক্ষ্য বিগতমনোমলিন্যঃ কৃতার্থো বভূবেত্যুক্তং ॥ ২ ॥

অনুমন্ত্রৈঃ অনুকূলগুহ্যভাষণৈঃ পক্ষে ধর্ম্মকর্ম্মনির্ব্বাহমন্ত্রণাভিঃ। অপকৃষ্টা বিলুপ্তীকৃতা চেতনা সংসারতরণলক্ষণা বুদ্ধি র্যস্য সঃ। কালস্য রংহো বেগং বৈরাগ্যাভাবান্ন বুবুধে কীদৃশং ইদং দিবা গতং ইয়ং নিশা আগতেতি এতৎ প্রকারকমিত্যর্থঃ ॥ ৩ ॥

পুরঞ্জন মহিষীকে অবলোকন করিয়া প্রেমের পুলকে তাঁহাকে আলিঙ্গন করিলেন ॥ ২ ॥

পত্নীর ভুজদ্বয়ে পরিবেষ্টিত পুরঞ্জন বনিতাকে আলিঙ্গন ও তাঁহার সহিত গুহ্য আলাপনাদিতে এতই আকৃষ্টচিত্ত হইয়াছিলেন যে, প্রমদাবিগ্রহ ব্যতীত অন্য কোন কর্ম্মেই তাঁহার চিত্ত নিবিষ্ট হইত না। দিবানিশি বনিতাবিলাসে তাঁহার দুর্ল্লভ জীবন যে অতিবাহিত হইতে লাগিল, তাহার তিনি কোন সংবাদই রাখেন নাই ॥ ৩ ॥

আভাস।

অনুতাপের দ্বারা যখন সৌভাগ্যক্রমে যেরূপে সদ্বুদ্ধির উদয় হয়, তাহাই এই শ্লোকে বর্ণিত হইয়াছে। এক্ষণে পূর্ব্বের ন্যায় ধর্ম্মের অনুষ্ঠান দ্বারা গার্হস্থ ধর্ম্ম যেরূপে অনুষ্ঠিত হয়, তাহাই এস্থলে বর্ণনীয় ॥ ১—৩ ॥

শয়ান উন্নদ্ধমদো মহামনা মহার্হতল্পে মহিষীভুজোপধিঃ।
তামেব বীরো মনুতে ব্যবায়ত স্তমোঽভিভূতো ন নিজং পরঞ্চ যৎ ॥
তয়ৈবং রমমাণস্য কামকশ্মলচেতসঃ।
ক্ষণার্দ্ধমিব রাজেন্দ্র ব্যতিক্রান্তং নবং বয়ঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

অতঃ উন্নদ্ধমদঃ (উন্নদ্ধঃ অতিবৃদ্ধঃ মদঃ যস্য সঃ) মহামনাঃ নানাপ্রকারসংকল্পবিকল্পবান্ মহার্হতল্পে অতি উৎকৃষ্টশয্যায়াং শয়ানঃ মহিষীভুজোপধিঃ (মহিষ্যাঃ ভুজঃ এব উপধিঃ উপাধানং যস্য সঃ) বীরঃ পুরঞ্জনঃ, তাং স্ত্রিয়ং, এব পরং পুরুষার্থং, মনুতে অমন্যত। যৎ যতঃ, তমোঽভিভূতঃ (তমসা অভিভূতঃ সন্) নিজং আত্মানং, পরং পরমাত্মানং, ন অমন্যত ॥

কামকশ্মলচেতসঃ কামমোহিতচিত্তস্য, তয়া স্ত্রিয়া এবং রমমাণস্য পুরঞ্জনস্য, হে রাজেন্দ্র! নবং বয়ঃ যৌবনং, ক্ষণার্দ্ধং ইব ব্যতিক্রান্তং অজ্ঞাতং এব অপগতং ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

মহার্হতল্পে উৎকৃষ্টশয্যায়াং শয়ানঃ মহিষ্যা ভুজ উপধিঃ উপধানং উচ্ছীর্ষকং যস্য। মহিষীভুজোপধি ইত্যবিসর্গপাঠে শয়নক্রিয়াবিশেষণং। তাং মহিষীমেব পরং পুরুষার্থমমন্যত নতু যন্নিজং রূপং ব্রহ্ম তৎ তমসা অজ্ঞানেনাভিভূতো যতঃ যদ্বা নিজমাত্মানং তত্ পরঞ্চ পরমাত্মানং ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহিষ্যা ভুজ এব উপধিরুপধানং যস্য সঃ। অবিসর্গ পাঠে শয়নক্রিয়াবিশেষণং। তামেব ব্যবায়তো হেতো র্মনুতে। স্ত্রীসঙ্গসুখমেব পুরুষার্থমমন্যত অমনুতেতি চ পাঠঃ। নতু নিজং স্বীয়ং পরঞ্চ কিমপি অমনুত অগণয়দিত্যর্থঃ। তমসা অজ্ঞানেন যতোঽভিভূতঃ। অধ্যাত্মপক্ষে ব্যবায়তো ধর্ম্মপত্নীসঙ্গতো ধর্ম্মাসক্ত্যা ধর্ম্মমেব পুরুষার্থং অমন্যত নতু মোক্ষং যতো ন নিজং জীবস্বরূপং নাপি পরং পরমেশ্বরস্বরূপং। ধার্ম্মিক ইত্যুন্নদ্ধমদঃ। মহামনা দানশীলঃ। মহার্হতল্পে পুণ্যকর্ম্মণি। শয়ানো মগ্নঃ। মহিষীভুজোপধিরবিদ্যোপাধিঃ ॥ ৪ ॥

পুরঞ্জন প্রেমমদে মত্ত ও বিবিধ কল্পনার স্রোতে ভাসমান হইয়া, মহার্হ-শয্যায় শয়ন করত, বনিতার ভুজোপরি মস্তক বিন্যস্ত রাখিয়া প্রেয়সীকেই পরম পুরুষার্থজ্ঞানে নারীসম্ভোগেই কালাতিপাত করিতে লাগিলেন; ঘোর অজ্ঞানে লুপ্তচৈতন্য হইয়া, স্বকীয় আত্মস্বরূপ বা পরমাত্মস্বরূপের অনুসন্ধানে কখন অগ্রসর হন নাই ॥

হে নরনাথ! এই প্রকারে রমণীর সহ আনন্দ-সম্ভোগে সেই কামাকুলিত-

আভাস।

মহিষীর ভুজরূপ অবিদ্যা উপাধিকে আশ্রয় করিয়া, মহার্হ শয্যায় অর্থাৎ পুণ্যকর্ম্মে নিমগ্নচিত্ত জীব সদ্বুদ্ধির সংসর্গে ধর্ম্মকর্ম্মের প্রতিই আসক্ত হয়; পরম পদ মোক্ষের প্রতি

তস্যামজনয়ৎ পুত্ৰান্ পুরঞ্জন্যাং পুরঞ্জনঃ।
শতান্যেকাদশ বিরাড়ায়ুষোঽর্দ্ধমথাত্যগাৎ॥
দুহিতৄর্দশোত্তরশতং পিতৃমাতৃযশস্করীঃ।
শীলৌদার্য্যগুণোপেতাঃ পৌরঞ্জন্যঃ প্রজাপতে॥ ৫॥

অন্বয়ঃ।

তস্যাং পুরঞ্জন্যাং ভার্য্যায়াং, পুরঞ্জনঃ একাদশ-শতানি পুত্রান্ অজনয়ৎ; অথ তাবতা চ কালেন সঃ বিরাট্ রাজা আয়ুষঃ অৰ্দ্ধং সম্বৎসরপঞ্চাশদ্দাত্মকং কালং অত্যগাৎ অতিক্রান্তবান্॥

পিতৃমাতৃযশস্করীঃ শীলৌদার্য্যগুণোপেতাঃ (শীলং সুস্বভাবঃ ঔদার্য্যং মুক্তহস্ততা তৈঃ উপেতাঃ) দশোত্তরশতং দুহিতৄঃ কন্যাঃ (সঃ তস্যাং অজনয়ৎ; তাঃ চ পুরঞ্জনকন্যাত্বাৎ) হে প্রজাপতে! পৌরঞ্জন্যঃ ইতি জ্ঞেয়াঃ॥ ৫॥

শ্রীধরস্বামী।

পুত্রান্ ইন্দ্রিয়পরিণামান্। দুহিতৄঃ তদনন্তরং বুদ্ধিবৃত্তীঃ পুত্রসংখ্যাচ বাহুল্যমাত্রবিবক্ষয়া দুহিতৃসংখ্যাতু পুত্রেভ্যো ন্যূনত্বেন গার্হস্থ্যসৌন্দর্য্যার্থং। বিরাট্ সম্রাট্। আয়ুষোঽৰ্দ্ধং ইত্যাদ্যপি কথাসৌন্দর্য্যার্থমেব। পুরঞ্জনকন্যাত্বাৎ পৌরঞ্জন্যঃ। হে প্রজাপতে!॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

পুত্রান্ বিবেকনির্ণয়সংশয়াদীন্। দুহিতৄর্লজ্জোৎকণ্ঠাচিন্তাদ্যাঃ। পুত্রসংখ্যা বাহুল্যমাত্রবিবক্ষয়া দুহিতৃসংখ্যাতু পুত্রেভ্যো ন্যূনত্বেন গার্হস্থ্যসৌন্দর্য্যার্থং। বিরাট্ সম্রাট্ জীবশ্চ আয়ুষোঽৰ্দ্ধমত্যগাদিতি পঞ্চাশদ্বর্ষপর্য্যন্তং বিষয়ভোগলাম্পট্যমধিকমিতি বিবক্ষয়া পিতৃমাতৃ-যশস্করীরিতি তাসাং পুণ্যক্রিয়াহেতুরূপত্বাৎ॥

পুরঞ্জনকন্যাত্বাৎ তাঃ পৌরঞ্জন্য উচ্যন্তে ইতি শেষঃ॥ ৫॥

চিত্ত পুরঞ্জনের যৌবনকাল ক্ষণার্দ্ধের ন্যায় অজ্ঞাতসারেই অতিবাহিত হইয়া গেল॥ ৪॥

তিনি স্বীয় ভার্য্যা পুরঞ্জনীর গর্ভে একাদশ শত পুত্র উৎপাদন করিলেন। এই সময়ের মধ্যে তাঁহার জীবনের অৰ্দ্ধেক কাল পঞ্চাশৎবর্ষ অতীত হইয়া গেল।।

এতদ্ব্যতীত জনকজননীর যশোবৰ্দ্ধিনী শীলৌদার্য্যগুণান্বিতা অপর এক শত

আভাস।

আগ্রহ করে না। সুতরাং জীব নিজের স্বরূপ আত্মতত্ত্ব বা পরমাত্মতত্ত্বকে অবধারণ করিতে সক্ষম নহে॥ ৪॥

এই শ্লোকে পুত্রশব্দে ইন্দ্রিয়বিষয়ক, বুদ্ধিবিষয়ক এবং সংশয়, বিপর্য্য ও নিশ্চয়কারক বৃত্তি সমুদায়কেই লক্ষ্য করা হইয়াছে। বিষয়ভোগে লোলুপ জীব ইন্দ্রিয়াদির প্রাবল্যবশত

স পঞ্চালপতিঃ পুত্রান্ পিতৃবংশবিবর্দ্ধনান্।
দারৈঃ সংযোজয়ামাস দুহিতৄঃ সদৃশৈর্ব্বরৈঃ ॥ ৬ ॥
পুত্রাণাঞ্চাভবন্ পুত্রা একৈকস্য শতং শতং।
যৈর্বৈ পৌরঞ্জনো বংশঃ পঞ্চালেষু সমেধিতঃ ॥ ৭ ॥
তেষু তদ্রিক্থহারেষু গৃহকোষানুজীবিষু।

অন্বয়ঃ।

সঃ পঞ্চালপতিঃ পুরঞ্জনঃ পিতৃবংশবিবর্দ্ধনান্ পুত্রান্ দারৈঃ তথা দুহিতৄঃ চ সদৃশৈঃ বরৈঃ সংযোজয়ামাস বিবাহিতবান্ ॥ ৬ ॥

পুত্রাণাং একৈকস্য শতং শতং পুত্রাঃ অভবন্ যৈঃ এব পুত্রপৌত্রাদিভিঃ, বৈ পৌরঞ্জনঃ বংশঃ, পঞ্চালেষু সমেধিতঃ বর্দ্ধিতঃ, জাতঃ ॥ ৭ ॥

তেষু পুত্রেষু, তেষাং রিক্থহারেষু পুত্রেষু, তথা গৃহেষু কোষেষু অনুজীবিষু ভৃত্যাদিষু চ

শ্রীধরস্বামী।

দারৈঃ পরিণামানন্তরহিতাহিতচিন্তাভিঃ বরৈঃ উচিতবিষয়ভোগৈঃ ॥ ৬ ॥

পুত্রাণাং পুত্রাঃ কর্ম্মাণি। পঞ্চালেষু শব্দাদিবিষয়েষু ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দারৈর্মতিধৃত্যাদিভিঃ। বরৈর্বিনয়প্রণয়াদিভিঃ ॥ ৬ ॥

পুত্রাণাং পুত্রাঃ পুণ্যাচরণাদয়ঃ। পঞ্চালেষু শব্দাদিষু ॥ ৭ ॥

দশটী কন্যাও তাঁহাদের জন্ম গ্রহণ করিল। এই কুমারিকাগণ পুরঞ্জনের ঔরসজাত বলিয়া পৌরঞ্জনী নামেই অভিহিত হইয়াছিল ॥ ৫ ॥

অনন্তর পঞ্চালপতি পুরঞ্জন স্বীয় বংশসম্ভূত সেই পুত্র ও কন্যাগণকে উপযুক্ত পাত্রের সহিত বিবাহিত করাইলেন ॥ ৬ ॥

সেই প্রত্যেক পুত্রের আবার একশত করিয়া পুত্র জন্মিল এবং এই পুত্র পৌত্রাদি পুরঞ্জনবংশধরগণের দ্বারা পঞ্চালনগর সম্পূর্ণ সমাচ্ছন্ন হইয়া গেল ॥ ৭ ॥

আভাস।

বিষয়সম্ভোগই জীবনের অর্দ্ধেক সময় অতিবাহিত করে। লজ্জাদি বুদ্ধির বিচিত্র বৃত্তিকেই এস্থলে পুরঞ্জনের দুহিতা নামে অভিব্যক্ত করা হইয়াছে। এই সকল বৃত্তির দ্বারা পরের উপকার করা যায়, এই নিমিত্ত জীব এবং বুদ্ধির উপকারী বলিয়া কন্যাগণকে নির্দ্দেশ করা হইয়াছে ॥ ৫ ॥

মতি, শ্রদ্ধা ও ধৃতি প্রভৃতি হিতাহিত চিন্তাসমূহই এস্থলে পুত্রবধূ এবং বিনয়, প্রণয় ও উচিত বিষয়ভোগাদি ব্যাপারই পুরঞ্জনের জামাতা বলিয়া কীর্ত্তিত। পুত্রগণের ও কন্যাগণের পুত্রই এখানে পুণ্যানুষ্ঠান; এবং পঞ্চাল নগরের ঐশ্বর্য্যই শব্দাদি বিষয় সমূহ ॥ ৬ ॥ ৭ ॥

নিরূঢ়েন মমত্বেন বিষয়েষন্ববধ্যত ॥
ঈজেচ ক্রতুভির্ঘোরৈর্দীক্ষিতঃ পশুমারকৈঃ।
দেবান্ পিতৄন্ ভূতপতীন্ নানাকামো যথা ভবান্ ॥ ৮ ॥
যুক্তেষ্বেবং প্রমত্তস্য কুটুম্বাসক্তচেতসঃ।
আসসাদ সবৈ কালো যোঽপ্রিয়ঃ প্রিয়যোষিতাং ॥ ৯ ॥

অন্বয়ঃ।

নিরূঢ়েন অতি দৃঢ়েন, মমত্বেন হেতুনা অন্ববধ্যত আসক্তঃ জাতঃ ॥

দীক্ষিতঃ কৃতসংকল্পঃ, সন্ ঘোরৈঃ শাস্ত্রাননুমতৈঃ, পশুমারকৈঃ পশুহিংসাপ্রধানৈঃ, ক্রতুভিঃ ভবান্ যথা তথা নানাকামঃ সঃ পুরঞ্জনঃ, অপি দেবান্ পিতৄন্ ভূতপতীন্ চ ঈজে পূজয়ামাস ॥ ৮ ॥

এবং কুটুম্বাসক্তচেতসঃ (কুটুম্বেষু আসক্তং চেতঃ যস্য তস্য) অতএব যুক্তেষু কর্ত্তুং যোগ্যেষু ভগবদারাধনাদিষু, প্রমত্তস্য অনবহিতস্য, পুরঞ্জনস্য প্রিয়যোষিতাং (প্রিয়াঃ যোষিতঃ যেষাং তেষাং) অপ্রিয়ঃ অনভিপ্রেতঃ, যঃ কালঃ জরাসময়লক্ষণঃ সঃ বৈ আসসাদ আগতঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

তেষু পুত্রাদিষু তেষামপি যে রিকৃথহারাঃ পুত্রা স্তেষুচ ॥ ৮ ॥

যুক্তেষু আত্মসহিতেষু কর্ম্মসু। অনবহিতস্য সবৈ কালঃ জরাসময়ঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেষু বিবেকাদিষু পুত্রেষু তস্য পুরঞ্জনস্য রিকৃথহারেষু অভিমানাদিধনহর্ত্তৃষু গৃহানুজীবিষু প্রাণেষু কোষানুজীবিষু সহ ওজ আদিষু ॥

ঈজ ইতি পক্ষদ্বয়ে সাম্যং যথা ভবানিতি তবৈব কথেয়ং কথ্যতে তব দৃষ্টান্তত্বং তু সঙ্গোপনার্থমেবেতি ভাবঃ ॥ ৮ ॥

এবং যুক্তেষু ভক্তিবৈরাগ্যাদিষাত্মহিতেষু প্রমত্তস্যানবহিতস্য। স কালঃ জরাসময়ঃ। প্রিয়যোষিতাং কান্তাজনানাং অপ্রিয়ঃ সম্ভোগপ্রাতিকূল্যাৎ ॥ ৯ ॥

এই প্রকারে পুত্র, পৌত্র, গৃহ, ধন, ভৃত্য ও অমাত্যবর্গে আসক্তচিত্ত পুরঞ্জন মমতার অনুরোধে নিতান্ত আবদ্ধ হইয়া পড়িলেন ॥

অনন্তর সংকল্প পূর্ব্বক শাস্ত্রানুমোদনের প্রতি দৃষ্টি না করিয়া, হিংসা-প্রচুর পশুবিনাশকারী বিবিধ যজ্ঞের অনুষ্ঠান দ্বারা, হে নরনাথ! আপনার ন্যায়, পুরঞ্জনও নানাপ্রকার ভোগের কামনায় দেবলোক, পিতৃলোক ও ভূতগণের আরাধনা করিতে লাগিলেন ॥ ৮ ॥

সুতরাং স্বজনবর্গে আসক্তচিত্ত সেই রাজা ভগবদারাধনাদি কর্ত্তব্য কর্ম্মে উপেক্ষা করত, প্রমত্তের ন্যায় জীবন অতিবাহিত করিতে লাগিলেন। কিন্তু

চণ্ডবেগ ইতি খ্যাতো গন্ধর্ব্বাধিপতির্নৃপ।
গন্ধর্ব্বা স্তস্য বলিনঃ ষষ্ঠ্যুত্তরশতত্রয়ং ॥ ১০ ॥
গন্ধর্ব্ব্যস্তাদৃশীরস্য মৈথুন্যশ্চ সিতাসিতাঃ।
পরিবৃত্ত্যা বিলুম্পন্তি সর্ব্বকামবিনির্ম্মিতাং ॥ ১১ ॥

অন্বয়ঃ।

হে নৃপ! গন্ধর্ব্বাণাং অধিপতিঃ রাজা, চণ্ডবেগঃ ইতি নাম্না খ্যাতঃ কশ্চিৎ অস্তি। তস্য বলিনঃ ষষ্ঠ্যুত্তরশতত্রয়ং গন্ধর্ব্বাঃ সন্তি ॥ ১০ ॥

তথা অস্য চণ্ডবেগস্য, গন্ধর্ব্ব্যঃ তাদৃশীঃ তাদৃশ্যঃ বলবত্যঃ ষষ্ঠ্যধিকশতত্রয়সংখ্যাবিশিষ্টাঃ শ্বেতকৃষ্ণবর্ণবত্যঃ, মৈথুন্যঃ গন্ধর্ব্বৈঃ সহ মিলিতাঃ, সত্যঃ সর্ব্বকামবিনির্ম্মিতাং (সর্ব্বৈঃ কামৈঃ ভোগবিষয়ৈঃ সহ বিনির্ম্মিতাং পুরঞ্জনপুরীং) পরিবৃত্ত্যা পরিভ্রমণেন, বিলুম্পন্তি অপহরন্তি ॥১১॥

শ্রীধরস্বামী।

চণ্ডবেগঃ সম্বৎসরেণাবর্ত্তমানেনোপলক্ষিতঃ। গন্ধর্ব্বা দিবসাঃ ॥ ১০ ॥

গন্ধর্ব্ব্যো রাত্রয়ঃ। তাদৃশীশ্চ তাদৃশ্যঃ মৈথুন্যঃ দিবসৈ র্মিথুনীভূয় স্থিতাঃ। সিতশ্চাসিতাশ্চ শুক্লকৃষ্ণপক্ষীয়াঃ পরিভ্রমণেন সর্ব্বৈঃ কামৈঃ সহ বিনির্ম্মিতাং পুরীমপহরন্তি ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ চণ্ডবেগঃ সম্বৎসর ইতি খ্যাতো যো গন্ধর্ব্বাধিপতিস্তস্য গন্ধর্ব্বা দিবসাঃ পুরীং বিলুম্পন্তীত্যন্বয়ঃ। গন্ধর্ব্ব্যো রাত্রয়ঃ। তাবতী স্তাবত্য মৈথুন্যঃ দিবসৈর্মিথুনীভূয় স্থিতাঃ ॥ ১০ ॥

সিতাশ্চাসিতাশ্চ শুক্লকৃষ্ণপক্ষীয়াঃ। পরিবৃত্ত্যা পরিভ্রমণেন। পুরীমপহরন্তীতি জন্মারভ্য প্রতিদিনমায়ুরপহারএব পুর্য্যা অপহার উপচরিতঃ ॥ ১১ ॥

সেই রমণীপ্রিয় পুরঞ্জনের সম্পূর্ণ অনভিপ্রেত জরারূপ ভীষণ কাল ক্রমশ তাঁহার নিকটবর্ত্তী হইল। ৯ ॥

হে নরপাল! চণ্ডবেগ নামে গন্ধর্ব্বগণের একজন বিখ্যাত রাজা আছেন। তাঁহার তিন শত ষাট্ জন অতি বলবান্ গন্ধর্ব্ব সৈন্য আছে ॥ ১০ ॥

হে নরনাথ! উক্ত গন্ধর্ব্বপতি চণ্ডবেগের গন্ধর্ব্বসদৃশী ভীমবলা তাদৃশ তিন শত ষষ্টীসংখ্যক শ্বেত ও কৃষ্ণবর্ণা গন্ধর্ব্বীও আছে। তাঁহারা প্রত্যেকে এক এক জন গন্ধর্ব্বের সহিত মিলিত হইয়া, সেই সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ পুরঞ্জন-

আভাস।

রিক্থহারশব্দে পুত্র। গৃহ, কোষ ও অনুজীবী অর্থে সহঃ ওজঃ ও বলকেই লক্ষ্য করিয়াছেন। কাল অর্থে জরাসময়। এই জরার প্রভাবে কান্তাসংসর্গ নিবৃত্ত হয়; সুতরাং জরাকাল জীবের পক্ষে নিতান্ত অপ্রিয় বলিয়াই বোধ হইয়া থাকে ॥ ৮ ॥ ৯ ॥

সম্বৎসরই চণ্ডবেগ কাল। গন্ধর্ব্ব শব্দে দিবা এবং গন্ধর্ব্বী শব্দে রাত্রি। এতদুভয়ে

তে চণ্ডবেগানুচরাঃ পুরঞ্জনপুরীং যদা।
হর্ত্তু মারেভিরে তত্র প্রত্যষেধৎ প্রজাগরঃ ॥ ১২ ॥
স সপ্তভিঃ শতৈরেকো বিংশত্যাচ শতং সমাঃ।
পুরঞ্জনপুরাধ্যক্ষো গন্ধর্বৈর্যুযুধে বলী ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

চণ্ডবেগানুচরাঃ তে যোদ্ধারঃ গন্ধর্ব্বাঃ গন্ধর্ব্ব্যঃ চ যদা পুরঞ্জনপুরীং হর্ত্তুং আরেভিরে, তত্র তদা, প্রজাগরঃ পঞ্চশিরাঃ নাগঃ (প্রাণঃ) প্রত্যষেধৎ নিবারয়ামাস ॥ ১২ ॥

সঃ বলী পুরঞ্জনঃ পুরাধ্যক্ষঃ পুরপালকঃ, একঃ একাকী, এব সপ্তভিঃ শতৈঃ বিংশকেন বিংশত্যা চ গন্ধর্বৈঃ সহ শতং সমাঃ সম্বৎসরশতং যুযুধে ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

প্রজাগরঃ প্রাণঃ ॥ ১২ ॥ বিংশত্যা সহ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

যদা পঞ্চাশদ্বর্ষানন্তরং পুরং দেহমপি হর্ত্তুমারেভিরে তদা প্রজাগরঃ প্রাণ এব প্রত্যষেধৎ। মা পুরমরে ময়ি তিষ্ঠতি লুম্পতেতি সাটোপমাহ ইতি। পঞ্চাশদ্বর্ষানন্তরমপি দ্বিত্রবর্ষপর্য্যন্তং বলং নাপযাতীত্যুক্তং ॥ ১২ ॥

যুদ্ধন্তু প্রজাগরস্য তৈঃ সার্দ্ধং জয়ারভ্যৈবাভূদিত্যাহ সপ্তভিঃ শতৈর্বিংশকেন চেতি বর্ষগতানাং দিনানাং রাত্রীণাঞ্চ তাবত্যেব সংখ্যা দর্শিতা। শতং সমা যাবং পরমায়ুরিত্যর্থঃ ॥ ১৩

পুরের চতুর্দ্দিকে পরিভ্রমণ করত, পুরীকে ধ্বংস করিতে আরম্ভ করিল ॥ ১১ ॥

চণ্ডবেগের অনুচরবর্গ সেই গন্ধর্ব্ব ও গন্ধর্ব্বীগণ যখন পুরীকে হরণ করিতে আরম্ভ করিল, তখন পুররক্ষক পঞ্চশিরা নাগ তাহাদিগকে নিবারণ করিবার জন্য যথেষ্ট যত্ন করিতে লাগিল ।। ১২ ।।

এদিকে প্রবল-পরাক্রম পুরাধ্যক্ষ পুরঞ্জন একাকী সেই সপ্তশত বিংশতি সংখ্যক গন্ধর্ব্ব সেনার সহিত শত সম্বৎসর কাল যুদ্ধ করিলেন ॥ ১৩ ॥

আভাস।

একত্র মিলিত থাকিয়া, মাস ও সংবৎসরাদি ঋতুর পর্য্যায়ে পুরীরূপ জীব-কলেবরকে বিশীর্ণ করে। শুক্ল ও কৃষ্ণপক্ষভেদে রাত্রিও দুই প্রকার ॥ ১০ ॥ ১১ ॥

পঞ্চাশৎবর্ষ অতিক্রান্ত হইলে, দেহের বৃদ্ধি নিবৃত্ত হইয়া হ্রাস আরম্ভ হয়। তখন প্রাণবায়ু যথেষ্ট যত্ন করিয়াও স্বয়ং ক্ষীণ হইয়া আইসে। জন্ম হইতে আরম্ভ করিয়াই প্রাণবায়ুর চেষ্টায় দেহ প্রৌঢ় কালাবধি পরিবর্দ্ধিত হয়; পরে প্রাণ ক্ষীণ হইতে থাকে; সুতরাং দেহেরও ক্ষয় আরম্ভ হয়। তিনশত বিংশতি সংখ্যক দিবারাত্রিই প্রাণরূপ প্রহরীর বিদ্রোহী সৈন্যকুল। শত সম্বৎসর কাল জীব প্রাণবলে এই সৈন্যসাগরের সহিত যুদ্ধ করিয়া থাকে। ত্রিপঞ্চাশৎ বর্ষের পর হইতেই প্রাণের বলহীনতার আরম্ভ হয়; তাহার পরই প্রাণের প্রকৃত পরাজয়

ক্ষীয়মাণে স্বসম্বন্ধে একস্মিন্ বহুভির্যুধি।
চিন্তাং পরাং জগামার্ত্তঃ সরাষ্ট্রপুরবান্ধবঃ॥ ১৪॥
স এব পুর্য্যাং মধুভুক্ পঞ্চালেষু স্বপার্ষদৈঃ।
উপনীতং বলিং গৃহ্নন্ স্ত্রীজিতো নাবিদদ্ভয়ং॥ ১৫॥

অন্বয়ঃ।

বহুভিঃ সহ যুধা যুদ্ধেন, একস্মিন্ স্বসম্বন্ধে স্বসম্বন্ধিনি প্রাণে পুররক্ষকে, ক্ষীয়মাণে সতি রাষ্ট্রপুরবান্ধবঃ (রাষ্ট্রস্য বহির্দেশস্য পুরস্যচ বান্ধবঃ হিতকৃৎ) সঃ পুরঞ্জনঃ, আর্ত্তঃ সন্ পরাং মহতীং চিন্তাং জগাম॥ ১৪॥

যতঃ সঃ পুরঞ্জনঃ, এব তস্যাং পুর্য্যাং, তথা পঞ্চালেষু বহির্দেশেষু, মধুভুক্ মধুবৎবিষয়-সুখভোক্তা, অতঃ স্বপার্ষদৈঃ উপনীতং প্রাপিতং, বলিং বিষয়ং, গৃহ্নন্ ভুঞ্জানঃ, স্ত্রীজিতঃ (স্ত্রিয়া জিতঃ জড়ীকৃতঃ) ভয়ং ন অবিদন্ জ্ঞাতবান্॥ ১৫॥

শ্রীধরস্বামী।

স্বসম্বন্ধে স্বসম্বন্ধিনি প্রাণে॥ ১৪॥

স এব মধুভুক্ ক্ষুদ্রসুখভোক্তা। স্বপার্ষদৈরিন্দ্রিয়ৈঃ। নাবিদৎ নালোচিতবান্॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিপঞ্চাশদ্বর্ষপর্য্যন্তং প্রজাগরস্য প্রায়ঃ পরাজয়ো নাভূৎ। তদনন্তরং তু তস্যোত্তরোত্তরং পরাজয় এবেত্যাহ ক্ষীয়মাণে স্বসম্বন্ধে স্বসম্বন্ধিনি প্রাণে। আর্ত্তঃ পুরঞ্জনঃ॥ ১৪॥

মধুভুক্ ক্ষুদ্রসুখভোক্তা স্বপার্ষদৈরিন্দ্রিয়ৈঃ॥ ১৫॥

বহুকাল বহুলোকের সহিত একাকী যুদ্ধ করায়, পুরঞ্জনের পুররক্ষক প্রাণরূপী নাগ ক্রমশ দুর্ব্বল ও ক্ষীণপ্রায় হইয়া পড়িলেন। তখন পুরীর অভ্যন্তরস্থ ও বহির্দেশস্থ সম্পদ্ ও ঐশ্বর্য্যের জন্য পুরঞ্জন সাতিশয় চিন্তাকুল হইয়া উঠিলেন॥ ১৪॥

কারণ পুরঞ্জন পূর্ব্বে পুরীর অন্তরস্থ ও বহির্দেশস্থ যাবতীয় মধুময় ভোগ্য সম্পত্তি নির্ব্বিবাদে ভোগ করত, বনিতাবিলাসেই কালাতিপাত করিতেছিলেন; এরূপ বিপদ্ যে পরিণামে ঘটিবে, তাহার বার্ত্তাও তিনি কখন অবগত ছিলেন না॥ ১৫॥

আভাস।

প্রবৃত্ত হইয়া থাকে॥ ১২—১৪॥

জরাকালে জীব উৎসাহ ও প্রভাবের অভাবে ক্ষুদ্র ইন্দ্রিয়সুখের ভোগেই কালাতিপাত করিতে থাকে। সুতরাং তাদৃশ কালকে কেহ আদর করে না। এই জরাই কালের কন্যা। পূর্ব্বে শুক্রাচার্য্যের শাপে যযাতিরাজা অকালে জরাগ্রস্ত হইয়াছিলেন; তাঁহার উপকারার্থ অন্য কোন পুত্রই তাঁহার সেই জরা গ্রহণে স্বীকৃত না হওয়ায়, পুরুনামক পুত্র কেবল স্বীকার

কালস্য দুহিতা কাচিৎ ত্রিলোকীং বরমিচ্ছতীং।
পর্য্যটন্তীং ন বর্হিষ্মন্ প্রত্যনন্দত কশ্চন ॥ ১৬ ॥
দৌর্ভাগ্যেনাত্মনো লোকে বিশ্রুতা দুর্ভগেতি সা।
যা তুষ্টা রাজঋষয়ে বৃতাদাৎ পূরবে বরং ॥

অন্বয়ঃ।

হে বর্হিষ্মন্ প্রাচীনবর্হিঃ! কাচিৎ কালস্য দুহিতা কন্যা অস্তি ; বরং পতিং, ইচ্ছতীং অতএব ত্রিলোকীং পর্য্যটন্তীং তাং কশ্চন ন প্রত্যনন্দত অসাধ্বীং মত্বা ন অঙ্গীকৃতবান্॥ ১৬॥

আত্মনঃ স্বস্য, দৌর্ভাগ্যেন পাপিষ্ঠত্বেন, যতঃ লোকে সর্ব্বত্র দুর্ভগা ইতি নাম্না বিশ্রুতা বিখ্যাতা, অতঃ তাং ন প্রত্যনন্দং। যা পূর্ব্বং পুরুণা বৃতা অঙ্গীকৃতা, অতঃ তুষ্টা সতী রাজর্ষয়ে পূরবে, বরং রাজ্যং অদাৎ॥

শ্রীধরস্বামী।

কালস্য দুহিতা জরাস্তি তাং ন প্রত্যনন্দং। বর্হিষ্মন হে প্রাচীনবর্হিঃ॥ ১৬॥

পূরবে যযাতিপুত্রায় তেন বৃতা সতী বরমদাৎ। যযাতিঃ শুক্রশাপাজ্জরাং প্রাপ্য পুত্রা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রকটমেব জরাপ্রবেশমুপাখ্যানেনাহ কালস্যেতি। হে বর্হিষ্মন্ কোঽপি ন প্রত্যনন্দং নৈচ্ছৎ॥ ১৬॥

পূরবে যযাতিপুত্রায়। তেন বৃতা সতী বরমদাদিতি। যযাতি স্তস্মৈ স্বীয়জরাগ্রাহিণে তুষ্টো রাজ্যমদাদিতি জরৈবাদাদিত্যুক্তং॥

হে প্রাচীনবর্হি! পূর্ব্বোক্ত কালের একটী কন্যা ছিল ; সেই কন্যা অতি দুঃশীলা ও অনিষ্টকারিণী বলিয়া বিবাহার্থ তিনি ত্রিভুবন পর্য্যটন করিয়াও স্বামীলাভে সমর্থা হইলেন না। তাঁহার চরিত্রের দোষে কেহই তাঁহাকে পত্নীরূপে স্বীকার করিলেন না॥ ১৬॥

কন্যাটী নিজে অতি দুর্ভাগা ও পাপিষ্ঠা বলিয়া সর্ব্বত্র জগতে দুর্ভগা-নামেই বিখ্যাতা হইলেন ; সুতরাং তাঁহাকে আর কেহই আদর করিল না। পূর্ব্বে যযাতিনন্দন পূরু পিতার অনুরোধে একবার ঐ কন্যাকে গ্রহণ করিয়াছিলেন ; সেইজন্য ঐ কালকন্যা জরা সন্তুষ্টা হইয়া, যযাতির দ্বারা ঐ পূরুকে রাজ্য প্রদান করাইয়াছিলেন॥

আভাস।

করেন। তিনি নবীন বয়সে পূর্ণ সহস্র সম্বৎসর কাল পিতার জরা গ্রহণে জরঠের ন্যায় কালাতিপাত করায়, পিতা যযাতি প্রসন্ন হইয়া তাঁহাকে রাজত্ব প্রদান করেন। সহস্র বৎসরের পর যযাতি স্বীয় জরা পুত্রের নিকট হইতে প্রতিগ্রহণ করিলে, পুরুরাজ নিজ যৌবন লাভে রাজত্ব ভোগ করেন। কেবল এই এক জন মাত্র ব্যক্তি সংসারে জরাকে স্বীকার

কদাচিদটমানা সা ব্রহ্মলোকান্মহীং গতং ।
বব্রে বৃহদ্ব্রতং মাস্তু জানতী কামমোহিতা ॥ ১৭ ॥
ময়ি সংরভ্য বিপুলমদাচ্ছাপং সুদুঃসহং ।
স্থাতুমর্হসি নৈকত্র মদ্যাচ্ঞাবিমুখো মুনে ॥ ১৮ ॥

অন্বয়ঃ ।

এবং বরং অন্বেষণায় সর্ব্বত্র অটমানা সা কদাচিৎ ব্রহ্মলোকাৎ মহীং গতং প্রাপ্তং, মাং বৃহদ্ব্রতং নৈষ্ঠিকব্রহ্মচারিণং, জানতী অপি কামমোহিতা (কামেন মোহিতা সতী) বব্রে (মাং পত্নীত্বে গৃহাণ ইতি উবাচ) ॥ ১৭ ॥

প্রত্যাখ্যাতবতি ময়ি, সংরভ্য ক্রোধং কৃত্বা, হে মুনে! যতঃ ত্বং মদ্যাচ্ঞাবিমুখঃ (মাং ন অঙ্গীকরেষি) অতঃ একত্র স্থাতুং ন অর্হসি ইতি বিপুলং মহান্তং (অন্যৈঃ) সুদুঃসহং শাপং অদাৎ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী ।

মুবাচ। ইমাং গৃহ্ণীতেতি। তাং জ্যেষ্ঠা শ্চত্বারো ন জগৃহুঃ পূরুস্তু জগৃহে। ততো যযাতিস্তস্মৈ রাজ্যং দদাবিতি জরৈবাদাদিত্যুক্তং ॥ ১৭ ॥

প্রত্যাখ্যাতবতি ময়ি সংরভ্য ক্রোধং কৃত্বা নৈকত্র স্থাতুমর্হসীতি শাপমদাৎ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

মহীং গতমিতি প্রাকৃতমনুষ্যভ্রান্ত্যেত্যর্থঃ। বৃহদ্ব্রতং নৈষ্ঠিকব্রহ্মচারিণং সন্ন্যাসিনং বা মহাপ্রভাবন্তং বা সা কমপি ন ত্যজতীত্যর্থঃ ॥ ১৭ ॥

ময়ি প্রত্যাখ্যাতবতি সংরভ্য ক্রোধং কৃত্বা পক্ষে মদ্দেহস্য কর্ম্মারব্ধত্বাভাবাৎ ষড়ূর্ম্মিরাহিত্যেন তস্যাঃ প্রবেশাসামর্থ্যমেব মৎপ্রত্যাখ্যানত্বেন কৃপালুত্বেন সর্ব্বত্র মম গমনমেব তস্যাঃ শাপফলত্বেনোৎপ্রেক্ষিতমিদং জ্ঞেয়ং ॥ ১৮ ॥

সম্প্রতি পতির অন্বেষণে ঐ কন্যা সর্ব্বত্র পর্য্যটন করিলেও যখন কেহ তাঁহাকে পত্নীত্বে স্বীকার করিলেন না, তখন এক দিবস ব্রহ্মলোক হইতে মর্ত্ত্যধামে আমাকে আগমন করিতে দেখিয়া, তিনি কামবাণে নিতান্ত নিপীড়িত হইলেন এবং আমাকে নৈষ্ঠিক ব্রহ্মচারী জানিয়াও, বিবাহার্থ আমাকে আহ্বান করিলেন ॥ ১৭ ॥

আমি কিন্তু তাঁহার তাদৃশ অনুরোধে সম্মত হইলাম না। তখন সেই

আভাস ।

করিয়া পরিণামে সুখী হইয়াছিলেন। তদ্ভিন্ন অন্য কেহই আর জরার সংশ্রবে সুখী হন নাই; কেবল ক্লেশই সকলকে ভোগ করিতে হয়। সুতরাং কেহই আর জরাকে স্বীকার করিতে প্রস্তুত নহেন। জরা তখন সকলের নিকট প্রত্যাখ্যাত হইয়া, দেবর্ষি নারদকে আশ্রয় করিবার

ততো বিহতসংকল্পা কন্যকা যবনেশ্বরং।
ময়োপদিষ্টমাসাদ্য বব্রে নাম্না ভয়ং পতিং ॥ ১৯ ॥
ঋষভং যবনানাং ত্বাং বৃণে বীরেপ্সিতং পতিং।
সঙ্কল্পস্ত্বয়ি ভূতানাং কৃতঃ কিল ন রিষ্যতি ॥ ২০ ॥

অন্বয়ঃ।

ততঃ বিহতসংকল্পা (বিহতঃ মদ্বিষয়কঃ সংকল্পঃ যস্যাঃ সা) কন্যকা জরা ময়া উপদিষ্টং জ্ঞাপিতং, নাম্না ভয়ং ভয়নামানং, যবনেশ্বরং (যবনানাং ঈশ্বরং) আসাদ্য গত্বা পতিং বব্রে ॥ ১৯ ॥

হে বীর! যবনানাং ঋষভং শ্রেষ্ঠং, ত্বাং এব অহং ঈপ্সিতং পতিং বৃণে। হে বীর! ত্বয়ি কৃতঃ ভূতানাং সংকল্পঃ কিল ন রিষ্যতি বিফলঃ ভবতি ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

আধয়ো ব্যাধয়শ্চ যবনাঃ। তেষামীশ্বরং ভয়নামানং বব্রে ॥ ১৯ ॥
হে বীর ত্বামীপ্সিতং পতিং বৃণে। ন রিষ্যতি ন নশ্যতি ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ময়োপদিষ্টমিতি লোকানাং ভয়মেব জরয়া জীর্ণং ভবত্বিতি স্বস্য দয়ালুত্বং সূচিতং ॥ ১৯ ॥
যবনানামাধিব্যাধীনাং। ন রিষ্যতি ন নশ্যতি। পক্ষে ভূতানাং ভগবদ্ভক্তানাং সঙ্কল্পো ন রিষ্যতি। লোকানাং ভয়ং জীর্ণং ভবত্বিতি নারদেন যঃ সঙ্কল্পঃ কৃতঃ সোঽন্যথা ভবিতুং নার্হতীতি ত্বং মে পতি র্ভব যথা ত্বামহং ভুঞ্জে। ভূতশব্দেন ভগবদ্ভক্তোঽপ্যুচ্যতে। যদুক্তং ভূতানি ভবানি জনার্দ্দনস্যেতি ॥ ২০ ॥

কন্যা ক্রোধভরে আমাকে দুঃসহ অভিসম্পাত প্রদানে বলিলেন যে, হে মুনে! আপনি যখন আমার প্রার্থনায় অসম্মত হইয়াছেন, তখন অদ্যাবধি আপনি একস্থানে কখন অধিককাল অবস্থান করিতে পারিবেন না! ॥ ১৮ ॥

কন্যাটীর মনোরথ আমার দ্বারা পূরণ না হইলেও আমি তাঁহাকে পরামর্শ প্রদানে বলিলাম যে, ভয়নামে একজন যবনগণের অধিপতি আছেন। তুমি তাঁহার নিকট গমন করত, বিবাহের প্রার্থনা কর! ॥ ১৯ ॥

কালকন্যা আমার উপদেশ অনুসারে যবনাধিপের নিকট গমন করত তাঁহাকে বলিলেন, হে বীর যবনাধিপ! আমি আপনাকে আমার উপযুক্ত

আভাস।

চেষ্টা করিলেন। কিন্তু সন্ন্যাসীর দেহ কর্ম্মের দ্বারা গঠিত নহে; সুতরাং ক্ষুৎপিপাসাদি ষট্ প্রকার বিকারবর্জ্জিত হওয়ায়, জরা তথায় প্রবেশ করিতে পারিলেন না। তখন জরা দেবর্ষিকে অভিসম্পাত পূর্ব্বক বলিয়াছিলেন যে, আপনি কখন কোন স্থানে স্থির ভাবে

দ্বাবিমাবনুশোচন্তি বালাবসদবগ্রহৌ।
যল্লোকশাস্ত্রোপনতং ন রাতি ন তদিচ্ছতি॥ ২১॥
অথো ভজস্ব মাং ভদ্র ভজন্তীং মে দয়াং কুরু।

অন্বয়ঃ।

লোকশাস্ত্রোপনতং (লোকব্যবহারতঃ শাস্ত্রতঃ বা উপাদেয়ত্বেন গ্রাহ্যত্বেন উপনতং প্রাপ্তং) যং তং যাচ্যমানং দেয়ং যঃ ন রাতি ন দদাতি, যশ্চ দীয়মানং তং ন ইচ্ছতি গৃহ্ণাতি, দ্বৌ ইমৌ অসদবগ্রহৌ (অসন্ অবগ্রহঃ আগ্রহঃ হটঃ যয়োঃ তৌ) বালৌ অজ্ঞৌ (সজ্জনাঃ) অনুশোচন্তি॥ ২১॥

অথ তস্মাৎ হে ভদ্র! ভজন্তীং দীনাং মাং ভজস্ব ভার্য্যাত্বেন অঙ্গীকুরু! মে মহ্যং দয়াং

শ্রীধরস্বামী।

লোকতো বেদতশ্চ যদ্দেয়ত্বেন গ্রাহ্যত্বেনচ উপনতং প্রাপ্তং তং যাচ্যমানং যো ন দদাতি তচ্চ দীয়মানং নেচ্ছতি ন গৃহ্ণাতি ইমৌ দ্বৌ কর্ম্মভূতাবনুশোচন্তি সন্তঃ॥ ২১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বালাবজ্ঞৌ সন্তোঽনুশোচন্তি। লোকশাস্ত্রয়োরুপনতমুচিতং বস্তু দেয়ং ন দদাতি। গ্রাহ্যং ন গৃহ্ণাতীতি তেন কন্যাহং স্বয়ম্বরা অকস্মাত্ত্বদ্‌গৃহমাগতা গৃহস্থেন ত্বয়া গ্রাহ্যৈবেতি ভাবঃ। পক্ষে লোকেষু কৃপালুনা নারদেন যদভিলষিতং ভয়ং জীর্ণং ভবত্বিতি তল্লোকশাস্ত্রো-চিতমেবাতস্ত্বং মাং গৃহাণেত্যর্থঃ॥ ২১॥

পৌরুষঃ পুরুষেণ নির্ব্বৃত্তঃ। পক্ষে স্ববলং প্রকাশ্যাপি ত্বয়া জরাং ন গৃহ্ণামীতি বক্তু-

পতি জ্ঞানে বরণ করিতেছি! হে বীর! যে কোন প্রার্থনায় আপনার নিকট অগ্রসর হইয়া, কেহ কখন বিফল-মনোরথ হয় নাই॥ ২০॥

লোকব্যবহারে দেখা যায় এবং শাস্ত্রেও শুনা যায় যে, প্রার্থনাকারীর প্রার্থনা যিনি পূরণ না করেন, বা প্রদত্ত সামগ্রীকে যিনি স্বীকার না করেন, এই দ্বিবিধ ব্যক্তিই জগতে হেয় ও নির্ব্বোধ বলিয়া সাধুসমাজে নিন্দিত ও উপে-ক্ষিত হইয়া থাকেন॥ ২১॥

অতএব হে সাধো! আমি স্বয়ং যখন আপনাকে আত্মসমর্পণ করিতেছি, তখন আপনি কৃপা প্রকাশে আমাকে ভার্য্যারূপে গ্রহণ করুন্! দেখুন্!

আভাস।

অবস্থান করিতে পারিবেন না॥ ইহার দ্বারা জাতবৈরাগ্য সন্ন্যাসীকে সর্ব্ব বিষয়ের আসক্তি হইতে প্রতিনিবৃত্ত করানই হইয়াছে। দেবর্ষি নারদ তখন কৃপা প্রকাশে জরাকে আদেশ করিলেন যে, তুমি স্বামিরূপে ভয়কে আশ্রয় কর। অর্থাৎ তোমার প্রভাবে জীবের ভয়ই ক্রমশ জরাজীর্ণ হউক! যবননামক বিবিধ পীড়ার অধিপতিই এই ভয়; যাহারা ভগবানে

এতাবান্‌ পৌরুষো ধর্ম্মো যদার্ত্তাননুকম্পতে ॥ ২২ ॥
কালকন্যোদিতবচো নিশম্য যবনেশ্বরঃ।
চিকীর্ষুর্দেবগুহ্যং স সস্মিতং তামভাষত ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

কুরু! যৎ আর্ত্তান্‌ দুঃখিতান্‌, অনুকম্পতে, পৌরুষঃ পুরুষেণ অনুষ্ঠেয়ঃ, সঃ পরঃ ধর্ম্মঃ এতাবান্‌ এব ॥ ২২ ॥

কালকন্যোদিতবচঃ (কালকন্যয়া উদিতং বচঃ) নিশম্য শ্রুত্বা, দেবগুহ্যং (দেবানাং গুহ্যং গুপ্তং কিঞ্চিৎ কার্য্যং) চিকীর্ষুঃ সঃ ভয়নামা যবনেশ্বরঃ সস্মিতং তাং অভাষত উবাচ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

পুরুষেণ কর্ত্তব্যো ধর্ম্মঃ পৌরুষঃ ॥ ২২ ॥

দেবগুহ্যং মরণং তদ্ধি প্রাণিনাং বৈরাগ্যানুদয়ায় দেবৈ র্গোপ্যতে ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মশক্যং নারদোক্তিবলাত্ত্বামহং লগন্তী সংহরিষ্যাম্যেবেতি স্বগতং বদন্তী বহির্বক্রোক্ত্যা সোৎপ্রাসমাহ অথো ইতি ॥ ২২ ॥

দেবস্য পরমেশ্বরস্য গুহ্যং রহস্যং সংসারচক্রপ্রবর্ত্তনং চিকীর্ষুঃ। সস্মিতমিতি ত্বদ্বচনমিদমপ্রত্যাখ্যেয়মিতি স্মিতেন জ্ঞাপয়ন্নিত্যর্থঃ ॥ ২৩ ॥

আর্ত্তজনের দুঃখনিবারণ করাই পুরুষশ্রেষ্ঠগণের প্রধান কর্ম্ম বলিয়া জগতে পরিকীর্ত্তিত ॥ ২২ ॥

কাল-কন্যার কাতর বাক্য শ্রবণ করিয়া, সেই ভয়নামক যবনেশ্বর দেবগণের গুহ্য কার্য্য ধ্বংসক্রিয়া নির্ব্বাহার্থ মনে মনে অভিসন্ধি করত সেই কালকন্যাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ২৩ ॥

আভাস।

ভক্তি করত আচারের প্রতি লক্ষ্য রাখিতে পারিবেন, স্বেচ্ছাধীন হইয়া আপাত-মনোরম নিষিদ্ধ বিষয়সম্ভোগে আসক্ত হইবেন না, শাস্ত্রবিহিত আচরণ রক্ষা করিতে পারিবেন, তাঁহাদের আর পীড়ার কোন সম্ভাবনা থাকিবে না; সুতরাং ভয় ক্ষীণ হইবে। কিন্তু যাহারা তাহার বিপরীত ব্যবহার করিবে, তাহারাই বিপন্ন হইবে ॥ ১৫—২২ ॥

জরা যখন সাক্ষাৎ কৃতান্তকে পতিরূপে প্রার্থনা করিলেন, তখন তিনি মৃত্যুই যে পরমেশ্বরের গুহ্য অভিপ্রায়, তাহা অবধারণ করিলেন। অর্থাৎ যে সূত্র অবলম্বনে সংসার-চক্র প্রবর্ত্তিত হইবে, তাহা তিনি অবগত হইলেন; কিন্তু মৃত্যুই যদি জরাগ্রস্ত হয়, তবে সংসারচক্র কখনই পরিচালিত হইতে পারে না। কারণ মৃত্যুরও যদি মৃত্যু হয়, তবে কাহারও কোন পরিবর্ত্তন থাকে না। মৃত্যু সুপ্রতিষ্ঠিত থাকিলে, পরিবর্ত্তনের চক্র অনায়াসে পরিবর্ত্তিত হইতে পারে; এই নিমিত্ত

ময়া নিরূপিতস্তুভ্যং পতিরাত্মসমাধিনা।
নাভিনন্দতি লোকোঽয়ং ত্বামভদ্রামসম্মতাং॥ ২৪॥
ত্বমব্যক্তগতির্ভুঙ্‌ক্ষ্ব লোকং কর্ম্মবিনির্ম্মিতং।

অন্বয়ঃ।

যতঃ হি অয়ং লোকঃ অভদ্রাং অনিষ্টকরীং, অসম্মতাং ত্বাং ন অভিনন্দতি অঙ্গীকরোতি, অতঃ আত্মসমাধিনা চিত্তৈকাগ্র্যেণ, ময়া তুভ্যং তব পতিঃ নিরূপিতঃ বিচারিতঃ॥ ২৪॥

ত্বং অব্যক্তগতিঃ (অব্যক্তা গতিঃ যস্যাঃ তথাভূতা সতী) কর্ম্মবিনির্ম্মিতং লোকং (কর্ম্মভিঃ

শ্রীধরস্বামী।

তুভ্যং তব আত্মসমাধিনা জ্ঞানদৃষ্ট্যা যাচ্যমানঃ অয়ং লোকস্ত্বাং নেচ্ছতি॥ ২৪॥

অতোঽব্যক্তগতিঃ কুতঃ প্রাপ্তেত্যলক্ষিতগতিঃ সতী লোকমাক্রম্য ভুঙ্‌ক্ষ্ব। এবং সর্ব্বোঽপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তুভ্যং ত্বাং ভোজয়িতুমিত্যর্থঃ। আত্মসমাধিনা মনসো ভাবনয়া অয়ং ভূর্লোকস্থো লোকঃ ত্বাং নেচ্ছতি॥ ২৪॥

অতস্ত্বমব্যক্তগতিঃ কুতঃ প্রাপ্তেত্যলক্ষিতগতিঃ সতী লোকমাক্রম্য বলাৎকারেণ সর্ব্বএব লোকস্তব পতিঃ স্যাদিত্যর্থঃ॥

প্রতিকূলাং মাং লোকো হনিষ্যতীতি বিভেষি চেৎ মৎপৃতনা যবনসেনা তয়া যুক্তা সতী

এই সমগ্র ভুবনবর্ত্তী লোকে তোমাকে অনিষ্টকারিণী ও দুষ্টা জ্ঞানে পরিণয় করিতে অসম্মত হইলেও আমি চিত্তের সমাধিবলে তোমার পতি নির্ণয় করিয়াছি।। ২৪॥

তুমি অলক্ষ্যগতিতে কর্ম্মনির্ম্মিত এই সমগ্র প্রাণিদেহকেই আশ্রয় কর!

আভাস।

ভয়রূপী মৃত্যু নিজের পথ প্রশস্ত রাখিবার জন্য, তিনি জরাকে সম্বোধন পূর্ব্বক এই সমগ্র ভুবন ও প্রাণিদেহ সমূহকেই তাহার ভোগ্যরূপে নির্দ্দেশ করিলেন। জরা বিশেষ যত্ন করিয়াও যেস্থলে সফল-মনোরথ হন নাই, এক্ষণে মৃত্যুর ইঙ্গিতেই যে তিনি কৃতকার্য্য হইবেন, পাছে তদ্বিষয়ে তাঁহার সন্দেহ জন্মে এবং পুনরায় জগতে পাছে উপেক্ষিত হইতে হয়, এই ভয়ে মৃত্যুর দিকে দৃষ্টিপাত করিলে, কৃতান্ত জরাকে বলিলেন যে, সম্প্রতি পতির অন্বেষণার্থ তোমার নিজের আর পরিশ্রম করিতে হইবে না! এই বিশ্ব সংসার বলপূর্ব্বক তোমার পতি হইতে যত্ন করিবে। তোমার প্রতিকূলাচরণে আর কেহই প্রবৃত্ত হইবে না। তুমি অবাধে এই সমগ্র লোকের ক্ষয়কার্য্য নির্ব্বাহ করিতে পারিবে। এই প্রজ্বার নামে যে বৈষ্ণবজ্বর অবলোকন করিতেছ? ইনি মহেশ্বরসৃষ্ট যাবতীয় ব্যাধির নেতা ও আমার অগ্রজ। আমি ইহারই অনুগমন করিয়া থাকি; আমাদের ভ্রাতৃদ্বয়ের মধ্যে, কোন ভগ্নী নাই। তুমি আমাদের ভগ্নী হইয়া, জগতে বিরাজ কর! ভগবান্ নারদের বাক্য কখন অন্যথা হইবে না।

যাহি মে পৃতনাযুক্তা প্রজানাশং করিষ্যসি ॥ ২৫ ॥
প্রজ্বারোঽয়ং মম ভ্রাতা ত্বঞ্চ মে ভগিনী ভব।
চরাম্যুভাভ্যাং লোকেঽস্মিন্নব্যক্তো ভীমসৈনিকঃ ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পুরঞ্জনোপাখ্যানে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৭ ॥ * ॥

অন্বয়ঃ।

বিনির্ম্মিতং) লোকং প্রাণিশরীরং, ভুঙ্‌ক্ষ্ব! মে মম পৃতনয়া যুক্তা ত্বং যাহি! তথা প্রজানাশং করিষ্যসি ॥ ২৫ ॥

অয়ং প্রজ্বারঃ তৎসঙ্গকঃ মম ভ্রাতা অস্তি; ত্বং মে মম ভগিনী ভব! ভীমসৈনিকঃ) ভীমাঃ ভয়ানকাঃ সৈনিকাঃ যবনাঃ যস্য সঃ) অহং অব্যক্তঃ অলক্ষিতঃ, এব অহং উভাভ্যাং এব অস্মিন্ লোকে চরামি ॥ ২৬ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

লোক স্তব পতিঃ স্যাদিত্যর্থঃ। নচৈবং ত্বয়া শঙ্কনীয়ং মাং প্রতিকূলাং লোকো হনিষ্যতীতি যংত্বমেব প্রজানাং নাশং করিষ্যসীত্যাহ যাহীতি। যা মদীয়া যবনপৃতনা তয়া যুক্তা ॥ ২৫ ॥

কিঞ্চ প্রজ্বার ইতি মারকো বৈষ্ণবজ্বরঃ মাহেশ্বরস্য ব্যাধ্যন্তঃপাতিত্বাৎ ভীমা ঘোরাঃ সৈনিকা যস্য ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি চতুর্থে সপ্তবিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যাহীতি প্রজানাং ত্বয়া ভুক্তানাং নাশং ত্বং প্রণেষ্যসি ত্বাং হন্তুং পুনঃ কঃ প্রভবেদিতি ভাবঃ ॥ ২৫ ॥

প্রজ্বার ইতি মারকো বৈষ্ণবজ্বরঃ মাহেশ্বরস্যাতু ব্যাধ্যন্তঃপাতিত্বাৎ মম ভগিনী কাপি নাস্তীতি ত্বমেব ভগিনী ভব! ননু নায়দোক্তমনাথা ভবিতুং নার্হতীতি ত্বং মে পতিরেব ভবেতি

আমার এই সৈন্যসামন্ত লইয়া তুমি এখনই যাত্রা কর! এবং প্রজানাশে প্রবৃত্ত হও! ॥ ২৫ ॥

প্রজ্বারনামে আমার এই একজন ভ্রাতা আছেন; তুমি আমার ভগ্নী হও!

আভাস।

তুমি আমাকে পতিরূপে প্রার্থনা করিয়াছ; অথচ আমি তোমাকে ভগ্নীস্থানে আনয়ন করিলাম। তথাপি অধর্ম্মাংশে যখন আমাদের উৎপত্তি হইয়াছে, তখন ভ্রাতা হইয়াও পতির কার্য্য করিব। অর্থাৎ যখন আমি কোন ভগবদ্ভক্তের নিকট গমন করিব, তখন তুমি আমাকে আলিঙ্গন করত আমাকেই ক্ষয় করিবে। কিন্তু তুমিও কখন ভগবদ্ভক্তের নিকট

নারদ উবাচ।

সৈনিকা ভয়নাম্নো যে বর্হিষ্মন্ দিষ্টকারিণঃ।

প্রজ্বারকালকন্যাভ্যাং বিচেরুরবনীমিমাং॥ ১॥

অন্বয়ঃ।

নারদঃ উবাচ। হে বর্হিষ্মন্! ভয়নাম্নঃ দিষ্টকারিণঃ আজ্ঞাকারিণঃ, যে সৈনিকাঃ যোদ্ধারঃ, তে প্রজ্বারকালকন্যাভ্যাং সহ ইমাং অবনীং বিচেরুঃ সর্ব্বত্র পর্য্যটন্তি স্ম॥ ১॥

শ্রীধরস্বামী।

অষ্টাবিংশেতু বৈদর্ভ্যাখ্যানেন স্ত্রীবিচিন্তয়া।

স্ত্রীত্বং প্রাপ্তস্য দৈবেন কদাচিন্মুক্তিরুচ্যতে॥ *॥

ইদানীং পুরঞ্জনস্য পুংদেহত্যাগপূর্ব্বকং স্ত্রীত্বপ্রকারমাহ। সৈনিকা ইত্যাদি রাজ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সত্যং। অধর্ম্মবংশোদ্ভবানামস্মাকং ভগিন্যপি ভার্যা স্যাদত স্তব ভ্রাতাপ্যহং পতিস্তস্মান্নারদোক্তমপি প্রমাণীকরণীয়ং ভগবদ্ভক্তানাং নিকটমহং যামি চেন্মামপি নির্ভরং ভুক্ত্বা সংহর। নারদং যথা পতিং নাকৃথা স্তথান্যমপি ভগবদ্ভক্তং ত্বমপি পতিং ন কুরুষ। অতএব ময়োক্তং ত্বমব্যক্তগতির্ভুংক্ষ্ব লোকং কর্ম্মবিনির্ম্মিতমিতি ভক্তানাং কর্ম্মবিনির্ম্মিতত্বাভাবাত্তে তব পতয়ো ন ভবন্তীতি তেষু তেষ্বহমেব পতিরিতি নারদোক্তমপি সুসঙ্গতমভূদিতি॥ ২৬॥

॥ *॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

চতুর্থে সপ্তবিংশোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং॥ *॥

ত্যক্ত্বা শীর্ণাং পুরীং স্ত্রীত্বং প্রাপ্তঃ সৎসঙ্গতো হরেঃ।

ভক্ত্যা পুরঞ্জনঃ প্রাপ তমষ্টাবিংশকে স্ফুটং॥ *॥

আমি এই ভীষণ যবনসৈন্যে সমবেত হইয়া, সকলের অজ্ঞাতসারে তোমাদের দুই জনের সাহায্যে এই জগতে বিচরণ করিব। ২৬॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্তবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দেবর্ষি নারদ রাজাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে বর্হিষ্মন্! যবনাধি-

আভাস।

অগ্রসর হইও না! নারদ তোমাকে পত্নীত্বে স্বীকার করেন নাই। তাঁহাদের দেহ ভোগার্থ নির্ম্মিত নহে; সুতরাং জরা ব্যতীত কেবল মৃত্যুই সেই সেই স্থলে পতিত্ব লাভ করিয়া থাকে। তদ্ব্যতীত সর্ব্বত্রই তোমার অধিকার রহিল। তুমি সকলের অজ্ঞাতসারে বিবিধ পীড়া-সৈন্য সঙ্গে লইয়া, সংসারে বিচরণ কর? ॥ ২৩—২৬॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্তবিংশ অধ্যায়ের আভাস সমাপ্ত॥

অষ্টাবিংশ অধ্যায়ে বৈদর্ভীকথার প্রসঙ্গে নারীচিন্তন দ্বারা পুরঞ্জনের স্ত্রীত্ব প্রাপ্তি এবং প্রাক্তন কর্ম্মের ফলে পুনরায় জ্ঞানের উদয়ে, মুক্তিলাভ বর্ণিত হইয়াছে॥

ত একদাতু তরসা পুরঞ্জনপুরীং নৃপ।
রুরুধুর্ভৌমভোগাঢ্যাং জরৎপন্নগপালিতাং ॥
কালকন্যাপি বুভুজে পুরঞ্জনপুরং বলাৎ।
যয়াভিভূতঃ পুরুষঃ সদ্যো নিঃসারতামিয়াৎ ॥ ২ ॥

অন্বয়ঃ।

হে নৃপ! একদা তু তে ভৌমভোগাঢ্যাং (ভৌমভোগেন আঢ্যাং সম্পূর্ণাং) জরৎপন্নগ-পালিতাং (জরৎপন্নগেন ক্ষীণবলেন সর্পেণ পালিতাং রক্ষিতাং) পুরঞ্জনপুরীং তরসা বেগেন, রুরুধুঃ আবৃতবন্তঃ ॥

যয়া কালকন্যয়া অভিভূতঃ তিরস্কৃতঃ, পুরুষঃ সদ্যঃ নিঃসারতাং, অসমর্থতাং ইয়াৎ গচ্ছেৎ, সা কালকন্যাপি বলাৎ পুরঞ্জনপুরং বুভুজে স্বাধীনীকৃতবতী ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

সিংহস্য বেশ্মনীত্যন্তেন গ্রন্থেন। দিষ্টং দৈবং কুর্ব্বন্তী অধিকুর্ব্বন্তী তথা। মৃত্যোরাদেশ-কারিণ ইতি বা ॥ ১ ॥

জরৎপন্নগেন জীর্ণপ্রাণেন পালিতাং ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইদানীং জীবস্য স্থূলশরীরপরিত্যাগপ্রকারমাহ সৈনিকা ইত্যাদি পুরীং বিহায়োপগত ইত্যন্তেন সৈনিকা ব্যাধয়ঃ। দিষ্টকারিণঃ দুরদৃষ্টফলোৎপাদকাঃ ॥ ১ ॥

জরৎপন্নগেন জীর্ণপ্রাণেন পালিতাং ॥ ২ ॥

পতি ভয়ের সৈনিকপুরুষগণ প্রজ্বার ও কালকন্যার সহিত মিলিত হইয়া, পৃথিবীর সর্ব্বত্র বিচরণ করিতে লাগিল ॥ ১ ॥

হে রাজেন্দ্র! তাহারা সকলে এইরূপে পরিভ্রমণ করত, এক দিবস যাবতীয় পার্থিব ভোগৈশ্বর্য্যে পরিপূর্ণ এবং সেই প্রাচীন জীর্ণ সর্পকর্ত্তৃক প্রতি-পালিত পুরঞ্জনের সেই অপূর্ব্ব পুরী দর্শনে অকস্মাৎ বলপূর্ব্বক তাহাকে আক্রমণ করিল ॥

অহো! যে কালকন্যারূপ জরার আক্রমণে পুরুষগণ তৎক্ষণাৎ বলবীর্য্য-শূন্য ও অসমর্থ হইয়া পড়ে, সেই কালকন্যারূপা জাজ্বল্যমান জরা পুরঞ্জনের মনোহর পুরীকে বলপূর্ব্বক ভোগ করিতে লাগিল ॥ ২ ॥

আভাস।

সম্প্রতি জীবের স্থূলশরীর পরিত্যাগের প্রণালী বলিবার উপক্রমে, যে সৈনিক পুরুষের উল্লেখ করিয়াছেন, তাহাদিগকে ব্যাধি বলিয়াই নির্ণয় করিতে হইবে। দুরদৃষ্টফলের উৎপাদক মৃত্যু এই ব্যাধিসমূহকে স্ব স্ব পথে পরিচালিত করেন। ব্যাধি ও জরার দ্বারা দেহ আক্রান্ত

তয়োপভুজ্যমানাং বৈ যবনাঃ সর্ব্বতো দিশং।
দ্বার্ভিঃ প্রবিশ্য সুভৃশং প্রার্দ্দয়ন্ সকলাং পুরীং ॥
তস্যাং প্রপীড্যমানায়ামভিমানী পুরঞ্জনঃ।
অবাপোরুবিধাংস্তাপান্ কুটুম্বী মমতাকুলঃ ॥ ৩ ॥
কন্যোপগূঢ়ো নষ্টশ্রীঃ কৃপণো বিষয়াত্মকঃ।
নষ্টপ্রজ্ঞো হৃতৈশ্বর্য্যো গন্ধর্ব্বৈ র্যবনৈর্ব্বলাৎ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

তয়া উপভুজ্যমানাং সকলাং পুরীং সর্ব্বতঃ দিশং দ্বার্ভিঃ প্রবিশ্য যবনাঃ সুভৃশং প্রার্দ্দয়ন্ বভঞ্জুঃ ॥

তস্যাং পুর্য্যাং, প্রপীড্যমানায়াং সত্যাং তদভিমানী মমতাকুলঃ (মমতয়া আকুলঃ বিবশঃ) কুটুম্বী পুত্রাদিমান্, পুরঞ্জনঃ উরুবিধান্ নানাপ্রকারান্, তাপান্ অবাপ ॥ ৩ ॥

কন্যোপগূঢ়ঃ (কন্যয়া জরয়া উপগূঢ়ঃ তিরস্কৃতঃ) অতএব নষ্টশ্রীঃ (নষ্টা শ্রীঃ যস্য সঃ) গন্ধর্ব্বৈঃ যবনৈঃ বলাৎ হৃতৈশ্বর্য্যঃ (হৃতং ঐশ্বর্য্যং যস্য সঃ) নষ্টপ্রজ্ঞঃ (নষ্টা প্রাজ্ঞা বুদ্ধিঃ যস্য সঃ) বিষয়াত্মকঃ বিষয়াবিষ্টচিত্তঃ, কৃপণঃ বিবেকশূন্যঃ (পুরঞ্জনঃ প্রতিক্রিয়াং ন লেভে ইতি তৃতীয়েনান্বয়ঃ) ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

দ্বার্ভিশ্চক্ষুরাদিভিঃ রোগরূপেণ প্রবিশ্য ॥ ৩ ॥

কন্যয়া জরয়া উপগূঢ়ঃ সন্ তৎপ্রতিক্রিয়াং ন লেভে ইতি তৃতীয়েনান্বয়ঃ। হৃতৈশ্বর্য্যঃ উত্থানাদ্যশক্তেঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বার্ভিশ্চক্ষুরাদিভিঃ ॥

অভিমানীতি পুর্য্যামভিমানবশাদেব ॥ ৩ ॥ ৪ ॥

কালকন্যা যখন সেই পুরীকে ভোগ করিতে আরম্ভ করিল, তখন যবন-সৈন্যগণ চতুর্দ্দিক হইতে আগমন করত (রোগরূপে ইন্দ্রিয়স্থানীয়) পুরীর সকল দ্বার দিয়া তাহার অন্তরে প্রবেশ করিতে লাগিল ॥

তখন পুত্রকলত্রাদিতে পরিবেষ্টিত সুতরাং মমতাকুলিতচিত্ত পুরাধিষ্ঠিত অভিমানী পুরঞ্জন পুরীর তাদৃশ বিপন্ন অবস্থা অবলোকন করিয়া, বিবিধ দুঃখ অনুভব করিতে লাগিলেন ॥ ৩ ॥

কালকন্যার আক্রমণে জরাগ্রস্ত, তদুপরি যবনসৈন্য রোগরূপ গন্ধর্ব্ব-

আভাস।

হইলে জীবনীশক্তি প্রাণ ক্রমশ ক্ষীণবল হইয়া দেহ-পালনে সমর্থ হয় না। সেই জীর্ণ প্রাণই এস্থলে জরৎপন্নগনামে অভিহিত হইয়াছে ॥ ১ ॥ ২ ॥

বিশীর্ণাং স্বপুরীং বীক্ষ্য প্রতিকূলাননাদৃতান্।
পুত্রান্ পৌত্রানুগামাত্যান্ জায়াঞ্চ গতসৌহৃদাং ॥ ৫ ॥
আত্মানং কন্যয়া গ্রস্তং পঞ্চালানরিদূষিতান্।
দুরন্তচিন্তামাপন্নো ন লেভে তৎপ্রতিক্রিয়াং ॥ ৬ ॥

অন্বয়ঃ।

বিশীর্ণাং স্বপুরীং, তথা প্রতিকূলান্ অনাদৃতান্ অস্বাধীনান্, পুত্রান্ পৌত্রানুগামাত্যান্ গতসৌহৃদাং স্নেহরহিতাং, জায়াং চ বীক্ষ্য দৃষ্ট্বা ॥ ৫ ॥

তথা আত্মানং কন্যয়া কালকন্যয়া গ্রস্তং অভিভূতং অরিদূষিতান্ (অরিভিঃ গন্ধর্ব্বাদিভিঃ দূষিতান্) চ বীক্ষ্য দুরন্তচিন্তাং (দুরন্তাং চিন্তাং) আপন্নঃ সন্ তৎপ্রতিক্রিয়াং (তস্য সুস্থতা-সম্পাদনস্য প্রতিক্রিয়াং উপায়ং, ন লেভে ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

প্রতিকূলান্ অনপেক্ষিতবিষয়প্রাপকান্। অনাদৃতান্ আদরমকুর্ব্বাণান্ স্বাধীনত্বাভাবাৎ। অনুগা ইন্দ্রিয়াণি। অমাত্যা ইন্দ্রিয়দেবতাঃ। গতসৌহৃদাং অধ্যবসায়াভাবাৎ ॥ ৫ ॥

অরিভিঃ বিঘ্নাদিভিঃ দূষিতান্ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিশীর্ণাং বিশীর্য্যমাণাং। প্রতিকূলান্ শোকাদীন্। অনাদৃতান্ আদরমকুর্ব্বাণান্। সর্ব্বথা নিগিলিতুমুপক্রান্তানিত্যর্থঃ। পুত্রান্ বিবেকাদীন্ পৌত্রান্ ধৈর্য্যগাম্ভীর্য্যাদীন্ অনুগানিন্দ্রিয়াণি অমাত্যান্ মন আদ্যধিষ্ঠাতৃদেবাংশ্চন্দ্রাদীন্ চকারাৎ গতসৌহৃদান্ স্ব স্ব কৃত্যাদি সম্যগ-কুর্ব্বাণান্ জায়াং বুদ্ধিঞ্চ গতসৌহৃদাং অধ্যবসায়াদিরহিতাং। কন্যয়া জরয়া পঞ্চালান্ শব্দা-দীন্ অরিভিঃ রোগাদিভিঃ তেষাং তেষাং প্রতিক্রিয়াং মন্ত্রৌষধাদিভিরপি কৃতে ন লেভে ॥ ৫ ॥ ৬ ॥

গণের অত্যাচারে হতশ্রীঃ ও নষ্টপ্রজ্ঞ পুরঞ্জন আকাঙ্ক্ষা সত্ত্বেও বিষয়সম্ভোগে পরাঙ্মুখ হইয়া, সম্পূর্ণ বিবশ হইয়া পড়িলেন।। ৪ ।।

নিজ পুরীকে বিশীর্ণপ্রায় এবং যাহাদিগকে স্বপ্নেও কখন চিন্তা করেন নাই, তাদৃশ শোকাবহ ব্যাপারসমূহ ও পুত্র, পৌত্র, অমাত্য, ভৃত্যবর্গ এমন কি ! গার্হস্থ ধর্ম্মের প্রধান ভিত্তিস্থানীয়া স্বকীয় বনিতাকে পর্য্যন্ত উৎসাহহীন এবং স্নেহশূন্য অবলোকন করিয়া— ।। ৫ ।।

এবং নিজেকেও জরাগ্রস্ত এবং পঞ্চালনগর শত্রুহস্তে নিপীড়িত অবলোকন করিয়া, পুরঞ্জন অপার চিন্তাসাগরে নিমগ্ন হইলেন। তাদৃশ দুরবস্থার

আভাস।

চক্ষুরাদি ইন্দ্রিয়গণই দেহের দ্বারস্থানীয়। জীব আত্মস্বরূপ বিস্মৃত হইয়া, যখন দেহকেই আত্মা বলিয়া অভিমান করে, তখনই তাহার ভোগ্য বিষয়ের প্রতি অভিনিবেশ জন্মে ; সুতরাং

কামানভিলষন্ দীনো যাতযামাংশ্চ কন্যয়া।
বিগতাত্মগতিস্নেহঃ পুত্রদারাংশ্চ লালয়ন্ ॥
গন্ধর্ব্বযবনাক্রান্তাং কালকন্যোপমর্দ্দিতাং।
হাতুং প্রচক্রমে রাজা তাং পুরীমনিকামতঃ ॥

অন্বয়ঃ।

কন্যয়া কালকন্যয়া জরয়া, যাতযামান্ (যাতঃ গতঃ যামঃ পক্কাবস্থা যেষাং তান্ গতরসান্) কামান্ বিষয়ান্, অভিলষন্ বিগতাত্মগতিস্নেহঃ (বিগতা অসিদ্ধা আত্মনঃ গতিঃ পারলৌকিকী তথা পুত্রাদ্যেঃ স্নেহঃ চ যস্য সঃ) দীনঃ পুরঞ্জনঃ, পুত্রদারান্ লালয়ন্ ॥

রাজা পুরঞ্জনঃ তাং গন্ধর্ব্বযবনাক্রান্তাং কালকন্যোপমর্দ্দিতাং জরয়া ভগ্নাং পুরীং অনিকামতঃ অনিচ্ছন্, অপি হাতুং ত্যক্তুং, প্রচক্রমে উপক্রান্তবান্, ইতি দ্বয়োরন্বয়ঃ ॥

শ্রীধরস্বামী।

কালকন্যয়া হেতুভূতয়া যাতযামান্ নিঃসারানপি কামানভিলষন্ বিগতা আত্মনো গতিঃ পারলৌকিকী ঐহিকঃ পুত্রাদিস্নেহশ্চ যস্য স্নেহাদিতি বা পাঠঃ। স রাজা পুরঞ্জনো হাতুং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কামান্ মিষ্টভোজনাদীন্ যাতযামানপি ক্ষুন্মান্দ্যাদিহেতোরিত্যর্থঃ। বিগতা আত্মনো গতিঃ পারলৌকিকী ঐহিকঃ পুত্রাদিস্নেহশ্চ যস্য সঃ। স্নেহাদিতি চ পাঠঃ। অনিকামতঃ অনিচ্ছয়াপি ॥

প্রতিকারের কোন উপায়ই তিনি স্থির করিতে পারিলেন না ॥ ৬ ॥

জরায় অভিভূত হইয়া, নিজের পরলোক বা ঐহিকে পুত্রাদির হিতচিন্তায় অসমর্থ হইলেন। তখন কেবল অতীত সুখভোগের চিন্তায় পুরঞ্জন অবসন্নপ্রায় হইয়া পড়িলেন ॥

একেত কালকন্যা নামক জরায় অভিভূত, তাহাতে আবার যবন নামক বিবিধ পীড়াদি গন্ধর্ব্বগণের অত্যাচারে পুরীনামক দেহকে বিষম উৎপীড়িত অবলোকন করিয়া, রাজা পুরঞ্জন নিজের অনিচ্ছাসত্ত্বেও স্বীয় পুরীকে পরিত্যাগ করিতে উদ্যত হইলেন ॥

এদিকে যবনাধিপতি ভয়ের জ্যেষ্ঠ ভ্রাতা প্রজ্বার তখন উপস্থিত হইয়া

আভাস।

বিবেকাদি পুত্র, ধৈর্য্য গাম্ভীর্য্যাদি পৌত্র, ইন্দ্রিয়াদি অনুচরবর্গ এবং মন প্রভৃতির অধিষ্ঠাত্রী চন্দ্রাদি দেবতানিচয় যখন তাহার প্রতিকূলে কার্য্য করে এবং জায়ারূপা বুদ্ধি অধ্যবসায়ে বিরত হন, তখনই জরানাম্নী কাল কন্যা তাঁহাকে আক্রমণ করত বিবিধ রোগাদির উৎপাদনে মৃত্যুকে নিকটবর্ত্তী করিয়া লয়। তখন মন্ত্রাদি ঔষধির বলে, সেই জরা বা মৃত্যুর হস্ত হইতে রক্ষার কোন উপায় থাকে না ॥ ৩—৬ ॥

ভয়নাম্নোঽগ্রজো ভ্রাতা প্রজ্বারঃ প্রত্যুপস্থিতঃ।
দদাহ তাং পুরীং কৃৎস্নাং ভ্রাতুঃ প্রিয়চিকীর্ষয়া ॥ ৭ ॥
তস্যাং সংদহ্যমানায়াং সপৌরঃ সপরিচ্ছদঃ।
কৌটুম্বিকঃ কুটুম্বিন্যা উপাতপ্যত সান্বয়ঃ ॥ ৮ ॥
যবনোপরুদ্ধায়তনো গ্রস্তায়াং কালকন্যয়া।
পুর্য্যাং প্রজ্বারসংসৃষ্টঃ পুরপালোঽন্বতপ্যত ॥ ৯ ॥

অন্বয়ঃ।

ভয়নাম্নঃ অগ্রজঃ ভ্রাতা প্রজ্বারঃ, প্রত্যুপস্থিতঃ সন্ ভ্রাতুঃ ভয়স্য, প্রিয়চিকীর্ষয়া (প্রিয়ং পুরীবিনাশকার্য্যং কর্ত্তুমিচ্ছয়া) তাং কৃৎস্নাং সকলাং, পুরীং দদাহ ॥ ৭ ॥

তস্যাং পুর্য্যাং, সংদহ্যমানায়াং সত্যাং সপৌরঃ পুরপ্রাকারাদিসহিতঃ, সপরিচ্ছদঃ ভৃত্যবর্গসহিতঃ, কৌটুম্বিকঃ পুত্রাদিযুক্তঃ, কুটুম্বিন্যা ভার্য্যয়া, চ সহিতঃ, সান্বয়ঃ পুত্রাদিসহিতঃ, পুরঞ্জনঃ উপাতপ্যত ॥ ৮ ॥

কালকন্যয়া পুর্য্যাং গ্রস্তায়াং যবনোপরুদ্ধায়তনঃ (যবনৈঃ উপরুদ্ধং বলাৎ গৃহীতং আয়তনং বাসস্থানং যস্য সঃ) প্রজ্বারসংসৃষ্টঃ (প্রজ্বারেণ সংসৃষ্টঃ পীড়িতঃ) পুরপালঃ পঞ্চশিরানাগঃ অনু অনুক্ষণং, অতপ্যত ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

প্রচক্রমে উপক্রান্তবানিতি দ্বয়োরন্বয়ঃ। অনিকামতঃ অনিচ্ছয়াপি ॥ ৭ ॥

সপরিচ্ছদঃ ভৃত্যবর্গসহিতঃ কুটুম্বেন দীব্যতীতি কৌটুম্বিকঃ। কুটুম্বিন্যা সঙ্গিঃ নাত্র বিবক্ষিতঃ। সান্বয়ঃ পুত্রাদিসহিতঃ ॥ ৮ ॥

যবনৈরুপরুদ্ধানি আয়তনানি যস্য স পুরপালঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রজ্বারো বিষ্ণুজ্বরঃ ॥ ৭ ॥

সপৌরঃ সপ্তধাতুসহিতঃ। সপরিচ্ছদঃ সর্ব্বেন্দ্রিয়ভৃত্যবর্গসহিতঃ। কুটুম্বেন দীব্যতীতি কৌটুম্বিকঃ। কুটুম্বিন্যা বুদ্ধ্যা সহ সন্ধ্যভাব আর্ষঃ। সান্বয়ঃ পুত্রপৌত্রাদিযুক্তঃ ॥ ৮ ॥

পুরপালঃ প্রজাগরঃ প্রাণঃ ॥ ৯ ॥

কনিষ্ঠের মঙ্গলকামনায় সেই সমগ্র (দেহ) পুরীকে বিষম উত্তাপে প্রদগ্ধ করিতে লাগিল ॥ ৭ ॥

এই প্রকারে পুরী পরিদগ্ধ হইতে থাকিলে, পুরঞ্জন নিজের পরিবারবর্গ পুত্র কলত্র আত্মীয় স্বজন ও পরিচ্ছদাদির বিষয় চিন্তা করত আকুল হইলেন ॥ ৮ ॥

এদিকে জরাগ্রস্ত, তাহাতে আবার নিজের বাসভবন (হৃদয়-স্থান) যখন

ন শেকে সোঽবিতুং তত্র পুরুকৃচ্ছ্রোরুবেপথুঃ।
গন্তুমৈচ্ছত্ততো বৃক্ষকোটরাদিব সানলাৎ ॥ ১০ ॥
শিথিলাবয়বো যর্হি গন্ধর্বৈর্হৃতপৌরুষঃ।
যবনৈররিভিঃ কণ্ঠে উপরুদ্ধো রুরোদহ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

অতএব পুরুকৃচ্ছ্রোরুবেপথুঃ (পুরুকৃচ্ছ্রেণ বহুকষ্টেন উরুঃ বেপথুঃ কম্পঃ যস্য সঃ) তত্র স্থিতঃ অপি তাং অবিতুং রক্ষিতুং সঃ পুরপালঃ ন শেকে। তথা সানলাৎ অগ্নিনা দহ্যমানাৎ, বৃক্ষকোটরাৎ ইব সঃ নাগঃ ততঃ গন্তুং ঐচ্ছৎ ॥ ১০ ॥

গন্ধর্বৈঃ হৃতপৌরুষঃ (হৃতং পৌরুষং সামর্থ্যং যস্য সঃ) যর্হি শিথিলাবয়বঃ (শিথিলাঃ অবয়বাঃ করচরণাদয়ঃ যস্য সঃ) তথা যবনৈঃ অরিভিঃ কণ্ঠে উপরুদ্ধঃ সন্ পুরঞ্জনঃ রুরোদ হ ধ্বনিঞ্চকার ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

পুরু বহুকৃচ্ছ্রং তেন উরুবেপথুর্যস্য। বৃক্ষকোটরাদিব সর্পঃ ॥ ১০ ॥
কণ্ঠে উপরুদ্ধো রুরোদ ঘুর ঘুর ধ্বনিঞ্চকার ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী।

স পুরপালঃ অবিতুং রক্ষিতুং বৃক্ষকোটরাদিব সর্পঃ ॥ ১০ ॥
রুরোদ আসন্নমৃত্যুর্ঘুর ঘুরধ্বনিং চকার ॥ ১১ ॥

যবন (রোগ) আসিয়া আক্রমণ করিল, তখন প্রজ্বার (মৃত্যু) কর্ত্তৃক বিনষ্ট পুরীতে পুরপাল নাগ (প্রাণ) অবসন্ন হইয়া পড়িল ॥ ৯ ॥

পুরীর নানাপ্রকার উৎপাতে নাগ কম্পিত-কলেবর হইয়া ধৈর্য্য ধারণে অসমর্থ হইল এবং পুরীরক্ষায় অসমর্থ হইয়া, অগ্নিসংগত বৃক্ষকোটর হইতে সর্পের পলায়নের ন্যায় (প্রাণরূপী) নাগ পুরঞ্জনপুরীকে পরিত্যাগ করিতে বাসনা করিল ॥ ১০ ॥

গন্ধর্ব্বগণের তাড়নায় পুরীর অবয়ব সমূহ শিথিল হইল; গন্ধর্ব্বগণ পুরঞ্জনের কণ্ঠদেশ ক্রমশ আক্রমণ করিল; তখন পুরঞ্জনের সামর্থ্য নষ্ট হইল; তাহার কণ্ঠদেশে প্রাণের রোদন ধ্বনি ঘুর ঘুর শব্দ উত্থিত হইল ॥ ১১ ॥

আভাস।

কালকন্যার প্রভাবে অসার ভোগের অভিমুখেই তখন জীবের আগ্রহ জন্মে; সুতরাং নিজের পরলোকে গতি এবং ঐহিকের পুত্রাদি ভোগের প্রতি তাহার স্নেহ শিথিল হইয়া পড়ে। নিজের দেহই ক্রমশ ভার বলিয়া জ্ঞান হইতে থাকে। এবং ইচ্ছা না থাকিলেও জীবকে স্থূল দেহ পরিত্যাগ করিতে হয়। কারণ সমগ্র দেহে অগ্নিজ্বালার ন্যায়, প্রচণ্ড উত্তাপ উত্থিত হয় এবং প্রাণশক্তি আর দেহে অবস্থান করিতে পারে না। কণ্ঠে কফ আক্রমণ করত, প্রাণের গতি রোধ করে ॥ ৭—১১ ॥

দুহিতৄঃ পুত্ত্রপৌত্ত্রাংশ্চ যামিজামাতৃপার্ষদান্।
স্বত্বাবশিষ্টং যৎকিঞ্চিদ্গৃহকোষপরিচ্ছদং ॥
অহং মমেতি স্বীকৃত্য গৃহেষু কুমতি র্গৃহী।
দধ্যৌ প্রমদয়া দীনো বিপ্রয়োগ উপস্থিতে ॥ ১২ ॥

অন্বয়ঃ।

দুহিতৄঃ পুত্ত্রপৌত্ত্রান্ চ যামিজামাতৃপার্ষদান্ অন্যৎ চ যৎ কিঞ্চিৎ স্বত্বাবশিষ্টং (অরিলুম্পনাদবশিষ্টং গৃহকোষপরিচ্ছদং গৃহোপকরণানি ॥

অহং এতেষাং প্রভুঃ এতে চ মম ভোগ্যাঃ ইতি তান্ স্বীকৃত্য গৃহেষু কুমতিঃ ভ্রান্তবুদ্ধিঃ দীনঃ গৃহী পুরঞ্জনঃ প্রমদয়া ভার্য্যয়া সহ বিপ্রয়োগে উপস্থিতে দধ্যৌ চিন্তয়ামাস ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

দুহিত্রাদীন্ দধ্যাবিত্যুত্তরেণান্বয়ঃ যাময়োঽত্র স্নুষাঃ। স্বত্বমাত্রেণাবশিষ্টং ভোগস্ত প্রাগেব ক্ষীণঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যাময়োঽত্র স্নুষাঃ। প্রমদয়া স্ত্রিয়া সহ বিপ্রয়োগে উপস্থিত ইতি জীবস্য স্থূলশরীরভঙ্গে বুদ্ধ্যা বিচ্ছেদাভাবাৎ প্রমদেয়ং ন পুরঞ্জনী কিন্তু সংসারিণো জীবস্য সর্ব্বেন্দ্রিয়ৈর্ভোগ্যা মমতাস্পদীভূতা ব্যাবহারিক্যেব ভার্য্যা ব্যাখ্যেয়া। দুহিত্রাদয়োঽপ্যত্র তৎসম্বন্ধিন্যো নত্বধ্যাত্মপক্ষীয়া ব্যাখ্যেয়াঃ। মরণকালেচ জীবস্য স্ত্রীপুত্ত্রাদীনামেব স্মরণং সম্ভবতি নতু বুদ্ধিবিবেকাদীনামিতি কেচিদাহুঃ। অন্যেতু ধর্ম্মবতী বুদ্ধিরেব পুরঞ্জনীত্বেন পূর্ব্বং প্রস্তুতে-

---

দুহিতা, পুত্ত্র, পৌত্ত্র, পুত্ত্রবধূ, জামাতা ও পার্ষদবর্গ, এবং ধ্বংসাবশিষ্ট যে কোন পরিচ্ছদাদি ভোগ্য বিষয়সম্পত্তি গৃহে ছিল ॥

সেই সকল বিষয়ের মমতায় অভিভূত-চিত্ত সংকুচিতমনা পুরঞ্জন প্রমদার বিরহকে অতি গুরুতর বিবেচনায় বিহ্বল হইলেন ॥ ১২ ॥

আভাস।

জীবের স্থূল শরীর বিনষ্ট হইলেও বুদ্ধির বিনাশ বা তৎসঙ্গ হইতে জীবের বিচ্ছেদ হয় না। কিন্তু এখানে প্রমদার সহিত পুরঞ্জনের বিচ্ছেদ উপস্থিত বলায়, মূলা বুদ্ধিকে প্রমদা-শব্দে উল্লেখ করা হয় নাই। তবে বুদ্ধিরূপা ভোগাসক্তিই এখানে প্রমদানামে পরিগণিতা। ইনিই ব্যবহারিক জীবের ভার্য্যাস্থানীয়া। এবং দুহিত্রী প্রভৃতির অধ্যাত্মব্যাখ্যা না লইয়া, ব্যবহারিক পুত্ত্রকন্যাদিই এস্থলে গ্রহণ করা কর্ত্তব্য। মরণকালে জীবের স্ত্রীপুত্ত্রাদিরই স্মরণ হয়; বুদ্ধিবিবেকাদির স্মরণ প্রায় সম্ভবপর নহে। কোন কোন ব্যাখ্যাকার সদ্বুদ্ধিকেই প্রমদা-নামে প্রকাশ করিয়াছেন। তাঁহারা বলেন যে, মৃত্যুকালে ধর্ম্মবুদ্ধির সহিত বিচ্ছেদ এবং বিবিধ ক্লেশ ও যাতনার জন্য কোন্ উপায়ে তখন সুস্থ হইবেন, তদ্বিষয়ক অন্য প্রকার অনুসন্ধানাত্মিকা বুদ্ধির সহিত মিলন অনুভব করিয়া, বিচিত্র বিলাপ করিয়া থাকে। সুতরাং

লোকান্তরং গতবতি ময্যনাথা কুটুম্বিনী।
বর্ত্তিষ্যতে কথং ত্বেষা বালকাননুশোচতী॥ ১৩॥
ন ময্যনাশিতে ভুঙ্‌ক্তে নাস্নাতে স্নাতি মৎপরা।
ময়ি রুষ্টে তু সংত্রস্তা ভৎর্সিতে যতবাগ্‌ভয়াৎ॥ ১৪॥
প্রবোধয়তি মাবিজ্ঞং ব্যুষিতে শোককর্ষিতা।

অন্বয়ঃ।

ময়ি স্বামিনি, লোকান্তরং গতবতি সতি এষা অনাথা কুটুম্বিনী পুত্রাদিবতী, বালকান্ অনুশোচতী ভার্য্যা কথং বর্ত্তিষ্যতে॥ ১৩॥

অনাশিতে অভোজিতে, ময়ি মৎপরা এষা ন ভুঙ্‌ক্তে অস্নাতে ময়ি ন স্নাতি; ময়ি রুষ্টে তু সংত্রস্তা তথা ময়া ভৎর্সিতে ভৎর্সনে কৃতে ভয়াৎ যতবাক্ ভবতি॥ ১৪॥

যা মাং অবিজ্ঞং বিস্মৃতবিজ্ঞব্যবহারং প্রবোধয়তি; ব্যুষিতে দেশান্তরগতে, সতি

শ্রীধরস্বামী।

ধ্যানমেবাহ লোকান্তরমিত্যাদিনা॥ ১৩॥

অনাশিতে অভোজিতে। ভৎর্সনে কৃতে যতবাগ্ ভবতি॥ ১৪॥

অবিজ্ঞং অবিবেকিনং। মাং ব্যুষিতে দেশান্তরং গতে গৃহমেধীয়ং বস্তু গৃহধর্ম্মং অপি কিং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্যতো মৃত্যুসময়ে ধর্ম্মবুদ্ধ্যা বিচ্ছেদো বুদ্ধ্যন্তরেণ সংযোগঃ। ন ময্যনাশিতে ভুঙ্‌ক্তে ইত্যাদিকং তু সদ্বুদ্ধিবিচ্ছেদাৎ পূর্ব্বমেব যদুক্তং তদেবাগ্রে বক্ষ্যতে। তচ্চ মমাধুনাপি ধর্ম্মাচরণে তৃপ্তি র্ন জাতা কিং করোমি মরণমুপস্থিতমিত্যেতস্যৈবার্থস্যোৎপ্রেক্ষয়া বিবরণং জ্ঞেয়মিত্যাচক্ষতে॥ ১২॥ ১৩॥

অনশিতে অভোজিতে ভৎর্সিতে ভৎর্সনাৎ কৃতবতি॥ ১৪॥

এবং আক্ষেপ করত ভাবিতে লাগিলেন যে, "তিনি লোকান্তরে গমন করিলে, তাঁহার অনাথা সহধর্ম্মিণী তাদৃশ অপরিণামদর্শী অসমর্থ শিশু সন্তানগুলিকে লইয়া, কি উপায়ে জীবন যাত্রা নির্ব্বাহ করিবেন?॥ ১৩॥

অহো! আমি না ভোজন করিলে, যাঁহার ভোজন হয় না, আমি স্নান না করিলে, যিনি স্নান করেন না; আমি কথঞ্চিৎ রুষ্ট হইয়া ভৎর্সনা করিলে, ভয়ে যাঁহার মুখ হইতে বাঙ্‌নিষ্পত্তি হয় না॥ ১৪॥

আভাস।

তৎকালে ধর্ম্মাচরণে আর তৃপ্তি নাই; সম্প্রতি মরণসময় উপস্থিত; এক্ষণে উদ্ধারের কি উপায় করিবেন, সেই সকল চিন্তায় জীব যে আকুল হইয়া পড়েন, তাহাই এই শ্লোকদ্বয়ে বর্ণিত হইয়াছে॥ ১২॥ ১৩॥

বর্ত্মৈতদ্গৃহমেধীয়ং বীরসূরপি নেষ্যতি ॥ ১৫ ॥
কথং নু দারকা দীনা দারিকা বা পরায়ণাঃ।
বর্ত্তিষ্যন্তে ময়ি গতে ভিন্ননাব ইবোদধৌ ॥ ১৬ ॥
এবং কৃপণয়া বুদ্ধ্যা শোচন্তমতদর্হণং।

অন্বয়ঃ।

(মদ্বিয়োগেন) শোককর্ষিতা (শোকেন কর্ষিতা ভবতি) অতঃ বীরসূঃ পুত্রবতী, অপি কিং এতৎ গৃহমেধীয়ং বর্ত্ম গৃহধর্ম্মং ন ইষ্যতি করিষ্যতি ? ॥ ১৫ ॥

ময়ি গতে মৃতে, সতি উদধৌ সমুদ্রে, ভিন্ননাবঃ (ভিন্না নৌঃ যেষাং তে) ইব মৎ-পরায়ণাঃ অতএব দীনাঃ ইমে দারকাঃ পুত্রাঃ, দারিকাঃ কন্যাঃ, নু কথং বর্ত্তিষ্যন্তে জীবিষ্যন্তি ॥ ১৬ ॥

এবং কৃপণয়া মোহিতয়া, বুদ্ধ্যা শোচন্তং অতদর্হণং শোকানর্হং এনং পুরঞ্জনং, গ্রহীতুং

শ্রীধরস্বামী।

নেষ্যতি অনুবর্ত্তিষ্যতি ? যুক্তমেতৎ, যতো বীরসূঃ পুত্রবতী। কিম্বা মদ্বিরহমসহমানা মরিষ্যত্যেবেত্যর্থঃ ॥ ১৫ ॥

ন বিদ্যতে পরময়নমাশ্রয়ো যেষাং তে অপরায়ণাঃ পুত্রাঃ কন্যাশ্চ। যদ্বা পরাশ্রয়াঃ কন্যাঃ। ভিন্না নৌর্যেষাং ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাং অবিজ্ঞং বুধিতে প্রবাসং গতে সতি। অপি কিং নেষ্যতি অনুবর্ত্তিষ্যতি ? যুক্তমেতৎ যতো বীরসূঃ পুত্রবতী কিং বা মদ্বিরহমসহমানা মরিষ্যত্যেবেত্যর্থঃ ॥ ১৫ ॥

দারিকীর্দারিক্যঃ কন্যাঃ পরায়ণাঃ বৃদ্ধস্য মমাতিস্নেহেন প্রতিক্ষণসেবৈকনিষ্ঠা কথং বর্ত্তিষ্যতে রুদিত্বা রুদিত্বৈব মরিষ্যন্তীত্যর্থঃ। ভিন্না বিদীর্ণা নৌ র্যেষাং ত ইব ॥ ১৬ ॥

যখন ভ্রান্তি-বশত আমি কিংকর্ত্তব্যবিমূঢ়ের ন্যায় অবস্থান করিতাম, তখন যিনিই আমাকে প্রবোধিত করিয়া থাকেন; আমি বিদেশে গমন করিলে, আমার বিয়োগজনিত শোকে যিনি নিতান্তই কাতর হইয়া পড়েন। সম্প্রতি বীর-প্রসবিনী হইয়াও কি আমার বিরহে সেই কামিনী সংসার-ধর্ম্মে সম্পূর্ণ উদাসীনা হইবেন ? ॥ ১৫ ॥

অহো! অপার সমুদ্রকে পার হইবার সময়, মধ্যপথে নৌকা ভগ্ন হইলে তরণেচ্ছুগণের যেমন মহাশঙ্কট উপস্থিত হয়, সেইরূপ আমার মৃত্যুতে মদ্গত-প্রাণ এই সমস্ত পুত্র কন্যাগণ বিষম দুঃখসাগরে নিপতিত হইয়া, কি প্রকারে জীবন ধারণ করিবে ? ॥ ১৬ ॥

পুরঞ্জন প্রকৃত দুঃখিত হইবার পাত্র না হইলেও, যখন মোহিতচিত্তে এই

গ্রহীতুং কৃতধীরেনং ভয়নামাভ্যপদ্যত ।। ১৭ ।।
পশুবদ্‌যবনৈরেষ নীয়মানঃ স্বকং ক্ষয়ং।
অন্বদ্রবন্নুপথাঃ শোচন্তো ভৃশমাতুরাঃ ।। ১৮ ।।

অন্বয়ঃ।

নেতুং কৃতধীঃ (কৃতা ধীঃ যেন সঃ) ভয়নামা মৃত্যুঃ অভ্যপদ্যত তত্র আজগাম ॥ ১৭ ॥

যবনৈঃ পশুবৎ পাশৈঃ বধ্বা যদা এষঃ পুরঞ্জনঃ, স্বকং ক্ষয়ং স্থানং, নীয়মানঃ জাতঃ তদা অস্য অনুপথাঃ অনুচরাঃ, ভৃশং অত্যন্তং আতুরাঃ কাতরাঃ সন্তঃ তং শোচন্তং অন্বদ্রবং অন্বগচ্ছং ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

অতদর্হণং বস্তুত স্তস্য ব্রহ্মত্বাং ॥ ১৭॥

এষ যদা ক্ষয়ং স্থানং নীয়মানঃ তদা অনুপথাঃ প্রাণ ইন্দ্রিয়াণিচ। তথাচ শ্রুতিঃ। তমনুক্রামন্তং প্রাণোঽনুক্রামতি প্রাণমনুক্রামন্তং সর্ব্বে প্রাণা অনুক্রামন্তীতি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতদর্হণং তস্য চৈতন্যরূপত্বেন শোকানৌচিত্যাং। যদ্বা ধার্ম্মিকত্বেন ভয়কর্ত্তৃকগ্রহণানর্হমিত্যর্থঃ ॥ ১৭ ॥

ততশ্চৈষ পশুবন্নীয়মানোঽভূৎ যবনৈর্যমদূতৈঃ তমনু প্রাণাদ্যা অদ্রবন্ অনুপথা অনুবর্ত্তিনঃ। তথাচ শ্রুতিঃ। তমনুক্রামন্তং প্রাণমনুক্রামতি প্রাণমনুক্রামন্তং সর্ব্বে প্রাণা অনুক্রামন্তীতি ॥ ১৮ ॥

প্রকার বিলাপ করিতেছিলেন, তখন সেই ভয়নামক মৃত্যু তাঁহার জীবন হরণ করিবার অভিপ্রায়ে, তথায় উপস্থিত হইলেন ।। ১৭ ।।

পশুর ন্যায় পাশবদ্ধ হইয়া, পুরঞ্জন যখন যবনসেনাগণ কর্ত্তৃক স্বকীয় স্থানে আনীত হইলেন, তখন তাঁহার অনুচরবর্গ নিতান্ত কাতর হইয়া বিলাপ করত তৎসমীপে সকলে উপনীত হইল ।। ১৮ ।।

আভাস।

জীব চৈতন্যস্বরূপ। তাঁহার জন্মমৃত্যু ও শোকমোহের সহিত সংস্রব থাকা সম্ভব না হইলেও, বুদ্ধি প্রভৃতির অনুগামিত্ব বশতই যে পরকীয় ভাব নিজস্বরূপে আরোপ করত দুঃখ প্রকাশ করিয়া থাকেন, তাহাই বলা হইয়াছে ॥ ১৭ ॥

পশুর ন্যায় পাশবদ্ধ হইয়া, জীবাত্মা যখন যমদূত কর্ত্তৃক দেহপুরী হইতে বল পূর্ব্বক আকৃষ্ট হন, তখন প্রাণাদি যে সপ্তদশ অবয়ব তৎসহ দেহকে পরিত্যাগ করত জীবাত্মার অনুগমনে দেহান্তরে প্রবেশ করে, তাহারাই এই শ্লোকে অনুচরনামে পরিকীর্ত্তিত হইয়াছে। এই অনুচরই লিঙ্গ দেহ। বায়ুকে আশ্রয় করিয়া গন্ধ যেমন অন্যত্র গমন করে, সেইরূপ সূক্ষ্ম দেহের আশ্রয়ে, অর্থাৎ তাহাতে অভিমান বশত জীবাত্মা দেহান্তর লাভ করে ॥ ১৮ ॥

পুরীং বিহায়োপগত উপরুদ্ধো ভুজঙ্গমঃ।
যদা তমেবানুপুরী বিশীর্ণা প্রকৃতিঙ্গতা॥ ১৯ ॥
বিকৃষ্যমাণঃ প্রসভং যবনেন বলীয়সা।
নাবিন্দত্তম আবিষ্টঃ সখায়ং সুহৃদং পুরঃ॥ ২০ ॥
তং যজ্ঞপশবোঽনেন সংজ্ঞপ্তা যেঽদয়ালুনা।

অন্বয়ঃ।

যবনৈঃ উপরুদ্ধঃ ভুজঙ্গমঃ যদা পুরীং বিহায় উপগতঃ বহির্নির্গতঃ তদা তমেব অনু তৎ-পশ্চাৎ, এব সা পুরী বিশীর্ণা সতী প্রকৃতিং গতা স্বকারণে ভূমৌ লীনা জাতা॥ ১৯॥

বলীয়সা যবনেন প্রসভং বলাৎকারেণ, বিকৃষ্যমাণঃ তমসা অজ্ঞানেন, আবিষ্টঃ ব্যাপ্তঃ পুরঞ্জনঃ পুরঃ সখায়ং সুহৃদং, হিতকর্ত্তারং সন্তং ঈশ্বরং ন অবিন্দৎ ন সস্মার॥ ২০॥

অনেন অদয়ালুনা কৃপাশূন্যেন, যে পশবঃ যজ্ঞে সংজ্ঞপ্তাঃ মারিতাঃ, তে পশবঃ অস্য

শ্রীধরস্বামী।

প্রকৃতিং মহাভূতাত্মতাং॥ ১৯॥

নাবিন্দৎ ন সস্মার পুরঃ পূর্ব্বং সখায়ং সন্তমীশ্বরং॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যবনৈরুপরুদ্ধঃ প্রকৃতিং মহাভূতাত্মতাং॥ ১৯॥

তমসা অজ্ঞানেন নাবিন্দৎ সখায়ং পুরঃ সন্তমপীশ্বরং॥ ২০॥

যবনরূপী পীড়াসৈন্যগণের আক্রমণে অবরুদ্ধ ভুজঙ্গম (প্রাণ) ক্রমশ পুরীকে পরিত্যাগ করত যখন বাহিরে নির্গত হইল, তখন সেই পুরঞ্জনের অপূর্ব্ব পুরী বিশীর্ণ হইয়া, ভূমিসাৎ হইয়া পড়িল॥ ১৯॥

অনন্তর বলবান্ যবন বলপূর্ব্বক পুরঞ্জনকে সেই পুরী হইতে নিষ্কাসিত করিলে, পুরঞ্জন ঘোর অজ্ঞানে এতই অভিভূত হইলেন যে, সে সময় তিনি তাঁহার পরমোপকারী হৃদয়সখা চিরসঙ্গী ঈশ্বরকে একবার মনে মনে স্মরণ করিতেও পারিলেন না॥ ২০॥

এই নির্দ্দয় পুরঞ্জন পূর্ব্বে যজ্ঞোপলক্ষে যে সকল পশুর প্রাণবধ করিয়া-

আভাস।

জীবাত্মা উৎক্রমণ করিবা মাত্র, পরিত্যক্ত স্থূলদেহ আর অবস্থিতি করে না; তাহার আশ্রয় পঞ্চভূতেই তাহা ক্রমশঃ বিলীন হইয়া যায়॥ ১৯॥

এতাদৃশ ভীষণ মৃত্যুকালেও জীব স্বকীয় সহচর পরমহিতৈষী পরম পুরুষকে স্মরণ করে না, বলিয়াই তাহাকে নানাপ্রকার দুর্গতি ও দেহান্তরাদি প্রাপ্ত হইতে হয়। এ সময়েও যদি একবার তাঁহাকে স্মরণ করিতে পারে, তাহা হইলেও দুর্গতির খণ্ডনে মুক্তির দ্বার প্রশস্ত হইয়া যায়॥ ২০॥

কুঠারৈশ্চিচ্ছিদুঃ ক্রুদ্ধাঃ স্মরন্তোঽমীবমস্য তৎ ॥ ২১ ॥
অনন্তপারে তমসি মগ্নো নষ্টস্মৃতিঃ সমাঃ।
শাশ্বতীরনুভূয়ার্ত্তিং প্রমদাসঙ্গদূষিতঃ ॥ ২২ ॥
তামেব মনসা গৃহ্লন্ বভূব প্রমদোত্তমা।

অন্বয়ঃ।

পুরঞ্জনস্য তৎ অমীবং পাপং, স্মরন্তঃ ক্রুদ্ধাঃ সন্তঃ কুঠারৈঃ তং চিচ্ছিদুঃ ॥ ২১ ॥

প্রমদাসঙ্গদূষিতঃ (প্রমদায়াঃ সঙ্গেন দূষিতঃ কলুষিতঃ) অতএব নষ্টস্মৃতিঃ সঃ পুরঞ্জনঃ অনন্তপারে অতিমহতি, তমসি নিমগ্নঃ সন্ শাশ্বতীঃ সমাঃ অনন্তান্ বর্ষান্, আর্ত্তিং দুঃখং, অনুভূয় ॥২২

শ্রীধরস্বামী।

অদয়ালুনা কাম্যকর্ম্মসু যে সংজ্ঞপ্তা হতাঃ। অমীবং পাপং ক্রৌর্য্যং বা ॥ ২১ ॥

শাশ্বতীঃ সমা আর্ত্তিমনুভূয় ॥ ২২ ॥

অন্তকালে তাং ভার্য্যামেব মনসা গৃহ্লন্ স্মরন্ অনন্তরং বিদর্ভবেশ্মনি প্রমোদত্তমা বভূব। অতঃ পরস্মিন্ প্রকরণে এতাবদেব প্রকৃতোপযোগি বিবক্ষিতং স্ত্রীধ্যানেন স্ত্রীত্বপ্রাপ্তাবপি পতিব্রতাধ্যানেন পূর্ব্বাদৃষ্টেনচ ধার্ম্মিকাং বিদর্ভাং জন্মাভূৎ। ধার্ম্মিকসঙ্গেনচ বিশুদ্ধস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যে সংজ্ঞপ্তাঃ কাম্যকর্ম্মসু খড়্গৈশ্ছিন্নাস্তে তং কুঠারৈঃ। অমীবমপরাধং ॥ ২১ ॥

অনন্তপারে অন্তপারশূন্যে তমসি দুঃখে। ঈজেচ বহুভি র্যজ্ঞৈরিত্যুক্তত্বাৎ বহুকালং স্বর্গসুখমপ্যনুভূয়েতি জ্ঞেয়ং। তস্যানুক্তিঃ প্রাচীনবর্হিষো বৈরাগ্যার্থা। স্ত্রীস্মরণাৎ স্ত্রী বভূব। অধ্যাত্মপক্ষে দুঃখাতিশয়প্রযুক্তমূর্চ্ছাবশাদেব মৃত্যুকালে সদ্বুদ্ধিত্যাগঃ ক্ষণিক এবোক্তঃ। বস্তুতস্তু স্বর্গভোগান্তে পুণ্যশেষেণ তাদৃশ ধর্ম্মবুদ্ধিবিশিষ্টএব ধার্ম্মিকগৃহে জন্ম লেভে। ইত্যেতাবদেব বিবক্ষিতং স্ত্রীত্বপুংস্ত্বাদিকং ত্ববিবক্ষিতমেব যদ্বক্ষ্যতে। ক্বচিৎ

ছিলেন, এক্ষণে তাহারা সকলে তৎকৃত গর্হিতাচরণে ক্রুদ্ধ হইয়া, লৌহময় কুঠারের দ্বারা তাঁহাকে ছিন্ন বিচ্ছিন্ন করিতে লাগিল ॥ ২১ ॥

বহুকাল কামিনীর সংসর্গে তাঁহার চিত্ত কলুষিত হওয়ায়, সম্প্রতি আত্মচিন্তনে বঞ্চিত হইয়াছিলেন; সুতরাং এই পাপে বিষম অন্ধনরকে নিপতিত হইয়া, পুরঞ্জন অপরিমেয় কাল বিষম দুঃখই ভোগ করিতে লাগিলেন ॥ ২২ ॥

পরে সেই প্রমদাকেই নিরন্তর হৃদয়মধ্যে চিন্তা করিবার ফলে, বিদর্ভাধি-

আভাস।

ঈশ্বরচিন্তনের অভাবে পাপরাশী জীবকে আক্রমণ করে; এবং পূর্ব্বে যে সকল পুণ্য ও পাপাত্মক কর্ম্মের অনুষ্ঠান জীব করিয়া থাকে, মরণান্তে সেই সকলগুলির ফল তাহাকে ভোগ করিতে হয়; সন্দেহ নাই। বিশেষত মৃত্যুর যন্ত্রণায় মূর্চ্ছাপন্ন হইলে, নিরন্তর চিন্তিত বিষয়ের স্বরূপই তখন হৃদয়ে উদ্ভাসিত হইতে থাকে। সুতরাং ধর্ম্মের অনুষ্ঠানে ধর্ম্মবিষয়ের উদ্ভাসনে

অনন্তরং বিদর্ভস্য রাজসিংহস্য বেশ্মনি ॥ ২৩ ॥
উপযেমে বীর্য্যপণাং বৈদর্ভীং মলয়ধ্বজঃ।

অন্বয়ঃ।

অনন্তরং তাং প্রমদাং এবং মনসা গৃহ্নন্ রাজসিংহস্য বিদর্ভস্য, বেশ্মনি গৃহে, প্রমদোত্তমা কন্যা বভূব ॥ ২৩ ॥

পরপুরঞ্জয়ঃ (পরস্য শত্রোঃ পুরং জয়তীতি) পাণ্ড্যঃ পণ্ডদেশাধিপতিঃ মলয়ধ্বজঃ যুধি

শ্রীধরস্বামী।

ভাগবতেন মলয়ধ্বজেন সঙ্গোহভূৎ। ততো বিষ্ণুভক্তিঃ ততো বৈরাগ্যং ততস্তমেব ভর্ত্তৃরূপং গুরুং পাতিব্রত্যধর্ম্মেণ ভজতো ভগবৎপ্রসাদলব্ধজ্ঞানেন মোক্ষ ইতি অন্যাত্তু কথালঙ্কার-মাত্রং। তথাপি কিঞ্চিৎ শ্রুতিসামান্যেন ইহ যোজয়িষ্যামঃ। বিদর্ভস্য বিশিষ্টদর্ভোপ-লক্ষিতস্য কর্ম্মঠস্য রাজসিংহস্য ধর্ম্মেণ হি প্রজাপালনেন যজ্ঞাদিনাচ ক্ষত্রিয়া রাজন্তে তেষু শ্রেষ্ঠস্য বেশ্মনি ॥ ২৩ ॥

মলয়োপলক্ষিতে দক্ষিণদেশে ধ্বজ ইব দর্শনীয়ঃ স হি শ্রীবিষ্ণুভক্তিপ্রধানো দেশঃ তত্র

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুমান্ ক্বচিচ্চ স্ত্রী ক্বচিন্নোভয়মন্দধীঃ। দেবো মনুষ্যস্তির্য্যগ্বা যথা কর্ম্মগুণো ভব ইতি ॥ ২২ ॥ ২৩ ॥

অথৈবং জীবস্য যাবদ্ভক্তি র্ন ভবেত্তাবন্নৈব সংসারাদুদ্ধারঃ। সাচ ভক্তি র্যাদৃচ্ছিকী যাদৃচ্ছি-কৈ্যব সাধুকৃপয়া ভবতীতি দর্শয়ন্ তজ্জন্মনি তস্য সাধুসঙ্গো বভূবেত্যাহ উপযেমে ইতি। আদরণীয়ত্বেন মলয়তুল্যেষু সাধুষু ধ্বজ ইব শ্রেষ্ঠঃ। উপযেমে কৃপয়া শিষ্যত্বেনাঙ্গীচকার।

পতি রাজসিংহের গৃহে এক অপূর্ব্ব কন্যারূপে জন্ম পরিগ্রহ করিলেন ॥ ২৩ ॥

এই কন্যার বিবাহকালে প্রকাশ করা হয় যে, মহামনা শ্রেষ্ঠ বলবান্ পুরুষই তাঁহার পতি হইবেন; এই নিমিত্ত শত্রুনিসূদন পণ্ডদেশাধিপতি মহারাজ

আভাস।

ধার্ম্মিক গৃহে এবং অধর্ম্মের অনুষ্ঠানে পাপ সংস্কারের প্ররোহে তদনুরূপ অধার্ম্মিক নীচ গৃহে জন্ম পরিগ্রহ করিয়া, পুণ্যফল ও পাপফল ভোগ করিয়া থাকে। অতএব চিন্তার অনুসারে কখন স্ত্রী, কখন পুরুষ, কখন দেবতা, মনুষ্য ও তির্য্যগাদি বিবিধ যোনি জীব কর্ম্ম বশবর্ত্তী হইয়া, ভোগ করিতে থাকে ॥ ২১—২৩ ॥

গীতাতে উক্ত আছে, "যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরং। তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিতঃ" ॥ বহুকালের অভ্যাসবশত জীব মৃত্যুকালে যে ভাবের চিন্তা করে, মরণান্তে সেইরূপ যোনিতে গমন করে। পুরঞ্জন মৃত্যুকালে অত্যাসক্তি বশত নারী-চিন্তা করিয়াছিলেন, সুতরাং মরণান্তে স্ত্রীযোনি লাভে জন্ম পরিগ্রহ করিলেন। কিন্তু যথেষ্ট ধর্ম্মকর্ম্মও করিয়াছিলেন, সেই ফলে বিদর্ভাধিপতি রাজসিংহের গৃহে উৎকৃষ্ট ললনা-

যুধি নির্জিত্য রাজন্যান্ পাণ্ড্যঃ পরপুরঞ্জয়ঃ ॥ ২৪ ॥

তস্যাং স জনয়াঞ্চক্রে আত্মজামসিতেক্ষণাং।

অন্বয়ঃ

রাজন্যান্ নির্জিত্য বীর্য্যপণাং (বীর্য্যং প্রভাবঃ এব পণঃ বৈবাহিকং দেয়ং যস্যাঃ তাং) বৈদর্ভীং উপযেমে বিবাহিতবান্ ॥ ২৪ ॥

তস্যাং বৈ বৈদর্ভ্যাং, সঃ মলয়ধ্বজঃ অসিতেক্ষণাং নীলকটাক্ষীং, আত্মজাং কন্যাং, জনয়া-

শ্রীধরস্বামী।

মুখ্যঃ মহাভাগবত ইত্যর্থঃ। পণ্ডা নিশ্চয়বুদ্ধিস্তামর্হতীতি পাণ্ড্যঃ। স উপযেমে পুরঞ্জনো ভাগবতসঙ্গং প্রাপ্ত ইত্যর্থঃ ॥ ২৪ ॥

আত্মজাং শ্রীকৃষ্ণসেবারুচিং। সৎসঙ্গেন ভগবদ্ধর্ম্মে রুচিরভূদিত্যর্থঃ। অসিতস্য শ্রীকৃষ্ণস্য ঈক্ষণং যয়া তাং যবীয়সঃ সপ্তঃ সুতান্ শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনং। অর্চ্চনং বন্দনং দাস্যমিতি ভক্তিপ্রকারান্। সখ্যাত্মনিবেদনয়োস্ত্বংপদার্থজ্ঞানোত্তরকালভাবিত্বাৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

বীর্য্যপণামিতি কৃপালক্ষণঃ স্বপ্রভাব এবাত্র হেতু নত্বন্যঃ কশ্চিদিতি যদুক্তং মদ্ভক্তিঞ্চ যদৃচ্ছয়েতি ভবাপবর্গো ভ্রমতো যদা ভবেজ্জনস্য তর্হ্যচ্যুত সৎসমাগম ইতি ন্যায়েন কস্মিংশ্চিজ্জন্মনি জীবস্যাকস্মাদেব সাধুসঙ্গমো ভবেদিতি বিবক্ষিতং। রাজন্যান্ বিজিত্য তদীয়-পাপাপরাধকালকর্ম্মাদীন নির্ম্মূলীকৃত্য পাণ্ড্যঃ পণ্ডদেশোদ্ভবঃ। পক্ষে সদসদ্বিবেচনা পণ্ডা তামর্হতীতি পাণ্ড্যঃ পরপুরঞ্জয়ঃ শত্রুপুরজেতা। পক্ষে মতান্তরোত্থসন্দেহচ্ছেদী ॥ ২৪ ॥

অসিতেক্ষণা নাম্নী কন্যাং পক্ষে অসিতস্য শ্রীকৃষ্ণস্য ঈক্ষণং যয়া তাং শ্রীকৃষ্ণসেবারুচি-মিত্যর্থঃ। শ্রীমদ্গুরুকৃপয়া জীবস্য তস্য শ্রীকৃষ্ণসেবারুচিরভূদিত্যর্থঃ। যবীয়স স্তদুত্তরকাল-ভবান্ সপ্ত শ্রবণ স্মরণ কীর্ত্তন পাদসেবার্চ্চন বন্দন দাস্যরূপান্। সখ্যাত্মনিবেদনয়োঃ প্রথমং

মলয়ধ্বজ উপস্থিত রাজন্যবর্গকে পরাজয় করিয়া, স্বয়ম্বর-সভায় উক্ত কন্যার পাণিগ্রহণ করিলেন ॥ ২৪ ॥

ঐ বৈদর্ভীর গর্ভে মহারাজ মলয়ধ্বজ সর্ব্বাগ্রে এক নীললোচনা কন্যা

আভাস।

রূপে জন্মিয়াছিলেন। যোগভ্রষ্টাবস্থায় মৃত্যু হইলেও ধর্ম্মের ফল কখন বিলুপ্ত হয় না; "শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টোঽভিজায়তে" কন্যা হইলেও বেদোক্ত কর্ম্মকাণ্ডে বিলক্ষণ পটু রাজাগ্রগণনীয় ব্যক্তির ঔরসে জন্মলাভ করিয়া, রাজা মলয়ধ্বজকেই পতিরূপে প্রাপ্ত হইলেন। বিবেকবতী বুদ্ধির নামই পণ্ডা; এস্থলে অধ্যাত্ম ব্যাখ্যার উপর নির্ভর না দিয়া, ব্যবহারিক অর্থে বরং বিশেষ অর্থের গৌরবই রক্ষিত হইতেছে ॥ ২৪ ॥

যজ্ঞের অনুষ্ঠানে জীব-হৃদয়ে ভগবানের সেবায় রুচি জন্মে; তৎপরে শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, অর্চ্চন, বন্দন ও দাস্য এই সপ্তবিধ ভক্তির ব্যাপার উদিত হয়; তাহারাই

যবীয়সঃ সপ্ত সুতান্ সপ্তদ্রবিড়ভূভৃতঃ ॥ ২৫ ॥
একৈকস্যাভবত্তেষাং রাজন্নর্ব্বুদমর্ব্বুদং।
ভোক্ষ্যতে যদ্বংশধরৈর্ম্মহী মন্বন্তরং পরং ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

চক্রে; তথা ততঃ যবীয়সঃ কনিষ্ঠান্ সপ্তসুতান্ জনয়াঞ্চক্রে; তে চ পুত্রাঃ সপ্তদ্রবিড়ভূভৃতঃ (সপ্তদ্রবিড়দেশেষু ভূভৃতঃ রাজানঃ জাতাঃ) ॥ ২৫ ॥

তেষাং পুত্রাণাং হে রাজন্! একৈকস্য পুত্রস্য পুত্রাণাং অর্ব্বুদং অর্ব্বুদং অভবৎ। যদ্বংশধরৈঃ (যেষাং পুত্রাণাং বংশধরৈঃ বংশপ্রভবৈঃ ততঃ পরং তদনন্তরং মন্বন্তরং পর্য্যন্তং মহী ভোক্ষ্যতে ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

তস্যাচ ভগবতৈবোত্তরত্র উপদেক্ষ্যমাণত্বাদিদানীং অনুৎপত্তেঃ সপ্তেত্যুক্তং ভগবদ্ধর্ম্মরুচ্যা তৎ শ্রবণকীর্ত্তনাদিকং জাতমিত্যর্থঃ। দ্রবিড়ভূমিপালান্ দ্রবিড়ভূমির্হি শ্রবণাদিভক্তিভিরেব সুরক্ষিতাস্তীতি প্রসিদ্ধং ॥ ২৫ ॥

অর্ব্বুদমিতি শ্রবণাদীনাং প্রত্যেকং অনেকপ্রকারা অভবন্নিত্যর্থঃ। তদুক্তং ভক্তিযোগো বহুবিধো মার্গৈর্ভাবিনি ভাব্যতে ইতি। যেষাং বংশধরৈঃ যতঃ প্রবৃত্তৈঃ সংপ্রদায়ভেদৈঃ কৃৎস্না মহী মন্বন্তরং অতঃ পরঞ্চ ভোক্ষ্যতে। অবিদ্যাকামকর্ম্মভ্যোঽপি রক্ষিষ্যতে ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দুষ্করত্বাদুত্তরত্র স্বতএব জনিষ্যমাণত্বাচ্চ নোল্লেখঃ। কীদৃশান্ দ্রবিড়ভূমিপালান্ পক্ষে দ্রবিড়দেশে জ্ঞানকর্ম্মাদিসর্ব্ববিজেতৃত্বাদ্ভুভৃতো নৃপানিব বিরাজমানান্ দ্রবিড়দেশস্য শ্রবণ-কীর্ত্তনাদি ভক্তিপ্রধানত্বাৎ ॥ ২৫ ॥

তেষামেকৈকস্যার্ব্বুদমিতি পুত্রপৌত্রাদিভেদান্। পক্ষে শ্রবণাদীনাং প্রত্যেকং নাম লীলাদিভেদৈর্নামাদীনাঞ্চ প্রত্যেকমবতারভেদৈস্তেষামপি দাস্যসখ্যাদ্যভিরুচিতত্ত্বভেদৈ-রিত্যেবমসংখ্যা এব প্রকারা ইত্যর্থঃ। যদুক্তং ভক্তিযোগো বহুবিধো মার্গৈর্ভাবিনি ভাব্যত ইতি। যেষাং বংশধরৈর্যতঃ প্রবৃত্তৈঃ সংপ্রদায়ভেদৈঃ। কৃৎস্না মহী মন্বন্তরং ততঃ পরঞ্চ ভোক্ষ্যতে অবিদ্যা কামকর্ম্মভ্যোঽপি রক্ষিষ্যতে ॥ ২৬ ॥

এবং তৎপরে সাতটী পুত্রকে উৎপাদন করিলেন। এই সাতটী পুত্র সপ্ত-দ্রবিড় দেশের আধিপত্য গ্রহণ করিয়াছিলেন ॥ ২৫ ॥

এই এক এক পুত্রের আবার অর্ব্বুদসংখ্যক পুত্র জন্মে এবং সেই সকলের বংশধরগণই মন্বন্তর পর্য্যন্ত পৃথিবীকে ভোগ করিয়াছেন। ২৬ ॥

আভাস।

বৈদর্ভীর সাতটী পুত্রস্থানীয়। নববিধ ভক্তির মধ্যে শেষোক্ত সখ্য ও আত্মনিবেদনরূপ ব্যাপারদ্বয় প্রথমত ঘটা অসম্ভব বলিয়া, এখানে তাহাদের উল্লেখ নাই। এই পুত্র সাতটী

অগস্ত্যঃ প্রাগ্দুহিতরমুপযেমে ধৃতব্রতাং।
যস্যাং দৃঢ়চ্যুতো জাত ইধ্মবাহাত্মজো মুনিঃ॥ ২৭॥

অন্বয়ঃ।

(মলয়ধ্বজস্য) ধৃতব্রতাং প্রাগ্দুহিতরং (প্রাক্ প্রথমাং কন্যাং) অগস্ত্যঃ উপযেমে বিবাহিতবান্, যস্যাং কন্যায়াং, ইধ্মবাহাত্মজ (ইধ্মবাহঃ আত্মজঃ যস্য সঃ) দৃঢ়চ্যুতঃ মুনিঃ জাতঃ॥ ২৭॥

শ্রীধরস্বামী।

অগস্ত্যঃ অগানি নিষ্ক্রিয়াণি গাত্রাণি স্ত্যায়তি সংঘাতয়তীত্যগস্ত্যো মনঃ স প্রাক্ প্রথমজাতাং দুহিতরং কৃষ্ণসেবারুচিং উপযেমে। তস্য মনঃ শ্রীকৃষ্ণে দৃঢ়াং রতিং ববন্ধ ইত্যর্থঃ। ধৃতানি শমদমাদীন ব্রতানি যয়া তাং রতিং। দৃঢ়েভ্যঃ সত্যলোকাদিভোগেভ্যোঽপি চ্যুতঃ তদ্রহিতঃ শ্রীকৃষ্ণরতৌ ইহামুত্রভোগে বিরাগো জাত ইত্যর্থঃ। স এবোপশমাত্মত্বাং মুনিঃ। কথম্ভূতঃ ইধ্মবাহঃ আত্মজো যস্য সঃ। তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠমিত্যাদি শ্রুতিপ্রসিদ্ধা সমিদ্বহনোপলক্ষিতা গুরূপসত্তির্বৈরাগ্যাদভূদিত্যর্থঃ। নহ্যবিরক্তস্য গুরূপসত্তিঃ সম্ভবতি কথাপক্ষে যথাশ্রুতমেব॥ ২৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাগ্দুহিতরং প্রথমজাতাং দুহিতরং অগস্ত্য উপযেমে। পক্ষে অগানি স্বতো গত্যসমর্থানীন্দ্রিয়াণি স্ত্যায়তি সংঘাতয়তি স্বেন মিলিতীকরোতীত্যগস্ত্যো মনঃ স কৃষ্ণসেবারুচিং স্বীচকার। দৃঢ়ানি দয়াক্ষমাদীনি ব্রতানি যস্যাং যতো বা মহৎকৃপয়া জীবস্য মনঃ কৃষ্ণসেবাসক্তং বভূবেত্যর্থঃ। যস্যাং অসিতেক্ষণায়াং দৃঢ়েভ্যঃ সত্যলোকাদিভ্যোঽপি চ্যুতস্তদ্রহিতঃ। ইহামুত্রভোগে বিরাগো জাত ইত্যর্থঃ। যদ্বা দৃঢ়েভ্যো জ্ঞানাদিভ্য স্তৎসাধ্যেভ্যো মোক্ষাদিভ্যশ্চ চ্যুতঃ। মনসঃ কৃষ্ণসেবারুচ্যেকতানত্বাদন্যসাধনসাধ্যস্পৃহারাহিত্যং জাতমিত্যর্থঃ। কথংভূতঃ ইধ্মবাহ আত্মজো যস্য সঃ। তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠমিত্যাদি শ্রুতিপ্রসিদ্ধা সমিদ্বহনোপলক্ষিতা গুরূপসত্তিরভূদিত্যর্থঃ। কথাপক্ষে অগস্ত্যস্য পুত্রো দৃঢ়চ্যুতঃ তস্য পুত্রো ইধ্মবাহ ইতি মলয়ধ্বজস্য কন্যাবংশ উক্তঃ॥ ২৭॥

মলয়ধ্বজ স্বকীয়া ধৃতব্রতা কন্যাকে অগস্ত্যের হস্তে সমর্পণ করেন; অগস্তের ঔরসে এই কন্যার গর্ভে দৃঢ়চ্যুত নামে যে মুনির জন্ম হয়, তাঁহার আবার এক পুত্র জন্মগ্রহণ করেন, তাহার নাম ইধ্মবাহ॥ ২৭॥

আভাস।

দ্রবিড় নামক ভক্তির ভূমিখণ্ডেই অধিকার করিয়াছিলেন। এই ভক্তিরও নাম, রূপ, গুণ ও লীলাদিভেদে যেমন অনন্ত প্রকার হয়, সেইরূপ উক্ত সাতটী পুত্রের বংশধরও অসংখ্য জন্মিয়াছিলেন॥ ২৫॥ ২৬॥

মন যখন ভগবৎ সেবারুচিতে মিলিত হয়, তখনই তত্ত্বজিজ্ঞাসার ঔৎসুক্য যেমন জন্মে, সেইরূপ অগস্ত্যের হস্তে যখন মলয়ধ্বজের কন্যা সমর্পিতা হইলেন, তখন তাঁহার গর্ব্ভে

বিভজ্য তনয়েভ্যঃ ক্ষ্মাং রাজর্ষির্মলয়ধ্বজঃ।
আরিরাধয়িষুঃ কৃষ্ণং স জগাম কুলাচলং ॥ ২৮ ॥
হিত্বা গৃহান্ সুতান্ ভোগান্ বৈদর্ভী মদিরেক্ষণা।

অন্বয়ঃ।

ততশ্চ কৃষ্ণং আরিরাধয়িষুঃ সন্ সঃ রাজর্ষিঃ মলয়ধ্বজঃ, তনয়েভ্যঃ ক্ষ্মাং পৃথ্বীং, বিভজ্য বিভাগেন দত্ত্বা, কুলাচলং পর্ব্বতং, জগাম ॥ ২৮ ॥

মদিরেক্ষণা (মদয়তীতি মদিরং ঈক্ষণং যস্যাঃ সা) যুবাবস্থাপন্না বৈদর্ভী গৃহান্ সুতান্ ভোগান্ হিত্বা ত্যক্ত্বা, রজনীকরং চন্দ্র, অনু জ্যোৎস্না ইব, পাণ্ড্যেশং মলয়ধ্বজং, স্বপতিং অন্ব-

শ্রীধরস্বামী।

ক্ষ্মাং বিভজ্য তত্র শ্রবণাদি ভক্তিভেদং ব্যবস্থাপ্য ॥ ২৮ ॥

ইদানীং পুরঞ্জনস্য স্ত্রীভাবং প্রাপ্তস্য সর্ব্বতো বিরক্তস্য। পতিরেব গুরুঃ স্ত্রীণামিতি বচনাৎ পতিসেবয়া গুরুশুশ্রূষয়া প্রকারং দর্শয়িতুমাহ হিত্বা ইত্যাদিনা মনো দধে ইত্যন্তেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্ষ্মাং বিভজ্য তত্র তত্র শ্রবণাদিভক্তিভেদং প্রবর্ত্ত্যেত্যর্থঃ। কুলাচলমেকান্তস্থলং ভক্তিপ্রদং প্রবর্ত্ত্যেত্যর্থঃ। কুলাচলমেকান্তস্থলং ভক্তিপ্রদং বেঙ্কটাদি পর্ব্বতং বা ॥ ২৮ ॥

সুতান্ হিত্বেতি পতিব্রতা পত্যুরিব গুরোঃ সেবায়াং প্রবৃত্তঃ শিষ্যঃ শ্রবণকীর্ত্তনাদীন্যপি ভোগান্ তদুত্থান্ প্রেমানন্দানপি গৃহান্ তদুচিতবিবিক্তস্থলমপি নৈবাপেক্ষেত শ্রীগুরুসেবয়ৈব সুখেন সর্ব্বসাধ্যসিদ্ধ্যর্থমিত্যুদ্দেশো ব্যঞ্জিতঃ। মাদ্যতি হৃষ্যতীতি মৎ ইরা বাণী হৃষ্যন্ত্যাং বাণ্যাং বেদলক্ষণায়ামেব ঈক্ষণং যস্যাঃ। গুরুসেবায়া এব বেদেন সর্ব্বাধিক্যস্যোক্তত্বাদিত্যর্থঃ মদয়তীতি মদিরং শ্রীভগবদ্রূপং তত্রেক্ষণং যস্যা ইতি সন্দর্ভঃ। কথাপক্ষেতু

পরিশেষে রাজর্ষি মলয়ধ্বজ ভগবান্ শ্রীকৃষ্ণকে আরাধনা করিবার অভিপ্রায়ে, পুত্রগণকে পৃথিবী বিভক্ত করিয়া, কুলাচল পর্ব্বতে তপস্যার জন্য স্বয়ং প্রস্থান করিলেন ॥ ২৮ ॥

এদিকে আয়তলোচনা বৈদর্ভী যৌবনাবস্থাতেই পুত্রাদি গৃহৈশ্বর্য্য পরিত্যাগপূর্ব্বক নিশানাথের অনুচরী জ্যোৎস্নার ন্যায়, পাণ্ড্যাধিপতি স্বকীয়

আভাস।

অনাসক্তিরূপ দৃঢ়চ্যুত নামে একটী পুত্র জন্মগ্রহণ করিলেন। এই পুত্র ঐহিক এবং পারলৌকিক ভোগে উদাসীন হইয়া, ভগবদারাধনাতেই অগ্রসর ছিলেন। এই দৃঢ়চ্যুতের এক পুত্র জন্মে, তাঁহার নাম ইধ্মবাহ; অর্থাৎ গুরুসেবা ॥ ২৭ ॥

পুরঞ্জনের স্ত্রীত্ব দশাতেও পূর্ব্বার্জ্জিত পুণ্য উত্তরোত্তর অধিক ফল প্রদান করত পুনরায় ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠানেই যে তাঁহাকে নিয়োজিত করিয়াছিল, তাহাই তাঁহার পতিসেবার দ্বারা সুব্যক্ত করা হইয়াছে ॥ ২৮ ॥ ২৯ ॥

অন্বধাবত পাণ্ড্যেশং জ্যোৎস্নেব রজনীকরং ॥ ২৯ ॥
তত্র চন্দ্ররসানাম তাম্রপর্ণী বটোদকা।
তৎপুণ্যসলিলৈর্নিত্যমুভয়ত্রাত্মনো মৃজন্ ॥ ৩০ ॥
কন্দাষ্টিভির্মূলফলৈঃ পুষ্পপর্ণৈস্তৃণোদকৈঃ।
বর্ত্তমানঃ শনৈর্গাত্রকর্শনং তপ আস্থিতঃ॥
শীতোষ্ণবাতবর্ষাণি ক্ষুৎপিপাসা প্রিয়াপ্রিয়ে।

অন্বয়ঃ।

ধাবত (তং সেবার্থং স্বয়ং অপি তেন সহ কুলাচলং জগাম) ॥ ২৯ ॥

তত্র দেশে, চন্দ্ররসা, তাম্রপর্ণী, বটোদকা নাম নদ্যঃ আসন্; তৎপুণ্যসলিলৈঃ (তাসাং পুণ্যৈঃ পবিত্রৈঃ সলিলৈঃ) নিত্যং উভয়ত্র অন্তর্বহিঃ চ আত্মনঃ (মলং) মৃজন্ ক্ষালয়ন্ (তপঃ আস্থিতঃ ইত্যুত্তরেণান্বয়ঃ) ॥ ৩০ ॥

কন্দাষ্টিভিঃ (কন্দৈঃ অষ্টিভিঃ বীজৈঃ) মূলৈঃ ফলৈঃ পুষ্পৈঃ পর্ণৈঃ তৃণৈঃ উদকৈঃ চ বর্ত্তমানঃ দেহাদিস্থিতিং সম্পাদয়ন্ শনৈঃ গাত্রকর্শনং শরীরশোষকং তপঃ আস্থিতঃ কৃতবান্ ॥

সমদর্শনঃ (সমে ভগবতি দর্শনং দৃষ্টিঃ যস্য সঃ) মলয়ধ্বজঃ শীতোষ্ণবাতবর্ষাণি ক্ষুৎপিপাসে

শ্রীধরস্বামী।

প্রেম্নেন মদয়ন্তীতি মদিরমীক্ষণং যস্যাঃ ॥ ২৯ ॥

তত্র চন্দ্ররসাদ্যা নদ্যঃ। তাসাং পুণ্যৈঃ সলিলৈরুভয়ত্রান্তর্ব্বহিশ্চ আত্মনো মলং ক্ষালয়ন্ তপ আস্থিত ইত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মদিরা ঈক্ষণয়োর্যস্যাঃ সা পরমতরুণ্যপীত্যর্থ ॥ ২৯ ॥

উভয়ত্র অন্তর্বহিশ্চাত্মনো মলং ক্ষালয়ং স্তপ আস্থিতঃ তস্য তপশ্চরণং পৃথুবদত্যুৎকর্ষা-

---

ভর্ত্তা মহারাজ মলয়ধ্বজের অনুগমনে পতিসেবার্থ কুলাচলে গমন করিলেন ॥ ২৯ ॥

সেই কুলাচল প্রদেশে চন্দ্ররসা, তাম্রপর্ণী ও বটোদকা নামে তিনটী নদী আছে। তাঁহারা উভয়ে সেই পবিত্রসলিলা স্রোতস্বতীর জলে অবগাহন করত বাহ্যিক ও আন্তরিক উভয়বিধ মলা হইতে ক্রমশঃ নিষ্কৃতিলাভ করিতে লাগিলেন ॥ ৩০ ॥

কন্দ, বীজ, ফল, মূল, পুষ্প, পত্র, তৃণ ও উদকের দ্বারা জীবিকানির্ব্বাহ করত, মলয়ধ্বজ ক্রমশ শরীরকে শোষণ পূর্ব্বক তপস্যা করিয়াছিলেন ॥

এবং ভগবানে চিত্ত সমর্পণপূর্ব্বক শীতোষ্ণ, বাতবর্ষা, ক্ষুৎপিপাসা প্রিয় অপ্রিয়, এবং সুখ দুঃখাদি দ্বন্দ্বদোষকে বশীভূত করিতে সক্ষম হই-

সুখদুঃখে ইতি দ্বন্দ্বান্যজয়ৎ সমদর্শনঃ ॥ ৩১ ॥
তপসা বিদ্যয়া পক্ককষায়ো নিয়মৈর্যমৈঃ।
যুযুজে ব্রহ্মণ্যাত্মানং বিজিতাক্ষানিলাশয়ঃ ॥ ৩২ ॥
আস্তে স্থাণুরিবৈকত্র দিব্যং বর্ষশতং স্থিরঃ।
বাসুদেবে ভগবতি নান্যদ্বেদোদ্বহন্ রতিং ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

প্রিয়াপ্রিয়ে সুখদুঃখে চ ইতি দ্বন্দ্বানি অজয়ৎ ন গণিতবান্ ॥ ৩১ ॥

তপসা চান্দ্রায়ণাদিনা, বিদ্যয়া উপাসনয়া, নিয়মৈঃ সত্যাদিভিঃ যমৈঃ অহিংসাদিভিঃ, পক্ককষায়ঃ বিগতকল্মষঃ বিজিতাক্ষানিলাশয়ঃ (বিজিতানি অক্ষাণি ইন্দ্রিয়াণি, অনিলঃ প্রাণঃ আশয়ঃ চিত্তং চ যেন সঃ) মলয়ধ্বজঃ ব্রহ্মণি আত্মানং যুযুজে ॥ ৩২ ॥

এবং স্থিরঃ সন্ স্থাণুঃ ইব একত্র দিব্যবর্ষশতং আস্তে। তথা ভগবতি বাসুদেবে সর্ব্ব-নিয়ন্তরি রতিং প্রীতিপ্রবাহং উদ্বহন্ অন্যং ন বেদ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

অসাতে ভূমৌ ক্ষিপ্যতে ইত্যষ্টি বীজং ॥ ৩১ ॥

বিদ্যয়া উপাসনয়া পক্ককষায়ঃ দগ্ধকামাদিবাসনঃ যুযুজে আত্মনো ব্রহ্মতাং ভাবয়ামাস অক্ষাণি ইন্দ্রিয়াণি। অনিলঃ প্রাণঃ। আশয়শ্চিত্তং বিজিতা অক্ষাদয়ো যেন ॥ ৩২ ॥

আস্তেস্ম বর্ষশতমিতি জ্ঞানস্য দুঃসাধনতাং দর্শয়তি। অতএব ভক্তিং কৃতবানিত্যাহ। বাসুদেবে রতিমুদ্বহন্ অন্যদ্দেহাদিকং ন বেদ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মূলকমেব ব্যাখ্যেয়ং ॥ ৩০ ॥ ৩১ ॥

ব্রহ্মণি উত্তরশ্লোকস্পষ্টীভূতার্থে বাসুদেবে আত্মানং মনঃ ॥ ৩২ ॥

তাদৃশস্মরণভক্ত্যা ভগবতি রতিরব্যবচ্ছিন্না জাতেত্যাহ আস্ত ইতি ॥ ৩৩ ॥

লেন ॥ ৩১ ॥

হে রাজন্! চান্দ্রায়ণাদি কৃচ্ছ্র তপস্যা, দেবারাধনরূপ বিদ্যা, সত্যাদি নিয়ম এবং অহিংসাদি যমের অনুষ্ঠানে মলয়ধ্বজের অন্তঃকরণ হইতে বাসনামল বিদূরিত হইলে, তিনি পরমব্রহ্মে চিত্ত সমর্পণ করিলেন ॥ ৩২ ॥

এই প্রকারে চিত্ত সংযত করত, অচল স্থাণুর ন্যায় একস্থানে অটলভাবে দেবপরিমাণে শত বৎসর কাল অবস্থিত রহিলেন। এবং সর্ব্বনিয়ন্তা ভগবান্ নারায়ণে একাগ্রতা পূর্ব্বক ভক্তি করত অন্য সকল চিন্তাই পরিহার করিলেন ॥ ৩৩ ॥

হে নরনাথ! স্বপ্ন-দর্শনের সাহায্যে আত্মাকে যেমন অন্তঃকরণ-বৃত্তির স্পষ্টত সাক্ষিরূপে প্রতীতি করা যায়, সেইরূপ মলয়ধ্বজ স্থূলসূক্ষ্মাত্মক

সব্যাপকতয়াত্মানং ব্যতিরিক্ততয়াত্মনি।
বিদ্বান্ স্বপ্ন ইবামর্শসাক্ষিণং বিররামহ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

সঃ মলয়ধ্বজঃ স্বপ্নে আমর্শসাক্ষিণং (আমর্শঃ অন্তঃকরণবৃত্তিঃ তস্যাঃ সাক্ষিণং) ইব আত্মনি কার্য্যকারণসঙ্ঘাতে এব বর্ত্তমানং আত্মানং ব্যাপকতয়া ব্রহ্মতয়া বিদ্বান্ জানন্, বিররাম (বিমুক্তো জাতঃ) ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

স এবং বর্ত্তমান আত্মন্যাত্মানং বিদ্বান্ অন্যস্মাদুপররাম কথং বিদ্বান্ ব্যতিরিক্ততয়া দেহাদিপ্রকাশকত্বেন। ননু দেহাদ্যাকারো বিমর্শঃ এতৎ প্রকাশয়তি নতু নিরাকার আত্মা অত আহ আমর্শস্যাপি সাক্ষিণং। অয়ং ভাবঃ বিমর্শো নামান্তঃকরণবৃত্তিঃ সাচ জড়ত্বাদাত্ম-প্রকাশ্যৈবেতি। যথা স্বপ্নে মমেদং শিরশ্ছিন্নমিত্যাদি প্রতীতৌ তদ্ব্যতিরিক্তমাত্মানং বেত্তি তদ্বৎ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাদৃশরত্যাচ সর্ব্বত্র ভগবৎস্ফূর্ত্তিরভূদিত্যাহ স ইতি ব্যাপকতয়া জাতরতিত্বেন সর্ব্বাস্বেব দিক্ষু স্ফুরদ্রূপতয়া বিদ্বান্ জানন্ তদপ্যাত্মনি স্বস্মিন্ ব্যতিরিক্ততয়া বিযুক্তত্বেনৈব জানন্ প্রেমোৎকণ্ঠাতাপেন বিররাম মূর্চ্ছাং প্রাপেত্যর্থঃ। বিরহোত্থস্ফূর্ত্তিজনিতভগবদ্দর্শনেন বিরহো ন শাম্যতীত্যত্র দৃষ্টান্তঃ স্বপ্ন ইব জানন্। নহি স্বপ্নে ভুক্তেনোদনাদিনা স্বপ্নোত্থিতস্য জনস্য ক্ষুধা শাম্যতীত্যর্থঃ॥ ননু স্ফূর্ত্তৌ কিং প্রমাণমিত্যতো বিশিনষ্টি। আমর্শো নামান্তঃকরণবৃত্তিঃ সএব সাক্ষী নতু লোচনং যত্র তৎ। অন্তঃকরণবৃত্তীনাং বিরহসন্তাপানপগমাৎ লোচনাভ্যাং তদ্দর্শনমপি তৎস্ফূর্ত্তিজনিতমেবেত্যনুভবাদিতি ভাবঃ ॥ ৩৪ ॥

ইন্দ্রিয়াদির সমবায়ে সমুৎপন্ন কলেবরে পৃথক্‌ভাবে বিদ্যমান আত্মচৈতন্যকে ব্রহ্মভাবে ব্যাপী বলিয়া অবধারণ করিলেন; এবং ব্রহ্মস্বরূপ পরমচৈতন্যে আত্মচৈতন্যের মিলনে জীবন্মুক্ত হইলেন ॥ ৩৪ ॥

আভাস।

ভগবৎস্বরূপে প্রেম ও আসক্তি জন্মিলে, জীবের আত্মভাবের প্রকটন হয়। জড়স্বরূপ দৃশ্য জগৎভাবের আলোচনায় চৈতন্যস্বরূপ জীব তাদাত্ম্যবশত যেন জড়রূপেই পরিণত হন, আবার চৈতন্যস্বরূপ ভগবানের অনুধ্যানে স্বীয় চৈতন্যস্বরূপেই পুনঃ প্রতিষ্ঠিত হন। তখন সর্ব্বসাক্ষী সর্ব্বনিয়ন্তা ও সর্ব্বাধার পরমাত্মভাব নিরন্তর ভাবনা করায়, চৈতন্যস্বরূপ জ্ঞাতৃস্বরূপে নিজের আত্মভাবকে লক্ষ্য করিতে পারেন. এবং অসীম ব্রহ্মচৈতন্য হইতে নিজের জ্ঞানভাব যে পৃথক্ নহে, তাহা সুস্পষ্ট অবধারণ করেন। স্বকীয় দেহাদি ইন্দ্রিয়-গ্রাম এবং সমুদায় অন্তঃকরণ-বৃত্তি আপনার চৈতন্যস্বরূপের পরিচয় প্রদান করিয়া থাকে। জীবের স্বরূপ যে চৈতন্যময় জ্ঞানস্বরূপ, তাহা অবধারণার্থ অন্য কোন সাক্ষীর আবশ্যক

সাক্ষাদ্ভগবতোক্তেন গুরুণা হরিণা নৃপ।

অন্বয়ঃ।

হে নৃপ! সাক্ষাৎ গুরুণা ভগবতা হরিণা উক্তেন প্রকাশিতেন অতএব বিশ্বতোমুখং

শ্রীধরস্বামী।

কেন বিদ্বান্ তত্রাহ সাক্ষাদ্ধরিরেব যোগুরুস্তেনোক্তেন সর্ব্বতোমুখং যথা তথা স্ফুরতা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ তস্যোৎপন্নপ্রেম্ণো ভগবতঃ সাক্ষাদ্দর্শনমপ্যভূদিত্যাহ। সাক্ষাদেব ভগবতা হরিণা সন্তাপহারিণা বিশ্বতোমুখং স্ফুরতা সমন্তাদেব প্রস্ফুরত্তেজসা গুরুণা সতা উক্ত উপদিষ্টো যো জ্ঞানদীপঃ স্বমাধুর্য্যানুভবপ্রকারস্তেন তস্মিন্নেব পরে ব্রহ্মণি আত্মানং ঈক্ষমাণঃ বাসুদেবে ভগবতি নান্যদ্বেদোদ্বহন্ রতিমিতি পূর্ব্বোক্তেঃ ভগবতি স্বরতিমুদ্বহন্তমনুরাগিণং পশ্যন্নিত্যর্থঃ। তথৈব যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহমিতি ভগবদুক্তেঃ। আত্মনি স্বস্মিংশ্চ পরব্রহ্মসানুরাগমীক্ষমাণঃ তৎক্ষণএব প্রবলিতানন্দমূর্চ্ছাবিশাদীক্ষাং বিহায়, অস্মাৎ স্থূল-সূক্ষ্মোপাধিদ্বয়াৎ হ স্পষ্টমেব বিররাম। ঐশ্বর্য্যপক্ষীয়াস্ত শ্লোকত্রয়মিদমেবং ব্যাচক্ষে। স মলয়ধ্বজ আত্মানং পরমেশ্বরং সর্ব্বব্যাপকতয়া সর্ব্বস্মাচ্চ ব্যাপ্যাজ্জগতো ব্যতিরিক্ততয়াচ

হে নরপাল! সাক্ষাৎ ভগবান্ নারায়ণ গুরুমূর্ত্তিতে মলয়ধ্বজের সন্নিধানে পরম তত্ত্বের প্রকাশ করিলে, সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন ভগবানের পরমভাব সর্ব্বত্র

আভাস।

নাই; নিজের স্বরূপই তাহার যথেষ্ট পরিচয়। বাল্য যৌবন জরাদি দেহের পরিণাম এবং জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তি প্রভৃতি চিত্তের অবস্থাত্রয়কে বিচার করিলে, বিচারক যে একজন জ্ঞান-স্বরূপ এবং এই সমস্ত জড় দৃশ্য পদার্থ হইতে সম্পূর্ণ পৃথক্, তাহার প্রতীতি নিজেই বিলক্ষণ করা যায়। দর্পণ যে কেবল প্রতিবিম্ব গ্রহণ করে, তাহা নহে; কিন্তু যাহার প্রতিবিম্ব লাভে দর্পণ দর্পিত, তাহাকেও দর্পণ লক্ষ্য করাইয়া দেয়। সেইরূপ যে চৈতন্যস্বরূপের অনুগ্রহে চিত্ত চেতনের ন্যায় কার্য্য করে, চিত্ত বাসনামুক্ত হইয়া, সেই চৈতন্যস্বরূপ আত্মাকেই লক্ষ্য করাইয়া দেয়॥ ৩৪॥

যাঁহার হৃদয়ে ভগবৎপ্রেম জন্মে, ভগবান্ নিজেই তাঁহাকে দর্শন দানে কৃতার্থ করেন। তিনি সর্ব্বসন্তাপহারী; সর্ব্বপ্রকারে অভিব্যক্ত হইয়া, গুরুরূপে মলয়ধ্বজকে যে জ্ঞানের উপদেশ প্রদান করেন, তাহার প্রভাবে মলয়ধ্বজ ভগবৎস্বরূপ পরমব্রহ্মেই স্বকীয় স্বরূপের উপলব্ধি করিয়াছিলেন। গীতাতে উক্ত আছে যে, যে ব্যক্তি যে ভাবে ভগবানকে আরাধনা করে, ভগবান্ সেই ভাবেই তাহার কামনা পুরণ করিয়া থাকেন। অনুরাগের আবেশে পূর্ণব্রহ্মের প্রতি মলয়ধ্বজ যেমন চিত্ত সমর্পণ করিলেন, প্রেমের উচ্ছ্বাসে তাঁহাতেই তাঁহার আত্মস্বরূপের বিলয়ে স্থূল সূক্ষ্ম যাবতীয় উপাধির বিচ্ছেদে তিনি মুক্তিলাভ করিলেন। কেহ কেহ এই শ্লোকত্রয়ের ঐশ্বর্য্যপক্ষের ব্যাখ্যায় প্রকাশ করেন যে, পরমাত্মা সর্ব্বব্যাপক বিশ্ব-

বিশুদ্ধজ্ঞানদীপেন স্ফুরতা বিশ্বতোমুখং ।। ৩৫ ।।

অন্বয়ঃ।

সর্ব্বত্র যথা ভবতি তথা স্ফুরতা প্রকাশমানেন বিশুদ্ধজ্ঞানদীপেন ঈক্ষমাণঃ ইতি উত্তরেণান্বয়ঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

অনবচ্ছিন্নেন জ্ঞানেন ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনি স্বস্মিন্নধিষ্ঠাতারং বিদ্বান্ জানন্ বিররাম সংসারাদিত্যর্থঃ। ব্যাপকত্বে ব্যতিরিক্তত্বেচ দৃষ্টান্তঃ। আমর্শসাক্ষিণং মনআদিদ্রষ্টারং জীবম্ আত্মাদিব্যাপকং অথচ স্বপ্নে সুষুপ্ত্যবস্থাত্মাদিব্যতিরিক্তমিবসুখমহমস্বাপ্সমিত্যত্র তত্তদ্ব্যতিরিক্তস্য কেবলস্যাত্মন এবানুভবাদিতি। নম্বেতজ্ জ্ঞানং কুতোঽসাববাপেতি তত্রাহ সাক্ষাদিতি দদামি বুদ্ধিযোগন্তং যেন মামুপযান্তি তে ইতি ভগবদুক্তেঃ। তেনৈব জ্ঞানদীপেন পরে ব্রহ্মণি ভগবত্যাশ্রয়তত্ত্বে আত্মাত্মানং শুদ্ধজীবমাশ্রিতং ঈক্ষমাণঃ তথা আত্মনি শুদ্ধজীবে চ ত্বমেব পরং ব্রহ্ম ভগবন্তমধিষ্ঠাতারং ঈক্ষমাণঃ। বিহায়েক্ষামিতি জাতপ্রেমত্বাদন্তে তং পরামর্শমপি বিহায়েত্যর্থঃ। শ্রীভাগবতস্য মোহিনীত্বাদিতোঽপ্যন্যথা কেচিদ্যাচক্ষতে তত্তু এব গৃহ্নন্তি ন সন্তঃ ॥ ৩৫ ॥

প্রকটিত অবধারণ করিলেন; তাঁহার হৃদয়ের অন্ধকার নিবারিত হইল; তখন সর্ব্বত্র স্ফূর্ত্তিপ্রাপ্ত বিশুদ্ধ জ্ঞানজ্যোতিতে নিরাময় হইয়া— ।। ৩৫ ।।

আভাস।

সংসারে তিনি ব্যাপ্ত রহিয়াছেন। সংসার ব্যাপ্য ও সীমাবদ্ধ। তিনি অসীম ও অনন্ত। সুতরাং সেই পরমাত্মভাব হৃদয়ে ধারণ করিলে, আর জ্ঞাতব্য বিষয় বলিয়া কিছুই অবশিষ্ট থাকে না। ইহার দৃষ্টান্তস্থলে স্বপ্নকে নির্দ্দেশ করা হইয়াছে। মন প্রভৃতি ইন্দ্রিয়বর্গের সাহায্যে বাহ্য বিষয়ের গ্রহণযোগ্যতা ও বস্তুসম্বন্ধীয় বিচারসামর্থ্যতাকেই ব্যবহারিক দৃষ্টিতে জীবাত্মানামে অভিহিত করিলেও, স্বপ্নকালে বিষয় ও ইন্দ্রিয়াদি ব্যতীত একটী আলোচনার সামর্থ্য এবং গাঢ় নিদ্রায়, সুখনিদ্রায়, বা ক্লেশনিদ্রায় তাহার অনুভূতি যেন সর্ব্বাপেক্ষা পৃথক্‌রূপে প্রতীত হয় এবং এই সমস্ত ব্যাপার যে প্রতীত হইতেছে, সে অনুভূতি আর কোন সাক্ষীর অপেক্ষা করে না; স্বয়ংই তাহার সাক্ষী হইয়া যখন বিদ্যমান থাকেন, তখন সেই চৈতন্যস্বরূপ আত্মা সকল বিষয়ের অন্তরে ও বাহিরে নিরন্তর বিদ্যমান, তাহাই প্রকাশ করা হইয়াছে। এই জ্ঞান জীবের সহজসাধ্য নহে। ভগবান্ নিজেই যে তাহা ভক্ত জীবকে প্রদান করেন, তাহা তাঁহার গীতাবাক্যে স্পষ্টত প্রকাশ আছে। ভক্ত এই অধ্যাত্মজ্ঞানের সাহায্যে পরমব্রহ্মে যখন শুদ্ধ ত্বং পদার্থ সমর্পণ করেন এবং স্বকীয় স্বরূপে ব্রহ্মভাবের উপলব্ধি করেন, তখন তাঁহার ঈক্ষণ-কার্য্যেরও সমাপ্তি হইয়া যায়। কেহ কেহ আবার বলেন যে, তৎকালে ভগবদৈশ্বর্য্যে বিহ্বল হওয়ায়, যাবতীয় প্রবৃত্তি নিরস্ত হয় ॥ ৩৫ ॥

পরে ব্রহ্মণি চাত্মানং পরং ব্রহ্ম তথাত্মনি।
ঈক্ষমাণো বিহায়েক্ষামস্মাদুপররামহ ॥
পতিং পরমধর্ম্মজ্ঞং বৈদর্ভী মলয়ধ্বজং।
প্রেম্না পর্য্যচরদ্ধিত্বা ভোগান্ সা পতিদেবতা ॥ ৩৬ ॥
চীরবাসা ব্রতক্ষামা বেণীভূতশিরোরুহা।

অন্বয়ঃ।

পরে ব্রহ্মণি আত্মানং তথা আত্মনি চ পরংব্রহ্ম ঈক্ষমাণঃ তাং ঈক্ষাং অপি বিহায় অস্মাৎ দেহাৎ উপররাম হ বিনির্গতঃ ॥

ভোগান্ হিত্বা ত্যক্ত্বা, পরমধর্ম্মজ্ঞং পতিং মলয়ধ্বজং প্রেম্না যা পর্য্যচরৎ সেবিতবতী, সা পতিদেবতা পতিব্রতা, বৈদর্ভী মলয়ধ্বজপত্নী ॥ ৩৬ ॥

চীরবাসা (চীরং জীর্ণং বাসঃ যস্যাঃ সা) ব্রতক্ষামা (ব্রতেন ক্ষামা দুর্ব্বলা) বেণীভূতশিরো-

শ্রীধরস্বামী।

তদেবাহ পরেতি। ব্রহ্মৈবাহং ন সংসারীতি ব্রহ্মণ্যাত্মন ঈক্ষণে শোকাদিনিবৃত্তিঃ। অহমেব ব্রহ্ম ইত্যাত্মনি ব্রহ্মণ ঈক্ষণে ব্রহ্মপারোক্ষ্যনিবৃত্তিঃ। অতো ব্যতিহারেণ ঈক্ষমাণঃ অস্মাৎ সংসারাদুপররাম। নন্বেবমপি জীবস্য কুতো ব্রহ্মতাপত্তিঃ ঈক্ষণস্যৈব ব্যবধায়কত্বা-দিত্যাশঙ্ক্যাহ ঈক্ষাং বিহায় দগ্ধেন্ধনানলবৎ তস্যাঃ স্বয়মেবোপশান্তিরিতি ভাবঃ ॥ ৩৬ ॥

উপপতিং পত্যুঃ সমীপে। যদ্বা পত্যুঃ কিঞ্চিন্মাত্রং ন্যূনা তৎসমানা সতী বভাবিত্যর্থঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং শ্রীগুরুদেবস্য সিদ্ধিদশা পর্য্যন্তং শিষ্যস্তং পরিচরন্নেব বর্ত্তেতেতি দর্শয়তি পতি-মিতি চতুর্ভিঃ ॥ ৩৬ ॥

পতিং উপ উপোঽধিকে হীনে চেতি কর্ম্মপ্রবচনীয় স্তদ্‌যোগে দ্বিতীয়া। পত্যুঃ সকাশাৎ

পরমব্রহ্মে জীবচৈতন্য এবং চৈতন্যকণ জীবস্বরূপে ব্রহ্মভাব অবধারণ পূর্ব্বক, অবধারণ-ক্রিয়াকেও বিসর্জ্জন করত উপাধিভূত কলেবর হইতে নির্গত হইলেন ॥

যাবতীয় ভোগে জলাঞ্জলি দিয়া পরমধর্ম্মজ্ঞ পতি মলয়ধ্বজকে যিনি নিরতিশয় প্রেম পূর্ব্বক এতকাল সেবা করিয়াছিলেন, সেই পতিব্রতা মলয়-ধ্বজপত্নী বৈদর্ভীও— ॥ ৩৬ ॥

পাতিব্রত্য ধর্ম্মানুসারে স্বামীর শুশ্রূষার্থ চীরবেশ পরিধান পূর্ব্বক এরূপ কঠোর ব্রতের অনুষ্ঠান করিয়াছিলেন যে, তাঁহার কলেবর নিতান্ত ক্ষীণ হইয়া

আভাস।

পতিব্রতার পতিশুশ্রূষার দৃষ্টান্তে গুরুর প্রতি শিষ্যের ব্যবহারেরই পরিচয় দেওয়া হইয়াছে ॥ ৩৬ ॥

যত্তাবুপপতিং শান্তা শিখাশান্তমিবানলং ॥ ৩৭ ॥
অজানতী প্রিয়তমং যদোপরতমঙ্গনা।
সুস্থিরাসনমাসাদ্য যথা পূর্ব্বমুপাচরৎ ॥ ৩৮ ॥
যদা নোপলভেতাঙ্ঘ্রাবুষ্মাণং পত্যুরর্চ্চতী।

অন্বয়ঃ।

রুহা (প্রসাধনাভাবাদেকীভূতাঃ শিরোরুহাঃ কেশাঃ যস্যাঃ সা তথাভূতা সতী) শিখাশান্তং জ্বালারহিতং দগ্ধেন্ধনং, অনলং ইব উপপতিং পত্যুঃ সমীপে শান্তা শুদ্ধা, বভৌ ॥ ৩৭ ॥

যদা উপরতং দেহং ত্যক্তবন্তং অপি সুস্থিরাসনং (সুস্থিরং আসনং যস্য তং যথাপূর্ব্বমুপবিষ্টং) অত অজানতী এব প্রিয়তমং স্বামিনং মলয়ধ্বজং আসাদ্য তংসমীপং গত্বা সা অঙ্গনা যথাপূর্ব্বং উপাচরৎ অসেবত ॥ ৩৮ ॥

এবং পত্যুঃ (অঙ্ঘ্রিং) অর্চ্চতী সতী যদা অঙ্ঘ্রৌ উষ্মাণং ন উপলভেত ন অপশ্যৎ, তদা

শ্রীধরস্বামী।

উপোধিকে চেতি কর্ম্মপ্রবচনীয়ঃ তদ্‌যোগেচ দ্বিতীয়া। শান্তমঙ্গারাবস্থমনলং। উপশান্তা শুদ্ধা জ্বালা যথা ভাতি তদ্বৎ ॥ ৩৭ ॥

তদানীমপি সুস্থিরমাসনং যস্য। অতএবাজানতী যদা তদা যথাপূর্ব্বমসেবত ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চিন্মাত্র ন্যূনেত্যর্থঃ। শান্তমঙ্গারাবস্থং নির্ধূমমনলমুপশান্তা শুদ্ধা জ্বালা যথা ভাতি তদ্বৎ ॥ ৩৭ ॥ ৩৮ ॥

আসিল; মস্তকের কেশজাল নিবিড় জটায় পরিণত হইল। তিনি ধূম বা জ্বলনহীন অনলের ন্যায়, নির্ব্বিকার ও বৃত্তিশূন্যচিত্তে শুদ্ধভাব ধারণ করত স্বামীর পার্শ্বে বিরাজ করিতে লাগিলেন ॥ ৩৭ ॥

মলয়ধ্বজ কলেবর পরিত্যাগ করিলেও আসনের গুণে তাঁহার দেহ অবসন্ন হইয়া ভূনিপতিত হয় নাই; জীবিত দেহের ন্যায় পূর্ব্ববৎ আসনেই উপবিষ্ট ছিল; সুতরাং বৈদর্ভী স্বামীর মৃতাবস্থা পরিজ্ঞাত না হইয়া, পূর্ব্ববৎ ভক্তিসহকারে স্বামি-সন্নিধানে অগ্রসর হইয়া, তাঁহার পাদসেবনাদি শুশ্রূষা করিতে লাগিলেন ॥ ৩৮ ॥

কিন্তু চরণ-সম্বাহনকালে অঙ্গের উষ্মতা উপলব্ধি না করায়, স্বামীর মৃত্যু অবধারণ করিলেন এবং যূথভ্রষ্টা হরিণীর ন্যায়, স্বামীর বিয়োগে কাতর

আভাস।

কাষ্ঠকে দগ্ধ করিয়া ধূম ও শিখা ব্যতীত বহ্নি যেমন অবস্থান করে, বৈদর্ভীও হৃদয়ের সংস্কার এবং প্রবৃত্তি সমূহ পরিত্যাগ পূর্ব্বক নির্ব্বাসন চিত্তে অবস্থান করিতেছিলেন ॥ ৩৭ ॥ ৩৮ ॥

আসীৎ সংবিগ্নহৃদয়া যূথভ্রষ্টা মৃগী যথা ॥ ৩৯ ॥
আত্মানং শোচতী দীনমবন্ধুং বিক্লবাশ্রুভিঃ।
স্তনাবাসিচ্য বিপিনে সুস্বরং প্ররুরোদ সা ॥ ৪০ ॥
উত্তিষ্ঠোত্তিষ্ঠ রাজর্ষে ইমামুদধিমেখলাং।
দস্যুভ্যঃ ক্ষত্রবন্ধুভ্যো বিভ্যতীং পাতুমর্হসি ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

যূথভ্রষ্টা মৃগী যথা তথা সংবিগ্নহৃদয়া (সংবিগ্নং ব্যাকুলং হৃদয়ং চিত্তং যস্যাঃ সা) আসীৎ ॥ ৩৯ ॥
তদা চ সা বিপিনে অবন্ধুং পত্যাদিরহিতং, দীনং আত্মানং শোচতী বিক্লবাশ্রুভিঃ স্তনৌ আসিচ্য সুস্বরং প্ররুরোদ ॥ ৪০ ॥
হে রাজর্ষে! উত্তিষ্ঠ উত্তিষ্ঠ! দস্যুভ্যঃ ক্ষত্রবন্ধুভ্যঃ অধার্ম্মিকেভ্যঃ ক্ষত্রিয়েভ্যঃ বিভ্যতীং উদধিমেখলাং ইমাং পৃথ্বীং পাতুং রক্ষিতুং অর্হসি যোগ্যো ভবসি ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

পত্যুরঙ্ঘ্রিং অর্চ্চয়ন্তী যদা তস্মিন্নঙ্ঘ্রাবুষ্মাণং নাপশ্যৎ ॥ ৩৯ ॥
অবন্ধুং পতিরহিতং অশ্রুভিরাসিচ্য ॥ ৪০ ॥
ক্ষত্রবন্ধুভ্যঃ অধার্ম্মিকক্ষত্রিয়েভ্যোঽপি ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অর্চ্চতী অর্চ্চন্তী নোপলভেত নোপালভত ॥ ৩৯ ॥
গুরোঃ সাধকশরীরাপগমে সতি। পত্যুর্বিচ্ছেদে পতিব্রতেব শিষ্যস্তদ্বিচ্ছেদসন্তপ্তো বিলাপমগ্নো ভবতীত্যাহ আত্মানং শোচতি মমেতঃ পরং কস্যাস্যাত্যত ইতি শোকাকুলঃ ॥ ৪০ ॥
উত্তিষ্ঠেতি পক্ষে হে শ্রীগুরো ইমাং পৃথ্বীং ত্বৎপ্রবর্ত্তিতশ্রবণাদিভক্তিগতিং দস্যুভ্যঃ ভক্তিবিরোধিমতেভ্যো বিভ্যতীং ॥ ৪১ ॥

হইয়া রোদন করিতে লাগিলেন ॥ ৩৯ ॥

সেই নিবিড় কাননমধ্যে পতিহীনা বৈদর্ভী দীনহীনার ন্যায় স্বকীয় অবস্থার আলোচনায় শোক প্রকাশ পূর্ব্বক, নয়নজলে বক্ষস্থল আর্দ্র করিয়া করুণস্বরে ক্রন্দন করিতে লাগিলেন ॥ ৪০ ॥

তিনি পরলোকগত স্বামীকে সম্বোধন পূর্ব্বক বিলাপ করত বলিতে লাগিলেন, হে রাজর্ষে! আপনি কেন ভূমি-শয্যায় শয়ান রহিয়াছেন? হে পৃথিবীপতে! আপনি এই সসাগরা ধরিত্রীর অধিপতি হইয়া, দস্যু ও অধার্ম্মিক ক্ষত্রিয়গণের নিপীড়নে বিপন্না ধরণীকে রক্ষা করিতে কেন উপেক্ষা করিতেছেন? ॥ ৪১ ॥

আভাস।

পতির বিয়োগে পতিব্রতা পত্নীর ন্যায়, গুরুর বিয়োগে শিষ্য বিলাপ করিয়া থাকেন ॥ ৪০ ॥

এবং বিলপতী বালা বিপিনেঽনুগতা পতিং।
পতিতা পাদয়োর্ভর্ত্তু রুদন্ত্যশ্রূণ্যবর্ত্তয়ৎ ॥ ৪২ ॥
চিতিং দারুময়ীং চিত্বা তস্যাং পত্যুঃ কলেবরং।
আদীপ্য চানুমরণে বিলপন্তী মনো দধে ॥ ৪৩ ॥
তত্র পূর্ব্বতরঃ কশ্চিৎ সখা ব্রাহ্মণ আত্মবান্।

অন্বয়ঃ।

পতিং অনুগতা বালা বৈদর্ভী, বিপিনে বনে, এবং বিলপতী ভর্ত্তুঃ পাদয়োঃ পতিতা রুদন্তী চ সতী অশ্রূণি অবর্ত্তয়ৎ মুমোচ ॥ ৪২ ॥

তদা দারুময়ীং চিতিং চিত্বা কৃত্বা, তস্যাং পত্যুঃ কলেবরং নিধায়, অগ্নিনা তাং চিতিং, আদীপ্য চ বিলপন্তী স্বয়ং অনুমরণে মনঃ দধে ॥ ৪৩ ॥

হে প্রভো! তত্র বনে কশ্চিৎ পূর্ব্বতরঃ সখা আত্মবান্ ব্রাহ্মণঃ রুদতীং তাং বল্গুনা মনো-

শ্রীধরস্বামী।

অবর্ত্তয়ৎ প্রবর্ত্তয়ামাস ॥ ৪২ ॥　　তস্যাং নিধায় অগ্নিদানেনাদীপ্যচ ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবর্ত্তয়ৎ প্রবর্ত্তয়ামাস ॥ ৪২ ॥

তস্যাং নিধায় অগ্নিদানেনাদীপ্য চ পক্ষে শ্রীগুরোর্দেহসংস্কারং কৃত্বা শ্রীমদ্গুরুচরণ-বিযুক্তোঽহং ত্বদীয়গুণানুস্মরণময়শোকদাবাগ্নিদগ্ধদেহো প্রাণং ধর্ত্তুমশক্লুবংস্তদুপদিষ্টশ্রবণ-কীর্ত্তনাদিভক্তৌ নৈব শক্তিং ধাস্যামি। তস্মাদদ্যৈব মরিষ্যামীতি শিষ্যো মনসি নিশ্চিনো-তীতি দর্শয়ামাস ॥ ৪৩ ॥

স্বগুরুবিরহব্যাকুলী-ভাব-দশায়ামিব শিষ্যস্য ভগবদ্দর্শনং স্যাদিতি দ্যোতয়তি। তত্রেতি পূর্ব্বতরঃ অনাদিরীশ্বরঃ সখা দ্বা সুপর্ণাবিত্যাদি শ্রুতেঃ। ব্রাহ্মণঃ ব্রাহ্মণবেশধারীতি সাক্ষাৎ

স্বামি-সোহাগিনী বালা বৈদর্ভী পতির পদতলে নিপতিত হইয়া, নির্জ্জন অরণ্যকে প্রতিধ্বনিত করত, হাহাকার রবে রোদন করিতে লাগিলেন। নয়ন-জলে তাঁহার সর্ব্বাঙ্গ আর্দ্র হইয়া গেল ॥ ৪২ ॥

পরে কানন হইতে কাষ্ঠ সংগ্রহ করত, একটী চিতা প্রস্তুত করিলেন এবং তদুপরি স্বামীর মৃত কলেবর উত্তোলন পূর্ব্বক তাহাতে অগ্নি প্রদান করিলেন। চিতা প্রজ্বলিত হইলে, তিনি বিলাপ করত সহমরণে ইচ্ছা করিলেন ॥ ৪৩ ॥

ইত্যবসরে তাঁহার পূর্ব্বপরিচিত একজন বন্ধু ব্রাহ্মণের বেশ ধারণ করত

আভাস।

ভক্তির বিরোধী মতই দস্যুস্থানীয়। পত্নীর যাবতীয় কার্য্য শিষ্যপক্ষেই ব্যাখ্যাত হইয়াছে ॥ ৪৩ ॥

সান্ত্বয়ন্ বল্গুনা সাম্না তামাহ রুদতীং প্রভো।। ৫৪ ।।
কা ত্বং কস্যাসি কো বায়ং শয়ানো যস্য শোচসি।
জানাসি কিং সখায়ং মাং যেনাগ্রে বিচচর্থহ । ৪৫ ।।
অপি স্মরসি চাত্মানমবিজ্ঞাতসখং সখে।

অন্বয়ঃ।

হরেণ, সাম্না প্রিয়বাক্যেন, সান্ত্বয়ন্ আহ ॥ ৪৪ ॥

ত্বং কিং নামাসি! কস্য কন্যাসি বা ; যস্য যং, শোচসি সঃ অয়ং শয়ানঃ তব কঃ বা? যেন সহ অগ্রে পূর্ব্বং বিচচর্থ তং মাং সখায়ং কি জানাসি? ॥ ৪৫ ॥

হে সখে! (যদি মাং ন জানাসি তথাপি) অবিজ্ঞাতসখং আত্মানং অপি কিং স্মরসি?

শ্রীধরস্বামী।

পূর্ব্বতরঃ অনাদিরীশ্বরঃ সখা। দ্বা সুপর্ণা ইতি শ্রুতেঃ। সাম্না প্রিয়বাক্যেন সম্বোধয়ন্ ॥ ৪৪ যং শোচসি। অগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং বিচচর্থ ময়ি স্থিতত্বেন সখ্যসুখমনুভূতবানসি ॥ ৪৫ ॥ যদ্যপি মাং ন জানাসি তথাপ্যাত্মানং ত্বামবিজ্ঞাতসখং অবিজ্ঞাতঃ কশ্চিৎ মে সখা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বীয়স্বরূপদর্শনং প্রেম্না বিনা ন ভবতীতি জ্ঞাপয়তি স্মেতি ভাবঃ। আত্মবান্ অন্তরাচ্ছন্নীকৃতস্বস্বরূপযুক্তঃ ॥ ৪৪ ॥

কোঽয়ং শয়ান ইতি প্রশ্নে মম শ্রীগুরুরয়মিতি কথাপক্ষে মম পতিরয়মিতি চেৎ মাং কিং জানাসীতি নন্বু ত্বমেব বিপ্রো মম ক ইত্যত আহ সখায়মিতি কথং ত্বয়া সহ মম সখ্যমিত্যত আহ যেন ময়া সহ অগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং বিচচর্থ। ময্যেব মিলিত্বা মৎসঙ্গেন সুখমনুভূতবান্ ত্বমেবাসীরিত্যর্থঃ ॥ ৪৫ ॥

নন্বহং কিমপি ন জানামীতি তত্রাহ। অপীতি যদ্যপি মাং ন জানাসি তদপ্যাত্মানং স্বং

তথায় উপস্থিত হইলেন এবং রোরুদ্যমানা বৈদর্ভীকে সম্বোধন পূর্ব্বক বিবিধ মধুর বাক্যে সান্ত্বনা করত বলিলেন— ।। ৪৪ ।।

হে কামিনি! তোমার নাম কি? তুমি কাহার কন্যা? এবং যাঁহার জন্য তুমি এত বিলাপ করিতেছ, সেই চিতা-শয্যায় শয়ান এই মৃত কলেবরই বা কাহার? যাঁহার সহিত তুমি পূর্ব্বে একত্র বিচরণ করিতে, তোমার সেই পরম মিত্র আমাকে কি চিনিতে পারিয়াছ? ।। ৪৫ ।।

আভাস।

গুরুর অভাবে শিষ্য যখন ব্যাকুল হন, তখন পরম গুরু অন্তরাত্মা ব্রাহ্মণবেশে সন্দর্শন দেন। কূটস্থ চৈতন্যই প্রকৃত গুরু; তাঁহার প্রভাবেই চিদাভাস জীব সংসারকে ভোগ করে। সুতরাং জীব তাঁহাকে পরিজ্ঞাত না হইলেও, পরোক্ষভাবে তিনি জীবের সহিত সৃষ্টির প্রারম্ভ হইতেই সহচররূপে চিত্ত-সরোবরে অবস্থান করেন ॥ ৪৫ ॥

হিত্বা মাং পদমন্বিচ্ছন্ ভৌমভোগরতো গতঃ ॥ ৪৬ ॥
হংসাবহঞ্চ তঞ্চার্য্য সখায়ৌ মানসায়নৌ।
অভূতামন্তরাবৌকঃ সহস্রপরিবৎসরান্ ॥ ৪৭ ॥

অন্বয়ঃ।

যং মাং হিত্বা পদং অন্বিচ্ছন্ ভৌমভোগরতঃ (ভৌমভোগেষু রতঃ আসক্তঃ ত্বং) গতঃ জাতঃ ॥৪৬

হে আর্য্য শ্রেষ্ঠ! অহং চ ত্বং চ দ্বৌ চ হংসৌ পক্ষিণৌ সখায়ৌ মানসায়নৌ মানসসরসি কৃতনিবাসৌ; যতঃ সহস্রপরিবৎসরান্ ওকঃ গৃহং, অন্তরা বিনৈব, আবাং অভূতাং বা এব ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

আসীদিত্যেবং কিং স্মরসি। সখ ইতি পুংস্ত্বনির্দ্দেশঃ প্রাক্তনপুংস্ত্বস্মরণায়। সখ্যং স্মারয়ন্ স্ববিয়োগকৃতমনর্থমাহ হিত্বেতি সার্দ্ধৈঃ ষড়্ভিঃ। পদং স্থানং ॥ ৪৬ ॥

হংসৌ শুদ্ধৌ। মানসং হৃদয়ময়নং যয়োঃ। কথাপক্ষে মানসসরঃস্থিতৌ পক্ষিণাবভূতাং জাতৌ। ওকো গৃহং। অন্তরা বিনৈব। বা শব্দ এবার্থে। সহস্রপরিবৎসরান্ মহাপ্রলয়ং যাবৎ ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবিজ্ঞাতসখং অবিজ্ঞাতঃ কশ্চিন্মে সখাস্তীত্যেবং কিং স্মরসি বহুব্রীহাবপি ট আর্ষঃ। অবিজ্ঞাতস্য সখায়মিতি বা। সখীত্যপ্রযুজ্য সখে ইতি পুংস্ত্বনির্দ্দেশঃ প্রাক্তনপুংস্ত্বং স্মারয়ন্ এবমগ্রেঽপি ত্বমেব স্মারয় চেদত আহ হিত্বেতি সৃষ্ট্যারম্ভে প্রাচীনকর্ম্মবশাদেবেত্যর্থঃ। পদং স্থানং ॥ ৪৬ ॥

হংসৌ শুদ্ধাবাত্মানৌ মানসং হৃদয়ময়নং যয়োস্তৌ কথাপক্ষে মানসসরসি স্থিতৌ পক্ষিণাবভূতাং জাতৌ। ওকো গৃহং। অন্তরা বিনৈব। বা শব্দ এবার্থে। সহস্রং পরিবৎসরান্ মহাপ্রলয়ো যাবদিত্যর্থঃ ॥ ৪৭ ॥

হে সখে! আমাকে যদি চিনিতে না পারিয়া থাক, তবে তোমার অবিজ্ঞাতনামক পূর্ব্ববন্ধুকে কি স্মরণ করিতে পার? দেখ! কেবল তাঁহাকে বিস্মৃত হইয়া, অন্য সুখের প্রত্যাশায়, তুমি এই পার্থিব ভোগে আসক্ত হইয়াছ ॥ ৪৬ ॥

হে আর্য্য! তুমি এবং আমি উভয়ে বন্ধুরূপে দুইটী পক্ষীর ন্যায় মানস-সরোবরে বিহার করিতাম! এবং নিজেদের গৃহাদি বাসস্থানের প্রতি লক্ষ্য না করিয়া, উভয়ে প্রায় সহস্র সম্বৎসর কাল একত্রে বিচরণ করিতাম ॥ ৪৭ ॥

আভাস।

ব্রাহ্মণ বলিলেন, দেখ! তুমি আমাকে স্মরণ করিতে অসমর্থ হইলেও, পূর্ব্বে তোমার অবিজ্ঞাতনামে কোন এক জন সখা ছিলেন, এরূপ কি স্মরণ করিতে পার? যদি তাহা স্মরণ

স ত্বং বিহায় মাং বন্ধো গতো গ্রাম্যমতির্মহীং।
বিচরন্ পদমদ্রাক্ষীঃ কয়াচিন্নির্ম্মিতং স্ত্রিয়া ॥ ৪৮ ॥
পঞ্চারামং নবদ্বারমেকপালং ত্রিকোষ্ঠকং।

অন্বয়ঃ।

হে বন্ধো! সঃ হংসঃ, এব ত্বং গ্রাম্যমতিঃ (গ্রাম্যে বিষয়ে মতিঃ যস্য তথাভূতঃ সন্) মাং হিতকারিণং, বিহায় মহীং গতঃ; তত্র বিচরন্ কয়াচিৎ স্ত্রিয়া মায়য়া, নির্ম্মিতং পদং পুরং, অদ্রাক্ষীঃ দৃষ্টবান্ ॥ ৪৮ ॥

পঞ্চারামং (পঞ্চ আরামাঃ উপবনানি যস্মিন্ তৎ) নবদ্বারং (নবদ্বারাণি যস্মিন্ তৎ) এক-পালং (একঃ প্রাণঃ পালঃ যস্মিন্ তৎ) ত্রিকোষ্ঠকং (ত্রীণি পৃথিব্যপ্‌তেজাংসি প্রাকারাঃ

শ্রীধরস্বামী।

হে বন্ধো গ্রাম্যে সুখে মতির্যস্য। স্ত্রিয়া মায়য়া ॥ ৪৮ ॥

পঞ্চ ইন্দ্রিয়ার্থা বিষয়া আরামা উপবনানি যস্মিন্ নবদ্বারাণি প্রাণচ্ছিদ্রাণি যস্মিন্। একঃ প্রাণঃ পালো যস্মিন্ ত্রীণি পৃথিব্যপ্‌তেজাংসি কোষ্ঠানি প্রাকারা যস্মিন্। ষট্ কুলানি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্ত্রিয়া মায়য়া ॥ ৪৮ ॥

পঞ্চ বিষয়া আরামা উপবনানি যত্র। নবদ্বারাণি প্রাণচ্ছিদ্রাণি যত্র। একঃ প্রাণএব পালো যত্র। ত্রীণি পৃথিব্যপ্‌তেজাংসি কোষ্ঠানি যত্র। ষট্ জ্ঞানেন্দ্রিয়মনাংসি কুলানি বণিজো

হে বন্ধো! তুমি সেই বিশুদ্ধ স্বরূপ হইয়াও যখন গ্রাম্য বিষয়ভোগে আসক্ত হইলে, তখন আমার ন্যায় পরম হিতকারী মঙ্গলময়কে পরিত্যাগ করিয়া, সংসারে বিচরণ করত, কোন সময় একটী রমণী-বিরচিত এক অপূর্ব্ব পুরী অবলোকন করিয়াছিলে ॥ ৪৮ ॥

পাঁচটী রমণীয় উপবনে পরিবৃত সেই পুরীর প্রবেশদ্বার নয়টী, অথচ এক জন প্রহরী প্রাণনামে তাহাকে রক্ষা করিতেছিল। অন্ন, আপ্ ও

আভাস।

থাকে, তবে সেই সখাই আমি; আমাকে পরিত্যাগ করিয়া, সুখের অন্বেষণে তুমি এই প্রকার বিপন্ন হইয়াছ। মানস-সরোবরে আমরা উভয়ে একত্র সৃষ্টির প্রথম হইতে পরমানন্দে বিহার করিতাম। আমাদের কোন বাসস্থান নির্ণীত ছিল না; তুমি গ্রাম্যসুখের প্রত্যাশায় বাহিরে দৃষ্টি করিতে গিয়াই, এই মায়ারচিত মনুষ্যদেহ প্রাপ্ত হইয়াছিলে ॥ ৪৬—৪৮ ॥

ইন্দ্রিয়গণের ভোগ্য বিষয়পঞ্চকই এই দেহপুরীর উপবন; নবদ্বারই ইহার প্রাণচ্ছিদ্র; প্রাণশক্তিই প্রহরিরূপে সমগ্র দেহকে প্রতিপালন করিতেছে; রস, অন্ন ও তেজই দেহের প্রাচীরের ন্যায় চতুর্দ্দিকে পরিব্যাপ্ত হইয়া, মাংস মজ্জাদিরূপে পরিণত রহিয়াছে; জ্ঞানেন্দ্রিয় পঞ্চ ও মন এই ছয় জন বাহিরে বস্তুর আহরণে বণিকের কার্য্য করিতেছে। পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ই

ষট্‌কুলং পঞ্চবিপণং পঞ্চপ্রকৃতি স্ত্রীধবং ॥ ৪৯ ॥
পঞ্চেন্দ্রিয়ার্থা আরামা দ্বারঃ প্রাণা নব প্রভো।
তেজোঽবন্নানি কোষ্ঠানি কুলমিন্দ্রিয়সংগ্রহঃ ॥ ৫০ ॥

অন্বয়ঃ।

কোষ্ঠানি যস্মিন্ তৎ) ষট্‌কুলং (ষট্ কুলানি অভীষ্টবিষয়সমর্পকাণি জ্ঞানেন্দ্রিয়মনাংসি যস্মিন্ তৎ) পঞ্চবিপণং (পঞ্চ বিপণাঃ হট্টাঃ কর্ম্মেন্দ্রিয়াণি যস্মিন্ তৎ) পঞ্চপ্রকৃতি (পঞ্চ ভূতানি প্রকৃতিঃ উপাদানকারণং যস্মিন্ তৎ) স্ত্রীধবং (স্ত্রীঃ ধবঃ পতিঃ স্বামিনী যস্মিন্ তৎ) ॥ ৪৯ ॥

তত্র পঞ্চেন্দ্রিয়ার্থাঃ (পঞ্চেন্দ্রিয়াণাং অর্থাঃ শব্দাদিবিষয়াঃ) আরামাঃ জ্ঞেয়াঃ, নব প্রাণাঃ ইন্দ্রিয়চ্ছিদ্রাণি দ্বারাঃ জ্ঞেয়াঃ; হে প্রভো! তেজঃ অপ্ অন্নানি এব ত্রীণি কোষ্ঠানি; ইন্দ্রিয়াণাং সংগ্রহঃ পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণি একং মনঃ ইতি ষট্‌কুলং জ্ঞেয়ং ॥ ৫০ ॥

শ্রীধরস্বামী।

অভীষ্টবিষয়সমর্পকাণি জ্ঞানেন্দ্রিয়মনাংসি যস্মিন্। পঞ্চবিপণাঃ হট্টাঃ কর্ম্মেন্দ্রিয়াণি যস্মিন্ পঞ্চভূতানি প্রকৃতিরুপাদানকারণং যস্য। স্ত্রীঃ বুদ্ধিরেব ধবঃ পতিঃ স্বামিনী যস্মিন্ ॥ ৪৯ ॥

স্বয়মেব ইমং শ্লোকং ব্যাচষ্টে পঞ্চেন্দ্রিয়ার্থা ইতি। ষট্ কুলমিতি ষট্‌ত্বঞ্চ একপালমিতিচ স্পষ্টার্থত্বান্ন ব্যাখ্যাতং ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যত্র তৎ। পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণি বিপণং হট্টা যত্র তৎ। পঞ্চ মহাভূতানি প্রকৃতি রুপাদানকারণং যস্য তৎ। ধীবুর্দ্ধিরেব ধবঃ পতিঃ স্বামিনী যস্মিন্ তৎ ॥ ৪৯ ॥

শ্লোকমিমং স্বয়মেব ব্যাচষ্টে পঞ্চেতি। প্রাণাঃ প্রাণচ্ছিদ্রাণি নব। কুলং ইতি বণিজামেবার্থতঃ প্রাপ্তং ভূতানি পঞ্চৈব প্রকৃতিঃ কারণং। অত্র পদে প্রবিষ্টঃ পুমান্ মুহ্যতি। কীদৃশী

তেজরূপ ত্রিবিধ প্রাকারে তাহা পরিবেষ্টিত; পঞ্চ জ্ঞানেন্দ্রিয় এবং মন এই ছয় জন ভৃত্যরূপে কার্য্য করত দ্রব্য সামগ্রীর সংগ্রহে তথায় নিযুক্ত; পঞ্চ হট্টে পরিশোভিত এবং কেবল পাঁচটী বিষয় তথায় ক্রীত বা বিক্রীত হইয়া থাকিত। সেই পুরীর অধিকারী একটী নারী ছিল ॥ ৪৯ ॥

এ স্থলে পঞ্চ উপবনই ইন্দ্রিয়-পঞ্চকের শব্দাদি বিষয়; নববিধ প্রাণশক্তি নয়টী ইন্দ্রিয়ে দ্বারের কার্য্য করে; প্রাণবায়ুই প্রহরীরূপে পুরীর সর্ব্বত্র রক্ষা করিতেছিল; তেজ, আপ্ এবং অন্নই সেই পুরীর কোষ্ঠস্থানীয়; পঞ্চ জ্ঞানেন্দ্রিয় এবং মন ভৃত্যরূপে কার্য্য করত তথায় প্রয়োজনীয় ব্যাপারের সংগ্রহে নিযুক্ত ছিল ॥ ৫০ ॥

আভাস।

হট্টস্থল, যথায় পণ্যাদি আহৃত হয়; এবং পঞ্চ মহাভূতই ইহাদের উৎপত্তির স্থান। এই দেহ-গৃহের কর্ত্রী বুদ্ধি; অতএব বনিতাকে প্রভুজ্ঞানে কার্য্য করিলে, স্বামীর যেমন দুর্গতির

বিপণস্তু ক্রিয়াশক্তির্ভূত প্রকৃতিরব্যয়া।
শক্ত্যধীশঃ পুমানত্র প্রবিষ্টো নাববুধ্যতে ॥ ৫১ ॥
তস্মিংস্ত্বং রাময়া স্পৃষ্টো রমমাণোঽশ্রুতস্মৃতিঃ।
তৎসঙ্গাদীদৃশীং প্রাপ্তো দশাং পাপীয়সীং বিভো ॥ ৫২ ॥

অন্বয়ঃ।

ক্রিয়াশক্তিঃ (ক্রিয়াসু শক্তি র্যস্য সঃ কর্ম্মেন্দ্রিয়বর্গঃ) তু বিপণঃ জ্ঞেয়ঃ। ভূতপ্রকৃতিঃ সূক্ষ্মাণি ভূতানি এব প্রকৃতিঃ উপাদানকারণং অব্যয়া (শরীরনাশেঽপি আপ্রলয়ং নাশাভাবাৎ) শক্ত্যধীশঃ (শক্তিঃ মায়াকার্য্যভূতা বুদ্ধিরেব অধীশা যস্য সঃ) পুমান্ অত্র শরীরলক্ষণে পুরে, প্রবিষ্টঃ (আত্মাধ্যাসেন আত্মানং) ন অববুধ্যতে ন জানাতি ॥ ৫১ ॥

তস্মিন্ পুরে ত্বং প্রবিষ্টঃ রাময়া বুদ্ধিলক্ষণয়া স্ত্রিয়া, স্পৃষ্টঃ মোহিতঃ, তয়া রমমাণঃ অশ্রুত-স্মৃতিঃ (ন শ্রুতস্বরূপস্য ঈশ্বরস্য মম স্মৃতিঃ যস্য সঃ) তৎসঙ্গাৎ রাজসীবুদ্ধিসঙ্গাৎ হে বিভো প্রভো! ঈদৃশীং তব অযোগ্যাং পাপীয়সীং দুঃখবহুলাং, দশাং প্রাপ্তঃ অসি ॥ ৫২ ॥

শ্রীধরস্বামী।

ভূতান্যেব প্রকৃতিরুপাদানং তস্য স্ত্রীধবমিত্যস্য ব্যাখ্যানং শক্তিরধীশা যস্য তদ্বশঃ সন্নিত্যর্থঃ ॥ ৫১ ॥

স্পৃষ্টঃ অভিভূতঃ। অতো ন বিদ্যতে শ্রুতে ব্রহ্মত্বে স্মৃতির্যস্য ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শক্তি র্বুদ্ধিরেব অধীশা যস্য সঃ ইতি ধীর্ধবমিত্যস্য ব্যাখ্যানং। তৎ পদং স্ত্রীস্বামিকমিতি কিং বাচ্যং তত্র প্রবিষ্টঃ পুমানপি স্ত্রীস্বামিক এব ভবেদিত্যর্থ দ্যোতনার্থং পুংবিশেষণত্বেনো-পন্যস্তং ॥ ৫০ ॥ ৫১ ॥

ন শ্রুতা ন শ্রবণবিষয়ীকৃতা স্মৃতিঃ স্বজ্ঞানং যেন সঃ ॥ ৫২ ॥

ক্রিয়া-শক্তি-বিশিষ্ট কর্ম্মেন্দ্রিয়পঞ্চকই এস্থলে হট্টস্থানীয়; এবং শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধনামক সূক্ষ্ম তন্মাত্রপঞ্চ অব্যয় সনাতনভাবে এই পুরী-রূপ দেহে প্রকৃতির কার্য্যভূতা বুদ্ধির অধীনতা স্বীকার করে। এবং তত্রত্য পুরুষ দেহরূপ সেই পুরে প্রবিষ্ট হইয়া, আত্মস্বরূপ সম্পূর্ণ বিস্মৃত হন ॥ ৫১ ॥

তুমিও তাদৃশ দেহপুরে প্রবিষ্ট হইয়া, বুদ্ধিলক্ষণা নারীর সংস্রবে আত্ম-হারা হইয়াছিলে এবং সেই কামিনীর প্রদত্ত ভোগে বিহ্বল হইয়া, বিশ্রুতচর ঈশ্বরস্বরূপ আমাকে বিস্মৃত হইলে। হে প্রভো! এই প্রকারে সেই রাজসী বুদ্ধির সংসর্গে তোমার এতাদৃশী শোচনীয়া অবস্থা সম্প্রতি উপস্থিত

আভাস।

সম্ভাবনা, এই দেহপুরে প্রবিষ্ট হইয়া, বুদ্ধির অনুসারে কার্য্য করাতে, বিশুদ্ধ চৈতন্যস্বরূপ জীবেরও তাদৃশ হীনতাকে আশ্রয় করিতে হইয়াছে ॥ ৪৯—৫১ ॥

ন ত্বং বিদর্ভদুহিতা নায়ং বীরঃ সুহৃত্তব।
ন পতিস্ত্বং পুরঞ্জন্যা রুদ্ধো নবমুখে যয়া ॥ ৫৩ ॥
মায়া হ্যেষা ময়া সৃষ্টা যৎপুমাংসং স্ত্রিয়ং সতীং।

অন্বয়ঃ।

ত্বং বিদর্ভদুহিতা ন, অয়ং বীরঃ মলয়ধ্বজঃ চ তব সুহৃদ্ ন; যয়া নবদ্বারে পুরে ত্বং রুদ্ধঃ তস্যাঃ পুরঞ্জন্যাঃ, পতিঃ অপি ত্বং ন ভবসি ॥ ৫৩ ॥

যৎ যয়া মায়য়া, পূর্ব্বজন্মনি ত্বং আত্মানং পুমাংসং অমন্যথাঃ তথা ইদানীং সতীং শ্রেষ্ঠাং,

শ্রীধরস্বামী।

তত্ত্বমুপদিশতি ন ত্বমিতি চতুর্ভিঃ। সুহৃৎ পতিঃ। নবদ্বারে পুরে যয়া রুদ্ধোঽসি তস্যাঃ ॥৫৩
পুমাংসং পূর্ব্বজন্মনি যদমন্যথাঃ ইদানীঞ্চ সতীং শ্রেষ্ঠাং স্ত্রিয়ং যন্মন্যসে এষা মায়া যত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বেবং যদ্যহমশ্রুতস্মৃতিরেবাস্মি তর্হি মৎস্মৃতিং ত্বমেব শ্রাবয়েত্যত আহ নেতি ত্বং বিদর্ভস্য প্রাকৃতজীবস্য কস্যাপি ন দুহিতা নাপত্যং কিন্তু যচ্ছক্তিরূপো জীবোঽসীতি ভাবঃ। অয়ং বীরোঽপি ন তে সুহৃৎ হিতকারী কিন্ত্বহমেব এতদ্রূপেণ ত্বৎসুহৃদ্ভূত্বা স্বভক্তিমুপদিশ্য সখানুরূপং কৃত্যমকরবং। ইতি পক্ষদ্বয়ং পৃথক্ পৃথক্ ব্যাখ্যাতং। যয়া নবমুখে পুরে ত্বং রুদ্ধ স্তস্যাঃ পুরজন্যাস্ত্বং ন পতিঃ কিন্তু অবিদ্যোপহিতং চৈতন্যমপি কথাপক্ষে স্পষ্টমেব ॥ ৫৩
ননু যদ্যেবং তর্হি কথং মে তথা তথা প্রতীতি স্তত্রাহ মায়েতি যদ্যতঃ কদাচিৎ স্বং পুমাংসং মন্যসে কদাচিৎ সতীং স্ত্রিয়ং কদাচিন্নোভয়ং নপুংসকমিত্যর্থঃ। উপলক্ষণমেতৎ

হইয়াছে ॥ ৫২ ॥

প্রকৃত প্রস্তাবে তুমি বিদর্ভরাজের দুহিতা নহ এবং এই মলয়ধ্বজও তোমার কোন সুহৃদ্ নহেন। যে পুরঞ্জনী নয়টী দ্বার রুদ্ধ করত তোমাকে দেহপুরে আবদ্ধ করিয়াছিল, প্রকৃতপক্ষে তুমি তাঁহার স্বামীও নহ ॥ ৫৩ ॥

তুমি পূর্ব্বজন্মে আপনাকে পুরুষ বলিয়া মনে করিয়াছিলে এবং সম্প্রতি এই জন্মে আপনাকে যে একজন পতিব্রতা নারী বলিয়া জ্ঞান করিতেছ, এ সকলই মায়া এবং সে মায়াকে আমিই সৃষ্টি করিয়াছি। সেই মায়ার

আভাস।

জবাসন্নিধানে বিশুদ্ধ স্ফটিকের যেমন রক্তবর্ণ উপস্থিত হয়, সেইরূপ বুদ্ধির সংসর্গে উদাসীন চৈতন্যস্বরূপ জীবতত্ত্বেও কর্তৃত্ব এবং ভোক্তৃত্বের আরোপ হইয়াছে। সুতরাং প্রকৃতিস্বরূপা বুদ্ধির প্রত্যেক পরিণত দশাতে পুরুষকেও পরিণতের ন্যায় উপলব্ধ হইতেছে। বস্তুত তুমি নরও নহ এবং নারীও নহ! এতদর্থে শ্রুতি বলিয়াছেন, "নৈব স্ত্রী ন পুমান্ এষ নচৈবায়ং নপুংসকঃ। যৎ যচ্ছরীরমাদত্তে তেন তেন স রক্ষ্যতে"॥ চৈতন্যস্বরূপ জীব কল্পনার প্রভাবে যখন যেরূপ দেহের প্রতি অভিনিবেশ করেন, সেই দেহই তাঁহাকে আশ্রয় দিয়া

মন্যাসে নোভয়ং যদ্বৈ হংসৌ পশ্যাথ নৌ গতিং ॥ ৫৪ ॥

অহং ভবান্ নচান্যস্ত্বং ত্বমেবাহং বিচক্ষ্ব ভোঃ।

ন নৌ পশ্যন্তি কবয়শ্ছিদ্রং জাতু মনাগপি ॥ ৫৫ ॥

অন্বয়ঃ।

স্ত্রিয়ং চ মন্যসে সা এষা মায়া হি ময়া স্বষ্টা এব; যৎ যতঃ, মায়ায়াঃ উভয়ং বৈ হংসৌ অথ নৌ আবয়োঃ, গতিং বক্ষ্যমাণাং পশ্য ॥ ৫৪ ॥

অহং ব্রহ্ম এব, ভবান্ চ মত্তঃ অন্যঃ ত্বং ন; ভোঃ সখে! ত্বং এব অহং ইতি বিচক্ষ্ব পশ্য! যতঃ কবয়ঃ বিবেকিনঃ, নৌ আবয়োঃ মনাক্ ঈষৎ, অপি ছিদ্রং অন্তরং, জাতু কদাচিৎ ন পশ্যন্তি ॥ ৫৫ ॥

শ্রীধরস্বামী।

উভয়মপি বস্তুতো নাস্তি যস্মাদাবাং হংসৌ শুদ্ধৌ। নৌ আবয়োঃ বক্ষ্যমাণাং গতিং স্বরূপং পশ্য ॥ ৫৪ ॥

তত্ত্বংপদার্থয়োশ্চিদংশেন ঐক্যমাহ অহমেব ভবান্। উপচারং বারয়তি নচান্য ইতি। ব্যতিহারোপদেশ উক্তাভিপ্রায়ঃ। ছিদ্রমন্তরং ॥ ৫৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কদাচিন্মনুষ্যং কদাচিদ্দেবতির্য্যগাদিকং চ যদ্যস্মাদ্বৈ নিশ্চিতমাবাং হংসৌ শুদ্ধৌ আবয়োর্গতিং বক্ষ্যমাণং স্বরূপং পশ্য ॥ ৫৪ ॥

অহং পরমাত্মৈব ভবান্ জীবঃ নচান্যঃ মত্তশ্চৈতন্যস্বরূপান্ন ভিন্ন ইত্যর্থঃ। ননু কিমেতন্মদসহং ব্রূষে তত্রাহ ভো মচ্ছুদ্ধভক্ত অহং অকোপং যথাস্যাত্তথা ত্বমেব বিচক্ষ্ব সবিমর্শং পশ্য। হংতু কোপে সমাখ্যাতঃ শিবেচ কুক্কুরেঽপিচেতি মেদিনী। ননু ত্বদ্দাসস্য মম তথা মৎপ্রভো স্তবাপি নাতঃ পরোঽন্যঃ কলঙ্কো যদাবয়োরভেদ ইতি তত্রাহ নেতি নৌ আবয়োশ্ছিদ্রমীদৃশং কলঙ্কং জাতু কদাচিদপি মনাগীষদপি কবয়ো বিজ্ঞা ন পশ্যন্তি কিন্ত্ববিজ্ঞা এব ভেদং পশ্যন্তীত্যর্থঃ ॥ ৫৫ ॥

সহিত তোমার বা আমার, উভয়েরই কোন সংস্রব নাই। আমাদের উভয়ের স্বরূপ যে কি? তাহা বর্ণন করিতেছি, প্রত্যক্ষে অবলোন কর! ॥ ৫৪ ॥

আমি ব্রহ্মস্বরূপ কূটস্থ চৈতন্য; এবং তুমিও আমা হইতে কোন অংশে পৃথক্ নহ! হে সখে! তুমিই আমি, তাহা স্পষ্টত অবলোকন কর! ক্রান্তদর্শী বিবেকিগণ আমাদের উভয়ের মধ্যে অতি সামান্য ভেদ আছে বলিয়াও স্বীকার করেন না ॥ ৫৫ ॥

আভাস।

দেহানুরূপ নামে অভিব্যক্ত করায়। একা অবিদ্যারূপা বুদ্ধি দেহপুরে আবদ্ধ করত জীবস্বরূপকে বিচিত্র ভোগ উপভোগ করান ॥ ৫২—৫৪ ॥

যথা পুরুষ আত্মানমেকমাদর্শচক্ষুষোঃ।
দ্বিধাভূতমবেক্ষেত তথৈবান্তরমাবয়োঃ॥ ৫৬॥

অন্বয়ঃ।

যথা পুরুষঃ একং এব আত্মানং স্বদেহং, আদর্শচক্ষুষোঃ (নির্ম্মলে আদর্শে দর্পণে স্বচ্ছতয়া তথা পরস্য সমলে চক্ষুষি সমলং নিস্তেজসং ইতি) দ্বিধাভূতং দ্বিপ্রকারকং অবেক্ষতে পশ্যতি, তথৈব আবয়োঃ (বিদ্যাবিদ্যাকৃতং) অন্তরং ভেদঃ, বর্ত্ততে॥ ৫৬॥

শ্রীধরস্বামী।

তর্হি কথমাবয়োরসর্ব্বজ্ঞত্বসর্ব্বজ্ঞত্বাদিধর্ম্মভেদস্তত্রাহ যথেতি। আত্মানং দেহং আদর্শে নির্ম্মলং মহান্তং স্থিরঞ্চাবেক্ষতে পরস্য চক্ষুষিচ তদ্বিপরীতং। বিদ্যাবিদ্যোপাধিকৃতো ধর্ম্মভেদ ইত্যর্থঃ॥ ৫৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নম্বহং ভবানিতি ত্বদুক্তিরেব সোঢ়ুমশক্যা তত্র মাকুপ্যাবধেহীত্যাহ যথেতি পুরুষো জীব আত্মানং স্বং একমপি মোক্ষদশায়াং বন্ধদশায়াঞ্চ ক্রমেণ আদর্শচক্ষুষোর্দ্বিধাভূতং আদর্শে মণিময়দর্পণে যথোচিতপ্রমাণং সংপূর্ণতেজস্কং মহান্তমচঞ্চলং ঈক্ষেত চক্ষুষিতু অত্যল্প-প্রমাণং অল্পতেজস্কং অতি ক্ষুদ্রং চঞ্চলঞ্চ ঈক্ষেত যথেতি যথা একস্যাপি দ্বিধাভূতত্বং উপাধি-ধর্ম্মালিপ্তত্বালিপ্তত্বাভ্যাং ভেদমীক্ষেত তথৈব আবয়োঃ পরমাত্মজীবাত্মনোঃ সদৈব ভেদং ঈক্ষেত। অন্তরমবকাশাবধি পরিধানান্তর্দ্ধি ভেদতাদর্থ্যে ইত্যমরঃ। অহং দেহমধ্যে পরমাত্ম-স্বরূপেণ বর্ত্তে ত্বঞ্চ জীবো বর্ত্তসে তত্রাহ স্বতোনিরুপাধিরপি স্বৈরতয়া সকললোকদেহগতঃ সন্নন্তর্যামী স্বসমুচিতপ্রমাণঃ সংপূর্ণতেজস্কো মহানিশ্চলো মুক্তজীব ইব সদৈব নির্লেপ এব ত্বন্তু জীবঃ অত্যল্পপ্রমাণ এব অত্যল্পতেজস্কোঽতিক্ষুদ্রঃ সদৈব উপাধিধর্ম্মগ্রস্তঃ কদাচি-

---

যেমন কোন ব্যক্তি স্বকায় দেহকে নির্ম্মল দর্পণে সুস্পষ্ট এবং অপরের সমল চক্ষুতে অস্পষ্ট এবং মলিনের ন্যায় উপলব্ধি করেন, সেইরূপ অবিদ্যাতে উপহিত হওয়ায় তুমি এবং বিদ্যাতে উপহিত হওয়ায় আমি, এই উভয় রূপে যেন উভয়ে বিভিন্ন ভাবে আমরা প্রতীত হইতেছি॥ ৫৬॥

আভাস।

দেখ! আমি কূটস্থ চৈতন্য! আমার আশ্রয়ে প্রকটিত বুদ্ধিতে আমার বিম্বভূত ভাবই তুমি। অতএব চৈতন্যাংশে আমার সহিত তোমার কোন পার্থক্য ও বিভিন্ন ভাব নাই। যে আমি, সেই তুমি; তুমি প্রকৃতির অধীনে যতই বিপন্ন হইয়া, আমাকে বিস্মৃত হও! বা নিকৃষ্টতা লাভ কর, আমি তোমাকে কখন পরিত্যাগ করিতে পারি না; তুমি আমার ছায়া হইলেও পরম হিতৈষী আশ্রয়রূপে আমি নিরন্তর তোমার নিকটেই অবস্থান করিতেছি। মূর্খই আমাদের পরস্পরের মধ্যে পার্থক্য মনে করে; পণ্ডিতগণ কখন ভেদ দর্শন করেন না। মূলের ভেদ না থাকিলেও, দশার ভেদ অবশ্য স্বীকার্য্য। যেমন কোন ব্যক্তি নিজের

এবং স মানসো হংসো হংসেন প্রতিবোধিতঃ।
স্বস্থস্তদ্ব্যভিচারেণ নষ্টামাপ পুনঃ স্মৃতিং ॥ ৫৭ ॥

অন্বয়ঃ।

এবং উক্তপ্রকারেণ বৈদর্ভীত্বেন চোক্তঃ সঃ মানসঃ হংসঃ মানসসরোনিবাসী হংসঃ বিশুদ্ধচৈতন্যস্বরূপঃ জীবঃ, হংসেন অবিজ্ঞাতনাম্না সখ্যা, প্রতিবোধিতঃ অতঃ স্বস্থঃ অব্যাকুলিতচিত্তঃ সন্ তদ্ব্যভিচারেণ (তেন সখ্যা সহ বিভাগেন বিয়োগেন) নষ্টাং স্মৃতিং স্বরূপজ্ঞানং পুনঃ আপ প্রাপ্তবান্ ॥ ৫৭ ॥

শ্রীধরস্বামী।

তদ্ব্যভিচারেণ ঈশ্বরবিয়োগেন ॥ ৫৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লিঙ্গশরীরমেব কিং তত্রাহ এবমিতি পঞ্চবিধং পঞ্চপ্রাণা বিধা বিদধত শ্চেষ্টাং কুর্ব্বন্তো যত্র তৎ। ত্রিবৃৎ ত্রিগুণং ষোড়শবিকারাত্মনা বিস্তৃতং জীবো লিঙ্গদেহঃ॥ ৭৪॥

দেহত্যাগ-দেহান্তরপ্রবেশয়ো র্মধ্যক্ষণেঽপ্যভিমানাবিচ্ছেদমাহ যথেতি নাপযাতি পূর্ব্ব-

---

অতএব পঞ্চতন্মাত্র এবং একাদশ ইন্দ্রিয় এই ষোড়শ অবয়বে বিস্তৃত যে ত্রিগুণাত্মিকা বুদ্ধি লিঙ্গদেহ নামে অভিহিত, কেবল চৈতন্যের যোগে তাহাই আবার জীবনামে শব্দিত হইয়া থাকে॥

এই লিঙ্গদেহে সমাবিষ্ট দেহী পুরুষ দেব-মনুষ্যাদি বিচিত্র স্থূলদেহ কেবল ভোগের অনুরোধে ধারণ করে এবং ভোগান্তে তাহাকে আবার পরিত্যাগ করে; এবং এই লিঙ্গ-দেহের সাহায্যেই হর্ষ, শোক, সুখ, দুঃখ এবং ভয় প্রভৃতি অনুভব করিয়া থাকে॥ ৭৪॥

তৃণ-জলৌকা যেমন আশ্রয়-তৃণকে কোনমতে পরিত্যাগ করে না, অথচ

আভাস।

সুতরাং লিঙ্গদেহ একটী স্থূলদেহ পরিত্যাগ করিয়া, অপর স্থূলদেহ অবলম্বন করিয়া থাকে; তৃণ-জলৌকাই তাহার একটী প্রধান দৃষ্টান্তস্থল। যমলোকে যে সকল যাতনার

ন ত্যজেন্ম্রিয়মাণোঽপি প্রাগ্দেহাভিমতিং জনঃ ॥
যাবদন্যং ন বিন্দেত ব্যবধানেন কর্ম্মণাং ॥ ৭৫ ॥
মনএব মনুষ্যেন্দ্র ভূতানাং ভবভাবনং ॥ ৭৬ ॥

অন্বয়ঃ।

(তথা তৃণান্তরস্য ধারণাৎ) অপযাতি গচ্ছতি চ তথা অয়ং জনঃ জীবঃ, কর্ম্মণাং (দেহারম্ভকাণাং) ব্যবধানেন বিশেষতো ধারণেন অন্যং দেহং যাবং ন বিন্দেত তাবৎ ম্রিয়মাণঃ অপি আসন্ন-মৃত্যুকালে অপি প্রাগ্‌দেহাভিমতিং ন ত্যজেৎ ॥ ৭৫ ॥

হে মনুষ্যেন্দ্র! মনঃ এব ভূতানাং প্রাণিনাং ভবভাবনং (জন্মমরণাদি-সংসারদুঃখস্য কারণং ॥ ৭৬ ॥

শ্রীধরস্বামী।

নাপযাতি পূর্ব্বতৃণস্যাত্যাগাৎ অপযাতিচ তৃণান্তরধারণাৎ তথা ন ত্যজেৎ অন্যং দেহং কর্ম্মণাং প্রাগ্দেহারম্ভকাণাং ব্যবধানেন বিচ্ছেদেন সমাপ্ত্যা ॥ ৭৫ ॥

প্রকরণার্থমুপসংহরতি মন এবেতি। ভবভাবনং সংসারহেতুঃ ॥ ৭৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৃণস্যাত্যাগাৎ অপযাতিচ তৃণান্তরধারণাৎ কর্ম্মণামুত্তরদেহারম্ভকাণাং ব্যবধানেন বিশেষতো ধারণেন ॥ ৭৫ ॥

প্রকরণমুপসংহরতি মন এবেতি ভবভাবনং সংসারহেতুঃ ॥ ৭৬ ॥

অন্য একটী তৃণকে অবলম্বন করিবা মাত্র পূর্ব্বতৃণকে পরিত্যাগ করে, সেইরূপ জীব যখন যে দেহকে আশ্রয় করিয়া থাকে, আসন্ন-মৃত্যুর অবস্থাতেও সে দেহকে পরিত্যাগ করিতে বাসনা করে না; কিন্তু কোনরূপ দেহান্তর প্রাপ্ত হইবা মাত্র, পূর্ব্ব দেহের ব্যাপার আর আলোচনা করে না ॥ ৭৫ ॥

হে মনুজেশ্বর! মনই মনুষ্যগণের জন্মমরণাদি সংসার-দুঃখের মূলীভূত কারণ ॥ ৭৬ ॥

অবিদ্যার প্রভাবে যাহার আত্মানুসন্ধান বিলুপ্ত হয়, সুতরাং শুভাশুভ বিচিত্র কর্ম্মের সংস্রব তৎসন্নিধানে উপস্থিত থাকে। কর্ম্ম করিলেই তন্নিমিত্ত

আভাস।

কথা উল্লেখ আছে, তাহাও প্রেতাদি দেহ অবলম্বন না করিয়া হইতে পারে না; কারণ কেবল লিঙ্গদেহে কোন প্রকার ভোগ নাই। সাংখ্যকার বলিয়াছেন, "অষ্টোবিকল্পো দৈব স্তৈর্য্যক্ যোনয়শ্চ পঞ্চধা ভবতি। মানুষ্য শ্চৈকবিধঃ সমাসতো ভৌতিকঃ সর্গঃ" ॥ যক্ষ, রাক্ষস, ঐন্দ্র, পিশাচ, পৈত্র্য, গন্ধর্ব্ব, প্রাজাপত্য ও ব্রাহ্ম এই আট প্রকার দেবযোনি; তির্য্যক্ যোনি পাঁচ প্রকার এবং মনুষ্য এক প্রকার। সর্ব্বসমেত এই চতুর্দ্দশ প্রকার স্থূলদেহ আছে; যাহার অন্তরে লিঙ্গদেহ প্রবেশ পূর্ব্বক ভোগ করিয়া থাকে ॥ ৭৪ ॥ ৭৫ ॥

যদাক্ষৈশ্চরিতান্ ধ্যায়ন্ কর্ম্মাণ্যারভতেঽসকৃৎ।
সতি কর্ম্মণ্যবিদ্যায়াং বন্ধঃ কর্ম্মণ্যনাত্মনঃ॥ ৭৭॥
অতস্তদপবাদার্থং ভজ সর্ব্বাত্মনা হরিং।
পশ্যংস্তদাত্মকং বিশ্বং স্থিত্যুৎপত্ত্যপ্যয়া যতঃ॥ ৭৮॥
মৈত্রেয় উবাচ॥
ভাগবতমুখ্যো ভগবান্নারদো হংসয়োর্গতিং।

অন্বয়ঃ।

অবিদ্যায়াং সত্যাং অনাত্মনঃ আত্মানুসন্ধানশূন্যস্য, শুভাশুভকর্ম্ম ভবতি। তস্মিন্ কর্ম্মণি সতি (তন্নৈমিত্তিকো ভোগো ভবতি) ততশ্চ অক্ষৈঃ ইন্দ্রিয়ৈঃ চরিতান্ বিষয়ান্ মনসা ধ্যায়ন্ যদা কর্ম্মণি আচিনুতে আরভতে, তদা তস্মিন্ কর্ম্মণি সতি অসকৃৎ অস্য বন্ধঃ সংসারঃ, ভবতি॥ ৭৭॥

অতঃ তদপবাদার্থং (তস্য সর্ব্বানর্থমূলস্য অধ্যাসস্য অপবাদার্থং নিবৃত্ত্যর্থং) সর্ব্বাত্মনা একাগ্রেণ মনসা, হরিং ভজ। যতঃ বিশ্বস্য স্থিত্যুৎপত্ত্যপ্যয়াঃ (স্থিতিঃ পালনং উৎপত্তিঃ চ অপ্যয়ঃ বিনাশশ্চ) ভবন্তি অতঃ ইদং বিশ্বং তদাত্মকং পশ্যন্ হরিং ভজ॥ ৭৮॥

মৈত্রেয়ঃ উবাচ। ভাগবতমুখ্যঃ ভক্তশ্রেষ্ঠঃ, ভগবান্ নারদঃ (প্রাচীনবর্হিষে) হংসয়োঃ

শ্রীধরস্বামী।

কথং সতি তদাহ যদেতি চরিতান্ উপভুক্তান্ যতঃ কর্ম্মণি সতি। নরসঙ্গস্য কুতঃ কর্ম্ম তত্রাহ অবিদ্যায়াং সত্যাং অনাত্মনো দেহাদেঃ কর্ম্মণি বন্ধো ভবতি॥ ৭৭॥

বিশ্বস্থিত্যাদয়ো যতো হরের্ভবন্তি॥ ৭৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কেন প্রকারেণেত্যত আহ যদেতি। চরিতান্ উপভুক্তান্ পদার্থান্ যতঃ কর্ম্মণি একস্মিন্নপি বীজরূপে স্থিতে সতি অবিদ্যায়াং সত্যাং অনাত্মনো দেহাদেঃ কর্ম্মণি বন্ধো ভবতি॥ ৭৭॥

হংসয়োর্জীবেশ্বরয়োঃ॥ ৭৮॥

ভোগ উপস্থিত হয়; এবং ইন্দ্রিয়বর্গের দ্বারা ভোগ্য বিষয়ের চিন্তা মনোমধ্যে উদয় হইলে, তৎপ্রাপ্তির আশায় পুনরায় কর্ম্মের আয়োজন করে। অতএব পুনর্ভোগ পুনঃ কর্ম্ম এই প্রকারে সংসারবন্ধন অপরিহার্য্য হইয়া উঠে॥ ৭৭॥

অতএব অভিমানরূপ বৃথা অধ্যাসই যখন সংসারের কারণ, তখন তাহার নিবৃত্তির জন্য সর্ব্বতোভাবে ও সর্ব্বান্তঃকরণে ভগবান্ শ্রীহরির আরাধনা করাই শ্রেয়ঃ! এই বিশ্ব সংসারের সৃষ্টি, স্থিতি ও পালন যে ভূতভাবন ভগবান্ হইতে সম্পাদিত হইতেছে, এই সংসারের এক মাত্র সার ও সর্ব্বস্ব জ্ঞানে তাঁহার অর্চ্চনা করা ব্যতীত জীবের আর উপায়ান্তর নাই॥ ৭৮॥

প্রদর্শ্য নৃপমামন্ত্র্য সিদ্ধলোকং ততোঽগমৎ ॥ ৭৯ ॥
প্রাচীনবর্হী রাজর্ষিঃ প্রজাসর্গাভিরক্ষণে।
আদিশ্য পুত্রানগমৎ তপসে কপিলাশ্রমং ॥
তত্রৈকাগ্রমনা ধীরো গোবিন্দচরণাম্বুজং।
বিমুক্তসঙ্গোঽনুভজন্ ভক্ত্যা তৎসাম্যতামগাৎ ॥
এতদধ্যাত্মপারোক্ষ্যং গীতং দেবর্ষিণানঘ।

অন্বয়ঃ।

জীবেশ্বরয়োঃ, গতিং তত্ত্বং, প্রদর্শ্য নিরূপ্য, তং নৃপং আমন্ত্র্য ততঃ স্থানাৎ সিদ্ধলোকং অগমৎ গতবান্ ॥ ৭৯ ॥

প্রাচীনবর্হীঃ রাজর্ষিঃ অপি প্রজাসর্গাভিরক্ষণে (প্রজাসর্গস্য অভিরক্ষণে) পুত্রান্ আদিশ্য তপসে তপস্যার্থং, কপিলাশ্রমং অগমৎ ॥

তত্র কপিলাশ্রমে ধীরঃ বা বীরঃ অতিপ্রযত্নবান্ বিমুক্তসঙ্গঃ প্রত্যাহৃতেন্দ্রিয়বর্গঃ, একাগ্রমনাঃ রাজা গোবিন্দচরণাম্বুজং ভক্ত্যা অনুভজন্ ধ্যায়ন্, তৎসাম্যতাং অগাৎ গতবান্ ॥

হে অনঘ নিষ্পাপ! দেবর্ষিণা নারদেন, গীতং উক্তং, এতৎ অধ্যাত্মপারোক্ষ্যং যঃ শ্রাবয়েৎ

শ্রীধরস্বামী।

হংসয়ো র্জীবেশ্বরয়োঃ ॥ ৭৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুত্রানাদিশ্যেতি পুত্রাণামাদেশং মন্ত্রিণামগ্রে কথয়িত্বা পুত্রাণাং তদা তত্রানাগমনাৎ ॥ ৭৯
সাম্যতাং সাম্যং সারূপ্যং ॥

এতদুপাখ্যানং মুকুন্দযশসা কর্ম্মাদিভ্যো ভক্ত্যুৎকর্ষরূপেণ তস্মিন্মহন্মুখরিতামধুভি-

---

মৈত্রেয় বলিলেন, ভক্তশ্রেষ্ঠ সর্ব্বতত্ত্বজ্ঞ দেবর্ষি নারদ মহারাজ প্রাচীনবর্হীর সমীপে জীবেশ্বরস্বরূপ হংসদ্বয়ের পরমতত্ত্ব নিরূপণ পূর্ব্বক রাজাকে সমাদর করিলেন এবং কথান্তে তথা হইতে সিদ্ধাশ্রমে গমন করিলেন ॥ ৭৯ ॥

প্রাচীনবর্হী রাজত্ব করিলেও ধর্ম্মানুষ্ঠানে একজন ঋষি ছিলেন। তিনি পুত্রগণের প্রতি প্রজাপালনের ভার সমর্পণ করত, তপস্যার জন্য কপিলাশ্রমে যাত্রা করিলেন ॥

ধর্ম্মানুষ্ঠানে বিশেষ যত্নশীল বিষয়াসক্তিশূন্য রাজর্ষি প্রাচীনবর্হী কপিলাশ্রমে উপনীত হইয়া, বিশেষ যত্ন ও ভক্তি-সহকারে ভগবান্ গোবিন্দদেবের চরণারবিন্দের অনুধ্যানে প্রণিহিতমনা হইলেন এবং একাগ্রতার সহিত নিরন্তর চিন্তা করিয়া ভগবৎপদবীই লাভ করিয়াছিলেন ॥

হে অনঘ বিদুর! ঋষিশ্রেষ্ঠ দেবর্ষি নারদ কর্ত্তৃক অভিহিত এই অধ্যাত্মতত্ত্ব

যঃ শ্রাবয়েৎ যঃ শৃণুয়াৎ স লিঙ্গেন বিমুচ্যতে ॥ ৮০ ॥
এতন্মুকুন্দযশসা ভুবনং পুনানং দেবর্ষিবর্য্যমুখনিঃসৃতমাত্মশৌচং।
যঃ কীর্ত্ত্যমানমধিগচ্ছতি পারমেষ্ঠ্যং নাস্মিন্ ভবে ভ্রমতি মুক্তসমস্তবন্ধঃ ॥ ৮১ ॥
আধ্যাত্মপারোক্ষ্যমিদং ময়াধিগতমদ্ভুতং।

অন্বয়ঃ।

যঃ শৃণুয়াৎ সঃ লিঙ্গেন (সংসারহেতুনা) লিঙ্গদেহেন, বিমুচ্যতে ॥ ৮০ ॥

দেবর্ষিবর্য্যমুখনিঃসৃতং (দেবর্ষিবর্য্যস্য নারদস্য মুখাৎ নিঃসৃতং) এতৎ মুকুন্দযশসা (মুকুন্দস্য মুক্তিদাতুঃ ভগবতঃ যশসা) ভুবনং পুনানং চতুর্দ্দশভুবনস্থজনানাং পবিত্রকরং, আত্মশৌচং (আত্মনঃ দেহেন্দ্রিয়ান্তঃকরণাদ্যধ্যাসনিবর্ত্তকতয়া শোধকং অতএব পারমেষ্ঠ্যং ব্রহ্মপ্রাপকং (মহদ্ভিঃ) কীর্ত্ত্যমানং আখ্যানং যঃ অধিগচ্ছতি (হৃদি অবধারয়তি) সঃ বিমুক্তসমস্তবন্ধঃ নিবৃত্তদেহাদ্যধ্যাসঃ, সন্ অস্মিন্ ভবে সংসারে, ন ভ্রমতি অপি তু মুক্তো ভবতি ॥ ৮১ ॥

ইদং অদ্ভুতং অধ্যাত্মপারোক্ষ্যং ময়া (গুরোঃ কৃপয়া) অধিগতং নিঃসন্দিগ্ধং শ্রুতং (তৎ তুভ্যং কথিতং) এবং উক্তপ্রকারেণ স্ত্রিয়া সহ পুংসঃ শ্রমঃ দেহাদ্যধ্যাসঃ সংসারে ভ্রমণক্লেশঃ

শ্রীধরস্বামী।

পুত্রান্ আদিশ্যেতি পুত্রাণামাদেশং মন্ত্রিণামগ্রে কথয়িত্বা ॥ ৮০ ॥

আত্মশৌচং মনঃশোধকং পারমেষ্ঠ্যং সর্ব্বোৎকৃষ্টফলদং ॥ ৮১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চ্চরিত্রেত্যাদিনা ব্যঞ্জিতেন বা পারমেষ্ঠ্যং পরমেষ্ঠিনঃ কর্ম্ম। পরমেষ্ঠিনাপ্যেতন্নিত্যং কীর্ত্ত্যত ইত্যর্থঃ তৎকৃতং বা ॥ ৮০ ॥

স্ত্রীবুদ্ধিস্তৎসহিতস্যাশ্রমোঽহঙ্কারঃ পক্ষে গার্হস্থ্যলক্ষণঃ অমুত্র কর্ম্মফলভোগঃ কথমিতি

যে ব্যক্তি নিজে শ্রবণ করেন বা অন্যকে শ্রবণ করান, তিনি সংসারের নিদান কারণীভূত লিঙ্গদেহ হইতে নিষ্কৃতি লাভে বিমুক্ত হন, সন্দেহ নাই ॥ ৮০ ॥

দেবর্ষি-প্রধান নারদের মুখারবিন্দ হইতে বিনির্গত ভগবান্ মুক্তিদাতার যে পবিত্র যশোরাশি দ্বারা চতুর্দ্দশ ভুবনস্থ জীবলোকের পবিত্রতা সাধনে দেহ ইন্দ্রিয় ও অন্তঃকরণাদির অধ্যাস বিদূরিত হয়, তাহা যে পরমব্রহ্মের প্রাপক, সে বিষয়ে আর সন্দেহ নাই। সেই মহাজনগণের পরিকীর্ত্তিত বিমল আখ্যায়িকা যে ব্যক্তি নিয়ত হৃদয়ে অবধারণ করেন, তিনি কর্ম্মবন্ধন হইতে নিষ্কৃতি লাভে মুক্ত হন; পুনরায় আর এ সংসারে তাঁহাকে ভ্রমণ করিতে হয় না ॥ ৮১ ॥

পরোক্ষভাবে এই অধ্যাত্মতত্ত্বের অদ্ভুত বর্ণন আমি গুরুর কৃপায় আনুপূর্ব্বিক শ্রবণ করিয়াছি এবং যথাযথ তোমার নিকটও বর্ণন করিলাম। পূর্ব্বোক্ত প্রকারে নারী-সহবাসে পুরুষের সংসার-ভ্রমণের ক্লেশ, পরলোকে

এবং স্ত্রিয়া শ্রমঃ পুংসশ্ছিন্নোঽমুত্রচ সংশয়ঃ ॥ ৮২ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে শ্রীনারদ প্রাচীনবর্হিঃ সম্বাদে পুরঞ্জনোপাখ্যানে একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৯ ॥ * ॥

বিদুর উবাচ ॥

যে ত্বয়াভিহিতা ব্রহ্মন্ সুতাঃ প্রাচীনবর্হিষঃ।

অন্বয়ঃ।

তথা অমুত্র কর্ম্মফলভোগঃ সংশয়ঃ চ ছিন্নঃ নিরস্তঃ। সত্র্যাশ্রয়ঃ ইতি পাঠে স্ত্রীবুদ্ধিঃ তৎসহিতস্যাত্মনঃ আশ্রয়ঃ অহঙ্কারঃ ছিন্নঃ ॥ ৮২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥

বিদুরঃ উবাচ। হে ব্রহ্মন্! যে প্রাচীনবর্হিষঃ সুতাঃ প্রচেতসঃ, তে ত্বয়া, অভিহিতাঃ

শ্রীধরস্বামী।

স্ত্রীবুদ্ধি স্তৎসহিতস্যাত্মন আশ্রয়োঽহঙ্কারশ্ছিন্নো ভবতি। অমুত্র কর্ম্মফলভোগঃ কথমিতি সংশয়শ্ছিন্নঃ ॥ ৮২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে একোনত্রিংশঃ ॥ * ॥

প্রসঙ্গাৎ পঞ্চভিঃ প্রোক্তং বৃত্তং প্রাচীনবর্হিষঃ।
বর্ণ্যতেচ পুনর্দ্বাভ্যাং প্রস্তুতং তৎ প্রচেতসাং ॥
তত্র ত্রিংশে তপস্তুষ্টাদীশাল্লব্ধবরাস্ততঃ।
আগত্য বার্ক্ষীমুদ্বাহ্য রাজ্যং চক্রুরিতীর্য্যতে ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংশয়শ্চ ছিন্নঃ ॥ ৮১ ॥ ৮২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্থ একোনত্রিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
ত্রিংশে প্রচেতসোলব্ধবরাঃ স্তুত্যা হরের্জনাং।
গত্বা দগ্ধ্বা তরূন্ বার্ক্ষীং লব্ধ্বা রাজ্যং মুদা ব্যধুঃ ॥ * ॥

কর্ম্মফলের ভোগ এবং তত্ত্ববিষয়ক সমগ্র সংশয় সম্পূর্ণ অপনোদিত হয় এবং স্ত্রীরূপা বুদ্ধির সংশ্রবে জাত পুরুষের অভিমানও বিনিবৃত্ত হইয়া যায় ॥ ৮২ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত একোনত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

বিদুর বলিলেন, হে ব্রহ্মন্! প্রাচীনবর্হীর পুত্র প্রচেতাগণ রুদ্রগীতের

আভাস।

ত্রিংশদধ্যায়ে তপস্যায় তুষ্ট পরমেশ্বরের সন্নিধানে বরলাভানন্তর প্রচেতাগণ প্রত্যাগমন পূর্ব্বক বৃক্ষোৎপন্না কন্যার পানিগ্রহণ এবং প্রাচীনবর্হীঃ পুত্রদের রাজ্যভার প্রদান বর্ণিত হইয়াছে ॥

তে রুদ্রগীতেন হরিং সিদ্ধিমাপুঃ প্রতোষ্য কাং ॥ ১ ॥
কিং বার্হস্পত্যেহ পরত্র বাথ কৈবল্যনাথপ্রিয়পার্শ্ববর্ত্তিনঃ।
আসাদ্য দেবং গিরিশং যদৃচ্ছয়া প্রাপুঃ পরং নূনমথ প্রচেতসঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

কথিতাঃ, তে রুদ্রগীতেন হরিং প্রতোষ্য কাং সিদ্ধিং, কিং ফলং, আপুঃ ॥ ১ ॥

হে বার্হস্পত্য! তে প্রচেতসঃ যদৃচ্ছয়া দেবং গিরিশং আসাদ্য প্রাপ্য, তদুপদেশেন কৈবল্যনাথপ্রিয়পার্শ্ববর্ত্তিনঃ (কৈবল্যনাথস্য মুক্তিদাতুঃ ভগবতঃ প্রিয়স্য পার্শ্ববর্ত্তিনঃ ধ্যানপরাঃ জাতাঃ) অথ তস্মাৎ নূনং নিশ্চিতং পরং পরমাত্মানং, প্রাপুঃ। পরং তু ততঃ পূর্ব্বং ইহ অস্মিন্ লোকে, পরত্র লোকান্তরে, বা অথবা কিং ফলং প্রাপুঃ তৎ ব্রূহি ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

হরিং প্রতোষ্য কাং সিদ্ধিমাপুঃ ॥ ১ ॥

হে বার্হস্পত্য কস্যাঞ্চিদ্বিদ্যায়াং বৃহস্পতের্মৈত্রেয়ঃ শিষ্য ইতি জ্ঞাতব্যং। তে যদৃচ্ছয়া গিরিশং প্রাপ্য তস্যৈব কৈবল্যনাথপ্রিয়স্য গিরিশস্য পার্শ্ববর্ত্তিনস্তদনুগৃহীতাঃ সন্তো নূনং পরং মোক্ষং প্রাপুরেব ততঃ পূর্ব্বন্তু ইহ অথবা পরত্র কিং প্রাপুঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রচেতসাং কথামধ্যে এব তৎপিতুঃ প্রাচীনবর্হিষঃ। নারদোপদেশাদুদ্ধারমাকর্ণ্য পুনস্তেষামেবাবশিষ্টাং কথাং শুশ্রূষতে বৈ ইতি। হরিং প্রতোষ্য কাং সিদ্ধিমাপুঃ ॥ ১ ॥

হে বার্হস্পত্য। কস্যাঞ্চিদ্বিদ্যায়ামুদ্ধবমৈত্রেয়ৌ বৃহস্পতেঃশিষ্যাবিতি প্রসিদ্ধেঃ। প্রচেতসঃ ইহলোকে পরত্রচ কিং পরং শ্রেষ্ঠং বস্তু প্রাপুঃ কিং কৃত্বা যদৃচ্ছয়ৈব গিরিশং দেবমাসাদ্য কীদৃশাঃ কৈবল্যনাথস্য প্রিয়াঃ পার্শ্ববর্ত্তিনশ্চ ॥ ২ ॥

দ্বারা ভগবান্ শ্রীহরিকে প্রসন্ন করিয়া কি কি ফল লাভ করিয়াছিলেন, তাহা আপনি অনুগ্রহ পূর্ব্বক আমার নিকট বর্ণন করুন্! ॥ ১ ॥

বিদুর বলিলেন, হে ব্রহ্মন্! আপনি বৃহস্পতির নিকটেও কোন কোন বিষয় অধ্যয়ন করিয়াছেন! আপনার জ্ঞানের ইয়ত্তা নাই। এক্ষণে সেই প্রচেতাগণ যদৃচ্ছাক্রমে দেবদেব ত্রিলোচনের সন্নিধানে উপস্থিত হইয়া, তাঁহার উপদেশ অনুসারে কৈবলপতি ভগবানের প্রিয়পাত্র হইলেন এবং সেই পরম পুরুষ পরমাত্মাকেই প্রাপ্ত হইয়াছিলেন। কিন্তু তৎপূর্ব্বে ইহলোক বা পরলোকে তাঁহারা যে কিরূপ ভোগফল প্রাপ্ত হইয়াছিলেন, তাহা আমার নিকট কীর্ত্তন করুন্! ॥ ২ ॥

মৈত্রেয় মুনি বলিলেন, প্রচেতাগণ পিতার অনুমতি অনুসারে প্রজাসৃষ্টির বাসনায় সমুদ্রগর্ত্তে অবস্থান করত রুদ্রগীত উচ্চারণরূপ যজ্ঞ এবং

মৈত্রেয় উবাচ ॥

প্রচেতসোঽন্তরুদধৌ পিতুরাদেশকারিণঃ।

জপযজ্ঞেন তপসা পুরঞ্জনমতোষয়ন্ ॥ ৩ ॥

দশবর্ষ-সহস্রান্তে পুরুষস্তু সনাতনঃ।

তেষামাবিরভূৎ কৃচ্ছ্রং শান্তেন শময়ন্ রুচা ॥ ৪ ॥

সুপর্ণস্কন্ধমারূঢ়ো মেরুশৃঙ্গমিবাম্বুদঃ।

পীতবাসা মণিগ্রীবঃ কুর্ব্বন্ বিতিমিরা দিশঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। পিতুঃ আদেশকারিণঃ প্রজাসৃষ্টিকামাঃ সন্তঃ, প্রচেতসঃ অন্তরুদধৌ সমুদ্রমধ্যে, স্থিতাঃ জপযজ্ঞেন (রুদ্রগীতজপরূপেণ যজ্ঞেন) তপসা আহারাদিনিয়মেন, চ পুরঞ্জনং ভগবন্তং, অতোষয়ন্ ॥ ৩ ॥

দশবর্ষসহস্রান্তে সনাতনঃ পুরুষঃ ভগবান্ তু রুচা কান্ত্যা, তেষাং কৃচ্ছ্রং তপঃক্লেশং শময়ন্ শান্তেন সত্ত্বেন বপুষা, আবিরভূৎ ॥ ৪ ॥

মেরুশৃঙ্গং আরূঢ়ঃ অম্বুদঃ মেঘঃ, ইব সুপর্ণস্কন্ধং আরূঢ়ঃ পীতবাসা (পীতে বাসসী যস্য সঃ) মণিগ্রীবঃ (মণিঃ কৌস্তভঃ গ্রীবায়াং যস্য সঃ ভগবান্) দিশঃ বিতিমিরাঃ অন্ধকাররহিতাঃ কুর্ব্বন্ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

রুদ্রগীতজপরূপেণ যজ্ঞেন তপসাচ পুরঞ্জনং হরিং ॥ ৩ ॥

তেষাং কৃচ্ছ্রং তপঃক্লেশং। রুচা কান্ত্যা। শময়ন্ শান্তেন সত্ত্বেন বপুষা আবির্ভূতঃ ॥ ৪ ॥

সুপর্ণস্কন্ধমারূঢ় ইত্যাদীনাং বর্হিষ্মতঃ সুতানাহেতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রুদ্রগীতরূপেণ জপযজ্ঞেন পুরঞ্জনং হরিং ॥ ৩ ॥ শান্তেন শান্ময়া রুচা ॥ ৪ ॥ ৫ ॥

আহারাদির নিয়মনরূপ তপস্যার অনুষ্ঠানে ভগবান্ পুরঞ্জনকে প্রসন্ন করিয়াছিলেন ॥ ৩ ॥

দশ সহস্র বৎসরের পর সনাতন পরমপুরুষ স্বীয় সত্ত্বময় দেহের ঔজ্বল্য বিকাসে তাঁহাদের তপঃক্লেশ নিবারণ করত তথায় আবির্ভূত হইলেন ॥ ৪ ॥

মেরুশৃঙ্গোপরি সংলগ্ন নবীন জলদপটের ন্যায়, গরুড়ের পৃষ্ঠে সমারূঢ় পীতবসনধারী ভগবান্ জনার্দ্দন গলদেশে কৌস্তুভমণি ধারণ করত দিক্‌দিগন্তের অন্ধকার নিবারণ করিয়া, আবির্ভূত হইলেন ॥ ৫ ॥

সুবর্ণময় উজ্বল অলঙ্কারে তাঁহার মুখমণ্ডল ও গণ্ডস্থলে বিশেষ শোভা পরিদৃষ্ট হইতেছিল। মস্তকে উজ্জ্বল কিরীট, অষ্টভুজে অষ্ট আয়ুধ; পার্ষদ-

কাশিষ্ণুনা কনকবর্ণবিভূষণেন ভ্রাজৎকপোলবদনো বিলসৎকিরীটঃ।
অষ্টায়ুধৈরনুচরৈর্মুনিভিঃ সুরেন্দ্রৈরাসেবিতো গরুড়কিন্নরগীতকীর্ত্তিঃ ॥ ৬ ॥
পীনায়তাষ্টভুজমণ্ডলমধ্যলক্ষ্ম্যা স্পর্দ্ধৎশ্রিয়া পরিবৃতো বনমালয়াদ্যঃ।
বর্হিষ্মতঃ পুরুষ আহ সুতান্ প্রপন্নান্ পর্জন্যনাদরুতয়া সঘৃণাবলোকঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

কাশিষ্ণুনা প্রকাশমানেন, কনকবর্ণবিভূষণেন স্বর্ণময়কুণ্ডলাদিনা, ভ্রাজৎকপোলবদনঃ (ভ্রাজৎকপোলং বদনং যস্য সঃ) বিলসৎকিরীটঃ (বিলসৎ শোভমানং কিরীটং যস্য সঃ) অষ্টায়ুধৈঃ (অষ্টসু ভুজেষু অষ্টভিঃ আয়ুধৈঃ যুক্তঃ) অনুচরৈঃ পার্ষদৈঃ, মুনিভিঃ সুরেন্দ্রৈঃ ইন্দ্রাদিভিঃ, আসেবিতঃ গরুড়কিন্নরগীতকীর্ত্তিঃ (গরুড়ঃ এব কিন্নরঃ তেন স্বপক্ষস্বনেন গীতা কীর্ত্তিঃ যস্য সঃ) ॥৬॥

পীনায়তাষ্টভুজমণ্ডলমধ্যলক্ষ্ম্যা (পীনাঃ আয়তাঃ যে অষ্টৌ ভুজাঃ তেষাং মণ্ডলং সমূহঃ তন্মধ্যে স্থিতয়া লক্ষ্ম্যা সহ) স্পর্দ্ধৎশ্রিয়া (স্পর্দ্ধমানা শ্রীঃ শোভা যস্যাঃ তয়া) বনমালয়া পরিবৃতঃ সঘৃণাবলোকঃ (সঘৃণঃ অবলোকঃ যস্য সঃ) আদ্যঃ আদিভূতঃ, পুরুষঃ পর্জ্জন্যনাদরুতয়া (পর্জ্জন্যস্য মেঘস্য নাদঃ ইব রুতং নাদঃ যস্যাঃ তয়া বাচা) প্রপন্নান্ শরণাগতান্, বর্হিষ্মতঃ পুত্রান্ আহ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

কনকময়েন বর্ণবতা বিভূষণেন ভ্রাজমানং কপোলং বদনং চ যস্য। অষ্টভিরায়ুধৈঃ গরুড় এব কিন্নরঃ তেন পক্ষস্বনৈ গীতা কীর্ত্তির্যস্য ॥ ৬ ॥

পীনাশ্চ যে আয়তা অষ্টৌ ভুজা স্তেষাং মণ্ডলং সমূহঃ তন্মধ্যে স্থিতয়া লক্ষ্ম্যা স্পর্দ্ধমানা শ্রীঃ শোভা যস্যাঃ তয়া বনমালয়া পরিবৃতঃ আদ্যঃ পুরুষঃ আহ। পর্জ্জন্যস্য নাদ ইব রুতং নাদো যস্যা স্তয়া বাচা সঘৃণোঽবলোকো যস্য ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কনকময়েন বর্ণবতা নানারত্নজটিতত্বেন নানাবর্ণবতা বিভূষণেন কুণ্ডলাদিনা ভুজমণ্ডলমধ্যে লক্ষ্মীঃ শোভা যস্যা স্তয়া। স্পর্দ্ধন্তী স্পর্দ্ধমানা শ্রীর্লক্ষ্মীর্যয়া তয়া। আদ্যঃ পুরুষঃ।

বর্গ, মুনিগণ এবং ইন্দ্রাদি লোকপালসমূহ তাঁহাকে বেষ্টন করত অবস্থান করিতেছিলেন। তৎকালে পতগরাজ গরুড়ই কেবল পক্ষবিস্তারের ধ্বনি দ্বারাই ভগবানের যশোরাশি কীর্ত্তন করিতেছিলেন ॥ ৬ ॥

স্থূল অথচ সুদীর্ঘ অষ্টভুজের মধ্যস্থলে বনমালা সর্ব্বাতিরেকে সুশোভিত বোধ হইতেছিল। পরমকারুণিক ভগবান্ নারায়ণ তাদৃশ বেশ ধারণে এবং কৃপাপূর্ণ দৃষ্টির বিতরণে ও জলদগম্ভীর-বচনে শরণাগত বর্হিষ্মতের পুত্রগণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ৭ ॥

হে রাজকুমারগণ! তোমরা কার্য্যোদ্ধার-মানসে যেরূপ কৃতসংকল্প হইয়া

ভগবানুবাচ।

বরং বৃণীধ্বং ভদ্রং বো যূয়ং মে নৃপনন্দনাঃ।
সৌহার্দ্দেনাপৃথগ্ধর্ম্মা স্তুষ্টোঽহং সৌহৃদেন বঃ॥ ৮॥
যোঽনুস্মরতি সন্ধ্যায়াং যুষ্মাননুদিনং নরঃ।
তস্য ভ্রাতৃষ্বাত্মসাম্যং তথা ভূতেষু সৌহৃদং॥ ৯॥
যে তু মাং রুদ্রগীতেন সায়ং প্রাতঃ সমাহিতাঃ।
স্তুবন্ত্যহং কামবরান্ দাস্যে প্রজ্ঞাঞ্চ শোভনাং॥ ১০॥

অন্বয়ঃ।

হে নৃপনন্দনাঃ! যূয়ং যতঃ সৌহার্দ্দেন প্রেম্ণা, অপৃথগ্ধর্ম্মাঃ মদারাধনলক্ষণৈকধর্ম্মনিরতাঃ অতঃ বঃ যুষ্মাকং, সৌহৃদেন অহং তুষ্টঃ, বঃ যুষ্মাকং, ভদ্রং ভবতুঃ; মে মত্তঃ, বরং বৃণীধ্বং॥৮॥

অনুদিনং প্রতিদিনং, সন্ধ্যায়াং যঃ নরঃ যুষ্মান্ অনুস্মরতি অনুস্মরিষ্যতি, তস্য ভ্রাতৃষু তথা ভূতেষু সর্ব্বপ্রাণিষু, আত্মসাম্যং ভগবৎসারূপ্যং, সৌহৃদং মৈত্র্যং, চ (ভবিষ্যতি)॥ ৯॥

যে তু সমাহিতাঃ সাবধানাঃ, সন্তঃ সায়ং প্রাতঃ রুদ্রগীতেন মাং স্তুবন্তি স্তোষ্যন্তি, অহং তুষ্টঃ সন্ তেভ্যঃ কামবরান্ অভিলষিতভোগান্ শোভনাং প্রজ্ঞাং বুদ্ধিং চ দাস্যে॥ ১০॥

শ্রীধরস্বামী।

যূয়ং মে মত্তো বৃণীধ্বং সৌহার্দ্দেন হেতুনা অপৃথগ্ধর্ম্মো যেষাং তেষাং সম্বোধনং বঃ পরস্পরং সৌহৃদেন তুষ্টোঽহং॥ ৮॥

ভূতেষু সৌহৃদঞ্চ ভবিষ্যতি॥ ৯॥　　তেভ্যোঽপি দাস্যে কিং পুনর্যুষ্মভ্যমিতি শেষঃ॥১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পর্জ্জন্যনাদ ইব রুতং নাদো যস্যা স্তয়া বাচা আহ। স কৃপাবলোকঃ॥ ৬—৯॥

তেভ্যো দাস্যে কিং পুনর্যুষ্মভ্যমিতি ভাবঃ॥ ১০॥

আমার প্রতি প্রেমের পরিচয় দিতেছ, তাহাতে আমি তোমাদের প্রতি বিশেষ সন্তুষ্ট হইয়াছি; তোমাদের মঙ্গল হউক! আমার নিকট বর প্রার্থনা কর! আমি তোমাদের মনোরথ পূরণ করিব॥ ৮॥

যে ব্যক্তি প্রাতঃকালে ও সায়ংকালে তোমাদিগকে স্মরণ করিবে, তাহাদিগের ভ্রাতৃগণের মধ্যে এবং সমস্ত জীবনিচয়ে পরমা প্রীতি এবং আত্মতুল্য দৃষ্টি জন্মিবে; সন্দেহ নাই॥ ৯॥

যে ব্যক্তি সায়ংপ্রাতর্ এই উভয় সন্ধ্যায় সমাহিতচিত্তে এই রুদ্রগীতের দ্বারা আমাকে স্তব করিবে, তাহার সকল কামনা আমি পূরণ করিব! এবং শোভনা বুদ্ধি তাহাকে প্রদান করিব, সন্দেহ নাই॥ ১০॥

তোমরা যখন বিশেষ আনন্দসহকারে পিতার আজ্ঞাকে শিরোধার্য্য

যদ্যূয়ং পিতুরাদেশমগ্রহীষ্ট মুদান্বিতাঃ।
অথো ব উশতী কীর্ত্তি র্লোকাননুভবিষ্যতি॥ ১১॥
ভবিতা বিশ্রুতঃ পুত্রোঽনবমো ব্রহ্মণো গুণৈঃ।
য এতামাত্মবীর্য্যেণ ত্রিলোকীং পূরয়িষ্যতি॥ ১২॥
কণ্ডোঃ প্রম্লোচয়া লব্ধা কন্যা কমললোচনা।
তাঞ্চাপবিদ্ধাং জগৃহুর্ভূরুহা নৃপনন্দনাঃ॥ ১৩॥

অন্বয়ঃ।

যৎ যস্মাৎ, যূয়ং মুদান্বিতাঃ হর্ষযুক্তাঃ সন্তঃ পিতুঃ আদেশং অগ্রহীষ্ট গৃহীতবন্তঃ, অথ তস্মাৎ বঃ যুষ্মাকং, উশতী কমনীয়া, কীর্ত্তিঃ লোকান্ অনুভবিষ্যতি ব্যাপ্স্যতি॥ ১১॥

তথা গুণৈঃ ব্রহ্মণঃ সকাশাৎ, অনবমঃ অন্যূনঃ, অতঃ বিশ্রুতঃ প্রখ্যাতঃ, যুষ্মাকং পুত্রঃ ভবিতা ভবিষ্যতি, যঃ আত্মবীর্য্যেণ স্বসন্তানেন, এতাং ত্রিলোকীং, পূরয়িষ্যতি॥ ১২॥

হে নৃপনন্দনাঃ! কণ্ডোঃ ঋষেঃ সকাশাৎ প্রম্লোচয়া অপ্সরসা কমললোচনা কন্যা লব্ধা। স্বর্গং গচ্ছন্ত্যা তয়া প্রম্লোচয়া, গর্ভদশায়াং এব অপবিদ্ধাং ত্যক্তাং, তাং কন্যাং, ভূরুহাঃ বৃক্ষাঃ জগৃহুঃ॥ ১৩॥

শ্রীধরস্বামী।

অগ্রহীষ্ট গৃহীতবন্তঃ। অথো ইতি হেতোঃ। লোকান্ অনু লোকেষু ভবিষ্যতি। যদ্বা লোকাননুভবিষ্যতি দ্রক্ষ্যতি ব্যাপ্স্যতীত্যর্থঃ॥ ১১॥

অনবমঃ অন্যূনঃ। আত্মনো বীর্য্যেণ সন্তানেন॥ ১২॥

পুত্রার্থমাদৌ ভার্য্যাং সম্পাদয়তি কণ্ডোরিতি ত্রিভিঃ। তপোনাশার্থমিন্দ্রপ্রেষিতয়া প্রম্লোচয়া কণ্ডুর্নাম ঋষি বহুকালং রেমে। সাচ ততঃ স্বর্গং গচ্ছন্তী কণ্ডোর্জাতং গর্ভং বৃক্ষেষু ত্যক্ত্বা জগাম। তদেতদুক্তং অপবিদ্ধাং ত্যক্তাং॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকান্ অনু লক্ষ্যীকৃত্য॥ ১১॥ গুণৈর্ব্রহ্মণঃ সকাশাদনবমঃ অন্যূনঃ॥ ১২॥

নন্থ কস্যাং ভার্য্যায়াং পুত্রো ভবিতেত্যত আহ কণ্ডোরিতি ত্রিভিঃ তপোনাশার্থমিন্দ্রপ্রেষিতয়া প্রম্লোচয়া কণ্ডুর্নাম ঋষি র্বহুকালং রেমে সাচ ততঃ স্বর্গং গচ্ছন্তী কণ্ডোর্জাতং গর্ভং বৃক্ষেষু ত্যক্ত্বা জগামেত্যত আহ অপবিদ্ধাং ত্যক্তাং হে নৃপনন্দনাঃ॥ ১৩॥

করিয়াছ, তখন এই সমগ্র জগতে তোমাদের পবিত্র কীর্ত্তি বিস্তৃত হইবে॥ ১১॥

তোমাদের একটী পুত্র হইবে, যিনি বিশ্ববিধাতা কমলাসনের অপেক্ষা গুণে কোন অংশে ন্যূন হইবেন না। এবং তাঁহারই সন্তান সন্ততি দ্বারা এই ত্রিভুবন পরিব্যাপ্ত হইবে, সন্দেহ নাই॥ ১২॥

মহর্ষি কণ্ডু ঘোরতর তপস্যার অনুষ্ঠান করিলে, পুরন্দর তাঁহার তপো-

ক্ষুৎক্ষামায়া মুখে রাজা সোমঃ পীযূষবর্ষিণীং।
দেশিনীং রোদমানায়া নিদধে স দয়ান্বিতঃ॥ ১৭॥
প্রজাবিসর্গ আদিষ্টাঃ পিত্রা মামনুবর্ত্ততা।
তত্র কন্যাং বরারোহাং তামুদ্বহত মাচিরং॥ ১৫॥

অন্বয়ঃ।

ক্ষুৎক্ষামায়াঃ ক্ষুধাপীড়িতায়াঃ, অতএব রোদমানায়াঃ তস্যাঃ কন্যায়াঃ মুখে দয়ান্বিতঃ (বনস্পতীনাং) রাজা সঃ সোমঃ পীযূষবর্ষিণীং অমৃতস্রাবিণীং দেশিনীং স্বতর্জ্জনীং, নিদধে॥১৪

মাং অনুবর্ত্ততা মৎপ্রেরিতেন, যুষ্মাকং পিত্রা যতঃ প্রজাসর্গে আদিষ্টাঃ নিযুক্তা, অতঃ তত্র প্রজাসর্গে কার্য্যে বরারোহাং সর্ব্বলাবণ্যযুক্তাং তাং কন্যাং উদ্বহত পত্নীত্বে গৃহ্নীত মা চিরং বিলম্বঃ ন কার্যঃ॥ ১৫॥

শ্রীধরস্বামী।

স প্রসিদ্ধো বনস্পতীনাং রাজা সোমঃ অমৃতস্রাবিণীং দেশিনীং তর্জ্জনীং রুদন্ত্যা স্তস্যা মুখে নিদধে। অনেনাপ্সরোগর্ভসম্ভবেনামৃতাহারেণচ তস্যা লাবণ্যং ক্লমস্বেদদৌর্গন্ধ্যাদি-রাহিত্যং চোক্তং॥ ১৪॥

মামনুবর্ত্তমানেন পিত্রা নিযুক্তাঃ সন্তঃ তত্র প্রজাসর্গে নিমিত্তে তামুদ্বহত॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সোমো বনস্পতীনাং রাজা স প্রসিদ্ধঃ॥ ১৪॥

পিত্রা প্রাচীনবর্হিষা মামনুবর্ত্তমানেন তত্র গত্বা॥ ১৫॥

বিঘ্নার্থ প্রম্লোচানাম্নী অপ্সরাকে প্রেরণ করেন। অপ্সরার রূপে মোহিত হইয়া, কণ্ডুমুনি তপস্যা পরিত্যাগে প্রম্লোচাতেই বহুকাল আসক্ত থাকেন। পরে প্রম্লোচার গর্ভ হইলে, সেই অপ্সরা দেবভয়ে ভীতা হইয়া, গর্ভস্থ শিশুকে পাদপ-সন্নিধানে পরিত্যাগপূর্ব্বক স্বর্গপুরে গমন করিলেন। হে নৃপনন্দনগণ! সেই গর্ভে একটী অপূর্ব্ব রূপলাবণ্যসম্পন্না কন্যা জন্ম গ্রহণ করিয়াছে॥ ১৩॥

সেই কন্যাটী যখন ক্ষুধায় কাতর হইয়া রোদন করিতেছিল, তখন বনস্পতি রাজা সোম সেই কন্যার বদনে পানার্থ তাঁহার অমৃতবর্ষিণী তর্জ্জনী প্রদান করিয়াছিলেন। বালিকা তাঁহার দয়ায় অমৃতপানের দ্বারা অলোক-সামান্য রূপ ধারণ করিয়াছে॥ ১৪॥

আমার অভিপ্রায় অনুসারেই তোমাদের পিতা তোমাদিগকে প্রজা উৎ-পাদনার্থ অনুমতি করিয়াছেন। এই কার্য্য সাধনার্থ তোমরা অবিলম্বে সেই লাবণ্যযুতা কামিনীর পাণিগ্রহণ কর!॥ ১৫॥

তোমরা যেমন একটী উদ্দেশ্য সাধনের জন্য সকল ভ্রাতা একত্র মিলিত

অপৃথগ্ধর্ম্মশীলানাং সর্ব্বেষাং বঃ সুমধ্যমা।
অপৃথগ্ধর্ম্মশীলেয়ং ভূয়াৎ পত্ন্যর্পিতাশয়া॥ ১৬॥
দিব্যবর্ষসহস্রাণাং সহস্রমহতৌজসঃ।
ভৌমান্ ভোক্ষ্যথ ভোগান্ বৈ দিব্যাংশ্চানুগ্রহান্মম॥ ১৭॥
অথ ময্যনপায়িন্যা ভক্ত্যা পক্কগুণাশয়াঃ।

অন্বয়ঃ।

অপৃথগ্ ধর্ম্মশীলানাং প্রজাসৃষ্টৈকধর্ম্মাণাং, বঃ যুষ্মাকং, সর্ব্বেষাং এব ইয়ং অর্পিতাশয়া অতএব অপৃথগ্ ধর্ম্মশীলা সতী সুমধ্যমা পত্নী ভূয়াৎ॥ ১৬॥

যূয়ং চ মম অনুগ্রহাৎ অহতৌজসঃ অপ্রতিহতবলাঃ, সন্তঃ দিব্যবর্ষসহস্রাণাং সহস্রং ভৌমান্ (ভুবি ভবান্) দিব্যান্ (দিবি ভবান্) ভোগান্ চ ভোক্ষ্যথ॥ ১৭॥

অথ অনন্তরং ময়ি অনপায়িন্যা অব্যভিচারিণ্যা ভক্ত্যা পক্কগুণাশয়াঃ (পক্কগুণঃ দগ্ধকামাদিমলঃ আশয়ঃ অন্তঃকরণং যেষাং তে তাদৃশাঃ সন্তঃ) অতঃ নিরয়াৎ নরকতুল্যাৎ, নির্ব্বিদ্য বিরজ্য,

শ্রীধরস্বামী।

ননু বহূনাং কথমেকা ভার্য্যা স্যাত্তত্রাহ। অপৃথক্ ধর্ম্মঃ শীলঞ্চ যেষাং তেষাং বঃ পত্নী ভূয়াৎ। অর্পিতো ভবৎসু আশয়ো যয়া ধর্ম্মশীলয়োরৈক্যাৎ মদ্বাক্যাচ্চ ন দৃষ্টাদৃষ্টবিরোধ ইতি ভাবঃ॥ ১৬॥

অহতৌজসঃ অপ্রতিহতবলাঃ সন্তঃ॥ ১৭॥

পক্কগুণো দগ্ধকামাদিমল আশয়ো যেষাং অতো লোকদ্বয়ভোগাৎ নিরয়প্রায়াৎ নির্ব্বিদ্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু বহূনাং কথমেকা ভার্য্যা স্যাত্তত্রাহ অপৃথগিতি ভূয়াদিতি মদাশীর্ব্বাদ এব দৃষ্টাদৃষ্টদোষমুপশময়িষ্যতীতি ভাবঃ॥ ১৬॥

দিব্যানাং বর্ষসহস্রাণাং সম্বন্ধিনং কালমভিব্যাপ্য সহস্রমনন্তান্ ভোগান্ ভোক্ষ্যথেত্যন্বয়ঃ। সহস্রাণামিতি কপিঞ্জলানালভেতেতিবৎ ত্রয়াণামিত্যর্থঃ॥ ১৭॥

হে ভক্ত্যা পক্কগুণাশয়াঃ। অথ ভৌমভোগান্তে মদ্ধাম যাস্যথেত্যন্বয়ঃ। নতু ভবিষ্যন্ত্যা ভক্ত্যা পক্কগুণাশয়াঃ সন্ত এবেতি ব্যাখ্যেয়ং। অপক্ককষায়াণাং ভগবদ্দর্শনাসম্ভবাৎ।

হইয়াছ, ঐ নারীও সেইরূপ তোমাদের সকলের প্রতি অনন্যভাবে ভক্তি করত চিত্ত সমর্পণে চিত্তানুকারিণী হইবেন॥ ১৬॥

তোমরা আমার অনুগ্রহে অপ্রতিহত-বিক্রমে দেবপরিমাণে বহু সহস্র সম্বৎসর কাল পার্থিব ও পারলৌকিক স্বর্গাদি ভোগ সমূহ সম্ভোগ করত বিচরণ কর॥ ১৭॥

অনন্তর আমার প্রতি অনন্যা ভক্তিযোগে যখন তোমাদের হৃদয়-গ্লানি ও

উপযাস্যথ মদ্ধাম নির্বিদ্য নিরয়াদতঃ ।। ১৮ ।।
গৃহেম্বাবিশতাঞ্চাপি পুংসাং কুশলকর্ম্মণাং ।
মদ্বার্ত্তাযাতযামানাং ন বন্ধায় গৃহা মতাঃ ।। ১৯ ।।

অন্বয়ঃ।

মদ্ধাম মৎস্বরূপং উপযাস্যথ প্রাপ্স্যথ ॥ ১৮ ॥

কুশলকর্ম্মণাং (কুশলং ময়ি সমর্পিতং, কর্ম্ম যেষাং তেষাং) অতএব মদ্বার্ত্তাযাতযামানাং (মদ্বার্ত্তয়া যাতঃ গতঃ যামঃ কালঃ যেষাং তেষাং) পুংষাং গৃহেষু আবিশতাং প্রবিষ্টানাং অপি গৃহাঃ বন্ধায় ন মতাঃ ন ভবন্তি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

মৎস্থানং প্রাপ্স্যথ ॥ ১৮ ॥

ননু গৃহেষু প্রবিষ্টানাং অস্মাকং তদাসক্ত্যা বন্ধ এব স্যাৎ কুতস্তদ্ভক্তি নির্ব্বেদো বা তত্রাহ গৃহেম্বিতি কুশলং মষ্যর্পিতং কর্ম্ম যেষাং মদ্বার্ত্তয়া যাতো যামঃ কালো যেষাং ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদুক্তং অবিপক্ককষায়াণাং দুর্দ্দর্শোঽহং কুযোগিনামিতি। অতঃ ইদন্তাস্পদত্বাৎ পারমেষ্ঠ্যাদি-পদাদপি নিরয়তুল্যান্নির্বিদ্য ॥ ১৮ ॥

ননু তর্হি ভৌমান্ ভোক্ষ্যথ ভোগানিত্যুক্ত্যা নিরয়তুল্যে বিষয়ভোগে ভক্তিপ্রতিকূলে কথমস্মান্নিক্ষিপসীতি তত্রাহ গৃহেষু আবিশতাং প্রাপ্তাবেশানামপি কুশলং মৎপরিচরণমেব কর্ম্ম যেষাং মৎকথয়া যাতো যামো প্রহরোঽপি যেষাং। প্রহরমধ্যে মৎকথা যেষামবশ্যমেব ভবতীত্যর্থঃ। অয়মর্থঃ কর্ম্মজন্যানামেব ভোগানাং বন্ধকত্বং নিরয়তুল্যত্বং ভক্তিপ্রাতিকুল্যঞ্চ নতু মদনুগ্রহজন্যানাং অতএব মমানুগ্রহাদ্ভৌমান্ ভোক্ষ্যথেতি ময়োক্তমতোঽন্যত্রাপি যত্র বিষয়ভোগেঽপি মদ্ভক্তেরসংকোচঃ প্রত্যুত বৃদ্ধিরেব দৃশ্যতে চেত্তদা সবিষয়ভোগো মদনুগ্রহ-জন্য এবানুমেয়ো ন বন্ধকঃ। পৃথুপ্রহ্লাদধ্রুবমম্বাদিষু তথা দর্শনাৎ। অবিপক্ককষায়েষু তু ভক্তেষু মদনুগ্রহো ভোগচ্যাবক এব দ্রষ্টব্যো যদুক্তং যস্যাহমনুগৃহ্ণামি হরিষ্যে তদ্ধনং শনৈরিত্যাদি ॥ ১৯ ॥

বিষয়-লালসা অপনোদিত হইবে, তখন এই নিরয়তুল্য সংসার-ভোগ হইতে নিষ্কৃতিলাভে মদীয় বৈষ্ণব ধামে গমন করিবে ।। ১৮ ।।

যে সকল ব্যক্তি ভগবৎপ্রীতির নিমিত্তই নিষ্কামভাবে বিহিত কর্ম্মকলাপের অনুষ্ঠান করিয়া থাকেন এবং অন্য সাংসারিক বার্ত্তা পরিত্যাগ পূর্ব্বক কেবল ঈশ্বরবিষয়ক মদীয় কথালাপেই সময়কে অতিবাহিত করেন, তাঁহারা গৃহকর্ম্মে নিবিষ্ট হইবার ন্যায় প্রতীত হইলেও, তাঁহাদের গৃহ তাঁহাদিগকে বন্ধনে সমর্থ হয় না ।। ১৯ ।।

যাঁহারা মদীয় কথালাপে কালাতিপাত করেন, সর্ব্বজ্ঞস্বরূপ আমি তাঁহা-

নবাবদ্ধ্ দয়ে যজ্জ্ঞো ব্রহ্মৈতদ্ব্রহ্মবাদিভিঃ।
ন মুহ্যন্তি ন শোচন্তি ন হৃষ্যন্তি যতো গতাঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

যৎ যস্মাৎ মৎকথাশ্রবণাৎ জ্ঞঃ সর্ব্বজ্ঞঃ অহং (শ্রোতৃণাং হৃৎ হৃদয়ং নিত্যং নব্যবৎ নূতনবৎ অয়ে প্রাপ্নোমি) যতঃ যৎ, মাং গতাঃ প্রাপ্তাঃ, সন্তঃ জনাঃ পুনঃ ন মুহ্যন্তি ন শোচন্তি ন হৃষ্যন্তি যতঃ এতৎ মম সন্দর্শনং এব ব্রহ্মসাক্ষাৎকারঃ ইতি ব্রহ্মবাদিভিঃ ব্যপাদিশ্যতে ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

ত্বদ্বার্ত্তাশ্রোতৃণাং গৃহে ন বন্ধ ইতি কুতস্তত্রাহ নব্যবদিতি। যদ্যস্মাৎ কথাশ্রবণাৎ জ্ঞঃ সর্ব্বজ্ঞোঽহমীশ্বরঃ ব্রহ্মবাদিভির্বক্তৃভির্নিমিত্তভূতৈঃ শ্রোতৃণাং হৃৎ হৃদয়ং নব্যবৎ প্রতিপদং নূতনবৎ অয়ে প্রাপ্নোমি। ব্রহ্মসাক্ষাৎকারো ভবতীত্যর্থঃ। ননু ত্বৎকথাশ্রবণে কথং ব্রহ্ম-সাক্ষাৎকার স্তত্রাহ যোঽহং এতদেব ব্রহ্ম তত্র হেতুঃ যতোগতাঃ যং মাং প্রাপ্তাঃ সন্তো ন মোহশোকহর্ষান্ প্রাপ্নুবন্তি। অতো মৎকথাশ্রবণেন নব্যবৎ মম হৃদ্যাবির্ভাবাৎ অস্যৈব ব্রহ্মসাক্ষাৎকারত্বাৎ গৃহে বসতামপি ন বন্ধ ইত্যর্থঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেষাং ভক্তানাং কুতো বন্ধদুঃখং যতস্তেষাং হৃদয়েঽহমপি সুখং প্রাপ্তুং নিত্যং বসামীত্যাহ নব্যেতি এতন্মৎস্বরূপং ব্রহ্মবাদিভি র্ব্রহ্ম উচ্যত ইতি শেষঃ। যতো যত্র ব্রহ্মণি গতা লীনা ন মুহ্যন্তি মোহশোকহর্ষান্ন প্রাপ্নুবন্তি সোঽহং জ্ঞোবিজ্ঞোঽপি যদ্যস্মাত্তেষাং কুশল-কর্ম্মণাং হৃৎ হৃদয়কমলং নব্যবৎ প্রতিপদং নূতনবৎ অয়ে প্রাপ্নোমি জানামীতি বা তেষাং হৃদয়ে নব্যবদহং ভামীতি সন্দর্ভঃ ॥ ২০ ॥

দের হৃদয়ে নিত্য অভিনব বেশে আবির্ভূত হইয়া থাকি। আমার স্বরূপ-সাক্ষাৎকারকেই ব্রহ্মবাদিগণ ব্রহ্মস্বরূপ বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন। ব্রহ্ম-স্বরূপে লীন হইলে, জীবের আর শোক বা মোহ থাকে না এবং অকিঞ্চিৎকর বিষয়সুখের প্রতিও তাহার লালসা জন্মে না ॥ ২০ ॥

আভাস।

প্রচেতাগণ বলিলেন, হে ভগবন্! সংসারে বিষয়সম্ভোগই জীবের পক্ষে বিষবৎ কার্য্য করে। অতএব বিষয়ভোগই যখন প্রকৃত নরকের কারণ, তখন তাদৃশ বিষয়সম্ভোগার্থ আপনি আমাদিগকে কেন উৎসাহ প্রদান করিতেছেন? ইহার দ্বারা ঈশ্বরভক্তি বিলুপ্ত হইয়া যায়; অতএব আমাদিগকে ভোগাভিমুখে প্রেরণ করিবার প্রয়োজন নাই। এতদুত্তরে ভগবান্ বলিলেন যে, ভোগ যেমন বন্ধের কারণ, ইহার দ্বারা মুক্তির দ্বারও সেইরূপ প্রশস্ত হইয়া থাকে। অন্ধের ন্যায় হিতাহিত বিচারে জলাঞ্জলি দিয়া, যাহারা কামাসক্ত-হৃদয়ে কেবল ভোগাভিমুখেই ধাবিত হয়, ভোগদাতা বা ভোগের দোষগুণের প্রতি লক্ষ্য করে না, তাহারাই সংসারে বদ্ধ হয়; কিন্তু যাহারা বিচারশক্তিকে প্রধান সম্বলরূপে গ্রহণ করত, ঐহিক বা আমুষ্মিক যে

মৈত্রেয় উবাচ ॥

এবং ব্রুবাণং পুরুষার্থভাজনং জনার্দ্দনং প্রাঞ্জলয়ঃ প্রচেতসঃ।
তদ্দর্শনধ্বস্ততমোরজোমলা গিরাগৃণন্ গদ্গদয়া সুহৃত্তমং ॥ ২১ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। তদ্দর্শনধ্বস্ততমোরজোমলাঃ (তস্য ভগবতঃ দর্শনেন ধ্বস্তং নিরস্তং তমোরজোমলং যেষাং তে) প্রচেতসঃ এবং ব্রুবাণং পুরুষার্থভাজনং (পুরুষার্থং ভাজয়তি প্রাপয়তীতি তং) সুহৃত্তমং পরমহিতকর্ত্তারং, জনার্দ্দনং (জনয়তি সংসারং ইতি জনা অবিদ্যা তাং অর্দ্দয়তি নাশয়তি ইতি তথা তং) গদ্গদয়া স্খলিতাক্ষরয়া, গিরা বাচা, অগৃণন্ অস্তবন্ ॥২১

শ্রীধরস্বামী।

পুরুষার্থং ভাজয়তি প্রাপয়তীতি তথা তং ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুরুষার্থানাং ভাজনং পাত্রং। ধ্বস্ততমোরজসোঽপি যদ্দর্শনাৎ অমলাঃ। অদর্শনদুঃখ-মালিন্যরহিতা ইত্যর্থঃ ॥ ২১ ॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর! ভগবৎস্বরূপের সন্দর্শন-লাভে প্রচেতাগণের হৃদয়স্থ রাজসিক ও তামসিক মালিন্য অপনোদিত হইল। তাঁহারা সর্ব্বপুরুষার্থপ্রদ পরম-কারুণিক ভগবানের তাদৃশ বচনামৃত শ্রবণে পুলকিত হইলেন এবং গদ্গদ স্বরে সর্ব্বসংসারহারী জনার্দ্দনকে স্তব করিতে আরম্ভ করিলেন ॥ ২১ ॥

আভাস।

কোন ভোগেই অগ্রসর হউক্ না, তাহারা কখন সংসারে বদ্ধ হয় না। বরং বিষয়ের দোষ দেখিয়া এবং সর্ব্বফলদাতার অনুসন্ধান করিয়া, বিষয়ের বিরুদ্ধে ভগবানেই আসক্ত হইয়া থাকে। কর্ম্ম এবং ভোগ ভগবানকেই লক্ষ্য করায়; কিন্তু যাহারা নিতান্ত অনভিজ্ঞ ও বিষয়লম্পট, তাহাদের সেরূপ লক্ষ্য কিছু বিলম্বে হয়; এবং যাহারা সেই লক্ষ্যকেই লক্ষ্য করিয়া কার্য্যক্ষেত্রে অগ্রসর হইতে থাকে, তাহাদের সে লক্ষ্য অতি সত্বর বিশদ মূর্ত্তিতে নিকটে আগমন করে। পৃথু প্রহ্লাদ ধ্রুব ও মনু প্রভৃতিও এইরূপ আচরণে মুক্তিপদবী লাভ করিয়াছেন। ভগবানের অনুগ্রহ আরম্ভ হইলে, ভক্তকে আর বিষয়ের জন্য বিব্রত হইতে হয় না। তাঁহাদের আর বন্ধনের ভয় থাকে না। কারণ ভগবান্ তাঁহাদের হৃদয়মন্দিরে অবস্থান করত, নিত্য নবীন প্রেমপূর্ণ মূর্ত্তিতে দেখা দিয়া থাকেন। তাঁহার উৎসাহবর্দ্ধক আনন্দরসময় বিগ্রহ দর্শন করিলে, বিষয়ানন্দ তুচ্ছ হইয়া যায়। ভক্তহৃদয়ে এই সচ্চিদানন্দ বিগ্রহের আরোহণ করাকেই জ্ঞানিগণ ব্রহ্মজ্ঞান নামে উল্লেখ করিয়া থাকেন। জীব যদি পরমানন্দ-স্বরূপ সচ্চিদানন্দ বিগ্রহকে হৃদয়ে ধারণ করিতে পারে, তাহা হইলে তাহার "অস্তি, নাস্তি" প্রভৃতি সকল সন্দেহই অপনোদিত হয় এবং শোক, মোহ, হর্ষ, বিষাদও নিবৃত্ত হয় ॥ ১৯॥২০ ॥

প্রচেতস ঊচুঃ ॥

নমোনমঃ ক্লেশবিনাশনায় নিরূপিতোদারগুণাহ্বয়ায়।
মনোবচোবেগপুরোজবায় সর্ব্বাক্ষমার্গৈরগতাধ্বনে নমঃ ॥ ২২ ॥

শুদ্ধায় শান্তায় নমঃ স্বনিষ্ঠয়া মনস্যপার্থং বিলসদ্দ্বয়ায়।
নমো জগৎস্থানলয়োদয়েষু গৃহীতমায়াগুণবিগ্রহায় ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

প্রচেতসঃ ঊচুঃ। নমোনমঃ ক্লেশবিনাশনায়(ভক্তানাং ক্লেশং বিনাশয়তীতি তস্মৈ) নিরূপিতোদারগুণাহ্বয়ায় (শ্রেয়ঃসাধনত্বেন নিরূপিতাঃ অতএব উদারাঃ সর্ব্বপুরুষার্থ-প্রাপকাঃ গুণাঃ আহ্বয়াঃ নামানি চ যস্য তস্মৈ) মনোবচোবেগপুরোজবায় (মনোবচসোঃ বেগাদপি পুরঃ অগ্রতঃ জবঃ বেগঃ যস্য তস্মৈ) তথা সর্ব্বাক্ষমার্গৈঃ (সর্ব্বেষাং অক্ষাণাং ইন্দ্রিয়াণাং মার্গৈঃ) অগতাধ্বনে (অগতঃ অনবগতঃ অধ্বা মার্গঃ যস্য তস্মৈ) নমঃ ॥ ২২ ॥

স্বনিষ্ঠয়া স্বরূপস্থিত্যা, শুদ্ধায়, শান্তায় কামাদিদোষশূন্যায়, মনসি (দৃষ্টে) অপার্থং বৃথৈব বিলসদ্দ্বয়ায় (বিলসং স্ফুরিতং দ্বয়ং নিগৃহীতত্বং অনুগৃহীতত্বং যস্মিন্ তস্মৈ) নমঃ। জগৎ-স্থানলয়োদয়েষু (জগতঃ স্থানং পালনং লয়ঃ প্রলয়ঃ, উদয়ঃ উৎপত্তিঃ তেষু নিমিত্তেষু) গৃহীত-মায়াগুণবিগ্রহায় (গৃহীতাঃ মায়াগুণৈঃ সত্ত্বাদিভিঃ বিগ্রহাঃ ব্রহ্মবিষ্ণুরুদ্রমূর্ত্তয়ঃ যেন তস্মৈ) নমঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

বেদৈঃ সকলশ্রেয়ঃসাধনত্বেন নিরূপিতা উদারগুণা আহ্বয়া নামানি যস্য মনোবচসো-বেগাদপি পুরোঽগ্রতো জবো বেগো যস্য মনোবচসোরগোচরায়েত্যর্থঃ। অতএব সর্ব্বেষা-মক্ষাণাং মার্গৈরগতঃ অনবগতো অধ্বা মার্গো যস্য তস্মৈ তে নমঃ ॥ ২২ ॥

স্বনিষ্ঠয়া স্বরূপস্থিত্যা শুদ্ধায় ততঃ শান্তায় মনসি নিমিত্তে সতি অপার্থং ব্যর্থমেব বিলসৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিরূপিতা বেদৈরুক্তা উদারা গুণা আহ্বয়া নামানিচ যস্য তস্মৈ মনোবচসোর্বেগাদপি পুরোঽগ্রতো জবো বেগো যস্য তস্মৈ ॥ ২২ ॥

মনসি অপার্থং নিষ্প্রয়োজনং বিলসৎ দেদীপ্যমানমপি দ্বয়ং দ্বৈতং যস্মাত্তস্মৈ। যৎ

প্রচেতাগণ বলিলেন, হে ভক্তদুরিত-নিবারণ! শ্রেয়ঃসাধন সম্বন্ধে যত কিছু পুরুষার্থপ্রদ গুণ ও নাম আছে, আপনিই সেই সকল গুণে ও সকল নামে প্রকটিত হইয়া, আমাদের নয়ন সমীপে আবির্ভূত হইয়াছেন; আপনাকে প্রণাম করি! অথচ চিন্তায় বা বাক্যে আপনাকে পাওয়া যায় না। ইন্দ্রিয়-নিচয় স্ব স্ব গতিতে যতদূর অগ্রসর হইতে পারে, আপনি তাহা অতিক্রম করিয়া বিরাজ করিতেছেন; আপনাকে প্রণাম করি। ॥ ২২ ॥

আপনি স্বরূপত বিশুদ্ধ এবং রাগাদি মলবর্জ্জিত। যাহাদের চিত্ত সম্পূর্ণ

নমো বিশুদ্ধসত্ত্বায় হরয়ে হরিমেধসে।
বাসুদেবায় কৃষ্ণায় প্রভবে সর্ব্বসাত্বতাং ॥
নমঃ কমলনাভায় নমঃ কমলমালিনে।
নমঃ কমলপাদায় নমস্তে কমলেক্ষণ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

বিশুদ্ধসত্ত্বায় বিশুদ্ধসত্ত্বমূর্ত্তয়ে, হরিমেধসে (হরতি সংসারং মেধা জ্ঞানং যস্য তস্মৈ) হরয়ে ভক্তদুঃখহারকায়, সর্ব্বসাত্বতাং (সর্ব্বেষাং সাত্বতাং) ভক্তানাং প্রভবে পালকায় বাসুদেবায় বসুদেবপুত্রত্বেন প্রসিদ্ধায়, কৃষ্ণায় নমঃ ॥

কমলনাভায় (ব্রহ্মাণ্ডাত্মকং কমলং নাভৌ যস্য তস্মৈ) নমঃ কমলমালিনে (কমলানাং মালা বিদ্যতে যস্য তস্মৈ) নমঃ কমলপাদায় (কমলবৎ কোমলৌ পাদৌ যস্য তস্মৈ) নমঃ হে কমলেক্ষণ! (কমলবৎ ঈক্ষণে নেত্রে যস্য) তে তুভ্যং নমঃ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

বিস্ফুরিতং দ্বয়ং যস্মিন্ গৃহীতা মায়াগুণৈর্বিগ্রহাঃ ব্রহ্মাদিমূর্ত্তয়ো যেন ॥ ২৩ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাপ্তানাং মনসি বিবিধভোগযুক্তমপি জগন্নিষ্প্রয়োজনমেব স্যাদিত্যর্থঃ। গৃহীতা মায়াগুণময়া ব্রহ্মেন্দ্ররুদ্ররূপা বিগ্রহা যেন তস্মৈ ॥ ২৩ ॥ ২৪ ॥

বিশুদ্ধ নহে, তাদৃশ সমল-হৃদয়ে নিরর্থক আপনি তিরস্কারক ও পুরস্কারক এই উভয় ভাবে পরিচিত হইয়া থাকেন; আপনাকে প্রণাম করি! এই ব্রহ্মাণ্ডের উৎপত্তি, পালন ও সংহারকার্য্য সাধিবার জন্য, স্বকীয় মায়াগুণ অবলম্বনে ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্র মূর্ত্তিতে আপনিই আবির্ভূত হইয়াছেন ॥ ২৩ ॥

বিশুদ্ধ সত্ত্বময় মূর্ত্তি পরিগ্রহে যিনি ভক্তহৃদয়ের দুঃখ নিবারণ করেন, সংসার হইতে নিষ্কৃতি লাভের জ্ঞান যাঁহার স্বরূপে নিত্য বিরাজ করিতেছে, যিনি সাধক ভক্তগণকে নিরন্তর প্রতিপালন করিতেছেন, বসুদেবাত্মজনামে বিখ্যাত সেই ভগবান্ শ্রীকৃষ্ণকে আমরা প্রণাম করি! ॥

হে দেব! এই ব্রহ্মাণ্ডের উপাদানভূত পদ্ম আপনার নাভিকমল হইতেই সমুত্থিত হইয়াছে; সুকোমল কমলমালা আপনার গলদেশে শোভা পাইতেছে! কমল-বিনিন্দিত সুকোমল আপনার চরণকমলে আমরা প্রণাম করি! পদ্ম-পলাশবৎ লোচনযুগলের দ্বারা আমাদের প্রতি নিরীক্ষণ করত, আপনি আমাদের সকল তাপই হরণ করিতেছেন ॥ ২৪ ॥

পদ্ম-কিঞ্জল্কের ন্যায় শোভন পীতাম্বর পরিধানে যদিও আমাদের নয়নপথে অবলোকিত হইতেছেন বটে, কিন্তু ঐ কলেবরে এই অনন্ত ভূতনিচয় নির্ব্বি-

নমঃ কমলকিঞ্জল্কপিশঙ্গামলবাসসে।
সর্ব্বভূতনিবাসায় নমোঽযুঙ্ক্ষ্মহি সাক্ষিণে॥ ২৫॥
রূপং ভগবতা ত্বেতদশেষক্লেশসংক্ষয়ং।
আবিষ্কৃতং নঃ ক্লিষ্টানাং কিমন্যদনুকম্পিতং॥ ২৬॥
এতাবত্ত্বং হি বিভুভি র্ভাব্যং দীনেষু বৎসলৈঃ।

অন্বয়ঃ।

কমলকিঞ্জল্কপিশঙ্গামলবাসসে (কমলস্য কিঞ্জল্কাঃ কেশরাঃ তদ্বৎ পিশঙ্গে পীতে অমল-বাসসী যস্য তস্মৈ) সর্ব্বভূতনিবাসায় (সর্ব্বাণি ভূতানি নিবসন্তি যস্মিন্ তস্মৈ) সর্ব্বেষাং সাক্ষিণে তে তুভ্যং বয়ং নমঃ অযুঙ্ক্ষ্মহি কৃতবন্তঃ॥ ২৫॥

নঃ অস্মাকং, ক্লিষ্টানাং (অবিদ্যাদিভিঃ ক্লেশৈঃ ব্যাপ্তানাং) অশেষক্লেষসংক্ষয়ং (অশে-ষাণাং ক্লেশানাং সংক্ষয়ঃ যস্মাৎ তৎ তথাভূতং) এতৎ দৃশ্যমানং রূপং ভগবতা তু আবিষ্কৃতং প্রকটিতং; অতঃ অন্যং কিং অনুকম্পিতং অনুকম্পা॥ ২৬॥

হে অভদ্ররন্ধন! অমঙ্গলনাশন! দীনেষু বৎসলৈঃ কৃপালুভিঃ, বিভুভিঃ প্রভুভিঃ, এতা-

শ্রীধরস্বামী।

স্বতস্ত বিশুদ্ধসত্ত্বরূপায়। সংসারং হরতি মেধা জ্ঞানং যস্য তস্মৈ অযুঙ্ক্ষ্মহি কৃত-বন্তো বয়ং॥ ২৫॥

যদুক্তং বরং বৃণীধ্বমিতি তন্মনসি নিধায়াহুঃ রূপমিতি। সমস্তানাং ক্লেশানাং সংক্ষয়ো যস্মাৎ তৎ আবিষ্কৃতং প্রকটিতং অতোঽন্যৎ কিমনুকম্পিতং অনুকম্পা। ইয়মেবাস্মাকং পরমানুকম্পেত্যর্থঃ॥ ২৬॥

কুত ইত্যত আহুঃ। হে অভদ্ররন্ধন অমঙ্গলনাশন। ত্বন্ প্রত্যয়োঽত্র ন বিবক্ষিতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমোযুঙ্ক্ষ্মহি কৃতবন্তঃ॥ ২৫॥ ২৬॥

এতাবত্ত্বং এতাবদেব বিভুভিঃ প্রভুভি স্তত্রভবদ্ভিঃ যৎকালে স্বীয়সেবাকালে দাসবুদ্ধ্যা

বাদে অধিষ্ঠিত রহিয়াছে; অথচ অন্তর্যামিরূপে সকল জীবের হৃদয়েও আপনি বিরাজ করিতেছেন। আপনাকে প্রণাম করি!॥ ২৫॥

অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ নামক যে পঞ্চবিধ ক্লেশে জীব নিরন্তর অন্ধের ন্যায় পরিভ্রমণ করিয়া থাকে, আপনি আমাদের সেই যাবতীয় ক্লেশের নিবারণার্থ যখন এই মোহন মূর্ত্তি প্রকাশে আমাদের নিকট আবির্ভূত হইয়াছেন, তখন আর এতদপেক্ষা অন্য অনুকম্পা প্রকাশের কার্য্য আর কি হইতে পারে?॥ ২৬॥

হে অমঙ্গলনিবারণ! দীন দুঃখিগণের প্রতি কৃপালু প্রভুগণের এইরূপ

যদনুস্মর্য্যতে কালে স্ববুদ্ধ্যাভদ্ররন্ধন ॥ ২৭ ॥
যেনোপশান্তির্ভূতানাং ক্ষুল্লকানামপীহতাং।
অন্তর্হিতোঽন্তর্হৃদয়ে কস্মান্নোবেদ নাশিষঃ ॥ ২৮ ॥
অসাবেব বরোঽস্মাকমীপ্সিতো জগতঃ পতে।

অন্বয়ঃ।

বংহি এব ভাব্যং কার্য্যং যৎ (এতাঃ অস্মদীয়াঃ ইতি) স্ববুদ্ধ্যা কালে সেবাদিকালে, অনুস্মর্য্যতে ॥ ২৭ ॥

যেন অনুস্মরণেন ভূতানাং উপশান্তিঃ সর্ব্বক্লেশনিবৃত্তিঃ ভবতি। যতঃ ক্ষুল্লকানাং অতি-তুচ্ছানাং প্রাণিনাং অপি অন্তর্হৃদয়ে অন্তর্হিতঃ সাক্ষিতয়া স্থিতঃ, ভবান্ অতঃ ঈহতাং ইচ্ছতাং, নঃ অস্মাকং, আশিষঃ মনোরথান্, কস্মাৎ ন বেদ ন জানাতি ॥ ২৮ ॥

হে জগতঃ পতে! যেষাং অপবর্গগুরুঃ (অপবর্গস্য মোক্ষস্য গুরুঃ মার্গপ্রদর্শনেন দাতা)

শ্রীধরস্বামী।

এতাবদেব দীনেষু বৎসলৈঃ প্রভুভিঃ ভাব্যং কার্য্যং। কিং তত্তদাহ যদিতি। অস্মদীয়া এত ইতি বুদ্ধ্যা উচিতে কালে অনুস্মর্য্যত ইতি যৎ। ত্বয়াতু রূপমপি দর্শিতামতি ভাবঃ ॥ ২৭ ॥

যেনানুস্মরণেন স্মৃতানাং তেষাং উপশান্তিঃ সুখং ভবতি। কিঞ্চ ক্ষুল্লকানামপি ভূতানামন্তর্হৃদয়ে অন্তর্হিতঃ অন্তর্যামিত্বেন স্থিতো ভবান্ ঈহতাং ইচ্ছতাং ত্বদুপাসকানাং নোঽস্মাকং আশিষঃ কস্মাদ্ধেতোর্ন বেদ জানাত্যেবেত্যর্থঃ ॥ ২৮ ॥

তথাপি বক্তব্যং চেত্তর্হি যোঽয়মস্মাকং ভগবান্ প্রসন্ন অসাবেব বরঃ ভবৎপ্রসাদ এবাস্মাক-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্মর্য্যতে হে অভদ্রহন্তঃ ॥ ২৭ ॥

যেন ত্বং কর্ত্তৃকানুস্মরণেনৈব তেষামুপশান্তিঃ সুখং ক্ষুল্লকানাং ক্ষুদ্রাণামপি ইহ তাং সকামানামপি নোঽস্মাকং অন্তর্হৃদয়মধ্যে বর্ত্তমানঃ সন্নস্মাকমাশিষঃ কামান্ কস্মান্ন বেদ কীদৃশঃ অতঃ অন্তঃকরণানাং হিতং শুদ্ধির্যস্মাৎ সঃ ॥ ২৮ ॥

তদপি বাচাপ্যুচ্যত ইত্যাহুঃ। অসাবিতি অপবর্গান্মোক্ষাদপি গুরুস্ত্বমেব যদি প্রাপ্তস্তদা

চিন্তা করা বিধেয় যে, "ইহারা আমার"; এবং যখন তাদৃশ ভৃত্যগণ সেবা করে, তখন তাহাদিগের প্রতি একটু স্মরণ রাখা স্বামিগণের নিতান্তই কর্ত্তব্য ॥ ২৭ ॥

হে শরণাগত-জনপালক! যাহারা আপনার স্মরণে স্থান পায়, তাহাদের কি আর কোন দুঃখ থাকে? তাহারা যাবতীয় দুঃখের হস্ত হইতে চিরকালের জন্য নিষ্কৃতি পায়, সন্দেহ নাই। হে দীননাথ! অতি তুচ্ছ জীবের অন্তরেও অবস্থান পূর্ব্বক, তাহাদের অন্তরের ভাব যখন সকলই আপনি পরিজ্ঞাত আছেন, তখন সাক্ষিরূপে আমাদের হৃদয়েও বিদ্যমান থাকিয়া আমাদেরও মনোবাসনা সকলই অবগত আছেন, সন্দেহ নাই ॥ ২৮ ॥

প্রসন্নো ভগবান্ যেষামপবর্গগুরুর্গতিঃ ॥ ২৯ ॥
বরং বৃণীমহেঽথাপি নাথ ত্বৎপরতঃ পরাৎ।
ন হ্যন্তো যদ্বিভূতীনাং সোঽনন্ত ইতি গীয়সে ॥ ৩০ ॥
পারিজাতেঽঞ্জসা লব্ধে সারঙ্গোঽন্যন্ন সেবতে।

অন্বয়ঃ।

গতিঃ পুরুষার্থস্বরূপঃ, ভগবান্ ঐশ্বর্য্যাদিষড়্গুণবান্ প্রসন্নঃ জাতঃ, তেষাং অস্মাকং অসৌ ভগবৎপ্রসাদঃ এব ঈপ্সিতঃ বরঃ ন অন্যঃ ॥ ২৯ ॥

অথাপি তথাপি, হে নাথ! পরতঃ ব্রহ্মাদিভ্যঃ, অপি পরাৎ, ত্বং ত্বত্তঃ, একং বরং বৃণীমহে; হি যস্মাৎ ত্বদ্বিভূতীনাং ঐশ্বর্য্যাদীনাং অন্তঃ নাস্তি অতঃ যঃ ত্বং অনন্তঃ ইতি গীয়সে ॥ ৩০ ॥

যথা পারিজাতে বৃক্ষে, অঞ্জসা অনায়াসেন, লব্ধে সতি সারঙ্গঃ ভ্রমরঃ, অন্যং বৃক্ষান্তরং ন

শ্রীধরস্বামী।

মপীপ্সিতো বর ইত্যর্থঃ। অপবর্গগুরুঃ মোক্ষমার্গপ্রদর্শকঃ। গতিঃ স্বতশ্চ পুরুষার্থভূতঃ ॥ ২৯ ॥

যদ্যপ্যেবং তথাপি হে নাথ ত্বং ত্বত্তঃ বরমেকং বৃণীমহে কথম্ভূতাৎ পরতঃ কারণাদপি পরাৎ অক্ষরাৎ। পরতঃ পর ইতি শ্রুতেঃ। অতো যদ্যপি ত্বং দাতুং সমর্থঃ নচ দেয়ানাং ত্বদ্বিভূতীনামন্তোঽস্তি। যতোঽনন্তবিভূতিত্বাৎ অনন্ত ইতি গীয়সে ॥ ৩০ ॥

তথাপি যথা সারঙ্গো ভ্রমরঃ পারিজাতে সুখেন লব্ধে সতি সুলভমপ্যন্যং বৃক্ষান্তরং ন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মোক্ষপর্য্যন্তৈ র্ব্বরৈরলমিতি ভাবঃ ॥ ২৯ ॥

অন্যোঽপি কশ্চিদেকো বরোঽস্মাকমীপ্সিতোঽস্তীত্যাহুঃ। বরমিতি হে নাথ যস্মাত্ত্বদ্বিভূতীনাং দেয়ানামন্তো নাস্তীত্যতঃ স বরস্ত্বয়াবশ্যদেয় এবেতি ভাবঃ ॥ ৩০ ॥

ব্রিয়ন্তাং তর্হি যথেষ্টমনেকে এব বরা ইতি চেন্নৈবং ত্বচ্চরণাম্বুজমেবাস্মাকং বরণীয়ং তন্মাধুর্য্যাস্বাদপ্রাপ্ত্যর্থমেব কশ্চিদেকো বরোঽভীষ্টোঽস্তি তং বিনা বহূনন্যান্ বরান্ন বৃণীম হে

হে জগৎপতে! অপবর্গদাতা গুরু এবং সর্ব্বপুরুষার্থস্বরূপ সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন ভগবান্ যাহাদিগের উপর প্রসন্ন হন, তাদৃশ সৌভাগ্যবান্ আমাদের ন্যায় পুরুষের পক্ষে উক্ত ভগবানের প্রসন্নতাই কি অভিলষিত বর নহে? আমরা তদপেক্ষা অন্য কিছুই আর বর বলিয়া মনে করি না ॥ ২৯ ॥

কিন্তু তথাপি আপনার নিকট একটী বর প্রার্থনা করিতেছি! আপনি বিশ্ববিধাতা ব্রহ্মাদিরও দুরারাধ্য; আপনার ঐশ্বর্য্যের অন্ত নাই; এই নিমিত্ত শাস্ত্রাদিতে আপনি অনন্তনামে অভিহিত হইয়া থাকেন ॥ ৩০ ॥

পারিজাত বৃক্ষ অনায়াসে প্রাপ্ত হইলে, মধুকর যেমন অন্য কোন পুষ্পো-

ত্বদঙ্ঘ্রিমূলমাসাদ্য সাক্ষাৎ কিং কিং বৃণীমহে ॥ ৩১ ॥
যাবত্তে মায়য়া স্পৃষ্টা ভ্রমাম ইহ কর্ম্মভিঃ।
তাবদ্ভবৎপ্রসঙ্গানাং সঙ্গঃ স্যান্নো ভবে ভবে ॥ ৩২ ॥
তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবং।

অন্বয়ঃ।

সেবতে তথা সাক্ষাৎ ত্বদঙ্ঘ্রিমূলং আসাদ্য প্রাপ্য, বয়ং কিং কিং বরান্তরং, বৃণীমহে ন কিঞ্চিদিত্যর্থঃ ॥ ৩১ ॥

তে তব মায়য়া স্পৃষ্টাঃ মোহিতাঃ, সন্তঃ স্বকর্ম্মভিঃ ইহ সংসারে যাবৎ বয়ং ভ্রমামঃ তাবৎ নঃ অস্মাকং, ভবে ভবে জন্মনি জন্মনি, ভবৎপ্রসঙ্গানাং (ভবতি প্রসঙ্গঃ যেষাং তেষাং ভক্তানাং) সঙ্গঃ স্যাৎ ইতি বৃণীমহি ॥ ৩২ ॥

ভগবৎসঙ্গিসঙ্গস্য (ভগবতঃ তব সঙ্গিনঃ সঙ্গস্য) লবেন অপি কালেন ন স্বর্গং নাপি অপু-

শ্রীধরস্বামী।

সেবতে তথা বয়মপি সাক্ষাৎ ত্বদঙ্ঘ্রিমূলং প্রাপ্য কিং কিং বৃণীমহি ন কিঞ্চিদিত্যর্থঃ। যদ্বা কিমন্যৎ তুচ্ছং কিমর্থং বৃণীমহি যদ্বা যদি বৃণীমহি তর্হি কিং কিং বৃণীমহি অনন্তত্বেন মনোরথানাং অনবস্থানাদিত্যর্থঃ ॥ ৩১ ॥

অতএতাবদেব প্রার্থয়ামহে ইত্যাহুঃ যাবদিতি। স্পৃষ্টা ব্যাপ্তাঃ সন্তঃ। ভবতি প্রকৃষ্টঃ সঙ্গো যেষাং তেষাং সঙ্গোঽস্মাকং স্যাৎ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইত্যাহুঃ পারীতি ত্রিভিঃ। সারঙ্গো ভ্রমরঃ অন্যদ্বৃক্ষান্তরং। ননু পারিজাতাৎ কল্পদ্রুমাদেব প্রকামমভিবাঞ্ছিতান্ বহূনর্থান্ গৃহ্ণাতু তত্রাহ সারঙ্গ ইতি সারঙ্গস্য মকরন্দমাত্রগ্রাহিত্বাদস্তুতরেষু বাঞ্ছেব নোৎপদ্যতে যথা তথৈব ত্বদঙ্ঘ্রিমূলং প্রাপ্য কিং কিং বৃণীমহি অপিচ ত্বচ্চরণমকরন্দং বিনা ন কিমপীত্যর্থঃ ॥ ৩১ ॥

ঈপ্সিতস্ত্বমস্মাকমেকোঽয়মেব বর ইত্যাহুঃ যাবত্তে ইতি ভবৎপ্রসঙ্গানাং ভক্তজনানাং ॥৩২
ননু মায়য়া স্পৃষ্টা ইত্যুক্ত্যা মায়াজয়ার্থং সাধুসঙ্গং প্রার্থয়ধ্বে চেন্মোক্ষমেব সাক্ষাৎ কিং

শোভিত বৃক্ষের সমীপে মধু বা অন্য কোন সামগ্রীর ভিক্ষা করিতে অগ্রসর হয় না, সেইরূপ যাবতীয় পুরুষার্থ-প্রদানের মূলস্বরূপ ভবদীয় চরণারবিন্দ প্রাপ্ত হইয়া, আমরা আবার অন্য কি বর গ্রহণ করিব? আমাদের আর অন্য কোন বরের প্রয়োজন নাই? ॥ ৩১ ॥

তবে আপনার নিকট আমাদের এই প্রার্থনীয় যে, আপনার মায়ায় মোহিত হইয়া স্ব স্ব কর্ম্মানুসারে আমরা এই সংসারে নিরন্তর ভ্রমণ করিতেছি; এক্ষণে যখন যে কোন যোনি ধারণে জন্ম গ্রহণ করিব, সেই সেই জন্মে যেন ভবদীয় ভক্তগণের সংসর্গ লাভ হয়, এই মাত্র প্রার্থনা ॥ ৩২ ॥

ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্যানাং কিমুতাশিষঃ ॥ ৩৩ ॥
যত্রেড্যন্তে কথা মৃষ্টা স্তৃষ্ণায়াঃ প্রশমো যতঃ।
নির্ব্বৈরং যত্র ভূতেষু নোদ্বেগো যত্র কশ্চন ॥
যত্র নারায়ণঃ সাক্ষাদ্ভগবান্ ন্যাসিনাং গতিঃ।

অন্বয়ঃ।

নর্ভবং মোক্ষং তুলয়াম তুল্যতয়া ন গণয়াম, তদা মর্ত্ত্যানাং আশিষঃ রাজ্যভোগান্, ন তুলয়াম ইতি কিমুত বক্তব্যং ॥ ৩৩ ॥

যত্র ভগবদ্ভক্তসমাজে, মৃষ্টাঃ পবিত্রাঃ কথাঃ ঈড্যন্তে ভক্তৈঃ স্তূয়ন্তে, যতঃ যাভ্যঃ কথাভ্যঃ, তৃষ্ণায়াঃ বিষয়ভোগবিষয়িণ্যাঃ, প্রশমঃ ভবতি, যত্র ভূতেষু নির্ব্বৈরঃ বৈরাভাবঃ, ভবতি যত্র কশ্চন উদ্বেগঃ ন ভবতি ॥

যত্র চ সংকথাসু মুক্তসঙ্গৈঃ নিরপেক্ষৈঃ ভগবদ্ভক্তৈঃ ন্যাসিনাং বীতরাগাণাং গতিঃ ফল-

শ্রীধরস্বামী।

ননু রাজ্যভোগান্ স্বর্গাপবর্গৌ চ বিহায় কিমিদং প্রার্থ্যতে তত্রাহুঃ তুলয়ামেতি। ভগবৎ-সঙ্গিনাং সঙ্গস্য লবেনাপি ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন গৃহ্নীতেত্যত আহুঃ তুলয়ামেতি অয়মর্থঃ। যাবন্তো বরণীয়া বরাস্তে সর্ব্বে স্বর্গমোক্ষান্তঃ-পাতিন এবানুভূতাঃ সাধুসঙ্গস্যাতু স্বর্গমোক্ষাভ্যাং পরঃ সহস্রাধিক্যমবগম্যতে যতঃ সাধুসঙ্গে সতি ত্বদ্রূপগুণকথামাধুর্য্যাস্বাদো ভবেৎ সচ সর্গসুখাৎ ত্বদীয় নির্ব্বিশেষস্বরূপব্রহ্মসুখা-দপি কোটিকোটিগুণাধিকঃ। নাহং বসামি বৈকুণ্ঠে যোগিনাং হৃদয়ে নচ। মদ্ভক্তা যত্র গায়ন্তি তত্র তিষ্ঠামি নারদেত্যাদি ত্বদুক্ত্যা সর্ব্বসুখদাতু স্তবাপি পরমসুখপ্রদ ইত্যত একঃ সাধুসঙ্গএব ব্রিয়তে ইতি ॥ ৩৩ ॥

সচ সাধুসঙ্গঃ সিদ্ধভক্তানাং সাধকভক্তানাঞ্চ সর্ব্বথৈব পরমোপাদেয় ইত্যাহুঃ যত্র যেষু ভক্তেষু যতো যাভ্যঃ কথাভ্যঃ তীর্থানাং পাবনেচ্ছয়া স্নানাদিভিরস্মান্ পুনন্তিতি তীর্থকর্ত্তৃকায়া

ভগবদ্ভক্তের সঙ্গ নিতান্তই দুর্ল্লভ; ইহার ক্ষণ বা লব মাত্র কালের সহিতও আমরা স্বর্গসুখ, এমন কি! মুক্তিকে পর্য্যন্ত যখন তুলনা করি না, তখন সামান্য মানবের রাজ্যভোগাদি সুখের সহিত আর কি তুলনা করিব? ॥ ৩৩ ॥

যে স্থানে ভগবদ্ভক্তের একত্র মিলন হয়, তথায় পবিত্র ভগবানের কথারই আলোচনা হইয়া থাকে; সে সব কথার আন্দোলনে বিষয়তৃষ্ণা তিরোহিত হইয়া যায়; হৃদয়ে বৈরাগ্যের উদয়ে বৈরভাব বিনিবৃত্ত হয়; জীবের আর কোন উদ্বেগ থাকে না ॥

মুক্তসঙ্গ বীতরাগ মুনিগণ ঐ সমস্ত কথার আলোচনায় পরম ফলস্বরূপ

প্রস্তূয়তে সৎকথাসু মুক্তসঙ্গৈঃ পুনঃ পুনঃ ॥ ৩৪ ॥
তেষাং বিচরতাং পদ্ভ্যাং তীর্থানাং পাবনেচ্ছয়া।
ভীতস্য কিং ন রোচেত তাবকানাং সমাগমঃ ॥ ৩৫ ॥
বয়ন্তু সাক্ষাৎ ভগবন্ ভবস্য প্রিয়স্য সখ্যুঃ ক্ষণসঙ্গমেন।
সুদুশ্চিকিৎসস্য ভবস্য মৃত্যো র্ভিষক্তমং ত্বাদ্য গতিং গতাঃ স্ম ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

স্বরূপঃ সাক্ষাৎ ভগবান্ নারায়ণঃ পুনঃ পুনঃ প্রস্তূয়তে ॥ ৩৪ ॥

অতঃ তীর্থানাং (অপি দুষ্টসঙ্গাৎ দুষ্টানাং) পাবনেচ্ছয়া পদ্ভ্যাং বিচরতাং তেষাং তাবকানাং ভক্তানাং, সমাগমঃ (সংসারাৎ) ভীতস্য কি ন রোচেত রুচিং উৎপাদয়েৎ এব ॥ ৩৫ ॥

হে ভগবন্! তব প্রিয়স্য সখ্যুঃ ভবস্য রুদ্রস্য, ক্ষণসঙ্গমেন হেতুনা সুদুশ্চিকিৎসস্য অতিপ্রযত্নেন নিবর্ত্তয়িতুং অশক্যস্য, ভবস্য জন্মনঃ, মৃত্যোঃ মরণস্য, চ ভিষক্তমং সদ্বৈদ্যং, ত্বা ত্বাং, অদ্য সাক্ষাৎ বয়ং গতিং গতাঃ শরণং প্রাপ্তাঃ স্ম ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

তৎসঙ্গস্য শ্রৈষ্ঠ্যং প্রপঞ্চয়তি যত্রেতি ত্রিভিঃ। যত্র যেষু যতো যাভ্যঃ কথাভ্যঃ নির্বৈরং বৈরাভাবঃ ॥ ৩৪ ॥

পদ্ভ্যাং পাবনেচ্ছয়া। সংসারাদ্ভীতস্য ॥ ৩৫ ॥

সৎসঙ্গফলমস্মাভিরেবানুভূতমিত্যাহুঃ বয়ন্ত্বিতি। তব যঃ প্রিয়ঃ সখা তস্য ভবস্য অত্যন্তমচিকিৎসস্য ভবস্য জন্মনো মৃত্যোশ্চ ভিষক্তমং সদ্বৈদ্যং ত্বাং গতিং প্রাপ্তাঃ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পাবনেচ্ছা তয়া হেতুভূতয়া তীর্থানাং স্বভাদৃষ্টবশাদেবেত্যর্থঃ। ভক্তানান্তু তীর্থেভ্যঃ স্বপাবনেচ্ছয়ৈব প্রয়োজনং সম্ভবং জ্ঞেয়ং। ভীতস্য সংসারাৎ ॥ ৩৪ ॥ ৩৫ ॥

এবঞ্চাভীষ্টবরস্ত্বংপ্রাপ্তিরেব তস্যাস্ত্বংপ্রাপ্তেঃ ফলং সাধুসঙ্গ এবাস্মাকং ত্বৎপ্রাপ্তেঃ সাধনঞ্চ সাধুসঙ্গ এবেত্যাহুঃ। বয়ন্ত্বিতি তব যঃ প্রিয়ঃ সখা তস্য। ভবস্য জন্মনঃ। মৃত্যোর্মরণস্যেতি রোগদ্বয়স্য সদ্বৈদ্যং ত্বাং গতিং প্রাপ্তাঃ ॥ ৩৬ ॥

সাক্ষাৎ ভগবান্ নারায়ণই পুনঃ পুনঃ পূজিত ও আরাধিত হইয়া থাকেন ॥ ৩৪

অতএব পাপীজনের সংস্রবে কলুষিত তীর্থসমূহের দূরিত নিবারণার্থ যে সকল ভবদীয় ভক্ত সাধুগণ পদব্রজে জগতীতলের সর্ব্বত্র বিচরণ করিয়া থাকেন, তাদৃশ ভক্তগণের সমাগমকে ভবভয়ে ভীত ব্যক্তি কি বিশেষ আদরের সহিত গ্রহণ করিবে না! ॥ ৩৫ ॥

হে ভগবন্! আপনার প্রিয়পাত্র পরম সুহৃদ্ দেবদেব ত্রিলোচনের সঙ্গ আমরা ক্ষণকালের নিমিত্ত প্রাপ্ত হইয়া, এই জন্ম-মৃত্যুরূপ ভীষণ ব্যাধির

যন্নঃ স্বধীতং গুরবঃ প্রসাদিতা বিপ্রাশ্চ বৃদ্ধাশ্চ সদানুবৃত্ত্যা।
আর্য্যা নতাঃ সুহৃদো ভ্রাতরশ্চ সর্ব্বাণি ভূতান্যনসূয়য়ৈব। ৩৭ ॥
যন্নঃ সুতপ্তং তপ এতদীশ নিরন্ধসাং কালমদভ্রমপ্সু।
সর্ব্বং তদেতৎ পুরুষস্য ভূম্নো বৃণীমহে তে পরিতোষণায় ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

যৎ নঃ অস্মাভিঃ, সু সম্যক্ অধীতং বেদাধ্যয়নং কৃতং, তথা গুরবঃ উপদেষ্টারঃ, বিপ্রাঃ, বৃদ্ধাঃ কুলবৃদ্ধাঃ পিত্রাদয়ঃ, আর্য্যাঃ সদাচারপরাঃ, সুহৃদঃ মিত্রাণি, ভ্রাতরঃ অন্যানি সর্ব্বাণি ভূতানি প্রাণিনঃ, অনসূয়য়া শুদ্ধভাবেন, এব নতাঃ নমস্কৃতাঃ, সদানুবৃত্ত্যা সদাচারেণ, প্রসাদিতাঃ চ ॥ ৩৭ ॥

হে ঈশ! (এতাবন্তং কালং) অপ্সু জলে স্থিতানাং নিরন্ধসাং নিরন্নানাং, নঃ অস্মাকং, যৎ এতৎ সুতপ্তং সম্যক্ অনুষ্ঠিতং, এতএব অদভ্রং অত্যুগ্রং, তপঃ তদেতৎ সর্ব্বং অনুষ্ঠানং ভূম্নঃ ব্যাপকস্য, পুরুষস্য সর্ব্বান্তর্যামিণঃ, তে তব পরিতোষণায় ভবতু ইতি বয়ং বৃণীমহে ॥৩৮॥

শ্রীধরস্বামী।

বরান্তরং বৃণুতে যন্ন ইতি দ্বাভ্যাং। নতাঃ নমস্কৃতাঃ ॥ ৩৭ ॥

নিরন্ধসাং নিরন্নানাং। অদভ্রং বহুকালং। তে পরিতোষণায় ভবত্বিতি ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বয়মজ্ঞা স্বৎপরিতোষসাধনং নৈব জানীম স্তদপি স্বেচ্ছয়া যদযৎ কৃতং তেনাপি ত্বং প্রসীদেত্যাশাসতে যন্ন ইতি বৃদ্ধা জ্ঞানাধিকা আর্য্যা ভক্ত্যধিকাঃ ভূতানি প্রসাদিতানীতি শেষঃ ॥ ৩৭ ॥

নিরন্ধসাং নিরন্নানাং। অদভ্রমনল্পং কালং ॥ ৩৮ ॥

হস্ত হইতে অব্যাহতি পাইবার জন্য, আপনার ন্যায় ভিষক্‌শিরোমণির সন্দর্শন লাভে, শরণাগত হইতে সক্ষম হইয়াছি ॥ ৩৬ ॥

আমরা যে সম্যক্‌রূপে বেদ অধ্যয়ন করিয়াছি; উপদেষ্টা গুরু, ব্রাহ্মণ, কুলবৃদ্ধ পিত্রাদিগণ, সদাচারসম্পন্ন আচার্য্যগণ এবং সুহৃদ্ মিত্র ভ্রাতা বন্ধু বান্ধব ও অন্যান্য প্রাণিবর্গকে বিশুদ্ধভাবে অভিবাদনাদি করিয়াছি এবং সদাচারের দ্বারা তাঁহাদিগের তুষ্টিসাধন করিয়াছি ॥ ৩৭ ॥

হে জগৎপতে! এতদ্ব্যতীত আমরা এতকাল সলিলে নিমগ্ন থাকিয়া বিনা ভোজনে যে ঘোরতর তপস্যার অনুষ্ঠান করিয়াছি, সেই যাবতীয় তপস্যার ফল এবং যে কিছু পুণ্যাবহ অনুষ্ঠান করিয়াছি, সেই সমস্তই যেন সর্ব্বান্তরাত্মা সর্ব্বব্যাপী পরমপুরুষ আপনার সন্তোষের কারণ হয়, এই মাত্র বর আপনার নিকট আমরা প্রার্থনা করিতেছি ॥ ৩৮ ॥

মনুঃ স্বয়ম্ভুর্ভগবান্ ভবশ্চ যেঽন্যে তপোজ্ঞানবিশুদ্ধসত্ত্বাঃ।
অদৃষ্টপারা অপি যন্মহিম্নঃ স্তুবন্ত্যথো ত্বাত্মসমং গৃণীমঃ॥ ৩৯॥
নমঃ সমায় শুদ্ধায় পুরুষায় পরায়চ।
বাসুদেবায় সত্ত্বায় তুভ্যং ভগবতে নমঃ॥ ৪০॥

অন্বয়ঃ।

মনুঃ স্বয়ম্ভুঃ ভগবান্ ভবঃ চ তথা তপোজ্ঞানবিশুদ্ধসত্ত্বাঃ (তপোজ্ঞানাভ্যাং বিশুদ্ধং সত্ত্বং অন্তঃকরণং যেষাং তে তথাভূতাঃ) যে অন্যে বিদ্যন্তে তথাবিধাঃ অপি তে যন্মহিম্নঃ (যস্য মহিম্নঃ) অদৃষ্টপারাঃ (ন দৃষ্টঃ পারঃ অন্তঃ যৈঃ তে) ত্বা ত্বাং, আত্মসমং স্বজ্ঞানানুরূপং, স্তুবন্তি অথো তথা বয়ং আত্মসমং গৃণীমঃ স্তুমঃ॥ ৩৯॥

সমায় শত্রুমিত্রাদিদৃষ্টিশূন্যায়, শুদ্ধায় রাগাদিবর্জ্জিতায়, পরায় সর্ব্বোত্তমায় পুরুষায় সর্ব্বান্তর্যামিণে, বাসুদেবায় সর্ব্বাধারভূতায়, সত্ত্বায় সত্ত্বমূর্ত্তয়ে, ভগবতে সর্ব্বৈশ্বর্য্যপূর্ণায়, তুভ্যং নমোনমঃ॥ ৪০॥

শ্রীধরস্বামী।

অজ্ঞানামপ্যস্মাকং ত্বৎস্তুতি র্নাযুক্তেত্যাহুঃ মনুরিতি। যস্য তব মহিম্নো ন দৃষ্টং পারং যৈ স্তেঽপি ত্বাং আত্মসমং স্বশক্ত্যনুরূপং যথা স্তুবন্তি। অথো অতঃ বয়মপি গৃণীমঃ॥ ৩৯॥

সত্ত্বমূর্ত্তয়ে বাসুদেবায়॥ ৪০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অজ্ঞানামপ্যস্মাকং ত্বৎস্তুতি র্নাযুক্তেত্যাহুঃ। মনুরিতি ত্বন্মহিম্নো ন দৃষ্টা পারা ইতি পরমবিজ্ঞা অপি তে ত্বন্মহিমন্যজ্ঞা এব যথা স্তুবন্তি তথৈব বয়মপ্যজ্ঞতমা অপি আত্মসমং স্বশক্ত্যনুরূপমেব স্তুমঃ॥ ৩৯॥

সত্ত্বায় শুদ্ধসত্ত্বমূর্ত্তয়ে॥ ৪০॥

স্বয়ম্ভু, মনু ও ত্রিপুরান্তকারী ত্রিলোচন এবং তপোজ্ঞানবিশিষ্ট বিশুদ্ধ-হৃদয় অন্যান্য মহামনা ব্যক্তিগণও যখন আপনার মহিমা অবধারণে সক্ষম না হইয়াও, স্ব স্ব জ্ঞান ও শক্তি অনুসারে আপনার স্তব করিয়াছেন, তখন আমা-দিগের ন্যায় সামান্যজ্ঞান ব্যক্তি স্ব স্ব সামর্থ্য ও জ্ঞান অনুসারে আপনার স্তব করিব, তাহাতে আর বিচিত্র বা বাধা কি হইতে পারে? জন্য জগতে জনয়ি-তার প্রকৃত মহিমা বর্ণনে সকলেই যে অসমর্থ, তাহাতে আর সন্দেহ নাই।৩৯॥

শত্রু মিত্র, ভক্ত অভক্ত এবং জ্ঞানী ও অজ্ঞানী এতদুভয়ের প্রতিই আপনি তুল্যরূপে দৃষ্টি করিয়া থাকেন। রাগাদি দোষ আপনাকে স্পর্শ করিতে পারে না; আপনি সর্ব্বভূতের অন্তর্য্যামী মহাপুরুষ, বিশ্ব সংসারের আধারভূত বাসুদেব এবং প্রকৃতির অতীত সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন সত্ত্বমূর্ত্তি নারায়ণ! আপনাকে প্রণাম করি!॥ ৪০॥

মৈত্রেয় উবাচ ॥

ইতি প্রচেতোভিরভিষ্টুতো হরিঃ প্রীতস্তথেত্যাহ শরণ্যবৎসলঃ।

অনিচ্ছতাং যানমতৃপ্তচক্ষুষাং যযৌ স্বধামানপবর্গবীর্য্যঃ ।। ৪১ ।।

অথ নির্যায় সলিলাৎ প্রচেতস উদন্বতঃ।

বীক্ষ্যাকুপ্যন্ দ্রুমৈশ্ছন্নাং গাংগাং রোদ্ধুমিবোচ্ছ্রিতৈঃ ।। ৪২ ।।

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। ইতি এবং প্রচেতোভিঃ অভিষ্টুতঃ শরণ্যবৎসলঃ হরিঃ প্রীতঃ সন্ তথা ইতি আহ [(যৎ ভবদ্ভিঃ প্রার্থিতং তৎ তথা অস্তু ইতি) তথা অতৃপ্তচক্ষুষাং (দর্শনেন ন তৃপ্তানি চক্ষূংষি যেষাং তেষাং সম্বন্ধে তস্য যানং প্রয়াণং, অনিচ্ছতাং অপি অপবর্গবীর্য্যঃ অকুণ্ঠিতবৈরাগ্যশক্তিঃ ভগবান্ স্বধাম বৈকুণ্ঠং, যযৌ ॥ ৪১ ॥

অথ অনন্তরং প্রচেতসঃ উদন্বতঃ সমুদ্রস্য, সলিলাৎ নির্যায় নির্গম্য, গাং স্বর্গং, রোদ্ধুং ইব উচ্ছ্রিতৈঃ দ্রুমৈঃ গাং মহীং, ছন্নাং বীক্ষ্য অকুপ্যন্ ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

যানং প্রয়াণমনিচ্ছতামপি সতাং স্বধাম যযৌ। অনপবর্গবীর্য্যঃ অকুণ্ঠিতপ্রভাবঃ ॥ ৪১ ॥

উদন্বতঃ সিন্ধোঃ সলিলাৎ নির্যায় নির্গম্য গাং স্বর্গং রোদ্ধুমিবোৎশ্রিতৈঃ দ্রুমৈঃ গাং মহীং ছন্নাং বীক্ষ্য দ্রুমেভ্যোঽকুপ্যন্। তদাহি প্রাচীনবর্হিষঃ প্রব্রজিতত্বাৎ। অরাজকে কর্ষণাদ্য-ভাবাৎ দ্রুমৈঃ ভূমিশ্ছন্নাঽভূৎ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনপবর্গবীর্য্যঃ অকুণ্ঠপ্রভাবঃ ॥ ৪১ ॥

গাং পৃথ্বীং। গাং স্বর্গং। রোদ্ধুমাবরিতুমিব অকুপ্যন্নিত্যহো শ্রীভগবদাদিষ্টং রাজ্যং ক করবাম তদাজ্ঞাপালনঞ্চ ভৃত্যা বয়ং কথং জিহাসাম ইহ পুনরমী বৃক্ষাএব পৃথ্বীমাবক্রঃ স্বর্গঞ্চেতি জিঘৃক্ষন্তি তর্হি মনুষ্যাঃ ক স্থাস্যন্তীত্যনয় এব কোপে হেতুঃ ॥ ৪২ ॥

শরণাগত-জন-পালক ভগবান্ নারায়ণ প্রচেতাগণ কর্ত্তৃক এই প্রকারে অভিবন্দিত হইয়া, তাঁহাদের প্রতি প্রসন্ন হইলেন এবং "তোমাদের প্রার্থনা সফল হউক?" বলিয়া তাঁহাদিগকে বর প্রদান করিলেন। ভগবানের রূপ দর্শনে প্রচেতাগণের হৃদয় পরিতৃপ্ত হইতে না হইতে, তিনি তাঁহাদের সমক্ষেই স্বকীয় বৈকুণ্ঠধামে গমন করিলেন ।। ৪১ ।।

অনন্তর প্রচেতাগণ সমুদ্রজল হইতে উত্থিত হইয়া দেখিলেন যে, প্রাচীন-বর্হী সন্ন্যাস অবলম্বনে বনে গমন করায়, অরাজকতা নিবন্ধন পৃথিবীর কর্ষণ-কার্য্য সম্পূর্ণই বন্ধ হইয়াছিল; সুতরাং বন্য পাদপলতাদি যেন আকাশমার্গ আচ্ছন্ন করিয়াই উর্দ্ধে আরোহণ করিতেছে। এতদ্দর্শনে তাঁহারা সাতিশয়

ততোঽগ্নিমারুতৌ রাজন্নমুঞ্চন্মুখতো রুষা।
মহীং নির্বীরুধং কর্ত্তুং সম্বর্ত্তক ইবাত্যয়ে ॥ ৪৩ ॥
ভস্মসাৎ ক্রিয়মাণাংস্তান্ দ্রুমান্ বীক্ষ্য পিতামহঃ।
আগতঃ শময়ামাস পুত্রান্ বর্হিষ্মতো নয়ৈঃ ॥ ৪৪ ॥
তত্রাবশিষ্টা যে বৃক্ষা ভীতা দুহিতরং তদা।
উপজহ্রুঃ প্রচেতোভ্য উপদিষ্টাঃ স্বয়ম্ভুবা ॥ ৪৫ ॥

অন্বয়ঃ।

ততঃ রুষা ক্রোধেনৈব নির্বীরুধং (নির্গতাঃ বীরুধঃ দ্রুমলতাঃ যস্যাঃ তথাভূতাং) মহীং কর্ত্তুং হে রাজন্! অত্যয়ে প্রলয়কালে, সম্বর্ত্তকঃ সঙ্কর্ষণমুখনির্গতঃ কালানলঃ, ইব তে মুখতঃ অগ্নিমারুতৌ অমুঞ্চন্ ॥ ৪৩ ॥

তান্ দ্রুমান্ ভস্মসাৎ ক্রিয়মাণান্ বীক্ষ্য পিতামহঃ ব্রহ্মা, তত্র আগতঃ সন্ নয়ৈঃ যুক্তিভিঃ, বর্হিষ্মতঃ পুত্রান্ প্রচেতসঃ, শময়ামাস সান্ত্বিতবান্ ॥ ৪৪ ॥

তত্র ভূমৌ যে বৃক্ষাঃ দাহাৎ অবশিষ্টাঃ তে তদা ভীতাঃ সন্তঃ স্বয়ংভুবা ব্রহ্মণা, উপদিষ্টাঃ এব প্রচেতোভ্যঃ স্বদুহিতরং কন্যাং, উপজহ্রুঃ সমর্পয়ামাসুঃ ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

নিরস্তা বীরুধোঽপি যস্যাঃ তথাভূতাং কর্ত্তুং সম্বর্ত্তকঃ কালাগ্নিরুদ্রঃ ॥ ৪৩ ॥
নয়ৈর্যুক্তিভিঃ ॥ ৪৪ ॥ উপজহ্রুঃ সমর্পয়ামাসুঃ ॥ ৪৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রাজন্ জিতকোপত্বাৎ ভক্ত্যা বিরাজমান হে বিদুর? ॥ ৪৩ ॥
নয়ৈর্যুক্তিভিঃ ॥ ৪৪ ॥ ৪৫ ॥

ক্রুদ্ধ হইলেন ॥ ৪২ ॥

তখন কোপ-স্খলিতচিত্তে সমগ্র ধরণীকে পাদপশূন্য করিবার অভিপ্রায়ে, প্রলয়কালে সঙ্কর্ষণ-মুখ-নির্গত কালানলের ন্যায় প্রচণ্ড অগ্নি ও বায়ু নিজেদের মুখ হইতে নির্গত করিতে লাগিলেন ॥ ৪৩ ॥

প্রচেতাগণের ক্রোধানলে পৃথিবীস্থ পাদপাদি ভস্মসাৎ হইতেছে অবলোকন করিয়া, ভগবান্ কমলাসন তথায় উপনীত হইলেন এবং যুক্তিপূর্ণ বাক্যের প্রয়োগে তাঁহাদের ক্রোধানলের উপশম করিলেন ॥ ৪৪ ॥

তখন অবশিষ্ট বৃক্ষবর্গ অনলভয়ে ভীত হইয়া, ব্রহ্মার শরণাগত হইল; পরে ব্রহ্মার উপদেশ অনুসারে, তাহারা অপ্সরাদত্ত কন্যা লইয়া প্রচেতাগণকে প্রদান করিল ॥ ৪৫ ॥

প্রচেতাগণও ব্রহ্মার আদেশ অনুসারে মারিষা নাম্নী সেই কণ্ডুদুহিতাকে

তেচ ব্রহ্মণ আদেশান্মারিষামুপযেমিরে।
যস্যাং মহদবজ্ঞানাদজন্যজনযোনিজঃ ॥ ৪৬ ॥
চাক্ষুষে ত্বন্তরে প্রাপ্তে প্রাক্‌সর্গে কালবিদ্রুতে।
যঃ সসর্জ প্রজা ইষ্টাঃ সদক্ষো দৈবচোদিতঃ ॥ ৪৭ ॥

অন্বয়ঃ।

তে চ প্রচেতসঃ, ব্রহ্মণঃ আদেশাৎ মারিষাং তন্নাম্নীং কন্যাং, উপযেমিরে বিবাহিতবন্তঃ। যস্যাং মারিষায়াং, অজনযোনিজঃ (অজনঃ নারায়ণঃ যোনিঃ কারণং যস্য সঃ অজনযোনিঃ ব্রহ্মা তস্মাৎ পূর্ব্বং জাতঃ অপি দক্ষঃ) মহদবজ্ঞানাৎ (মহতঃ মহাদেবস্য অবজ্ঞানাৎ নিন্দনাৎ দেহং হিত্বা) অজনি জাতঃ ॥ ৪৬ ॥

চাক্ষুষে তু অন্তরে মন্বন্তরে, প্রাপ্তে প্রাক্‌সর্গে কালবিদ্রুতে (কালেন বিদ্রুতে বিনষ্টে সতি) যঃ দৈবচোদিতঃ (দৈবেন ঈশ্বরেণ চোদিতঃ প্রেরিতঃ) সন্ ইষ্টাঃ প্রজাঃ সসর্জ সঃ দক্ষঃ জাতঃ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

মারিষাং বার্ক্ষীং অজনযোনির্ব্রহ্মা তস্মাজ্জাতো দক্ষঃ। মহতঃ শ্রীমহাদেবস্যাবজ্ঞানাৎ পূর্ব্বমজনযোনিজঃ ব্রহ্মপুত্রোঽপি সন্ ক্ষত্রিয়জাতৌ যস্যামজনি জাতঃ ॥ ৪৬ ॥

প্রাক্‌সর্গে পূর্ব্বদেহে কালেন বিদ্রুতে গতে দৈবেন ঈশ্বরেণ চোদিতঃ সন্ ইষ্টাঃ প্রজাঃ সসর্জ স দক্ষ ইতি প্রসিদ্ধঃ ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মারিষাং বার্ক্ষীং অজনযোনি ব্রহ্মা তস্মাজ্জাতোঽপি দক্ষঃ ক্ষত্রিয়জাতৌ যস্যাং মহতঃ শ্রীমহাদেবস্যাবজ্ঞানাৎ অজনি ক্ষাত্রিয়বীর্য্যতঃ গর্ব্ভবাসজং স্বদুঃখং প্রাপ পূর্ব্বং বীরভদ্রহস্তাৎ পুনশ্চ কালতশ্চ মরণদ্বয়ং প্রাপ্যেতি জ্ঞেয়ং ॥ ৪৬ ॥

পুনশ্চাশুতোষস্য তস্যৈব স্তুত্যুত্থাদনুগ্রহাদৈশ্বর্য্যঞ্চ স্বীয়মবাপেত্যাহ। চাক্ষুষ ইতি পঞ্চম-মন্বন্তরাবসানে প্রাচীনসর্গে কালতো দৈবাদেব নষ্টে সতীত্যর্থঃ। জন্মতস্য স্বায়ম্ভুবমন্বন্তর এব পৌর্ব্বকালিকৈশ্বর্য্যপ্রাপ্তিকামনয়া পঞ্চমমন্বন্তরপর্য্যন্তমস্য তপঃ। ষষ্ঠে চাক্ষুষে মন্বন্তরেঽস্য তপঃ ফলপ্রাপ্তি জ্ঞেয়া ॥ ৪৭ ॥

বিবাহ করিলেন। এই কামিনীর গর্ভে প্রজাপতি দক্ষ জন্ম গ্রহণ করেন। হে বৎস বিদুর! দক্ষ যদিও কমলাসন ব্রহ্মার মানসপুত্র, তথাপি কোন এক সময়ে দেবদেব ত্রিলোচনের প্রতি কটূক্তি প্রয়োগ করায়, তাঁহার মুণ্ড ছিন্ন হইয়া ছাগমুণ্ডে পরিণত হয়। এই অপরাধে পূর্ব্ব দেহ পরিত্যাগ করত, এইবারে তাঁহাকে ক্ষাত্রিয় জাতিতে জন্ম পরিগ্রহ করিতে হইয়াছিল॥৪৬

চাক্ষুষ মন্বন্তর উপস্থিত হইলে, কালবশে বিলীন পূর্ব্ব সৃষ্ট প্রজাবর্গকে এই দক্ষই দৈবপ্রেরিত হইয়া, পুনরায় পূর্ব্ববৎ সৃজন করিয়াছিলেন॥ ৪৭ ॥

যো জায়মানঃ সর্ব্বেষাং তেজস্তেজস্বিনাং রুচা।
স্বয়োপাদত্ত দাক্ষ্যাচ্চ কর্ম্মণাং দক্ষমব্রুবন্ ॥ ৪৮ ॥
তং প্রজাসর্গরক্ষায়ামনাদিরভিষিচ্যচ।
যুযোজ যুযুজেঽন্যাংশ্চ স বৈ সর্ব্বপ্রজাপতীন্ ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে প্রচেতসাং চরিতে ত্রিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ৩০ ॥ * ॥

অন্বয়ঃ।

যঃ জায়মানঃ এব স্বয়া স্বকীয়য়া, রুচা প্রভয়া, সর্ব্বেষাং তেজস্বিনাং তেজঃ উপাদত্ত তিরস্কৃতবান্, যং চ কর্ম্মণাং দাক্ষ্যাং চাতুর্য্যাং, দক্ষং অব্রুবন্ ॥ ৪৮ ॥

তং চ অনাদিঃ ব্রহ্মা অভিষিচ্য প্রজসর্গরক্ষায়াং যুযোজ নিযুক্তবান্, সঃ এব দক্ষঃ, অন্যান্ সর্ব্বান্ প্রজাপতীন্ মরীচ্যাদীন্ চ তত্তংব্যাপারেষু যুযুজে নিযুক্তবান্ ॥ ৪৯ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ত্রিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

স্বয়া রুচা প্রভয়া তেজ উপাদত্ত আচ্ছাদিতবান্। যং কর্ম্মণাং দাক্ষ্যাদ্দক্ষমব্রুবন ॥ ৪৮ ॥

তমভিষিচ্য অনাদির্ব্রহ্মা প্রজাসর্গরক্ষায়াং যুযোজ। সচ দক্ষোঽন্যান্ মরীচ্যাদীন্ তত্তৎ ব্যাপারেষু নিযুক্তবান্ ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি চতুর্থে ত্রিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্যৈশ্বর্য্যমাহ য ইতি অজায়মানঃ অজো ব্রহ্মা তত্তুল্যঃ। স্বয়া রুচা প্রভয়া তেজ উপাদত্ত আচ্ছাদিতবান্ ॥ ৪৮ ॥

অনাদি র্ব্রহ্মা। তং দক্ষং প্রজানাং সর্গে রক্ষায়াঞ্চ যুযোজ। সচ দক্ষোঽন্যান্ মরীচ্যাদীন্ ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ত্রিংশোঽধ্যায়শ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

এই প্রজাপতি জন্ম পরিগ্রহ করত দেদীপ্যমান স্বকীয় দীধিতি ও কর্ম্মদক্ষতার দ্বারা সাতিশয় বিরাজিত হইয়াছিলেন, এইজন্য জগতে তিনি দক্ষনামে অভিহিত হইলেন ॥ ৪৮ ॥

পিতামহ ব্রহ্মা প্রজাসৃষ্টির রক্ষাবিধানার্থ দক্ষকে নিযুক্ত করিলেন এবং প্রজাপতি দক্ষ আবার অন্যান্য মরীচি প্রভৃতি প্রজাপতিগণকে পূর্ব্বোক্ত সৃষ্টিকার্য্যে নিয়োজিত করেন ॥ ৪৯ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

মৈত্রেয় উবাচ ॥

তত উৎপন্নবিজ্ঞানা আশ্বধোক্ষজভাষিতং।

স্মরন্ত আত্মজে ভার্য্যাং বিসৃজ্য প্রাব্রজন্ গৃহাৎ ॥ ১ ॥

দীক্ষিতা ব্রহ্মসত্রেণ সর্ব্বভূতাত্মমেধসা।

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। ততঃ দিব্যবর্ষসহস্রাণাং সহস্রস্য অন্তে, উৎপন্নবিজ্ঞানাঃ (উৎপন্নং বিজ্ঞানং যেষাং তে) প্রচেতসঃ অধোক্ষজভাষিতং (অধোক্ষজস্য ভগবতঃ ভাষিতং) স্মরন্তঃ আত্মজে পুত্রে দক্ষে, ভার্য্যাং বিসৃজ্য সমর্প্য, গৃহাৎ আশু প্রাব্রজন্ ॥ ১ ॥

সর্ব্বভূতাত্মমেধসা (সর্ব্বভূতেষু আত্মা ইতি মেধা জ্ঞানং যস্মিন্ তেন) ব্রহ্মসত্রেণ ব্রহ্মবিচারেণ, দীক্ষিতাঃ কৃতসংকল্পাঃ, প্রচেতসঃ প্রতীচ্যাং দিশি বেলায়াং সমুদ্রতটে, যত্র জাজ্জলিঃ

শ্রীধরস্বামী।

একত্রিংশে সুতে দক্ষে ধুরং ন্যস্য বনে সতাং ॥

নারদোক্তেন মার্গেণ মুক্তিরুক্তা প্রচেতসাং ॥ * ॥

ততঃ দিব্যবর্ষসহস্রাণাং সহস্রস্যান্তে উৎপন্নবিবেকজ্ঞানাস্তে। উপযাস্যথ মদ্ধাম নির্ব্বিদ্য নিরয়াদত ইত্যধোক্ষজভাষিতং স্মরন্তঃ প্রাব্রজন্ ॥ ১ ॥

ব্রহ্মসত্রেণ আত্মবিমর্শেন দীক্ষিতাঃ কৃতসংকল্পা বভুবুঃ সর্ব্বেষু ভূতেষ্বাত্মেতি মেধা জ্ঞানং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একত্রিংশেতু নির্বিদ্য রাজ্যাদ্গত্বা বনং পুনঃ।

নারদপ্রোক্তয়া ভক্ত্যা কৃষ্ণং প্রাপুঃ প্রচেতসঃ ॥ * ॥

উপযাস্যথ মদ্ধাম নির্বিদ্যেত্যধোক্ষজভাষিতং স্মরন্তঃ ॥ ১ ॥

ব্রহ্মসত্রেণ স্বায়ম্ভুবঃ ব্রহ্মসত্রং জনলোকে ভবৎ কৃতেন বেদতাৎপর্য্যবিমর্শেন। বেদস্তত্ত্বং তপো ব্রহ্মেত্যমরঃ। দীক্ষিতাঃ কৃতসংকল্পাঃ সর্ব্বভূতেষ্বাত্মন ইব মেধা বুদ্ধির্যত-স্তেন।

মৈত্রেয় মুনি বলিলেন, হে বৎস বিদুর! এই প্রকারে দেব-পরিমাণে বহু সহস্র সম্বৎসর কাল অতীত হইলে, রাজপুত্র প্রচেতাগণের হৃদয়ে বিজ্ঞানের উদয় হইল; তাঁহারা তখন ভগবান্ অধোক্ষজের উপদেশ বাক্য স্মরণ করত, স্বকীয় পুত্র দক্ষের হস্তে ভার্য্যাকে সমর্পণ পূর্ব্বক, গৃহ হইতে প্রব্রজ্যায় গমন করিলেন ॥ ১ ॥

জীবমাত্রেরই হৃদয়ে আত্মা বিরাজ করিতেছেন, এই ব্রহ্মবিচারাত্মক আত্ম-জ্ঞান লাভার্থ কৃতসংকল্প প্রচেতাগণ তথা হইতে প্রস্থান করত, মহর্ষি জাজ্জলি

আভাস।

একত্রিংশদধ্যায়ে আপনাদিগের পুত্র দক্ষের হস্তে রাজ্যভার সমর্পণ করিয়া, প্রচেতাদের বনে গমন এবং নারদোক্তবর্ম্ম অনুসরণ দ্বারা মুক্তিলাভ বর্ণিত হইয়াছে॥

প্রতীচ্যাং দিশি বেলায়াং সিদ্ধোঽভূদ্‌যত্র জাজ্জলিঃ॥ ২ ॥

তান্নির্জ্জিতপ্রাণমনোবচোদৃশো জিতাসনান্ শান্তসমানবিগ্রহান্।

পরেঽমলে ব্রহ্মণি যোজিতাত্মনঃ সুরাসুরেড্যো দদৃশে স্ম নারদঃ॥ ৩॥

তমাগতং ত উত্থায় প্রণিপত্যাভিবাদ্য চ।

পূজয়িত্বা যথাদেশং সুখাসীনমথাব্রুবন্॥

অন্বয়ঃ।

যাম ঋষিঃ সিদ্ধঃ অভূৎ মুক্তিং অবাপ, তত্র যযুঃ ইতি শেষেণান্বয়ঃ॥ ২ ॥

নির্জ্জিতপ্রাণমনোবচোদৃশঃ (নির্জ্জিতাঃ প্রাণমনোবচোদৃশঃ যৈঃ তান্) জিতাসনান্ (জিতং আসনং যৈঃ তান্) শান্তসমানবিগ্রহান্ (শান্তাঃ উপরতাঃ সমানাঃ মূলাধারাদারভ্য ঋজবঃ বিগ্রহাঃ যেষাং তান্) পরে শ্রেষ্ঠে অমলে শুদ্ধে, ব্রহ্মণি ব্যাপকে ভগবতি, যোজিতাত্মনঃ যোজিতঃ আত্মা মনঃ যেষাং তান্) তান্ প্রচেতসঃ সুরাসুরেড্যঃ সর্ব্ববন্দ্যঃ নারদঃ দদৃশে স্ম দৃষ্টবান্॥ ৩॥

তে প্রচেতসঃ তং আগতং আলোক্য উত্থায়, প্রণিপত্য যথাদেশং যথাবিধি, পূজয়িত্বা চ অথ সুখাসীনং তং অব্রুবন্॥

শ্রীধরস্বামী।

যস্মিন্ তেন। ক বেলায়াং সমুদ্রতটে। জাজ্জলি র্নাম ঋষিঃ॥ ২॥

নির্জ্জিতাঃ প্রাণমনোবচোদৃশো যৈঃ তান্। শান্তা উপরতাঃ সমানা মূলাধারাদারভ্য ঋজবো বিগ্রহা যেষাং। ব্রহ্মণি যোজিত আত্মা যৈঃ সুরাসুরৈ রীড্যো দৃষ্টবান্॥ ৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বেলায়াং সমুদ্রতটে জাজ্জলি র্নাম মুনিঃ॥ ২॥

পরে অমলে ব্রহ্মণি শ্রীরুদ্রগীতোক্তে স্নিগ্ধপ্রাবৃড়্‌ঘনশ্যামস্বরূপে দদৃশেস্ম দদর্শ॥ ৩॥

সে স্থানে সিদ্ধি লাভ করিয়াছিলেন, সেই পশ্চিমদিকস্থ সমুদ্রকূলে গমন করিলেন॥ ২॥

তথায় প্রাণায়ামাদির দ্বারা তাঁহারা প্রাণ, মন, বাক্য ও ইন্দ্রিয়বর্গের নিরোধের দ্বারা আসন জয় করিলেন; পরে সুখাসনে উপবেশন পূর্ব্বক মূলাধার হইতে গ্রীবাদেশ পর্য্যন্ত দেহকে ঋজু ভাবে স্থাপন পূর্ব্বক, পরাৎপর পরমব্রহ্মে চিত্ত সংযত করিয়া, সমাধি অবলম্বন করিলেন। ইত্যবসরে সুরাসুরবন্দ্য দেবর্ষি নারদ তাঁহাদের সমীপে উপনীত হইলেন। ৩॥

দেবর্ষিকে সমাগত অবলোকন করিয়া, প্রচেতাগণ সকলে গাত্রোত্থান করিলেন এবং দণ্ডবৎ প্রণাম ও যথাবিধি অভিবাদনাদি করিয়া, শ্রেষ্ঠ আসনে তাঁহাকে উপবেশন করাইলেন। পরে দেবর্ষি আসনে উপবিষ্ট হইলে, তাঁহারা সকলে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন—॥

স্বাগতং তে সুরঋষে দিষ্ট্যা নো দর্শনং গতঃ।
তব চংক্রমণং ব্রহ্মন্ন ভবায় যথা রবেঃ॥ ৪॥
যদাদিষ্টং ভগবতা শিবেনাধোক্ষজেনচ।
তদ্গৃহেষু প্রসক্তানাং প্রায়শঃ ক্ষপিতং প্রভো॥
তন্নঃ প্রদ্যোতয়াধ্যাত্মজ্ঞানং তত্ত্বার্থদর্শনং।
যেনাঞ্জসা তরিষ্যামো দুস্তরং ভবসাগরং॥ ৫॥

অন্বয়ঃ।

হে সুরর্ষে! তে তব আগতং আগমনং, সু সুষ্ঠু, অস্মাকং কল্যাণায়, এব অতঃ নঃ অস্মাকং, দিষ্ট্যা ভাগ্যেন, ত্বং দর্শনং গতঃ অসি। যতঃ হে ব্রহ্মন্! (তমোনিবারণেন লোকস্য ভয়বারণায়) রবেঃ চংক্রমণং যথা তথা জ্ঞানোদ্দীপনেন লোকস্য অভবায় মোক্ষায় এব তব চংক্রমণং পর্য্যটনং, জ্ঞেয়ং॥ ৪॥

হে প্রভো! ভগবতা শিবেন অধোক্ষজেন বিষ্ণুনা চ যৎ তত্ত্বং, আদিষ্টং উপদিষ্টং, তৎ গৃহেষু প্রসক্তানাং অস্মাকং প্রায়শঃ ক্ষপিতং বিস্মৃতং, এব॥

তত্ত্বার্থদর্শনং ভগবত্তত্ত্বপ্রকাশকং তৎ অধ্যাত্মজ্ঞানং আত্মতত্ত্বপ্রকাশং জ্ঞানং, নঃ অস্মাকং, ত্বং প্রদ্যোতয় প্রকাশয়, যেন জ্ঞানেন, দুস্তরং ভবসাগরং অঞ্জসা অনায়াসেন, তরিষ্যামঃ॥ ৫॥

শ্রীধরস্বামী।

উত্থায় তং প্রণিপত্য যথাদেশং যথাবিধি পূজয়িত্বা॥ ৪॥

আদিষ্টং উপদিষ্টং। যদাত্মতত্ত্বং ক্ষপিতং বিস্মৃতং॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথাদেশং যথাবিধি। যথা রবের্দর্শনেন চৌরাদিভয়মপগচ্ছতি তথা তব দর্শনেন সংসার-ভয়মিতি॥ ৪॥

অধ্যাত্মজ্ঞানং আত্মনি যজ্জ্ঞানমিতি বিভক্ত্যর্থেঽব্যয়ীভাবঃ। জীবাত্মনো যজ্জ্ঞাতুমুচিতং তদস্মাকং জ্ঞাতমেবাসীৎ তদেব ত্বং প্রদ্যোতয়েত্যর্থঃ॥ ৫॥

হে মহামুনে! আমাদের পরম কল্যাণার্থই এখানে আপনার শুভাগমন হইয়াছে! আমাদের পরম সৌভাগ্য! যে অদ্য আপনার দর্শন পাইলাম। কারণ হে ব্রহ্মন্! দিবাকর উদিত হইয়া, জগতের তিমিররাশি নিবারণ পূর্ব্বক লোককে যেমন অভয়প্রদান করিয়া থাকেন, আপনিও সেইরূপ জগতে বিচরণ করত, জীবের ভ্রমান্ধকার নিবারণ পূর্ব্বক আমাদের ন্যায় অজ্ঞানান্ধ মানবকে ভবভয় হইতে নিষ্কৃতি প্রদান করিয়া থাকেন॥ ৪॥

হে প্রভো! ত্রিকালদর্শী ত্রিলোচন এবং অধোক্ষজ বিষ্ণু যে পরমতত্ত্বের বিষয় আমাদিগকে উপদেশ দিয়াছিলেন, বহুকাল সংসার-ভোগে উন্মত্ত থাকায়, আমাদের সে জ্ঞান প্রায় সম্পূর্ণই বিলুপ্ত হইয়া গিয়াছে॥

মৈত্রেয় উবাচ ॥

ইতি প্রচেতসাং পৃষ্টো ভগবান্নারদো মুনিঃ।

ভগবত্যুত্তমশ্লোক আবিষ্টাত্মাঽব্রবীন্নৃপান্ ॥ ৬ ॥

নারদ উবাচ ॥

তজ্জন্ম তানি কর্ম্মাণি তদায়ুস্তন্মনো বচঃ।

নৃণাং যেন হি বিশ্বাত্মা সেব্যতে হরিরীশ্বরঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। ইতি এবং প্রচেতসাং প্রচেতোভিঃ, পৃষ্টঃ মুনিঃ মননশীলঃ, ভগবান্ নারদঃ, উত্তমশ্লোকে ভগবতি, আবিষ্টাত্মা সন্ নৃপান্ প্রচেতসঃ, অব্রবীৎ ॥ ৬ ॥

নারদঃ উবাচ। নৃণাং তৎ এব জন্ম, তানি কর্ম্মাণি, তৎ আয়ুঃ তৎ মনঃ বচঃ চ যেন প্রত্যেকেন, বিশ্বাত্মা ঈশ্বরঃ হরিঃ, ইহ সংসারে, সেব্যতে ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

ইতি প্রচেতোভিঃ পৃষ্টঃ ॥ ৬ ॥

অহো গৃহপ্রসক্ত্যা হরিসেবাং বিনা জন্ম কর্ম্মাদিকং ব্যর্থীকৃতং ইতি তাননুশোচন্নাহ তজ্জন্মেতি চতুর্ভিঃ। যতো জন্মাদে র্হরিসেবৈব ফলং অতস্তদ্বিহীনং সর্ব্বং ব্যর্থমিত্যর্থং ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রচেতসাং প্রচেতোভিঃ ॥ ৬ ॥

দেহং ধৃত্বা জীবাত্মনা যদ্যদ্বস্তু স্বতঃ প্রাপ্তমভূত্তদেব ভগবৎসেবায়ামেব নিযুঞ্জীতেত্যেতদেবাধ্যাত্মজ্ঞানমিত্যাহ তজ্জন্মেতি ত্রয়োদশভিঃ। তজ্জন্ম এব জন্ম যেন হরিঃ সেব্যতে তান্যেব কর্ম্মাণি যৈ র্হরিঃ সেব্যতে ইত্যেবং সর্ব্বত্র যোজ্যং মনোবচ ইত্যুপলক্ষণং বুদ্ধীন্দ্রিয়বলতপঃশ্রুতযোগসাংখ্যসন্ন্যাসব্রহ্মচর্য্যাদীনামপ্যুত্তরশ্লোকার্থদৃষ্ট্যা জ্ঞেয়ং নৃণামিতি তৎ সেবোপযোগীন্যেব জন্মাদীনি মনুষ্যসম্বন্ধীন্যুচ্যন্তে অন্যথা তু শূকরাদিপশুসম্বন্ধীনীত্যর্থঃ ॥ ৭ ॥

আপনি এক্ষণে অনুগ্রহ করিয়া সেই পরমেশ্বর-তত্ত্বের প্রকাশক এবং জীবতত্ত্বের অবভাসক পরম জ্ঞান আমাদের অন্তরে পুনর্দীপিত করুন্! হে মুনে! তাদৃশ জ্ঞানের প্রভাবে আমরা এই দুস্তর সংসার-জলধিকে অবলীলাক্রমে অতিক্রম করিব, সন্দেহ নাই। ৫ ॥

উত্তমশ্লোক ভগবানে নিরন্তর নিবিষ্টচেতা মহর্ষি নারদকে প্রচেতাগণ এইরূপ অনুরোধ করিলে, সেই মননশীল ঋষি তাঁহাদিগকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ৬ ॥

হে নৃপনন্দনগণ! মানবের জন্ম, কর্ম্ম, আয়ুঃ এবং মানসিক ও বাচনিক দক্ষতার সার্থকতা তখনই স্বীকার করা যায়, যদি সেই সেই উপায়ের দ্বারা ইহ সংসারে সর্ব্বান্তরাত্মা ভগবান্ শ্রীহরির আরাধনা করা হইয়া থাকে ॥ ৭ ॥

কিং জন্মভিস্ত্রিভির্ব্বেহ শৌক্রসাবিত্রযাজ্ঞিকৈঃ।
কর্ম্মভির্ব্বা ত্রয়ীপ্রোক্তৈঃ পুংসোঽপি বিবুধায়ুষা। ৮॥
শ্রুতেন তপসা বা কিং বচোভিশ্চিত্তবৃত্তিভিঃ।
বুদ্ধ্যা বা কিং নিপুণয়া বলেনেন্দ্রিয়রাধসা॥ ৯॥

অন্বয়ঃ।

অন্যথা শৌক্রসাবিত্রযাজ্ঞিকৈঃ (শৌক্রং জন্ম বিশুদ্ধমাতাপিতৃভ্যাং উৎপত্তিঃ, উপনয়নেন সাবিত্রং জন্ম, দীক্ষয়া চ যাজ্ঞিকং জন্ম তৈঃ) ত্রিভিঃ জন্মভিঃ কিং ত্রয়ীপ্রোক্তৈঃ বেদোক্তৈঃ, কর্ম্মভিঃ বা বিবুধায়ুষা (বিবুধানাং ইব দীর্ঘেণ আয়ুষা) বা পুংসঃ কিং ফলং॥ ৮॥

শ্রুতেন বেদান্তাদিশ্রবণেন, তপসা ব্রতোপবাসাদিনা, চিত্তবৃত্তিভিঃ নানার্থকল্পনসামর্থ্যৈঃ বচোভিঃ শাস্ত্রব্যাখ্যানৈঃ বা কিং? নিপুণয়া বুদ্ধ্যা, ইন্দ্রিয়রাধসা (ইন্দ্রিয়াণাং রাধসা সামর্থ্যেন বলেন বা কিং ফলং॥ ৯॥

শ্রীধরস্বামী।

শুক্রসম্বন্ধি জন্ম মাতাপিতৃভ্যামুৎপত্তিঃ। সাবিত্রমুপনয়নেন যাজ্ঞিকং দীক্ষয়া বিবুধানামিব দীর্ঘায়ুষাপি॥ ৮॥

বচোভির্ব্বাগ্বিলাসৈঃ চিত্তবৃত্তিভিঃ নানাবধানসামর্থ্যৈঃ। ইন্দ্রিয়াণাং রাধসা পাটবেন॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্বয়ং বিবৃত্য ব্যতিরেকং বিবৃণোতি কিমিতি ত্রিভিঃ শৌক্রং বিশুদ্ধমাতাপিতৃভ্যাং জন্ম সাবিত্রমুপনয়নেন। যাজ্ঞিকং দীক্ষয়েতি ত্রিবিধং ব্রহ্ম জন্মাপি ন তন্ন্ জন্ম কিং তু শূকরাদি জন্মৈব ফলত স্তল্যত্বাৎ চণ্ডালাদিজন্মাপি ভগবৎসেবানুকূলং সাধু নৃজন্ম ভগবৎপ্রাপকত্বাদিত্যেবং কর্ম্মাদিষ্বপি ভাবো ব্যাখ্যেয়ঃ। ত্রয়ীপ্রোক্তৈ রপি কিং পুনর্ব্যাবহারিকৈঃ বিবুধায়ুষাপি কিং পুনঃ শতায়ুষা॥ ৮॥

শ্রুতেন বেদান্তাদিশ্রবণেন বচোভিঃ শাস্ত্রব্যাখ্যানচাতুর্য্যৈঃ চিত্তবৃত্তিভি র্নানাশাস্ত্রার্থাবধারণাসামর্থ্যৈঃ। ইন্দ্রিয়াণাং রাধসা পাটবেন॥ ৯॥

নতুবা বিশুদ্ধ মাতাপিতার শুক্রসম্বন্ধীয় জন্ম, উপনয়নের দ্বারা সাবিত্রী উপদেশজনিত জন্ম বা দীক্ষার দ্বারা যাজ্ঞিক জন্ম এই ত্রিবিধ জন্ম লাভে মানবের কোন উপকার হয় না, সমগ্র বেদ অধ্যয়ন করিয়া বা বেদোক্ত যাবতীয় কর্ম্মকলাপের অনুষ্ঠানে দেব-পরিমিত সুদীর্ঘ জীবন ভোগ করিলেও কোন ফল লাভ হয় না, যদি তদ্দ্বারা ভগবানের অর্চ্চনা করা না হয়॥ ৮॥

বেদান্তাদি শ্রবণ, ব্রতোপবাসাদি তপস্যা, নানার্থকল্পনাসমর্থ শাস্ত্র-ব্যাখ্যানরূপ বাক্পটুতা, অতি সুনিপুণ বুদ্ধি বা ইন্দ্রিয়ের সামর্থ্যলাভে মানবের কোন ফলই ফলের মধ্যে গণ্য হয় না, যদি সেই সমস্ত ব্যাপার ভগবদর্চ্চনায় সমর্পিত না হয়॥ ৯॥

কিং বা যোগেন সাংখ্যেন ন্যাসস্বাধ্যায়য়োরপি ।
কিম্বা শ্রেয়োভিরন্যৈশ্চ ন যত্রাত্মপ্রদো হরিঃ ॥ ১০ ॥
শ্রেয়সামপি সর্ব্বেষামাত্মা হ্যবধিরর্থতঃ ।
সর্ব্বেষামপি ভূতানাং হরিরাত্মাত্মদঃ প্রিয়ঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ ।

যোগেন প্রাণায়ামাদিনা, সাংখ্যেন দেহাদিব্যতিরিক্তাত্মবিচারেণ, ন্যাসস্বাধ্যায়য়োঃ (ন্যাসেন সন্ন্যাসেন, স্বাধ্যায়েন বেদাধ্যয়নেন চ) বা কিং তথা অন্যৈঃ শ্রেয়োভিঃ শ্রেয়ঃসাধনৈঃ অপি কিং ফলং যদি তৈঃ আত্মপ্রদঃ হরিঃ, যত্র যৈঃ, ন সেব্যতে ॥ ১০ ॥

সর্ব্বেষাং অপি শ্রেয়সাং ফলানাং, অবধিঃ পরাকাষ্ঠা, অর্থতঃ বিচারতঃ, হি নিশ্চিতং, আত্মা এব ; সর্ব্বেষাং অপি ভূতানাং আত্মা হরিঃ এব আত্মদঃ প্রিয়ঃ চ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী ।

যোগেন প্রাণায়ামাদিনা সাংখ্যেন দেহাদিব্যতিরিক্তাত্মজ্ঞানমাত্রেণ। সংন্যাসবেদাধ্যয়নাভ্যামপি। অন্যৈরপি ব্রতবৈরাগ্যাদিভিঃ শ্রেয়ঃসাধনৈঃ ॥ ১০ ॥

নন্বেষাং নানাফলসাধনানাং হরিসেবাভাবমাত্রেণ কুতো বৈয়র্থ্যং তত্রাহ শ্রেয়সাং ফলানামাত্মৈবাবধিঃ পরাকাষ্ঠা অর্থতঃ পরমার্থতঃ আত্মার্থত্বেনৈবান্যেষাং প্রিয়ত্বাদিত্যর্থঃ। ভবতু আত্মা অবধিঃ হরেঃ কিমায়াতং তত্রাহ সর্ব্বেষামপীতি। আত্মদঃ অবিদ্যানিরাসেন স্বরূপাভিব্যঞ্জকঃ। ঐশ্বরেণাপি রূপেণ বলিপ্রভৃতিভ্য ইবাত্মপ্রদঃ প্রিয়শ্চ পরমানন্দরূপত্বাৎ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

যোগনাষ্টাঙ্গেন সন্ন্যাসবেদাধ্যয়নাভ্যাঞ্চ অন্যৈরপি ব্রতবৈরাগ্যাদিভিঃ শ্রেয়ঃসাধনৈঃ যত্র যেষু সৎসু হরিরাত্মপ্রদো ন ভবতীতি যোগিপ্রভৃতয়োঽপি যোগাদিভিঃ পরমাত্মাদ্যনুভবং ন প্রাপ্নুবন্তীত্যর্থঃ। হরিঃ খল্বাত্মানঞ্চ ভক্ত্যা বিনা ন প্রদদাতেযাং ভক্তিত্বাভাবাৎ ভক্তিকারণত্বাভাবাচ্চ বৈয়র্থ্যমেব। প্রকারান্তরেণ ভক্তিসদ্ভাবে ত্বেষাং ভক্তিমিশ্রত্বেনৈব সার্থকত্বং নতু স্বত ইতি ভাবঃ ॥ ১০ ॥

হরিভক্তিং বিনা সর্ব্বেষাস্তু শ্রেয়ঃসাধনানাং বৈফল্যে যুক্তিমাহ শ্রেয়সাং ফলানামাত্মৈবাবধিঃ। তেষামাত্মপ্রীত্যর্থকত্বাৎ সর্ব্বভূতানামাত্মনাং তেষাং তদীয়তটস্থশক্তিত্বাৎ। সচ হরিঃ প্রিয়ঃ কেবলয়া ভক্ত্যা প্রীণাতি চেদাত্মদঃ ; নায়মাত্মা প্রবচনেন লভ্যো ন মেধয়া ন বহুধা শ্রুতেন। যমেবৈষ বৃণুতে তেন লভ্যস্তস্যৈষ আত্মা বৃণুতে তনূং স্বামিতি শ্রুতেঃ ॥ ১১ ॥

প্রাণায়ামাদি যোগ, দেহাতিরিক্ত আত্মবিচাররূপ সাংখ্যজ্ঞান, সন্ন্যাস বা বেদাধ্যয়নরূপ স্বাধ্যায় ও অন্য যে কোন প্রকার শ্রেয়ঃপদ উপায়ের বিষয় বর্ণিত থাকুক্ না, যদি তদ্দ্বারা আত্মপ্রদ শ্রীহরির সেবা করা না হইয়া থাকে, তাহা হইলে সকলই নিরর্থক ॥ ১০ ॥

বিশেষ বিচার পূর্ব্বক অবধারণ করিলে বুঝা যায় যে, এক আত্মাতেই

যথাতরোর্মূলনিষেচনেন তৃপ্যন্তি তৎস্কন্ধভুজোপশাখাঃ।
প্রাণোপহারাচ্চ যথেন্দ্রিয়াণাং তথৈব সর্ব্বার্হণমচ্যুতেজ্যা॥ ১২॥

অন্বয়ঃ।

যথা তরোঃ বৃক্ষস্য, মূলনিষেচনেন তস্য স্কন্ধভুজোপশাখাঃ তৃপ্যন্তি যথা প্রাণোপহারাৎ (প্রাণস্য উপহারাৎ ভোজনাৎ) এব ইন্দ্রিয়াণাং তৃপ্তিঃ ভবতি তথা অচ্যুতেজ্যা (অচ্যুতস্য ভগবতঃ ইজ্যা পূজনং, এব সর্ব্বার্হণং (সর্ব্বেষাং দেবপিত্রাদীনাং অর্হণং পূজনং) এব॥ ১২॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ নানা কর্ম্মভিস্তত্তদ্দেবতা প্রীতিনিমিত্তান্যপি ফলানি হরেঃ প্রীত্যা ভবন্তি। কেবলং তত্তদ্দেবতারাধনেতু নকিঞ্চিদিতি সদৃষ্টান্তমাহ যথেতি। মূলাৎ প্রথমবিভাগাঃ স্কন্ধাঃ তদ্বিভাগা ভুজাঃ তেষামপি উপশাখাঃ উপলক্ষণমেতৎ পত্রপুষ্পাদয়োঽপি তৃপন্তি নতু মূলসেকং বিনা স্ব স্ব নিষেচনেন প্রাণস্যোপহারো ভোজনং তস্মাদেব ইন্দ্রিয়াণাং তৃপ্তিঃ নতু তত্তদিন্দ্রিয়েষু পৃথক্ পৃথক্ অনুলেপনাৎ। তথা অচ্যুতারাধনমেব সর্ব্বদেবতারাধনং ন পৃথগিত্যর্থঃ॥ ১২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ কর্ম্মজ্ঞানাদীনাং যথা ভক্তিমিশ্রত্বমাবশ্যকং তথা ভক্তেরপি কর্ম্মমিশ্রত্বমাবশ্যকমেব দেবর্ষিপিত্রাদ্যর্হণলক্ষণস্য নিত্যকর্ম্মণোঽকরণে প্রত্যবায়শ্রবণাদিত্যত আহ যথেতি। মূলাৎ প্রথমবিভাগাঃ স্কন্ধাঃ। তদ্বিভাগা ভুজাস্তেষামপ্যুপশাখাঃ উপলক্ষণং পত্রপুষ্পাদয়োঽপি তৃপ্যন্তি। নতু মূলসেকং বিনা স্বস্বনিষেচনেন। তথৈব অচ্যুতেজ্যৈব সর্ব্বার্হণং অচ্যুতস্য পূজায়াং সর্ব্বএব পূজিতাঃ স্যুরিত্যর্থঃ। নত্বশক্তস্যৈব ভবত্বেতৎ শক্তেন তু অচ্যুতস্য পূজা কর্ত্তব্যা দেবাদীনাঞ্চ যথা মূলস্য স্কন্ধাদীনাঞ্চ সেকে ন দোষঃ প্রত্যুত গুণ এবেত্যাশঙ্ক্য দৃষ্টান্তান্তরমাহ দৃষ্টান্তদ্বয়েন। প্রাণস্যোপহারো ভোজনং তস্মাদেবেন্দ্রিয়াণাং তৃপ্তিঃ নতু তত্তদিন্দ্রিয়েষু পৃথক্ পৃথগনুলেপাৎ প্রত্যুত নয়নকর্ণাদিষান্ধ্যবাধির্য্যাদ্যুৎপাদনাৎ দোষ এব॥ ১২॥

যাবতীয় শ্রেয়ঃসাধন ফলের পরিসমাপ্তি হইয়া যায়। কিন্তু প্রাণিমাত্রেরই আত্মা এক সেই শ্রীহরি। অতএব তিনিই সর্ব্বাপেক্ষা সকলের প্রিয় ও সুহৃদ্॥ ১১॥

যেমন বৃক্ষের মূলদেশে সিঞ্চন করিলেই, তাহার সর্ব্বাঙ্গে সিঞ্চন করিবার ফল লাভ হয় এবং তদ্দ্বারা স্কন্ধ, শাখা, ভুজ ও পত্রাদি বিনা সিঞ্চনেই রস লাভে ফল প্রসব করে, যেমন কেবল প্রাণের ভোজনেই সকল ইন্দ্রিয় বল প্রাপ্ত হয়, সেইরূপ এক অচ্যুত বিষ্ণুর আরাধনা করিলে, অন্যান্য দেবলোক বা পিতৃলোক সকলেরই আরাধনা করা হইয়া থাকে॥ ১২॥

এই বিশ্ব সংসার সৃজিত হইয়া সৃষ্টিকালে সুস্পষ্ট প্রতীয়মান হওয়াই জগদাত্মা ভগবানের সর্ব্বোৎকৃষ্ট স্বরূপ। দিবাকর হইতে সমুদ্গত প্রভাজাল

যথৈব সূর্য্যাৎ প্রভবন্তি বারঃ পুনশ্চ তস্মিন্ প্রবিশন্তি কালে।
ভূতানি ভূমৌ স্থিরজঙ্গমানি তথা হরাবেব গুণপ্রবাহঃ॥

অন্বয়ঃ।

যথৈব বারঃ জলানি (বর্ষাকালে) সূর্য্যাৎ প্রভবন্তি পুনশ্চ (গ্রীষ্মে) কালে তস্মিন্ সূর্য্যে এব প্রবিশন্তি, যথা স্থিরজঙ্গমানি ভূতানি ভূমেঃ সকাশাৎ প্রভবন্তি ভূমৌ চ প্রবিশন্তি তথা গুণপ্রবাহঃ চেতনাচেতনাত্মকঃ প্রপঞ্চঃ (সৃষ্টিকালে হরেঃ সকাশাৎ প্রভবন্তি প্রলয়ে) হরৌ এব প্রলীয়ন্তে।

এতদ্বিশ্বং সকৃৎ কদাচিৎ সৃষ্টিসময়ে বিভাতং স্ফুরিতং জগদাত্মনঃ ভগবতঃ তৎ পরং শ্রীধরস্বামী।

কুতঃ সর্ব্বমূলত্বাদিতি সদৃষ্টান্তমাহ যথৈব বারঃ জলানি বর্ষাকালে সূর্য্যাদুদ্ভবন্তি গ্রীষ্মে তস্মিন্নেব প্রবিশন্তি অস্যাপ্রসিদ্ধত্বেন দৃষ্টান্তান্তরমাহ যথা ভূতানি ভূমৌ ইতি। গুণপ্রবাহঃ চেতনাচেতনাত্মকঃ প্রপঞ্চঃ॥

নমু হরাবেব গুণপ্রবাহ ইত্যুক্তং তদাধারত্বেন সোপাধিকত্বং হরেঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ এতদিতি। এতদ্বিশ্বং বিষ্ণোঃ তৎসর্ব্বশাস্ত্রপ্রসিদ্ধং পরং পদং সর্ব্বোপাধিরহিতং তদুৎপন্নং ন শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অচ্যুতস্য সর্ব্বমূলত্বং দৃষ্টান্তদ্বয়েনাহ যথৈব বারঃ জলানি বর্ষাকালে সূর্য্যাদুদ্ভবন্তি গ্রীষ্মে তস্মিন্নেব প্রবিশন্তীত্যুপাদানকারণং যথা চ ভূতানি ভূমাবিতি। গুণপ্রবাহঃ গুণময়ঃ প্রপঞ্চঃ॥

নমু গুণময়স্য বিশ্বস্য গুণাতীতো হরিঃ কথং কারণং? নহি মৃন্ময়স্য ঘটস্য মৃদতীতং বস্তু-পাদানকারণং ভবিতুমর্হতি উপাদানত্বে চ হরেঃ কথং বা নির্ব্বিকারিত্বমিত্যত আহ। যথা অভ্রতমঃপ্রকাশা নভসি দৃশ্যমানাঃ সূর্য্যাদেব ভবন্তি তত্রৈব লীয়ন্তেচ সূর্য্যাদিতি পূর্ব্বেণানু-ষঙ্গঃ। হিমোঽপি সূর্য্যাদেব ভবতি বক্ষ্যতে প্রাণাদিভিঃ স্ববিভবৈরুপগূঢ়মন্যো মনোত

যেমন সূর্য্য হইতে কোন অংশে পৃথক্ নহে, যেমন গ্রীষ্মকালে দিবাকর পৃথিবীর জল আকর্ষণ করেন এবং বর্ষাকালে বারি প্রদান করেন এবং ওষধি সমূহ পৃথিবী হইতেই সমুৎপন্ন হয় এবং পৃথিবীতেই প্রলীন হয়, সেইরূপ এক শ্রীহরিতেই এই চরাচর সংসারের উৎপত্তি ও প্রলয় ঘটিয়া সৃষ্টিমর্য্যাদা রক্ষিত হইতেছে। যেমন জাগ্রতকালে ইন্দ্রিয়বর্গের স্ফুরণ হইলেও সুষুপ্তি-

আভাস।

"সর্ব্বদেবময়ো বিষ্ণুঃ" এই সিদ্ধান্তের উপর নির্ভর দিয়া প্রকাশ করা হইয়াছে যে, বিষ্ণুর আরাধনা করিলে, সকল দেবতারই আরাধনা করা হইয়া থাকে। বিষ্ণুকে পরিত্যাগ করিয়া, স্বতন্ত্র-ভাবে কোন দেবতারই আরাধনা শ্রেয়স্করী হইতে পারে না; বরং তাহাতে বিড়ম্বনারই যে বিশেষ সম্ভাবনা, তাহাই দুইটী দৃষ্টান্তের দ্বারা এই শ্লোকে বর্ণিত হইয়াছে। যথা—বৃক্ষের সন্নিধানে ফলের

এতৎ পদং তজ্জগদাত্মনঃ পরং সকৃদ্বিভাতং সবিতুর্যথা প্রভা।
যথাসবো জাগ্রতি সুপ্তশক্তয়ো দ্রব্যক্রিয়াজ্ঞানভিদাভ্রমাত্যয়ঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

সর্ব্বোৎকৃষ্টং পদং স্বরূপং এব। যথা সবিতুঃ সূর্য্যাৎ, উদ্গতা প্রভা ততঃ ভিন্ন ন ভবতি; যথা জাগ্রতি জাগ্রদবস্থায়াং অসবঃ ইন্দ্রিয়াণি স্ফুরন্তি অপি সুষুপ্তৌ সুপ্তশক্তয়ঃ ভবন্তি তথা জগৎ অপি দ্রব্যক্রিয়াজ্ঞানভিদাভ্রমাত্যয়ঃ (দ্রব্যাণি পঞ্চমহাভূতপঞ্চতন্মাত্রাত্মকানি, ক্রিয়া একাদশেন্দ্রিয়াণি, জ্ঞানানি ইন্দ্রিয়াধিষ্ঠাতারঃ দেবাঃ, তেষাং ভিদাত্মকভ্রমস্য অত্যয়ঃ অসংশ্লেষঃ যত্র সঃ ভগবান্ এব) ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

ততঃ পৃথগিত্যর্থঃ। তর্হি (আধারাধেয়তয়া) কথমন্যথা ভাতি তত্রাহ। সকৃৎ কদাচিৎ বিভাতং স্ফুরিতং গন্ধর্ব্বনগরবৎ। যথা সবিতুঃ প্রভা ন ততো ভিন্না যথা চ জাগ্রতি অসবঃ ইন্দ্রিয়াণি স্ফুরন্তি। কথম্ভূতাঃ সুপ্তশক্তয়ঃ। সুষুপ্তৌ অসবঃ সুপ্তাঃ শক্তয়ো যেষাং তে তথা সন্তিহি। দ্রব্যাদেরপ্যত্যয়ো ভবতি। সবিতুঃ প্রভেত্যুপাতৌ দৃষ্টান্তঃ (অজাগ্রতীতি বা চ্ছেদঃ। সুষুপ্তাবিত্যর্থঃ) ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সূর্য্যমিব মেঘহিমোপরাগৈরিতি উপরাগশব্দেন দুষ্টজীবাবিষ্টং তমঃখণ্ডমেব তত্রোচ্যতে হে ভূপাঃ সূর্য্যো মেঘাহিমাদ্যতীতোঽপি যথা তেষামুপাদানকারণং তদপি যথা নির্ব্বিকারো ভবতি তথেত্যর্থঃ। যথৈবাব্ভ্রাদিরাহিতেঽপি সূর্য্যে কারণত্বাদব্ভ্রাদয়ঃ সন্তীত্যুচ্যতে তথৈব হরৌ গুণরহিতেঽপি অমুঃ শক্তয়ো রজআদ্যাঃ। ইত্যেবং প্রকারেণায়ং জগৎপ্রবাহঃ। তত্র যথাব্ভ্রতমসী সূর্য্যস্য শুদ্ধজ্যোতির্ম্মাত্রস্য ন স্বরূপং। দূরবর্ত্তি মলিনঃ প্রকাশোঽপি ন স্বরূপং। তথৈব হরে রজস্তমসী শুদ্ধচিন্মাত্রস্য তস্য সত্ত্বং চ ন স্বরূপমিত্যেবং শ্রীনারদস্য মতে ভগবতো

কালে জীবস্বরূপ সূত্রাত্মাতেই বিলীন থাকে, সেইরূপ পঞ্চ মহাভূত, পঞ্চ তন্মাত্র, একাদশ ইন্দ্রিয় এবং ইন্দ্রিয়াধিষ্ঠাতা দেবতানিচয় এক পরম পুরুষ পরমাত্মা হইতে স্ফূর্ত্তিলাভে সৃষ্টির পরিচয় দিয়া, প্রলয়ে তাঁহাতেই বিলীন থাকে; ইহাতে ভগবৎস্বরূপের কোন ক্ষতি বৃদ্ধি বা বিড়ম্বনার সম্ভাবনা নাই ॥ ১৩ ॥

আভাস।

প্রত্যাশায় যে ব্যক্তি তাহার মূলদেশে জলসিঞ্চন করে, বৃক্ষ অনন্ত প্রশাখারূপ হস্তের বিস্তারে ফলকুসুম প্রদানে সেই বুদ্ধিমান্ ব্যক্তির প্রার্থনা পূরণ করিয়া থাকে। কারণ বৃক্ষের মূলদেশ জল গ্রহণ করিয়া স্কন্ধকে, স্কন্ধ শাখাকে, শাখা প্রশাখাকে এবং প্রশাখা পত্র পুষ্প ও ফলকে প্রসব করত কৃষকের আশা পূর্ণ করে, সেইরূপ যজ্ঞাদির দ্বারা অভিপূজিত সর্ব্বদেবময় বিষ্ণু অস্বতন্ত্র অন্যান্য ফলপ্রদ সকল দেবতার পুষ্টি ও তুষ্টি উৎপাদন করত, ভক্তের সকল কামনা

যথা নভস্যব্‌ভ্রতমঃপ্রকাশা ভবন্তি ভূপা ন ভবন্ত্যনুক্রমাৎ।
এবং পরে ব্রহ্মণি শক্তয়স্ত্বমূ রজস্তমঃসত্ত্বমিতি প্রবাহঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

হে ভূপাঃ! যথা নভসি আকাশে, অব্‌ভ্রতমঃপ্রকাশাঃ অনুক্রমাৎ কদাচিৎ ভবন্তি উপলভ্যন্তে, ন ভবন্তি লীয়ন্তে, চ এবং পরে ব্রহ্মণি রজস্তমঃসত্ত্বং ইতি অমূঃ শক্তয়ঃ তু অপি, কদাচিৎ ভবন্তি ন ভবন্তি চ ইতি প্রবাহঃ সংসারঃ বিদ্যতে ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

নম্বসঙ্গে হরৌ কথং প্রপঞ্চোৎপত্তিলয়ৌ তত্রাহ যথেতি। অব্‌ভ্রতমঃপ্রকাশাঃ আগমাপায়িনো রজস্তমঃসত্ত্বস্থানীয়াঃ হে ভূপাঃ প্রচেতসঃ! ন ভবন্তি লীয়ন্তে অমূঃ শক্তয়ঃ ইত্যেবময়ং জগৎপ্রবাহঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুণময়জগদুপাদানত্বং নির্ব্বিকারত্বঞ্চ সিদ্ধমতএবাত্মনৈবাবিক্রিয়মাণেন সগুণমগুণঃ সৃজসি হরসি পাসীতি দেবৈ বর্ক্ষ্যতে। যত উদয়াস্তময়োর্বিকৃতে র্ম্ দিবাবিকৃতাদিতি শ্রুতিভিশ্চ নমো নমস্তেহখিলকারণায় নিষ্কারণায়াদ্ভুতকারণায়েতি। গজেন্দ্রেণচ কারণস্য তদেবাদ্ভুতত্বং যদুপাদানত্বেহপি নির্ব্বিকারত্বং বিবর্ত্তাঙ্গীকারে যুক্তিসম্ভাবাদদ্ভুতত্বং ন স্যাৎ। ব্যাখ্যাতং তত্রৈব স্বামিভিশ্চ। কারণত্বেচ মৃদাদিবদ্বিকারং বারয়তি অদ্ভুতকারণায়েতি ॥ ১৩ ॥ ১৪ ॥

হে রাজপুত্রগণ! নভোমণ্ডলে মেঘ, অন্ধকার বা প্রকাশভাব যেমন পর্য্যায়ক্রমে উৎপন্ন এবং বিলীন হইয়া থাকে, সেইরূপ পরাৎপর পরমব্রহ্মে রজঃ, সত্ত্ব ও তমোগুণরূপা শক্তির বিকাসে কখন প্রকাশমান, কখনও বা অপ্রকটিত হইয়া, ধারাবাহিক সংসার-প্রবাহের পরিচয় দিয়া থাকে ॥ ১৪ ॥

আভাস।

পূর্ণ করিয়া থাকেন। ভোজন ব্যাপারের দ্বারা এক প্রাণশক্তিকে রক্ষা করিতে পারিলে, তাহার বলে যেমন অন্যান্য সকল ইন্দ্রিয়ই পুষ্ট হইয়া দেহের কার্য্য সমাধা করে, কেবল ইন্দ্রিয়ে লেপনাদির প্রয়োগে তন্নিষ্ঠ বললাভের বিশেষ সম্ভাবনা থাকে না; বরং প্রাণস্বরূপ জীবনীশক্তির অভাবে কেবল প্রলেপ যোগে ইন্দ্রিয়ের বৈকল্য হইবারই বিশেষ সম্ভাবনা, সেইরূপ বিষ্ণুর আরাধনা না করিয়া, দেবতান্তরের আরাধনায় বরং বিষময় ফল ও প্রতিবন্ধকেরই বিশেষ সম্ভাবনা। অতএব অন্য কোন দেবতার আরাধনা না করিয়াও যদি কেবল বিষ্ণুর আরাধনাই করা হয়, তাহাতেও মঙ্গল লাভ হইবে; সন্দেহ নাই ॥

ভগবান্ যে যাবতীয় ফল ও ফলপ্রদ দেবতানিচয়ের উৎপত্তি ও নিধনস্থল, তাহাই সূর্য্য ও ভূমির দৃষ্টান্তে এই শ্লোকে প্রদর্শিত হইয়াছে। অর্থাৎ দিবাকর হইতে বর্ষাকালে বারি বর্ষণ এবং গ্রীষ্মকালে বারির প্রত্যাহরণ যেমন হয়, বারি সূর্য্য হইতে কোন অংশে পৃথক্ নহে; যেমন পাদপাদি ওষধিসমূহ এক পৃথিবী হইতে সমুৎপন্ন এবং পৃথিবীতেই বিলীন হয়, তাহাতে পৃথিবীর উপচয় বা অপচয় হয় না, সেইরূপ গুণসৃষ্ট সংসার এক বিষ্ণু হইতে সমদ্ভূত

তেনৈকমাত্মানমশেষদেহিনাং কালং প্রধানং পুরুষং পরেশং।
স্বতেজসা ধ্বস্ত গুণপ্রবাহমাত্মৈকভাবেন ভজধ্বমদ্ধা ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

তেন হেতুনা, অশেষদেহিনাং আত্মনাং স্বরূপং অপি স্বতেজসা চিচ্ছক্ত্যা, ধ্বস্ত-গুণপ্রবাহং (ধ্বস্তঃ নিরস্তঃ গুণপ্রবাহঃ সংসারঃ যস্য তং) কালং নিমিত্তকারণং, প্রধানং উপাদানং, পুরুষং কর্ত্তারং, পরেশং নিয়ন্তারং একং এব আত্মৈকভাবেন আত্মনঃ অভেদেন, অদ্ধা ফলব্যবধানমন্তরেণ, ভজধ্বং ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

তেন সর্ব্বকারণত্বেন হেতুনা কালো নিমিত্তং প্রধানমুপাদানং পুরুষঃ কর্ত্তা এতৎ ত্রিতয়াত্মকত্বাৎ সর্ব্বকারণং পরেশং অদ্ধা সাক্ষাৎ, ভজধ্বং কথং আত্মনা একভাবেন অভিন্নত্বেন ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেন সর্ব্বকারণত্বেন হেতুনা কালো নিমিত্তং প্রধানমুপাদানং পুরুষঃ কর্ত্তা এতত্ত্রিতয়াত্মকত্বাৎ সর্ব্বকারণং পরমীশং অদ্ধা সাক্ষাদেব ভজধ্বং তদ্ভজনেনৈব দেবপিত্রাদিসর্ব্বভজনং ভবেদিতি। আত্মনা মনসা একভাবেন মনস ঐকাগ্র্যেণেতি বা আত্মনো যো ভাবান্তরামিশ্রো ভাবো দাস্যাদীনামেকতরস্তেনেতি সন্দর্ভঃ ॥ ১৫ ॥

অতএব দেহীমাত্রেরই আত্মাস্বরূপ এক পরমাত্মাকেই অবধারণ কর। তিনি স্বকীয় প্রভাবে গুণগ্রামকে নিজ বশে রাখিয়া, নিমিত্ত কারণ কাল, উপাদানকারণ প্রকৃতি, কর্ত্তারূপ পুরুষ এবং সকলের অন্তর্যামী হইয়া একাকীই বিরাজ করিতেছেন; সর্ব্বপ্রকার ফলের কামনা পরিত্যাগ পূর্ব্বক সর্ব্বান্তঃকরণে তাঁহারই আরাধনা কর ! ॥ ১৫ ॥

আভাস।

এবং তাঁহাতেই অব্যক্তভাবে বিলীন হয়; তাহাতে ভগবৎস্বরূপের কোনরূপ উপচয় বা অপচয় ঘটে না। এস্থলে আশঙ্কা হইতে পারে যে, ভগবান্ গুণের অতীত; সুতরাং নির্গুণ পরমভাবে গুণময় বিকার কিরূপে সঙ্গত হইতে পারে ? এতদুত্তরে প্রকাশ করা হইয়াছে যে, নির্ম্মল আকাশে মেঘের উদয় হইলে, যেমন বিচিত্র ব্যাপারের পরিচয় হয় বটে, অথচ মেঘাপগমে কোন ব্যাপারই থাকে না, নির্ম্মল আকাশই পূর্ব্ববৎ বিরাজ করে, সেইরূপ ভগবানে আপাতত দৃষ্টিতে যে কোন গুণময় ভাবের বিকাশ হইলেও পরমার্থত তাঁহাতে কিছুরই সংস্পর্শ ঘটে না। মানব যখন নিদ্রিত হয়, তখন তাঁহার ইন্দ্রিয়বর্গ মনোমধ্যে বিলীন হয়; মন অহঙ্কারতত্ত্বে, অহঙ্কার বুদ্ধিতে এবং বুদ্ধি জীবস্বরূপে বিলীন থাকিয়া কেবল চৈতন্যস্বরূপ জীবমাত্রের অস্তিত্ব প্রতিপাদন করে, পরে জাগ্রত হইলে, তাহারা সকলে উত্তরোত্তর যেন উৎপন্ন হইয়া, যেন জীবস্বরূপের পূর্ণ পরিচয় প্রদান করে; সেইরূপ দেবতা, ইন্দ্রিয়, তন্মাত্র ও পঞ্চভূতরূপে পরিণত জগদ্ভাবের দ্বারা পূর্ণব্রহ্ম ভগবানের পূর্ণ পরিচয়ই হয় মাত্র ॥ ১২—১৪ ॥

দয়য়া সর্ব্বভূতেষু সংতুষ্ট্যা যেন কেন বা।
সর্ব্বেন্দ্রিয়োপশান্ত্যাচ তুষ্যত্যাশু জনার্দ্দনঃ॥ ১৬॥
অপহতসকলৈষণামলাত্মন্যবিরতমেধিতভাবনোপহূতঃ।

অন্বয়ঃ।

সর্ব্বভূতেষু দয়য়া দুঃখনিবারণেচ্ছয়া, যেন কেন প্রারব্ধলব্ধেন বা সন্তুষ্ট্যা, সর্ব্বেন্দ্রিয়োপশান্ত্যা (সর্ব্বেষাং ইন্দ্রিয়াণাং উপশান্ত্যা নিগ্রহেণ) জনার্দ্দনঃ আশু তুষ্যতি॥ ১৬॥

সতাং অপহতসকলৈষণামলাত্মনি (অপহতাঃ নিরস্তাঃ সকলাঃ এষণাঃ কামাঃ যস্মাৎ তস্মিন্ অমলে আত্মনি অন্তঃকরণে) অবিরতং নিরন্তরং, এধিতভাবনোপহূতঃ (এধিতয়া

শ্রীধরস্বামী।

সাধনমাহ দয়াদিভিঃ শীঘ্রং তুষ্যতি॥ ১৬॥

ততো ন কদাচিৎ ত্যজতীত্যাহ। অপহতাঃ নিরস্তাঃ সকলা এষণাঃ কামা যস্মাৎ সচাসাবমল আত্মা মনশ্চ তস্মিন্ সতাং মনসি নিরন্তরমেধিতয়া ভাবনয়া উপহূতঃ সন্নিধাপিতঃ সন্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রানুকূলান্ কাংশ্চ ধর্ম্মানাহ দয়য়েতি॥ ১৬॥

এবমুক্তপ্রকারয়া ভক্ত্যা ভক্তেভ্যো ভগবান্ স্বাত্মপ্রদো ভবতীতি পূর্ব্বমুপপাদিতং তল্লক্ষণং বিবৃণোতি অপহতা নিরস্তাঃ সকলা এষণাঃ কামা যস্মাৎ সচাসাবমল আত্মা মনশ্চ যস্মিন্ সতাং মনসি নিরন্তরমেধিতয়া ভাবনয়া উপহূতঃ হে হরে গোবিন্দ মৎপ্রাণৈকবল্লভেতি আহূতঃ

জীবসমূহের প্রতি দয়া, প্রারব্ধলব্ধ যে কোন পদার্থের প্রাপ্তিতেই নিজের তুষ্টি এবং ইন্দ্রিয়বর্গের নিগ্রহ; এই ত্রিবিধ সাধনার দ্বারা জনার্দ্দিন হৃষীকেশের তুষ্টি অতি সত্বর প্রাপ্ত হওয়া যায়॥ ১৬॥

যে সকল সরলপ্রকৃতি সাধুগণের অন্তঃকরণ হইতে পুত্রবিত্তাদির কামনা বিদূরিত হইয়া ভগবদ্ভক্তি নিরন্তর পরিবর্দ্ধিত হইতে থাকে, অপ্রচ্যুত-স্বভাব

আভাস।

পরমেশ্বরের পরম শক্তিই যখন কার্য্যকারণভেদে এই জগদ্রূপে পরিচিত হয়, তখন পরমাত্মাই সর্ব্বময়। সর্ব্বকারণ কাল, উপাদানকারণ প্রকৃতি ও নিয়ন্তা পুরুষরূপে একা তিনিই বিরাজ করিয়া থাকেন। নামরূপ পরিহারপূর্ব্বক ভাবে নিমগ্ন হইলে, এক তাঁহাকেই পাওয়া যায়। সর্ব্বান্তঃকরণে তাঁহার আরাধনা করাই জীবের এক মাত্র কর্ত্তব্য। তাঁহাকে আরাধনা করিবার প্রধান উপকরণই জীবের প্রতি দয়া, স্বীয় মানসিক তুষ্টি ও ইন্দ্রিয়-নিগ্রহ। বাহ্য বস্তু প্রদানে বা স্তব স্তোত্র দ্বারা ভগবানের পরিতৃপ্তি কখন সাধিত হয় না॥ ১৫॥ ১৬॥

ভক্তের হৃদয়ে ভগবান্ আত্মসমর্পণ করিয়া থাকেন। মেঘহীন নির্ম্মল আকাশে যেমন সূর্য্যদেব আপনা হইতেই উদিত হন, সেইরূপ বিষয়বাসনা, ধন মান ও পুত্রাদির কামনারূপ চিত্তের প্রতিবন্ধক যে চিত্ত হইতে নিরস্ত হইয়া থাকে, ভাব্য অন্য বিষয়ের অভাবে যে চিত্ত

নিজজনবশগত্বমাত্মনোঽয়ন্ন সরতি ছিদ্রবদক্ষরঃ সতাং হি ॥ ১৭ ॥

ন ভজতি কুমনীষিণাং স ইজ্যাং হরিরধনাত্মধনপ্রিয়ো রসজ্ঞঃ।

অন্বয়ঃ।

ভাবনয়া ভক্ত্যা উপহূতঃ সন্নিধাপিতঃ) সন্ অক্ষরঃ অপ্রচ্যুতঃ, ভগবান্ ছিদ্রবৎ হৃদয়াকাশবৎ আত্মনঃ নিজজনবশগত্বং স্বভক্তাধীনত্বং, অয়ন্ গচ্ছন্ হি ন সরতি ন অপযাতি ॥ ১৭ ॥

অকিঞ্চনেষু অভিমানরহিতেষু, সৎসু যে শ্রুতধনকুলকর্ম্মণাং মদৈঃ পাপং বিদধতি তিরস্কারং কুর্ব্বন্তি, তথাবিধানাং কুমনীষিণাং কুৎসিতবুদ্ধীনাং ইজ্যাং পূজাং, অধনাত্মধন

শ্রীধরস্বামী।

অক্ষরো হরিঃ। ছিদ্রবৎ তত্রত্যাকাশবৎ ততো ন সরতি নাপযাতি হি। কিং কুর্ব্বন্ আত্মনো নিজজনবশগত্বং স্বভক্তাধীনত্বং যন্ অবগচ্ছন্ ॥ ১৭ ॥

সতামেবং বশ্যোঽসৌ অসতাং তু পূজামপি ন গৃহ্ণাতীত্যাহ নেতি। কুমনীষিণাং কুৎসিতমতীনাং অধনাশ্চ তে আত্মধনাশ্চ ভগবদ্ধনাঃ তে প্রিয়া যস্য। রসজ্ঞঃ ভক্তি-সুখজ্ঞঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সন্নিধাপিতঃ সন্ অক্ষরো হরির্ন সরতি। ছিদ্রবৎ তত্রত্যাকাশবৎ ততঃ সকাশান্নাপসরতি কীদৃশঃ আত্মনঃ স্বস্য স্বভক্তজনবশগত্বং। অয়ন্ জানন্ স্বীয়াং নিষ্ঠাং রক্ষিতুমিতি ভাবঃ ॥১৭॥

সতামেবায়ং বশ্য এবমেব অসতাস্তু পূজামপি ন গৃহ্ণাতীত্যাহ অধনাশ্চ তে আত্মধনা ভগবদ্ধনাস্তে প্রিয়া যস্য সঃ। যদ্বা। অধনা অকিঞ্চনা নিষ্কামা এবাত্মনো ধনানি প্রিয়াশ্চ যস্য সঃ। ধনপুত্রাদিষু মমতাং পরিত্যজ্য ময্যেব মমতামমী দধতে ইতি ভক্তানাং প্রেমরসং

ভগবান্ স্বীয় ভক্তগণের বাৎসল্যরসে আর্দ্র হইয়া, নিরন্তর তাদৃশ নির্ম্মল হৃদয়েই অবস্থান করেন; কখন তাহাকে পরিত্যাগ করেন না ॥ ১৭ ॥

যে সকল ব্যক্তি নিজের বিদ্যা, ধন, আভিজাত্য ও সৎকীর্ত্তির গৌরবে অভিমানী হইয়া, নিরভিমানী সাধু ভক্তগণের প্রতি অনাদর প্রদর্শন করে, ভগবান্ কখন তাহাদের প্রতি প্রসন্ন হন না। যাহারা জগতের ধন প্রার্থনা

আভাস।

হে গোবিন্দ! হে হরে! হে প্রাণবল্লভ! আমাকে দর্শন দিন! বলিয়া নিরন্তর প্রার্থনা করে, ভূতভাবন ভগবান সেই হৃদয়াকাশে স্বয়ং আরোহণ করেন এবং পুনরায় সে চিত্ত আর পরিত্যাগের বাসনা করেন না। কারণ ভক্তহৃদয়ই তাঁহার উত্তম বাসভবন ॥ ১৭ ॥

ভগবান্ সাধুগণের বশ্য বটে; কিন্তু যাহাদের মানোমালিন্য নিরস্ত হয় নাই, তাহাদের পূজাদিও তিনি গ্রহণ করেন না। সাধু ভক্তগণের আর কোন ধ্যেয় বিষয় জগতে থাকে না; ভগবানকেই পরম ধন বিবেচনায়, তল্লাভার্থ তাহারা যত্ন করে; সুতরাং ভগবান্ও প্রিয়বোধে তাঁহাদিগেরই আদর করিয়া থাকেন। আপনাকে পণ্ডিত, ধনবান্, সৎকুলসম্ভূত ও যজ্ঞাদি বিবিধ কর্ম্মের অনুষ্ঠাতা বিবেচনায়, যাহারা নির্ধন ভক্তগণকে উপেক্ষা বা তাচ্ছিল্য করে,

শ্রুতধনকুলকর্ম্মণাং মদৈ র্যে বিদধতি পাপমকিঞ্চনেষু সৎসু ॥ ১৮ ॥
শ্রিয়মনুচরতীং তদর্থিনশ্চ দ্বিপদপতীন্ বিবুধাংশ্চ যঃ স্বপুর্ণঃ।
ন ভজতি নিজভৃত্যবর্গতন্ত্রঃ কথমমুমুদ্বিসৃজেৎ পুমান্ কৃতজ্ঞঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

প্রিয়ঃ (অধনাঃ চ আত্মধনাঃ ভগবদ্ধনাঃ এব প্রিয়াঃ যস্য সঃ) রসজ্ঞঃ (রসং প্রেমলক্ষণং, জানাতি যঃ সঃ) হরিঃ ন ভজতি ন অঙ্গীকরোতি ॥ ১৮ ॥

এবং নিজভৃত্যবর্গতন্ত্রঃ স্বভক্তাধীনঃ, অপি অনুচরতীং সেবমানাং, শ্রিয়ং লক্ষ্মীং, তদর্থিনঃ শ্রীকামান্, দ্বিপদপতীন্ নরেন্দ্রান্, বিবুধান্ দেবান্ চ যঃ স্বপুর্ণঃ (স্বেনৈব পরমানন্দেন পূর্ণঃ) ভগবান্ ন ভজতি তং ভগবন্তং, কৃতজ্ঞঃ পুমান্, কথং বিসৃজেৎ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

কে কুমনীষিণস্তানাহ। শ্রুতাদিনিমিত্তৈর্ম্মদৈর্যে সৎসু পাপং তিরস্কারং কুর্ব্বন্তি ॥ ১৮ ॥

ভক্তাধীনত্বং প্রপঞ্চয়ন্নাহ। অনুবর্ত্তমানামপি শ্রিয়ং তদর্থিনঃ সকামান্ দ্বিপদপতীন্ নরেন্দ্রান্ বিবুধান্ দেবানপি যো নানুবর্ত্ততে যতঃ স্বেনৈব পূর্ণঃ অতঃ স্বভৃত্যবর্গানুরক্ত এব। এবম্ভূতমমুং উৎ ঈষদপি কথং পরিত্যজেৎ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জানাতীতি রসজ্ঞঃ কুমনীষিত্বমাহ শ্রুতেতি শ্রুতধনকুলৈর্যানি কর্ম্মাণি যাগাদীনি তেষাং মদৈঃ পাপং নিন্দাদিকং। যদ্বক্ষ্যতে কর্ম্মিণ এবোদ্দিশ্য সতো বিনিন্দন্তি হরিপ্রিয়ান্ খলা ইতি ॥ ১৮ ॥

ভক্তানাং ভগবত্যেব মমতা নান্যত্র যথা তথৈব ভগবতোঽপি ভক্তেষ্বেব মমতেতি ভক্তাধীনত্বং প্রপঞ্চয়তি শ্রিয়ং সমষ্টিসম্পত্তিরূপাং অনুচরতীং স্বসম্পত্তিবৃদ্ধ্যর্থমনুবর্ত্তমানাং। তদর্থিনঃ ব্যষ্টিসংপদর্থিনঃ। দ্বিপদপতীন্ নরেন্দ্রান্। বিবুধান্ দেবানপি ন ভজতি নাপেক্ষতে

করে না, তাহারা কেবল ভগবান্‌কেই প্রার্থনা করে; এবং তাদৃশ জনগণই প্রকৃত ভগবানের প্রিয়পাত্র; সুতরাং ভাবগ্রাহী ভগবান্ কখন সাধুজনের নিগ্রহকারী তাদৃশ মন্দবুদ্ধি ব্যক্তিগণের পূজাও গ্রহণ করেন না ॥ ১৮ ॥

ভগবান্ ভক্তের অধীন হইলেও চিরসঙ্গিনী কমলা বা ঐশ্বর্য্যপ্রার্থী নৃপতিবৃন্দ অথবা ত্রিদিববাসিগণই যে তাঁহার প্রিয়পাত্র, তাহাও নহে! ভক্তিভরে যে কেহ তাঁহার আরাধনা করে, সেই তাঁহার প্রিয়পাত্র হয়। কারণ তিনি কাহারও নিকট কিছুই প্রত্যাশা করেন না; তিনি নিজের পরমানন্দেই নিত্য বিরাজ করিয়া থাকেন। অতএব জগতে এমন কোন্ ব্যক্তি আছে যে, এরূপ জানিয়াও সেই ভগবান্‌কে বিস্মৃত হয়? ॥ ১৯ ॥

আভাস।

ভগবান্‌ও তাহাদিগকে উপেক্ষা করিয়া থাকেন। কারণ ভক্তের হৃদয়ই ভগবানের হৃদয়; ভগবদ্ হৃদয়ে ভক্ত নিরন্তর স্থান পায়; ভক্ত নিঃস্ব হইলেও ভগবদ্ধনে ধনী! ভগবান্ গুণের

ইতি প্রচেতসো রাজন্নন্যাশ্চ ভগবৎকথাঃ।
শ্রাবয়িত্বা ব্রহ্মলোকং যযৌ স্বায়ম্ভুবো মুনিঃ॥
তেঽপি তন্মুখনির্যাতং যশো লোকমলাপহং।
হরের্নিশম্য তৎপাদং ধ্যায়ন্তস্তদ্গতিং যযুঃ॥ ২০॥
এতত্তেঽভিহিতং ক্ষত্তর্যন্মাং ত্বং পরিপৃষ্টবান্।

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। স্বায়ম্ভুবঃ (স্বয়ম্ভুঃ ব্রহ্মা তৎপুত্রঃ) মুনিঃ নারদঃ ইতি এবম্ভূতাঃ অন্যাঃ চ ভগবৎকথাঃ প্রচেতসঃ শ্রাবয়িত্বা ব্রহ্মলোকং যযৌ॥

তে প্রচেতসঃ অপি তন্মুখনির্যাতং নারদমুখনিঃসৃতং, লোকমলাপহং দোষনিবর্ত্তকং, হরেঃ যশঃ নিশম্য শ্রুত্বা, তৎপাদং ধ্যায়ন্তঃ তদ্গতিং বৈষ্ণবপদবীং যযুঃ প্রাপুঃ॥ ২০॥

হে ক্ষত্তঃ বিদুর! ত্বং মাং যৎ পরিপৃষ্টবান্ তৎ প্রচেতসাং নারদস্য সংবাদঃ সংবাদরূপং

শ্রীধরস্বামী।

প্রচেতসঃ কর্ম্মভূতান্ অন্যাশ্চ নূনং সুনীতেরিত্যাদি ধ্রুবচরিত্যাদ্যাঃ সত্রে অগায়ং প্রচেতসামিত্যুক্তত্বাৎ॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যতঃ স্বেনৈব পূর্ণঃ স্বরূপত্বেঽপি নিজভৃত্যবর্গতন্ত্র ইত্যধীনত্বমপ্যন্যস্যোবাস্য বাস্তবং ন সোপাধিকমিত্যর্থঃ। অমুমেবম্ভূতং উং ঈষদপি কথং বিসৃজেৎ রসজ্ঞ ইতি যথা ভক্তপ্রেমরসজ্ঞো ভগবানুক্ত স্তথা ভক্তোঽপি ভগবৎপ্রেমরসজ্ঞ ইত্যুভাবেব জগত্যস্মিন্ রসজ্ঞাবিতি ভাবঃ। ননু তর্হি ভক্তস্য ভগবদ্বশত্বমুচিতমেব ভগবতোঽপি ভক্তবশ্যত্বে রসএবোপাধিরভূৎ। মৈবং রসো হি বিভাবাদিসংবলিতঃ স্থায়িভাবঃ স্থায়ীচ প্রেমারত্যপরপর্য্যায়ঃ সচ স্বাভাবিকমমত্বাতিশয়বিষয়ীভূতভগবৎসুখকামিতা ভক্তাশ্রয়ৈব তস্যাশ্চ নির্নিমিত্তত্বাৎ ভগবতশ্চ সুখ-

---

মৈত্রেয় মুনি বলিলেন, হে বিদুর! ব্রহ্মপুত্র দেবর্ষি নারদ এইপ্রকার অন্যান্য বিবিধ ভগবৎকথা সেই প্রচেতাগণকে শ্রবণ করাইয়া, ব্রহ্মলোকে প্রস্থান করিলেন॥

প্রচেতাগণও নারদোপবর্ণিত শ্রীহরির পবিত্র যশোরাশি শ্রবণ করিয়া ভগবানের চরণারবিন্দ চিন্তনে অন্তে বৈষ্ণবপদবী লাভ করিয়াছিলেন॥ ২০॥

হে বিদুর! প্রচেতাগণের সহিত দেবর্ষি নারদের উক্তিসম্বন্ধে তুমি যে

আভাস।

প্রতি লক্ষ্য না করিয়া, নির্ম্মলহৃদয়ের প্রতিই লক্ষ্য করেন। এই নিমিত্ত অতি নিঃস্ব এবং দুর্ব্বল ভক্ত যেমন তাঁহার প্রিয় পাত্র, স্বয়ং লক্ষ্মী, ঐশ্বর্য্যবান্ রাজা এবং এমন কি! দেবতারা পর্য্যন্ত তাঁহার তাদৃশ প্রিয়পাত্র হইতে পারেন না॥ ১৮॥ ১৯॥

প্রচেতসাং নারদস্য সংবাদো হরিকীর্ত্তনং ॥ ২১ ॥

শ্রীশুক উবাচ ॥

য এষ উত্তানপদো মানবস্যানুবর্ণিতঃ।

বংশং প্রিয়ব্রতস্যাপি নিবোধ নৃপসত্তম ॥ ২২ ॥

যো নারদাদাত্মবিদ্যামধিগম্য পুনর্মহীং।

ভুক্ত্বা বিভজ্য পুত্রেভ্য ঐশ্বরং সমগাৎ পদং ॥

ইমাং তু কৌশারবিণোপবর্ণিতাং ক্ষত্তা নিশম্যাজিতবাদসংকথাং।

প্রবৃদ্ধভাবোঽশ্রুকলাকুলো মুনে র্দধার মূর্দ্ধ্না চরণং হৃদা হরেঃ।

অন্বয়ঃ।

হরিকীর্ত্তনং এতৎ তে তুভ্যং, অভিহিতং কথিতং ॥ ২১ ॥

শ্রীশুকঃ উবাচ। যঃ মানবস্য স্বায়ম্ভুবঃ মনোঃ পুত্রস্য উত্তানপদঃ বংশঃ সঃ এষঃ অনুবর্ণিতঃ হে নৃপসত্তম! প্রিয়ব্রতস্য অপি বংশং নিবোধ শৃণু ॥ ২২ ॥

যঃ প্রিয়ব্রতঃ নারদাৎ আত্মবিদ্যাং অধিগম্য প্রাপ্য, পুনঃ তদনন্তরং, মহীং ভুক্ত্বা রাজ্যং কৃত্বা, ততঃ পুত্রেভ্যঃ (মহীং) বিভজ্য ঐশ্বরং পদং ভগবৎস্বরূপং, সমগাৎ প্রাপ্তবান্ ॥

ইমাং কৌশারবিণা মৈত্রেয়েণ, উপবর্ণিতাং অজিতবাদসংকথাং (অজিতস্য ভগবতঃ

শ্রীধরস্বামী।

প্রচেতসাং নারদস্য সম্বাদরূপমেতদাখ্যানং তেঽভিহিতং। হরেঃ কীর্ত্তনং যস্মিন্ তৎ ॥২১॥

য এষ বংশঃ সোঽনুবর্ণিতঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পূর্ণত্বেঽপি তস্যাঃ সুখাতিশয়প্রদত্বং শ্রুতিস্মৃতিপ্রসিদ্ধং নিষ্কারণকমেবাতঃ কথমুপাধিত্বং তেন ভগবতঃ স্বাভাবিকমেব প্রেমবশ্যত্বমায়াতং। প্রেমাচ স্বাধারস্বীকারীকরোতীতি ভক্তবশ্যত্বঞ্চ ॥ ১৯—২২ ॥

তমসঃ সংসারসমুদ্রস্য পারঃ। যত্র হরিরকিঞ্চনং প্রাপ্নোতি কিং পুনর্বক্তব্যমকিঞ্চনো-

---

সকল প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলে, সেই হরিকীর্ত্তন-ব্যাপার আমি তোমার নিকট সমস্তই বর্ণন করিলাম ॥ ২১ ॥

শুকদেব বলিলেন, হে নৃপতে! স্বায়ম্ভুব মনুর উত্তানপাদ ও প্রিয়ব্রত নামে যে দুইটী পুত্র ছিলেন, তন্মধ্যে উত্তানপাদের এই বংশ তোমার নিকট বর্ণন করিলাম; এক্ষণে প্রিয়ব্রতের বংশ কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর! ॥ ২২ ॥

এই প্রিয়ব্রত দেবর্ষি নারদের সমীপে আত্মবিদ্যার উপদেশ প্রাপ্ত হইবার পর রাজ্যভোগ করেন, পরে পুত্রগণকে স্বকীয় রাজত্ব বিভাগ পূর্ব্বক সমর্পণ

বিদুর উবাচ ॥

সোঽয়ং তাত মহাযোগিন্ ভবতা করুণাত্মনা।

দর্শিতস্তমসঃ পারো যত্রাকিঞ্চনগো হরিঃ ॥ ২৩ ॥

ইত্যানম্য তমামন্ত্র্য বিদুরো গজসাহ্বয়ং।

স্বানাং দিদৃক্ষুঃ প্রযযৌ জ্ঞাতীনাং নির্বৃতাশয়ঃ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

বাদঃ মাহাত্ম্যবর্ণনং যস্যাং অতএব সতীং দোষহীনাং কথাং) নিশম্য শ্রুত্বা, প্রবৃদ্ধভাবঃ তথা হৃদা (প্রবৃদ্ধঃ ভাবঃ ভক্তিঃ যস্য সঃ) অশ্রুকলাকুলঃ (অশ্রুকলাভিঃ আকুলঃ ব্যাকুলঃ) ক্ষত্তা মূর্দ্ধ্না মুনেঃ হরেঃ চরণং দধার ॥

বিদুরঃ উবাচ। হে তাত মহাযোগিন্! করুণাত্মনা ভবতা সঃ অয়ং তমসঃ পারঃ দর্শিতঃ যত্র যস্মিন্ সতি অকিঞ্চনগঃ অনন্যভক্তপ্রাপ্যঃ হরিঃ প্রাপ্যতে ॥ ২৩ ॥

ইতি উক্ত্বা তং মৈত্রেয়ং, আনম্য আমন্ত্র্য প্রস্থানপ্রার্থনাং কৃত্বা, নির্বৃতাশয়ঃ পূর্ণান্তঃকরণঃ, বিদুরঃ স্বানাং জ্ঞাতীনাং, দিদৃক্ষুঃ সন্ গজসাহ্বয়ং হস্তিনাপুরং, প্রযযৌ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

যঃ প্রিয়ব্রতঃ ॥ ২৩ ॥

স্বান্ জ্ঞাতীন্ দিদৃক্ষুঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হরিং প্রাপ্নোতীতি ॥ ২৩ ॥ ২৪ ॥

করিয়া, অন্তে মুক্তিপদ লাভ করিয়াছিলেন।

অনন্তর কুশারু-নন্দন মৈত্রেয় কর্তৃক উপবর্ণিত সর্ব্বপাপনাশন পবিত্র মাহাত্ম্য-প্রকাশক ভগবৎকথা শ্রবণ করিয়া, বিদুরের ভক্তিস্রোত উৎবেলিত হইয়া উঠিল; তিনি অশ্রুপূর্ণলোচনে ও প্রেমের বিহ্বলে মহর্ষি মৈত্রেয়কে দণ্ডবৎ প্রণাম করিলেন এবং ভক্তিভরে ভগবানের পাদপদ্ম হৃদয়ে চিন্তা করিতে লাগিলেন।

ক্ষণকাল পরে বিদুর বলিলেন, হে তাত মহাযোগিন্! আপনি বিশেষ অনুগ্রহ করিয়াই এই ভীষণ সংসারভ্রমের পর পার আমাকে প্রদর্শন করিয়াছেন! এই স্থানে উপস্থিত হইতে পারিলে, অকিঞ্চনের ধন ভগবানকে প্রাপ্ত হওয়া যায়। ২৩ ॥

এই বলিয়া বিদুর মৈত্রেয়কে প্রণাম করিলেন এবং তাঁহার অনুমতি গ্রহণে স্বীয় জ্ঞাতিবর্গকে দেখিবার অভিপ্রায়ে প্রসন্নচিত্তে তথা হইতে হস্তিনাপুরে প্রস্থান করিলেন ॥ ২৪ ॥

এতদ্যঃ শৃণুয়াদ্রাজন্ রাজ্ঞাং হর্য্যর্পিতাত্মনাং ।
আয়ুর্ধনং যশঃ স্বস্তি গতিমৈশ্বর্য্যমাপ্নুয়াৎ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে প্রচেতসোপাখ্যানং নাম একত্রিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ৩১ ॥

সমাপ্তশ্চায়ং চতুর্থস্কন্ধঃ ॥ * ॥

অন্বয়ঃ।

হর্য্যর্পিতাত্মনাং (হরৌ অর্পিতঃ আত্মা যেষাং তেষাং) রাজ্ঞাং প্রচেতসাং এতৎ চরিত্রং যঃ শৃণুয়াৎ, সঃ আয়ুঃ দীর্ঘজীবনং, যশঃ সংকীর্ত্তিং, স্বস্তি পুত্রপৌত্রাদিমঙ্গলং ঐশ্বর্য্যং রাজ্যাদিকং, গতিং স্বর্গাদিকং, আপ্নুয়াৎ ॥ ২৫ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একত্রিংশোঽধ্যায়ঃ ॥

সমাপ্তশ্চায়ং চতুর্থঃ স্কন্ধঃ ॥

শ্রীধরস্বামী।

রাজ্ঞাং চরিতমিতি শেষঃ ॥ ২৫ ॥

চতুর্থেঽত্র চতুর্থার্থসাধনাদন্যদস্তি ন।
সতী ধ্রুবাদিচরিতে পুরঞ্জনকথামৃতে ॥

ইতি চতুর্থে একত্রিংশঃ ॥

সমাপ্তা চেয়ং চতুস্কন্ধভাবার্থদীপিকেতি ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বানাং স্বান্ জ্ঞাতীন্ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একত্রিংশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ন কাপি বিদ্যাচ ন ভক্তিগন্ধোঽপ্যহো ন ভক্তেম্বপি মন্দভাবঃ।
নমে বিরক্তি র্নমনোবশং তন্ন বেদ্মি টীকাং বিদধে কিমোজাঃ ॥
শুচৌ সৌম্যদিনে শুক্লপঞ্চম্যাং যমুনাতটে।
টীকাপূরি চতুর্থস্য সমীপে কল্পশাখিনঃ ॥ * ॥

ভগবানে অর্পিতচিত্ত প্রচেতা নামক নৃপতিবৃন্দের এই পরম পবিত্র চরিত্রটী যিনি শ্রবণ করেন, তিনি এই দেহে সুদীর্ঘ জীবন, বিমল যশঃ, পুত্র পৌত্রাদির মঙ্গল, অতুল ঐশ্বর্য্য এবং অন্তে স্বর্গাদি সুখসম্পত্তি প্রাপ্ত হইয়া থাকেন; সন্দেহ নাই ॥ ৩৫ ॥ ২৫ ॥

ইতি চতুর্থে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের একত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥

চতুর্থ স্কন্ধ সমাপ্ত ॥

শ্রীমদ্ভাগবতম্।

পঞ্চম-স্কন্ধঃ।

প্রথমাধ্যায়ঃ।

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

শ্রীধরস্বামী।

অথাতঃ পঞ্চমস্কন্ধব্যাখ্যাঽনেকবিশেষবান্। প্রিয়ব্রতান্বয়ো যত্র সপ্রপঞ্চঃ প্রপঞ্চ্যতে ॥
ষড়্বিংশত্যাধুনাধ্যায়ৈঃ পঞ্চমে স্থানমীর্য্যতে। লোক দ্বীপাদি মর্য্যাদা পালনাখ্যমনেকধা ॥
পৃথিব্যুপর্য্যধোলোকৈর্ম্মর্য্যাদা ত্রিবিধা মতা। পুনশ্চৈকৈকশস্তেষু মর্য্যাদা বহুধা মতা ॥
ভুবি দ্বীপাদি-মর্য্যাদা পাল্যতে রাজভিঃ পৃথক্। ভুমেরুপরি দেবাদ্যৈ স্তত*চাধোঽসুরাদিভিঃ ॥
তত্রাধ্যায়ৈস্তু বিংশত্যা প্রিয়ব্রতপুরঃসরৈঃ। ভুবি দ্বীপাদিমর্য্যাদাঃ পালিতা ইতি বর্ণ্যতে ॥
ত্রিভিঃ সূর্য্যাদিভি র্জ্জোতিশ্চক্রাদিস্থিতি কীর্ত্ত্যতে। অতলাদিষু দৈত্যাদ্যৈঃ পালনঞ্চ ততস্ত্রিভিঃ ॥
তত্র তু প্রথমেঽধ্যায়ে জ্ঞানিনো রাজ্যনির্বৃতিঃ। পুনশ্চ জ্ঞাননিষ্ঠেতি প্রিয়ব্রতকথাদ্ভুতা ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রণম্য শ্রীগুরুং ভূয়ঃ শ্রীকৃষ্ণং করুণার্ণবং। লোকনাথং জগচ্চক্ষুঃ শ্রীশুকং তমুপাশ্রয়ে ॥
গোপরামাজনপ্রাণপ্রেয়সেঽতিপ্রভূষ্ণবে। তদীয়প্রিয়দাস্যায় মাং মদীয়মহং দদে ॥
ত্রিভিঃ প্রিয়ব্রতাগ্নীধ্রনাভীনাং চরিতং ক্রমাৎ। আর্ষভং ত্রিভিরধ্যায়ৈ র্ভরতস্য তথাষ্টভিঃ ॥
গয়োপাখ্যানমেকেন চতুর্ভি র্জম্বুসংজ্ঞিতঃ। দ্বীপো নিরূপ্যতে দ্বীপান্তরশৈলনগাদিকং ॥
একেন জ্যোতিশ্চক্রাদি দ্বাভ্যাং ধ্রুবপদং ততঃ। একেন দ্বাভ্যাং সূর্য্যাধ অশেষস্থানমুচ্যতে ॥
একেন নরকঞ্চৈব পঞ্চমস্কন্ধসংগ্রহঃ। অত্র স্থানং তচ্চ দেবাদিভিঃ পালনমুচ্যতে ॥
দেবাসুরনরাদীনামূর্দ্ধাধোমধ্যবর্ত্তিনাং। তত্রতু প্রথমে ব্রহ্মগিরং সংমানয়ন ব্যধাৎ ॥
রাজ্যং প্রিয়ব্রতঃ পশ্চাদ্বিরজ্যাবাপ মাধবং। বংশং প্রিয়ব্রতস্যাপি নিবোধনৃপসত্তম ॥ * ॥

রাজোবাচ ॥

প্রিয়ব্রতো ভাগবত আত্মারামঃ কথং মুনে।
গৃহেঽরমত যন্মূলঃ কর্ম্মবন্ধঃ পরাভবঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

রাজোবাচ। হে মুনে সর্ব্বজ্ঞ! প্রিয়ব্রতঃ ভাগবতঃ ভগবদ্ভক্তঃ (অতএব ভগবৎপ্রেরিতাৎ নারদাৎ প্রাপ্তাত্মবিদ্যত্বাৎ) আত্মারামঃ গৃহে কথং অরমত যৎ গৃহরমণং এব মূলং কারণং যস্য তাদৃশঃ কর্ম্মবন্ধঃ এব পরাভবঃ স্বস্বরূপতিরস্কারঃ চ ভবতি ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

বংশং প্রিয়ব্রতস্যাপি নিবোধ নৃপসত্তম। যো নারদাদাত্মবিদ্যামধিগম্য পুনর্ম্মহীং। ভুক্ত্বা বিভজ্য পুত্রেভ্য ঐশ্বরং সমগাৎ পদমিতি পূর্ব্বস্কন্ধান্তে প্রিয়ব্রতস্য প্রথমমাত্মবিদ্যা ততো গৃহাশ্রমঃ ততঃ সর্ব্বসঙ্গত্যাগেন মোক্ষ ইত্যুক্তং তত্র বিস্মিতঃ পৃচ্ছতি প্রিয়ব্রত ইতি। ভাগবতঃ অতএবাত্মারামঃ গৃহে কথং অরমত। রমতাং কোদোষ ইতি চেৎ অত আহ কর্ম্মণা বন্ধঃ পরাভবশ্চ স্বরূপতিরস্কারো যন্মূলো ভবতি। যদ্গৃহং মূলং যস্য ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যো নারদাদাত্মবিদ্যামধিগম্য পুনর্ম্মহীং। ভুক্ত্বা বিভজ্য পুত্রেভ্য ঐশ্বরং সমগাৎ পদমিতি পূর্ব্বস্কন্ধান্তে প্রিয়ব্রতস্য প্রথমমাত্মারামত্বং ততো বিষয়ভোগ ইতি শ্রুত্বা বিস্মিতঃ পৃচ্ছতি প্রিয়ব্রত ইতি। ভাগবত ইত্যাত্মারামত্বেঽপি ভক্ত্যানিবৃত্তিবিশিষ্ট ইত্যর্থঃ। যন্মূলঃ গৃহাসক্তিহেতুকঃ কর্ম্মবন্ধো ভবতি সচ শুদ্ধঃ শুদ্ধজীবস্য তস্য পরাভবপ্রদত্বাৎ পরাভবঃ ॥ ১ ॥

রাজা পরীক্ষিৎ পরমজ্ঞানবান্ সর্ব্বদর্শী শুকদেবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে মহামুনে! প্রিয়ব্রত একজন ভগবদ্ভক্ত; ভগবৎপ্রেরিত দেবর্ষি নারদের নিকট তিনি আত্মবিদ্যা লাভ করেন; সুতরাং পরমাত্মতত্ত্বে তাঁহার বিশেষ প্রীতি ছিল; অতএব যে গৃহাসক্তিতে কর্ম্মপাশ আনয়ন করত জীবের আত্মবিস্মৃতি উপস্থিত করে, আত্মতত্ত্বজ্ঞ প্রিয়ব্রত আবার কি নিমিত্ত তাদৃশ গৃহব্যাপারে লিপ্ত হইলেন? ॥ ১ ॥

আভাস।

ষড়্বিংশ অধ্যায়ে পঞ্চমস্কন্ধ সমাপ্ত হইয়াছে। সাধারণত এই স্কন্ধে লোক এবং দ্বীপাদির মর্য্যাদা-পালনের কথাই নানাপ্রকারে কথিত হইয়াছে। পৃথিবী, ঊর্দ্ধলোক এবং অধোলোক-ভেদে মর্য্যাদার পালনও তিন প্রকার। তন্মধ্যে প্রত্যেক লোকের মর্য্যাদাও নানাপ্রকার আছে। পৃথিবীতে দ্বীপাদির মর্য্যাদা-পালন-কার্য্য রাজাগণ কর্ত্তৃকই সাধিত হইয়াছে; দেবতাগণ কর্ত্তৃক ঊর্দ্ধলোকের মর্য্যাদা এবং অসুরগণের দ্বারা অধোলোকের মর্য্যাদা রক্ষিত হয়; এইরূপ বর্ণিত হইয়াছে। প্রথম বিংশতি অধ্যায়ে প্রিয়ব্রত প্রভৃতি নরপতিগণের দ্বারা জগতে দ্বীপাদির

ন নূনং মুক্তসঙ্গানাং তাদৃশানাং দ্বিজর্ষভ।
গৃহেষ্বভিনিবেশোঽয়ং পুংসাং ভবিতুমর্হতি ॥ ২ ॥
মহতাং খলু বিপ্রর্ষে উত্তমঃশ্লোকপাদয়োঃ।
ছায়ানির্বৃতচিত্তানাং ন কুটুম্বে স্পৃহা মতিঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

হে দ্বিজর্ষভ দ্বিজশ্রেষ্ঠ! মুক্তসঙ্গানাং বিষয়বিরক্তানাং, তাদৃশানাং প্রিয়ব্রততুল্যানাং ভগবদ্ভক্তানাং পুংসাং অয়ং অজ্ঞজন-প্রসিদ্ধঃ, গৃহেষু অভিনিবেশঃ আসক্তিঃ, নূনং নিশ্চিতং, ভবিতুং ন অর্হতি ॥ ২ ॥

হে বিপ্রর্ষে! উত্তমশ্লোকপাদয়োঃ (উৎ উদ্গতং তমঃ যেভ্যঃ তে উত্তমাঃ তৈঃ শ্লোক্যতে কীর্ত্ত্যতে যঃ সঃ ভগবান্ তস্য পাদয়োঃ) ছায়ানির্বৃতচিত্তানাং (ছায়া সংসার-সন্তাপহারিণী তয়া নির্বৃতং আনন্দিতং চিত্তং যেষাং তেষাং) মহতাং খলু নিশ্চয়েন কুটুম্বে স্পৃহাবতী মতিঃ ন ভবতি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

গৃহেষু রতিশ্চ তত্রাভিনিবেশাৎ স্যাৎ সচ ভাগবতানাং ন সম্ভবতীত্যাহ ন নূনমিতি ॥ ২ ॥

গৃহাসক্তির্হি কুটুম্বস্পৃহয়া ভবতি সাচ তেষাং নাস্তীত্যাহ মহতামিতি উত্তমশ্লোকপাদয়োশ্ছায়া কামাদি-সন্তাপ-হারিণী তয়া-নির্বৃতং চিত্তং যেষাং তেষাং স্পৃহাযুক্তা মতির্নাস্তি ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভাগবতত্বে সত্যন্যত্রাসক্তি র্নসম্ভবতীত্যাহ। ন নূনমিতি ॥ ২ ॥

ভগবত্যাসক্তের্হেতুমাহ মহতামিতি ছায়া সংসার-সন্তাপ-নিবর্ত্তিকা তয়েতি। যেষাং চিত্তং সদা ভগবচ্চরণানুগামীতি ধ্যানমুক্তং ভবতি। স্পৃহা সৈবামতিরজ্ঞানং ॥ ৩ ॥

হে দ্বিজশ্রেষ্ঠ! বিষয়-সম্ভোগে বিরক্ত প্রিয়ব্রতের ন্যায় ভগবদ্ভক্ত ব্যক্তির পক্ষে ঈদৃশ অজ্ঞজনোচিত গৃহাভিনিবেশ ঘটা কখনই সম্ভবপর নহে ॥ ২ ॥

হে বিপ্রর্ষে! উত্তমশ্লোক ভগবানের চরণ-ছায়ায় যাঁহাদের চিত্ত সংসার-তাপ হইতে নিষ্কৃতি লাভে পরমানন্দের চরম সীমায় আরোহণ করে, তাদৃশ মগ্নমনা ব্যক্তিগণের চিত্ত আর কখন পুনরায় পুত্রকলত্রাদি কুটুম্বের সম্পর্কে স্পৃহাবিশিষ্ট হয় না ॥ ৩ ॥

আভাস।

মর্য্যাদা পালিত হইয়াছে; পরবর্ত্তী অধ্যায়ত্রয়ে জ্যোতিশ্চক্রাদি ঊর্দ্ধলোক-সমূহে সূর্য্যাদি দ্বারা মর্য্যাদা রক্ষা এবং তৎপরবর্ত্তী তিন অধ্যায়ে অতলাদি লোকসমূহে দৈত্যগণ কর্ত্তৃক মর্য্যাদা-পালনের বিষয় বর্ণিত হইয়াছে॥

পূর্ব্বস্কন্ধের অন্তে শুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন করিয়া বলিয়াছিলেন যে, হে নরনাথ! যে প্রিয়ব্রত দেবর্ষি নারদের সমীপে আত্মবিদ্যা অবগত হইবার পর রাজত্ব ভোগ

সংশয়োঽয়ং মহান্ ব্রহ্মন্ দারাগার-সুতাদিষু।
সক্তস্য যৎ সিদ্ধিরভূৎ কৃষ্ণে চ মতিরচ্যুতা ॥ ৪ ।

অন্বয়ঃ।

হে ব্রহ্মন! দারাগারসুতাদিষু সক্তস্য প্রিয়ব্রতস্য পুনঃ কৃষ্ণে অচ্যুতা অস্খলিতা, মতিঃ ভক্তিঃ, সিদ্ধিঃ মোক্ষসিদ্ধিঃ চ অভূৎ ইতি অয়ং মে মহান্ সংশয়ঃ অস্তি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

দারাদ্যাসক্তস্য তু মোক্ষঃ শ্রীকৃষ্ণে অস্খলিতা মতিশ্চাভূদিতি যৎ অয়ঞ্চ মহান্ সংশয় ইত্যাহ সংশয় ইতি ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভবতু বা কথঞ্চিদপরাধবশাৎ কিন্তু তত্রাপি তস্য সিদ্ধিঃ কৃষ্ণাসক্তিশ্চ ন চ্যুতেতি কথং ॥ ৪

হে ব্রহ্মন্! দারাগারসুতাদিতে আসক্তচিত্ত প্রিয়ব্রতের আবার অচ্যুত শ্রীকৃষ্ণে অচলা ভক্তি এবং মোক্ষসিদ্ধিই বা কি প্রকারে হইল? এতৎসম্বন্ধে আমার গুরুতর সন্দেহ জন্মিয়াছে। অনুগ্রহ পূর্ব্বক আপনি তাহার অপনয়ন করুন্ ॥ ৪ ॥

আভাস।

করেন এবং পরিণামে পুত্রগণকে স্বকীয় রাজ্য বিভক্ত করত অন্তে ব্রহ্মপদবী প্রাপ্ত হন, আমি সেই প্রিয়ব্রতের বংশ বর্ণন করিতেছি; শ্রবণ কর! ইহার দ্বারা প্রথম আত্মজ্ঞান, তদনন্তর গৃহস্থাশ্রম, সর্ব্বশেষে বৈরাগ্য অবলম্বনে মুক্তিলাভ হইল, এইরূপই বর্ণন করা হইয়াছে। কিন্তু এইরূপ ক্রমের উল্লেখে, রাজা পরীক্ষিতের কিছু বিস্ময় জন্মে! এবং সেই বিস্ময়ের ভঞ্জনার্থই প্রথমত শ্লোক-চতুষ্টয়ের উল্লেখ করা হইয়াছে ॥ ১—৪ ॥

শুকদেব রাজার পূর্ব্বপক্ষকে স্বীকার করিয়া বলিয়াছেন যে, গৃহাসক্ত ব্যক্তির পক্ষে কৃষ্ণপ্রেম এবং কৃষ্ণপ্রেমিকের পক্ষে গৃহাসক্তি সম্ভবপর নহে বলিয়া আপনি যে প্রকাশ করিলেন, তাহা সত্য বটে; কারণ মহানুভব ব্যক্তিগণের আকস্মিক বিষয়াসক্তি ঘটা কখনই বিশ্বাসযোগ্য নহে। কারণ যাহাদের চিত্ত প্রকৃত প্রস্তাবে পরমেশপদে একবার সংলগ্ন হয়, তাঁহারা যে কি অনুপম আনন্দ উপভোগ করেন, বিষয়াসক্ত পুরুষ স্বপ্নেও তাহার অনুমান করিতে পারে না। ভগবৎপ্রেম কখন বিস্মৃত হইবার নহে। এমন কি! প্রারব্ধ বশত ভক্তকে যদি বিপুল সংসারাসক্তির গভীর গহ্বরেও কখন নিপতিত হইতে হয়, তাহা হইলেও সেই ঈশ্বরপ্রেম ভক্তকে পুনর্ব্বার ভগবচ্ছংবেই সম্মিলিত করায়। ভগবদ্ভক্ত বিঘ্ন ও বিঘ্নদাতাগণের মস্তককে সোপানরূপে প্রাপ্ত হইয়া, তাহারই সাহায্যে বরং সত্বর ঈশ্বরসন্নিধি লাভ করে মাত্র। অধঃপতন হয়, এরূপ বিঘ্ন ভক্তের সমক্ষে কখন স্থান পায় না! তবে বিঘ্ন বশত তাঁহাদের প্রবৃত্তি ঘটিলেও, পূর্ব্বাভ্যাস-বলে নিবৃত্তি সহজ-সাধ্য হইয়া যায়। অবশ্য এইরূপ অন্তরায় ভক্তের পক্ষে দুই কারণে ঘটে। প্রথমত মহদ্ব্যক্তিগণের নিকট অপরাধী হইলে,

শ্রীশুক উবাচ ॥

বাঢ়মুক্তং ভগবত উত্তমঃশ্লোকস্য শ্রীমচ্চরণারবিন্দ-
মকরন্দরস আবেশিতচেতসো ভাগবত-

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। ভগবদ্ভক্তানাং গৃহাদিষু অভিনিবেশঃ তথা অভিনিবিষ্টস্য ভক্ত্যাদিকং চ ন সম্ভবতি ইতি ভবতা বাঢ়ং সত্যমুক্তং, তথাপি ভগবতঃ ঐশ্বর্য্যাদিগুণপূর্ণস্য, উত্তমশ্লোকস্য সর্ব্বানর্থমূলাজ্ঞাননিবর্ত্তকযশসঃ তস্য শ্রীমতঃ শ্রিয়া সেব্যমানয়োঃ চরণারবিন্দয়োঃ অরবিন্দবৎ সৌগন্ধ্য সৌকুমার্য্য লাবণ্যাদি শোভাযুক্তয়োঃ শ্রীমচ্চরণয়োঃ মকরন্দরূপো রসঃ তস্মিন্

শ্রীধরস্বামী।

অঙ্গীকৃত্য পরিহরতি বাঢ়মিতি। বাঢ়ং অভিনিবেশাদিকং নাস্তীতি সত্যমেব তথাপি বিঘ্নবশেন তেষাং প্রবৃত্তিঃ পূর্ব্বাভ্যাসবলেন পুনর্নিবৃত্তিশ্চ সংগচ্ছত ইত্যাহ। ভগবতঃ শ্রীমচ্চরণারবিন্দমকরন্দরূপো যো রসঃ তস্মিন্নাবেশিতং চেতো যৈস্তেঽপি কেনচিদন্তরায়েণ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অঙ্গীকৃত্য পরিহরতি বাঢ়মিতি আত্মারামস্য গৃহারামতা। গৃহাসক্তস্য চ কৃষ্ণাসক্তিরিত্যুভে ন সংভবত ইতি সত্যমেব তদপ্যতিমহতাং দুর্ব্বিতর্ক্যচরিতানাং কাপি কাদাচিৎকী বিষয়াসক্তি স্ত্বয়া ন বিশ্বসনীয়েত্যাহ ভগবত ইতি আবেশিতচেতসো জনা ভাগবতী ভগবতঃ সম্বন্ধিনীচাসৌ পরমহংসানাং দয়িতা প্রিয়তমাচ যা কথা তাং কিঞ্চিন্মাত্রেণ অন্তরায়েণ বিঘ্নেন বিহতাং স্থগিতীকৃতাং ন প্রায়েণ হিন্বন্তি ন ত্যজন্তি কীদৃশীং স্বাং শিবতমাং পদবীমিতি তৎকথৈব ভক্তানাং পদবী সুখময়বর্ত্ম তয়ৈব গম্যো ভগবানিত্যর্থঃ। নমু ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো ইত্যাদ্যুক্তে র্ভক্তানামন্তরায়ো নাস্ত্যেব সত্যং কালকর্ম্মাদিহেতুকোঽসৌ নাস্ত্যেব কিন্ত্বন্তরায়োহি ভক্তানাং দ্বিবিধঃ মহদপরাধ-

---

শুকদেব বলিলেন, হে রাজন্! ভগবদ্ভক্ত ব্যক্তির গৃহক্ষেত্রাদিতে আসক্তি এবং গৃহাসক্ত পুরুষের ভক্তি প্রভৃতি ভগবদ্ভাব হওয়া নিতান্তই অসম্ভব বলিয়া আপনি যে সন্দেহ করিতেছেন, তাহা সত্য বটে; কিন্তু ভগবান্ ঐশ্বর্য্যাদি যাবদীয় গুণে নিত্য পূর্ণ; তাঁহার যশোরাশি শ্রবণ করিলে, যাবদীয় অনর্থের মূল কারণ অজ্ঞান কখন তাদৃশ শ্রোতার হৃদয়ে স্থান পায় না। স্বয়ং কমলা স্থিরা হইয়া যাঁহার চরণ-কমলের নিত্য পরিচর্য্যা করিয়া থাকেন; প্রফুল্ল কমলের ন্যায় যে চরণারবৃন্দের সৌগন্ধ, সৌকুমার্য্য ও লাবণ্যাদি অনুভব

আভাস।

কিম্বা ভগবানের নিজের ইচ্ছা হইলেও ঘটিয়া থাকে। মহদ্ব্যক্তির নিকট অপরাধ করিলে, সমুচিত কষ্টভোগের অব্যবহিত পরক্ষণেই মহতের কৃপাবলে ভক্ত সদ্যই নিষ্কৃতি লাভ করে;

পরমহংসদয়িতকথাং কিঞ্চিদন্তরায়বিহতাং
স্বাং শিবতমাং পদবীং ন প্রায়েণ হিন্বন্তি ॥ ৫ ॥

অন্বয়ঃ।

আবেশিতং চেতঃ যৈঃ তে, ভাগবতাঃ পরমহংসাঃ তেষাং দয়িতস্য প্রিয়স্য সচ্চিদানন্দাত্মকস্য ভগবতঃ কথাং কথাশ্রবণাদিজন্যাং ভক্তিং, শিবতমাং ভগবৎপ্রাপিকাং, স্বাং স্বকীয়াং, পদবীং মোক্ষমার্গভূতাং (বিঘ্নবহুলত্বাৎ) প্রায়েণ কিঞ্চিদন্তরায়েণ বিহতাং বিঘ্নিতাং অপি ন হিন্বন্তি ত্যজন্তি (কিন্তু পূর্ব্ববাসনয়া তামেবানুতিষ্ঠন্তি) ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

বিঘ্নেন বিহতামপি স্বাং পদবীং মার্গং ন হিন্বন্তি ন ত্যজন্তি কাং ভাগবতা এব পরমহংসা স্তেষাং দয়িতস্য প্রিয়স্য হরেঃ কথাং ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হেতুকো ভগবদিচ্ছাহেতুকশ্চ। তত্র মহদপরাধোহি সমুচিত-কষ্টভোগেন চিরকালতএব তস্যৈব মহতঃ কৃপয়া সদ্যএবচ শাম্যতি। যথা দ্বিবিদাদীনাং রহূগণাদীনাঞ্চ। ভগবদিচ্ছাচ স্বভক্ত-সদাচার-শিক্ষণার্থা। তদুত্থো বিঘ্নস্তু প্রেমবর্দ্ধনার্থ এব যথা ভরতাদীনাং তত্র প্রিয়ব্রতস্যাপরাধাভাবাদ্ভগবদিচ্ছানিবন্ধনএব বিঘ্নোহয়ং তত্র গুণবুদ্ধ্যাপি ভক্তেঃ কাপি মমতা ন কর্ত্তব্যেতি যথা ভরতস্য মৃগপোষণপ্রদর্শনয়া স্বভক্তা ভগবতা শিক্ষিতা তথা মহদাজ্ঞাহি ভক্ত্যনুপযোগিন্যপি ভক্তেঃ প্রতিপালনীয়ৈবেতি প্রিয়ব্রতকর্ত্তৃক-ব্রহ্মাজ্ঞা-প্রতিপালন-প্রদর্শনয়া শিক্ষিতা ইতি জ্ঞেয়া ॥ ৫ ॥

করিলে, মধুপায়ী মধুকরের ন্যায় ভক্তের চিত্ত সেই চরণমকরন্দের অনুপম রসেই একান্ত নিমগ্ন থাকে, তাদৃশ পরমহংসগণের ভক্তি সচ্চিদানন্দস্বরূপ প্রাণপ্রিয় ভগবানের কথাদির শ্রবণ ও কীর্ত্তনাদিতেই পরিবর্দ্ধিত হয় এবং সর্ব্বমঙ্গলময় ভগবৎস্বরূপের আনয়নে মুক্তির দ্বার প্রশস্ত করিলেও পূর্ব্বসঞ্চিত প্রারব্ধভোগরূপ বিঘ্নের দ্বারা সময়ে সময়ে সে ভক্তি যে বিদলিত হইবে, তাহাতে আর সন্দেহ নাই। কিন্তু সুখের বিষয় এই যে, নানাপ্রকার বিঘ্নের দ্বারা ভক্তি বিচলিত হইলেও, প্রকৃত প্রস্তাবে কখন তাহার ভঙ্গ হয় না; পূর্ব্বাচরিত অভ্যাসের গুণে ভগবদ্ভক্তি পুনরায় জাগরূক হইয়া উঠে ॥ ৫ ॥

আভাস।

যেমন রহূগণের ঘটিয়াছিল। ভগবান্ ইচ্ছা করিয়া ভক্তকে যে বিঘ্নে নিপাতিত করেন, সে কেবল ভক্তকে সদাচার শিক্ষা দিবার জন্য মাত্র। ইহাতে প্রতিবন্ধকের পরিবর্ত্তে বরং ঈশ্বর-প্রেমই উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়া থাকে। রাজা ভরতের মৃগশিশু পালন করা দেখাইয়া, ভগবান্ ভক্তকে উপদেশই দিয়াছিলেন, ইহাই উক্ত ব্যাপারের মর্ম্মার্থ। এ স্থলে প্রিয়ব্রতের পূর্ব্বাবস্থায় ব্রহ্মজ্ঞান পূর্ণমাত্রায় হয় নাই; সুতরাং তাহার দ্রাঢ্যতা সম্পাদনার্থ রাজ্য-ভোগরূপ

যর্হি বাব হ রাজন্ স রাজপুত্রঃ প্রিয়ব্রতঃ পরমভাগবতো নারদস্য চরণোপসেবয়াঽঞ্জসাবগত পরমার্থ সতত্ত্বো ব্রহ্মসত্রেণ দীক্ষিষ্যমাণোঽবনিতলপরিপালনায়াম্নাত-প্রবর-গুণগণৈকান্ত ভাজনতয়া স্বপিত্রোপামন্ত্রিতো ভগবতি বাসুদেব এবাব্যবধান-সমাধিযোগেন সমাবেশিত-সকল-কারকক্রিয়াকলাপো নৈবাভ্যনন্দৎ।

অন্বয়ঃ।

হে রাজন্! নারদস্য চরণোপসেবয়া শরণাগমনেন. অঞ্জসা অনায়াসেন, তৎকৃপয়া অবগতং জ্ঞাতং পরমার্থং পরমপুরুষার্থং ভগবদ্ভজনপ্রকারং সতত্ত্বং ভগবদ্‌যথার্থেন সহিতং যেন সঃ, ব্রহ্মসত্রেণ ভগবৎপরত্বেন কার্য্যেণ দীক্ষিষ্যমাণঃ সংকল্পং করিষ্যন্ তথা ভগবতি বাসুদেবে এব অব্যবধানং নিরন্তরং, সমাধিযোগেন চিত্তৈকাগ্র্যেণ সমাবেশিতঃ সমর্পিতঃ সকলকারকাণাং সর্ব্বেন্দ্রিয়াণাং ক্রিয়াকলাপঃ শ্রবণাদিক্রিয়াসমূহঃ যেন সঃ, পরমভাগবতঃ

শ্রীধরস্বামী।

প্রিয়ব্রতস্য ব্রহ্মাজ্ঞৈবান্তরায়রূপা বভূবেতি সপ্রসঙ্গমাহ যর্হীত্যাদিনা বিমুক্তসঙ্গঃ প্রকৃতিং ভজস্বেত্যন্তেন। যর্হি যদা বাবেতি প্রসিদ্ধ্যাদৌ হ ইতিচ স্বপিত্রা মনুনা অবনিতলপরি-পালনায় উপামন্ত্রিতো নিযুক্তো নৈবাভ্যনন্দৎ নৈচ্ছৎ। অথহ তদৈব ভগবনাদিদেবো ব্রহ্মা স্বভবনাদবততারেতি অন্বয়ঃ। উপামন্ত্রণে হেতুঃ। আম্নাতা রাজ্ঞাং শাস্ত্রেণোক্তা যে প্রবরাঃ শ্রেষ্ঠা গুণাস্তেষাং গণস্যৈকান্তভাজনতয়া নিয়তাশ্রয়ত্বেন অনিচ্ছায়াং হেতুঃ। পরমাত্মসতত্ত্বং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রিয়ব্রতস্যাত্মারামত্বমৌৎপত্তিকমেব শ্রীনারদকৃপয়া পরমভাগবতত্বং শ্রীব্রহ্মাজ্ঞয়া গার্হস্থ্যঞ্চাহ যর্হীত্যাদিনা। বাবেত্যেবার্থে। যর্হ্যেব প্রিয়ব্রতঃ স্বপিত্রা অবনিতলপ্রতি-পালনায় উপামন্ত্রিতো নিযুক্তোঽপি তং নৈবাভ্যনন্দৎ তদা ব্রহ্মা স্বভবনাদবততারেত্যন্বয়ঃ। অঞ্জসা শীঘ্রং সতত্ত্বং তত্ত্বং ব্রহ্মসত্রেণ আত্মধ্যানেন দীক্ষিষ্যমাণঃ দীক্ষাং প্রাপ্স্যন্ অতঃ পরং সচ্চিদানন্দমাত্রং যদ্বস্তু তদেবানুভবনীয়ং নতু প্রাকৃতং কিমপীতি সঙ্কল্পেন নিয়মং কর্ত্তুমুদ্যত ইত্যর্থঃ। তৎক্ষণ এব পিত্রা মনুনা আম্নাতা রাজ্ঞাং শাস্ত্রেণোক্তা যে প্রবরা গুণা স্তেষাং গণস্য একান্তভাজনতয়া নিয়তাশ্রয়ত্বেন হেতুনা হে প্রিয়ব্রত সংপ্রতি ত্বমবনিং পালয়

হে নরনাথ! দেবর্ষির শরণাগত হইয়া, তাঁহার চরণ-প্রসাদে ও সেবার ফলে প্রিয়ব্রত ভগবদ্ভজনের প্রকার ও পরমাত্মতত্ত্বের যথার্থ স্বরূপ অতি অল্প আয়াসেই অবগত হইয়াছিলেন। যাবদীয় কার্য্য ভগবানে সমর্পণ পূর্ব্বক

আভাস।

বিশ্বের উৎপাদনে ভগবান্ তাঁহার উপকারই করিয়াছেন ॥ ৫ ॥

প্রিয়ব্রত নারদের নিকট ব্রহ্মজ্ঞান লাভ করেন বটে, কিন্তু তাঁহার চরিত্রে রাজত্ব করিবার উৎকৃষ্ট গুণরাশি প্রচুর পরিমাণে থাকায়, তদীয় পিতা মনু রাজত্বভোগের জন্য তাঁহাকে অনু-রোধ করেন। কিন্তু প্রিয়ব্রত নিজের রাজত্ব করিবার গুণের প্রতি লক্ষ্য না করিয়া, কেবল

যদ্যপি তদপ্রত্যাম্নাতব্যং তদধিকরণ আত্মনো-
ঽন্যস্মাদসতোঽপি পরাভবমন্বীক্ষমাণঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

প্রিয়ব্রতঃ রাজ্ঞঃ মনোঃ, পুত্রঃ আম্নাতাঃ রাজ্ঞাং শাস্ত্রেণ উক্তাঃ যে প্রবরাঃ শ্রেষ্ঠাঃ গুণাঃ তেষাং গণস্য সমূহস্য একান্তভাজনতয়া নিত্যাশ্রয়তয়া হেতুনা, যর্হি যদৈব স্বপিত্রা মনুনা, অবনিতলপরিপালনায় রাজাসান-স্বীকারায়, মন্ত্রিতঃ নিযুক্তঃ, তদা যদ্যপি তং পিতৃবাক্যং অপ্রত্যাম্নাতব্যং ন প্রত্যাখ্যেয়ং তথাপি তদধিকরণে রাজ্যাধিকারে, অসতঃ মিথ্যাভূতাৎ অপি অহংমমাভিমানাৎ অন্যস্মাৎ স্ত্রীপুত্রাদেঃ চ আত্মনঃ (পুরুষার্থভূতস্য) পরাভবং তিরস্কারং অন্বীক্ষমাণঃ আলোচয়ন্, ন অভ্যনন্দৎ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

আত্মযাথার্থ্যং অবগতং তদ্যেন স তথা অতো ব্রহ্মসত্রেণাত্মধ্যানেন কার্যেণ দীক্ষিষ্যমাণঃ নিয়মং গ্রহীষ্যন্ প্রাগপি বাসুদেব এব নিরন্তরেণ সমাধিযোগেন চিত্তৈকাগ্র্যেণ সমাবেশিতঃ সমর্পিতঃ সকলানাং কারকাণামিন্দ্রিয়াণাং যাঃ ক্রিয়া স্তাসাং কলাপো যেন স যদ্যপি তৎ পিত্রোক্তং ন প্রত্যাখ্যেয়ং তথাপি তদধিকরণে রাজ্যাধিকারে অসতোঽপি মিথ্যাভূতাদপি রাজ্যপ্রপঞ্চাদাত্মনঃ পরাভবমালোচয়ন্ নাভ্যনন্দৎ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইত্যুপামন্ত্রিত স্তন্নাভ্যনন্দৎ স্বস্যাভদ্রমমন্যতেতি নৈচ্ছদিত্যর্থঃ। কুতঃ ভগবতি অব্যবধান-সমাধিযোগেন নিরন্তরচিত্তৈকাগ্র্যেণ সম্যক্ নিবেশিতঃ সকলানাং কারকাণামিন্দ্রিয়াণাং ব্যাপারসমূহো যেন সঃ। যদ্যপি তৎ পিত্রোক্তং অপ্রত্যাম্নাতব্যমপ্রত্যাখ্যেয়ং। তদপি নাহং রাজ্যং করোমীতি প্রত্যাখ্যাতবানেবেত্যর্থঃ। কুতঃ। তদধিকরণে রাজ্যাধিকারে আত্মনঃ স্বস্য অংশতঃ অসাধুভূতাদপি কামক্রোধাদেঃ সকাশাৎ পরাভবং পর্য্যালোচয়ন্ ॥ ৬ ॥

করিবার অভ্যাসে তিনি দীক্ষিত হইয়াছিলেন; ভগবান্ বাসুদেবস্বরূপে নিরন্তর সমাধির দ্বারা তাঁহার চিত্তের এরূপ একাগ্রতা জন্মিয়াছিল যে, ইন্দ্রিয়-বর্গের সমস্ত ক্রিয়াই তিনি ভগবন্মার্গে নিয়োজিত করিয়াছিলেন। কিন্তু প্রিয়ব্রত রাজা মনুর পুত্র; এবং রাজনীতি অনুসারে রাজার যে সকল গুণ থাকা প্রয়োজন, পরমভাগবত প্রিয়ব্রতের সেই সকল উৎকৃষ্ট গুণের অভাব

আভাস।

ব্রহ্মজ্ঞানের উপাদেয়তার প্রতিই লক্ষ্য করত পিতার অনুরোধ উপেক্ষা করিলেন। সুতরাং কমলাসন ব্রহ্মা নিজে উপস্থিত হইয়া, প্রিয়ব্রতকে রাজ্যভোগার্থ অনুমতি করিলেন। সৃষ্টিকার্য্যের নিমিত্তই ব্রহ্মার আবির্ভাব। অতএব পরমাণু হইতে পরমমহৎ পদার্থে পর্য্যন্ত ব্রহ্মার তীক্ষ্ণ দৃষ্টি নিরন্তর প্রকটিত আছে। নরপতি যেমন চারের সাহায্যে মণ্ডলেশ্বরগণের অভিপ্রায় অবগত হন, ব্রহ্মা সেইরূপ মূর্ত্তিমান অখিল বেদ ও মরীচ্যাদি সহচরগণের দ্বারা

অথহ ভগবানাদিদেব এতস্য গুণবিসর্গস্য
পরিবৃংহণানুধ্যান ব্যবসিত সকল জগদভি-

অন্বয়ঃ।

অথহ এতস্য গুণবিসর্গস্য ত্রিগুণকার্য্যস্য প্রপঞ্চস্য, পরিবৃংহণস্য সমৃদ্ধেঃ, অনুধ্যানেন নিরন্তর-চিন্তনেন, ব্যবসিতঃ নিশ্চিতঃ, সকলজগতাং প্রাণিনাং, অভিপ্রায়ঃ যেন সঃ আত্মযোনিঃ

শ্রীধরস্বামী।

গুণবিসর্গস্য গুণসৃষ্টেঃ পরিবৃংহণং সমৃদ্ধি স্তদনুচিন্তয়া ব্যবসিতঃ সকলজগতামভিপ্রায়ো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথহ তত্তশ্চাদিদেবো ব্রহ্মা গুণবিসর্গস্য জগৎসৃষ্টেঃ পরিবৃংহণং সমৃদ্ধি স্তদনুচিন্তয়া ব্যবসিতঃ সকলজগতামভিপ্রায়ো যেন সঃ। যথা রাজ্ঞা চারৈ র্মণ্ডলেশ্বরাণামভিপ্রায়ো নিশ্চীয়তে তদ্বৎ। আথলে নিগমৈ মূর্ত্তিমদ্ভি বেদৈ র্জগদ্বেশ্চ মরীচ্যাদিভিশ্চ পরিবৃতঃ ইতি প্রিয়ব্রতং প্রত্যুপদেষ্টব্যে ধর্ম্মে প্রমাণীকরণার্থং সত্যলোকাদবতীর্ণঃ ভূতলমিতি শেষঃ। তত্র প্রিয়ব্রতং বাল্যমারভ্যৈব বিরক্তং গৃহান্নির্বিদ্য বনএব কৃতবাসং জ্ঞাত্বা তদাজ্ঞয়া কানষ্ঠো- ঽপ্যুত্তানপাদো রাজ্যং চকার তদ্বংশ্যাশ্চ প্রচেতঃ পর্য্যন্তং যথা সময়ং রাজ্যং চক্রুরেবঞ্চ স্বায়ম্ভুব-মন্বন্তরস্যার্দ্ধাদপ্যধিকঃ কালো গচ্ছতিস্ম। প্রাচেতসো দক্ষস্ত স্বায়ম্ভুবে মন্বন্তর এব লব্ধ-জন্মা পৌর্ব্বভবিকৈশ্বর্য্যকামনয়া তপসে জগাম ততশ্চারাজকং বীক্ষ্য মনুরুপায়ান্তরমনালোচ্য

ছিল না। সুতরাং রাজ্যশাসনের উপযুক্ত পাত্র বিবেচনায়, তদীয় পিতা ভগবান্ মনু তাঁহাকে ধরণীতল-পালনার্থ আহ্বান করিলেন। পিতার অনুমতি উল্লঙ্ঘন করা সম্পূর্ণ অবিধেয় হইলেও, রাজসিংহাসনে আরোহণ করিলে নিরর্থক অহঙ্কার ও মমতার উদয়ে এবং স্ত্রীপুত্রাদির সংস্রবে পুরুষার্থস্বরূপ জীবতত্ত্বের মালিন্য উপস্থিত হয় এইরূপ বিবেচনা করিয়া, প্রিয়ব্রত পিতৃবাক্যে তাদৃশ সম্মত হইতে পারিলেন না॥ ৬॥

প্রিয়ব্রতের উপেক্ষায় কমলাসন ব্রহ্মা নিশ্চিন্ত থাকিতে পারিলেন না। ত্রিগুণময় জগৎপ্রপঞ্চের পরিবর্দ্ধনার্থ তিনি সর্ব্বদাই চিন্তা করিতেছিলেন;

আভাস।

ব্রহ্মাণ্ডের সকল বিষয় পরিজ্ঞাত হন। প্রিয়ব্রত বাল্যকাল হইতে বিষয়ে বিরক্তি বশতঃ গৃহ পরিত্যাগে বনেই বাস করিতেন; তাঁহার আজ্ঞানুসারে তদীয় কনিষ্ঠ ভ্রাতা উত্তানপাদ রাজকার্য্য নির্ব্বাহ করিতেন। সেই উত্তানপাদের বংশধর প্রচেতাগণ যথাসময়ে রাজ্যভার গ্রহণে প্রজাপালন করিয়া আসিয়াছেন। এই প্রকারে উক্ত মন্বন্তরের প্রায় অর্দ্ধেক সময় অতিবাহিত হইয়াছিল। প্রচেতানন্দন দক্ষ স্বায়ম্ভুব মন্বন্তরে জন্মপরিগ্রহ করত পূর্ব্বলব্ধ ঐশ্বর্য্যের কামনায় তপস্যার্থ বনে গমন করেন। এই সময় ধরণীতে অরাজকতা অবলোকন

প্রায় আত্মযোনিরখিলনিগমনিজগণ-পরিবেষ্টিতঃ স্বভবনাদবততার ॥ ৭ ॥

অন্বয়ঃ।

(আত্মা নারায়ণঃ যোনিঃ কারণং পিতা যস্য সঃ) ভগবান্ জ্ঞানৈশ্বর্য্যাদিমান্, আদিদেবঃ ব্রহ্মা, অখিলৈঃ সর্ব্বৈঃ, নিগমৈঃ বেদৈঃ, তথা মূর্ত্তিমদ্ভিঃ নিজগণৈঃ মরীচ্যাদিভিঃ চ পরিবেষ্টিতঃ পরিবৃতঃ, এব স্বভবনাৎ সত্যলোকাৎ, অবততার অবতীর্ণঃ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

যেন যথা রাজ্ঞা চারৈর্ম্মণ্ডলেশ্বরাণামভিপ্রায়ো নিশ্চীয়তে তদ্বৎ অখিলৈর্নিগমৈ র্মূর্ত্তিমদ্ভির্বেদৈর্নিজগণৈশ্চ মরীচ্যাদিভিঃ প্ররিবৃতঃ সত্যলোকাদবতীর্ণঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিরক্তমপি প্রিয়ব্রতং বনাদানিনীষন্নপ্যানেতুং যদা ন শশাক তদা ব্রহ্মৈবাগত্য প্রিয়ব্রতং রাজ্যে প্রবর্ত্তয়ামাস। ততশ্চ পঞ্চমমন্বন্তরপর্য্যন্তং ক্রমেণ প্রিয়ব্রতস্য তদ্বংশ্যানাং রাজ্যাধিকারঃ। তৃতীয়-চতুর্থ-পঞ্চম-মনূনামুত্তম-তামস-রৈবতানাং প্রিয়ব্রতপুত্রত্বাৎ দ্বিতীয়মনোঃ স্বারোচিষস্যাপি তদন্তঃপাতাৎ। তত্তন্মনুপুত্রপৌত্রাদ্যাস্তু প্রৈয়ব্রতা এব রাজ্যে খণ্ডমণ্ডলেশ্বররূপা রাজানো বভূবুঃ। ততশ্চ ষষ্ঠস্য চাক্ষুষ-মন্বন্তরস্যাপ্যারম্ভে তপসো নিবৃত্তেন দক্ষেণ প্রজা-সৃষ্টি স্তত্রৈব তস্য সাম্রাজ্যঞ্চ যদুক্তং চাক্ষুষে ত্বন্তরে প্রাপ্তে প্রাক্সর্গে কালবিপ্লুতে। যঃ সসর্জ্জ প্রজা ইষ্টাঃ স দক্ষো দৈবচোদিত ইতি। চাক্ষুষস্য মনোরুত্তানপাদ-বংশ্যত্বাত্তন্মন্বন্তর-পর্য্যন্তমেব স্বায়ম্ভুবমনোরধিকার ইতি জ্ঞেয়ং ॥ ৭ ॥

সুতরাং জগৎসংসারস্থ যাবদীয় জীববর্গেরই অভিপ্রায় তিনি মনে মনে অবগত আছেন। বিশেষত পরমাত্মা নারায়ণের নাভিকমল হইতে যখন তিনি উৎপন্ন, তখন পিতৃগুণে জ্ঞান এবং ঐশ্বর্য্য-সম্বন্ধে ব্রহ্মার কোনরূপ অভাব ছিল না। তিনি অমরবৃন্দেরও আদিপুরুষ। প্রিয়ব্রতের আচরণে তিনি উৎকণ্ঠিত হইয়া, বেদাদি নিগমসমূহে এবং মরীচ্যাদি মূর্ত্তিমান্ স্বীয় পার্ষদগণে পরিবৃত হইয়া, সত্যলোক হইতে তথায় উপনীত হইলেন ।৭॥

আভাস।

করিয়া, মনু উপায়ান্তরের অভাবে বিরক্ত প্রিয়ব্রতকেই রাজ্যে অভিষিক্ত করিবার চেষ্টা করিলেন। কিন্তু তাঁহার প্রযত্ন বিফল হইলে, ব্রহ্মা নিজে উপস্থিত হইয়া, প্রিয়ব্রতকে রাজ্যে অভিষিক্ত করেন ॥ ৬ ॥

তাহার পর পঞ্চম মন্বন্তর পর্য্যন্ত ক্রমান্বয়ে প্রিয়ব্রত ও তদীয় বংশধরগণের রাজ্যাধিকার ঘটিয়াছিল। তৃতীয়, চতুর্থ ও পঞ্চমরূপে উত্তম, তামস ও রৈবত এই মনুত্রয় যখন প্রিয়ব্রতের পুত্র, তখন দ্বিতীয় মনু স্বারোচিষও তাঁহাদের মধ্যেই পরিগণিত। এই সকল মনুর পুত্র-পৌত্রগণ প্রিয়ব্রত-বংশধর বলিয়া পরিগণিত এবং খণ্ডমণ্ডলের রাজা হইয়াছিলেন। পরে ষষ্ঠ মনু চাক্ষুষের অধিকারকালে প্রজাপতি দক্ষ তপোহনুষ্ঠানে ক্ষান্ত

স তত্র তত্র গগনতল উড়ুপতিরিব বিমানাবলিভিরনুপথমমরপরিবৃঢ়ৈরভি-পূজ্যমানঃ পথি পথি চ বরূথশঃ সিদ্ধ গন্ধর্ব্ব সাধ্য চারণ মুনিগণৈরুপগীয়মানো গন্ধমাদন-দ্রোণী-মবভাষয়ন্নুপসসর্প।। ৮।।

অন্বয়ঃ।

সঃ ব্রহ্মা তত্র তত্র গগনতলে আকাশমার্গে, বিমানানাং আবলয়ঃ যেষাং তৈঃ অমর-পরিবৃঢ়ৈঃ দেবশ্রেষ্ঠৈঃ ইন্দ্রাদিভিঃ তারাদিস্থানীয়ৈঃ অনুপথং অভিপূজ্যমানঃ তথা পথি পথি চ বরূথশঃ সঙ্ঘিভূতৈঃ, সিদ্ধ গন্ধর্ব্ব সাধ্য চারণ মুনিগণৈঃ উপগীয়মানঃ স্তূয়মানঃ সন্ উড়ুপতিঃ চন্দ্রঃ-ইব গন্ধমাদনদ্রোণীং প্রিয়ব্রতস্থিতিস্থানং অবভাষয়ন্ উপসসর্প আজগাম॥ ৮॥

শ্রীধরস্বামী।

সচ ব্রহ্মা তত্র তত্রোড়ুপতিশ্চন্দ্র ইব প্রকাশমানো গন্ধমাদনস্য দ্রোণীং দরীমবভাসয়ন্নু-পসসর্পেত্যন্বয়ঃ অমরপরিবৃঢ়ৈ র্দেবেন্দ্রাদিভিঃ॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূতলং প্রতি তস্যাবতরণে শোভামাহ। স ব্রহ্মা। পরিবৃঢ়ৈ র্মুখ্যৈঃ কীদৃশৈঃ বিমা-নানাং আবলি র্যেষাং তৈঃ॥ ৮॥

তারকাজাল-বেষ্টিত পূর্ণশশধর নভোমণ্ডলে উদিত হইয়া যেমন অন্ধকার-ময় ধরণীকে জ্যোৎস্না-জ্যোতিতে সুশোভিত করেন, সেইরূপ বিমানচারী ইন্দ্রাদি অমরশ্রেষ্ঠগণে পরিবৃত ও অভিপূজিত এবং মধ্যে মধ্যে একত্রীভূত সিদ্ধ গন্ধর্ব্ব সাধ্য চারণ ও মুনিগণের দ্বারা প্রশংসিত ও স্তুত হইয়া কমলাসন ব্রহ্মা নিশাকরের ন্যায় স্বীয় জ্যোতিতে প্রিয়ব্রতের আশ্রম গন্ধমাদন গিরিকে উজ্জ্বল করত তথায় উপস্থিত হইলেন।। ৮।।

আভাস।

হইয়া প্রজাসৃষ্টি আরম্ভ করেন এবং এই সময় হইতেই তাঁহার রাজত্ব করিবার কথারও উল্লেখ আছে। উক্ত আছে; কাল-সহকারে পূর্ব্বসৃষ্টির লোপ হইলে, চাক্ষুষ মন্বন্তর কালে দৈবপ্রেরিত প্রজাপতি দক্ষ, অভিলষিত প্রজাবর্গের উৎপাদন করিয়াছিলেন। এই চাক্ষুষ মনুও উত্তানপাদের বংশধর বলিয়া দক্ষ-প্রজাপতির রাজত্বকাল পর্য্যন্ত স্বায়ম্ভুব মনুর অধিকার বলিয়াই পরিগণিত॥ ৭॥

দেবর্ষি নারদ উপস্থিত হইয়া প্রিয়ব্রতকে ব্রহ্মজ্ঞান উপদেশ দিতেছিলেন, এমন সময়ে ভগবান্ মনু আসিয়া প্রিয়ব্রতকে রাজ্যাধিকার প্রদানার্থ তাঁহাকে লইতে আসিয়াছিলেন। তাঁহারা তিন জনে স্ব স্ব মতের সংস্থাপনার্থ কথোপকথন করিতেছেন, এমন সময়ে পিতামহ ব্রহ্মা তথায় উপনীত হইলেন। তাঁহাকে অবলোকন করিবা মাত্র নারদ, মনু ও প্রিয়ব্রত তিন জনেই সসম্ভ্রমে গাত্রোত্থান পূর্ব্বক পূজোপকরণ হস্তে লইয়া তাঁহার অভ্যর্থনা করিলেন।

তত্র হ বা এনং দেবর্ষির্হংসযানেন পিতরং ভগবন্তং হিরণ্যগর্ভমুপলভমানঃ সহসৈবাভ্যুত্থায়ার্হণেন সহ পিতা পুত্রাভ্যামবহিতাঞ্জলিরুপতস্থে ॥ ৯ ॥ ভগবানপি ভারত তদুপনীতার্হণঃ সূক্তবাক্যেনাতিতরামুদিত গুণগণাবতার-

অন্বয়ঃ।

তত্র হ বা তস্মিন্ এব তু স্থানে হংসযানেন হংসবাহনেন আয়ান্তং এনং ভগবন্তং পিতরং হিরণ্যগর্ভং উপলভমানঃ পশ্যন্, দেবর্ষিঃ নারদঃ, পিতাপুত্রাভ্যাং মনুপ্রিয়ব্রতাভ্যাং সহ অব-হিতাঞ্জলিঃ সন্ সহসৈব অভ্যুত্থায় অর্হণেন পূজয়া সহোপতস্থে তুষ্টাব॥ ৯॥

হে ভারত! ভগবান্ আদিপুরুষঃ ব্রহ্মা অপি তেন নারদেন উপনীতং সমর্পিতং, অর্হণং পূজা যস্য সঃ তথা সূক্তবাক্যেন মধুরবাক্যেন, অতিতরামুদিতা বর্ণিতা গুণগণাঃ অবতারাঃ

শ্রীধরস্বামী।

হংসযাহনেনোপলক্ষণেন এনং পিতরমুপলভমানঃ মৎপিতায়মিতি লক্ষয়ন্ পিতাপুত্রাভ্যাং মনুপ্রিয়ব্রতাভ্যাং সহ কৃতাঞ্জলিঃ সন্ সহসৈবাভ্যুত্থায় অর্হণেন পূজয়া সহ উপতস্থে তুষ্টাব। প্রিয়ব্রতং তদা মন্দরদ্রোণ্যাং আত্মবিদ্যাং নারদ উদিশতি মনুশ্চ তং নেতু মাগতোঽস্তীতি জ্ঞাতব্যং ॥ ৯ ॥

হে ভারত ভগবানাদিপুরুষো ব্রহ্মাপি তং প্রিয়ব্রতমিতি হোবাচ ইত্যন্বয়ঃ। তেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হংসযানোপলক্ষণেন পিতাপুত্রাভ্যাং মনুপ্রিয়ব্রতাভ্যাং ॥ ৯ ॥

তদা নারদ স্তত্র প্রিয়ব্রতমুপদিশতি মনুস্তং নেতুমাগতোঽস্তীতি জ্ঞেয়ং। ভগবান্ ব্রহ্মাপি প্রিয়ব্রতমুবাচ। তৈনারদমনু প্রিয়ব্রতৈরুপনীতমর্হণং যস্মৈ সঃ। উদিতো বর্ণিতো গুণগণঃ

হংসবাহনে পিতা হিরণ্যগর্ভকে আগমন করিতে অবলোকন করিয়া, দেবর্ষি নারদ মহারাজ মনু ও তৎপুত্র প্রিয়ব্রতসহ গাত্রোত্থান করিলেন এবং পূজাদ্রব্য হস্তে লইয়া ব্রহ্মার স্তব করিতে লাগিলেন ॥ ৯ ॥

হে ভরতকুলতিলক! আদিপুরুষ ভগবান্ ব্রহ্মা নারদ কর্ত্তৃক বিবিধ

আভাস।

ব্রহ্মা প্রজাপুঞ্জের প্রতি অনুগ্রহের প্রকাশে সত্যলোক হইতে আগমন করিয়া প্রিয়ব্রতকে সর্ব্ব সমক্ষে আশীর্ব্বাদ করত বলিলেন যে, তোমার জ্ঞান এবং ভক্তির নিবৃত্তি হইয়া সংসারাসক্তি পরিবর্দ্ধিত হউক্! প্রিয়ব্রত মনে মনে বলিলেন যে, আমি রাজ্যভোগ কখনই করিব না বলিয়া স্থির সিদ্ধান্ত আছে; "দেখি! আপনার আশীর্ব্বাদে আমার কিরূপ পরিবর্ত্তন হয়"। কমলাসন বলিলেন, আমি তোমাকে নিশ্চয়ই রাজ্যভোগ করাইব, দেখ! কাহার প্রতিজ্ঞা ফলবতী হয়? এইরূপ নাতি পিতামহে কৌতুক-তরঙ্গে সতৃষ্ণ দৃষ্টিতে পরস্পরের আলাপ হইতেছিল, ইতিমধ্যে ভগবান্ ব্রহ্মা প্রিয়ব্রতকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে প্রিয়ব্রত! প্রবৃত্তিনিষ্ঠ বাক্যের প্রয়োগে আমি তোমাকে সংসারে আসক্ত হইতে বলিতেছি বলিয়া

সুজয় প্রিয়ব্রতমাদিপুরুষস্তং সদয়হাসাবলোক ইতি হোবাচ ॥ ১০ ॥

শ্রীভগবানুবাচ ॥

নিবোধ তাতেদমৃতং ব্রবীমি মাসূয়িতুং দেবমর্হস্যমেয়ং।

অন্বয়ঃ।

সুজয়াঃ সর্ব্বোৎকর্ষাঃ চ যস্য সঃ, তথা সদয়হাসপূর্ব্বকঃ অবলোকঃ যস্য সঃ ভগবান্ আদি-পুরুষঃ ব্রহ্মা তং প্রিয়ব্রতং হ স্ফুটং ইতি উবাচ ॥ ১০ ॥

শ্রীভগবান্ উবাচ। হে তাত! ইদং বক্ষ্যমাণং, ঋতং সত্যং, ব্রবীমি তৎ ত্বং সাবধানতয়া নিবোধ! অবধারয়! ত্বং অমেয়ং অপ্রমেয়ং, দেবং বিষ্ণুং অসূয়িতুং ন অর্হসি (মদ্বাক্যস্য

শ্রীধরস্বামী।

নারদেনোপনীতমর্হণং যস্য সঃ সূক্তবাক্যেন যথোচিতবাক্যেন অতিশয়েনোদিতা বর্ণিতা গুণগণা অবতারাঃ সুজয়াঃ সর্ব্বোৎকর্ষাশ্চ যস্য ॥ ১০ ॥

প্রবৃত্তিনিষ্ঠং মদ্বাক্যং প্রতিকূলং মত্বা ময্যসূয়াং করিষ্যতীতি শঙ্কমানো নাহমেবং বদামি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বপ্রজাসু বাৎসল্যাদি স্তুতএব হেতোরবতার সত্যলোকাদবতরণং ততএব সুজয় অত্যুৎকর্ষো যস্য সঃ। সদয়েত। অন্যাভিবাঞ্ছিত-ভক্তিজ্ঞানবৈরাগ্যাণামহমেব প্রতিবন্ধকোঽভূবং অন্যার্হস্যোঽপ্যস্য ভক্তি বর্দ্ধতামেবেত্যাশীর্ব্বঞ্জকঃ সদয়াবলোকঃ। অহং রাজ্যং ন করোমীতি তব প্রৌঢ়িঃ। ত্বামহং রাজ্যং কারয়ামীতি মম প্রৌঢ়ি স্তত্র পশ্যামঃ কস্যাদ্য প্রৌঢ়ি স্তিষ্ঠতীতি নপুরি প্রিয়ব্রতে সহাসাবলোকশ্চ যস্য সঃ ॥ ১০ ॥

প্রবৃত্তিনিষ্ঠং মদ্বাক্যং স্বাসঙ্গং মত্বা ময্যসূয়াং মাকৃথাঃ। ভোঃ প্রিয়ব্রত অহন্ত ত্বং প্রত্যো-রেবাধীন স্তস্যৈবাভিপ্রেতং বচ্মীত্যাহ নিবোধ স্ববুদ্ধ্যৈবেদং পরামৃশেত্যর্থঃ। হে তাতেতি নাহং তব শত্রুর্যত্ত্বাং দুঃখয়ামীতি ভাবঃ। ঋতং সত্যমেব নতু ত্বামহং প্রতারয়ামীতি ভাবঃ।

উপচারে পূজিত ও সূক্তবাক্যে পারস্তুত হইয়া, সহাস্য করুণ কটাক্ষে প্রিয়-ব্রতকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ১০ ॥

হে বৎস! আমি তোমাকে যে সকল সত্য বচন বলিতেছি, তাহা তুমি অতি সাবধানে শ্রবণ কর! তুমি অপ্রমেয় ভগবান্ বিষ্ণুকে যেন উপেক্ষা করিও

আভাস

আমার প্রতি তুমি বিরক্ত হইও না! কারণ নারদের উপদেশে তুমি যাঁহার উপাসনার্থ অগ্রসর হইতেছ, আমি সেই ভূতভাবনেরই নিতান্ত অধীন; আমি তাঁহারই অভিপ্রায় অনুসারে তোমাকে এরূপ উপদেশ করিয়াছি। তুমি স্বীয় হৃদয়ে উত্তমরূপ বিবেচনা করিয়া বুঝ যে, আমি তোমার শত্রু নহি যে, তোমাকে দুঃখ দিবার জন্যই এরূপ প্রতারণা করিতেছি। মনে মনে তুমি বিলক্ষণ অবধারণ করিও যে, আমি কমলাসন ব্রহ্মা; তুমি স্বীয় পিতাকে কথঞ্চিৎ উপেক্ষা করিয়াছ বটে, কিন্তু আমার আজ্ঞা উল্লঙ্ঘন করা তোমার পক্ষে

বয়ং ভবস্তে তত এষ মহর্ষির্বহাম সর্ব্বে বিবশা যস্য দিষ্টং ॥ ১১ ॥

অন্বয়ঃ।

প্রবৃত্তি-বিধায়কত্বেন তত্র দোষারোপেণ দ্রষ্টুং নার্হসি। যতো নাহমেবং বদামি কিন্তু মন্মুখেন বিষ্ণুরেব বদতি) যস্য দেবস্য দিষ্টং আদিষ্টং আজ্ঞাং, বয়ং, ভবঃ রুদ্রঃ, তে তব তাতঃ মনুঃ, এষঃ মহর্ষিঃ নারদঃ, সর্ব্বে বয়ং বিবশাঃ যদধীনাঃ এব বহাম ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

কিন্তু মন্মুখেন হরিরেব ত্বামাজ্ঞাপয়তি ইতি বদন্ প্রবৃত্তিনিবৃত্তিরহস্যমাহ নিবোধেতি নবভিঃ। অতং সত্যমপ্রমেয়ং দেবং অসূয়িতুং দোষারোপেণ দ্রষ্টুং নার্হসি ততস্তাতঃ এব ত্বদ্গুরুশ্চ মহর্ষিঃ দিষ্টং আদিষ্টমাজ্ঞাং বিবশা অস্বতন্ত্রাঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রবীমীত্যহং ব্রহ্মা নতু স্বপিতেবাহমপ্যপ্রমাণীকর্ত্তব্য ইতি ভাবঃ। কিং সত্যং তত্রাহ বয়মিতি ভবো রুদ্রোহপি তে তব তত স্তাতো মনুর্মহর্ষির্নারদোহয়ং তব গুরুরিত্যতো বয়ং যস্য দিষ্টমাজ্ঞামেব বহাম স খলু যস্মৈ যস্মৈ হৃদা যদ্যদাদিশতি সঃ তথৈব চেষ্টতে ইতি তদাজ্ঞয়ৈব ত্বামহং রাজ্যে প্রবর্ত্তয়ামীতি ভাবঃ। যমহং সর্ব্বাত্মনা ভজে স প্রভুরেব মাং সংসারসিন্ধৌ নিমজ্জয়তীতি স্বেষ্টদেবেঽপি দোষদর্শী মাভূরিত্যাহ মাসূয়িতুমিতি। অমেয়ং প্রমাতুমশক্যং কমপি সংসারেঽপি প্রবর্ত্ত্য শীঘ্রমুদ্ধরতি কমপি বনেঽপি স্থাপ্য নোদ্ধরতীতি কস্তস্য চরিতং বেদেতি ভাবঃ ॥ ১১ ॥

না! আমার কথায় অবশ্য প্রবৃত্তি-পথেরই উত্তেজনা হইতেছে বটে, কিন্তু তাহার প্রতি তুমি দোষ দৃষ্টিতে লক্ষ্য করিও না! এ সকল উক্তি আমার নিজের নহে; আমার মুখ দিয়া ভগবান্ বিষ্ণুই তোমাকে আদেশ করিতেছেন। দেখ! সেই দেবদেবের আজ্ঞা আমি নিজে, ভগবান্ রুদ্র, তোমার পিতা মনু, এবং তোমার গুরু দেবর্ষি নারদ আমরা সকলেই অবশভাবে মস্তকে বহন করিয়া থাকি ॥ ১১ ॥

আভাস।

কোনমতে সঙ্গত নহে। অধিক কি! আমি স্বয়ং, ভগবান্ ত্রিলোচন, দেবর্ষি নারদ এবং তোমার পিতা মনু সকলেই যাঁহার আজ্ঞা শিরোধার্য্য করেন; তিনি যাহাকে অন্তরের সহিত যেরূপ আদেশ করেন, সকলেই তদনুরূপ কার্য্য করিয়া থকে; আমি সেই দেবদেবের আজ্ঞানুসারেই অদ্য তোমাকে রাজকার্য্যে প্রবর্ত্তিত করিতেছি! তুমি যেন স্বীয় ইষ্টদেবের কার্য্যেও দোষারোপ করিতে অগ্রসর হইও না! তিনি অপ্রমেয়; তিনি কাহাকে সংসারে প্রবর্ত্তিত করিয়াও উদ্ধার করিতেছেন এবং কাহাকেও বা সন্ন্যাসীর বেশে বনে প্রেরিত করিয়াও উদ্ধার করেন না। তাঁহার লীলা অবধারণ করা, সৃষ্ট জীবের পক্ষে নিতান্তই অসম্ভব ॥ ৮—১১ ॥

ন তস্য কশ্চিত্তপসা বিদ্যয়া বা ন যোগবীর্য্যেণ মনীষয়া বা।
নৈবার্থধর্ম্মৈঃ পরতঃ স্বতোবা কৃতং বিহন্তুং তনুভৃদ্বিভূয়াৎ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

কশ্চিৎ তনুভৃৎ দেহধারী, জীবঃ তপসা পঞ্চাগ্নিতাপাদিনা, বিদ্যয়া শাস্ত্রাভ্যাসেন, যোগ-বীর্য্যেণ প্রাণায়ামাদিজনিতৈশ্বর্য্যাদিনা, মনীষয়া বুদ্ধিনৈপুণ্যেন, অর্থধর্ম্মৈঃ (অর্থেন ধনাদিনা, ধর্ম্মৈঃ যজ্ঞাদিভিঃ) পরতঃ বলবৎসহায়েন স্বতঃ স্বতঃসিদ্ধপ্রভাবেন বা তস্য ভগবতঃ কৃতং বিহন্তু অন্যথাকর্ত্তুং, ন বিভূয়াৎ সমর্থো ভবতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

বিবশত্বমেবাহ চতুর্ভিঃ। নেতি তস্য কৃতং তেন নির্ম্মিতং তনুভৃৎ জীব স্তপ আদিভিঃ বিহন্তুং অন্যথা কর্ত্তুং, ন বিভূয়াৎ প্রভুর্ন ভবেৎ। মনীষয়া সামাদি বুদ্ধিবলেন পরতো বলবদা-শ্রয়াৎ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচাত্র স্বহঠং রক্ষিতুমাত্মন স্তপোবিদ্যাযোগবলং প্রদর্শয়িতব্যমিত্যাহ নেতি। তস্য কৃতং তেন নির্ম্মিতং তপ আদিভি র্বিহন্তুমন্যথাকর্ত্তুং তনুভৃজ্জীবো ন বিভূয়াৎ ন প্রভবেৎ। নন্ত্বদ্দ্বারা মাং রাজ্যে প্রভুঃ প্রবর্ত্তয়তি যথা তথা মহর্ষিদ্বারা মাং রাজ্যাৎ প্রব্রাজয়তি চেতি কিমত্র নিশ্চিনোমীতি চেৎ বুদ্ধিবলেন মাং পরমেশ্বরং বিজিগীষস্বেত্যাহ মনীষয়া বেতি তেনোভয়মপি ভগবদাদিষ্টং মত্বা রাজ্যং কুর্ব্বন্নেব তত্রানাসক্ত্যা প্রব্রজ্যামপি কুর্ব্বিতি ভাবঃ। নচ যথেষ্টদ্রব্যদানতঃ স্বপ্রতিমূর্ত্তিকল্পনেন রাজ্যং চিকীর্ষস্ব নাপীমাং বিপদং বহুধর্ম্মৈর্বল-বদাশ্রয়েণ বা স্ববাহুবলেন বোত্তিতীর্ষেত্যাহ নৈবাৰ্থেত্যাদি ॥ ১২ ॥

জগতে এমন কোন দেহধারী জীব নয়নগোচর হয় না যে, তপস্যা, শাস্ত্র-জ্ঞান, প্রাণায়ামাদি জনিত যোগবীর্য্য, বুদ্ধিনৈপুণ্য, ধন বা যজ্ঞাদি ধর্ম্মের অনুষ্ঠানে কিম্বা অন্যের সাহায্যে বা স্বতঃসিদ্ধ নিজের প্রভাবে তিনি সেই ভগবানের কার্য্যকে কিছুমাত্র অন্যথা করিতে পারেন। ১২ ॥

আভাস।

দেখ! এস্থলে নিজ প্রতিজ্ঞা রক্ষা করিবার জন্য তপস্যা, বিদ্যা বা যোগবল প্রদর্শন করাইবার প্রয়োজন নাই। কারণ কোন উপায়েই তাঁহার ইচ্ছার অন্যথা করিতে পারিবে না। কারণ সেই উপায় সমূহও তাঁহারই কৃত। তুমি বলিতে পার যে, আমার দ্বারা তিনি যেমন তোমাকে প্রবৃত্তি-পথে প্রেরিত করিতেছেন, আবার দেবর্ষি নারদের দ্বারাও সেইরূপ সন্ন্যাস অবলম্বনে মোক্ষমার্গে প্রেরিত করিতেছেন; এক্ষণে তোমার পক্ষে কোন্ পথে যাওয়া কর্ত্তব্য, তাহা কিরূপে অবধারণ করিবে? তদুত্তরে আমি বলিতেছি যে, তোমার স্বীয় বুদ্ধিই তাহার মীমাংসা করিবে। তুমি জান! "ন কর্ম্মণাং অনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে"। প্রসব না করিলে, যেমন প্রসববেদনা অনুভূত হয় না, সেইরূপ কর্ম্ম না করিলে, কখন কর্ম্ম-

ভবায় নাশায়চ কর্ম্মকর্ত্তুং শোকায় মোহায় সদাভয়ায়।
সুখায় দুঃখায়চ দেহযোগমব্যক্তদিষ্টং জনতাঙ্গ ধত্তে॥ ১৩॥

অন্বয়ঃ।

হে অঙ্গ প্রিয়ব্রত! ভবায় উৎপত্তয়ে, নাশায় মরণায়, কর্ম্ম বৈদিকং, কর্ত্তুং, শোকায় ইষ্টবিয়োগজ-পীড়ায়ৈ, মোহায় ভ্রমায়, ভয়ায় অনিষ্টপ্রাপকাৎ উদ্বেগায়, সুখায় ইষ্টলাভায়, দুঃখায় অনিষ্টভোগায়, অব্যক্তদিষ্টং (অব্যক্তেন ঈশ্বরেণ দিষ্টং নির্ম্মিতং) দেব-মনুষ্যাদি-দেহ-যোগং জনতা জীবসমূহঃ, সদা ধত্তে (তদন্যথা কর্ত্তুং ন শক্নোতি)॥ ১৩॥

শ্রীধরস্বামী।

তত্র দেহযোগে তাবৎ পারতন্ত্র্যং প্রসিদ্ধমিত্যাহ ভবায়েতি। ভবো জন্ম তদাদ্যর্থং অব্যক্তেনেশ্বরেণ দিষ্টং দত্তং দেহযোগং জনতা জীবসমূহঃ সদা ধত্তে নত্বন্যথা কর্ত্তুং শক্নোতি। অঙ্গ হে প্রিয়ব্রত॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নাত্র কিমপি শোচনীয়ং যতো দেহধারিণ ঈশ্বরাধীনা ভদ্রমভদ্রং বা স্বেচ্ছয়া বা সর্ব্বং সহন্ত এবেত্যাহ ভবায়েতি। ভবনাশৌ পুনঃ পুনর্জন্ম মৃত্যু তদাদ্যর্থং জনতা জীবসমূহঃ। অব্যক্তেনেশ্বরেণ দিষ্টং দত্তং দেহযোগং সদা ধত্তে স্বকর্ম্মোপার্জ্জিতমপি দেহমীশ্বরাজ্ঞাং বিনা ন প্রাপ্নোতি যথা সাধ্বসাধুক্রিয়য়াপ্যুপার্জ্জিতমপি শালিক্ষেত্রকারাগারাদিকং নৃপাজ্ঞাং বিনা প্রজা ন প্রাপ্নোতি। নৃপঃ খল্বন্যথাপি কুর্য্যাদিত্যতো হেতোঃ॥ ১৩॥

হে প্রিয়ব্রত! প্রাণিসমূহ জন্ম, মৃত্যু, ইষ্টবিয়োগ জনিত শোক, ভ্রম-নিবন্ধন মোহ, অনিষ্টের উপস্থিতিতে ভয় এবং উদ্বেগ, ইষ্টলাভ-জনিত সুখ এবং অনিষ্টাপাত-হেতু ভোগাদির জন্য প্রাণিসমূহ ইন্দ্রিয়বর্গের অগোচরী-ভূত ভগবানের দ্বারা নির্ম্মিত দেবমনুষ্যাদি দেহবিশেষ ধারণ করিয়া থাকে, এবং কর্ম্ম করে; তাহার অন্যথা করিতে কাহারও সামর্থ্য নাই॥ ১৩॥

আভাস।

ত্যাগী হওয়া যায় না। অতএব অগ্রে তুমি রাজ্যভোগ কর! পরে তাহাতে অনাসক্তির উৎকর্ষে তুমি সহজে সন্ন্যাস গ্রহণ করিতে সক্ষম হইবে। নতুবা ধন মান বিদ্যা বুদ্ধি সহায় বা সম্পদের দ্বারা তাঁহার অভিপ্রায়ের অন্যথা করিতে কখনই সক্ষম হইবে না॥ ১২॥

ইহাতে তোমার কোন পরিতাপের কারণও নাই। যেহেতুক দেহধারী জীবমাত্রই ঈশ্বরের অধীন থাকিয়া, শুভাশুভ যাবদীয় ফল ইচ্ছাতেই হউক্, বা অনিচ্ছাতেই হউক্, অবশ ভাবে চিরকালই ভোগ করিয়া থাকে। জন্ম, মৃত্যু, জরা, ব্যাধি এবং সুখ ও দুঃখ ভোগ করিবার জন্য জীব স্বকর্ম্মোপার্জ্জিত যে দেহ লাভ করে, তাহাও ঈশ্বরের আজ্ঞা ব্যতীত কখন আপনা হইতে ঘটে না। যেমন শালিক্ষেত্র ও কারাগার রাজার অনুমতি ব্যতীত প্রজাপুঞ্জে পায় না, সেইরূপ ভোগ বা ভোগায়তন দেহ সকলই সম্পূর্ণভাবে ঈশ্বরেরই

যদ্বাচি তন্ত্র্যাং গুণকর্ম্মনামভিঃ সুদুস্তরৈ র্বৎস বয়ং সুযোজিতাঃ।
সর্ব্বে বহামো বলিমীশ্বরায় প্রোতা নসীব দ্বিপদে চতুষ্পদঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

যস্য ভগবতঃ বাচি বেদলক্ষণায়াং, তন্ত্র্যাং দামন্যাং, গুণকর্ম্মনামভিঃ (গুণাঃ সত্ত্বাদয়ঃ কর্ম্মাণি চ তৎপূর্ব্বকাণি তান্নবন্ধনৈঃ নামভিঃ ব্রাহ্মণাদিশব্দৈঃ প্রগ্রহস্থানীয়ৈঃ) সুদুস্তরৈঃ সুদৃঢ়ৈঃ, বয়ং সর্ব্বে সুযোজিতাঃ নিবদ্ধাঃ সন্তঃ, হে বৎস! যথা নসি নাসিকায়াং, প্রোতাঃ রজ্জুবদ্ধাঃ, সন্তঃ চতুষ্পদাঃ বলিবর্দ্দাঃ, দ্বিপদে পুরুষায়, ভারং বহন্তি তথা তস্মৈ ঈশ্বরায়, বলিং বহামঃ তদাজ্ঞয়া তদারাধনার্থং স্বাধিকারপ্রাপ্তং কর্ম্ম কুর্ম্মঃ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

কর্ম্মকরণেঽপি পারতন্ত্র্যমাহ। যস্য বাচি বেদলক্ষণায়াং তন্ত্র্যাং দামন্যাং গুণাঃ সত্ত্বাদয়ঃ তৎপূর্ব্বকাণিচ যানি কর্ম্মাণি তন্নিবন্ধনৈর্নামভি র্ব্রাহ্মণাদিশব্দৈঃ সুদুস্তরৈঃ সুদৃঢ়ৈঃ হে বৎস বয়ং সর্ব্বে সুযোজিতাঃ নিবদ্ধাঃ সন্তঃ তস্মৈ ঈশ্বরায় বলিং বহামঃ তদিচ্ছয়া কর্ম্ম কুর্ম্মঃ নসি নাসিকায়াং প্রোতা বদ্ধা সন্তঃ চতুষ্পদো বলীবর্দ্দাঃ যথা দ্বিপদে পুরুষায় ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেহধারণে পারতন্ত্র্যমিব কর্ম্মকরণেঽপি পারতন্ত্র্যমাহ যস্যাং বাচি বেদলক্ষণায়াং তন্ত্র্যাং দামন্যাং গুণাঃ সত্ত্বাদয় স্তদুচিতানি কর্ম্মাণি তন্নিবন্ধনৈ র্নামভি র্ব্রাহ্মণাদিশব্দৈঃ সুদুস্তরৈঃ সুদৃঢ়ৈঃ হে বৎস বয়ং সর্ব্বে সুযোজিতাঃ নিবদ্ধাঃ তস্মৈ ঈশ্বরায় বলিং বহামঃ। তদাদিষ্টং কর্ম্ম কুর্ম্মঃ। অত্র দৃষ্টান্তঃ। নসি নাসিকায়াং প্রোতা বদ্ধাঃ সন্তঃ চতুষ্পদো বলীবর্দ্দা দ্বিপদে মনুষ্যায়। তে যথা মনুষ্যদত্তস্য ভারস্যাবহনে গমনাগমনক্রিয়াদিষু স্বাতন্ত্র্যেচ দণ্ডং প্রাপ্নুবন্তি তথা বয়মপীতি ভাবঃ ॥ ১৪ ॥

যে ভগবানের বেদলক্ষণা বাক্তন্ত্রিতে সত্ত্বাদিক্রমে বিবিধ কর্ম্মের উল্লেখ আছে এবং উক্ত গুণগ্রামের প্রাধান্য অনুসারে তদুচিত নামাদিতে অভিহিত ব্রাহ্মণাদি-শব্দে দৃঢ় বদ্ধ থাকিয়া নাসারন্ধ্রযোগে রজ্জুবদ্ধ বলিবর্দ্দ যেমন চতুষ্পদ হইয়া দ্বিপদ মানবের দ্রব্যসম্ভার বহন করিয়া থাকে, সেইরূপ হে বৎস! আমরা সকলে সেই ঈশ্বরের আজ্ঞা শিরোধার্য্য করত তাঁহারই আরাধনার্থ স্ব স্ব অধিকার-প্রাপ্ত কর্ম্মের অনুষ্ঠান করিতেছি।। ১৪ ॥

আভাস।

অধীন ॥ ১৩ ॥

দেহ ধারণে জীব যেমন ঈশ্বরের পরতন্ত্র, কর্ম্ম করিতে হইলেও সেইরূপ তাঁহারই পরতন্ত্র। তিনি বেদরূপা বাণীর দ্বারা সত্ত্বাদি গুণের ভেদে জাত ব্রাহ্মণাদি নামধারী জীবকে সত্ত্বানুরূপ কর্ম্ম করিবারই আদেশ করিয়াছেন। নিজ অধিকারকে অতিক্রম করিয়া কর্ম্ম করিলে, বিপরীত ফল লাভ করিতে হয়, সন্দেহ নাই। নাসিকায় নিবদ্ধ বলীবর্দ্দ যেমন প্রভুর অভি-

ঈশাভিসৃষ্টং হ্যবরুন্ধ্মহেঽঙ্গ দুঃখং সুখম্বা গুণকর্ম্মসঙ্গাৎ।

অন্বয়ঃ।

হে অঙ্গ প্রিয়ব্রত! গুণকর্ম্মসঙ্গাৎ (গুণাঃ সত্ত্বাদয়ঃ তদনুরূপাণি অস্মৎকর্ম্মাণি তৎসঙ্গাৎ তৎসম্বন্ধাৎ) তত্তদনুরূপং যং দেবতির্য্যগাদিলক্ষণং দেহং নাথঃ স্বামী অযুঙ্‌ক্ত যোজিতবান্,

শ্রীধরস্বামী।

ভোগেঽপি পারতন্ত্র্যমাহ ঈশেতি ঈশা ঈশ্বরেণাভিসৃষ্টং দত্তমেব। অঙ্গ হে প্রিয়ব্রত অবরুন্ধ্মহে স্বীকুর্ম্মঃ যথা স্বামিনা দত্তমেব কণিশাদি বলীবর্দ্দাঃ ভক্ষয়ন্তি ন স্বেচ্ছয়া তদ্বৎ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মফলভোগেঽপি পারতন্ত্র্যমাহ ঈশা ঈশ্বরেণ অভিসৃষ্টং দত্তমেব অঙ্গ প্রিয়ব্রত অবরুন্ধ্মহে প্রাপ্নুমঃ দুঃখং সুখং বেতি নচাত্র বৈষম্যমীশ্বরস্যেত্যাহ গুণেতি। তম আদি গুণনিবন্ধনানি যানি কর্ম্মাণি তেষু সঙ্গাদাসক্তত্বাৎ। যথা স্বীয়ত্বাৎ সমেষ্বপি বলীবর্দ্দেষু মধ্যে সাধ্বসাধু-কর্ম্মকরণতারতম্যানুরূপমেব কেভ্যশ্চিদুত্তমগৃহাভ্যন্তরে স্থাপিতেভ্যঃ সঘৃতদুগ্ধোদনাদিকং তৎস্বামী দত্তে কেভ্যশ্চন রুক্ষবর্জ্জি চণকমাষাদিকং কেভ্যশ্চন কণিশঘাসাদিকং কেভ্যশ্চন নীহারাতপশঙ্কাদির্মতি বহিঃস্থলে স্থাপিতেভ্যঃ সাক্রোশদণ্ডপ্রহারং বিরসং দলপললাদিকমিতি। কিং কৃত্বা অবরুন্ধ্মহে নাথঃ স্বামী যদ্‌যদযুঙ্‌ক্ত অভদ্রং ভদ্রং বা ফলং দদৌ তত্তদাহায় অস্মদ্বৈগুণ্যসাদ্গুণ্যানুরূপমেব দদাতি স্বামিনঃ কোদোষ ইতি মনসি বিমৃশ্যেত্যর্থঃ। প্রত্যুত পরমেশ্বরস্যাত্র গুণএব দ্রষ্টব্য ইতি দৃষ্টান্তেনাহ চক্ষুষ্মতেতি শীতল-মাতপতপ্তং বা বর্ত্ম নীয়মানাস্তত্র কদাচিৎ শীতলে বর্ত্মনি কণ্টককূর্পাদিকং দৃষ্ট্বা যদা

হে বৎস! দৃষ্টিশক্তি-সম্পন্ন ব্যক্তি যেমন অন্ধকে হস্ত ধারণে লইয়া যায়, সেইরূপ সত্ত্বাদি গুণ ও তদনুরূপ কর্ম্মের সম্বন্ধ অনুসারে তদনুরূপ দেব-

আভাস।

প্রায় অনুসারে পৃষ্ঠে ভার বহন করত স্বীয় প্রভুরই কার্য্য সাধন করে এবং প্রভুর প্রদত্ত জীবিকার দ্বারাই জীবন নির্ব্বাহ করে; যদি কখন অন্যথাচরণ করে, তবে তৎক্ষণাৎ সেই অপরাধ হেতু আঘাত প্রাপ্ত হয়, সেইরূপ ব্রাহ্মণাদি মানবগণ স্ব স্ব বর্ণাশ্রমোচিত কর্ম্মসমূহ বেদোক্ত বিধানানুসারে সুনিষ্পন্ন করত সেই ভূতভাবনেরই অভিপ্রেত বিষয়ের সাধনে তৎপর হইয়া থাকে। যাহারা নিজের গুণ ও অধিকারের প্রতি দৃষ্টি না রাখিয়া, পরধর্ম্মের অনু-শীলনে অযথা কর্ম্মের অনুষ্ঠান করে, তাহারা বলীবর্দ্দ-লব্ধ আঘাতের ন্যায়, সর্ব্বদা পীড়ন ও তাড়নাই সহ্য করে, সন্দেহ নাই॥ ১৪॥

ভোগসম্বন্ধেও জীবসমূহ সম্পূর্ণ ঈশ্বরেরই অধীন। নিজের ইচ্ছায় কিছুই পায় না; ঈশ্বর-প্রদত্ত যে কিছু ভোগ করে। কিন্তু তন্মধ্যে সুখ বা দুঃখের তারতম্যে ভগবানের উপর দোষারোপ করা কর্ত্তব্য নহে। কারণ গুণ ও কর্ম্মের অনুসারেই তিনি ভোগ দিয়া থাকেন। যেমন বলীবর্দ্দসমূহ প্রভুর সন্নিধানে অধিকার সম্বন্ধে সমরূপ হইলেও, বলীবর্দ্দের

আস্থায় তত্তদ্‌যদযুঙ্‌ক্ত নাথ শ্চক্ষুষ্মতান্ধা ইব নীয়মানাঃ ॥ ১৫ ॥

মুক্তোঽপি তাবৎ বিভৃয়াৎ স্বদেহমারব্ধমশ্নন্নভিমানশূন্যঃ।

অন্বয়ঃ।

তৎ তৎ আস্থায় স্বীকৃত্য, তেনৈব ঈশা ঈশ্বরেণ, অভিসৃষ্টং দত্তং, দুঃখং সুখং বা চক্ষুষ্মতা নীয়মানাঃ অন্ধাঃ পুরুষাঃ ইব বয়ং হি নিশ্চিতং অবরুন্ধ্মহে স্বীকুর্ম্মঃ এব ॥ ১৫ ॥

(যাবৎ প্রারব্ধং সুখদুঃখাদিপ্রদং পুণ্যপাপরূপং কর্ম্ম অস্তি) তাবৎ তৎ অশ্নন্ মুক্তঃ জীবন্মুক্তঃ প্রতিযাতনিদ্রঃ গতনিদ্রঃ পুরুষঃ যথা অভিমানশূন্যঃ এব স্বপ্নে অনুভূতং বস্তু অনুস্মরতি

শ্রীধরস্বামী।

নচৈবং বৈষম্যমীশ্বরস্য যতো গুণকর্ম্মসঙ্গাৎ নাথঃ যদ্‌যদ্দেবতির্য্যগাদিলক্ষণং দেহং অযুঙ্‌ক্ত যোজিতবান্ তত্তদাস্থায় স্বীকৃত্য যথান্ধা শ্চক্ষুষ্মতা ছায়ামাতপং বা নীয়মানাঃ সন্তঃ ॥ ১৫ ॥

ননু এতৎসর্ব্বমবিদুষ এব নত্বাত্মবিদঃ ইত্যাশঙ্ক্যাহ মুক্তোঽপীতি যাবৎ প্রারব্ধং কর্ম্ম তাবৎ। যথা স্বপ্নেঽনুভূতং প্রতিযাতনিদ্রঃ গতনিদ্রঃ অভিমানশূন্য এব অনুস্মরতি। তর্হি ভোগ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তপ্তং বত্ম´ নীয়ন্তে তেন কিমন্ধৈশ্চক্ষুষ্মানুপালভ্যতে অপিতু হিতকৃদয়মিতি বিশ্বস্য প্রশস্যত এবেতি ভাবঃ ॥ ১৫ ॥

নন্বেতৎ সর্ব্বমবিদুষঃ কর্ম্মিণ এব নতু কর্ম্মগ্রন্থিত উত্তীর্ণস্যাত্মজ্ঞানিন ইত্যাশঙ্ক্যাহ মুক্তোঽপীতি যাবৎ প্রারব্ধং কর্ম্ম তাবৎ। যথা স্বপ্নেঽনুভূতং প্রতিযাতনিদ্রো গতনিদ্রোঽভিমানশূন্য

তির্য্যগাদি যে কোন দেহ প্রভু পরমেশ্বর প্রদান করেন, আমরা তাহাতেই আসক্ত হইয়া তৎকৃত সুখদুঃখাদি অবশভাবে ভোগ করিয়া থাকি ॥ ১৫ ॥

বৈরাগ্যের উদয়ে ব্রহ্মজ্ঞান লাভ হইলেই যে জীবের অব্যাহতি হয়,

আভাস।

শান্তাদি গুণ ও দৌঃশীল্যাদি দোষ বশত বিভিন্ন ভাবে আচরিত হয়; কতকগুলিকে গৃহের অভ্যন্তরে রাখিয়া চণক মাসকলাই ও দুগ্ধোদন এবং নবীন তৃণরাশি প্রভু প্রদান করেন, আবার কতকগুলিকে বা নীহার আতপ ও পঙ্কাদি বিশিষ্ট অনাবৃত-স্থলে রাখিয়া বিরস দল ও পলাদি প্রদান করিয়া থাকেন। কাহাকেও বা দণ্ড ও প্রহার করেন, কাহারও বা অঙ্গে হস্ত মার্জ্জনের দ্বারা গাত্রকণ্ডূতি নিবারণ করেন। গুণ ও কর্ম্মের অনুসারে যেমন প্রভু ব্যবহার করেন, ভগবান্‌ও জীবকে তদনুরূপ ফল প্রদান করিয়া থাকেন। কিন্তু চক্ষুষ্মান্ ব্যক্তি যেমন অন্ধকে ধরিয়া লইয়া যায়; তাহাতে অন্ধ কখন কণ্টকাকীর্ণ কখন বা পরিষ্কৃত পথে, কখন ছায়ায় কখন বা প্রচণ্ড কীরণের মধ্য দিয়া গমন করিলেও অভিলষিত স্থানে গমনের প্রত্যাশায় নেতার প্রতি কখন দোষারোপ করে না, সেইরূপ ভগবান্‌ও জীবকে সুখময় বা দুঃখসঙ্কুল ভোগ প্রদানে নিরন্তর হস্ত ধারণে অগ্রসর করিয়া লইতেছেন। ভোগের বৈচিত্র্য বশত তাঁহার প্রতি দোষারোপ করা জীবের পক্ষে সম্পূর্ণ অবিধেয় ॥ ১৫ ॥

যথানুভূতং প্রতিযাতনিদ্রঃ কিন্ত্বন্যদেহায় গুণান্নবৃঙ্‌ক্তে ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

তথা যাবৎ প্রারব্ধং সুখদুঃখাদিপ্রদং পুণ্যপাপরূপং কর্ম্ম অস্তি তাবৎ তৎ সর্ব্বং অশ্নন্ মুক্তঃ জীবন্মুক্তঃ অপি জনঃ স্বদেহং বিভূয়াৎ বিভর্ত্তি, কিন্তু নিরভিমানত্বাৎ অন্যদেহায় (দেহান্তরারম্ভকান্) গুণান্ বাসনাঃ কর্ম্মাণি চ ন বৃঙ্‌ক্তে সম্ভজতে ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

বাসনয়া পুনর্জন্ম ভবেৎ। তত্রাহ কিন্তু দেহান্তরারম্ভকান্ গুণান্ কর্ম্মাণি বাসনাশ্চ ন বৃঙ্‌ক্তে ন সংভজতে ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবানুস্মরতি তর্হি ভোগবাসনয়া পুনর্জন্ম স্যাত্তত্রাহ কিন্তু অন্যদেহায় দেহান্তরং প্রাপ্তুং গুণান্ কর্ম্মাণি বাসনাশ্চ ন বৃঙ্‌ক্তে ন সংভজতে ॥ ১৬ ॥

এরূপ নহে। কারণ নিদ্রাভঙ্গে জনগণ একটু প্রণিহিতমনা হইয়া স্বপ্নকালে অনুভূত বিষয়সমূহের যেমন অনুস্মরণ করিতে পারেন, সেইরূপ জ্ঞানলাভে জীবন্মুক্ত পুরুষও পুণ্যপাপরূপ প্রারব্ধ কর্ম্মের ফল সুখদুঃখাদি ভোগ করত কালাতিপাত করিয়া থাকে। কিন্তু জীবন্মুক্ত পুরুষ প্রারব্ধ-ক্ষয় পর্য্যন্ত দেহ ধারণে বিচরণ করিলেও, অভিমানের অভাবে দেহান্তরের প্রবর্ত্তক বাসনা বা তদনুরূপ কর্ম্মে প্রবৃত্ত হন না ॥ ১৬ ॥

আভাস।

প্রিয়ব্রত পাছে বলেন যে, হে ভগবন্! নিতান্ত কর্ম্মাসক্ত অজ্ঞানী জনের ব্যবস্থা আপনি আমারও উপর নিক্ষেপ করিতেছেন! যাহারা জ্ঞানমার্গ অবলম্বনে কর্ম্ম বন্ধন হইতে উত্তীর্ণ হইয়াছেন, তাঁহাদিগকে আর সুখদুঃখজনিত ব্যাপারে বিড়ম্বিত হইতে হয় না। এতদুত্তরে কমলাসন ব্রহ্মা বলিলেন যে, জীবন্মুক্ত পুরুষও প্রারব্ধজনিত ফলভোগের হস্ত হইতে অব্যাহতি পান না। সুতরাং তাহার জন্য প্রস্তুত থাকা প্রয়োজন। যেমন স্বপ্নের ব্যাপার জাগ্রতকালেও প্রণিহিতচিত্ত ব্যক্তির নিকট সুস্পষ্ট উপলব্ধ হয়, সেইরূপ সমাহিত-চিত্ত জ্ঞানীর সমীপে ব্যবহারিক দশায় প্রারব্ধ-জনিত সুখদুঃখাদির ভোগও সুস্পষ্ট প্রতীত হইয়া থাকে। তবে অজ্ঞানী যেরূপ তাহাতে অভিভূত হইয়া, নানা প্রকার প্রতিকারের চেষ্টা করে, জ্ঞানী তাহাকে অবশ্যম্ভাবী মনে করত, সহ্য এবং উপেক্ষা করেন মাত্র; অতএব অজ্ঞানী তন্নিমিত্ত নূতন কর্ম্মের সম্পাদনে নূতন দেহের সূত্রপাত করে, জ্ঞানী আর তাহা করে না ॥১৬

প্রিয়ব্রত যদি মনে করেন যে, সুখ বা দুঃখের ভোগ যদি ঈশ্বরেরই অধীনে হয়, তাহা হইলেও তাৎকালিক বনবাস অপেক্ষা গৃহে বাস করা তাঁহার পক্ষে কোনমতে সুবিধাজনক হইবে না। এতদুত্তরে ব্রহ্মা বলিলেন যে, বন বা গৃহে কোন পার্থক্য নাই। নিজের গুণে বা দোষে বনকেও গৃহ করা যায় এবং গৃহকেও বন করা যায়। কারণ পঞ্চ জ্ঞানেন্দ্রিয় সহ

ভয়ং প্রমত্তস্য বনেষ্বপি স্যাদ্‌যতঃ স আস্তে সহ ষট্‌সপত্নঃ।
জিতেন্দ্রিয়স্যাত্মরতের্বুধস্য গৃহাশ্রমঃ কিং নু করোত্যবদ্যং ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

প্রমত্তস্য অজিতেন্দ্রিয়স্য জনস্য, বনেষু অপি ভয়ং নরকভয়ং, স্যাৎ যতঃ সঃ তেষু স্থানেষু, সহষট্‌সপত্নঃ (সহ ষট্‌ সপত্নাঃ মনোবুদ্ধীন্দ্রিয়াণিচ শত্রবঃ যস্য সঃ তথাবিধঃ) আস্তে। বুধস্য বিবেকিনঃ, আত্মরতেঃ (আত্মনি ভগবতি রতিঃ প্রীতিঃ যস্য তস্য) জিতেন্দ্রিয়স্য জিতষড়্‌বর্গস্য জনস্য তু গৃহাশ্রমঃ কিং অবদ্যং দোষং, নু করোতি ন কিমিতি ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

ননু গৃহে বর্ত্তমানস্য ভোগান্‌ ভুঞ্জানস্য কুতোঽভিমানাভাবো মোক্ষো বা অতস্তৎত্যাগেন বনবাস এব যুক্তঃ তত্রাহ ভয়মিতি। ভয়ং সংসারঃ স্যাদেব প্রমত্তস্য অজিতেন্দ্রিয়স্য বনেষ্বিতি সঙ্গভিয়া বনাদ্বনান্তরং গচ্ছতোঽপীত্যর্থঃ। সহৈব ষট্‌ সপত্নাঃ শত্রবো মনোবুদ্ধীন্দ্রিয়াণিচ যস্য স তথাভূত এব বনেষ্বপি যত আস্তে বুধত্বেন জিতেন্দ্রিয়ত্বাৎ আত্মারামস্য অবদ্যং রাগাদিদোষং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু তদপীশ্বরাধীনত্বেঽপি মম সাংপ্রতিকাদ্বনবাসাৎ ভাবিনী গৃহে স্থিতিরপকারং করিষ্যত্যেবেত্যাশঙ্ক্যাহ ভয়ং সংসারঃ। সহষট্‌সপত্নঃ ষড়িন্দ্রিয়শত্রুসহিতঃ। জিতেন্দ্রিয়স্য তত্রাপ্যাত্মরতে রাত্মারামস্য তত্রাপি বুধস্য বনগৃহয়োস্তারতম্যাভাবং বুদ্ধ্যমানস্য কিং অবদ্যং রাগাদিদোষং ॥ ১৭ ॥

ইন্দ্রিয়গ্রামকে নিরুদ্ধ না করিয়া সন্ন্যাস অবলম্বনে বনে গমন করিলেও নরক-ভয় হইতে নিস্তারলাভ হয় না। কারণ বনবাসকালেও তাহার জ্ঞানেন্দ্রিয় পঞ্চ ও মন এই ছয়টী প্রবল অন্তরের শত্রু নিরন্তর তাহার সঙ্গেই বাস করিতে থাকে। বাহিরের শত্রুর নিকট হইতে দূরে পলায়ন করিলেও অন্তরের শত্রুকে দমন করা সর্ব্বাগ্রে প্রয়োজন। যাঁহারা বিবেকসম্পন্ন ব্যক্তি, বিশেষ যত্ন-সহকারে অন্তরের প্রধান শত্রু পূর্ব্বোক্ত ষড়্‌বর্গকে দলন করিতে অভ্যাস করিয়াছেন, তাঁহারা গৃহস্থাশ্রমে একান্ত নিবিষ্ট থাকিলেও কখন কোন দোষে লিপ্ত হন না ॥ ১৭ ॥

আভাস।

মন যদি দুর্ব্বৃত্ত হয়, তবে সে নির্জ্জন বনে গমন করিলেও অশেষ প্রকার ব্যাভিচারের পরিচয় দেয়; আবার মন ও ইন্দ্রিয়বর্গ যদি নিজের বশীভূত থাকে, তাহা হইলে, তাদৃশ ব্যক্তির গৃহস্থাশ্রমও সন্ন্যাসীর অরণ্যবাস অপেক্ষা কোন অংশে ন্যূন হয় না ॥ ১৭ ॥

অজিতেন্দ্রিয়, জিতেন্দ্রিয় এবং ইন্দ্রিয়-জয়াভিলাষী ভেদে সাধারণত লোক তিন প্রকার। তন্মধ্যে অজিতেন্দ্রিয় ও জিতেন্দ্রিয় ব্যক্তিদ্বয়ের পক্ষে সংসারাশ্রম কোন ক্ষতি করে না;

যঃ ষট্ সপত্নান্ বিজিগীষমাণো গৃহেষু নির্ব্বিশ্য যতেত পূর্ব্বং।
অত্যেতি দুর্গাশ্রিত ঊর্জ্জিতারীন্ ক্ষীণেষু কামং বিচরেদ্বিপশ্চিৎ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

অতঃ যঃ ষট্ সপত্নান বিজিগীষমাণঃ বিজেতুং ইচ্ছন্ পূর্ব্বং গৃহেষু নির্ব্বিশ্য স্থিত্বা (তেষাং নিরোধং কুর্ব্বন্ জেতুং) যতেত; তেষু অরিষু ক্ষীণেষু বশীকৃতেষু সৎসু দুর্গাশ্রিতঃ রাজা যথা ঊর্জ্জিতান্ অরীন্ অত্যেতি জয়তি, তথা বিপশ্চিৎ আত্মারামঃ সন্ কামং যথেষ্টং গৃহে বনে বা বিচরেৎ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

নমু গৃহে রাগাদয়ঃ সম্ভবন্তি নতু বনে ইত্যাশঙ্ক্যাহ য ইতি যো বিজিগীষমাণঃ স পূর্ব্বং গৃহেষু স্থিত্বা তেষামত্যন্তং নিরোধমকুর্ব্বন্ জেতুং যতেত ক্ষীণেষ্বরিষু কামং গৃহেষন্যত্র বা বিচরেৎ। যতোলোকে ঊর্জ্জিতারীন্ দুর্গাশ্রিত এব অত্যেতি জয়তি পশ্চাৎদুর্গেহন্যত্র বা বর্ত্ততে। যুধ্যেতেতি পাঠে প্রহরেদিত্যর্থঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অজিতেন্দ্রিয়ো জিতেন্দ্রিয়ঃ ইন্দ্রিয়জয়েচ্ছুরিত্যত্র লোকে ত্রিবিধো জনস্তত্রাদ্যয়ো র্গৃহাশ্রমো ন দোষ ইত্যুক্তং। অন্ত্যস্য তু প্রত্যুত গুণ এবেত্যাহ যো বিজিগীষমাণঃ বিজেতুমিচ্ছতি স পূর্ব্বং গৃহেষু স্থিত্বা তেষামত্যন্তনিরোধমকুর্ব্বন্ জেতুং যতেত। যতো লোক ঊর্জ্জিতান্ বলিষ্ঠানরীন্ দুর্গাশ্রিত এবাত্যেতি জয়তি ততশ্চ ক্ষীণেষ্বরিষু কামং গৃহেষন্যত্র বা বিচরেৎ। যুধ্যেতেতি পাঠে প্রহরেদিত্যর্থঃ ॥ ১৮ ॥

অতএব বনগমনের পূর্ব্বে গৃহস্থাশ্রমে অবস্থান পূর্ব্বক আভ্যন্তরিক ছয়টী রিপুকে জয় করিবার জন্য বিশেষ যত্ন করা আবশ্যক। শত্রুকুলের প্রাবল্য-কালে দুর্গের মধ্যে অবস্থান করত নরপতির যেমন প্রথম আত্মরক্ষা এবং পরে শত্রুজয়ের জন্য চেষ্টা করা কর্ত্তব্য এবং অলক্ষিতভাবে বাহিরে অবস্থিত শত্রুকুলের দৌর্ব্বল্য সাধিত হইলে, পরে দুর্গ হইতে নিস্ক্রান্ত হইয়া তাহাদের অবরোধ প্রয়োজন, সেইরূপ গৃহস্থাশ্রমরূপ দুর্গের মধ্যে অবস্থান পূর্ব্বক ইন্দ্রিয়বর্গকে দুর্ব্বল ও বশীভূত করত আত্মনিষ্ঠ যোগী গৃহেই থাকুন্ বা বনেই গমন করুন্, তাহাতে কোন ক্ষতি নাই ॥ ১৮ ॥

আভাস।

কিন্তু যাহারা ইন্দ্রিয়জয়ে অভিলাষী, তাহাদের পক্ষে গৃহাশ্রমই প্রকৃত ফলপ্রদ ও উপকারী। গৃহাশ্রমে রক্ষিত হইয়া ইন্দ্রিয়গ্রামকে যত সহজে বশীভূত করিতে পারা যায়, অরণ্যবাসে সেরূপ পারা যায় না। গৃহস্থাশ্রমে অবস্থান কালে যদি কখন কোন অসৎ চিন্তা অকস্মাৎ উদিত হয়, তৎক্ষণাৎ সামাজিক শাসন, রাজনৈতিক দণ্ড, স্বার্থ ও মমতাদির চিন্তারূপ নানাপ্রকার প্রতিবন্ধকের উপস্থিতিতে পূর্ব্বোক্ত অসৎ চিন্তা আর প্রশ্রয়ের অবসর পায় না; আপনা

ত্বমব্জনাভাঙ্ঘ্রিসরোজকোষ-দুর্গাশ্রিতো নির্জ্জিতষট্‌সপত্নঃ।
ভুঙ্ক্ষ্বেহ ভোগান্ পুরুষাতিদিষ্টান্ বিমুক্তসঙ্গঃ প্রকৃতিং ভজস্ব॥ ১৯॥

অন্বয়ঃ।

ত্বং তু অব্জনাভস্য অঙ্ঘ্রিসরোজকোষঃ এব দুর্গং তদাশ্রিতঃ এব তথা তৎপ্রসাদেন নির্জ্জিতষট্‌সপত্নঃ অতঃ পুরুষেণ ভগবতা আদিষ্টান্ ভোগান্ ইহ রাজ্যাধিকারে ভুঙ্‌ক্ষ্ব পশ্চাৎ বিমুক্তসঙ্গঃ প্রকৃতিং সর্ব্বকারণং ভগবন্তং এব ভজস্ব॥ ১৯॥

শ্রীধরস্বামী।

এতচ্চ গৃহদুর্গাশ্রয়ণং প্রাকৃতানাং। ত্বন্তু অব্জনাভস্যাঙ্‌ঘ্রিসরোজকোষ এব দুর্গং তদাশ্রিতঃ। অতএব নির্জ্জিতষট্‌সপত্নঃ তথাপি পুরুষেণেশ্বরেণ অতিদিষ্টান্ দত্তান্ ভোগান্ তাবদ্ভুঙ্ক্ষ্ব পশ্চাদ্বিমুক্তসঙ্গঃ সন্ প্রকৃতিং স্বরূপং ভজস্ব আত্মনিষ্ঠো ভবেত্যর্থঃ॥ ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বন্তু তেষু ত্রিষু মধ্যে ন কোঽপীত্যাহ ত্বমিতি তুর্ভিন্নোপক্রমে অব্জনাভেতি নত্বন্যপ্রাকৃতবদ্গৃহদুর্গাশ্রিতঃ। নচাপ্যবর্জ্জিতেন্দ্রিয়শ্চ যতো নির্জ্জিতেতি জিতষট্‌সপত্নেভ্যো নির্গতঃ। তব ষড়িন্দ্রিয়াণি ভগবৎসৌন্দর্য্যাদিম্বাসক্তানি পরমামত্রাণ্যেব নতু শত্রবঃ। অতঃ পুরুষেণ স্বপ্রভুণৈবাতিশয়েন দিষ্টান্ দত্তান্ ভোগান্ ইতি কর্ম্মজন্যানামেব ভোগানাং বন্ধকত্বং নত্বীশ্বরদত্তানামিতি ভাবঃ। প্রকৃতিং ভজস্বেতি পশ্চাদ্রাজ্যভারং স্বপুত্রে বিন্যস্য বনেঽপি গত্বা তিষ্ঠ॥ ১৯॥

তুমি পদ্মনাভ নারায়ণের চরণপদ্মরূপ কোষের অন্তরে দুর্গাশ্রিত ভূপতির ন্যায় রক্ষিত থাকিয়া এবং তাঁহারই অনুকম্পায় আন্তরিক রিপুকুলকে জয় করত সেই প্রধান পুরুষ ভগবানের আদিষ্ট ভোগসুখ এই রাজ্যাধিকারেই ভোগ কর! ভোগের অন্তে সেই বিশ্ব-বিধাতা সর্ব্বান্তরস্থ ভগবানকেই প্রাপ্ত হইবে, সন্দেহ নাই॥ ১৯॥

আভাস।

হইতেই বিলীন হইয়া যায়। অরণ্যে ওরূপ প্রতিবন্ধক না থাকায়, কুচিন্তা অনায়াসে কার্য্যে পরিণত হয়। অতএব বনবাসী হইবার পূর্ব্বে, গৃহাশ্রমের কর্ম্ম করত আপনাকে বিশেষরূপে পরিপক্ব করিয়া লওয়া উচিত। এবং পরিপক্ক হইলাম কি না, তাহার পরিচয় এই কুহকপূর্ণ গৃহস্থাশ্রমে যত অনায়াসে উপলব্ধি করা যায়, প্রলোভনের বস্তুশূন্য বিপিনে তাহার কিছুমাত্র উপলব্ধি হয় না। কামিনীবিহীন কাননে ব্রহ্মচারী সাজা অতীব সুসাধ্য বটে, কিন্তু বনান্তরে সুন্দরীর সন্দর্শনে তুমি পাষণ্ডের পরিচয় যে দিবে না, তাহা এই ললনাপূর্ণ গৃহস্থাশ্রমে অভ্যাস করিয়া যাও! নতুবা পরিণামে উভয় পথ হইতে বিভ্রষ্ট হইলে, পরিতাপের আর সীমা থাকিবে না॥ ১৮॥

অথচ সামান্য জীবের ন্যায়, তোমাকে তাদৃশ কঠোর ব্রত অবলম্বন না করিলেও হইতে

শ্রীশুক উবাচ ॥

ইতি সমভিহিতো মহাভাগবতো ভগবতস্ত্রিভুবনগুরোরনুশাসনমাত্মনো লঘু-তয়াঽবনতশিরোধরো বাঢ়মিতি স বহুমানমুবাহ ॥ ২০ ॥

ভগবানপি মনুনা যথাবদুপকল্পিতাপচিতিঃ প্রিয়ব্রতনারদয়োরবিষমমভি-

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং সমভিহিতঃ সম্যগাদরপূর্ব্বকং ব্রহ্মণা প্রার্থিতঃ মহা-ভাগবতঃ প্রিয়ব্রতঃ আত্মনঃ স্বস্য ততঃ লঘুতয়া অল্পতয়া হেতুনা ত্রিভুবনগুরোঃ সর্ব্বপূজ্যস্য ভগবতঃ ব্রহ্মদ্বারকং অনুশাসনং আজ্ঞাং অবনতশিরোধরঃ নমৎকন্ধরঃ, সন্ বাঢ়ং তথাকরিষ্যা-মীতি এবং সবহুমানং যথা ভবতি তথা উবাহ অঙ্গীকৃতবান্ ॥ ২০ ॥

(অতঃ সন্তুষ্টেন) মনুনা যথাবৎ উপকল্পিতা সমর্পিতা অপচিতিঃ পূজা যস্য সঃ ভগবান্

শ্রীধরস্বামী।

আত্মনস্ততো লঘুতয়া অল্পতয়া। যদ্বা আত্মনো যদনুশাসনং তদলঘুতয়া গৌরবেণ বাঢ়ং তথা করিষ্যামীতি অবনতকন্ধরঃ সন্ জগ্রাহ ॥ ২০ ॥

মনুনা সন্তুষ্টেন উপকল্পিতা পূজা যস্য প্রিয়ব্রতস্য যোগভ্রংশাৎ নারদস্যচ শিষ্যনাশাৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনঃ স্বস্য লঘুতয়া তৎ পৌত্রত্বাদিত্যর্থঃ ॥ ২০ ॥

যথাবদিতি তৎকালদেশোচিতসপর্য্যয়া ইত্যর্থঃ। অত্র প্রিয়ব্রতস্য যোগভ্রংশাৎ নারদস্য

শুকদেব বলিলেন, কমলাসন ব্রহ্মা কর্ত্তৃক এই প্রকার আদরাতিশয়ে অনুরুদ্ধ হইলে, ভগবদ্ভক্ত প্রিয়ব্রত আপনার সংকল্পকে তদপেক্ষা অনেক লঘু বলিয়া বিবেচনা করিলেন এবং ত্রিলোকগুরু ভগবান্ নারায়ণের আজ্ঞাই ব্রহ্মার বদন হইতে নির্গত হইতেছে মনে করিয়া, অবনত-মস্তকে ব্রহ্মার আদেশের অনুমোদন করিলেন ॥ ২০ ॥

প্রিয়ব্রতের রাজ্যাধিকারে অনুমোদন দেখিয়া, স্বায়ম্ভুব মনু বিশেষ সন্তুষ্ট

আভাস।

পারে। ভগবান্ যখন তোমাকে সৃষ্টির জন্য আদেশ করিতেছেন, তখন তুমি বৈরাগ্য অবলম্বনে ইন্দ্রিয়নিচয়ের নিগ্রহের জন্য যত্নবান্ না হইলেও, আপনা হইতেই তাহারা নিগৃহীত হইবে। ভগবানের সৌন্দর্য্যাদি অপূর্ব্ব রসের উপভোগে তোমার মন প্রভৃতি ইন্দ্রিয়গ্রাম এতই বিভোর হইবে যে, প্রাকৃতিক জগতের কোন পদার্থই তোমার চিত্তকে আকৃষ্ট করিতে আর পারিবে না। তুমি বিনা পরিশ্রমে জগতের সার নিত্যনিরঞ্জন পরমাত্ম-ভাবকে চরমকালে লাভ করিবে। তখন তোমার বন এবং গৃহ উভয় তুল্যরূপে প্রতীত হইবে ॥ ১৯ ॥

সমীক্ষমাণয়োরাত্মসমবস্থানমবাঙ্মনসং ক্ষয়মব্যবহৃতং প্রবর্ত্তয়ন্নগমৎ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

ব্রহ্মা অবিষমং (প্রিয়ব্রতস্য ভজনপ্রতিবন্ধে নারদস্য চ উপদেশপ্রয়াসবৈয়র্থ্যেন অপি) যথা-স্যাৎ তথা অভিসমীক্ষমাণয়োঃ প্রিয়ব্রতনারদয়োঃ সতোঃ (এবং ভগবদ্ভজনাৎ ব্যাবর্ত্ত্য স্বকার্য্যে সৃষ্ট্যুপবৃংহণে প্রিয়ব্রতস্য প্রবর্ত্তনে ব্রহ্মণোঽপি বৈমনস্যং জাতং। অতঃ মনসঃ সমাধানার্থং) আত্মসমবস্থানং (আত্মনঃ স্বস্য সমবস্থানং সম্যগাশ্রয়ভূতং) অবাঙ্মনসং বাঙ্-মনসয়োরবিষয়ং, অব্যবহৃতং সর্ব্বব্যবহারাতীতং ভগবন্তং প্রবর্ত্তয়ন্ চিন্তয়ন্ উচ্চারয়ন্, বা স্বক্ষয়ং স্বনিবাসং, সত্যলোকং অগমৎ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

কুটিলমীক্ষণং সম্ভবতি তত্তু নাস্তীত্যাহ। অবিষমং যথাভবতি তথা তয়োরভিসমীক্ষমাণয়োঃ সতোরাত্মনঃ সম্যগবস্থানং যস্মিন্ বাঙ্মনসয়োরগোচরং অবিষয়ং ক্ষয়ং নিবাসং অবাঙ্মনসঃ ক্ষয়মিতি পাঠে অবাক্ বাচামগোচরং কথাঞ্চন্মনসঃ ক্ষয়ং বিষয়ং অতোঽব্যবহৃত ব্যবহারশূন্যং ব্রহ্মাপি নিবৃত্তং প্রবর্ত্তয়ন্ ব্যবহারাৎ বিষণ্ণঃ সন্ ব্যবহারাতীতং স্বরূপং চিন্তয়ন্ অন্তর্হিত ইত্যর্থঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চ শিষ্যগতমনোরথধ্বংসাৎ কুটিলমীক্ষণং সম্ভবতি তত্তু নাস্তীত্যাহ। অবিষমং যথা স্যাত্তথা তয়োরভিসমীক্ষমাণয়োঃ সতোঃ আত্মনঃ পরমাত্মনঃ সম্যগবস্থানং স্বরূপং স্বহৃদি প্রবর্ত্তয়ন্ স্মরন্ কীদৃশং বাঙ্মনসয়োঃ প্রাকৃতয়োরবিষয়ং ক্ষয়ং সম্যনিবাসস্থানত্বাদাশ্রয়তত্ত্বমিত্যর্থঃ। পাঠা-ন্তরে অবাক্ ন বিদ্যন্তে বাচস্ত্রৈগুণ্যবিষয়া বিধিনিষেধাত্মিকাঃ শ্রুতয়ো যত্র তথাভূতং যন্মন স্তস্য ক্ষয়ং নিস্ত্রৈগুণ্যমনোবিষয়মিত্যর্থঃ। অব্যবহৃতং ব্যবহারশূন্যং। যদ্বা অব্যবহৃতং প্রিয়ব্রতং ব্যবহারে প্রবর্ত্তয়ন্ ক্ষয়ং সত্যলোকং অগমৎ। কীদৃশং আত্মনঃ স্বস্য সম্যগবস্থানং যত্র তৎ। প্রিয়ব্রতং কীদৃশং অবাঙ্মনসং আত্মারাম মহাভাগবতত্বাৎ প্রাকৃতবাঙ্মনসশূন্য-মিত্যর্থঃ ॥ ২১ ॥

হইলেন এবং বিবিধ উপহার প্রদানে ব্রহ্মার পূজা করিলেন। ব্রহ্মা কিন্তু মনে করিয়াছিলেন যে, প্রিয়ব্রত ও নারদ উভয়েই স্বার্থ-সিদ্ধির ব্যাঘাত হেতু তাঁহার প্রতি বিরক্তভাব প্রকাশ করিবেন; সুতরাং ভগবদ্ভজনের প্রতিবন্ধক উৎপাদন করায় নিজেও মনে মনে কিছু বিষণ্ণ হইয়াছিলেন। কিন্তু প্রিয়ব্রত ও নারদের প্রসন্ন ভাব নিরীক্ষণ করিতে করিতে বাক্য মনের অতীত ভগ-বানকে স্মরণ করত, তিনি স্বকীয় ধাম সত্যলোকে গমন করিলেন ॥ ২১ ॥

আভাস।

কমলাসনের কথায় প্রিয়ব্রত আর দ্বিরুক্তি না করিয়া, তাঁহার মতেরই অনুমোদন করি-লেন। এতদ্দর্শনে মনু বিশেষ তুষ্ট হইলেন বটে, কিন্তু ব্রহ্মা একজন মুমুক্ষুকে সংসারে

মনুরপি পরেণৈবেত্থং প্রতিসন্ধিত-মনোরথঃ সুরর্ষিবরানুমতেনাত্মজমখিল-ধরামণ্ডলস্থিতিগুপ্তয় আস্থাপ্য স্বয়মতিবিষমবিষজলাশয়াশায়া উপররাম ॥ ২২ ॥

ইতিহ বাব স জগতীপতিরীশ্বরেচ্ছয়াঽধিনিবেশিতকর্ম্মাধিকারোঽখিল-জগদ্বন্ধধ্বংসনপরানুভাবস্য ভগবত আদিপুরুষস্যাঙ্ঘ্রিযুগলানবরতধ্যানানু-

অন্বয়ঃ।

পরেণ ব্রহ্মণা এব ইত্থং প্রতিসন্ধিতঃ সম্পাদিতঃ মনোরথঃ যস্য তথাবিধঃ সঃ মনুঃ অপি সুরর্ষিবরানুমতেন আত্মজং প্রিয়ব্রতং অখিলধরামণ্ডলস্য স্থিতিগুপ্তয়ে মর্য্যাদাপালনায়, রাজ্যে আস্থাপ্য স্বয়ং অতিবিষমাঃ অতিদুস্তরাঃ, বিষয়াঃ এব বিষজলানি তেষাং আশয়ঃ স্থানং গৃহং তস্য আশা ভোগেচ্ছা তস্যাঃ উপররাম উপরতঃ অভূৎ ॥ ২২ ॥

ইতি হ বাব এবমেবহি ঈশ্বরেচ্ছয়া অধিনিবেশিতঃ প্রাপিতঃ কর্ম্মাধিকারঃ যস্য সঃ প্রিয়ব্রতঃ জগতীপতিঃ অখিলস্য জগতঃ বন্ধধ্বংসনে পরঃ শ্রেষ্ঠঃ অনুভাবঃ প্রভাবঃ লীলা যস্য তস্য

শ্রীধরস্বামী।

পুত্রং রাজ্যে অভিষিচ্য বনং গাস্যামীত্যেবং যো মনোরথঃ স পরেণ ব্রহ্মণৈব প্রতিসন্ধিতঃ সম্পাদিতো যস্য স নারদস্যানুমতেন স্থাপয়িত্বা অতিবিষমো দুস্তরো যো বিষয় বষজলাশয়ো গৃহং তস্য আশা প্রবৃত্তির্বাসনা ভোগেচ্ছা বা তস্যা উপরতোঽভূৎ ॥ ২২ ॥

যৎপৃষ্টং গৃহে কথং অরমতেতি তত্রোত্তরমুপসংহরতি ইতি হ বাব ইত্থমেবহি অধি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরেণ ব্রহ্মণৈব প্রতিসন্ধিতঃ সম্পাদিতো মনোরথো যস্য সঃ। স্থিতিগুপ্তয়ে মর্য্যাদা-পালনায় বিষমবিষয় এব বিষজলাশয়ঃ বিষসমুদ্র স্তত্র যা আশা প্রবৃত্তি র্বাসনা তস্যাঃ সকাশাৎ ॥ ২২ ॥

গৃহে কথমরমতেত্যস্যোত্তরম্ ইতিহ বাব ইত্থমেবেত্যর্থঃ। বন্ধধ্বংসন এব পরানুভাবঃ

পরমপুরুষ ব্রহ্মার অনুগ্রহে পূর্ণ-মনোরথ ভগবান্ মনু দেবর্ষি নারদের অভি-মতিতে নিখিল ধরামণ্ডলের স্থিতি ও মর্য্যাদা-পালনার্থ স্বীয় তনয় প্রিয়ব্রতকে রাজসিংহাসনে অভিষিক্ত করিলেন এবং দুস্তর বিষয়-জলধির একান্ত আশ্রয়রূপ গৃহ ও ভোগবাসনা পরিত্যাগ করিয়া, সংসার-সঙ্গ হইতে বিরত হইলেন ॥২২

আভাস

প্রেরণ করিলেন বলিয়া নিজে মনে মনে অতীব অপ্রতিভ হইলেন। এবং নিজকৃত অপরাধ জন্য ক্ষুণ্ণ হইয়া, মনে মনে পরম পুরুষ ভগবান্‌কে স্মরণ করত স্বকীয় সত্যলোকে প্রস্থান করিলেন ॥ ২১ ॥

পুত্রকে রাজ্যে অভিষিক্ত করিয়া স্বয়ং বনগমন করিবেন, এইরূপ মনুর অভিপ্রায় ছিল; কিন্তু নিজের চেষ্টায় তাহা নিষ্ফল হইলেও ব্রহ্মার যত্নেই তাহা সুসিদ্ধ হইল দেখিয়া, ভগবান্ মনু পুত্রকে রাজ্যে অভিষিক্ত করত স্বয়ং বাসনাজাল ছেদন করিয়া অরণ্যে যাত্রা করিলেন ॥ ২২ ॥

ভাবেন পরিরন্ধিতকষায়াশয়োঽবদাতোঽপি মানবর্দ্ধনো মহতাং মহীতলমনুশশাস। অথহ দুহিতরং প্রজাপতে বিশ্বকর্ম্মণ উপযেমে বর্হিষ্মতীং নাম ॥ ২৩

তস্যামুহ বাব আত্মজানাত্মসমানশীলগুণকর্ম্মরূপবীর্য্যোদারান্ দশ ভাবয়াম্বভূব। কন্যাঞ্চ যবীয়সীমূর্জ্জস্বতীং নাম ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

ভগবতঃ আদিপুরুষস্য, যৎ অঙ্ঘ্রিযুগলং, তস্য অনবরতং নিরন্তরং, ধ্যানং তস্য অনুভাবেন পরিরন্ধিতকষায়ঃ দগ্ধরাগাদিমলঃ, আশয়ঃ অন্তঃকরণং যস্য সঃ অতএব অবদাতঃ শুদ্ধঃ, অপি মহতাং ব্রহ্মাদীনাং মানবর্দ্ধনঃ সম্মানকর্ত্তা সন্ মহীতলং অনুশশাস পালয়ামাস। অথহ রাজ্যাঙ্গীকারানন্তরং, প্রজাপতেঃ বিশ্বকর্ম্মণঃ, বর্হিষ্মতীং নাম দুহিতরং কন্যাং, উপযেমে ব্যূঢ়বান্ ॥ ২৩ ॥

তস্যাং ভার্য্যায়াং চ ইতি বিস্ময়ে হ প্রসিদ্ধমেতৎ, বাব ইতি নাত্র সন্দেহঃ, আত্মনা সমানৈঃ (শীলং স্বভাবঃ গুণাঃ শৌর্য্যাদয়ঃ, রূপং সৌন্দর্য্যং, বীর্য্যং পরাভিভবসামর্থ্যং, শৌর্য্যং রণমধ্যে স্বগৃহ ইব প্রবেশসামর্থ্যং, ঔদার্য্যং বদান্যতা) তৈঃ, উদারান্ মহতঃ, দশ আত্মজান্ পুত্রান্, তথা যবীয়সীং কনিষ্ঠাং, ঊর্জ্জস্বতীং নাম কন্যাং চ ভাবয়াম্বভূব উৎপাদয়ামাস ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

নিবেশিতঃ প্রাপিতঃ কর্ম্মাধিকারো যস্য অখিলস্য জগতো বন্ধধ্বংসনপরোঽনুভাবো যস্য তস্য যদঙ্ঘ্রিযুগলং তস্যানবরতং ধ্যানং তদনুভাবেন পরিরন্ধিতকষায়ো দগ্ধরাগাদিমল আশয়ো যস্য অতোঽবদাতঃ শুদ্ধোঽপি মহতাং ব্রহ্মাদীনাং আজ্ঞাপালনেন মানবর্দ্ধনঃ ॥ ২৩ ॥

উ ইতি বিস্ময়ে। হ ইতি প্রসিদ্ধৌ। বাবেতি নিশ্চয়ে। আত্মনা সমানৈঃ শীলাদিভিঃ উদারান্ মহতো দশ পুত্রান্ জনয়াম স ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রকটপ্রভাবো যস্য তস্য পরিরন্ধিতকষায়ো দগ্ধরাগাদিমলঃ আশয়ো যস্য সঃ। অতএবাবদাতঃ পরমশুদ্ধোঽপি মহতাং ব্রহ্মাদীনাং আজ্ঞাপালনেন মানমাদরং বর্দ্ধয়তীতি সঃ ॥ ২৩ ॥

নিখিল জীবের ভববন্ধন-মোচনকারী আদিপুরুষ ভগবান্ শ্রীহরির চরণযুগলের নিরন্তর চিন্তনে জগতীপতি প্রিয়ব্রতের হৃদয়-মল নিঃশেষে নিবারিত হওয়ায় যদিও তিনি নিতান্ত নির্ম্মল ও শান্ত ভাব ধারণ করিয়াছিলেন বটে, তথাপি ব্রহ্মাদি মাননীয় শ্রেষ্ঠ ব্যক্তিগণের অনুরোধে কেবল তাঁহাদিগের সম্মান রক্ষা করিবার উপলক্ষেই মাত্র এবং ঈশ্বরের অভিপ্রায় অনুসারেই ধরণীতল অনুশাসনে অগ্রসর হইলেন। এবং রাজসিংহাসনে আরূঢ় হইয়া, প্রজাপতি বিশ্বকর্ম্মার দুহিতা বর্হিষ্মতীকে পত্নীত্বে গ্রহণ করিলেন ॥ ২৩ ॥

অহো! এতাদৃশ বৈরাগ্যবান্ হইয়াও কর্ম্মের অনুরোধে সেই মহামনা

আগ্নীধ্রেধ্মজিহ্ব যজ্ঞবাহু মহাবীর হিরণ্যরেতো ঘৃতপৃষ্ঠ সবন মেধাতিথি-বীতিহোত্র কবয় ইতি সর্ব্ব এবাগ্নিনামানঃ। এতেষাং কবির্মহাবীর-সবন ইতি ত্রয় আসন্নূর্দ্ধরেতসঃ ।। ২৫ ।।

ত আত্মবিদ্যায়ামর্ভভাবাদারভ্য কৃতপরিচয়াঃ পারমহংস্যমেবাশ্রমমভজন্ ।। ২৬

অন্বয়ঃ।

তান্ পুত্রান্ নির্দ্দিশতি আগ্নীধ্রঃ ইধ্মজিহ্বঃ যজ্ঞবাহুঃ মহাবীরঃ হিরণ্যরেতাঃ ঘৃতপৃষ্ঠঃ, সবনঃ, মেধাতিথিঃ, বীতিহোত্রঃ কবিঃ চ ইতি সর্ব্বে অগ্নীনাং নামানি যেষাং তে। এতেষাং পুত্রাণাং মধ্যে কবিঃ মহাবীরঃ সবনঃ ইতি ত্রয়ঃ পুত্রাঃ ঊর্দ্ধরেতসঃ অকৃতবিবাহাঃ জিতেন্দ্রিয়াঃ, আসন্ ॥ ২৫ ॥

যতঃ তে অর্ভভাবাৎ বাল্যাদারভ্য আত্মবিদ্যায়াং এব কৃতপরিচয়াঃ কৃতাভ্যাসাঃ অতঃ পারমহংস্যং এব আশ্রমং অভজন্ স্বীকৃতবন্তঃ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

তানাহ আগ্নীধ্র ইধ্মজিহ্বঃ যজ্ঞবাহুঃ মহাবীরঃ হিরণ্যরেতা ঘৃতপৃষ্ঠঃ সবনঃ মেধাতিথি-বীতিহোত্রঃ কবিশ্চেতি অগ্নীনাং নামানি যেষাং তে ॥ ২৫ ॥

অর্ভভাবাৎ বাল্যাদারভ্য ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

শীলাদিভিরুদারান ভাবয়াম্বভূব উৎপাদয়ামাস ॥ ২৪—২৬ ॥

স্বীয় ভার্য্যা বর্হিষ্মতীর গর্ভে আপনার সদৃশ রূপ গুণ সৌন্দর্য্য বীর্য্য শৌর্য্য এবং ঔদার্য্যাদিবিশিষ্ট দশটী পুত্র এবং ইহাঁদের সকলের কনিষ্ঠা ঊর্জ্জস্বতী নামে একটী কন্যা উৎপাদন করিলেন।। ২৪ ॥

প্রিয়ব্রতের দশটী পুত্র; তাঁহারা আগ্নীধ্র, ইধ্মজিহ্ব, যজ্ঞবাহু, মহাবীর, হিরণ্যরেতা, ঘৃতপৃষ্ঠ, সবন, মেধাতিথি, বীতিহোত্র এবং কবিনামে জ্যেষ্ঠানুক্রমে অভিহিত হইলেন। এই পুত্রগণের মধ্যে কবি, মহাবীর এবং সবন নামে পুত্রত্রয় ঊর্দ্ধরেতা ও জিতেন্দ্রিয় হইয়াছিলেন।। ২৫ ॥

নিতান্ত শৈশবকাল হইতে আত্মবিদ্যার অনুশীলনে বিশেষ পারদর্শী হইয়া, উক্ত পুত্রত্রয় পারমহংস্য আশ্রমই স্বীকার করিলেন।। ২৬।।

পরমহংসের আশ্রমে অবস্থান পূর্ব্বক সেই উপশমশীল পুত্র তিনটী নিখিল জীবের আবাসস্থল ও ভবভীত জনগণের আশ্রয়প্রদ ভগবান্ বাসু-দেবের চরণকমলের নিরন্তর চিন্তনে লব্ধ অনুপমা ও অচলা ভক্তির প্রভাবে অন্তর্হৃদয়ে বিশেষ শান্তি লাভ করিলেন এবং দেহাদিতে অভিমান ও বিষয়ের মমতা বিসর্জ্জনে হৃদয়াকাশে আত্মস্বরূপের অভেদে সর্ব্বান্তর্যামী পরমাত্ম-

তস্মিন্নু হ বা উপশমশীলাঃ পরমঋষয়ঃ সকলজীবনিকায়াবাসস্য ভগবতো বাসুদেবস্য ভীতানাং শরণভূতস্য শ্রীমচ্চরণারবিন্দাবিরতস্মরণাবিগলিত-পরম-ভক্তিযোগানুভাবেন পরিভাবিতান্তর্হৃদয়াধিগতে ভগবতি সর্ব্বেষাং ভূতানামাত্ম-ভূতে প্রত্যগাত্মন্যেবাত্মনস্তাদাত্ম্যমবিশেষেণ সমীয়ুঃ। অন্যস্যামপি জায়ায়াং ত্রয়ঃ পুত্রা আসন্। উত্তম স্তামসো রৈবত ইতি মন্বন্তরাধিপতয়ঃ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

উ অপি, হ হেতৌ, বৈ নিশ্চয়েন, তস্মিন্ পারমহংস্যাশ্রমেঽপি তে উপশমশীলাঃ পরম-ঋষয়ঃ সকলজীবনিকায়াঃ আবসন্ত্যস্মিন্ ইতি তথা তস্য অতএব সংসারাদ্ভীতানাং শরণভূতস্য রক্ষকস্য, ভগবতঃ বাসুদেবস্য (বসন্ত্যস্মিন্ ইতি বাসুঃ স এব দিব্যতি বিশ্বসর্গাদিনা ক্রীড়তি ইতি দেবঃ ইতি তস্য শ্রীমচ্চরণারবিন্দয়োঃ অবিরতং নিরন্তরং স্মরণেন অবিগলিতঃ অখণ্ডিতঃ যঃ পরমঃ ভক্তিযোগঃ তস্য অনুভাবেন পরিভাবিতে সংশোধিতে অন্তর্হৃদয়ে অধিগতঃ প্রতীতঃ যঃ ভগবান্ তস্মিন্ সর্ব্বেষাং ভূতানাং আত্মভূতে প্রত্যগাত্মনি স্বস্বরূপে, আত্মতাদাত্ম্যং (আত্মনঃ স্বস্য তাদাত্ম্যং ঐক্যং এব অবিশেষেণ দেহাদ্যহন্তামমতানিরাসেন, সমীয়ুঃ প্রাপুঃ। প্রিয়-ব্রতস্য অন্যস্যাং অপি ভার্য্যায়াং উত্তমঃ তামসঃ রৈবতঃ চ ত্রয়ঃ পুত্রাঃ আসন্ জাতাঃ। তে চ ক্রমেণ মন্বন্তরাধিপতয়ঃ মনবঃ বভূবুঃ ইতি ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

তস্মিন্ পারমহংস্যাশ্রমে শ্রীমচ্চরণারবিন্দয়োরবিরতস্মরণেন অবিগলিতঃ অখণ্ডিতো যঃ পরমো ভক্তিযোগ স্তস্যানুভাবেন বিশোধিতান্তঃকরণে প্রতীতো যো ভগবান্ তস্মিন্ আত্মনস্ত্বংপদার্থস্য তাদাত্ম্যং অবিশেষেণ বিশেষো দেহাদ্যুপাধি স্তদপোহেন প্রাপুঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মিন্নু হ বৈ পারমহংস্যাশ্রমএব অবিগলিতো নিশ্চলো যঃ পরমভক্তিযোগঃ তস্যানু-ভাবেন প্রভাবেন পরিশোধিতং যদন্তর্হৃদয়ং তত্রাধিগতঃ প্রতীতো যো ভগবান্ তস্মিন্ আত্মনস্ত্বংপদার্থস্য তাদাত্ম্যং লয়ং অবিশেষেণ বিশেষো দেহাদ্যুপাধিকৃতপৃথগ্‌ভাব স্তদ-পোহেন ॥ ২৭ ॥

ভাবের উপলব্ধি করিতে লাগিলেন। নিত্যনিরঞ্জন ভগবান্ অচ্যুত অবিচলিত-ভাবে তাঁহাদের হৃদয়-মন্দিরে আত্ম-প্রকাশ করত নিত্যানন্দের উপচয় করিলেন ॥

প্রিয়ব্রতের অন্য একটী ভার্য্যার গর্ব্ভে উত্তম, তামস ও রৈবত নামে যে তিনটী পুত্র জন্ম পরিগ্রহ করিয়াছিলেন, তাঁহারা ক্রমান্বয়ে মনু হইয়া

আভাস।

প্রিয়ব্রত ভগবানের নিতান্ত ভক্ত ও ধার্ম্মিক ব্যক্তি; বিষয়সম্ভোগে তাঁহার কোনরূপ আসক্তি না থাকিলেও, কেবল ব্রহ্মাদির সম্মানরক্ষা করিবার জন্যই তিনি পুনরায় রাজ্যপালন ও বনিতা-

এবমুপশমায়নেষু স্বতনয়েষ্বথ জগতীপতি র্জগতীমর্ব্বুদান্যেকাদশ পরিবৎসরাণামব্যাহতাখিলপুরুষকার-সারসংভৃতদোর্দণ্ডযুগলাপীড়িতমৌর্ব্বীগুণ-

অন্বয়ঃ।

এবং উক্তপ্রকারেণ স্বতনয়েষু কব্যাদিষু ত্রিষু উপশমায়নেষু সন্ন্যাসাশ্রমেষু গতেষু, অথ তদনন্তরং জগতীপতিঃ পৃথিবীপালঃ, প্রিয়ব্রতঃ পরিবৎসরাণাং বর্ষাণাং, একাদশার্ব্বুদানি তাবৎ কালং পর্য্যন্তং জগতীং পৃথিবীং অব্যাহতাঃ অখিলাঃ পুরুষাকারাঃ পৌরুষাণি যস্মাৎ তেন সারেণ বলেন সম্ভৃতৌ দোর্দ্দণ্ডৌ ভুজদণ্ডৌ তয়োঃ যং যুগলং তেন আপীড়িতঃ আকৃষ্টঃ যঃ মৌর্ব্বীগুণঃ ধনুষঃ প্রত্যঞ্চা, তস্য স্তনিতেন যুদ্ধং বিনৈব টঙ্কারমাত্রেণ, বিরমিতাঃ নিরস্তাঃ,

শ্রীধরস্বামী।

উপশমাশ্রয়েষু তেষু সংসু দশকোটিভিরেকমর্ব্বুদং তাদৃশানি বর্ষাণাং একাদশার্ব্বুদানি জগতীং বুভুজে ইত্যন্বয়ঃ। রাজ্ঞোধর্ম্মপালনবিষয়ভোগপ্রভাবৈ র্ভাব্যং তত্রানায়াসেনৈব ধর্ম্মপালনমাহ অব্যাহতা অখিলাঃ পুরুষকারাঃ পৌরুষাণি যস্মাৎ তেন সারেণ বলেন সংভৃতৌ পূর্ণৌ দোর্দণ্ডৌ তয়োর্যুগলং তেনাপীড়িতঃ আকৃষ্টো যো মৌর্ব্বীগুণস্তস্তনিতং টঙ্কারঃ তেনৈব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপশমাশ্রয়েষু সংসু দশকোটিভিরেকমর্ব্বুদমিতি শ্রীস্বামিচরণাঃ। অর্ব্বুদং কোটি-পর্য্যায়মিতি সন্দর্ভঃ। একাদশার্ব্বুদানি পরিবৎসরান্ জগতীং বুভুজে ইত্যন্বয়ঃ। রাজ্ঞাং খলু যশঃসু প্রতাপবিষয়ভোগপ্রভাবেষ্বাবশ্যকেষু মধ্যে প্রথমং তস্য প্রতাপাতিশয়ং বর্ণয়তি। অব্যাহতাঃ অখিলাঃ পুরুষকারাঃ পৌরুষাণি যস্মাত্তেন সারেণ বলেন সংভৃতং পূর্ণং যদ্দোর্দণ্ড-যুগলং তেন আপীড়িতঃ আকৃষ্টো মৌর্ব্বীগুণ স্তস্য স্তনিতং টঙ্কারঃ তেনৈব যুদ্ধং বিনৈব বিরমিতা নিরস্তা ধর্ম্মপ্রতিপক্ষা শত্রবো যেন সঃ। ভোগাতিশয়ং বর্ণয়তি বর্হিষ্মত্যাঃ স্বভার্য্যায়া অনুদিনমেধমানৈঃ প্রমোদাদিভিঃ পরাভূয়মানাববেক ইব তত্র প্রমোদ আয়ান্তং পতিং

মন্বন্তরের অধিপতি হইয়াছিলেন ॥ ২৭ ॥

কবি প্রভৃতি পুত্রত্রয় এই প্রকার সন্ন্যাস অবলম্বনে গৃহস্থাশ্রম পরিত্যাগ করিলে, পৃথিবীপতি প্রিয়ব্রত দোর্দ্দণ্ড ভুজদণ্ডের অসীম প্রভাবে প্রকাশিত বল, বিক্রম ও সাহসের গুণে শরাসনের বিস্ফুরণ মাত্রেই ধর্ম্মপ্রতিপক্ষ দুঃশীলগণের নিবারণে এবং পতিপরায়ণা স্বকীয় ভার্য্যা বর্হিষ্মতীর উত্তরোত্তর

আভাস।

সম্ভোগাদি বিষয়াসক্তিতে নিরত হইয়াছিলেন। কিন্তু তাহাতেও তাঁহার ঈশ্বর-চিন্তনের কোন-রূপ ব্যাঘাত ঘটে নাই। কারণ তিনি কখন কেবল নিজের বুদ্ধিমত্তা বা জ্ঞানবিচারের উপর নির্ভর দিতেন না। তাহা হইলে সাধারণ জীবের ন্যায়, উভয় পক্ষ হইতেই তিনি বিভ্রষ্ট হইয়া পড়িতেন। প্রচণ্ড বিষয়বৈরাগ্যের শীর্ষস্থানে দণ্ডায়মান থাকিয়াও, গুরুতর রাজ্যভার এবং ভীষণ কুহক-মিশ্রিত বনিতা-বিলাসাদি বিষয়-সম্বন্ধের চরম সীমা পর্য্যন্ত পর্য্যটন করা এক সময়ে

স্তনিত-বিরমিত-ধর্ম্ম-প্রতিপক্ষো বর্হিষ্মত্যাশ্চানুদিনমেধমান-মোদ-প্রসরণ-যৌষণ্য-ব্রীড়া-প্রমুষিত-হাসাবলোক-রুচির-ক্ষ্বেল্যাদিভিঃ পরাভূয়মান-বিবেক-ইবানববুধ্যমান ইব মহামনা বুভুজে ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

ধর্ম্মপ্রতিপক্ষাঃ যেন সঃ, তথা বর্হিষ্মত্যাঃ স্বভার্য্যায়াঃ, চ অনুদিনং এব এধমানৈঃ প্রমোদাদিভিঃ (প্রমোদঃ পতিং দৃষ্ট্বা হর্ষঃ, প্রসরণং অভিগমনং, যৌষণ্যং যোষিৎস্বভাবকৃতং শৃঙ্গারানুভাব-প্রকাশনং, ততঃ ব্রীড়য়া প্রমুষিতাঃ সঙ্কোচিতা হাসাবলোকাঃ রুচিরাঃ ক্ষ্বেল্যাদয়ঃ পরিহাস-বাক্যানীতি তৈঃ) পরাভূয়মানবিবেকঃ ইব (অতএব বিষয়াসক্ত্যা আত্মানং) অনববুধ্যমানং ইব সঃ মহামনাঃ হর্ষিতমনাঃ বুভুজে ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

যুদ্ধং বিনা বিরমিতা নিরস্তা ধর্ম্মপ্রতিপক্ষা যেন ভোগাতিশয়মাহ বর্হিষ্মত্যা ভার্য্যায়া অনু-দিনমেধমানৈঃ প্রমোদাদিভিঃ পরাভূয়মানবিবেক ইব অতএব বিষয়াসক্ত্যা আত্মানং অনব-বুধ্যমান ইব বুভুজে তত্র প্রমোদঃ পতিং দৃষ্ট্বা হর্ষঃ। ততঃ প্রসরণং অভ্যুত্থানাদি লীলা। ততো যৌষণ্য যোষিৎস্বভাবকৃতং শৃঙ্গারানুভাবপ্রকাশনং ততো ব্রীড়য়া প্রমুষিতাঃ সঙ্কোচিতা হাসাবলোকাঃ ততো রুচিরক্ষ্বেল্যাদয়ঃ পরিহাসবাক্যাদীনি তৈঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৃষ্ট্বা হর্ষঃ। ততঃ প্রসরণমভ্যুত্থান-স্বাঙ্গাবরণ-বিবর্ত্তন-স্থানান্তর-গমনাদি। ততো যৌষণ্যং যোষিৎস্বাভাবিকধর্ম্মোঽপাঙ্গচালন-নাসামুখোন্নমনকর্ণ-কণ্ডূয়নাদি স্বয়ং দৃত্যং। ততঃ পত্যুরৌৎসুক্যমালক্ষ্য ব্রীড়য়া প্রমুষিতাঃ সঙ্কোচিতা হাসাবলোকা স্ততো রুচিরাঃ ক্ষ্বেল্যাদয়ঃ পরিহাসবাক্যাদীনি তৈঃ। অতএব বিষয়াসক্ত্যা আত্মানমনববুধ্যমান ইব অত্র ইব দ্বয়েন তস্য বিবেকজ্ঞানয়োঃ সংপূর্ণয়োরক্ষুণ্ণয়োরপি বৈষয়িকলোকৈর্দুর্গমত্বং ব্যঞ্জিতং তত্র হেতুর্মহামনাঃ বিষয়াসক্তিতদভাবয়ো র্যৌগপদ্যেন সম্ভাবাদ্দুস্তর্ক মনস্তত্ত্ব ইত্যর্থঃ ॥ ২৮ ॥

পরিবর্দ্ধিত প্রমোদ, পতির প্রতি আসক্তি, নারীজনোচিত শৃঙ্গারানুভাবের পরিচয়, অথচ সঙ্কোচপূর্ব্বক হাস্য, অবলোকন এবং পরিহাসাদি বাক্যের নিরন্তর সংস্রবে আত্মজ্ঞান বিস্মৃত হইয়া, নিতান্ত হৃষ্টান্তঃকরণে একাদশ অর্ব্বুদ সম্বৎসর কাল অব্যাহত-গতি-সহকারে পৃথিবী পালন করিতে লাগিলেন ॥ ২৮ ॥

আভাস।

এক জন ব্যক্তির পক্ষে সম্পূর্ণ অসম্ভব হইলেও পরম ভক্তের পক্ষে যে সুগম হয়, তাহাই প্রিয়ব্রত-চরিতে বর্ণিত হইয়াছে। তিনি জ্ঞানালোচন বা বৈরাগ্যের অনুষ্ঠানকেও অভিমানের পরিচয় বলিয়া মনে করিতেন; সুতরাং জ্ঞানানুষ্ঠান বা সংসারভোগ যেটীকে যখন ভগবান্ প্রদান করিবেন, তাহাই অক্ষুণ্ণচিত্তে ও নিরভিমানে তিনি ভগবচ্চরণে মতি স্থির রাখিয়া ভোগ করিবেন,

যাবদবভাবয়তি সুরগিরিমনুপরিক্রমন্ ভগবানাদিত্যো বসুধাতলমৰ্দ্ধেনৈব প্রতপত্যর্দ্ধেনাচ্ছাদয়তি তদাহি ভগবদুপাসনোপচিতাতিপুরুষপ্রভাব-

অন্বয়ঃ।

সুরগিরিং মেরুং অনুপরিক্রমন্ প্রদক্ষিণীকুর্ব্বন্ ভগবান্ আদিত্যঃ সূর্য্যঃ যাবৎ (লোকালোকাচলপর্য্যন্তং) বসুধাতলং অবভাবয়তি তস্মিন্ অর্দ্ধেন উপলক্ষিতং প্রতপতি প্রকাশয়তি, তথা অৰ্দ্ধেন আচ্ছাদয়তি তমসা আবৃতং করোতি, তদা তং অন্ধকারাবরণং, অনভিনন্দন্ অরোচয়ন্, ভগবদুপাসনেন উপচিতঃ অতিপুরুষঃ পুরুষানতিক্রান্তঃ প্রভাবঃ যস্য সঃ প্রিয়ব্রতঃ রজনীং অপি দিনং করিষ্যামি ইত্যভিপ্রায়েণ জবেন (সূর্য্যরথবেগবতা) জ্যোতির্ম্ময়েন রথেন দ্বিতীয়ঃ

শ্রীধরস্বামী।

প্রভাবাতিশয়মাহ। যাবদ্বসুধাতলং লোকালোকপর্য্যন্তং অবভাসয়তি মেরুং প্রদক্ষিণীকুর্ব্বন্ আদিত্য স্তস্মিন্নৰ্দ্ধেনৈব উপলক্ষিতং প্রতপতি প্রকাশয়তি অৰ্দ্ধেনাচ্ছাদয়তি তমসা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

• প্রভাবাতিশয়ং বর্ণয়তি। যাবদ্বসুধাতলং লোকালোকপর্য্যন্তং আদিত্যোহবভাসয়তি মেরুং প্রদক্ষিণীকুর্ব্বন্ তত্র অৰ্দ্ধেন অৰ্দ্ধাবৰ্ত্তেন প্রতপতি প্রকাশয়তীতি দিবা ভবতি অৰ্দ্ধেন অপরার্দ্ধবর্ত্তেন আচ্ছাদয়তীতি তমসা রাত্রির্ভবতি তদাহি প্রিয়ব্রত রাজ্যাধিকার সময়। ইত্যর্থঃ। ভগবদুপাসনেন উপচিতঃ অতিপুরুষঃ পুরুষানতিক্রান্তঃ প্রভাবো যস্য সঃ তদনভিনন্দন্ অৰ্দ্ধেনাচ্ছাদনমপ্রশংসন্। তরণিং অনুলক্ষীকৃত্য তরণেরস্তাচলাবরোহসময়ে স্বয়মুদয়াচলমারোহন্নিত্যর্থঃ। পতঙ্গঃ সূর্য্যঃ পর্য্যক্রামং পরিক্রান্তবান্। প্রজাভ্যঃ সুখদানেচ্ছয়ৈব নতু সূর্য্যস্পৰ্দ্ধয়া। তেন জ্যৈষ্ঠাদিমাসেষু প্রিয়ব্রতাখ্যসূর্য্যস্য চন্দ্রাদপ্যতিশীতলত্বং মার্গ-

সুরগিরি মেরুপর্ব্বতকে প্রদক্ষিণ করত ভগবান্ দিবাকর লোকালোক এবং অচলাদিবিশিষ্ট বসুধাতলকে অবভাসিত করত যখন গমন করিতেছিলেন, তখন তাঁহার উপস্থিতিতে কোন সময়ে বসুধার অৰ্দ্ধেক স্থান আলোক-পূর্ণ হইয়া দিবা হয় এবং সেই সময়ে তদ্বিপরীত অংশ অন্ধকারে আবৃত থাকে দেখিয়া, প্রিয়ব্রতের হৃদয় পরিতৃপ্ত হইল না। তিনি ভগবানের উপাসনা করায় নিতান্ত প্রতাপবান্ ও ঔজ্জ্বল্যবিশিষ্ট হইয়াছিলেন; সুতরাং রজনীকেও দিবা করিবার অভিপ্রায়ে সূর্য্যরথের ন্যায় তুল্যগতিবিশিষ্ট জ্যোতির্ম্ময় অপর এক খানি রথে আরোহণ পূর্ব্বক দিনমণির পশ্চাৎ পশ্চাৎ দ্বিতীয় দিবাকরের ন্যায় যখন ক্রমান্বয়ে সপ্তবার মেরুগিরিকে প্রদক্ষিণ করিলেন॥

আভাস।

ইহাই তাঁহার হৃদয়ের পরিণত ভাব। বিবেকাভিমান ভক্তির নিকট তুচ্ছ হইয়া গেল। লৌকিক-দৃষ্টিতে তিনি ঘোর বিষয়ী এবং আত্মজ্ঞান-বিহীনের ন্যায় পরিচিত হইলেও, বিবেকীর সমীপে সম্পূর্ণ অনাসক্ত পরম ভাগবত বলিয়াই পরিজ্ঞাত ছিলেন॥ ২৭॥ ২৮॥

দ্দনভিনন্দন্ সমজবেন রথেন জ্যোতির্ম্ময়েন রজনীমপি দিনং করিষ্যামীতি সপ্তকৃত্ব স্তরণিমনুপর্য্যক্রামং দ্বিতীয় ইব পতঙ্গঃ। এবং কুর্ব্বাণং প্রিয়ব্রতমাগত্য চতুরানন স্তবাধিকারোঽয়ং ন ভবতীতি নিবারয়ামাস॥ ২৯॥
যে বা উহ তদ্রথচরণনেমিকৃতাঃ পরিখাতাস্তে সপ্ত সপ্ত সিন্ধব আসন্॥ ৩০॥

অন্বয়ঃ।

পতঙ্গঃ সূর্য্যঃ ইব সপ্তকৃত্বঃ সপ্তবারান্ তরণিং অনু সূর্য্যস্য পৃষ্ঠতঃ পর্য্যক্রামং মেরুং প্রদক্ষিণীকৃতবান্ ইত্যন্বয়ঃ॥ ২৯॥

যে বা উহ তৎ তস্য প্রিয়ব্রতস্য রথচরণনেমিকৃতাঃ সপ্ত পরিখাতাঃ গর্ত্তাঃ, তে সপ্ত সিন্ধবঃ আসন্॥ ৩০॥

শ্রীধরস্বামী।

আবৃণোতি তদা দ্বিতীয়ঃ পতঙ্গঃ সূর্য্য ইব পর্য্যক্রামং। নচেদমসম্ভাবিতং যতো ভগবদুপাসনেনোপচিতঃ অতিপুরুষঃ পুরুষানতিক্রান্তঃ প্রভাবো যস্য॥ ২৯॥

যে বৈ উহ অতিপ্রসিদ্ধা স্তস্য রথচক্রাগ্রকৃতাঃ পরিখাতা গর্ত্তাঃ॥ ৩০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শীর্ষাদি মাসেষুতু সূর্য্যাদপি প্রাতঃ সায়ংকালয়োরৌজ্জ্বল্যমধিকমিতি জ্ঞেয়ং। এবঞ্চ প্রিয়ব্রতস্য সৌভর্য্যাদেরিব যোগবলেনৈব রাজত্বসূর্য্যত্বে কায়দ্বৈতেনৈব জ্ঞেয়ে॥ ২৯॥

যে বৈ উহ অতি প্রসিদ্ধাস্তস্য রথচক্রাগ্রকৃতাঃ পরিখাতা গর্ত্তা অত্র সমুদ্রাণাং সপ্ত সংখ্যাত্বাদ্রথা অপি সপ্তৈব স্বযোগবলকল্পিতা একচক্রাঃ সূর্য্যরথাদপ্যুচ্চতরাঃ। মণ্ডলাবৃত্তিরীত্যা ভ্রাম্যমাণা জ্ঞেয়াঃ। তত্রচ বহির্বহির্ম্মণ্ডলানামধিকপ্রমাণত্বাদ্রথা অপি ক্রমেণাধিকপ্রমাণা অবগম্যন্তে ইতি সন্দর্ভঃ। মদীয়ো দূরস্থোঽপি রথ আর্য্যাবর্ত্তগতমদীয়রাজধানীস্থপ্রজানাং দৃষ্টিগোচরীভবত্বিতীচ্ছয়া পূর্ব্বপূর্ব্বরথাদ্দ্বিগুণোচ্চতা বিশালতাক উত্তরোত্তরো রথঃ কৃত ইত্যন্যে প্রাহুঃ। অতএব রথচক্রাগ্রাণামধিকাধিকপ্রমানত্বাত্তত্তৎপরিখাতাঃ

সুতরাং সূর্য্যের অদর্শনে রজনীর উপস্থিতিকালও প্রিয়ব্রতের আগমনে দিবারূপে প্রতিপন্ন হওয়ায়, কমলাসন ব্রহ্মা প্রিয়ব্রতের সন্নিধানে উপনীত হইলেন এবং এরূপ কার্য্যে তাঁহার অধিকার নাই বলিয়া, তাঁহাকে মেরু-প্রদক্ষিণ করা কার্য্য হইতে নিবারণ করিলেন॥ ২৯॥

এইরূপ প্রদক্ষিণ করিবার সময়, প্রিয়ব্রতের রথচক্রের নেমির পীড়নে যে সাতটী গর্ত্ত হইয়াছিল, তাহা সপ্ত সমুদ্রে পরিণত হইল॥ ৩০॥

আভাস।

মেরুকে প্রদক্ষিণ করত সূর্য্যদেব পৃথিবীর যে যে স্থান অবভাসিত করিয়াছিলেন, সেই সকল স্থানেই প্রিয়ব্রত রাজ্য করিতেন। কিন্তু সূর্য্যের অভিমুখে পৃথিবীতে দিবা, বিপরীত ভাবে রাত্রি অবলোকন করিয়া, মহীপতি প্রিয়ব্রত মনে মনে কিছু ক্ষুণ্ণ হইলেন এবং প্রজাবর্গের রাত্রিজনিত

যত এব কৃতাঃ সপ্তভুবো দ্বীপা জম্বু প্লক্ষ শাল্মলি কুশ ক্রৌঞ্চ শাক পুষ্কর সংজ্ঞাঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

যতঃ যৈঃ এব সিন্ধুভিঃ সপ্তভিঃ পরিখাভূতৈঃ ভুবঃ সপ্তদ্বীপাঃ। তে জম্বুঃ প্লক্ষঃ শাল্মলিঃ কুশঃ ক্রৌঞ্চঃ শাকঃ পুষ্করঃ ইতি সংজ্ঞাঃ যেষাং তে তথা আসন্ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

যতঃ যৈরেব কৃতাঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমুদ্রা অপ্যধিকপ্রমাণা দৃশ্যন্তে। তেষু চোত্তরোত্তরাধিকপ্রমাণেষু সপ্তসু রথেষু মধ্যে পঞ্চবিংশত্যা দিনৈঃ সার্দ্ধপঞ্চচত্বারিংশদ্ঘটিকাধিকৈকরথস্যারোহণমেবং সূর্য্যস্যেব দক্ষিণায়নস্যোপক্রমমারভ্য প্রিয়ব্রতস্যোত্তরদেশতো দক্ষিণদেশগমনং পৌষপর্য্যন্তং পুনরুত্তরায়ণস্যোপক্রমমারভ্য পরিসমাপ্তিপর্য্যন্তং তাবৎ সঙ্খ্যকদিনৈ ব্যুৎক্রমেণ পুনরপি তত্তদ্রথারোহণং। এবং দক্ষিণদেশত উত্তরদেশগমনমাষাঢ়পর্য্যন্তং কিন্তু স্বগত্যা মেরুং বামাবর্ত্তেনৈব পরিক্রামতোঽপি সূর্য্যস্য জ্যোতিশ্চক্রাধীনেরেব প্রদক্ষিণীকৃত্য ক্রমেণ শীঘ্রগমনৈর্দক্ষিণায়নে দিনানি মাসি মাসি হ্রসন্তি উত্তরায়ণেতু ক্রমেণ মন্দগমনৈর্দিনানি বর্দ্ধন্তে প্রিয়ব্রতস্যতু সূর্য্যকৃতরাত্রিলোপার্থং স্বেচ্ছয়ৈব মেরুং প্রদক্ষিণীকৃত্য পরিক্রামতঃ স্বেচ্ছয়ৈব মন্দীকৃতৈর্গমনৈরুত্তরায়ণে দিনানি বর্দ্ধন্তে দক্ষিণায়নেতু স্বেচ্ছাধীনয়া শীঘ্রগত্যা দিনানি হ্রসন্তীতি জ্ঞেয়ং। রথানাং যোগপ্রভাবত্বাদ্যথা সময়ং প্রাকট্যাপ্রাকট্যে চ জ্ঞেয়ে। তেষাং সপ্তসংখ্যত্বেনৈব সপ্ত কৃত্ব ইতি পূর্ব্বমুক্তং জ্ঞেয়ং ব্যাখ্যেয়ং সপ্তদিনানন্তরং প্রিয়ব্রতস্য স্বয়ং নিবৃত্ত্যনৌচিত্যাদন্যেন কেনাপ্যনিবর্ত্তনশ্রবণাচ্চ নাসমঞ্জসা ॥ ৩০ ॥

যতো যেভ্যঃ সিন্ধুভ্যএব হেতুভ্যঃ ॥ ৩১ ॥

সেই সপ্ত সমুদ্রের পরিবেষ্টনে সাতটী দ্বীপ প্রস্তুত হইল, যে গুলি জম্বু, প্লক্ষ, শাল্মলি, কুশ, ক্রৌঞ্চ, শাক ও পুষ্কর নামে পরে অভিহিত হইয়াছে ॥৩১

আভাস।

অন্ধকার-দুঃখকে নিবারণ করিবার অভিপ্রায়ে নিজেও সূর্য্যের ন্যায় তুল্যজ্যোতির্ম্ময় রথে আরোহণ পূর্ব্বক দিবাকরের অনুপস্থিতি নিবন্ধন অন্ধকারের নিবারণে নিরন্তর দিবার উদয়েই ভাস্করের পশ্চাৎ পশ্চাৎ প্রিয়ব্রত ভ্রমণ করিতে লাগিলেন। তাঁহার এই অনুপম সামর্থ্য কেবল ভগবদ্ভজনের গুণেই জন্মিয়াছিল। তিনি যোগবলে নিজের দেহকে দুইভাগে বিভক্ত করিয়া, এক দেহে রাজত্ব করিতেন এবং অপর দেহে দিবাকরের কার্য্য করিতেন। সূর্য্যের ন্যায় তাঁহার রথ একচক্র হইলেও একত্র সাতখানি রথ সমসূত্রে পার্শ্ববর্ত্তীরূপে পরিভ্রমণ করিত। অর্থাৎ তিনি মধ্যরথে আরূঢ় থাকিলে, তাঁহার উভয় পার্শ্বে তত্তুল্য তিনখানি করিয়া জ্যোতিরথ নিরন্তর পরিভ্রমণ করিতেছিল। এবং উক্ত সপ্ত রথের চক্রনেমির আঘাতে ধরণীতলে সাতটী সমুদ্র

তেষাং পরিমাণং পূর্ব্বস্মাৎ পূর্ব্বস্মাদুত্তরোত্তরো যথাসংখ্যং দ্বিগুণমানেন বহিঃ সমন্তত উপকল্প্তাঃ ॥ ৩২ ॥

ক্ষারোদেক্ষুরসোদ সুরোদ-ঘৃতোদ ক্ষীরোদ দধিমণ্ডোদ শুদ্ধোদাঃ সপ্ত-জলধয়ঃ। সপ্তদ্বীপপরিখা ইবাভ্যন্তর দ্বীপ সমানা একৈকশ্যেন যথানুপূর্ব্বং সপ্তস্বপি বহির্দ্বীপেষু পৃথক্ পৃথক্ পরিত উপকল্পিতাঃ। তেষু পুন জম্ব্বাদিষু

অন্বয়ঃ।

তেষাং দ্বীপানাং পরিমাণং (পূর্ব্বস্য যৎ মানং বিস্তারঃ ততঃ ততঃ) উত্তরঃ উত্তরঃ যথাসংখ্যং দ্বিগুণেন মানেন যুক্তঃ ইতি সমুদ্রেভ্যঃ বহিঃ সমন্ততঃ উপকল্প্তাঃ উপরচিতাঃ ॥ ৩২ ॥

ক্ষারঃ উদঃ উদকং যস্মিন্ সঃ ক্ষারোদঃ, ইক্ষুরসঃ এব উদঃ যস্মিন্ সঃ ইক্ষুরসোদঃ, সুরা এব উদঃ যস্মিন্ স সুরোদঃ, ঘৃতং এব উদঃ যস্মিন্ সঃ ঘৃতোদঃ, ক্ষীরমেব উদঃ যস্মিন্ স ক্ষীরোদঃ, দধিমণ্ডো মথিতং দধি তদেব উদঃ যস্মিন্ সঃ দধিমণ্ডোদঃ, শুদ্ধঃ উদঃ যস্মিন্ সঃ শুদ্ধোদঃ ; এতে সপ্তজলধয়ঃ সপ্তদ্বীপানাং পরিখাঃ ইব যথানুপূর্ব্বং সপ্তস্বপি দ্বীপেষু একৈকশ্যেন অভ্যন্তরে তৈঃ

শ্রীধরস্বামী।

তেষাং পরিমাণং শৃণ্বিতি শেষঃ। পূর্ব্বস্য যদ্বিস্তারমানং উত্তরস্ততো দ্বিগুণেন বিস্তার-মানেন ইত্যেবং সিন্ধুভ্যো বহিঃ সমন্তত উপকল্প্তা রচিতাঃ ॥ ৩২ ॥

যথা সিন্ধুভ্যো বহিরেকৈকশো দ্বীপাঃ। এবং দ্বীপানামপি বহিঃ সিন্ধবঃ ইত্যাহ ক্ষারো-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরিমাণং শৃণ্বিতি শেষঃ। দ্বিগুণবিস্তারমানেন একৈকস্মাৎ সিন্ধোর্বহিঃ সমন্ততঃ চতসৃষ্বেব দিক্ষু ॥ ৩২ ॥

যথৈবৈকৈকশঃ সিন্ধো র্বহিরেকৈকো দ্বীপস্তথৈকৈকস্মাদ্দ্বীপাদ্বহিরেকৈকঃ সিন্ধুরিত্যাহ ক্ষারোদেতি। দধিমণ্ডোমথিতং দধি অভ্যন্তরে বর্ত্তমানা যে দ্বীপাস্তৈঃ সমানা বিস্তারত এব

এই সকল দ্বীপের আয়তন পূর্ব্ব পূর্ব্ব অপেক্ষা উত্তরোত্তর দ্বিগুণ এবং সমুদ্রের বহির্ভাগে সর্ব্বতঃ বিস্তৃত। ৩২।

সমুদ্র সমূহের বহির্ভাগে যেমন দ্বীপ, ঐরূপ দ্বীপের চতুর্দ্দিকে সমুদ্র পরি-ব্যাপ্ত আছে। সকল সমুদ্রের সহিত সকলেরই সংস্রব আছে। কিন্তু উদকের আস্বাদ-পার্থক্যে সকলগুলির নামের পার্থক্য হইয়াছে। যে সমুদ্রের জল অতীব লবণাক্ত, তাহা লবণসমুদ্র নামে অভিহিত ; একটীর জল

আভাস।

প্রস্তুত হইল। উত্তরায়ণ কালে সূর্য্য যখন উত্তর প্রান্তে অবস্থান করিতেন, প্রিয়ব্রত তখন দক্ষিণ প্রান্তে ভ্রমণ করিতেন। এইরূপ সপ্তাহ কাল পরিভ্রমণে প্রিয়ব্রত যখন নৈসর্গিক ক্রিয়ার প্রতিবন্ধক উৎপাদন করিলেন, তখন ব্রহ্মা স্বয়ং তৎসমীপে আগমন করত, তাদৃশ পরিভ্রমণ ব্যাপার হইতে তাঁহাকে প্রতিনিবৃত্ত করাইলেন ॥ ৩০ ॥

বর্হিষ্মতীপতিরনুব্রতানাত্মজানাগ্নীধ্রেধ্মজিহ্ব যজ্ঞবাহু হিরণ্যরেতো ঘৃতপৃষ্ঠ মেধাতিথি বীতিহোত্রসংজ্ঞান্ যথাসংখ্যেনৈকৈকস্মিন্নেকমেকমেবাধিপতিং বিদধে। দুহিতরঞ্চোর্জ্জস্বতীং নাম উশনসে প্রাযচ্ছৎ যস্যামাসীদ্দেবযানী নাম কাব্যসুতা ॥ ৩৩॥

অন্বয়ঃ।

সংবেষ্টিতাঃ যে দ্বীপাঃ তৈঃ বিস্তারতঃ সমানাঃ পৃথক্ পৃথক্ অসঙ্কীর্ণাঃ বহিঃ বহিঃ পরিতঃ উপকল্পিতাঃ রচিতাঃ। তেষু জম্ব্বাদিষু দ্বীপেষু বর্হিষ্মতীপতিঃ প্রিয়ব্রতঃ অনুব্রতান্ আজ্ঞানুসারিণঃ, আত্মজান্ পুত্রান্ আগ্নীধ্রাদীন্ তত্তৎসংজ্ঞান্ সপ্ত যথাসংখ্যেন যথোক্তক্রমেণ, একৈকস্মিন্ দ্বীপে একৈকং এব অধিপতিং বিদধে। উর্জ্জস্বতীং নাম দুহিতরং কন্যাং উশনসে শুক্রায় প্রাযচ্ছৎ; যস্যাং দেবযানী নাম কাব্যসুতা (কাব্যস্য শুক্রস্য সুতা কন্যা) আসীৎ॥ ৩৩॥

শ্রীধরস্বামী।

দধীতি দধিমণ্ডোমথিতং দধি এতে সপ্ত জলধয়ঃ সপ্তদ্বীপানাং পরিখা ইব অভ্যন্তরে তৈঃ সম্বেষ্টিতা যে দ্বীপাস্তৈঃ সমানা বিস্তারতঃ বহির্ন্তঃ পৃথক্ অসংকীর্ণতয়া॥ ৩৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একৈকশ্যেনেতি একস্মাদেকস্মাদ্বহিরেকৈকঃ সিন্ধুরিত্যেবং সপ্তস্বপি দ্বীপেষু যথানুপূর্ব্বমানুপূর্ব্বেণ পৃথগসংকীর্ণতয়া বহির্বহিরেব নান্তঃ॥ ৩৩॥

ইক্ষুরসের ন্যায় স্বাদযুক্ত বলিয়া তাহাকে ইক্ষুরসোদ নামে অভিহিত করা যায়। অপরটী সুরাসদৃশ জলবিশিষ্ট হওয়ায় সুরোদনামে এবং অন্যটী ঘৃতের ন্যায় জলবিশিষ্ট বলিয়া, ঘৃতোদনামে এবং একটী ক্ষীরসদৃশ হওয়া ক্ষীরোদ নামে সঙ্গিত হইয়াছে। মথিত দধির ন্যায় জলবিশিষ্ট হওয়ায় একটী সমুদ্র দধিমণ্ডোদ এবং কেবল একটী সমুদ্র বিশুদ্ধ জলের ন্যায় সলিলবিশিষ্ট থাকায়, শুদ্ধোদ নামে শব্দিত হইয়াছে। জম্বু প্রভৃতি পূর্ব্বোক্ত সপ্ত দ্বীপে বর্হিষ্মতীপতি প্রিয়ব্রত স্বীয় আজ্ঞানুবর্ত্তী আগ্নীধ্র প্রভৃতি সাতটী প্রিয় পুত্রকে এই জম্বু প্রভৃতি সপ্ত দ্বীপের এক একটীতে এক একজন অধিপতিরূপে নির্ণয় করিলেন। উর্জ্জস্বতী নাম্নী যে দুহিতা ছিলেন, দৈত্যাচার্য্য শুক্রের সহিত তাঁহার বিবাহ দিলেন। এই উর্জ্জস্বতীর গর্ভে শুক্রাচার্য্যের যে কন্যা জন্ম গ্রহণ করেন, তাঁহার নাম দেবযানি॥ ৩৩॥

অহো! ভগবানের চরণধূলির প্রসাদে যাঁহার পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও মন এই ষড়্বর্গ সম্পূর্ণ বিজিত হইয়াছে, তাদৃশ বিচিত্রবীর্য্য ভগবানের পরম ভক্ত ব্যক্তিগণের পক্ষে এতাদৃশ দ্বীপ ও সমুদ্রাদির রচনা-সামর্থ্যরূপ পুরুষকারের পরিচয় দেওয়া কিছু বিশেষ আশ্চর্য্যের বিষয় নহে। কারণ অতি

নৈবংবিধঃ পুরুষকার উরুক্রমস্য পুংসাং তদঙ্ঘ্রিরজসাজিতষড়্গুণানাং।
চিত্রং বিদূরবিগতঃ সকৃদাদদীত যন্নামধেয়মধুনা স জহাতি বন্ধং॥ ৩৪॥
স এবমপরিমিতবলপরাক্রম একদাতু দেবর্ষিচরণানুশয়নানুপতিত-গুণ-বিসর্গ

অন্বয়ঃ।

অহো! তদঙ্ঘ্রিরজসাজিতষড়্গুণানাং (তস্য ভগবতঃ অঙ্ঘ্রিরজসা জিতাঃ ষড়্গুণাঃ পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণি একং মনশ্চ যৈঃ তেষাং) উরুক্রমস্য বিচিত্রলীলয়া বহুধা ক্রীড়তঃ, ভগবতঃ পুংসাং ভক্তানাং, এবংবিধঃ পুরুষাকারঃ দ্বীপসমুদ্রাদিরচনসামর্থ্যং ন চিত্রং আশ্চর্য্যং; যতঃ বিদূরবিগতঃ নীচযোনিং গতঃ অপি কশ্চিৎ যস্য ভগবতঃ নামধেয়ং সকৃৎ একদাপি, আদদীত গৃহ্নীয়াৎ উচ্চারয়েৎ, সঃ অধুনা তৎক্ষণমেব, বন্ধং সংসারহেতুং, জহাতি॥ ৩৪॥

এবং অপরিমিত-বল-পরাক্রমোঽপি সঃ প্রিয়ব্রতঃ দেবর্ষিচরণয়োঃ অনুশয়নং উপসত্তিঃ, শরণগমনেন বিদ্যাগ্রহণং, তদনুপতিতঃ সঃ গুণবিসর্গঃ রাজ্যাদিপ্রপঞ্চঃ তস্য সংসর্গেণ আত্মানং

শ্রীধরস্বামী।

জিতাঃ ষড়্গুণা ইন্দ্রিয়াণি ষড়ূর্ম্ময়ো বা যৈস্তেষামেবংবিধঃ পুরুষকার ইতি ন চিত্রং নাসম্ভাবিতং। বিদূরবিগতঃ অন্ত্যজোঽপি যস্য উরুবিক্রমস্য নাম সকৃদুচ্চারয়েদ্যঃ সোঽধুনা তৎক্ষণমেব বন্ধং সংসারং তত্ত্বমিতি পাঠেঽপি অয়মেবার্থঃ। তত্ত্বমিতি পাঠে চণ্ডালত্বং জহাতি শুদ্ধো ভবতীত্যর্থঃ॥ ৩৪॥

তস্য পরাক্রমমুপসংহরন্নিবৃত্তিক্রমমাহ স এবমিতি। দেবর্ষিচরণয়োরনুশয়নমুপ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবংবিধঃ পুরুষকারঃ পৌরুষঃ প্রভাবো ন চিত্রং। তদঙ্ঘ্রিরজসেতি রজসাপি যৈর্দুর্জয়ানি ষড়িন্দ্রিয়াণি জীয়ন্তে ইতি বিরোধঃ। যতো বিদূরবিগতোঽন্ত্যজোঽপি অধুনা নামোচ্চারণক্ষণএব বন্ধং। তন্বং তত্ত্বমিতি ত্রয় এব স্বামিসম্মতাঃ পাঠাস্তত্র বন্ধং কর্ম্মবন্ধং। তন্বং তনুং। তৎক্ষণএব তনুত্যাগাদর্শনাৎ তদারম্ভকং কর্ম্মেতি প্রারব্ধকর্ম্মক্ষয় উক্তঃ। তত্ত্বং মহদাদিপৃথিব্যন্তং স্থূলসূক্ষ্মদেহাবিত্যর্থঃ। তদাপি তদ্দেহস্থিতি র্নাম এবাচিন্ত্য-প্রভাবত্বাদিতি জ্ঞেয়ং গত্যন্তরাভাবাৎ॥ ৩৪॥

ভোগপ্রভাবমুপসংহরং স্তস্য বৈরাগ্যপ্রভাবমাহ সএবমিতি দেবর্ষিচরণয়োরনুশয়নানি

নিকৃষ্ট যোনিতে জন্মগ্রহণ করিয়াও যদি কোন জীব ভগবানের নাম মাত্র গ্রহণ বা গুণ কীর্ত্তন একবারও করিয়া থাকে, একবারও তাহার কণ্ঠ হইতে সেই মহিমার্ণবের নাম উচ্চারিত হইয়া থাকে, তাহা হইলে সেই মুহূর্ত্তেই সেই জীব সংসার-বন্ধন ছেদনে উন্নতির পথে অগ্রসর হইতে থাকে॥ ৩৪॥

অহো! প্রিয়ব্রত তাদৃশ বিপুল পরাক্রমের পরাকাষ্ঠা লাভ করিয়াও সন্তুষ্ট হইলেন না। তিনি দেবর্ষি নারদের চরণ-প্রসাদে লব্ধ আত্মবিদ্যার প্রতিবন্ধকরূপ রাজ্যাদি বিপুল ঐশ্বর্য্যের সংস্রবে আপনাকে আনন্দহীন

সংসর্গেণানির্বৃতমিবাত্মানং মন্যমান আত্মনির্ব্বেদ ইদমাহ।। ৩৫ ।।

অহো অসাধ্বনুষ্ঠিতং যদভিনিবেশিতোঽহমিন্দ্রিয়ৈরবিদ্যারচিতবিষম-বিষয়ান্ধকূপে তদলমলমমুষ্যা বনিতায়া বিনোদমৃগং মাং ধিগ্ধিগিতি গর্হয়াঞ্চ-কার ।। ৩৬ ।।

অন্বয়ঃ।

অনির্বৃতং অনানন্দিতং ইব মন্যমানঃ অতঃ আত্মনি মনসি, নির্ব্বেদঃ যস্য তথাবিধঃ সন্ একদা ইদং আহ ॥ ৩৫ ॥

অহো আশ্চর্য্যং ! বিবেকিনাপি ময়া অসাধু অনুষ্ঠিতং ! যৎ যস্মাৎ অবিদ্যয়া রচিতাঃ বিষমাঃ দুঃখাদিবিষয়াঃ যস্মিন্ তস্মিন্ অন্ধকূপে গৃহে ইন্দ্রিয়ৈঃ অহং অভিনিবেশিতঃ। তৎ তস্মাৎ অলং অলং বিষয়ভোগৈঃ ; অমুষ্যাঃ বনিতায়াঃ, বিনোদমৃগং বানরতুল্যং, মাং ধিক্ ধিক্ ইতি আত্মানং গর্হয়াঞ্চকার নিন্দিতবান্ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

সম্ভিস্তদনুপতিতো যো গুণবিসর্গো রাজ্যাদি প্রপঞ্চ স্তৎসংসর্গেণ আত্মনি মনসি নির্ব্বেদো যস্য ॥ ৩৫ ॥

ময়া সাধ্বনুষ্ঠিতং যদ্যতোঽভিনিবেশিতঃ তত্তোঽলমলং বিষয়ৈর্বিনোদমৃগং মর্কটং ॥ ৩৬

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুরুত্বেন দণ্ডবৎপ্রণামাস্তাননুপতিত এব গুণবিসর্গো রাজ্যাদি প্রপঞ্চ স্তৎসংসর্গেণ অনির্বৃতং ইবেতি। যদ্যপি রাজ্যেঽপ্যনাসক্ত্যৈবাত্মনির্বৃতিরাসীত্তদপীত্যর্থঃ ॥ ৩৫ ॥

বিনোদমৃগং মর্কটং ॥ ৩৬ ॥

ও অকৃতার্থের ন্যায় বিবেচনা করত, এক দিবস আক্ষেপ করত মনে মনে এইরূপ বলিয়াছিলেন ।। ৩৫ ।।

অহো ! আমি নিষ্ঠাবান্ ও বিবেকসম্পন্ন হইয়াও কিরূপ গর্হিত কর্ম্মের অনুষ্ঠান করিয়াছি ! কারণ সম্পূর্ণ অজ্ঞানরূপা অবিদ্যার দ্বারা রচিত এই বিষম দুঃখসঙ্কুল অন্ধকূপ-সদৃশ ভীষণ গৃহস্থাশ্রমে প্রবিষ্ট হইয়া, ইন্দ্রিয়বর্গের দ্বারাই নিরন্তর পরিচালিত হইতেছি। অতএব আর আমার বিষয়সম্ভোগে প্রয়োজন নাই ! যথেষ্ট হইয়াছে ! আমি বনিতার বিলাস-পুত্তলি বানর সাজিয়াছি ! আমাকে ধিক্ ! এই প্রকার দোষ প্রদর্শনে ও তাহার কীর্ত্তনে প্রিয়ব্রত আপনার নিন্দা করিতে লাগিলেন ।। ৩৬ ।।

পরমদেবতা ভগবানের প্রসাদে প্রিয়ব্রতের আত্মসন্দর্শন হইয়াছিল। সুতরাং বিষয়াসক্তি তাঁহার হৃদয় হইতে সম্পূর্ণ বিলুপ্ত হইয়া, ভগবানের লীলা-স্মরণই যে উৎকৃষ্ট পুরুষার্থ-সিদ্ধি, তাহাই তাঁহার হৃদয়ে গ্রথিত হইল। তিনি

পরদেবতাপ্রসাদাধিগতাত্মপ্রত্যবমর্শেনানুপ্রবৃত্তেভ্যঃ স্বপুত্রেভ্য ইমাং যথাদায়ং বিভজ্য ভুক্তভোগাঞ্চ মহিষীং মৃতকমিব সহ মহাবিভূতিমপহায় স্বয়ং নিহিতনির্ব্বেদো হৃদি গৃহীত-হরিবিহারানুভাবো ভগবতো নারদস্য পদবীং পুনরেবানুসসার ॥ ৩৭ ॥

তস্য হ বা এতে শ্লোকাঃ ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

তথা অনুপ্রবৃত্তেভ্যঃ আজ্ঞানুসারিভ্যঃ স্বপুত্রেভ্যঃ ইমাং পৃথ্বীং যথাদায়ং যথাযোগ্যং, বিভাগেন দত্ত্বা মহাবিভূতিং সহ ভুক্তভোগাং (ভুক্তো ভোগঃ যস্যাঃ তাং) মহিষীং ভার্য্যাং, চ মৃতকং শবদেহং, ইব অপহায় পরিত্যজ্য, পরদেবতা ভগবান্ তস্য প্রসাদেন অধিগতঃ প্রাপ্তঃ যঃ আত্মপ্রত্যবমর্শঃ আত্মসাক্ষাৎকারঃ, তেন হৃদি নিহিতঃ স্থিতঃ, নির্ব্বেদঃ বিষয়বৈতৃষ্ণ্যং যস্য সঃ অতএব গৃহীতঃ নিশ্চিতঃ হরিবিহারানুভাবঃ (ভগবল্লীলানুস্মরণেনৈব পরমপুরুষার্থসিদ্ধিঃ) যেন সঃ প্রিয়ব্রতঃ স্বয়ং ভগবতঃ নারদস্য, পদবীং তদুপদিষ্টমার্গং, এব পুনঃ অনুসসার, (ভগবদ্ভজনমেব নিরন্তরং কৃতবান্) ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

পরদেবতায়াঃ হরেঃ প্রসাদেন অধিগতঃ প্রাপ্তো যঃ আত্মপ্রত্যবমর্শো বিবেকস্তেন নারদস্য পদবীং তদুপদিষ্টমার্গমেব পুনরনুসসার ইত্যন্বয়ঃ কিং কৃত্বা অনুগতেভ্যঃ পুত্রেভ্য ইমাং পৃথ্বীং বিভজ্য ভুক্তো ভোগো যস্যাস্তাঞ্চ। মহাবিভূতিঃ সাম্রাজ্যসম্পৎ তৎসহিতাং মহিষীং মৃতশরীরমিব পরিত্যজ্য তত্র হেতুঃ হৃদি নিহিতো নির্ব্বেদো যেন হৃদীত্যস্য উত্তরত্রাপ্যন্বয়ঃ। হৃদি গৃহীত শ্চিন্তিতো হরিবিহার স্তেনানুভাব স্ত্যাগসামর্থ্যং যস্য ॥ ৩৭ ॥

তস্য মহিমোপনিবন্ধন শ্লোকাঃ পূর্ব্বসিদ্ধাঃ কথ্যন্তে যথা বেদে তদপ্যেষ শ্লোকো-ভবতীতি ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরদেবতায়া হরেঃ প্রসাদেনাধিগতঃ প্রাপ্তো য আত্মপ্রত্যবমর্শো বিবেক স্তেন নারদস্য পদবীং তদুপদিষ্টমার্গমেব পুনরনুসসারেত্যন্বয়ঃ কিং কৃত্বা অনুপ্রবৃত্তেভ্যঃ অনুগতেভ্যঃ। ইত্যাদি হৃদি গৃহীতো যো হরে র্বিহারো লীলাবিলাস স্তেনানুভাবা অশ্রুপুলকাদয়ো যস্য সঃ ॥ ৩৭ ॥

শ্লোকাঃ পূর্ব্বসিদ্ধা এব কথ্যন্তে ॥ ৩৮ ॥

আজ্ঞাবাহী স্বীয় পুত্রগণের মধ্যে সমগ্র ধরণীকে যথাযোগ্য বিভাগে প্রদান করিয়া, রাজ্যলক্ষ্মী সহ প্রণয়িনী বনিতাকেও মৃততুল্য শবদেহের ন্যায় নিঃসম্পর্কে পরিত্যাগ করিলেন এবং দেবর্ষি নারদের উপদেশ-পথের অনু-সরণে নিরন্তর ভগবদ্ভজনেই কালাতিপাত করিতে লাগিলেন ॥ ৩৭ ॥

প্রিয়ব্রতের মহিমার পরিচয়ে কয়েকটী শ্লোকও এস্থলে বর্ণিত আছে ॥৩৮॥

প্রিয়ব্রত কর্ত্তৃক যে যে কর্ম্মের সম্পাদন করা হইয়াছিল, এক ভগবানু

প্রিয়ব্রতকৃতং কর্ম্ম কোনু কুর্য্যাদ্বিনেশ্বরং।
যো নেমিনিম্নৈরকরোচ্ছায়াং ঘ্নন্ সপ্ত বারিধীন্॥ ৩৯॥
ভূসংস্থানকৃতং যেন সরিদ্গিরিবনাদিভিঃ।
সীমাচ ভূতনির্ব্বৃত্যৈ দ্বীপে দ্বীপে বিভাগশঃ॥ ৪০॥
ভৌমং দিব্যং মানুষঞ্চ মহিত্বং যোগকর্ম্মজং।

অন্বয়ঃ।

প্রিয়ব্রতেন কৃতং কর্ম্ম ঈশ্বরং বিনা কঃ নু অনুকুর্য্যাৎ; যঃ ছায়াং ঘ্নন্ তমো নিরস্যন্, রজনীং বিলোপয়ন্ রথচক্রস্য নেমিনিম্নৈঃ সপ্তবারিধীন্ অকরোৎ॥ ৩৯॥

যেন প্রিয়ব্রতেন, ভূতনির্ব্বৃত্যৈ ভূতানাং প্রাণিনাং সুখলাভায়, ভূসংস্থানং তথা দ্বীপে দ্বীপে বিভাগশঃ সরিদ্গিরিবনাদিভিঃ সীমা মর্য্যাদা চ কৃতাঃ॥ ৪০॥

পুরুষানুজনাঃ ভগবদ্ভক্তাঃ নারদাদয়ঃ তেষাং প্রিয়ঃ যঃ চ ভৌমং পাতালভবং, দিব্যং স্বর্গভবং, মানুষং মনুষ্যলোকভবং চ কর্ম্মযোগজং কর্ম্মানুষ্ঠানজং মহিত্বং ঐশ্বর্য্যং (বন্ধহেতুত্বাৎ) নিরয়োপম্যং

শ্রীধরস্বামী।

কোনু কো নাম কুর্য্যাৎ ছায়াং ঘ্নন্ তমো নিরস্যন্॥ ৩৯॥

ভূসংস্থানং দ্বীপৈঃ কৃতং সরিদ্গিরিবনাদিভিঃ সীমাচ যেন কৃতা ভূতানাং নির্ব্বৃত্যৈ সুখায় অবিবাদায়॥ ৪০॥

ভৌমং পাতালজং; দিব্যং স্বর্গজং; মানুষং মর্ত্ত্যলোকজং; মহিত্বং বৈভবং যো নিরয়তুল্যং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ছায়াং রাত্রিং॥ ৩৯॥

ভুবঃ সংস্থানং দ্বীপৈঃ কৃতং সরিদাদিভিঃ সীমাচ ভূতানাং জনপদগ্রামাদ্যধিপতীনাং নির্ব্বৃত্যৈ নির্ব্বিবাদসুখায়॥ ৪০॥

ভৌমং পাতালজং দিব্যং স্বর্গজং মানুষং মত্যলোকজং মহিত্বং বৈভবং॥ ৪১॥

॥ *॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চমে প্রথমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ *॥

ব্যতীত অন্য কেহই তাহার অনুকরণ করিতে পারেন না। কারণ তিনি আবরণরূপ অন্ধকারের নিরসনে, রজনীর বিনিময়ে কেবল দিবসেরই আনয়ন করিয়াছিলেন। তাঁহার রথচক্রের নেমির আঘাতে সাতটী সমুদ্র প্রস্তুত হইয়াছে॥ ৩৯॥

প্রাণিগণের প্রতি সুখপ্রদানের অভিপ্রায়ে তিনি ধরণীকে বিবিধ ভাগে বিভক্ত করিয়াছেন এবং দ্বীপ বিভাগের অনুসারে নদী, গিরি, সমুদ্র ও বনাদির দ্বারা তাহার সীমারও নিরূপণ করিয়াছেন॥ ৪০॥

পরমপুরুষ ভগবানের পরম ভক্ত নারদাদি শ্রেষ্ঠ ব্যক্তিগণের প্রিয়পাত্র

বশ্চক্রে নিরয়ৌপম্যং পুরুষানুজনপ্রিয়ঃ ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ভুবন-কোষে প্রিয়ব্রতবিজয়ে প্রথমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

এবং পিতরি সংপ্রবৃত্তে তদনুশাসনে বর্ত্তমান আগ্নীধ্রো জম্বূদ্বীপৌকসঃ প্রজা ঔরসবদ্ধর্ম্মাবেক্ষণঃ পর্য্যগোপায়ং ॥ ১ ॥

অন্বয়ঃ।

নরকতুল্যং চক্রে মেনে ॥ ৪১ ॥

ইতি পঞ্চমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে প্রথমাধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। এবং পূর্ব্বোক্তপ্রকারেণ পিতরি প্রিয়ব্রতে (ভগবদ্ভজনে) সংপ্রবৃত্তে সতি তস্য অনুশাসনে আজ্ঞায়াং, বর্ত্তমানঃ ধর্ম্মাবেক্ষমাণঃ ধর্ম্মং এব অবেক্ষমাণঃ আগ্নীধ্রঃ জম্বূদ্বীপৌকসঃ (জম্বূদ্বীপং ওকঃ বাসস্থানং যাসাং তাঃ) প্রজাঃ ঔরসবৎ পুত্রবৎ পর্য্যগোপায়ং পালয়ামাস ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

মেনে। পুরুষানুজনা বিষ্ণুভক্তাস্তএব প্রিয়া যস্য ইতি ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে প্রথমঃ ॥ * ॥

দ্বিতীয়ে প্রোক্তমাগ্নীধ্রচরিতং স্ত্রৈণসম্মতং।
পত্ন্যাং হি পূর্ব্বচিত্ত্যাং যো নাভিমুখ্যানজীজনৎ ॥
অস্মিন্ বংশে প্রসিদ্ধো য আগ্নীধ্রস্ত্রৈণপুঙ্গবঃ।
বিহসন্নিব তস্যেদং চরিতং মুনিরব্রবীৎ ॥ * ॥

জম্বূদ্বীপ ওকো যাসাং তাঃ প্রজাঃ পুত্রবৎ পালয়ামাস। ধর্ম্মাবেক্ষণ ধর্ম্মমবেক্ষমাণ ইত্যর্থঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বিতীয়ে তপসা প্রাপ্য পূর্ব্বচিত্তিমজিজ্ঞপং ॥ * ॥

আগ্নীধ্রো নিজলাম্পট্যং পুত্রাংশ্চাস্যামজীজনৎ। ধর্ম্মএব অবেক্ষণং যস্য সঃ ॥ ১ ॥

মহারাজ প্রিয়ব্রত পাতাল, স্বর্গ এবং মনুষ্যলোকসম্বন্ধীয় ও কর্ম্মানুষ্ঠান-জনিত যাবদীয় ঐশ্বর্য্যকেই বন্ধের কারণ বলিয়া স্থির করত, নরকতুল্য-জ্ঞানে তৎসমুদায় পরিত্যাগ করিয়াছিলেন ॥ ৪১ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত প্রথম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! এই প্রকারে পিতা প্রিয়ব্রত ঈশ্বরচিন্তায়

আভাস।

দ্বিতীয়াধ্যায়ে আগ্নীধ্রচরিত্র বর্ণিত হইয়াছে ॥

স কদাচিৎ পিতৃলোককামঃ সুরবরবনিতাক্রীড়াচলদ্রোণ্যাং ভগবন্তং বিশ্বসৃজাং পতিমাভৃতপরিচর্য্যোপকরণ আত্মৈকাগ্র্যেণ তপস্বী আরাধয়াম্বভূব ॥ ২ ॥

তদুপলভ্য ভগবানাদিপুরুষঃ সদসি গায়ন্তীং পূর্ব্বচিত্তিং নামাপ্সরসমভিযাপয়ামাস ॥ ৩ ॥

অন্বয়ঃ।

পিতৃলোককামঃ সঃ অগ্নীধ্রঃ (পত্নীলাভার্থং) আভৃতানি সম্পাদিতানি, পরিচর্য্যোপকরণানি পুষ্পাদীনি যেন তথাবিধঃ তপস্বী স্নানাসনপ্রাণায়ামাদিসাধনসম্পন্নঃ সন্ সুরবরবনিতানাং ক্রীড়ালয়স্য মন্দরস্য দ্রোণ্যাং গুহায়াং, স্থিতঃ এব আত্মৈকাগ্র্যেণ ধ্যানাবেশিতচেতসা, বিশ্বসৃজাং পতিং ভগবন্তং ব্রহ্মাণং, আরাধয়াম্বভূব ॥ ২ ॥

তৎ স্ত্রীকামেন আরাধনং, উপলভ্য জ্ঞাত্বা, আদিপুরুষঃ ভগবান্ ব্রহ্মা, স্বস্য সদসি সভায়াং, গায়ন্তীং পূর্ব্বচিত্তিং নাম অপ্সরসং অভিযাপয়ামাস প্রস্থাপয়ামাস ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

পিতৃলোককামঃ পুত্রকামঃ সুরবরাণাং যা বনিতা স্তাসাং আক্রীড়াচলো মন্দরস্তস্য দ্রোণ্যামাভৃতানি সংপাদিতানি পরিচর্য্যোপকরণানি পুষ্পাদীনি যেন ॥ ২ ॥

তদুপলভ্য জ্ঞাত্বা অভিযাপয়ামাস সম্ভোগার্থং প্রস্থাপয়ামাস ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পিতৃলোককামঃ পুত্রকামঃ বিশ্বসৃজাং পতিং ব্রহ্মাণং। আভৃতানি সংপাদিতানি পরিচর্য্যোপকরণানি পুষ্পাদীনি যেন সঃ ॥ ২ ॥ ৩ ॥

নিবিষ্টচিত্ত হইলে, তদীয় আজ্ঞানুবর্ত্তী পুত্র আগ্নীধ্র ধর্ম্মের প্রতি বিশেষ লক্ষ্য রাখিয়া, জম্বুদ্বীপবাসী যাবদীয় প্রজাবর্গকে পুত্রনির্ব্বিশেষে প্রতিপালন করিতে লাগিলেন ॥ ১ ॥

সস্ত্রীক হইয়া ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠান করিতে হয়, এই শাস্ত্রের অনুসরণে পিতৃলোকের উন্নতিকল্পে পুত্র-জননার্থ পত্নীলাভের প্রার্থনায়, তিনি এক দিবস পরিচর্য্যার উপকরণ দ্রব্য পুষ্পাদি সংগ্রহ করত স্নানাদি বৈধ ক্রিয়ার অনুষ্ঠানে তপস্বীর ন্যায় আচরণ করত, অমরবনিতাগণের বিলাসভূমি মন্দরাচলের গুহার অভ্যন্তরে প্রবেশ পূর্ব্বক, একাগ্রচিত্তে বিশ্ববিধাতা ভগবান্ কমলযোনির আরাধনা আরম্ভ করিলেন ॥ ২ ॥

কেবল বনিতালাভের প্রত্যাশায় আগ্নীধ্রের সেই উৎকট আরাধনা, ইহা অবধারণ করিয়া, আদিপুরুষ বিশ্বপতি ব্রহ্মা স্বকীয় সভার গায়িকা পূর্ব্বচিত্তি নাম্নী অপ্সরাকে আহ্বান করিয়া, আগ্নীধ্রের সন্নিধানে প্রেরণ করিলেন ॥ ৩ ॥

সাচ তদাশ্রমোপবনমতিরমণীয়ং বিবিধনিবিড়-বিটপি-বিটপ-নিকর সংশ্লিষ্টপুরট-লতারূঢ়-স্থলবিহঙ্গ-মিথুনৈঃ প্রোচ্যমানশ্রুতিভিঃ প্রতিবোধ্যমান-সলিলকুক্কুট-কারণ্ডব-কলহংসাদিভি র্বিচিত্রমুপকূজিতামলজলাশয়-কমলাকরমুপবভ্রাম ॥ ৪॥

অন্বয়ঃ।

সা পূর্ব্বচিত্তিঃ ততঃ আগত্য তস্য আগ্নীধ্রস্য বিবিধাঃ নিবিড়াঃ যে বিটপিনঃ তেষাং বিটপাঃ শাখাঃ তেষাং নিকরাঃ তৈঃ সংশ্লিষ্টাঃ পুরটলতাঃ স্বর্ণবল্ল্যঃ তাসু আরূঢ়াঃ যে স্থল-বিহঙ্গাঃ ময়ূরাদয়ঃ তেষাং মিথুনৈঃ স্ত্রীপুরুষদ্বন্দ্বৈঃ প্রোচ্যমানাভিঃ উচ্চার্য্যমাণৈঃ শ্রুতিভিঃ ষড়্জাদিস্বরৈঃ প্রতিবোধ্যমানাঃ যে সলিলকুক্কুট-কারণ্ডব-কলহংসাদয়ঃ তৈঃ, বিচিত্রং যথা ভবতি তথা উপকূজিতাঃ নাদিতাঃ যে অমলাঃ জলাশয়াঃ তেষু যানি কমলানি তেষাং আকরং অতিরমণীয়ং আশ্রমোপবনং উপবভ্রাম ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

সাচ তদাশ্রমোপবনমুপবভ্রাম ইত্যন্বয়ঃ। রমণীয়ত্বমেবাহ বিবিধাশ্চ নিবিড়াশ্চ যে বিটপিন-স্তেষাং বিটপাঃ স্কন্ধাস্তেষু নিকটাস্তৈঃ সংশ্লিষ্টাঃ পুরটলতাঃ স্বর্ণবল্ল্যঃ তাসু আরূঢ়াঃ স্থলবিহঙ্গাঃ ময়ূরাদয়ঃ তেষাং মিথুনৈঃ প্রোচ্যমানাভিঃ শ্রুতিভিরুচ্চার্য্যমাণৈঃ ষড়্জাদিস্বরৈঃ প্রতিবোধ্য-মানা যে সলিলকুক্কুটাদয় স্তৈর্বিচিত্রং যথা তথা উপকূজিতা নাদিতা অমলা জলাশয়া স্তেষু কমলানি তেষামাকরমুপবনং ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাচ তদাশ্রমোপবনমুপবভ্রামেত্যন্বয়ঃ বিবিধাশ্চ নিবিড়াশ্চ যে বিটপিন স্তেষু বিটপা স্কন্ধা যাসাং তাসু নিকটস্থপুরটলতাসু আরূঢ়াঃ স্থলবিহঙ্গাঃ কোকিলাদয় স্তেষাং মিথুনৈঃ প্রোচ্য-মানাভিঃ শ্রুতিভিরুচ্চার্য্যমাণৈঃ পঞ্চমাদিস্বরৈঃ প্রতিবুধ্যমানা যে সলিলকুক্কুটাদয়স্তৈ র্বিচিত্রং যথা স্যাত্তথা উপকূজিতা নাদিতা অমলা জলাশয়া বাপ্যাদয়ঃ কমলাকরাঃ কাসারাশ্চ যস্মিং-স্তৎ ॥ ৪ ॥

পূর্ব্বচিত্তি ও ব্রহ্মার নিয়োগানুসারে আগ্নীধ্রের আশ্রম-সন্নিহিত নিবিড় শাখা-প্রশাখাদি-বিশিষ্ট পাদপশ্রেণী-বিরাজিত স্বর্ণবর্ণ লতা ও বল্লীসমূহে পরিশোভিত, তদুপরি ময়ূরাদি স্থলচর পক্ষিকুলের কাকলিতে সমাকীর্ণ, কুক্কুট, কলহংস ও কারণ্ডবাদি জলচর বিহঙ্গগণের মধুর নিনাদে প্রতি-ধ্বনিত, সুশীতল নির্ম্মল জলোপরি উদ্গত বিকচ-কমলে পরিশোভিত প্রশস্ত সরোবর-বিশিষ্ট অতি রমণীয় উপবনের মধ্যে উপস্থিত হইল ॥ ৪ ॥

এবং মৃদুমন্দ চরণবিন্যাসে উপবনের মধ্যে যখন বিচরণ করিতেছিল, তখন প্রতিপদে চরণ-নূপুরের মনোহর খণখণ ধ্বনি রাজপুত্র আগ্নীধ্রের শ্রবণেন্দ্রিয়কে আকর্ষণ করিল। তিনি ধ্যানাবলম্বনে অবস্থিত ঈষৎমুদ্রিত

তস্যাঃ সুললিত-গমন-পদবিন্যাস-গতিবিলাসায়াশ্চানুপদং খণখণায়মান-রুচির-চরণাভরণ-স্বনমুপাকর্ণ্য নরদেবকুমারঃ সমাধিযোগেনামীলিত-নয়ন-নলিন-মুকুল-যুগলমীষদ্বিকচয্য ব্যচষ্ট ॥ ৫ ॥

তামেবাঽবিদূরে মধুকরীমিব সুমনস উপজিঘ্রন্তীং দিবিজ-মনুজ-মনো-নয়নাহ্লাদদুঘৈর্গতি-বিহার-ব্রীড়াবিনয়াবলোক-সুস্বরাক্ষরাবয়বৈর্মনসি নৃণাং

অন্বয়ঃ।

তস্যাঃ সুললিতগমনে যে পদবিন্যাসাঃ তৈঃ গতৌ বিলাসঃ যস্যাং তস্যাঃ চ অনুপদং খণখণায়মানয়োঃ খণখণেতি ধ্বনিং কুর্ব্বতোঃ রুচিরয়োঃ চরণাভরণয়োঃ নূপুরয়োঃ স্বনং শব্দং, আকর্ণ্য নরদেবকুমারঃ আগ্নীধ্রঃ সমাধিযোগেন আমীলিতে নয়নে এব নলিনমুকুলে তয়োঃ যুগলং ঈষৎ বিকচয্য কিঞ্চিৎ উন্মীল্য, ব্যচষ্ট দদর্শ ॥ ৫ ॥

অথ অবিদূরে স্বসমীপে, এব মধুকরীং ভ্রমরীং, ইব সুমনসঃ পুষ্পাণি, উপজিঘ্রন্তীং, দিবিজানাং মনুজানাং চ যানি মনাংসি নয়নানি চ তেষাং আহ্লাদদুঘৈঃ আনন্দজনকৈঃ, গতিঃ গমনং, বিহারঃ ক্রীড়া চ বিনয়পূর্ব্বকঃ অবলোকঃ চ সুস্বরাক্ষরাণি মধুরভাষণানি,

শ্রীধরস্বামী।

সুললিতে গমনে যে পদবিন্যাসা স্তৈর্গতে র্বিলাসো যস্যাঃ। চকারস্তস্যাশ্চেত্যেকবাক্য-ত্বায়। অনুপদং প্রতিপদং খণখণেতি ধ্বনিং কুর্ব্বতো রুচিরস্য চরণাভরণস্য স্বনং আমী-লিতে নয়নে এব নলিনমুকুলে তয়োর্যুগলমীষদ্বিকচয্য কিঞ্চিদুন্মীল্য ব্যচষ্ট দদর্শ ॥ ৫ ॥

তামেব দেবীং মকরধ্বজস্য বশমুপনীতঃ সন্ জড়বদিহ বক্ষ্যমাণান্ দশশ্লোকানুবাচ। জাড্যানুকরণঞ্চ বৈদগ্ধেন তদ্বশীকরণার্থং দিবিজানাং দেবানাং মনুজানাঞ্চ যানি মনাংসি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্যাঃ সুললিতে গমনে যে পদয়ো র্বিন্যাসাস্তৈরেব গতিশ্চেষ্টা বিলাসশ্চ সর্ব্বাঙ্গগতো যস্যাঃ ॥ ৫ ॥

তামেব দেবীং। মকরধ্বজস্য বশমুপনীতঃ সন্ জড়বদিতি বক্ষ্যমাণাং দশশ্লোকীমুবাচ জাড্যানুকরণঞ্চ বৈদগ্ধ্যবিশেষদ্যোতনার্থং বিবরং মনোঽন্তঃপ্রবেশদ্বারং বিদধতীং নিজ-

লোচনদ্বয়ের কিঞ্চিৎ উন্মীলনে যুবতীর প্রতি দৃষ্টিনিক্ষেপ করিলেন ॥ ৫ ॥

এবং কুসুম-সন্নিধানে মধুলুব্ধা ভ্রমরী যেমন গুন্ গুন্ ধ্বনিতে মধুর অনুরোধে পুষ্পকে অনুরুদ্ধ করে, পূর্ব্বচিত্তি সেইরূপ আনন্দজনক স্বকীয় গতি, বিহার, ক্রীড়া, বিনয়াবলোকন, মধুর আলাপন এবং মুখ, কর্ণ ও লোচন-যুগলের অপূর্ব্ব হাব, ভাব ও ভঙ্গি প্রদর্শনে স্বর্গধাম ও ধরাতলস্থ যাবদীয় দেবতা ও মানব-গণের চিত্তবিনোদন পূর্ব্বক যুবকজনের মনোমধ্যে কুসুম-শরাসনধারী কাম-দেবের প্রবেশ-দ্বার প্রশস্ত করিয়া, যেন নিকটে আগমন করিতেছিল। পূর্ব্ব-

কুসুমায়ুধস্য বিদধতীং বিবরং নিজমুখ-বিগলিতামৃতাসব-সহাস-ভাষণামোদ-মদান্ধ-মধুকর-নিকরোপরোধেন দ্রুতপদন্যাসেন বল্গুস্পন্দন-স্তনকলস-কবর-ভাররসনাং দেবীং তদবলোকনেন বিবৃতাবসরস্য ভগবতো মকরধ্বজস্য বশমুপনীতো জড়বদিতি হোবাচ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

অবয়বাঃ মুখকর্ণনেত্রাদয়ঃ চ তৈঃ নৃণাং পুরুষাণাং মনসি কুসুমায়ুধস্য কামস্য, বিবরং প্রবেশ-দ্বারং, বিদধতীং, নিজমুখাং বিগলিতং যং অমৃতং ইব স্বাদু আসবং ইব চ মাদকং সহাসং ভাষণং তস্মিন্ যঃ আমোদঃ নিঃশ্বাসগন্ধঃ তেন মদান্ধাঃ যে মধুকরনিকরাঃ তৈঃ যঃ উপরোধঃ আবরণং, তেন ভয়াং যো দ্রুতঃ শীঘ্রঃ পদবিন্যাসঃ তেন বল্গু মনোহরং, স্পন্দনং কিঞ্চিচ্চলনং স্তনকলসয়োঃ কবরভারে রসনায়াং বস্ত্রে চ যস্যাঃ তাং দেবীং দেদীপ্যমানাং পূর্ব্বচিত্তিং অবলোক্য তদবলোকনেন চ বিবৃতাবসরস্য লব্ধপ্রবেশাবকাশস্য, ভগবতঃ জগদ্বিমোহকস্য, মকরধ্বজস্য কামস্য, বশং উপনীতঃ সন্ জড়বৎ আগ্নীধ্রঃ ইতি হ স্ফুটং উবাচ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

নয়নানিচ তেষাং আহ্লাদহুষৈর্গত্যাদিভির্নৃণাং মনসি কামস্য বিবরং প্রবেশদ্বারং বিদধতীং গতিশ্চ বিহারশ্চ ক্রীড়া বিনয়যুক্তোঽবলোকশ্চ সুস্বরাণ্যক্ষরাণিচ অবয়বাশ্চ নেত্রাদয়ঃ তৈর্নিজমুখাৎ বিগলিতমমৃতমিব স্বাদু আসব ইব মাদকং যৎ সহাসং ভাষণং তস্মিন্নামোদঃ নিশ্বাসগন্ধস্তেন মদান্ধা যে মধুকরনিকরাঃ তৈরুপরোধ আবরণং তেন ভয়াৎ দ্রুতঃ শীঘ্রো যঃ পদন্যাসঃ তেন বল্গু স্পন্দনং কিঞ্চিচ্চলনং স্তনকলসয়োঃ কবরভারে রসনায়াঞ্চ যস্যাস্তাং তস্যা অবলোকনেন বিবৃতাবসরস্য দত্তাবকাশস্য ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুখাদ্বিগলিতমমৃতমিব স্বাদু আসব ইব মাদকং যৎ সহাসং ভাষণং তস্মিন্ সতি য আমোদো গন্ধ স্তেন মদান্ধা মধুকরনিকরাস্তৈরুপরোধ আবরণং তেন ভয়াৎ দ্রুতঃ শীঘ্রো যঃ পদবিন্যাস-স্তেন বল্গু স্পদনং কিঞ্চিচ্চলনং স্তনকলসয়োঃ কবরভারো রসনায়াঞ্চ যস্যা স্তাং ॥ ৬ ॥

চিত্তির মুখনিঃসৃত অমৃতোপম স্বাদু মাদকতুল্য সহাস্য ভাষণ এবং নিঃশ্বাস-বিনির্গত মধুর গন্ধে অন্ধ হইয়া, মধুকরগণ ঝাঁকে ঝাঁকে আগমন করত পাছে তাঁহাকে আবরণ করিয়া ফেলে, এই ভয়েই যেন ভীত হইয়া পূর্ব্বচিত্তি দ্রুতগতি পদবিন্যাসে ইতস্ততঃ বিচরণ করিতেছিল; এবং তাদৃশ গতির দ্রুততা নিবন্ধন মনোহর চরণের বিন্যাসে পীন ও উন্নত কুচযুগল, কবরী এবং নিতম্বদেশ হইতে সূক্ষ্ম বসন যুগল যেন স্খলিত হইতেছিল। অপ্সরার তাদৃশ অপরূপ রূপ ও লাবণ্য দর্শনে আগ্নীধ্র চমৎকৃত হইলেন; এই অবসরে জগদ্বিমোহক মকরধ্বজ কন্দর্প তাঁহার অন্তরে প্রবেশ করিলেন। তিনি

কা ত্বং চিকীর্ষসি চ কিং মুনিবর্য্য শৈলে মায়াসি কাপি ভগবৎ পরদেবতায়াঃ।
বিজ্যে বিভর্ষি ধনুষী সুহৃদাত্মনোঽর্থে কিম্বা মৃগান্ মৃগয়সে বিপিনে প্রমত্তান্ ৭

অন্বয়ঃ।

ত্বং কা কিং নামাসি? হে মুনিবর্য্য! অস্মিন্ শৈলে গিরিবরে, কিং চিকির্ষসি কর্ত্তুমিচ্ছসি? ভগবতঃ পরদেবতায়াঃ পরমেশ্বরস্য কাপি মায়া কিং অসি? হে সুহৃৎ! বিজ্যে জ্যারহিতে, দ্বে ধনুষী বিভর্ষি; তৎ কিং আত্মনঃ অর্থে? কিং বা বিপিনে সংসারাটব্যাং প্রমত্তান্ বিষয়লম্পটান্ মৃগান্ মৃগতুল্যান্ বিবেকহীনান্, অস্মদাদীন্ মৃগয়সে অন্বেষয়সি? ॥ ৭॥

শ্রীধরস্বামী।

কা ত্বং শৈলে গিরাবস্মিন্ কিং চিকীর্ষসি। মুনিবর্য্যেত্যাদি পুংস্ত্বেন সম্বোধনাদি জাড্যানুকারার্থং। নূনং ভগবতঃ পরদেবতাভূতস্য মায়াসি। ভ্রুবাবালক্ষ্যাহ হে সুহৃৎ সখে! বিজ্যে নির্গুণে ধনুষী বিভর্ষি কিমাত্মনোঽর্থে তবৈতাভ্যাং কিং কার্য্যমস্তি কিম্বা প্রমত্তান্ অজিতেন্দ্রিয়ান্ মৃগতুল্যান্ অস্মদাদীন্ মৃগয়সে তান্ বশীকর্ত্তুং ধনুষী ধারয়সীত্যর্থঃ॥ ৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কা ত্বমিত্যুক্ত্বা সসম্ভ্রমমতিবাল্যমারভ্যৈব তপস্যতো মম স্ত্রীপুংবিশেষজ্ঞানং নাস্তীতি দ্যোতয়ন্নাহ হে মুনিবর্য্যেতি। অহমিব ত্বমপি তপোঽর্থমেবাত্র তিষ্ঠসি কিমিতি ভাবঃ। কিঞ্চ ত্বং মুনিবর্য্যো ভূত্বা মুনিং মাং যন্মোহয়স্যত্র কিং কারণমিতি ক্ষণং বিভাব্য আং জ্ঞাতমিত্যাহ। মায়াসীতি ভগবানেব পরদেবতা তস্যাঃ মায়ৈব ত্বং মুনিবর্য্যরূপেণাত্র বর্ত্তসে ইতি ভাবঃ। কিঞ্চ ভ্রুবাবালক্ষ্যাহ বিজ্যে নির্গুণে ধনুষী বিভর্ষি। হে সুহৃৎ সখে! কিমাত্মনোঽর্থে স্বস্য কৃতে। তবৈতাভ্যাং কিং কার্য্যমস্তি। কিং বা মৃগানস্মদাদীনিতি গূঢ়োঽর্থঃ॥ ৭॥

কামাকুলিত-চিত্তে জড়ের ন্যায় বিমোহিত হইয়া, কামিনীকে সম্বোধন পূর্ব্বক বলিলেন—।' ৬॥

হে শোভন! তুমি কে? এবং তোমার নাম কি? এই মুনির আশ্রমে তোমাকে মুনিশ্রেষ্ঠ বলিয়াই আমার জ্ঞান হইতেছে। এই নির্জ্জন গিরিপ্রদেশে তুমি কি অভিপ্রায়ে আগমন করিয়াছ? তোমাকে অবলোকন করিলে, সামান্য মানব বলিয়া ত কিছুতেই ধারণা হইতেছে না। তুমি কি ভূতভাবনের অচিন্ত্য মায়াশক্তির আংশিক বিকাশরূপে আবির্ভূত হইয়াছ? অতএব প্রত্যাশা ব্যতীত জগতের উপকারে অগ্রসর হইয়াছ। অতএব তুমি সুহৃৎ বটে! তোমার লোচনের উপরিভাগে জ্যারহিত ধনুকদ্বয়ই যেন ভ্রূযুগলরূপে শোভা পাইতেছে। এই ধনুর্দ্বয় কি কেবল নিজের শোভা বৃদ্ধির জন্যই ধারণ করিয়াছ! অথবা এই নিবিড় সংসার-কাননে পশুতুল্য বিবেকহীন বিষয়লম্পট আমাদের ন্যায় প্রমত্ত শিকারের অন্বেষণ করিয়াই বেড়াইতেছ?॥ ৭॥

বাণাবিমৌ ভগবতঃ শতপত্রপত্রৌ শান্তাবপুঙ্খরুচিরাবতিতিগ্মদন্তৌ।
কস্মৈ যুযুংক্ষসি বনে বিচরন্ন বিদ্মঃ ক্ষেমায় নো জড়ধিয়াং তব বিক্রমোঽস্তু॥ ৮॥
শিষ্যা ইমে ভগবতঃ পরিতঃ পঠন্তি গায়ন্তি সামসরহস্যমজস্রমীশং।

অন্বয়ঃ।

ভগবতঃ তব ইমৌ শতপত্রে নেত্রকমলে তে এব পত্রাণি পিচ্ছানি যয়োঃ তৌ শান্তৌ মন্থরৌ, অপুঙ্খরুচিরৌ (পুঙ্খাভ্যাং বিনাপি রুচিরৌ) অতিতিগ্মৌ তীক্ষ্ণৌ, দন্তৌ অগ্রভাগৌ যয়োঃ তৌ বাণৌ কস্মৈ যুযুংক্ষসি যোক্তুং ইচ্ছসি? বনে বিচরন্ ইতি ন বিদ্মঃ। তব অয়ং বিক্রমঃ জড়ধিয়াং নঃ অস্মাকং ক্ষেমায় অস্তু॥ ৮॥

ভগবতঃ সর্ব্বজ্ঞস্য তব ইমে শিষ্যাঃ পরিতঃ সর্ব্বতঃ পঠন্তি তথা সরহস্যং মন্ত্রাদিসহিতং,

শ্রীধরস্বামী।

কটাক্ষাবালক্ষ্যাহ বাণাবিমৌ শতপত্রে নেত্রকমলে তেএব পত্রাণি পিচ্ছানি যয়োঃ শান্তৌ বিভ্রমেণ মন্থরৌ। পুঙ্খাভ্যাং বিনাপি রুচিরৌ পত্রতয়া কল্পিতনেত্রাভ্যাং পরভাগস্য পুঙ্খস্থানীয়স্যাভাবাৎ। অতিতিগ্মৌ অতিতীক্ষ্ণৌ দন্তৌ অগ্রভাগৌ যয়োঃ তৌ। কস্মৈ প্রযোক্তুমিচ্ছসি ইতি ন বিদ্মঃ। অতো ভয়াদেতাবৎ প্রার্থয়ামহে তবায়ং বিক্রমোঽস্মাকং ক্ষেমায়াস্তু॥ ৮॥

তদঙ্গপরিমললোভেনানুগচ্ছতো ভ্রমরানালক্ষ্যাহ শিষ্যা ইতি। অজস্রং সততং যুষ্মচ্ছি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কটাক্ষাবালক্ষ্যাহ বাণৌ শতপত্রে নেত্রকমলে এব পত্রে যয়োস্তৌ শান্তৌ বিভ্রমেণ মন্থরৌ পুঙ্খাভ্যাং বিনাপি রুচিরৌ। অতিতিগ্মৌ তীক্ষ্ণৌ দন্তাবগ্রভাগৌ যয়োস্তৌ ক্ষেমায়েতি যদ্যস্মাং প্রতিযোক্ষ্যসে তর্হ্যনয়োর্জ্জ্বালয়া নৈব জীবিষ্যাম ইতি ভাবঃ॥ ৮॥

কমলপত্রের ন্যায় তোমার আয়ত লোচনযুগলের কি অনুপম সামর্থ্য! ইহা অতীব সস্নেহ-দর্শনীয় ও মন্থরগতি। ইহাতে পুঙ্খ না থাকিলেও দেখিতে কি অনুপম! কিন্তু ইহার অগ্রভাগ কি তীব্র! বাণের অপেক্ষা অতি তীব্রবেগে হৃদয়ের মর্ম্মস্থান স্পর্শ করিতেছে। তোমার এই নিশিত শর কাহার উপর নিক্ষেপ করিবার অভিপ্রায়ে তুমি এই বনে বনে বিচরণ করিতেছ? দেখ! যেন তোমার এই তীব্র উদ্যমে আমদের ন্যায় জড়বুদ্ধি মানবের উপকারই সাধিত হয়॥ ৮॥

তোমাকে এক জন সর্ব্বজ্ঞ বলিয়াই আমার উপলব্ধি হইতেছে। কারণ ঐ মধুকরবেশে সমাগত ত্বদীয় শিষ্য ও সেবকসমূহ তোমার উপদেশে মাত্র কতই সামবেদোক্ত মন্ত্রের উচ্চারণে অনন্তদেব ভগবানের অনন্ত মহিমার নিরন্তর গান করিতেছে। ঋষিগণ যেমন বিচিত্র বেদশাখা নিরন্তর উচ্চারণ করেন,

যুষ্মচ্ছিখাবিলুলিতাঃ সুমনোভিবৃষ্টীঃ সর্ব্বে ভজন্ত্বৃষিগণা ইব বেদশাখাঃ ॥ ৯ ॥
বাচং পরং চরণপঞ্জরতিত্তিরীণাং ব্রহ্মন্নরূপমুখরাং শৃণুবাম তুভ্যং।
লব্ধা কদম্বরুচিরঙ্ক-বিটঙ্ক-বিম্বে যস্যামলাতপরিধিঃ ক্ব চ বল্কলং তে ॥ ১০ ॥

অন্বয়ঃ।

ঈশং ভগবৎস্বরূপং, সাম অজস্রং নিরন্তরং, গায়ন্তি। যুষ্মচ্ছিখাতঃ বিলুলিতাঃ বিগলিতাঃ সুমনসাং পুষ্পাণাং অভিতঃ বৃষ্টীঃ, ঋষিগণাঃ যথা বেদশাখাঃ গৃহ্ণন্তি তথা সর্ব্বে ভজন্তি ॥ ৯ ॥

হে ব্রহ্মন্! তুভ্যং তব চরণগতপঞ্জরয়োঃ তিত্তিরীণাং পরং অরূপা অদৃষ্টবক্তৃকা মুখরা অতিপ্রকটা, তাং বাচং, শৃণুবাম শৃণুমঃ। কদম্বকুসুমস্য রুচিঃ দীপ্তিঃ, অঙ্কস্য নিতম্বস্য, বিটঙ্কবিম্বে মনোহরমণ্ডলে ক্ব লব্ধা। যস্যাং রুচ্যাং অলাতপরিধিঃ মণ্ডলাকারোল্মুকবহ্নিঃ বর্ত্ততে। তে তব বল্কলং ক্ব গতং ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

খাতো বিলুলিতা বিগলিতাঃ সুমনসাং অভিতো বৃষ্টী র্গলিতানি কুসুমানি ভজন্তীত্যর্থঃ। শুদ্ধত্বেনোপমা বেদশাখা ইবেতি ॥ ৯ ॥

নূপুরস্বনমাকর্ণ্যাহ বাচমিতি। তুভ্যং তব চরণপঞ্জরয়ো র্নূপুরয়োস্তিত্তিরীণামন্তর্গতরত্নানাং পরং কেবলং বাচং শৃণুমঃ। কথম্ভূতাং অরূপা অদৃষ্টবক্তৃকা মুখরা অতিপ্রকটা তাঞ্চ তাঞ্চ। পীতং পরিধানবস্ত্রং নিতম্বকান্তিত্বেন প্রকল্প্যাহ কদম্বকুসুমস্য রুচির্দীপ্তিঃ অঙ্কবিটঙ্কবিম্বে নিতম্বস্য সুন্দরে মণ্ডলে ক্ব লব্ধা অঙ্ক নিতম্বেতি পাঠান্তরে অঙ্গেতি সম্বোধনং। মেখলামালক্ষ্যাহ যস্যামলাতপরিধির্বর্ত্ততে বস্ত্রং নিতম্বকান্তিত্বেন প্রকল্প্য বস্ত্রমদৃষ্ট্বৈব পৃচ্ছতি ক্ব চ তে বল্কলমিতি ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্যাঃ সৌরভ্য লোভেনানুগচ্ছতো ভ্রমরানালক্ষ্যাহ। শিষ্যা ভ্রমরাঃ ॥ ৯ ॥

নূপুরস্বনমাস্বাদ্যাহ বাচমিতি তুভ্যং ত্বামানন্দয়িতুং তব চরণয়োঃ পঞ্জরয়োরন্তর্গতাস্তিত্তিরিপক্ষিণো বর্ত্তমানা অনুমীয়ন্তে যস্মাদরূপামদৃষ্টবক্তৃকাং মুখরাং পারস্পরিককলহময়ীং বাচং শৃণুবামহে ব্রহ্মন্নিতি তব তপোযোগবলবিলসিতমেবৈতদিতি ভাবঃ। পরিধানীয়াতিসূক্ষ্মপীতবস্ত্রস্য নিতম্বলগ্নত্বেন লাবণ্যমাস্বাদ্যাহ অঙ্কবিটঙ্কবিম্বে নিতম্বস্য সুন্দরমণ্ডলে কদম্বরুচিঃ পীতকান্তির্লব্ধা শ্যামস্যাপি তব নিতম্বঃ পীতকান্তো অলাতপরিধি র্জ্জলদঙ্গারমণ্ডলং। অহো তে তপস্তীব্রতেতি ভাবঃ। ক্ব চ বল্কলন্তে ইতি কিং স্বাশ্রম এব বল্কলং ভ্রমাদেবাপহায় মন্নিকটং নগ্ন এবায়াতোহসীতি ভাবঃ। ভঙ্গ্যা সুরতপ্রার্থনাচ দ্যোতিতা ॥ ১০ ॥

সেইরূপ তোমার এই শিষ্যগণ ভবদীয় কবরী বিনিঃসৃত বিচিত্র পুষ্পবর্ষণের অভিমুখেই ধাবিত হইতেছে ॥ ৯ ॥

পরে নূপুরধ্বনি লক্ষ্য করিয়া বলিলেন, হে ব্রহ্মন্! তোমার চরণলগ্ন নূপুরদ্বয়ের অন্তর্গত মণিসমূহের মধুর ধ্বনি সুস্পষ্টত শুনিতে পাইতেছি। কিন্তু কে যে

কিং সম্ভৃতং রুচিরয়োর্দ্বিজ শৃঙ্গয়োস্তে মধ্যে কৃশো বহসি যত্র দৃশিঃ শ্রিতা মে।
পঙ্কোঽরুণঃ সুরভিরাত্মবিষাণ ঈদৃগ্‌ যেনাশ্রমং সুভগ মে সুরভী করোষি॥ ১১

অন্বয়ঃ।

(স্তনৌ আলক্ষ্যাহ) হে দ্বিজ! তে তব রুচিরয়োঃ মনোহরয়োঃ, শৃঙ্গয়োঃ কিং সম্ভৃতং পূর্ণমস্তি? যতঃ ত্বং মধ্যে কৃশঃ অতিদুর্ব্বলঃ (অতঃ কষ্টেন এব) বহসি যত্র চ শৃঙ্গয়োঃ মে মম দৃশিঃ দৃষ্টিঃ, শ্রিতা স্থিরা জাতা। স্তনগতং কুঙ্কুমং আলক্ষ্যাহ। আত্মনঃ তব বিষাণে শৃঙ্গে, অরুণঃ পঙ্কঃ ঈদৃগ্‌ অত্যপূর্ব্বাস্তি! যেন পঙ্কেন, হে সুভগ! মে মম আশ্রমং ত্বং সুরভী করোষি॥ ১১॥

শ্রীধরস্বামী।

স্তনাবালক্ষ্যাহ শৃঙ্গয়োঃ স্তনয়োঃ কিং সংভৃতং পূর্ণমস্তি মনোহরং কিঞ্চিদস্তি ইত্যেতাবৎ জানামি যতো মধ্যে কৃশোঽপি কৃচ্ছ্রেণ বহসি। যত্র চ মে দৃশি দৃষ্টিঃ শ্রিতা সংলগ্নাস্তি। অন্যথেদং দ্বয়ং ন ঘটত ইতি ভাবঃ। স্তনগতং কুঙ্কুমমালক্ষ্যাহ পঙ্কোঽরুণঃ আত্মন স্তব বিষাণে স্তনে ঈদৃক্‌ অত্যপূর্ব্বঃ কুত ইত্যত আহ যেন পঙ্কেন॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্তনাবালক্ষ্যাহ হে দ্বিজ শৃঙ্গয়োঃ কিং সংভৃতং কিমদ্ভুতং বহুমূল্যরত্নং বস্তু ধৃতং বর্ত্ততে। যন্মদ্দৃষ্টিপাতসময় এব মুহুরাচ্ছাদয়সীতি ভাবঃ। ব্রাহ্মণো ভূত্বাপি শৃঙ্গদ্বয়ং ধৎসে তত্রাপি বক্ষসি তত্রাপি মনোহরমেব বস্তু ধৎসে; যতো মধ্যে কৃশোঽপি কৃচ্ছ্রেণাপি বহসি যত্র দৃশির্মদ্দৃষ্টিঃ শ্রিতা লগ্নেতি মদ্দৃষ্টিরেবাত্র প্রমাণমিতি ভাবঃ। তেনাচ্ছাদনমুদ্ঘাট্য স্বয়মেব দর্শয়িত্বা মৎসন্দেহমপাকুরু কিংবা আজ্ঞাপয়সি চেৎ সৌহার্দ্দেনাহমেবোদ্ঘাটয়ামি তপস্বিনো মম বস্তুনি প্রয়োজনং নাস্তি কেবলং দর্শনি এবেতি ভাবঃ। স্তনস্য শৃঙ্গত্বং তুঙ্গত্বাতিশয়-বিবক্ষয়া জ্ঞেয়ং। স্তনগতং কুঙ্কুমমালক্ষ্যাহ আত্মনঃ স্বস্য বিষাণে শৃঙ্গে ঈদৃক্‌ পঙ্কো-ধৃতঃ কস্য সরোবরস্য সুরভিররুণশ্চ পঙ্ক স্তমহমপি বক্ষসি ধিৎসামীতি ভাবঃ॥ ১১॥

ওরূপ সুস্পষ্ট ধ্বনি করিতেছে, তাহাকেত দেখিতে পাইতেছি না। তুমি স্বকীয় নিতম্ব-মণ্ডলে ওরূপ কদম্বকুসুমের ন্যায় মনোহর কান্তি কোথায় পাইলে? অহো! তদুপরি জ্বলদঙ্গাররূপে পরিবেষ্টিত মেখলাও পরিদৃষ্ট হইতেছে! কি আশ্চর্য্য! বল্কল পরিত্যাগে এরূপ উলঙ্গবেশে পরিভ্রমণ পূর্ব্বক তুমি কোন্‌ আশ্রমের পরিচয় দিতেছ?॥ ১০॥

কামিনীর কুচযুগলের প্রতি দৃষ্টিনিক্ষেপ করিয়া বলিলেন, হে দ্বিজ! তোমার বক্ষোপরি যে মনোহর শৃঙ্গদ্বয় লক্ষিত হইতেছে, উহা কোন্‌ পদার্থে পরিপূর্ণ থাকায় এরূপ উন্নত হইয়াছে? অহো! তোমার দেহের মধ্যভাগ দেখিয়া আমার ভয় হইতেছে যে, পাছে তোমার শৃঙ্গদ্বয়ের ভরে আমার অভিমুখে তুমি পতিত হও! তোমার ক্ষীণ কটি দর্শনে স্পষ্টই প্রতীত হইতেছে

লোকং প্রদর্শয় সুহৃত্তম তাবকং মে যত্রত্য ইত্থমুরসাবয়বাবপূর্ব্বৌ।
অস্মদ্বিধস্য মন উন্নয়নৌ বিভর্ত্তি বহ্বদ্ভুতং সরস-রাস-সুধাদি বক্তে্র॥ ১২॥

অন্বয়ঃ।

হে সুহৃত্তম! স্বচ্ছান্তঃকরণ! তাবকং লোকং স্থানং মে মম প্রদর্শয়! যত্রত্যঃ যন্নিবাসিজনঃ অস্মদ্বিধস্য কামিপুরুষস্য মনসঃ উন্নয়নৌ ক্ষোভকৌ, অপূর্ব্বৌ অবয়বৌ, ইত্থং উরসা বিভর্ত্তি তথা বক্তে্র চ অদ্ভুতং সরসরাসসুধাদি স্মিতাদিসহিতং মঞ্জুভাষণং বিভর্ত্তি॥ ১২॥

শ্রীধরস্বামী।

লোকং স্থানং। যত্রত্যো জনঃ উরসা ইত্থমপূর্ব্বাবয়বৌ বিভর্ত্তি। মনস উন্নয়নৌ ক্ষোভকৌ। উন্নয়নৈরিতি পাঠে ইত্থং ভূতৈর্লক্ষণে তৃতীয়া। বক্তে্র চ বহ্বদ্ভুতং বিভর্ত্তি কিং তদাহ রসো মধুরালাপঃ রাসো বিলাসঃ তাভ্যাং সহিতা সুধা অধরামৃতং। আদিশব্দাৎ স্মিত-নর্ম্মাদি॥ ১২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্মদ্দেশে মনুষ্যোঽপি বক্ষসি শৃঙ্গদ্বয়ং ধত্ত ইতি চেত্তত্রৈব গত্বা তপশ্চিকীর্ষ্যামীত্যাহ লোকমিতি হে সুহৃত্তমেতি সৌগার্দ্দেনৈবেতি ভাবঃ। নন্বেতে শৃঙ্গে ন ভবত ইত্যত আহ যত্রত্যো জন ইত্থমুরসা বক্ষসা। মনস উন্নয়নৌ ক্ষোভকৌ। উন্নয়নৈরিতি পাঠে উৎকর্ষেণ গ্রহণৈঃ। বক্তে্র চ বহ্বদ্ভুতং বিভর্ত্তি। কিন্তদাহ সরসো মধুরালাপঃ রাসো বিলাসঃ তাভ্যাং সহিতা সুধা অধরামৃতং আদিশব্দাদামোদমকরন্দাদিকং স্মিতনর্ম্মাদি॥ ১২॥

যে, অতি কষ্টেই তুমি শৃঙ্গদ্বয়কে বহন করিতেছ! কিন্তু কি অদ্ভুত ভাবেই উহারা নির্ম্মিত হইয়াছে! আমার লোচন অনিমেষভাবে নিপতিত থাকিয়া, অন্যত্র গমনে আর সমর্থই হইতেছে না। অহো! বিষাণদ্বয়ের শিরোপরি অরুণ বর্ণ কি প্রলেপ সংলগ্ন রহিয়াছে! হে সুভগ! তোমার শৃঙ্গদ্বয়ের কেবল বর্ণ-সৌন্দর্য্য নহে, অরুণ রাগের মনোহর গন্ধে আমার এই আশ্রমটীও অপূর্ব্ব গন্ধে আমোদিত হইয়াছে॥ ১১॥

তোমার আকার দর্শনে প্রকৃতিরও যথেষ্ট পরিচয় পাওয়া যাইতেছে; তুমি যেমন চিত্তাকর্ষক রূপবান্, তোমার হৃদয়ও সেইরূপ উদার হইবে, সন্দেহ নাই। চল! অদ্য তোমার দেশেই যাই! তোমার বাসস্থান আমাকে দেখাও! অহো! তোমার দেশের লোকেরা আমার ন্যায় কামিপুরুষের চিত্তহরণার্থ বক্ষোপরি ঈদৃশ চিত্তাকর্ষক অপূর্ব্ব অবয়বদ্বয় ধারণ করে এবং চন্দ্রবদনে সুমধুর হাস্য-বিকাসি মধুর আলাপন রাখে; অতএব একবার তোমার তাদৃশ আবাস-স্থলে আমাকে লইয়া চল!॥ ১২॥

কামিনী-চর্ব্বিত তাম্বূলগন্ধ লক্ষ্য করিয়া বলিলেন, আহা! হে প্রিয়!

কা বাত্মবৃত্তিরদনাদ্ধবিরঙ্গ ভাতি বিষ্ণোঃ কলাস্যনিমিষোন্মকরৌচ কর্ণৌ।
উদ্বিগ্নমীনযুগলং দ্বিজপঙ্‌ক্তিশোচিরাসন্নভৃঙ্গনিকরং সরইন্মুখং তে ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

তাম্বূলাদেঃ সুগন্ধমালক্ষ্যাহ। হে অঙ্গ! তব আত্মনঃ দেহস্য, বৃত্তিঃ আহারঃ, বা কা? যস্য অদনাৎ ভক্ষণাৎ চর্ব্বণাৎ, হবিঃ যজ্ঞিয়দ্রব্যমিব পরমং পবিত্রং কিমপি বাতি তৎসম্বন্ধী গন্ধঃ আগচ্ছতি। ত্বং বিষ্ণোঃ কলা অসি! যতঃ তবাপি কর্ণৌ বিষ্ণোঃ ইব অনিমিষোন্মকরৌ রত্নময়ত্বেন নিমিষরহিতৌ উৎকৃষ্টমকরাকারে কুণ্ডলে যয়োঃ তথাভূতৌ এব দৃশ্যেতে। তে তব মুখং চ সরইৎ সরইব, লক্ষ্যতে। যতঃ তত্র উদ্বিগ্নং ভীত্যা চঞ্চলং মীনযুগলং ইব নেত্রদ্বয়ং এব পক্ষিস্থানীয়াঃ দ্বিজাঃ দন্তাঃ তেষাং পঙ্‌ক্ত্যা শোচিঃ শোভা যস্মিন্ তৎ। আসন্নঃ ভৃঙ্গনিকরঃ ইব কেশস্তোমঃ এব পরিমললুব্ধঃ ভৃঙ্গস্তোমঃ যস্মিন্ তৎ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

কা বা তব লোকে আত্মনো দেহস্য বৃত্তিরাহারঃ। অঙ্গ হে সখে! অদনাচ্চর্ব্বণাৎ হবিরিতি তৎসম্বন্ধী গন্ধো বাতি আগচ্ছতীতি তাম্বূলাভিপ্রায়ং। অদনাদ্বহিরঙ্গ ভাতীতি পাঠে মম তাবৎ ভোজনাদ্বহির্ভূতৈব বৃত্তির্ভাতীত্যর্থঃ। যতস্ত্বং বিষ্ণোঃ কলাসি। বিষ্ণুশ্চ নাশ্নাতি। অনশ্নন্নন্যোঽভিচাকসীতি শ্রুতেঃ। বিষ্ণোঃ কলাসীত্যত্র হেতুঃ কঃ; তবচ কর্ণৌ বিষ্ণোরিব অনিমিষোন্মকরৌ অনিমিষৌ রত্ননেত্রত্বেন নিমিষশূন্যৌ উল্লসন্তৌ মকরৌ তদাকারে কুণ্ডলে যয়োস্তৌ কিঞ্চ তব মুখং সরইৎ সর ইব তদেবাহ উদ্বিগ্নং চঞ্চলং মীনযুগলমিব নেত্রদ্বয়ং যস্মিন্। দ্বিজা দন্তাঃ তেষাং পঙ্‌ক্ত্যা শোচিঃ শোভা যস্মিন্। সরসি তু দ্বিজা হংসাঃ। আসন্নো ভৃঙ্গনিকর ইব কেশস্তোমঃ পরিমললুব্ধঃ হংসস্তোমো বা যস্মিন্ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কা বা তব লোকে আত্মনো দেহস্য বৃত্তি র্জীবিকা। তাম্বূলগন্ধমনুভূতং ব্যঞ্জয়ন্নাহ হবিরিতি অদনাৎ ভক্ষণাদ্ধেতোঃ হবিরিতি তৎসম্বন্ধী গন্ধো বাতি আগচ্ছতি দেশান্তরে লোকা হবির্ভোজিনঃ শ্রূয়ন্তে। তস্মাদেষ হবিষ এব গন্ধোঽনুমীয়ত ইতি তাম্বূলহবিষোঃ স্বাপরিচিতত্বং ব্যঞ্জিতং। অদনাদ্বহিরঙ্গ ভাতীতি পাঠে ভোজনাদ্বহির্ভূতৈব বৃত্তির্ভাতীত্যর্থঃ। যতস্ত্বং বিষ্ণোঃ কলাসি। বিষ্ণুশ্চ নাশ্নাতি। অনশ্নন্নন্যোঽভিচাকসীতি শ্রুতেঃ। অত্র লিঙ্গং বিষ্ণোরিবানিমিষোন্মকরৌ রত্ননেত্রত্বেন নিমিষশূন্যৌ উৎকৃষ্টমকরৌ কুণ্ডলাকারৌ। কিঞ্চ তব মুখং সরইৎ সরইব উদ্বিগ্নমীনযুগলমিব নেত্রদ্বয়ং যত্র তৎ। দ্বিজাঃ হংসা দন্তাশ্চ তেষাং পঙ্‌ক্ত্যা-শোচিঃ শোভা যস্মিংস্তৎ। আসন্নো ভৃঙ্গনিকর ইবালকাসমূহো যস্মিং স্তৎ ॥ ১৩ ॥

তুমি দেহযাত্রা নির্ব্বাহার্থ ও কি ভোজন করিতেছ? ত্বদীয় চর্ব্বিত ভক্ষ-দ্রব্যের অপূর্ব্ব সৌরভে যেন যজ্ঞিয় কোন পরম পবিত্র পদার্থের গন্ধ লইয়া সমীরণ ইতস্তত বিকীরণ করিতেছে। তুমি কি ভগবান্ বিষ্ণুর অংশে অব-তীর্ণ হইয়াছ? কারণ ভগবান্ বিষ্ণুর ন্যায় তোমার শ্রবণ-যুগলেও উৎকৃষ্ট

যোঽসৌ ত্বয়া করসরোজহতঃ পতঙ্গো দিক্ষু ভ্রমন্ ভ্রমত এজয়তেঽক্ষিণী মে।
মুক্তং ন তে স্মরসি বক্রজটাবরূথং কষ্টোঽনিলো হরতি লম্পট এষ নীবীং॥ ১৪

অন্বয়ঃ।

যঃ অসৌ ত্বয়া করসরোজেন হতঃ পতঙ্গঃ কন্দুকঃ সঃ দিক্ষু ভ্রমন্ সন্ ভ্রমতঃ ভ্রমচ্চিত্তস্য মে অক্ষিণী এজয়তে চালয়তি। (অহং তু এবং ত্বয়ি আসক্তমনাঃ) ত্বং চ ক্রীড়াসক্তা সতী তে তব বক্রজটাবরূথং কুঞ্চিতকেশজালং মুক্তং মুক্তবন্ধনং, ইতি ন স্মরসি তথা এষঃ কষ্টঃ ধূর্ত্তঃ, লম্পটঃ অনিলঃ তে তব নীবীং কটিবস্ত্রং, হরতি তচ্চাপি ন স্মরসি। (অতঃ সাবধানতয়া মদুক্তং অবধারয়) ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

পতঙ্গঃ কন্দুকঃ ভ্রমতো ভ্রমচ্চিত্তস্য মেঽক্ষিণী দত্তং দৃক্ এজয়তে চঞ্চলতাং নয়তি। বক্রকেশসমূহং মুক্তবন্ধনং ন স্মরসি ন সম্ভাবয়সি। কিং কষ্টো ধূর্ত্তো নীবীং হরতি এতচ্চ ন স্মরসি কিং ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কন্দুকক্রীড়ামালক্ষ্যাহ পতঙ্গঃ কন্দুকঃ ভ্রমতঃ ভ্রমচ্চিত্তস্য মে অক্ষিণী এজয়তে চঞ্চলীকরোতি। বক্রং জটাবরূথং কেশসমূহং মুক্তং মুক্তবন্ধনং ন স্মরসি। কষ্টো ধূর্ত্তঃ নীবীং হরতি এতচ্চ ন স্মরসি কিং এতাবাংস্তব কন্দুকক্রীড়ায়ামাবেশ ইতি ভাবঃ ॥ ১৪ ॥

মকরাকার মণিময় কুণ্ডলদ্বয়ও অনিমিষভাবে পরিলক্ষিত হইতেছে। অহো! স্বচ্ছসলিল সরোবরের পূর্ণভাব তোমার বদনমণ্ডলে সুস্পষ্ট প্রতীত হইতেছে। ভীতি বশত মীন যেমন চঞ্চল হইয়া, সলিলমধ্যে সতত বিচরণ করে, তোমার লোচন-যুগলও সেইরূপ চাঞ্চল্যের পরিচয় দিতেছে। সরোবরস্থ পক্ষিশ্রেণীর ন্যায়, তোমার দন্তপংক্তি কি অপূর্ব্ব শোভাতেই শোভিত লক্ষ্য হইতেছে। পরিমললোভে সমাহৃত ভৃঙ্গনিকরের ন্যায়, ত্বদীয় সুনীল ও কুঞ্চিত কেশজাল অতীব মনোহর বলিয়া লক্ষিত হইতেছে ॥ ১৩ ॥

অহো! তুমি করকমলের আঘাতে যে ক্রীড়া কন্দুককে ইতস্ততঃ নিক্ষেপ করিতেছ, সেইটীর প্রতি লক্ষ্য করায় আমার দৃষ্টিও তৎসঙ্গে নিরন্তর ইতস্তত চালিত হইতেছে; কিন্তু তুমি ক্রীড়ায় আসক্ত থাকায়, নিজের কুঞ্চিত কেশজাল যে বন্ধনমুক্ত ও আলুলায়িত হইয়া পড়িতেছে, তাহার কোন অনুসন্ধানই রাখ না; বিশেষত অতি ধূর্ত্ত কামুক সমীরণ এই অবসরে তোমার কটিবস্ত্র শিথিল করিয়া তোমাকে যে নিরাবরণ করিতেছে, তাহাও কি তোমার লক্ষ্য হইতেছে না? অতএব আমার কথা সাবধানে শ্রবণ কর! ॥ ১৪ ॥

হে তপোধন! তোমার রূপ দর্শনে আমাদের ন্যায় তাপসগণের চিত্ত

রূপং তপোধন তপশ্চরতাং তপোঘ্নং হ্যেতন্নু কেন তপসা ভবতোপলব্ধং।
চর্ত্তুং তপোঽর্হসি ময়া সহ মিত্র মহ্যং কিম্বা প্রসীদতি স বৈ ভবভাবনো মে॥১৫
ন ত্বাং ত্যজামি দয়িতং দ্বিজদেবদত্তং যস্মিন্মনো দৃগপি নো ন বিযাতি লগ্নং।

অন্বয়ঃ।

হে তপোধন তপস্বিন্! তপশ্চরতাং মাদৃশাং তাপোঘ্নং এবং রূপং ভবতা কেন তপসা উপলব্ধং প্রাপ্তং, তৎ ব্রবীতু! অতঃ হে মিত্র! মহ্যং অপি অনুগ্রহার্থং ময়া সহ ত্বং তপঃ চর্ত্তুং অর্হসি। যেন ত্বংসদৃশতপশ্চরণেন, অহমপি ত্বংসদৃশরূপবান্ স্যাম্। কিম্বা সঃ প্রসিদ্ধঃ ভবভাবনঃ সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা মে প্রসীদতি ত্বাং ভার্য্যাং সম্পাদয়তি॥ ১৫॥

এবং চেৎ দ্বিজদেবদত্তং দ্বিজদেবেন ব্রহ্মণা দত্তং ত্বাং দয়িতং অতিপ্রিয়ং ন ত্যজামি যস্মিন্ ত্বয়ি মনঃ দৃক্ নেত্রং চ লগ্নং সৎ ন বিযাতি বিযুক্তং ন ভবতি। হে চারুশৃঙ্গি মনো-

শ্রীধরস্বামী।

উপলব্ধং প্রাপ্তং মহ্যং মম। হে মম মিত্র ময়া সহ তপশ্চর্ত্তুং অর্হসি। কিঞ্চ স বৈ ভবভাবনঃ সংসৃতিবিস্তারকঃ ব্রহ্মা মে প্রসীদতি ত্বাং ভার্য্যাং কল্পয়তীত্যর্থঃ॥ ১৫॥

দ্বিজদেবেন ব্রহ্মণা দত্তং দৃক্ মনশ্চ লগ্নং সৎ নাপযাতি। হে চারুশৃঙ্গি যত স্তে চিত্তং ততো মাং তদধীনং নেতুমর্হসি সচিব্যঃ তব সখ্যোঽপি। শিবা অনুকূলাঃ সত্যঃ মাং প্রতিসরন্তু অনুবর্ত্তন্তাং। যদ্বা এতাবৎ পর্য্যন্তং মে যাঃ সচিব্যঃ সখ্যঃ শিবাশ্চ ফেরব স্তাঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তপস্বিনো মম তপস্বিসঙ্গোঽপেক্ষিত এবেত্যাহ রূপমিতি। হে তপোধন উপ আধিক্যেন লব্ধং। মহ্যং মাং সুখয়িতুং ময়া সহ তপশ্চরিতুমর্হসি। মে মাং পূর্ণমনোরথীকর্ত্তুং ভবভাবনো ব্রহ্মা॥ ১৫॥

ননু ত্বয়া মম কিং ফলং তদিতো যামীত্যাশঙ্ক্যাহ নত্বামিতি। যতো দ্বিজদেবেন ব্রহ্মণা। যস্মিং স্ত্বয়ি লগ্নং ন বিযাতি ন বিগতং ভবতি। হে চারুশৃঙ্গি উন্নতস্তনীতি স্ত্রীলিঙ্গেন সম্বোধন-

সম্পূর্ণ তপোভ্রষ্ট হইয়াছে। তুমি কোন্ তপস্যার বলে এরূপ মনোহর রূপ লাভ করিয়াছ? তাহা বল! হে মিত্র! অনুগ্রহ করিয়া আমাকেও তোমার আচরিত তপস্যার অনুশীলনার্থ সঙ্গী করিয়া লও! আমিও সেই তপস্যার আচরণে তোমার ন্যায় রূপবান্ হইব! এবং ভূতভাবন সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা আমার প্রতি প্রসন্ন হইবেন এবং তোমাকে ভার্য্যারূপে আমায় প্রদান করিবেন॥ ১৫

ব্রহ্মণ্যদেব কমলাসনের অনুকম্পায় তোমার ন্যায় প্রাণপ্রিয়া বনিতাকে যদি প্রাপ্ত হইতে পারি, তাহা হইলে প্রাণ থাকিতে কখন পরিত্যাগ করিব না। তোমার যে কোন অঙ্গে আমার মন ও দৃষ্টি একবার নিপতিত হইলে আর পরিত্যাগ করিতে চাহে না। হে পীনোন্নতপয়োধরে! আমি তোমার

মাং চারুশৃঙ্গ্যর্হসি নেতুমনুব্রতং তে চিত্তং যতঃ প্রতিসরন্তু শিবাঃ সচিব্যঃ॥ ১৬

ইতি ললনানুনয়াতিবিশারদো গ্রাম্যবৈদগ্ধ্যয়া পরিভাষয়া তাং বিবুধবধূং বিবুধমতি রধিসভাজয়ামাস॥ ১৭॥

সাচ ততস্তস্য বীরযূথপতের্বুদ্ধিশীলরূপবিদ্যাবয়ঃশ্রিয়ৌদার্য্যেণ পরাক্ষিপ্তমনাস্তেন সহাযুতাযুতপরিবৎসরোপলক্ষণং কালং জম্বূদ্বীপপতিনা ভৌমস্বর্গভোগান্ বুভুজে॥

অন্বয়ঃ।

হরস্তনি! ত্বং অপি এবং অনুব্রতং অনুসারিণং, মাং যতঃ যত্র, তে চিত্তং তত্র নেতুং অর্হসি। যতঃ সচিব্যঃ তব সখ্যঃ অপি শিবাঃ মদনুকূলাঃ, সন্তঃ মাং প্রতিসরন্তু অনুবর্ত্তন্তাং॥ ১৬॥

শ্রীশুকঃ উবাচ। বিবুধমতিঃ (বিবুধানাং দেবানাং ইব নিপুণা মতিঃ যস্য সঃ) অতএব ললনানাং অনুনয়ে বশীকরণে, অতিবিশারদঃ অতিচতুরঃ, আগ্নীধ্রঃ ইতি এবং, পূর্ব্বোক্তয়া গ্রাম্যবৈদগ্ধ্যয়া (গ্রাম্যেষু বিষয়ভোগেষু বৈদগ্ধ্যং নৈপুণ্যং যস্যাঃ তয়া) পরিভাষয়া বিবুধবধূং অপ্সরসং, তাং পূর্ব্বচিত্তিং অধিসভাজয়ামাস সৎকারপূর্ব্বকং স্ববশীকৃতবান্॥ ১৭॥

সা চ পূর্ব্বচিত্তিঃ অপি তস্য বীরযূথপতেঃ বুদ্ধিশীলরূপবিদ্যাবয়ঃশ্রিয়ৌদার্য্যেণ পরাক্ষিপ্তমনাঃ মোহিতচিত্তা, সতী ততঃপ্রভৃতি তেন জম্বূদ্বীপপতিনা, সহ অযুতানাং অযুতপরিবৎসরোপলক্ষণং কালং ভৌমস্বর্গভোগান্ বুভুজে॥

শ্রীধরস্বামী।

প্রতি সরন্তু নির্যান্তু। যদ্বা বনবাসে সচিব্যঃ সহচর্য্যঃ হরিণ্যঃ শিবাঃ প্রতিসরন্তু প্রদক্ষিণং গচ্ছন্তু॥ ১৬॥

গ্রাম্যেষু বৈদগ্ধ্যং যস্যাঃ॥ ১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মতিকামবৈবশ্যেনাবহিত্থায়া নাশং দ্যোতয়তি। যতঃ যত্র দেশে তব চিত্তং তত্রৈব সচিব্যস্তব সখ্যোঽপি শিবাঃ অনুকূলাঃ সন্তঃ মাং প্রতি সরন্তু অনুবর্ত্তন্তাং॥ ১৬॥

ও কেবলস্বরূপ, তথাপি অনভিজ্ঞ ও অনীশ্বর জনসাধারণের ন্যায়, কর্ম্মের অনুষ্ঠানে লোকসমূহকে যাবতীয় ধর্ম্মের উপদেশ দিয়াছিলেন। তিনি স্বয়ং শান্ত ও দান্ত ছিলেন, তথাপি করুণার প্রকাশে ধর্ম্ম, অর্থ, যশঃ, প্রজাপালন, ভোগ ও মোক্ষের সংগ্রহের দ্বারা গৃহস্থাশ্রমের প্রতি লোকসমূহকে নিয়োজিত করিলেন ॥ ১২ ॥

শ্রেষ্ঠ ব্যক্তিগণ শুভ বা অশুভ যেরূপ কার্য্যেরই অনুষ্ঠান করিয়া থাকেন, সাধারণ লোক তাহারই অনুকরণ করিয়া থাকে ॥ ১৩ ॥

বেদ-প্রতিপাদিত অতি গুহ্য সর্ব্বপ্রকার ধর্ম্মই ঋষভদেব স্বয়ং অবগত ছিলেন; কাহারও নিকট হইতে তাঁহার শিক্ষালাভের প্রয়োজন ছিল না;

রুপায়ৈ র্জনতামনুশশাস ॥ ১৪ ॥

দ্রব্যদেশ-কাল-বয়ঃ-শ্রদ্ধর্ত্বি গ্বিবিধোদ্দেশোপচিতৈঃ সর্ব্বৈরপি ক্রতুভি র্যথোপদেশং শতক্রতু ইয়াজ ॥ ১৫ ॥

ভগবতর্ষভেণ পরিরক্ষ্যমাণ এতস্মিন্ বর্ষে ন কশ্চন পুরুষো বাঞ্ছত্যবিদ্যমান-

অন্বয়ঃ।

তথাপি ব্রাহ্মণৈঃ দর্শিতমার্গেণ সামাদিভিঃ উপায়ৈঃ জনতাং জনসমূহং, অনুশশাস শিক্ষিতবান্ ॥ ১৪ ॥

দ্রব্যদেশ-কাল-বয়ঃ-শ্রদ্ধর্ত্বি গ্বিবিধোদ্দেশোপচিতৈঃ (দ্রব্যং ব্রীহ্যাদি-দেশঃ পুণ্যস্থলবিশেষঃ, কালঃ বসন্তাদিঃ, বয়ঃ যৌবনং, বিবিধোদ্দেশাঃ নানাদেবতোদ্দেশাঃ তৈঃ উপচিতৈঃ সর্ব্বৈঃ অপি ক্রতুভিঃ যজ্ঞৈঃ, যথোপদেশং যথাবিধি শতক্রতুঃ যজ্ঞেশং ইয়াজ পূজিতবান্ ॥ ১৫ ॥

এবং ভগবতা ঋষভেণ চ পরিরক্ষ্যমাণঃ এতস্মিন্ বর্ষে অজনাভখণ্ডে, কশ্চন (অন্ত্যজাদি-যোনিং প্রাপ্তঃ অতি নীচোঽপি পুরুষঃ আত্মনঃ অর্থে অন্যস্মাৎ সকাশাৎ কিমপি অত্যুৎকৃষ্টং অপি বস্তু কর্হিচিৎ কস্মিংশ্চিৎ অপি কালে কথঞ্চন কেনাপি প্রকারেণ ন বাঞ্ছতি;

শ্রীধরস্বামী।

ব্রাহ্মণান্ পৃষ্ট্বৈব করোতীত্যর্থঃ ॥ ১৪ ॥

দ্রব্যাদিভিরুপচিতৈর্যজ্ঞৈরিষ্টবান্। তত্র বয়ো যৌবনং যুবৈব ধর্ম্মমন্বিচ্ছেদিতি বচনাৎ। বিবিধোদ্দেশা নানাদেবতোদ্দেশাঃ যথোপদেশং যথাবিধি ॥ ১৫ ॥

অন্যস্মাৎ সকাশাৎ আত্মনঃ কশ্চিদপি কিমপি কথঞ্চনাপি ন বাঞ্ছতি। ইচ্ছানুদয়ে দৃষ্টান্তঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রাহ্মণৈর্দর্শিতেনৈব ॥ ১৪ ॥

দ্রব্যাদিভিরুপচিতৈঃ। বয়ো যৌবনং, যুবৈব ধর্ম্মমন্বিচ্ছেদিতি বচনাৎ। বিবিধোদ্দেশা নানাদেবতোদ্দেশাঃ ॥ ১৫ ॥

কশ্চন কশ্চিদপি পুরুষোঽবিদ্যমানং খপুষ্পমিব কমপি আত্মনঃ স্বস্য অন্যস্মাৎ সকাশাৎ

তথাপি স্বেচ্ছাচার নিবারণ পূর্ব্বক গুরূপদিষ্ট পথের অনুসরণে যে, লোকের অগ্রসর হওয়া কর্ত্তব্য, তাহারই পরিচয় প্রদানার্থ তিনি স্বয়ং সর্ব্বজ্ঞ হইয়াও ব্রাহ্মণগণের উপদিষ্ট মার্গে অগ্রসর হইলেন এবং সামাদি উপায়ের অনুসরণে প্রজাবর্গকে উপদেশ প্রদান করত প্রতিপালন করিতে লাগিলেন ॥ ১৪ ॥

ব্রীহি প্রভৃতি উৎকৃষ্ট দ্রব্য দ্বারা পবিত্র ভূমিতে বসন্তাদি উপযুক্তকালে যৌবনাদি উপযুক্ত বয়সে এবং বিবিধ দেবতার উদ্দেশে যেরূপ যজ্ঞাদির অনুষ্ঠান করা প্রয়োজন, ঋষভদেব যথাবিধি শাস্ত্রের অনুসরণে শত শত যজ্ঞ সম্পাদন করত সর্ব্বযজ্ঞেশ্বর বিষ্ণুর আরাধনা করিয়াছিলেন ॥ ১৫ ॥

এই প্রকারে ভগবান্ ঋষভদেব কর্ত্তৃক পরিরক্ষিত অজনাভখণ্ড নামক

মিবাত্মনোঽন্যস্মাৎ কথঞ্চন কিমপি কর্হিচিদবেক্ষতে ভর্ত্তর্য্যনুসবনং বিজৃম্ভিত-স্নেহাতিশয়মন্তরেণ ॥ ১৬ ॥

স কদাচিদটমানো ভগবানৃষভো ব্রহ্মাবর্ত্তগতো ব্রহ্মর্ষিপ্রবর-সভায়াং প্রজানাং নিশাময়ন্তীনামাত্মজানবহিতাত্মনঃ প্রশ্রয়-প্রণয়-ভর-সুযন্ত্রিতানপ্যুপ-শিক্ষয়ন্নিতি হোবাচ ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ঋষভদেবানুচরিতে চতুর্থোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

অন্বয়ঃ।

ন তথা ভর্ত্তরি সর্ব্বলোকপালকে ভগবতি অনুসবনং প্রতিক্ষণং বিজৃম্ভিতঃ বর্দ্ধমানঃ যঃ স্নেহস্য অতিশয়ঃ উৎকটতা তদন্তরেণ ততোঽন্যৎ ন কিমপি অন্যদীয়ং বিভবং অবেক্ষতে পশ্যতি ॥ ১৬ ॥

সঃ ভগবান্ ঋষভঃ কদাচিৎ ভূমিং অটমানঃ ব্রহ্মাবর্ত্তগতঃ ব্রহ্মর্ষিপ্রবরসভায়াং আত্মজান্ নিশাময়ন্তীনাং শৃণ্বন্তীনাং, প্রজানাং সমক্ষে, প্রশ্রয়-প্রণয়ভরসুযন্ত্রিতান্ (প্রশ্রয়-প্রণয়য়োঃ নম্রতা-স্নেহয়োঃ ভরেণ সুযন্ত্রিতান্ বশীকৃতান্) অবহিতাত্মনঃ সংযতচিত্তান্, অপি আত্মজান্ উপশিক্ষয়ন্ ইতি বক্ষ্যমাণং তত্ত্বজাতং হ স্ফুটতয়া উবাচ ॥ ১৭ ॥

ইতি পঞ্চমে শ্রীথগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্থোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

অবিদ্যমানং খপুষ্পাদিকমিব ন চান্যদীয়মবেক্ষতেঽপীত্যর্থঃ। ভর্ত্তরি ঋষভদেবে অনুক্ষণ-মুল্লসিত-স্নেহোদ্রেকং বিনা অন্যন্ন বাঞ্ছতি ॥ ১৬ ॥

অবহিতাত্মনঃ সংযতচিত্তানপি প্রজানুশাসনার্থং উপশিক্ষয়ন্নিতি হ বক্ষ্যমাণমুবাচ ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে চতুর্থঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন বাঞ্ছতি। ভর্ত্তরি ঋষভদেবে স্নেহাতিশয়ং কেবলমবেক্ষতে অন্তরেণান্তরাত্মনা অন্তরমবকাশা-বধি পরিধানান্তর্দ্ধি ভেদতাদর্থ্যে ছিদ্রাত্মীয় বিনা বহিরবসর মধ্যেঽন্তরাত্মনি চেত্যমরঃ ॥ ১৬ ॥ ১৭

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চমস্য চতুর্থোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ভারতবর্ষে অতি নীচ অন্ত্যজাদি যোনিগত কোন নিকৃষ্ট ব্যক্তিও স্বার্থের অনুরোধে অন্য কাহারও নিকট হইতে কখন কোন সময়ে বা প্রকারে কোন উৎকৃষ্ট বিষয়ের আকাঙ্ক্ষা করিত না; সর্ব্বলোকের পালনকর্ত্তা সর্ব্বেশ্বর ভগবানের অনুসরণ করত, সকল লোকই নিরন্তর পরিবর্দ্ধিত ভগবদ্ভক্তির প্রতিই দৃষ্টি করিত। ভগবানের প্রতি অহৈতুকী ভক্তি ব্যতীত, জগতে অন্য কোন পদার্থের জন্য তাহারা কখন আকাঙ্ক্ষা করিত না। ১৬॥

শ্রীঋষভদেব উবাচ ॥

নায়ং দেহো দেহভাজাং নৃলোকে কষ্টান্ কামানর্হতে বিড্ভুজাং যে।

অন্বয়ঃ।

শ্রীঋষভদেবঃ উবাচ। হে পুত্রকাঃ! নৃলোকে দেহভাজাং প্রাণিনাং, মধ্যে অয়ং মনুষ্য-দেহঃ বিড্ভুজাং শূকরাদীনাং, যে কামাঃ সন্তি তান্ কষ্টান্ কষ্টহেতুত্বেন নিন্দিতান্, কামান্

শ্রীধরস্বামী।

পঞ্চমে মোক্ষধর্ম্মোপদেশৈঃ পুত্রানুশাসনং।
উক্তং পারমহংস্যঞ্চ তস্য দ্বন্দ্বতিতিক্ষয়া ॥ * ॥

বিড্ভুজামপি যে সন্তি তান্ কষ্টান্ দুঃখদান্ কামান্ বিষয়ান্নার্হতে তদ্যোগ্যোঽয়ং মনুষ্য-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বভক্তিং স্বানুপাদিশ্য বিধায় ভরতং নৃপং।
প্রব্রজ্য পঞ্চমে দেবো জড়চর্য্যামদীদৃশৎ ॥ * ॥

উপশিক্ষয়ন্নুবাচেত্যুক্তং তত্র ভক্তিযোগে প্রবর্ত্তয়িতুং প্রথমং মনুষ্যদেহস্য পুরুষার্থ-সাধনত্বং বিষয়ভোগানৌচিত্যঞ্চাহ নায়মিতি। কষ্টান্ কষ্টপ্রদান্ কামান্ যোষিদ্দর্শন-স্পর্শনা-দীন্ নার্হতে নৈবার্হতি ইতি কুতঃ যে বিড্ভুজামপি সন্তি কামার্হত্বে মনুষ্যদেহ-শূকরদেহয়ো

ভগবান্ ঋষভদেব এক দিবস ইতস্ততঃ পর্য্যটন করিতে করিতে ব্রহ্মাবর্ত্তে উপনীত হইলেন; তথায় অতি বিচক্ষণ বিজ্ঞ ব্রহ্মর্ষিগণের সভায় সমবেত প্রজাবৃন্দ ও পুত্রগণকে নিরীক্ষণ করিয়া, তিনি তথায় গমন করিলেন এবং তাঁহাকে অবলোকন করিয়া, একান্ত বিনীত, স্নেহভরে আর্দ্র ও সংযতচিত্ত স্বকীয় সন্তানগণকে উপদেশ প্রদান পূর্ব্বক নিম্নলিখিত তত্ত্বসমূহ প্রকাশ করিয়াছিলেন ॥ ১৭ ॥

ইতি পঞ্চমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চতুর্থাধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

ঋষভদেব বলিলেন, হে পুত্রগণ! এই সৃষ্ট সংসারে দেহধারী প্রাণীর মধ্যে মনুষ্যদেহই সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট; অতএব শূকরাদি নিকৃষ্ট যোনিতে যে সকল কামনা বা ভোগ-বাসনার উদয় হয়, তাদৃশ বিষয়-ভোগ বা কামনার চরিতার্থের দ্বারা মনুষ্য জীবনের শ্রেয়ঃসাধন হয় বলিয়া জ্ঞান করা কর্ত্তব্য

আভাস।

পঞ্চমাধ্যায়ে ভগবান্ ঋষভদেব পুত্রগণকে মোক্ষ ধর্ম্মের উপদেশ প্রদান পূর্ব্বক দ্বন্দ্বধর্ম্মের উপেক্ষার্থ পারমহংস্য জ্ঞানের উপদেশ প্রদান করিয়াছেন ॥

ভগবানে ভক্তিযোগের প্রবর্ত্তনার্থ ভগবান্ ঋষভদেব পুত্রগণকে প্রথমত মনুষ্যদেহে পুরুষার্থ-সাধনের উপযোগিতা প্রদর্শন পূর্ব্বক বিষয়সম্ভোগ হইতে প্রতিনিবৃত্ত হইতে আদেশ

তপো দিব্যং পুত্রকা যেন সত্ত্বং শুদ্ধ্যেদ্‌যস্মাদ্‌ব্রহ্মসৌখ্যং ত্বনন্তং ॥ ১ ॥

অন্বয়ঃ।

বিষয়ভোগান্‌, ন অর্হতে তদ্‌যোগ্যঃ ন ভবতি। অপি তু দিব্যং উৎকৃষ্টং, তপঃ অর্হতি যেন তপসা, সত্ত্বং অন্তঃকরণং, শুদ্ধ্যেৎ; যস্মাৎ শুদ্ধাৎ সত্ত্বাৎ, অনন্তং অবিনাশি ব্রহ্মসৌখ্যং ব্রহ্মানন্দঃ, হি নিশ্চিতং ভবতি ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

দেহো ন ভবতি। দিব্যং উৎকৃষ্টং। যেন তপসা যস্মাৎ শুদ্ধসত্ত্বাৎ অনন্তং ব্রহ্মসুখং ভবতি ॥১

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তুল্যত্বাপত্তেরিতি ভাবঃ। তেন শূকরদেহাদিভি র্যন্ন লভ্যতে তদেব মনুষ্যদেহেন লব্ধুং যতনীয়ং তদেব মনুষ্যত্বচিহ্নং কিং তত্রাহ তপ ইতি। তচ্চানাহার-বর্ষাতপ-সহনাদিকং বৃক্ষাদীনামপি বর্ত্তত ইতি তদ্ব্যাবৃত্ত্যর্থমাহ দিব্যমপ্রাকৃতং ভগবৎসম্বন্ধীত্যর্থঃ। হে পুত্রকাঃ অনুকম্পায়াং কন্‌। সত্ত্বমন্তঃকরণং ॥ ১ ॥

নহে। কারণ বিষয় ভোগই কষ্টের হেতু; সুতরাং নিন্দিত। মনুষ্য-জীবন লাভ করিয়া, তাদৃশ উৎকৃষ্ট তপস্যার অনুষ্ঠান করা সর্ব্বতোভাবে বিধেয়, যদ্দ্বারা অন্তঃকরণ বিশুদ্ধ হয়। কারণ বিশুদ্ধ অন্তঃকরণে নিত্য নিরতিশয় ব্রহ্মানন্দই নিরন্তর উদিত হইয়া থাকে, সন্দেহ নাই ॥ ১ ॥

আভাস।

করিয়াছেন। কারণ মনুষ্যদেহ কেবল ভোগের জন্য সৃজিত হয় নাই; জগৎকে পরীক্ষা করিয়া স্বভাবসিদ্ধ বিষয়াসক্তি বিসর্জ্জনের উপায় অনুসন্ধান করিবার জন্যই ভগবান্‌ জীবকে মনুষ্য-কলেবর প্রদান করিয়াছেন; ইহাই ঋষভের শ্রেষ্ঠ উপদেশ ভাগ। ভোগ সকল দেহেই সমানভাবে উপলব্ধ হইয়া থাকে। মানব ক্ষীর, নবনী ও মিষ্টান্ন প্রভৃতি উপাদেয় ভোজন দ্রব্য লাভে যেরূপ তৃপ্তি অনুভব করিয়া থাকে, মনুষ্যের ত্যজ্য কিন্তু শূকর-দেহের অনুকূল বিষ্ঠাকে শূকর ভোজ্যরূপে প্রাপ্ত হইলে, তদনুরূপ তৃপ্তিই লাভ করিয়া থাকে। বিষ্ঠা বলিয়া শূকরের তাহাতে ঘৃণা বা অতৃপ্তি জন্মে না। অতএব যে দেহে যাহা অনুকূল, তদ্দ্বারাই তাহার তৃপ্তি হয় এবং প্রতিকূল বিষয়ের সংযোগে অতৃপ্তি বা দুঃখ জন্মে। আবার সময়ানুসারেও একটী ভোগ্য বিষয় কখন তৃপ্তিকর, কখন অতৃপ্তিকর হইয়া থাকে। যেমন জ্বরকালে পিত্তদূষিত রসনায় মধুর রস তিক্ত বলিয়া অনুভূত হয়; তখন প্রকৃত তিক্ত নিম্বকে উপাদেয় জ্ঞানে জিহ্বা গ্রহণ করিয়া থাকে। অতএব সংসারে কোন বস্তুই নিরন্তর তৃপ্তিকর বা নিরন্তর দুঃখপ্রদ হয় না; প্রয়োজন হইলে, প্রতিকূলও গ্রাহ্য হয় এবং প্রয়োজন না থাকিলে অনুকূল পদার্থও ত্যজ্য হইয়া থাকে। অতএব ধন-জনাদি বিষয়-সম্পত্তি চিরকাল সুখের নিদান নহে; সুখ ও দুঃখ পর্য্যায়ক্রমে বিষয় হইতেই উদ্ভূত হইয়া থাকে। অন্ধের ন্যায় বিচারশূন্য হইয়া, নিরন্তর বিষয়ে আসক্ত থাকিলে, শূকরবৎ কার্য্য করা হয় এবং প্রয়োজন অনুসারে গ্রহণ, নতুবা পরিহার পূর্ব্বক উদাসীনের ন্যায় পরমার্থ চিন্তনে জীবনকে উন্নত

মহৎসেবাং দ্বারমাহুর্বিমুক্তে স্তমোদ্বারং যোষিতাং সঙ্গিসঙ্গং।

অন্বয়ঃ।

(শিষ্টাঃ জনাঃ) মহৎসেবাং (মহতাং সেবাং) এব সংসারাৎ বিমুক্তেঃ দ্বারং আহুঃ; তথা যোষিতাং যে সঙ্গিনঃ তেষাং সঙ্গং তমোদ্বারং (তমসঃ অবিদ্যাকার্য্যস্য তির্য্যগ্‌ নরকাদি-

শ্রীধরস্বামী।

মোক্ষবন্ধয়ো র্নিদানমাহ মহৎসেবামিতি তমসঃ সংসারস্য দ্বারং যোষিতাং যে সঙ্গিন-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনুষ্যদেহাদেবোদ্ধারোঽধঃপাতশ্চ ভবতীতি তয়োঃ কারণমপি মনুষ্যদেহেঽস্তীত্যাহ মহদিতি। বিমুক্তে র্বিবিধমুক্তেঃ। ব্রহ্মসৌখ্যং হ্যনন্তমিতি পূর্ব্বোক্তে ব্রহ্মসৌখ্যস্যাচ নির্বিশেষ-সবিশেষ-ব্রহ্ম-সম্বন্ধিত্বেন দ্বৈবিধ্যান্মুক্তিরপি সাযুজ্যং ভক্তিম পার্ষদত্বঞ্চেতি দ্বিবিধা বিশব্দাদ্ব্যাখ্যেয়া। মহান্তোঽপি দ্বিবিধা ব্রহ্মোপাসকা ভগবদুপাসকাশ্চ তেষাং লক্ষণং

মহৎব্যক্তির সেবাই সংসার হইতে মুক্তিলাভের একমাত্র দ্বারস্বরূপ এবং কামিনী ও কামুকের সঙ্গই অবিদ্যার দ্বারভূত নরকের কারণ বলিয়া শিষ্টগণ কীর্ত্তন করিয়া থাকেন। তির্য্যগাদি নরকযোনিতে এক অবিদ্যাই জীবকে প্রবিষ্ট করিয়া দেন। যাহারা পুরুষার্থ-সাধনের প্রার্থনা করেন, তাদৃশ সাধু-

আভাস।

করাই মনুষ্য জীবনের একমাত্র উদ্দেশ্য। কারণ বিষয়সম্ভোগ হইতে বিরত থাকিয়া, বিচারহীন বৃক্ষের ন্যায় বাত-বর্ষাদি সহ্য করত কেবল তপস্যার অনুশীলনে মানব কৃতার্থ হইতে পারে না; সকলের মূলে জ্ঞান বা বিচারের প্রয়োজন। বিষয়কে ত্যাগ করিতে হইবে, কেবল অনুরোধে নহে; তাহার দোষের প্রতি দৃষ্টি করিয়া, তৎপ্রতি আসক্তির ভাব সহ তাহাকে বিসর্জ্জন করিতে হইবে; নতুবা সময়ান্তরে তাহাতে আসক্ত হইয়া, দূষিত হইবার সম্ভাবনা থাকে। এবং কেবল অনুরোধে পড়িয়া ঈশ্বর বলিয়া স্বীকার করিয়াও নিশ্চিন্ত থাকা উচিত নহে; তাহা হইলে কালক্রমে নাস্তিকতার দ্বারা হৃদয় আক্রান্ত হইবার বিশেষ সম্ভাবনা; তবে বিষয়ের স্বরূপ এবং তল্লাভালাভের প্রতি তীক্ষ্ণ দৃষ্টি রাখিয়া, সর্ব্ব-নিয়ন্তা ঈশ্বরভাবের উপলব্ধি যদি স্বরূপত জন্মে, তবে সে ভাব কখন হৃদয় হইতে অন্তর্হিত হয় না; এবং আনন্দেরও কখন তিরোধান ঘটে না। কারণ এই মায়াময় অনিত্য সংসারে সর্ব্বসাক্ষী সেই চৈতন্যভাবই নিত্যসিদ্ধ এবং সাক্ষী-চেতা; নির্গুণ জীবের স্বরূপও সেই ভাবের দ্বারা গঠিত। ১।

মনুষ্যদেহ লাভ করিলেই যে ক্রমান্বয়ে উন্নতির স্রোতে পতিত হইয়া, জীবের উদ্ধার হয়, এমত নহে; এই যোনি হইতে অধঃপতনেরও বিশেষ সম্ভাবনা। ইহা উন্নতি এবং অবনতির মধ্যবর্ত্তী স্তর। যত্ন করিলে জীব মানবযোনি হইতে উন্নতি লাভে সবিশেষ এবং নির্ব্বিশেষ ব্রহ্মস্বরূপের সাক্ষাৎকারে উপযোগী হয় এবং যত্ন না করিয়া অন্ধের ন্যায় বিষয়-

মহান্তস্তে সমচিত্তাঃ প্রশান্তা বিমন্যবঃ সুহৃদঃ সাধবো যে ॥ ২ ॥

অন্বয়ঃ।

যোনি-প্রবেশ-লক্ষণস্য সংসারস্য) দ্বারং আহুঃ। যে সাধবঃ পুরুষার্থ-সাধন-দক্ষাঃ, (শুদ্ধান্তঃ-করণত্বেন) প্রশান্তাঃ কামলোভাদিদোষরহিতান্তঃকরণাঃ, অতএব বিমন্যবঃ ক্রোধরহিতাঃ, সর্ব্বপ্রাণিষু সমচিত্তাঃ মিত্রারিভাবরহিতাঃ, সুহৃদঃ হিতচিন্তকাঃ, তে এব মহান্তঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

তেষাং সঙ্গং। মহতাং লক্ষণমাহ সার্দ্ধেন মহান্ত ইতি সাধবঃ সদাচারাঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রৈবাহ সমচিত্তাঃ অভেদদর্শিনঃ। অকুটিলচিত্তাশ্চ প্রশান্তাঃ প্রশমাদিযুক্তাঃ ভগবন্নিষ্ঠ-বুদ্ধয়শ্চ। শমো মন্নিষ্ঠতাবুদ্ধেরিতি ভগবদুক্তেঃ। বিমন্যব ইত্যাদি বিশেষণত্রয়মুভয়ত্র তুল্যার্থং। সাধবঃ পরদোষাগ্রাহিণঃ ॥ ২ ॥

গণ কামলোভাদি চিত্তদোষ পরিত্যাগ পূর্ব্বক ক্রোধের বর্জ্জনে এবং সকল প্রাণীর প্রতি শত্রু মিত্রাদি ভাবের পরিহারে সমগুণকেই অবলম্বন করিয়া থাকেন। এই প্রকারে পরোপকারী সদাশয় ব্যক্তিগণই মহৎ নামে অভি-হিত হইয়া থাকেন ॥ ২ ॥

আভাস।

সম্ভোগে কেবল প্রবৃত্ত থাকিলে, ভোগের চরম সীমা তির্য্যগাদি নিকৃষ্ট নরকযোনিতে পতিত হইয়া থাকে। কোন একটী অম্রাদির বীজ মৃত্তিকায় প্রোথিত করিলে, যেমন অঙ্কুরিত হইয়া ঊর্দ্ধে শাখা পল্লবাদির প্রসারণ করে, সেইরূপ মূল শিকড়াদিরও প্রসারণে অধঃ মৃত্তিকাতে প্রবেশ করে। বীজই যেমন স্কন্ধ, শাখা, পত্র, পুষ্প ও ফলরূপে পরিণত হয়, সেইরূপ অধোভাগ পৃথিবীতেও মূল শিকড়াদিরূপে পরিণত হইয়া থাকে। বীজই যেমন উভয় পরিণামের কারণ, সেইরূপ মনুষ্যযোনিকেও ঊর্দ্ধে দেবাদিযোনি বা মুক্তি এবং নিম্নে তির্য্যগাদি যোনির কারণরূপে স্বীকার করিতে হইবে। কিন্তু বীজ যেমন শিকড়ের প্ররোহ না করিয়া, ঊর্দ্ধে শাখাদির প্ররোহ করিতে পারে না; মূল শিকড়াদি ভূগর্ব্ভে যত বিচিত্রভাবে প্রবেশ করে, ততই সেই বৃক্ষের উপরে উন্নতি পরিলক্ষিত হয়; নিম্নে প্রবেশের প্রতিবন্ধকে উপরেও উন্নতির প্রতিবন্ধক পায়, সেইরূপ মানব-যোনিরূপ বীজের বিচাররূপ শিকড়সমূহ সংসার-ক্ষেত্রের যত গভীর স্তরে প্রবেশ করিতে পারে, ততই বৈরাগ্যরসে পুষ্টিলাভ করত উন্নতির সোপান-স্বরূপ দেবাদি যোনিকে অতিক্রম করিয়া, মুক্তিস্বরূপ অমৃতময় ফল উৎপাদন করে। এই শ্লোকে মহাজনের সেবা অর্থাৎ তাঁহাদের অনুসরণ করাই মুক্তির এবং কামিনী ও কামুকের সঙ্গই যে নরকের দ্বার তাহাই বর্ণন করিয়াছেন। ব্রহ্মজ্ঞানী এবং ভগবদুপাসক এই উভয়কেই মহাজন নামে অভিহিত করা যায়। মহাজনের লক্ষণ অর্দ্ধ শ্লোকে পরিস্ফুট হইয়াছে ॥ ২ ॥

ভগবদুপাসক ভক্তই ঘোর দুঃখসঙ্কুল সংসার-ক্ষেত্রে শ্রেষ্ঠ এবং উৎকৃষ্ট বলিয়া পরি-

যে বা ময়ীশে কৃতসৌহৃদার্থা জনেষু দেহম্ভরবার্ত্তিকেষু।
গৃহেষু জায়াত্মজরাতিমৎসু ন প্রীতিযুক্তা যাবদর্থাশ্চ লোকে ॥ ৩ ॥

অন্বয়ঃ।

যে ময়ি ঈশে কৃতসৌহৃদার্থাঃ (কৃতং সৌহৃদং প্রেম এব অর্থঃ পুরুষার্থঃ যেষাং তে) দেহম্ভরবার্ত্তিকেষু (দেহং বিভর্ত্তীতি দেহম্ভরা ধনার্জনাদিবিষয়া এব বার্ত্তা যেষু তেষু) জনেষু তথা জায়াত্মজ-রাতিমৎসু (জায়া স্ত্রী আত্মজাঃ পুত্রাঃ রাতিঃ ধনং তদ্বৎসু গৃহেষু চ ন প্রীতিযুক্তাঃ তথা লোকে যাবদর্থাঃ যাবদর্থং প্রযোজনং এব অর্থঃ যেষাং তথাভূতাঃ জনাঃ এব মহান্তঃ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

ময়ি ঈশে কৃতং সৌহৃদমেবার্থঃ পুরুষার্থো যেষাং বা শব্দেনানান্যনিরপেক্ষস্যৈব অস্য লক্ষণত্বং দর্শয়তি দেহং বিভর্ত্তীতি দেহম্ভরা বিষয়বার্ত্তৈব ন ধর্ম্মবিষয়া যেষু তেষু জনেষু জায়াদিযুক্তেষু গৃহেযুচ রাতির্মিত্রং ধনং বা। রাতিদেষ্বিতি পাঠান্তরে জায়াদিপ্রদেষু। যাবদর্থাশ্চ যাবদর্থমেবার্থো যেষামিতি মধ্যপদলোপী সমাসঃ দেহনির্ব্বাহাধিক-ধনস্পৃহাশূন্যা ইত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উত্তরেষামসাধারণং লক্ষণং পুনরাহ ময়ি ঈশে কৃতং সৌহৃদং প্রীতিরেব অর্থঃ পুরুষার্থো যেষাং মৎপ্রীতেরন্যদস্তু যে পুরুষার্থং ন মন্যন্ত ইত্যর্থঃ। বা শব্দেনান্যনিরপেক্ষস্যাস্যৈব লক্ষণত্বং দর্শয়তীতি শ্রীস্বামিচরণাঃ। দেহম্ভরাণাং ভোজনপানাদ্যাসক্তানাং যা বার্ত্তা জীবিকাঃ কথা বা তাভিরেব যে দীব্যন্তি তেষু জনেষু জায়াদিযুক্তেষু গৃহেযুচ বিদ্যমানেষ্বপি ন প্রীতিযুক্তাঃ। রাতির্ধনং। নমু তর্হি কিমর্থং তেষু গৃহেষু তিষ্ঠন্তীতি তত্রাহ যাবদ্ভিরেব ধনাদিভিরর্থো মৎপাদসেবনাদ্যাত্মিকা ভক্তি র্ভবেত্তাবন্ত এবোপাদেয়া যেষাং তে। তাবদাদি পদানাং বৃত্তাবন্তর্ভাবঃ ॥ ৩ ॥

যাঁহারা মদীয় ভগবৎস্বরূপে প্রেম করাই পরম পুরুষার্থ বলিয়া ধারণা করেন এবং কেবল দেহপোষক ধনার্জ্জনাদি ব্যাপারে নিবিষ্টচিত্ত ভোগী জীব ও স্ত্রী, পুত্র, ধন, ধান্য এবং গৃহ ক্ষেত্রাদিবিশিষ্ট সংসারে প্রীতিযুক্ত না হন, কেবল দেহযাত্রা নির্ব্বাহের উপযুক্ত দ্রব্য লাভেই সন্তুষ্ট হন, তাদৃশ জনগণও মহৎশব্দে অভিহিত, সন্দেহ নাই ॥ ৩ ॥

আভাস।

গণিত। কারণ দুঃখের উৎপীড়নে চিত্ত যখন ব্যাকুল ও কিংকর্ত্তব্য-বিমূঢ় হইয়া পড়ে, তখন সাহায্যকারী একজন পরম বন্ধুকে প্রাপ্ত হইলে যেরূপ উপকার বোধ হয়, সেরূপ উপকার নিজের বিবেকবুদ্ধির নিকট পাইবার প্রত্যাশা থাকে না। সুস্থ বা পীড়াহীন দশায় বুদ্ধি যথেষ্ট উপকার করে বটে; কিন্তু পীড়িত দশায় বুদ্ধিও উৎপীড়িত হইয়া, যথার্থ পথ নিরূপণে অসমর্থ হইয়া পড়ে। অতএব তাদৃশ দশায় ভগবানের ন্যায় পরম বন্ধুর

নূনং প্রমত্তঃ কুরুতে বিকর্ম্ম যদিন্দ্রিয়প্রীতয় আপৃণোতি।
ন সাধু মন্যে যত আত্মনোঽয়মসন্নপি ক্লেশদ আস দেহঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

যৎ যদা, দুঃসঙ্গাবস্থায়াং ইন্দ্রিয়প্রীতয়ে আপৃণোতি ব্যাপ্রিয়তে, তদা নূনং নিশ্চিতং, প্রমত্তঃ হিতাহিতবিচাররহিতঃ সন্ বিকর্ম্ম পাপং এব কুরুতে তৎ আচরণং অহং সাধু ন মন্যে। যতঃ যস্মাৎ পাপাচরণাৎ এব আত্মনঃ ক্লেশদঃ অতএব অসন্ দুষ্টঃ অয়ং দেহঃ আস ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

কামান্নার্হতীতি যদুক্তং তদুপপাদয়তি নূনমিতি, যদ্যদা ইন্দ্রিয়প্রীতয়ে আপৃণোতি ব্যাপ্রিয়তে তদা প্রমত্তঃ সন্ বিকর্ম্ম পাপং নূনং কুরুতে যতো বিকর্ম্মণঃ প্রাচীনাদয়ং ক্লেশদো দেহো জাতঃ তস্যৈব পুনঃ করণং সাধু ন মন্যে ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তমোদ্বারাৎ যোষিৎসঙ্গিসঙ্গাৎ দেহিন এবমধঃপাতঃ স্যাদিতি তৎ দর্শয়তি শোচতিচ নূনমিতি। বিকর্ম্ম পরদারাদিগ্রহণপাপং আপৃণোতি বিকর্ম্মণ্যেব ব্যাপৃতো ভবতি যতো বিকর্ম্মণঃ প্রাচীনাদয়ং ক্লেশদো দেহো জাতঃ তস্যৈব পুনঃ করণং ন সাধু মন্যে। দেহঃ কীদৃশঃ আত্মনো জীবস্য অসন্নপি বস্তুতো ন বর্ত্তমানোঽপি। অসঙ্গো হ্যয়ং পুরুষ ইতি শ্রুতেঃ ॥ ৪ ॥

অসৎসংসর্গের অনুরোধে চিত্ত যখন ইন্দ্রিয়চরিতার্থের বিষয়েই ব্যাপৃত হয়, তখন জীব হিতাহিত বিচারে সম্পূর্ণ অসমর্থ হইয়া নিষিদ্ধ পাপাদি দুষ্কর্ম্মেরই অনুষ্ঠান করিয়া থাকে। এরূপ আচরণকে আমি কখন ভাল বলিয়া মনে করি না; কারণ কেবল পাপানুষ্ঠান-নিবন্ধনই বিশুদ্ধ চৈতন্য-ঘন আত্মস্বরূপ জীবের এই দুঃখপ্রদ দূষিত দেহের উৎপত্তি হইয়া থাকে ॥ ৪ ॥

আভাস।

ক্রোড়ে আত্মসমর্পণ করিয়া রাখাও বিশেষ বিবেকী ও জ্ঞানবানের প্রয়োজন। অতএব ভক্তই প্রকৃত বিবেকী এবং জ্ঞানী, সে বিষয়ে আর সন্দেহ নাই। ভক্ত হইতে হইলে, যে সকল বিষয় হইতে প্রতিনিবৃত্ত থাকা উচিত, তাহাই ভোগীর আচরণে প্রদর্শন করিয়াছেন। অর্থাৎ ভগবান্ জীবকে যে আসক্তি প্রদান করিয়াছেন, সেই আসক্তির বলে জীব আপনাকে নরকে বা মোক্ষপদবীতে লইয়া যাইতে পারে। আসক্তি তৎপক্ষে একটী যন্ত্র মাত্র। আসক্তি যখন ভোগ্য বিষয় সমূহকেই লব্ধব্য জ্ঞানে তৎপ্রতি ধাবিত হয়, তখন সে আসক্ত পুরুষকে পর্য্যন্ত তাদৃশ স্তরে আনয়ন করে। পুনরায় বিচার পূর্ব্বক বিষয়ের দোষ দর্শনে তাহাকে পরিহার করত যখন সর্ব্বশ্রেষ্ঠ সর্ব্বনিয়ন্তা ঈশ্বরের প্রতি ধাবিত হয়, তখন আসক্তি জীবকে মোক্ষপদে উত্তোলন করে। তবে আসক্তির গুণ ব্যতীত দোষের কীর্ত্তন করা অবিধেয়; আসক্তির বিষয়ের দোষ ও গুণ আছে বলিয়া, অবশ্য স্বীকার করিতে হইবে।

পরাভবস্তাবদবোধজাতো যাবন্ন জিজ্ঞাসত আত্মতত্ত্বং।
যাবৎক্রিয়া স্তাবদিদং মনো বৈ কর্ম্মাত্মকং যেন শরীরবন্ধঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

যাবৎ অয়ং আত্মতত্ত্বং সচ্চিৎস্বরূপং ন জিজ্ঞাসতে ন বিচারয়তি, তথা বিচারেণ প্রত্যক্ষং করোতি, তাবৎ অবোধজাতঃ আত্মনঃ পরাভবঃ তিরস্কারঃ অভানং ভবতি। যাবৎ অজ্ঞানং তাবৎ ক্রিয়া বিদ্যতে; যাবৎ ক্রিয়া তাবৎ ইদং মনঃ কর্ম্মাত্মকং প্রবৃত্তিস্বভাবং এব ভবতি! যেন প্রবৃত্তিস্বভাবেন মনসা পুরুষস্য শরীরবন্ধঃ (শরীরপ্রাপ্ত্যা সংসারবন্ধো ভবতি) ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

দেহাদের্নশ্বরত্বাৎ কিয়ানয়মনর্থ ইত্যাশঙ্ক্যাহ পরাভবো দেহাদিনা স্বরূপাভিভবঃ অজ্ঞান-কৃত স্তাবদ্ভবতি তত্র হেতুঃ যাবৎ ক্রিয়াঃ স্যুঃ তাবদিদং মনো হি কর্ম্মস্বভাবমেব স্যাৎ যেন কর্ম্মাত্মকেন মনসা ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্হি পুণ্যং কর্ত্তব্যমিতিচেন্ন তস্যাপি সংসারহেতুত্বেন ক্লেশহেতুত্বাৎ তস্মাৎ পুণ্য-পাপয়ো র্নিরাসকং জ্ঞানমেবাভ্যসনীয়মেবেত্যাহ। পরাভবঃ কর্ম্মপারতন্ত্র্যং তদেব জীবস্য বন্ধঃ। স চাজ্ঞানকৃত স্তাবদেব ভবতি যাবন্ন জিজ্ঞাসত ইতি জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুনেত্যুক্তেঃ। যাবজ্জ্ঞানং নোদ্ভবেৎ তাবৎ কর্ম্মাণি ন নশ্যন্তি। যাবৎ ক্রিয়াঃ পুণ্য-পাপ-কর্ম্মাণি স্যু স্তাবদিদং মনো হি কর্ম্মাত্মকং কর্ম্মস্বভাবমেব স্যাৎ যেন কর্ম্মাত্মকেন মনসা ॥ ৫ ॥

যদবধি আত্মতত্ত্ব সচ্চিদানন্দ স্বরূপের জিজ্ঞাসা না আইসে এবং তদ্বিষয়ক বিচারের দ্বারা অপরোক্ষানুভূতি না জন্মে, তদবধি অজ্ঞান-জনিত আত্ম-স্বরূপের তিরস্কারই হইয়া থাকে। যদবধি অজ্ঞান তিরোহিত না হয়, তদবধি কর্ম্মের হস্ত হইতে অব্যাহতি নাই; সুতরাং সংকল্পাদির অধিষ্ঠান-ভূত মন প্রবৃত্তি-স্বভাবেই পরিণত থাকে। প্রবৃত্তি-স্বভাব-বিশিষ্ট মনের অনুসারেই জীবের দেহ-বন্ধন বা সংসার-প্রাপ্তি ঘটে ॥ ৫ ॥

আভাস।

যে পুরুষ সেই আসক্তিকে সরল এবং উপাদেয় পথে নিযোজিত করিতে পারেন, তিনিই যথার্থ ভক্ত ও জগতে কৃতী বলিয়া গণনীয়। কারণ মূলত অসতের চিন্তায় ভোগের অভি-নিবেশেই এই অসৎ দেহ যখন লাভ করিয়া নিরন্তর সুখ ও দুঃখাদির অনন্ত স্রোতে ভাসমান হওয়া হইতেছে, তখন আবার সেই অসৎ দেহগেহাদির চিন্তায় সংসার-স্রোতের বর্দ্ধন করা বিচক্ষণ ব্যক্তির পক্ষে কখনই বিধেয় নহে। কারাবাসের ন্যায় অবশভাবে দেহে অবরুদ্ধ হইয়া, অসঙ্গস্বরূপ জীবের সংসার ঘটিয়া থাকে। অতএব কারাগৃহের ন্যায় এই স্থূল, সূক্ষ্ম ও কারণাত্মক ত্রিবিধ প্রকোষ্ঠবিশিষ্ট দেহগৃহের স্থায়িত্ব রক্ষণে যত্নবান্ হওয়া কখনই বুদ্ধিমান্

এবং মনঃ কর্ম্মবশং প্রযুঙ্‌ক্তে অবিদ্যয়াত্মন্যুপধীয়মানে।
প্রীতির্ন যাবন্ময়ি বাসুদেবে ন মুচ্যতে দেহযোগেন তাবৎ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

এবং উক্তপ্রকারেণ, অবিদ্যয়া আত্মনি উপধীয়মানে দেহেন্দ্রিয়াধ্যাসেন আচ্ছাদ্যমানে, সতি প্রবৃত্তিস্বভাবং মনঃ পুরুষং কর্ম্মবশং প্রযুঙ্‌ক্তে অবশ্যং কর্ম্ম কারয়তি। অতঃ যাবৎ ময়ি বাসুদেবে, পুরুষস্য প্রীতিঃ ন জায়তে তাবৎ দেহযোগেন ন মুচ্যতে ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

উক্তমুপসংহরতি পূর্ব্বকৃতং কর্ম্ম কর্ত্তৃভূতং মনঃ কর্ম্মভূতং বশং প্রযুঙ্‌ক্তে পুনঃ কর্ম্মনিষ্ঠং করোতি। জীবন্মুক্তকর্ম্মব্যাবৃত্ত্যর্থমাহ অবিদ্যয়েতি ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কেন প্রকারেণ মনঃ কর্ম্মাত্মকং স্যাত্তমাহ এবমিতি। কর্ম্ম প্রাচীনমর্ব্বাচীনং বা কর্ত্তৃ মনঃ কর্ম্মভূতং বশং প্রযুঙ্‌ক্তে পুনঃ কর্ম্মনিষ্ঠং করোতি। এবমনেন প্রকারেণ মনঃ কর্ম্মাত্মকং স্যাৎ যদয় যদধীনং স্যাৎ তচ্চ তদাত্মকমেব ভবেদিত্যর্থঃ। জীবন্মুক্তকর্ম্মব্যাবৃত্ত্যর্থমাহ অবিদ্যয়েতি। আত্মনি জীবে উপধীয়মানে যুজ্যমানে সতি উপধিরূপাধি লিঙ্গং তদধ্যাসাত্তদ্রূপী ক্রিয়মাণ ইত্যর্থঃ। কিঞ্চ সমস্তকর্ম্মনির্ম্মূলীকরণী ভক্তিরেবেত্যাহ প্রীতিরিতি ॥ ৬ ॥

উক্ত প্রকারে অবিদ্যার আবরণে দেহেন্দ্রিয়াদির আচ্ছাদনে আবৃত আত্ম-চৈতন্যস্বরূপ জীবকে প্রবৃত্তিস্বভাববিশিষ্ট মন নিরন্তর কার্য্যক্ষেত্রে প্রেরণ করিয়া থাকে। অতএব বাসুদেবস্বরূপ ভগবানে যে পর্য্যন্ত পুরুষের প্রীতি না জন্মে, তদবধি তাহার দেহ-সম্বন্ধ অপরিহার্য্য; সন্দেহ নাই ॥ ৬ ॥

আভাস।

ব্যক্তির কার্য্য নহে। যেমন বালুকাদির প্রলেপে গৃহের স্থায়িত্ব সম্পাদন করা হয়, সেইরূপ প্রারব্ধ কর্ম্মে গঠিত বর্ত্তমান দেহের দীর্ঘকাল-স্থায়িত্বভাব ভাবি কর্ম্মের দ্বারাই সাধিত হইয়া থাকে। কারারুদ্ধ ব্যক্তি নির্ম্মুক্তির প্রার্থনায় যদি নিজের কারাগৃহের সংস্কার কার্য্যেই নিয়ত ব্যস্ত থাকে, তাহা হইলে তাহার মুক্তি যেমন দূর-পরাহত, সেইরূপ আসক্তিপূর্ব্বক ভাবি কর্ম্মের জন্য নিত্য ব্যস্ত থাকিলে, জীবের মুক্তিও দূর-পরাহত। অতএব নির্ব্বোধের ন্যায় পুনরায় আসক্ত না হইয়া, বিচক্ষণের ন্যায় আসক্ত হইবার কারণ অজ্ঞানকে তিরোহিত করিবার জন্য আত্মস্বরূপের প্রতি দৃষ্টি করত নিজের কারাবাসের প্রতি লক্ষ্য করা আবশ্যক; তাহা হইলে বিষয়াসক্তি আপনা হইতে দূরে পলায়ন করে এবং পরাৎপর ভগবানে ভয় ভক্তি প্রেম ও উচ্ছ্বাস একে একে উপস্থিত হইয়া জীবকে সংসার হইতে উদ্ধার করে ॥ ৩—৬ ॥

চৈতন্যস্বরূপ জীব মায়াময় দেহের আবরণে আবৃত হইয়াই যে কেবল আত্মবিস্মৃত হয়, এমন নহে; স্বস্বরূপে দেহধর্ম্মের আরোপ করত দেহস্বরূপে আত্মপরিচয় দিয়া থাকে। যেমন প্রেতাবিষ্টা ব্রাহ্মণ-পত্নী প্রেত বলিয়া আপনার পরিচয় দিয়া থাকে এবং নিজে যে ব্রাহ্মণ

যদা ন পশ্যত্যযথা গুণেহাং স্বার্থে প্রমত্তঃ সহসা বিপশ্চিৎ।
গতস্মৃতি বিন্দতি তত্র তাপানাসাদ্য মৈথুন্যমগারমজ্ঞঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

যদা স্ত্রীসঙ্গিসঙ্গাৎ তৈঃ প্রোৎসাহিতঃ সন্ গুণেহাং (গুণানাং রজস্তম আদীনাং ঈহাং তত্তদিন্দ্রিয়াণাং তত্তদ্বিষয়োন্মুখতয়া প্রেরণালক্ষণাং চেষ্টাং) এব অযথা মিথ্যা তাপত্রয়হেতুরিতি পুরুষঃ ন পশ্যতি তদা সহসা ঝটিতি, গতস্মৃতিঃ স্বরূপস্মৃতিশূন্যঃ, অতএব স্বার্থে স্বস্য অর্থে পরমপুরুষার্থভগবদ্ভজনে প্রমত্তঃ অদত্তচিত্তঃ যতঃ বিপশ্চিৎ স্বস্য বিবেকিত্বাভিমানবান্ অজ্ঞঃ অজ্ঞানাভিভূতস্বরূপঃ সন্ মৈথুন্যমগারং মৈথুন্যসুখপ্রধানং গৃহং আসাদ্য প্রাপ্য, তত্র গৃহে তাপান্ বিবিধানি দুঃখানি বিন্দতি লভতে ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

ন কেবলং দেহযোগমাত্রং অনর্থান্তরঞ্চ ইত্যাহ যদা গুণানাং ইন্দ্রিয়াণাং ঈহাং চেষ্টাং অযথা মিথ্যা আত্মীয়া ন ভবতি ইতি বিপশ্চিদ্বিবেকী সন্ন পশ্যতি। নু পশ্যতীতি পাঠে অযথা আত্মীয়ত্বেনেত্যর্থঃ। তত্র তদা সহসা গতস্মৃতিঃ স্বরূপস্মৃতিশূন্যঃ সন্ অজ্ঞো মূঢ়ঃ মৈথুনসুখপ্রধানং গৃহং প্রাপ্য তাপান্ বিন্দতি ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবঞ্চ ভক্তিমিশ্রস্য জ্ঞানস্য পরিপাকদশায়ামেব নৈষ্কর্ম্ম্যং নত্বপরিপাকদশায়ামিত্যাহ। যদা গুণেষু শব্দাদিষর্থেষু ঈহাং বাঞ্ছাং অযথা অনর্থরূপাং বিপশ্চিৎ জ্ঞানবানপি ন পশ্যেৎ। যদানু পশ্যতীতি পাঠে গুণানামিন্দ্রিয়াণামীহাং চেষ্টাং অযথা মমাত্মন এবেয়ং চেষ্টেত্যর্থঃ। তত্র তদা সহসা গতস্মৃতিঃ সন্ তাপান্ বিন্দতি মৈথুনার্হমগারং প্রাপ্য ত্বতিতাপানিত্যর্থঃ ॥ ৭

কামিনী বা কামুকের সংসর্গে অবস্থান করায়, তাহাদের দ্বারা উৎসাহিত হইয়া, মানব যখন ইন্দ্রিয়গ্রামের স্ব স্ব বিষয়ের প্রতি উন্মুখীন ভাবকেই প্রকৃত দুঃখের কারণ বলিয়া অবধারণ করিতে পারে না এবং ইন্দ্রিয়বর্গের চেষ্টা কখন আত্মার চেষ্টা নহে; মায়া-রচিত ইন্দ্রিয়গ্রামের চেষ্টায় কেবল মায়ারই পরিচয় হইতেছে মাত্র বলিয়া অবধারণ করিতে পারে না, তখনই আত্মস্বরূপের বিস্মরণে প্রকৃত পরমার্থস্বরূপ ভগবানের ভজনে উদাসীন হইয়া পড়ে এবং আত্মস্বরূপের অনবধারণে অজ্ঞানে অভিভূত হইয়া, ইন্দ্রিয়-চরিতার্থ করিবার সুগম উপায়ভূত মিথুন-সুখপ্রদ গৃহস্থাশ্রমে প্রবেশ পূর্ব্বক বিবিধ যাতনা ভোগ করিয়া থাকে ॥ ৭ ॥

আভাস।

পত্নী তাহা বিস্মৃত হয়, সেইরূপ দেহাদির আবরণে জীব আত্মস্বরূপের বিস্মরণে দেহের স্থূলতা বা কৃষভাবে আপনাকে স্থূল বা কৃষ বলিয়া মনে করে এবং প্রকৃতপ্রস্তাবে গুণময় ইন্দ্রিয়বর্গের দর্শন ও মননাদি ক্রিয়াকে চৈতন্যের কার্য্য বলিয়া কল্পনা করিয়া থাকে। কিন্তু

পুংসঃ স্ত্রিয়া মিথুনী ভাবমেতং তয়োর্মিথো হৃদয়-গ্রন্থিমাহুঃ।
অতো গৃহক্ষেত্রসুতাপ্তবিত্তৈ র্জনস্য মোহোঽয়মহং মমেতি॥ ৮॥

অন্বয়ঃ।

পুংসঃ স্ত্রিয়াঃ চ যঃ মিথুনীভাবঃ পরস্পরমাত্মত্বাভিনিবেশঃ তং এনং তয়োঃ দ্বয়োঃ মিথঃ পরস্পরং হৃদয়গ্রন্থিং (হৃদয়য়োঃ গ্রন্থিং ইতি) বিবেকিনঃ আহুঃ। অতঃ অস্মাং মিথুনীভাবাৎ জনস্য গৃহক্ষেত্রসুতাপ্তবিত্তৈঃ নিমিত্তভূতৈঃ, অহং মম ইতি অয়ং মোহঃ ভবতি॥ ৮॥

শ্রীধরস্বামী।

ননু যথোপযোগং স্ত্রিয়া মিথুনীভূয় সুখমাত্রমনুভবতঃ কুতস্তাপাঃ স্যুঃ তত্রাহ পুংস ইতি। প্রত্যেকং তয়োরেকৈকো হৃদয়গ্রন্থিরস্ত্যেব। এতং মিথোঽন্যোন্যং স্থূলমন্যং হৃদয়য়োগ্রন্থিং দুর্ভেদং বদন্তি কুত ইত্যত আহ অতঃ অস্মাৎ মিথুনীভাবাৎ প্রত্যেকং হৃদয়গ্রন্থিনা তু দেহেন্দ্রিয়মাত্রে অহং মমেতি মোহঃ। অস্মাত্তু গৃহাদিভি বিষয়ভূতৈ মহামোহো ভবেদিত্যর্থঃ॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

ইন্দ্রিয়চেষ্টানামাত্মীয়ত্বাভিমনন-সদ্ভাবেঽপি স্বকুটুম্ব-সঙ্গরতো যথা মোহ স্তথা তদ্রহিতস্য নেত্যাহ পুংস ইতি মিথো হৃদয়গ্রন্থিং মমেয়ং স্ত্রীত্যেকোঽয়ং গ্রন্থিস্তদুপরি মমায়ং পতিরিতি দ্বিতীয়ো গ্রন্থিস্তেন পুংসা বৈরাগ্যেণ ত্যক্তুমিষ্টাপি স্ত্রী নৈতং জহাতীতি বন্ধস্য গাঢ়ত্বং উপলক্ষণমেবং পিতা পুত্রয়োরপি জ্ঞেয়ং। কুটুম্বরাহিত্যে তু বস্ত্রাসন-পাত্রাদিষ্বাত্মীয়ত্বেনাভিমান-সদ্ভাবেঽপি মিথোগ্রন্থ্যভাবান্ন তাদৃশো বন্ধ ইতি ভাবঃ। অতো মিথো হৃদয়গ্রন্থিতো হেতোঃ গৃহাদিভিরহং গৃহী মম গৃহমিত্যেবং মোহো ভবতি॥ ৮॥

স্ত্রী পুরুষের মিলনে পরস্পরের প্রতি পরস্পরের যে একটী আপনার-বোধ উৎপন্ন হয়, তাহাই তাহাদের পরস্পরকে একত্বে বন্ধন করিবার অপূর্ব্ব হৃদয়-গ্রন্থি বলিয়া বিবেকিগণ বর্ণন করিয়া থাকেন। অতএব তাদৃশ উভয়ের একত্বভাব হইতেই লোকের পুত্র, বিত্ত, গৃহ, ক্ষেত্রাদি যাবতীয় ভোগ্য বিষয়ে মমতা ও নিজের কর্ত্তৃত্ব-নিবন্ধন মোহ উৎপন্ন হইয়া থাকে॥ ৮॥

আভাস।

বিচার-দৃষ্টিতে অবলোকন করিলে আমরা সুস্পষ্ট বুঝিতে পারি যে, ইন্দ্রিয় ব্যতীত মুল চৈতন্য কোন পদার্থকে কখন গ্রহণ করেন না। কারণ চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের দ্বারা শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পঞ্চ পদার্থ গৃহীত হইয়া থাকে। কিন্তু এক একটী ইন্দ্রিয় নিজের সমজাতি এক একটী পদার্থকে বিষয় বলিয়া গ্রহণ করে; নিজের বিজাতীয় অন্য ইন্দ্রিয়ের গ্রাহ্য কোন পদার্থকে গ্রহণে সমর্থ হয় না। অর্থাৎ রূপতন্মাত্রায় দর্শনেন্দ্রিয় গঠিত হওয়ায়, নিজের সমজাতি স্থূল, রূপ তেজোমাত্রা গ্রহণ করা ব্যতীত চক্ষু কখন কর্ণের বিষয় শব্দকে গ্রহণ করে না। সেইরূপ কর্ণও শব্দ-তন্মাত্রায় সৃজিত হইয়া

যদা মনো হৃদয়গ্রন্থিরস্য কর্ম্মানুবদ্ধো দৃঢ় আশ্লথেত।
তদা জনঃ সংপরিবর্ত্ততেঽস্মাম্মুক্তঃ পরং যাত্যতিহায় হেতুং ॥ ৯ ॥

অন্বয়ঃ।

যদা অস্য জনস্য, কর্ম্মানুবদ্ধঃ (কর্ম্মভিঃ অনুবদ্ধঃ) দৃঢ়ঃ মনঃ তল্লক্ষণঃ হৃদয়গ্রন্থিঃ আশ্লথেত শিথিলঃ ভবেৎ, তদা জনঃ অস্মাৎ মিথুনীভাবাদিসংসারাৎ সংপরিবর্ত্ততে বিমুক্তঃ ভবতি ততশ্চ হেতুং অনর্থকারণং অহঙ্কারং, অতিহায় ত্যক্ত্বা, পরং পদং যাতি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

কদা তর্হি তস্য নিবৃত্তিরত আহ যদাঽস্য জনস্য কর্ম্মভিরনুবদ্ধো দৃঢ়ো মনোরূপো হৃদয়-গ্রন্থিঃ শিথিলো ভবেং তদাস্মান্মিথুনীভাবাৎ নিবর্ত্ততে। ততশ্চ হেতুং অহঙ্কারং ত্যক্ত্বা মুক্তঃ সন্ পরং পদং যাতি ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কদা তর্হি মুক্তিরত আহ যদা মনোরূপে হৃদয়গ্রন্থিরস্য জনস্য কর্ম্মভিরনুবদ্ধোঽপি জ্ঞান-বৈরাগ্যাভ্যাসেন শিথিলো ভবেত্তদা অস্মান্মিথুনীভাবান্নিবর্ত্ততে ততশ্চ হেতুমহঙ্কারাখ্যমুপাধিং ত্যক্ত্বা মুক্তঃ সন্ পরং পদং যাতি ॥ ৯ ॥

কিন্তু এই মিথুন-ভাবের ভঙ্গ হইলেই মানবের বহু কর্ম্মের অনুষ্ঠানে দৃঢ়-বদ্ধ হৃদয়গ্রন্থি শিথিল হইয়া পড়ে; এবং মিথুনীভাবমূলক সংসার হইতে চিত্ত প্রতিনিবৃত্ত হয়; সুতরাং অনর্থের মূল কারণ অহঙ্কারকে পরিত্যাগ করিয়া, পরম পদ মোক্ষপদবীতে জীব গমন করিয়া থাকে ॥ ৯ ॥

আভাস।

স্থূল স্বজাতি শব্দকে গ্রহণ করা ব্যতীত অন্য কোন ক্ষিত্যাদি পদার্থ-চতুষ্টয়কে গ্রহণ করে না। অতএব ইহা স্পষ্টই প্রতীত হয় যে, যে ইন্দ্রিয় যে তন্মাত্রায় প্রস্তুত, সে ইন্দ্রিয় সেই তন্মাত্রার স্থূল ভাবকেই বিষয়রূপে গ্রহণ করিয়া থাকে। অতএব "স্বজাতৌ পরমা প্রীতিঃ" বলিয়া চির প্রসিদ্ধ নীতিই সর্ব্বত্র প্রচলিত থাকিয়া জলের সহিত জলের, অগ্নির সহিত অগ্নির, ক্ষিতির সহিত গন্ধের, শব্দের সহিত কর্ণের এবং বায়ুর সহিত স্পর্শের মিলন করাইয়া দিতেছে। এই আদান-প্রদান সম্বন্ধ স্বজাতীয় বস্তুর মধ্যে নিত্য বিদ্যমান রাখিয়া, ভূত-ভাবন ভগবান্ জগৎকার্য্য সাধিত করিতেছেন। নভোভাগে দুইটী জলদের পরস্পর মিলনের উপক্রমে পরস্পরের তাড়িত-শক্তি পরস্পরে যখন মিলিত হয়, তখনই আমরা বিদ্যুতের যেমন উপলব্ধি করি, সেইরূপ দর্শনেন্দ্রিয়ের সহিত দ্রষ্টব্য পদার্থের রূপের সহিত যখন সম্বন্ধ ঘটে, তখনও তাহাদের মধ্যে একটী অনির্ব্বচনীয় ভাবের বিনিময় হইয়া থাকে। অজ্ঞানী ব্যবহারিক মানব কেবল একটী মাত্র স্বীয় অভিমুখের পক্ষ বুঝে; বিবেকী ব্যক্তি কিন্তু দ্রষ্টা চক্ষু এবং দৃশ্য ফলপুষ্পোপশোভিত বৃক্ষাদি এতদুভয়েরই পৃথক্ প্রাণের কথা বুঝিয়া থাকেন; সুতরাং ক্ষুদ্র দেহের প্রত্যেক স্তরের সহিত এই বৃহৎ ব্রহ্মাণ্ডের বিচিত্র পরিণামের

হংসে গুরৌ ময়ি ভক্ত্যানুবৃত্ত্যা বিতৃষ্ণয়া দ্বন্দ্বতিতিক্ষয়াচ।
সর্ব্বত্র জন্তোর্ব্যসনাবগত্যা জিজ্ঞাসয়া তপসেহানিবৃত্ত্যা ॥ ১০ ॥

অন্বয়ঃ।

হংসে হংসবৎ বিবেকবতি, গুরৌ, তথা ময়ি ভগবতি, চ ভক্ত্যা স্নেহেন, অনুবৃত্ত্যা সেবয়া, চ, বিতৃষ্ণয়া বিষয়ভোগাভিলাসত্যাগেন, দ্বন্দ্বতিতিক্ষয়া সুখদুঃখাদিদ্বন্দ্বসহনেন, সর্ব্বত্র (ইহামুত্র চ) জন্তোঃ জীবস্য ব্যসনাবগত্যা দুঃখানুসন্ধানেন, জিজ্ঞাসয়া তত্ত্বাতত্ত্ববিচারেণ, তপসা ব্রতোপবাসাদিনিয়মেন ইহা নিবৃত্ত্যা কাম্যকর্ম্মত্যাগেন ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

হেতুমতিহায়েত্যুক্তং তত্র পঞ্চ বিংশতি সাধনান্যাহ চতুর্ভিঃ। হংসে ময়ি গুরৌ ভক্তিঃ সেবা অনুবৃত্তি স্তৎপরতা। বিগততৃষ্ণয়া সর্ব্বত্র লোকান্তরেঽপি ব্যসনাবগত্যা দুঃখানুসন্ধানেন ঈহানিবৃত্ত্যা কাম্যকর্ম্মত্যাগেন ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তিমিশ্রজ্ঞানেন লিঙ্গভঙ্গমুক্ত্বা জ্ঞানমিশ্রয়া চ ভক্ত্যা পঞ্চবিংশত্যঙ্গয়া লিঙ্গভঙ্গমাহ চতুর্ভিঃ। তত্রাপি শুদ্ধভক্তানাং কেবলয়ৈব ভক্ত্যা পঞ্চদশাঙ্গয়া লিঙ্গভঙ্গমাহ প্রথম-

হে পুত্রগণ! ইচ্ছামাত্রেই অভিমানকে পরিত্যাগ করা যায় না; তন্নিমিত্ত যে যে উপায় অবলম্বন করিতে হয়, তাহা আনুপূর্ব্বিক বর্ণন করিতেছি শ্রবণ কর! প্রথমত জল-মিশ্রিত দুগ্ধকে বিচক্ষণ হংস যেমন পৃথক্‌রূপে গ্রহণ করিতে পারে, সেইরূপ সদসৎ বিচারে বিলক্ষণ পারদর্শী মেধাবান্ গুরু এবং পরম দেবতা ভগবানের সেবা ও ভক্তি পূর্ব্বক অনুসরণ করা আবশ্যক। বিষয় সম্ভোগের আশা পরিত্যাগ পূর্ব্বক শীতোষ্ণ এবং হর্ষশোকাদি দ্বন্দ্ব-ভাবকে অবশ ভাবে সহ্য করা সর্ব্বতোভাবে বিধেয়; এই পরিদৃশ্যমান জগতে মানব যেমন দুঃখের সহিত সুখও ভোগ করিয়া থাকে, সুখসেব্য স্বর্গাদি লোকে গমন করিলেও দুঃখের হস্ত হইতে তাহাদের নিষ্কৃতি লাভ হয় না; বিচারের দ্বারা এইরূপ স্থির করত ব্রতোপবাসাদি তপস্যার অনুষ্ঠানে জীব, জগৎ ও পরমেশ্বর-তত্ত্বের বিচার করত কাম্য কর্ম্ম হইতে নিরস্ত থাকা বিধেয় ॥ ১০ ॥

আভাস।

সহিত সম্বন্ধ বিলক্ষণ অনুভূতি পূর্ব্বক বিচার করা তাঁহাদের আছে। তাঁহারা জানেন যে, চক্ষু যেমন রূপে, কর্ণ যেমন শব্দে, মন সেইরূপ মনের সহিত, বুদ্ধি বোধলক্ষণ ব্যষ্টি ও সমষ্টি বোধস্বরূপে এবং চৈতন্যস্বরূপ জীবের তত্ত্ব ও জগৎ ব্রহ্মাণ্ডের অন্তরালবর্ত্তী সর্ব্বান্তর্যামী ও সর্ব্বসাক্ষী চৈতন্যসাগরের সহিতই আত্মসম্বন্ধ করিতে চাহেন; প্রাকৃতিক পদার্থের সহিত তাঁহার কোন সম্বন্ধ নাই; তিনি সাক্ষীরূপে সর্ব্বত্র বিরাজমান আছেন বলিয়া

মৎকর্ম্মভি র্ম’ৎ কথয়াচ নিত্যং মদ্দেবসঙ্গাদ্গুণকীর্ত্তনান্মে।
নির্ব্বৈর-সাম্যোপশমেন পুত্ত্রা জিহাসয়া দেহগেহাত্মবুদ্ধেঃ॥ ১১॥

অন্বয়ঃ।

মৎকর্ম্মভিঃ (ময়ি সমর্পিতৈঃ কর্ম্মভিঃ) মৎকথয়া (মম কথা শ্রবণেন) নিত্যং নিরন্তরং মদ্দেবসঙ্গাৎ (অহমেব দেবঃ যেষাং তেষাং মদ্ভক্তানাং সঙ্গাৎ) মে মম গুণকীর্ত্তনাৎ (গুণানাং কীর্ত্তনাৎ) নির্ব্বৈরেণ প্রাণিষু বৈরত্যাগেন, সাম্যেন সর্ব্বত্র সমভাবাপন্নেন চেতসা, উপশমেন চিত্তশান্ত্যা চ দেহগেহাত্মবুদ্ধেঃ (দেহে অহমিতি গেহে মমেতি চ আত্মনঃ স্বস্য বুদ্ধিঃ তস্যাঃ জিহাসয়া ত্যাগেচ্ছয়া) হে পুত্ত্রাঃ!॥ ১১॥

শ্রীধরস্বামী।

মদর্থৈঃ কর্ম্মভিঃ অহমেব দেবো যেষাং তৈঃ সঙ্গাৎ হে পুত্ত্রাঃ দেহগেহয়োরাত্মবুদ্ধেঃ অহং মমেতি বুদ্ধেঃ॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বাভ্যাং। হংসে পরমহংসস্বরূপে ময়ি গুরৌ ভক্ত্যেত্যাদিভিঃ অহমাখ্যং লিঙ্গং লিঙ্গদেহং ব্যপোহেদিত্যন্বয়ঃ। বিতৃষ্ণয়া নিষ্কামতয়া জিজ্ঞাসয়া ভক্তে র্ভজনীয়েশ্বরস্য চেতি শেষঃ।

ভগবানে ফল-ত্যাগ পূর্ব্বক যাবতীয় কর্ম্মের অনুষ্ঠান, নিত্য ভগবৎকথা শ্রবণ ও মদ্গতচিত্ত ভক্তের সংসর্গে অবস্থান করত ভগবানের গুণকীর্ত্তন, কোন প্রাণীর প্রতি বৈরতা না করা, সকলের প্রতি সমদৃষ্টি এবং সর্ব্বদা চিত্তের প্রশান্তি অবলম্বন পূর্ব্বক, হে বালকগণ! কলেবরে অহংবোধ এবং গৃহাদিতে মমতা পরিত্যাগ করা সতত বিধেয়॥ ১১॥

আভাস।

অজ্ঞানী মানব ইন্দ্রিয়বর্গের ক্রিয়াও তাঁহার উপর আরোপ করত বিলাসিতার পরিচয় দেয় এবং অতৃপ্তি বশত নিরন্তর দুঃখ অনুভব করিয়া থাকে। প্রকৃত প্রস্তাবে পুরুষ চৈতন্যস্বরূপ ও সম্পূর্ণ অসঙ্গ; প্রাকৃতিক পদার্থ দেহ, ইন্দ্রিয় ও মন প্রভৃতির সহিত তাঁহার পূর্ণাবয়বে সম্বন্ধ ঘটে না; তবে প্রকাশক আলোকের ন্যায় সাক্ষী ও অন্তর্যামিরূপে তিনি বিরাজ করিয়া থাকেন মাত্র। ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন, "স্বস্বামিশক্ত্যোঃ স্বরূপোপলব্ধিহেতুঃ সংযোগঃ" প্রকৃতি এবং পুরুষ পরস্পরে সম্পূর্ণ পৃথক হইলেও পরস্পরে পরস্পরকে এক বলিয়া মনে করাই সংযোগ এবং সংসারের কারণ। মাতৃগর্ভ হইতে নিঃসৃত হইয়া নর ও নারী সম্পূর্ণ পৃথক্রূপে এবং পরস্পরের মধ্যে কোনরূপ আপন-বোধের স্থাপন না করিয়া যতদিন অবস্থান করে, ততদিন তাহাদিগকে আর কোন প্রকার সংসার-জ্বালায় বিব্রত হইতে হয় না। কিন্তু যে সময় কাল্পনিক পরিণয়-সম্বন্ধে পরস্পরে কল্পনাবলে আবদ্ধ হন, তখনই প্রকৃত ভোগে তাঁহারা পতিত হন। এই মিথ্যা কল্পনাই সত্য ভোগের কারণ এবং হৃদয়ের বন্ধন বলিয়া শাস্ত্রাদিতে কীর্ত্তিত হইয়াছে। পরের ভোগ্য আমি এবং পর আমার ভোগ্য, এই "আমি

অধ্যাত্মযোগেন বিবিক্তসেবয়া প্রাণেন্দ্রিয়াত্মাভিজয়েন সধ্র্যক্‌।
সংশ্রদ্ধয়া ব্রহ্মচর্য্যেণ শশ্বদসংপ্রমাদেন যমেন বাচাং ॥ ১২ ॥
সর্ব্বত্র মদ্ভাববিচক্ষণেন জ্ঞানেন বিজ্ঞানবিরাজিতেন।

অন্বয়ঃ।

অধ্যাত্মযোগেন অধ্যাত্মশাস্ত্রাভ্যাসেন, বিবিক্তসেবয়া নির্জ্জনদেশবাসেন, সধ্র্যক্‌ সম্যক্‌, প্রাণেন্দ্রিয়াত্মাভিজয়েন (প্রাণায়ামৈঃ প্রাণস্য, প্রত্যাহারৈঃ ইন্দ্রিয়াণাং ধারণয়া আত্মনঃ মনসঃ, অভিজয়েন বশীকারেণ) সংশ্রদ্ধয়া শাস্ত্রবিহিতানুষ্ঠানশ্রদ্ধয়া, ব্রহ্মচর্য্যেণ উপস্থ-সংযমনেন, শশ্বং সর্ব্বদা, অসম্প্রমাদেন কর্ত্তব্যস্য অপরিত্যাগেন বাচাং যমেন ব্যর্থালাপ-বর্জ্জনেন ॥ ১২ ॥

সর্ব্বত্র মদ্ভাব-বিচক্ষণেন (ময়ি ভাবনা তত্র বিচক্ষণেন নিপুণেন) বিজ্ঞানবিরাজিতেন

শ্রীধরস্বামী।

অধ্যাত্মযোগেন অধ্যাত্মশাস্ত্রাভ্যাসেন সধ্র্যক্‌ সম্যক্‌ অসংপ্রমাদেন কর্ত্তব্যস্যাপরিত্যাগেন ॥ ১২ ॥

সর্ব্বত্র মদ্ভাবো মদ্ভাবনা তত্র বিচক্ষণেন নিপুণেন বিজ্ঞান-বিরাজিতেন অনুভবপর্য্যন্তেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তপসা একাদশী কার্ত্তিকাদি ব্রতলক্ষণেন বিষ্ণুবৈষ্ণবসেবানিবন্ধনস্বীয়ভোজনশয়নাদি সঙ্কোচ-লক্ষণেনচ। ঈহানিবৃত্ত্যা ব্যাপারান্তররাহিত্যেন অহমেব দেবঃ প্রভু র্যেষাং তৈঃ সঙ্গাৎ নির্বৈরমদ্বেষ্টৃত্বং। সাম্যং অন্যস্য সুখদুঃখয়োঃ স্বসুখ-দুঃখ-সাম্য-ভাবনা। উপশমঃ ক্রোধশোকাদে স্তেষাং দ্বন্দ্বৈক্যং তেন দেহগেহাদিস্বাত্মীয়ত্ববুদ্ধেস্ত্যাগাসামর্থ্যেঽপি ত্যাগে-চ্ছয়া অসংপ্রমাদেন কর্ত্তব্যস্যাপরিত্যাগেন মদ্ভাববিচক্ষণেন মদীয়সত্তাদর্শনেন বিজ্ঞান-

---

অধ্যাত্ম-শাস্ত্রের আলোচনা, নির্জ্জন স্থানে বাস, প্রাণায়াম প্রত্যাহার ও ধারণার সাহায্যে প্রাণ, ইন্দ্রিয় ও মনকে বশীভূত করিয়া শাস্ত্র-বিহিত কর্ম্মানুষ্ঠানে শ্রদ্ধাবান্‌ হওয়া কর্ত্তব্য। এবং ব্রহ্মচর্য্যের অনুষ্ঠানে এবং কোন কর্ত্তব্য কর্ম্ম পরিত্যাগ না করিয়া, বৃথালাপ-বর্জ্জনে বাক্‌সংযমী হওয়া মুমুক্ষুর পক্ষে একান্ত প্রয়োজন ॥ ১২ ॥

সর্ব্বদা পরমাত্মস্বরূপের তীব্র চিন্তনে লব্ধ অপরোক্ষানুভূতিরূপ জ্ঞান

আভাস।

ও আমার" ভাবই সংসার। কল্পনার নিরাসে জীবের হৃদয় হইতে এই "আমি আমার" ভাবটী যখন দিগ্‌ভ্রান্ত ব্যক্তির ভ্রমাপনোদনের ন্যায় অকস্মাৎ অপনোদিত হইয়া দিঙ্‌-নিরূপণের ন্যায় সম্যক্‌ জ্ঞানের উদয় হয়, তখনই ভ্রমজনিত সংসার আর থাকে না; জীব মুক্তি লাভ করে ॥ ৭—৯ ॥

হৃদয়ের গ্রন্থি অভিমান সহজে নিবৃত্ত হয় না। যথেষ্ট সাধনের প্রয়োজন। জ্ঞান-মিশ্র

যোগেন ধৃত্যুদ্যমসত্ত্বযুক্তো লিঙ্গং ব্যপোহেৎ কুশলোঽহমাখ্যং ॥ ১৩ ॥
কর্ম্মাশয়ং হৃদয়গ্রন্থিবন্ধমবিদ্যয়াসাদিতমপ্রমত্তঃ।

অন্বয়ঃ।

অনুভবপর্য্যন্তেন, জ্ঞানেন, যোগেন ভগবদ্ধ্যানেন, ধৃত্যুদ্যমসত্ত্বযুক্তঃ (ধৃতিঃ ধৈর্য্যং, উদ্যমঃ প্রযত্নঃ সত্ত্বং বিবেকঃ তৈঃ যুক্তঃ) কুশলঃ নিপুণঃ পুরুষঃ অহমাখ্যং লিঙ্গং সংসারকারণভূতং, ব্যপোহেৎ নিরস্যেৎ ॥ ১৩ ॥

তথা অপ্রমত্তঃ অনলসঃ, সন্ অনেন যোগেন, যথোপদেশং অবিদ্যয়া আসাদিতং প্রাপিতং হৃদয়গ্রন্থিবন্ধং হৃদয়গ্রন্থিলক্ষণং আত্মনঃ বন্ধং কর্ম্মাশয়ং (কর্ম্মাণি আশেরতে যস্মিন্ তং

শ্রীধরস্বামী।

জ্ঞানেন। যোগেন সমাধিনা। ধৃত্যুদ্যমসত্ত্বযুক্তঃ ধৈর্য্যপ্রযত্নবিবেকযুক্তঃ সন্ অহঙ্কারাখ্যমুপাধিং ব্যপোহেৎ নিরস্যেৎ ॥ ১৩ ॥

ততঃ সাধনানুপরমেদিত্যাহ কর্ম্মাণ্যাশেরতে যস্মিন্। যোগেন উপায়েন যদ্যপি ফলে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিরাজিতেন বিজ্ঞানজনকেনেত্যর্থঃ। অনুভবজনকত্বমেব জ্ঞানস্য বিরাজনমিতি ভাবঃ যোগেনাষ্টাঙ্গেন সত্ত্বমুৎসাহঃ। ব্যপোহেৎ নিরস্যেৎ ॥ ১০—১৩ ॥

ততশ্চ লিঙ্গভঙ্গার্থকসাধনানুপরমেদিত্যাহ কর্ম্মেতি। যথোপদেশং যোগেন গুরূপদেশমনতিক্রম্য যো যোগ উপায়স্তেন নতু পাণ্ডিত্যবলাৎ পুস্তকদর্শনমাত্রাদেব স্বোৎপ্রেক্ষিতেন কর্ম্মাণ্যাশেরতে যস্মিং স্তং বন্ধং ব্যপোহ্য নিরস্য যোগাদুপায়াৎ বিরমেদিতি লিঙ্গব্যপোহনার্থমেব বিরমেৎ নতু তৎপদার্থজ্ঞানার্থমিত্যর্থঃ। তদর্থন্তু ভক্তিং কুর্ব্বীতৈব। যদুক্তং ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি। সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাং। ভক্ত্যা

এবং ভগবদ্ধ্যানরূপ যোগের অনুশীলনে যাঁহাদের চিত্তে ধৈর্য্য, উৎসাহ ও সত্ত্বগুণবিলসিত বিবেকের উদয় হইয়া থাকে, তাদৃশ বিচক্ষণ পুরুষই সংসার-কারণ অভিমানকে পরিত্যাগ করিতে পারেন, সন্দেহ নাই ॥ ১৩ ॥

আলস্যকে দূরে বিতাড়িত করত সর্ব্বদা সদুপদিষ্ট যোগের অনুশীলনে

আভাস।

ভক্তির পরিচয়ে মানব যে প্রকারে বিমুক্ত হইতে পারেন, তন্নিমিত্তই পঞ্চবিংশতি সাধনের প্রকার নিম্ন-লিখিত শ্লোকচতুষ্টয়ে বর্ণিত হইয়াছে। নিজের সুখ বা দুঃখের অনুভবে অপরের সুখ বা দুঃখের প্রতি সমানভাবে লক্ষ্য করাই সাম্যভাবের পরিচয়। অনুভূতি পূর্ব্বক জ্ঞানই প্রকৃত জ্ঞান ॥ ১০—১৩ ॥

গুরুর উপদেশ অনুসারে যোগে অগ্রসর হইয়া, যখন অপরোক্ষ ভাবে ভগবৎস্বরূপ জীবের উপলব্ধ হইয়া দেহগেহাদিতে অহংজ্ঞান ও মমতার নিবারণ হইবে, তখন আর যোগানুষ্ঠানের প্রয়োজন থাকে না। তখন কেবল ভক্তিপথ অবলম্বনে পরম ব্রহ্মে আত্মসমর্পণ

অনেন যোগেন যথোপদেশং সম্যগ্ব্যপোহ্যোপরমেত যোগাৎ ॥ ১৪ ॥
পুত্রাংশ্চ শিষ্যাংশ্চ নৃপো গুরুঃ পিতা মল্লোককামো মদনুগ্রহার্থঃ।
ইত্থং বিমন্যুরনুশিষ্যাদতজ্জ্ঞান্নযোজয়েৎ কর্ম্মসু কর্ম্মমূঢ়ান্ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

হৃদয়গ্রন্থিং সম্যক্ নির্ব্বাসনং যথা স্যাৎ তথা অপোহ্য নিরস্য, যোগাৎ বিমুক্ত্যুপায়াৎ, উপরমেত নিবর্ত্তেত ॥ ১৪ ॥

ইত্থং বিমন্যুঃ ক্রোধবর্জ্জিতঃ, মল্লোককামঃ মদনুগ্রহার্থঃ (মদনুগ্রহঃ এব অর্থঃ যস্য সঃ) পিতা গুরুঃ নৃপঃ চ পুত্রান শিষ্যান্ প্রজাঃ চ যথা ময়া উপশিষ্টং তথা অনুশিষ্যাৎ অনুশিক্ষয়েৎ, অতজ্জ্ঞান্ কর্ম্মমূঢ়ান্, পুত্রাদীন্ কর্ম্মসু ন যোজয়েৎ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

সিদ্ধো সাধনোপরমঃ সিদ্ধ এব তথাপি যাবদ্দেহপাতং তাবত্তদভ্যাসশঙ্কাবারণ য়োক্তং ॥ ১৪ ॥

কিঞ্চ পুত্রান্ পিতা শিষ্যান্ গুরুঃ নৃপশ্চ প্রজাঃ এবমনুশিক্ষয়েৎ মম লোকং যঃ কাময়তে। যদ্বা মদনুগ্রহ এবার্থো যস্য বিমন্যুঃ শিক্ষিতস্যাকরণেহপি কোপশূন্যঃ। অতজ্জ্ঞান্ তত্ত্বমবিদুষঃ শ্রেয়োবুদ্ধ্যা। কর্ম্মসু মূঢ়ান্ ন যোজয়েৎ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বত ইতি। তৎপদার্থানুভাবসিদ্ধেহপি ভক্তেঃ সর্ব্বথৈবাত্যাগ আত্মারামাশ্চ মুনয় ইত্যাদি প্রমাণাদ্ব্যাখ্যেয় এবেত্যতো ভক্তিভিন্নাদুপায়াদ্বিরমেদিতি কেচিদাহুঃ ॥ ১৪ ॥

এবং ভক্তে গুণভাবমন্তর্ভূতকৈবল্যাক্তোক্ত্বা ভক্তেরুপদেষ্টাপি কৃতার্থঃ স্যাদিত্যাহ পুত্রানিতি বিমন্যুঃ শিক্ষিতস্যাকরণেহপি কোপশূন্যঃ। কর্ম্মসু ন যোজয়েৎ কর্ম্মৈব কুরুতেতি নোপদিশেৎ। যোজয়েৎ সর্ব্বকর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্নিতিতু জ্ঞানোপদেষ্টৃবিষয়ং নতু ভক্ত্যুপদেষ্টৃবিষয়মিতি জ্ঞেয়ং ॥ ১৫ ॥

অবিদ্যায় গঠিত ও যাবতীয় কর্ম্ম-বাসনার আশ্রয়-স্থল অভিমানাত্মক চিত্তভূমিকাকে সম্পূর্ণ বাসনাশূন্য করিয়া, যোগানুষ্ঠান হইতে বিরত হইবে ॥ ১৪ ॥

সংসারী লোকের পক্ষে নিজের অবিদ্যা গ্রন্থি বিচ্ছিন্ন হইলেই যে, তিনি নিষ্কৃতি লাভ করিলেন, এমত নহে ; যাহাদিগকে লইয়া তিনি সংসারী হইয়াছিলেন, তাহাদেরও পাশ মোচনে তাঁহার যত্ন করা বিধেয়। ভগবল্লোকের প্রাপ্তিকামনায় এবং ঈশ্বরের অনুগ্রহ লাভের প্রত্যাশায় পিতা, গুরু ও রাজার পক্ষে সর্ব্বদা পুত্র, শিষ্য ও প্রজাপুঞ্জের মধ্যে ভগবদ্ভক্তির উপদেশ

আভাস।

করা কার্য্য মাত্র অবশিষ্ট থাকে। দেহোপাধির বিনাশ উপস্থিত হইলেও মুক্তিলাভের কাল পর্য্যন্ত ভক্তির অনুষ্ঠান হইতে বিরত হওয়া কখনই উচিত নহে ॥ ১৪ ॥

লোকঃ স্বয়ং শ্রেয়সি নষ্টদৃষ্টি র্যোঽর্থান্ সমীহেত নিকামকামঃ।
অন্যোন্যবৈরং সুখলেশহেতোরনন্তদুঃখঞ্চ ন বেদ মূঢ়ঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

লোকঃ জনঃ স্বয়ং শ্রেয়সি শ্রেয়ঃসাধনে, নষ্টদৃষ্টিঃ জ্ঞানশূন্যঃ, যঃ নিকামকামঃ (নিতরাং কামকামঃ ভোগাভিলাষী, অতঃ অন্যোন্যবৈরঃ (অন্যোন্যবৈরং যস্য সঃ তথাভূতঃ) সন্ (পরদ্রোহেণ) অর্থান্ ভোগ্যবিষয়ান্ সমীহেত ইচ্ছতি (সঃ পরদ্রোহাদিজনিতং) অনন্তং মহৎ নরকপাতাদিদুঃখং ভবিষ্যতি ইতি ন বেদ যতঃ মূঢ়ঃ অবিদ্যয়া মোহিতঃ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

এতদুপপাদয়তি লোক ইতি ত্রিভিঃ। নষ্টদৃষ্টিত্বে হেতুঃ য ইতি নিকামং অতিশয়েন কামো যস্য ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতদেবোপপাদয়তি লোক ইতি ত্রিভিঃ। অর্থান্ ভোগ্যপদার্থান্ দৃষ্টানদৃষ্টাংশ্চ নিকামমতিশয়েন কাম এব যস্য সঃ॥ ১৬ ॥

দেওয়া সর্ব্বতোভাবে বিধেয়। পুত্র শিষ্য বা প্রজাবর্গ ভোগ প্রার্থনায় উপদিষ্ট পথের অন্যথাচরণ করিলেও বিরক্ত বা ক্রোধ-পরতন্ত্র হইয়া তাহাদিগকে সৎপথে আনয়নে তাঁহারা যেন কখন উদাসীন না থাকেন এবং তাদৃশ ভোগপরতন্ত্র প্রতিপাল্যগণকে যেন কখন কেবল ভোগার্জ্জনার্থ কর্ম্মমার্গে প্রেরণ না করেন। কারণ্ কাম্য কর্ম্মাদিতে প্রেরণ করিয়া তাদৃশ মহামনা পিতা, গুরু ও নরপতির কোন বিশেষ ফল লাভ হইবে না; বরং অন্ধ পথিককে পথ প্রদর্শন-চ্ছলে গভীর গর্ত্তে নিপাতিত করিলে যেরূপ পাপের সঞ্চয় মাত্র করা হয়, ভোগান্ধ জীবকে পুনরায় কর্ম্মমার্গে প্রেরণ করিলেও তাদৃশ ফল লাভেরই বিশেষ সম্ভাবনা। ১৫ ॥

সাধারণত মানব পরমার্থ-সাধনে অজ্ঞানান্ধ; অথচ ভোগাভিলাষী অন্যের অনিষ্টসাধনের দ্বারা নিজের ভোগ চরিতার্থের জন্য সতত লালায়িত। কিন্তু অবিদ্যার কুহকে পতিত হইয়া তাহারা এতই ভ্রান্ত হয় যে, পরের অনিষ্টাচরণে যে ভীষণ নরকপাতাদি দুঃখে পরিণামে নিশ্চয়ই পতিত হইতে হইবে, সে বিষয়ে কিছু মাত্র চিন্তাও করে না ॥ ১৬॥

আভাস।

যোগাবলম্বনে নিজে কৃতার্থ হইলেই যে সমস্ত কর্ম্মের সমাপন হইয়া যায়, তাহা নহে; নিজের অধীনস্থ পুত্র, শিষ্য ও প্রজাবর্গের হৃদয়ে ধর্ম্মজ্ঞান ও ঈশ্বরভক্তির উপদেশ দেওয়া সর্ব্বতোভাবে বিধেয়; তাহারা অসদাচারী ও মন্দবুদ্ধি হওয়ায় যদিও উপদেশ অনুসারে অগ্রসর না হয়, তথাপি তজ্জন্য ক্রুদ্ধ হওয়া উচিত নহে; সৎসম্প্রদায়ের প্রবর্ত্তনার্থ সহিষ্ণুতা

কস্তং স্বয়ং তদভিজ্ঞো বিপশ্চিদবিদ্যায়ামন্তরে বর্ত্তমানং।
দৃষ্ট্বা পুনস্তং সঘৃণঃ কুবুদ্ধিং প্রয়োজয়েদুৎপথগং যথান্ধং॥ ১৭॥

অন্বয়ঃ।

তং অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানং মায়ামোহিতং অতএব কুবুদ্ধিং জনং অভিজ্ঞঃ বিপশ্চিৎ জ্ঞানবান্ কঃ সঘৃণঃ জনঃ পুনঃ উৎপথগং গর্ত্তমার্গে গচ্ছন্তং অন্ধং যথা তথা তং স্বয়ং তত্র লৌকিকাদি-কাম্য-কর্ম্মসু প্রযোজয়েৎ প্রেরয়েৎ॥ ১৭॥

শ্রীধরস্বামী।

তমীদৃশং কুবুদ্ধিং দৃষ্ট্বা তত্রৈব কস্তং প্রবর্ত্তয়েৎ ন কোঽপি। উৎপথেন গচ্ছন্তং অন্ধং যথা তেনৈব গচ্ছেতি কো ব্রূয়াৎ॥ ১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তমেতাদৃশং কুবুদ্ধিং দৃষ্ট্বা তত্রৈব কস্তং প্রবর্ত্তয়েৎ ন কোঽপি উৎপথেন গচ্ছন্তমন্ধং কঃ খলু তেনৈব গচ্ছেতি বদেৎ॥ ১৭॥

মায়ার বিষম পাশে আবদ্ধ কুবুদ্ধি ব্যক্তিকে অবলোকন করিয়া, কোন্ বুদ্ধিমান্ এবং বিচক্ষণ ব্যক্তি জানিয়া শুনিয়া আবার তাহাকে কাম্য কর্ম্মে নিয়োজিত করে? কুৎসিত পথে অগ্রসর দৃষ্টিশক্তিশূন্য অন্ধ ব্যক্তিকে অবলোকন করিয়া, যেমন কোন বিবেচক লোক আর তাহাকে তাদৃশ পথে অগ্রসর হইতে পরামর্শ দেয় না, সেইরূপ কর্ম্মমার্গে পতিত পরমার্থ-জ্ঞান-হীন ব্যক্তিকে কোন সহৃদয় ব্যক্তি আবার কাম্যকর্ম্মের অনুষ্ঠানে প্রবৃত্ত হইতে উপদেশ দেন না॥ ১৭॥

আভাস।

সহকারে যত্ন করা কর্ত্তব্য। প্রতিপাল্যগণকে সৎপথে আনয়ন করা ব্যতীত, প্রতিপালন কার্য্যের ত্রুটি হয়; সুতরাং প্রতিপালককে কর্ত্তব্য কর্ম্মের অকরণ জন্য উন্নতিমার্গে বঞ্চিত হইতে হয়। কায়মনোবাক্যে ভগবদুপাসনার পথে প্রবর্ত্তিত না করিয়া, কাম্যকর্ম্মের পথে প্রেরণ করায়, বরং পাপেরই সঞ্চয় করা হয়। কারণ একত ভোগবাসনার অনুরোধে সংসার-স্রোতে ভাসমান হইয়া, ভোগার্থ দেহ ধারণ করা হইয়াছে; পুনরায় যদি ভোগের জন্যই আয়োজন করা হয়, তাহা হইলে সংসার হইতে ত কখনই নিষ্কৃতি লাভ হইবে না। অতএব অন্ধকে অসৎপথে প্রবর্ত্তিত করিলে যেমন তাহার পক্ষে অনর্থেরই উৎপাদন করা হয়, সেইরূপ ভোগীকে কর্ম্মমার্গে প্রবর্ত্তিত করিলেও, অনর্থেরই উৎপাদন করা হয়। বিশেষত বিষয় সম্ভোগ করিতে হইলে, অনেকের সহিতই শত্রুতা করিতে হয়। অন্যের অনিষ্ট না করিলে, নিজের বিষয় সম্পত্তি প্রভৃতি ইষ্টলাভের সম্ভাবনা নাই। অতএব বিজ্ঞ ব্যক্তি স্বয়ং বিচার করিয়া, অন্যকে ভক্তিমার্গেই যেন প্রবর্ত্তিত করেন॥ ১৫—১৭॥

জন্মমৃত্যুরূপ ভীষণ সংসার-সাগরে পতিত ব্যক্তিকে ভক্তিমার্গের উপদেশ দ্বারা উদ্ধার না

গুরু র্ন স স্যাৎ স্বজনো ন স স্যাৎ পিতা ন স স্যাজ্জননী ন সা স্যাৎ।

অন্বয়ঃ।

সমুপেতমৃত্যুং (সমুপেতঃ সংপ্রাপ্তঃ মৃত্যুঃ জন্মমরণাদিলক্ষণঃ সংসারঃ যেন তং জনং)

শ্রীধরস্বামী।

সমুপেতঃ সংপ্রাপ্তো মৃত্যুঃ সংসারো যেন তং ততো ভক্তিমার্গোপদেশেন যো ন মোচয়েৎ স গুর্বাদি র্ন ভবেদিত্যর্থঃ। যদ্বা যস্তং মোচয়িতুং ন শক্নুয়াৎ অতস্তস্য গুর্বাদির্ন স্যাদিতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং ভক্তেরুপদেষ্টারমভিনন্দ্য তদনুপদেষ্টৄণাং গুরুত্ববন্ধুত্বাদ্যভাবং তদ্ধেতুকং তেষাং ত্যাগং চাভিব্যঞ্জয়তি। সমুপেতঃ সংপ্রাপ্তো মৃত্যুঃ সংসারো যেন তং। জনং ভক্তিমার্গোপ-দেশেন যো ন মোচয়েৎ স গুর্বাদি র্ন ভবেৎ ন ভবতি। বলিঃ শুক্রমিব তং গুরুং ত্যজেদেব তস্য প্রণত্যনুবৃত্ত্যাদ্যভাবেঽপি ন প্রত্যবায়ী স্যাদিতি ভাবঃ। এবং বিভীষণো রাবণমিব তং স্বজনং প্রহ্লাদো হিরণ্যকশিপুমিব তং পিতরং শ্রীভরতঃ কৈকেয়ীমিব তাং জননীং। খট্বাঙ্গ ইন্দ্রাদিমিব তদ্দৈবং। যাজ্ঞিকব্রাহ্মণী যাজ্ঞিকবিপ্রমিব তং পতিং ত্যজেদেবেত্যর্থঃ। যদ্বা

জন্মমৃত্যুরূপ দুর্ব্বিষহ সংসারস্রোতে অবশভাবে ভাসমান ব্যক্তিকে যিনি ভক্তিমার্গের উপদেশের দ্বারা উদ্ধারের চেষ্টা না করেন, তিনি লৌকিক সম্পর্কে গুরু হইলেও পরমার্থত গুরু নহেন; স্বজন হইলেও সম্পূর্ণ সম্পর্ক-শূন্য। এমন কি! জন্মদাতা পিতা বা গর্ভধারিণী জননী হইলেও প্রকৃত

আভাস।

করিয়া কেবল লৌকিক সম্বন্ধে গুরু বা স্বজন এবং পিতা বা মাতা এবং দেবতা বা পতিরূপে পরিচিত হওয়া কখনই উচিত নহে। কেবল ব্যবহারিক গুরু হইলে বরং প্রত্যবায়ভাগীই হইতে হয় এবং তাদৃশ গুরু শিষ্যের সন্নিধানে সর্ব্বতোভাবে ত্যাজ্য, তাহাতে আর সন্দেহ নাই। বামনাবতারে ভগবান্ বলিরাজের সমীপে ত্রিপাদ ভূমি যখন যাচ্ঞা করেন, তখন দৈত্যগুরু শুক্রাচার্য্য বলিরাজকে তাদৃশ দানে নিষেধ করেন। কিন্তু বলিরাজ গুরুদেবকে উপেক্ষা করিয়া, বামনদেবকে দান করত ভগবানকে স্বীয় আবাসস্থলে আবদ্ধ করিলেন। শ্রীরামচন্দ্রের অনুরোধে বিভীষণ রাবণের ন্যায় স্বজনকেও পরিত্যাগ করিয়াছিলেন প্রহ্লাদ পিতা হিরণ্যকশিপুকে ভগবদ্দ্বেষী বলিয়া ত্যাগ করিয়াছিলেন। খট্বাঙ্গ ইন্দ্রাদি দেবতা-গণকে এবং গোচারণ-কালে শ্রীকৃষ্ণ যখন বয়স্য বালকগণের দ্বারা যজ্ঞক্ষেত্রে ব্রাহ্মণগণ সমীপে অন্ন যাচ্ঞা করেন, তখন গোপজাতি বলিয়া ব্রাহ্মণগণ তাঁহাদিগকে প্রত্যাখ্যান করিলেন; কিন্তু ব্রাহ্মণপত্নীগণ ভূতভাবন ভগবানের উদ্দেশে অন্ন প্রদান করিবার অভি-প্রায়ে স্ব স্ব পতি ব্রাহ্মণগণকে উপেক্ষা করিয়া তাঁহারা সকলে স্বয়ং অন্নাদি হস্তে সেই গোচারণ স্থলে উপস্থিত হইয়াছিলেন। অতএব যাঁহার উদ্ধার করিবার ক্ষমতা নাই, তাঁহার গুরু হওয়া উচিত নহে এবং তজ্জন্য বৃত্তি গ্রহণ করাও অবিধেয়। তাদৃশ ব্যক্তির

দৈবং ন তৎ স্যাৎ ন পতিশ্চ স স্যাৎ ন মোচয়েদ্‌যঃ সমুপেতমৃত্যুং ॥ ১৮॥
ইদং শরীরং মম দুর্ব্বিভাব্যং তত্ত্বং হি মে হৃদয়ং যত্র ধর্ম্মঃ।

অন্বয়ঃ।

ভক্তিমার্গোপদেশেন ততঃ মৃত্যুসংসারাৎ যঃ ন মোচয়েৎ সঃ গুরুঃ ন স্যাৎ স্বজনঃ ন স্যাৎ পিতা ন স্যাৎ সা জননী ন স্যাৎ তৎ দৈবং ন স্যাৎ সঃ পতিঃ চ ন স্যাৎ ॥ ১৮ ॥

ইদং মনুষ্যাকারং মম শরীরং দুর্ব্বিভাব্যং অবিতর্ক্যং যতঃ স্বেচ্ছয়া [illegible]তং নতু প্রাকৃত-পুরুষবৎ কর্ম্মাধীনং হি যস্মাৎ তত্ত্বং পরমার্থভূতং সচ্চিদানন্দাত্মকং এব মে মম হৃদয়ং যত্র

শ্রীধরস্বামী।

নিষেধঃ। ততশ্চ পিতা ন স স্যাদিতি পুত্রোৎপত্তৌ যত্নো ন কার্য্য ইত্যর্থঃ। দৈবং দেবতা ন স্যাদিতি পূজা ন গ্রাহ্যা ইত্যর্থঃ। এবমন্যদপি দ্রষ্টব্যং ॥ ১৮ ॥

এবং মোক্ষধর্ম্মানুপদিশ্য ভ্রাতৃশুশ্রূষণলক্ষণধর্ম্মং স্পর্দ্ধাদিনিবৃত্তয়ে তেষাং জন্মকথন-পূর্ব্বকং আহ দ্বাভ্যাং। ইদং মনুষ্যাকারং শরীরং মম দুর্ব্বিভাব্যং অবিতর্ক্যং মদিচ্ছা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্যাদিতি বিধিলিঙা যস্তং মোচয়িতুং ন শক্নুয়াৎ স তস্য গুর্ব্বাদি র্নস্যাৎ প্রণত্যনুবৃত্ত্যাদিকং ন গৃহ্ণীয়াদ্‌যদি গৃহ্ণীয়াত্তর্হি প্রত্যবায়ী স্যাদিতি তেন চ যদি মোচয়িতুং ন শক্নুয়াৎ তর্হি গুরু র্ভবিতুমন্যং ন শিষ্যং কুর্য্যাৎ। স্বজনোভবিতুং বন্ধুতাং ন দধ্যাৎ পিতা ভবিতুং পুত্রোৎপত্তৌ ন যতেত। জননীভবিতুং অন্যং গর্ব্ভে ন দধ্যাৎ। দৈবং ভবিতুং পূজাং ন গৃহ্ণীয়াৎ। পাতির্ভবিতুং পাণিং ন গৃহ্ণীয়াদিতি দ্যোতিতং ॥ ১৮ ॥

যস্য ভক্তিঃ কর্ত্তব্যা স ক্ব ভগবাংস্তথা ভক্তিপ্রাপ্ত্যর্থং ভাগবতসেবাচাপেক্ষণীয়েতি ক্ব বা স ভগবত ইতি যুষ্মাকমন্বেষ্টোঽপি প্রয়াসো নাস্তি যতো গৃহএব ভগবানহং বঃ পিতা তথৈব গৃহএব ভাগবতোঽয়ং বো ভ্রাতা বর্ত্তত ইত্যাহ ইদমিতি দ্বাভ্যাং ইদং শরীরমিতি ইদং মনুষ্যাকারং শরীরং হি নিশ্চিতং দুর্ব্বিভাব্যং দুর্ব্বিতর্ক্যং যত্তত্ত্বং চিদানন্দরূপং তদেব নত্বহং প্রাকৃতো মনুষ্য ইত্যর্থঃ। চিদ্বস্তুন স্তত্ত্বস্য যন্মূর্ত্তত্বং এতদেব দুর্ব্বিভাব্যত্বং অন্যেষাং পৃথিব্যাদীনাং

জনক বা জননী তাঁহারা নহেন; তিনি দেবতা হইলেও দেবতা নহেন বা প্রকৃত পতিশব্দেরও বাচ্য ব্যক্তি নহেন। ১৮॥

আমি মানবের ন্যায় যে কলেবর ধারণে আবির্ভূত হইয়াছি, তাহা মানব বুদ্ধির তর্ক বা বিচারের অবিষয়; কারণ আমি নিজের ইচ্ছায় এই বিগ্রহ

আভাস।

পুত্র উৎপাদন করা কর্ত্তব্য নহে, যে কেবল পশুর ন্যায় পুত্রকে ভোগেই নিরত রাখে; পরিণামের জন্য পুত্রকে ধর্ম্মোপদেশ প্রদানে অসমর্থ; এবং সে দেবতার বলি গ্রহণ করাও উচিত নহে এবং সে পতির ও কেবল কাম-চরিতার্থের নিমিত্ত স্ত্রী গ্রহণ করা উচিত নহে, যিনি তাহাদিগকে পরমার্থের পথ প্রদর্শন করিতে সমর্থ না হন ॥ ১৮ ॥

পৃষ্ঠে কৃতো মে যদধর্ম্ম আরাদতো হি মামৃষভং প্রাহুরার্য্যাঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

ধর্ম্মঃ তিষ্ঠতি যৎ যস্মাৎ মে ময়া অধর্ম্মঃ আরাৎ দূরাৎ এব পৃষ্ঠে কৃতঃ উৎসারিতঃ, অতঃ আর্য্যাঃ বৃদ্ধাঃ পিত্রাদয়ঃ, মাং ঋষভং শ্রেষ্ঠং প্রাহুঃ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী

বিলসিতং নত্বহং প্রাকৃতো মনুষ্য ইত্যর্থঃ। মে হৃদয়ং তু তত্ত্বং কিং তদ্ধৃদয়ং যত্র ধর্ম্ম স্তৎ শুদ্ধং সত্ত্বমিত্যর্থঃ। কুতঃ যদ্যস্মাৎ ময়াধর্ম্মো দূরাদেব পৃষ্ঠে কৃতঃ উৎসারিতঃ। অতএব মাং ঋষভ শ্রেষ্ঠং প্রাহুঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্ত্বানাং দুর্বিভাব্যত্বাভাবাদিতি ভাবঃ। হি নিশ্চিতং যত্র মে ধর্ম্মঃ মৎপ্রাপকো ভক্তিযোগ স্তত্রৈব মে হৃদয়ং মনঃ। সাধবো হৃদয়ং মহ্যমিতি মদুক্তেঃ মে অধর্ম্মঃ মদ্ধর্ম্মভিন্নোঽর্থঃ। আরাদ্দূরত এব পৃষ্ঠে কৃতঃ ততঃ পরাঙ্মুখোঽহং তত্র মে ন মন ইত্যর্থঃ। অতো হেতো-র্মামৃষভং সর্ব্বশ্রেষ্ঠং ॥ ১৯ ॥

পরিগ্রহ করিয়াছি; প্রাকৃতিক মানবের ন্যায়, আমার দেহ প্রারব্ধবশে সমুৎপন্ন হয় নাই। সচ্চিদানন্দ পরমার্থ তত্ত্বই আমার হৃদয়স্বরূপ; আমার হৃদয় হইতেই ধর্ম্ম উৎপন্ন হইয়াছে। আমি অধর্ম্মকে অপসারিত করিয়া, পৃষ্ঠভাগে নিক্ষেপ করিয়াছি বলিয়া, জনকাদি মাননীয় ব্যক্তিগণ আমাকে ঋষভ অর্থাৎ শ্রেষ্ঠনামে অভিহিত করিয়াছেন ॥ ১৯ ॥

আভাস

যে ভগবানের সেবা বা ভক্তি করিতে হইবে, সেই ভগবানও যে তাঁহাদের সম্মুখে এবং গৃহে বিদ্যমান রহিয়াছেন, তাহাই ঋষভদেব স্বীয় স্বরূপের বর্ণনে পুত্রগণকে উপদেশ দিয়াছিলেন। তিনি বলিলেন যে, আমি তোমাদের পিতাই সাক্ষাৎ পরম পুরুষ ভগবান্ এবং তোমাদের অগ্রজ ভরতই পরম ভাগবত। আমি যে মনুষ্যদেহ পরিগ্রহে তোমাদের সমীপে উপস্থিত আছি, ইহা সাধারণ মাংসপিণ্ড নরবিগ্রহ বলিয়া মনে করিও না! ইহা প্রাকৃতিক দেহ নহে এবং মানবের ন্যায় কাম কর্ম্ম ভোগ ও সংস্কারের বশবর্ত্তী হইয়া উৎপন্ন হয় নাই। ইহার স্বরূপ এবং বিগ্রহ ধারণের ভাব অনুভব করা সৃষ্ট জীবের পক্ষে নিতান্তই অসম্ভব। ইহা সচ্চিদানন্দস্বরূপ; এবং যাঁহার স্বরূপে ও ইচ্ছায় বিশ্ব রচিত হইয়াছে, তিনি তৎস্বরূপে অপ্রাকৃতিক একটী দেহ সৃজন করিবেন, তাহাতে আর বিচিত্র কি? আমার হৃদয়ই ধর্ম্মের স্বরূপ এবং সাধু ভক্তগণই আমার হৃদয় ও ধর্ম্মের সাক্ষাৎ প্রতিমূর্ত্তি। আমার হৃদয়ের বহির্ভাগেই অর্থসমূহের রচনা করিয়াছি। অতএব যাহারা বিষয়ের প্রতি দৃষ্টি করিয়া থাকে, তাহারা আমার হৃদয়ের বাহিরে অবস্থান করে। তোমরা সকলে সাক্ষাৎ ধর্ম্মস্বরূপ ভরতের অনুকূলে অবস্থান করিলে, সকল ফলই লাভ করিবে

তস্মাদ্ভবন্তো হৃদয়েন জাতাঃ সর্ব্বে মহীয়াংসমমুং সনাভম্।
অক্লিষ্টবুদ্ধ্যা ভরতং ভজধ্বং শুশ্রূষণং তদ্ভরণং প্রজানাম্॥ ২০॥

অন্বয়ঃ।

তস্মাৎ মম সর্ব্বশ্রেষ্ঠত্বাৎ ভবন্তশ্চ সর্ব্বে মম হৃদয়েন ধর্ম্মস্থানেন, জাতাঃ শুদ্ধান্তঃকরণাঃ এব। অতঃ অক্লিষ্টবুদ্ধ্যা শুদ্ধ্যা, সনাভং সোদরং, মহীয়াংসং সদ্‌গুণৈঃ মহত্তমং, অমুং ভরতং, ভজধ্বং। (যতঃ জ্যেষ্ঠত্বেন রাজাসনে স্থিতস্য ভরতস্য) শুশ্রূষণং এব প্রজানাং ভরণং পালনং স্যাৎ নতু স্বাতন্ত্র্যেণ ইত্যর্থঃ॥ ২০॥

শ্রীধরস্বামী।

ভবন্তশ্চ হৃদয়েন শুদ্ধসত্ত্বময়েন জাতাঃ তস্মাৎ মৎসরং হিত্বা মহত্তমং সনাভং সোদরং ভজধ্বং নমু ত্বৎপুত্রত্বাৎ ত্বাং বয়ং ভজেম রাজপুত্রত্বাৎ প্রজাশ্চ পালয়াম ইতি চেদত আহ তদেব মে শুশ্রূষণং প্রজানাঞ্চ পালনং ভরতানুবৃত্ত্যৈব সর্ব্বং কৃতং স্যাদিতি ভাবঃ॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হৃদয়েন উরসা জাতাঃ অতএব পুত্রা ঔরসা উচ্যন্তে ইত্যর্থঃ। সনাভং সোদরং ভরতং ভজধ্বং নমু গৃহেষু জায়াত্মজ-রাতি-মৎসু ন প্রীতিযুক্তা ইত্যনেন কলত্র-পুত্র-ভ্রাতাদিষ্বাসক্তিং নিষিদ্ধাপি পুনস্ত্বাং কিমিত্যুপদিশসীত্যত আহ মহীয়াংসং মহৎস্বপি শ্রেষ্ঠং মহৎসেবাং দ্বারমাহ বিমুক্তেরিত্যাদিনা ভক্তিহেতুত্বেন মহৎসেবায়া ময়ৈবোক্তত্বাৎ। অক্লিষ্টবুদ্ধ্যেতি ভ্রাতৃত্বেন তুল্যৈ রস্মাভিঃ কথময়ং ভজনীয় ইতি ব্যবহারদৃষ্টির্ন কার্য্যেতি ভাবঃ। নমু তব পরমেশ্বরত্বাৎ পিতৃত্বাচ্চ ত্বাং বয়ং ভজামঃ ভক্তিহেতুত্বেন নারদাদীন্ মহতঃ সেবে মহারাজ-পুত্রত্বাৎ প্রজাশ্চ পালয়াম ইতি চেত্তত্রাহ তদেব মে শুশ্রূষণং প্রজানাঞ্চ পালনং ভরতানু-বৃত্ত্যৈব সর্ব্বং কৃতং স্যাদিতি মম্মতমিতি ভাবঃ॥ ২০॥

দূরে থাকুক্‌, কোন যোগী কল্পনাবলেও তদীয় আচরণের অভিমুখে পর্য্যন্ত অগ্রসর হইতে বা দৃষ্টিনিক্ষেপ করিতেও সাহসী হন না। কারণ অগণ্য সিদ্ধি সহ সেবা করিবার অভিপ্রায়ে যে যোগমায়া স্বয়ং চরণোপান্তে উপস্থিত হইয়াও তুচ্ছ বিবেচনায় ঋষভদেব কর্ত্তৃক সম্পূর্ণ উপেক্ষিত হইয়াছেন, যোগিগণ কায়মনোবাক্যে সেই ঐশ্বর্য্যস্বরূপা যোগমায়ারই অনুগ্রহ প্রার্থনা করিয়া থাকেন মাত্র ॥ ১৫ ॥

হে নরনাথ! সমগ্র লোক বেদ-চতুষ্টয় অমরবৃন্দ গো এবং ব্রাহ্মণকুলের রক্ষক পরমগুরু ভগবান্‌ ঋষভদেবের অতি পবিত্র সর্ব্বোপকারক বিশুদ্ধ

আভাস।

অহো! ঋষভদেবই ধন্য! তিনিই প্রকৃত প্রস্তাবে যোগের অনুষ্ঠান করিয়াছিলেন; আর অনেকেই কেবল সিদ্ধিলাভের জন্য যোগে প্রবৃত্ত হইয়া থাকেন মাত্র! কারণ পরমাত্মচিন্তনের পরাকাষ্ঠায় গমন করিলে, যে সকল সিদ্ধি আপনা হইতেই যোগীর সমীপে উপস্থিত হয়, যোগী ঋষভ ইচ্ছাপূর্ব্বক সেই সমস্তকেই উপেক্ষা করিয়াছিলেন ॥ ১৫ ॥

যস্যামেব কবয় আত্মানমবিরতং বিবিধ-বৃজিন-সংসার-পরিতাপোপতপ্য-মানমনুসবনং স্নাপয়ন্ত স্তয়ৈব পরয়া নিবৃত্যা হ্যপবর্গমাত্যন্তিকং পরম-

অন্বয়ঃ।

যস্যাং ভক্তৌ এব (ন জ্ঞানাদিসাধনান্তরে বিচারাদৌ) অনুসবনং প্রতিদিনং, অবিরতং নিরন্তরং প্রতিক্ষণং, বিবিধ-বৃজিনসংসার-পরিতাপোপতপ্যমানং (বিবিধানি বৃজিনানি দুঃখানি যস্মিন্ তস্মিন্ তির্য্যগাদি-যোনিষু ভ্রমণাত্মকে সংসারে পরিতাপৈঃ দুঃখৈঃ উপতপ্যমানং অভি-ভূয়মানং) আত্মানং স্নাপয়ন্তঃ তয়া ভজনোৎপন্নয়া, পরয়া সর্ব্বোৎকৃষ্টয়া, নিবৃত্যা আনন্দেন,

শ্রীধরস্বামী।

ভক্তেঃ পরমপুরুষার্থতামাহ যস্যাং ভক্তাবেব নতু যোগাদিষু অনুসবনং অবিরতং আত্মানং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তেঃ পরম-পুরুষার্থ-শিরোমণিত্বমাহ যস্যাং ভক্তাবেব সুধাসরিতি আত্মানং স্নাপয়ন্তঃ

চরিত্র আমি আপনার সমীপে বর্ণন করিলাম। প্রাণিমাত্রেরই দুরিতনাশন এবং অতি দুর্ল্লভ-ফলপ্রদ এই পবিত্র কীর্ত্তিকলাপ যে ব্যক্তি অতি সাবধানে এবং ভক্তিভরে স্বয়ং শ্রবণ করেন এবং যে ব্যক্তি অন্যের নিকট ইহা কীর্ত্তন করেন, এই উভয় শ্রোতা এবং বক্তা পরম গতি লাভ করেন; পরম গুরু ভগবান্ বাসুদেবে তাঁহাদের অহৈতুকী ভক্তি জন্মে, সন্দেহ নাই ॥ ১৬ ॥

ভগবদ্ভক্তির উদয় হইলে, জ্ঞানলাভের জন্য অন্য কোনরূপ সাধন বা বিচারের অপেক্ষা থাকে না; প্রতিদিন অনবরত বিবিধ দুঃখপ্রদ তির্য্যগাদি যোনিতে অবশভাবে ভ্রমণ করত, জীব সংসার-স্রোতে নিরন্তর বিবিধ যাতনা ভোগ করিয়া থাকে বটে, কিন্তু এই ভগবদ্ভক্তির গভীর গহ্বরে আত্মহারা হইতে পারিলে, পরিপূর্ণ পরমানন্দের পরাকাষ্ঠা লাভ করিতে পারে। তখন

আভাস।

সত্যাদি যুগত্রয়ে যে সকল যোগী বিদ্যমান ছিলেন এবং ভগবানের উপদেশ অনুসারে যোগের অনুষ্ঠান করিয়াছিলেন, তাঁহাদের অপেক্ষা কলিযুগবর্ত্তী জনগণ তদীয় লীলা-শ্রবণ ও কীর্ত্তনের দ্বারা বিশেষ ফললাভ করিয়াছেন, সন্দেহ নাই। বহুকাল ও বহু আয়াস-সাধ্য যোগের অনুশীলনেও পূর্ব্বে সে সকল পাপের মোচন হইত না, এই ঘোর কলিযুগে সেই সকল যোগানুষ্ঠান না করিয়াও, জীব কেবল ভগবানের লীলা-শ্রবণ ও কীর্ত্তন, এমন কি! কেবল অনুমোদনের ফলেই সেই সকল পাপের আক্রমণ হইতে নিষ্কৃতি লাভে পরমা ভক্তি লাভ করিয়া থাকেন, সন্দেহ নাই ॥ ১৬ ॥

পরমপুরুষার্থের মধ্যে ভক্তির শ্রেষ্ঠত্ব প্রতিপাদনের অভিপ্রায়ে প্রকাশ করা হইয়াছে যে, ভক্তিরূপ সুধার স্রোতস্বতীতে যদি একবার মানব অবগাহন করিতে পারে, তাহা হইলে

পুরুষার্থমপি স্বয়মাসাদিতং নৈবাদ্রিয়ন্তে ভগবদীয়ত্বেনৈব পরিসমাপ্ত-সর্ব্বার্থাঃ ॥ ১৭ ॥

রাজন্ পতির্গুরুরলং ভবতাং যদূনাং দৈবং প্রিয়ঃ কুলপতিঃ ক্ব চ

অন্বয়ঃ

পূর্ণাঃ তথা ভগবদীয়ত্বেন (ভগবতা স্বকীয়ত্বেন অঙ্গীকারেণ এব) পরিসমাপ্তসর্ব্বার্থাঃ (পরি-সমাপ্তাঃ পরিপূর্ণাঃ সর্ব্বে অর্থাঃ মনোরথাঃ যেষাং তে) কবয়ঃ বিবেকিনঃ, স্বয়ং আসাদিতং (আকাঙ্ক্ষাং বিনৈব ভগবতা প্রাপিতং) আত্যন্তিকং জন্মমরণাদিদোষবর্জ্জিতং, পরমপুরুষার্থং অপবর্গং অপি নৈব আদ্রিয়ন্তে নাঙ্গীকুর্ব্বন্তি ॥ ১৭ ॥

হে রাজন্! ভগবান্ ভবতাং তথা যদূনাং যাদবানাং চ পতিঃ রক্ষকঃ, গুরুঃ ধর্ম্মোপদেষ্টা,

শ্রীধরস্বামী।

স্নাপয়ন্তঃ স্বয়মাসাদিতং অপ্রার্থিতং ভগবতা স্বয়মেব দীয়মানমপি অনাদরে হেতুঃ ভগবদীয়-ত্বেন পরিতঃ সমাপ্তাঃ সম্যগাপ্তাঃ সর্ব্বে পুরুষার্থাঃ যৈঃ তে ॥ ১৭ ॥

নমু ভগবতোঽতিসুলভত্বদর্শনাৎ মোক্ষস্যাচাতিদুর্ল্লভত্বাদিয়মতিস্তুতিরেবেত্যাশঙ্ক্যাহ হে রাজন্ ভবতাং পাণ্ডবানাং যদূনাঞ্চ পতিঃ পালকঃ গুরুরুপদেষ্টা দৈবমুপাস্যঃ প্রিয়ঃ সুহৃৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বয়মাসাদিতমপ্রার্থিতমপি ভগবতা স্বয়মেব দীয়মানমপি। অনাদরে হেতুঃ। ভগবদীয়-ত্বেনৈব পরিতঃ সম্যক্ প্রাপ্তাঃ সর্ব্বেঽর্থা যৈ র্ন তু ভগবত্ত্বেনেত্যর্থঃ ॥ ১৭ ॥

ধন্যোঽয়ং প্রিয়ব্রতবংশো যত্র ভগবানৃষভদেবোঽবতীর্ণঃ। উত্তানপাদবংশোঽপি ধন্যঃ যত্র পৃথুঃ। রঘুবংশোঽপি ধন্যঃ যত্র রামঃ। যদুবংশ পুরুবংশয়োরৈককালিকয়োরপি মধ্যে

ভগবান্ তাহাকে আপনার বলিয়া গ্রহণ করেন; তাদৃশ বিবেকীর সকল সাধ পূর্ণ হয়। তখন প্রার্থনা ব্যতীত ভগবৎপ্রদত্ত ঐশ্বর্য্য-সম্ভোগের কথা দূরে থাকুক, অনায়াস-লভ্য জন্ম-মরণাদি-দোষ-বর্জ্জিত অপবর্গস্বরূপ পরম-পুরুষার্থকেও তাদৃশ বিবেকী ভক্ত কখন আদর করেন না। ভক্তির প্রবাহে নিরন্তর ভাসমান থাকিতেই তিনি শ্রেয়োজ্ঞান করিয়া থাকেন ।। ১৭ ॥

হে রাজেন্দ্র! ভগবান্ শ্রীহরি তোমাদের পূর্ব্বপুরুষ পাণ্ডবগণ এবং যদুবংশীয়গণের রক্ষক ধর্ম্মোপদেষ্টা গুরু, সর্ব্বফলপ্রদ উপাস্য দেবতা, সকল

আভাস।

তিনি আর এ জগতের সহিত কোন সম্পর্ক রাখেন না; তিনি তখন ভগবানের নিকট স্বতন্ত্র ভাবে বিশেষ তত্ত্বাবধানের পাত্র হইয়া উঠেন। যেমন আতিথ্য স্বীকারে কোন গৃহস্থের গৃহে প্রবিষ্ট অতিথিকে নিজের ভোজন সংগ্রহার্থ কোন যত্ন করিতে হয় না, সেইরূপ ভক্তি সম্বলে ভগবানের সমীপবর্ত্তী হইতে পারিলে, সংসারে আর ভক্তের কিছু প্রার্থনা পূরণের অপেক্ষা থাকে না; ভক্তের ভার ভগবান্ নিজেই গ্রহণ করিয়া থাকেন ॥ ১৭ ॥

কিঙ্করো বঃ। অস্ত্বেবমঙ্গ ভগবান্ ভজতাং মুকুন্দো মুক্তিং দদাতি কর্হিচিৎস্ম ন ভক্তিযোগং॥ ১৮॥

অন্বয়ঃ।

দৈবং উপাস্যঃ ফলদঃ, প্রিয়ঃ মিত্রং, কুলপতিঃ গণমুখ্যঃ কার্য্যনিয়ন্তা চ, হে অঙ্গ! কিং বহুনা! ক্বচ কদাচিৎ, বঃ যুষ্মাকং, পাণ্ডবানাং কিঙ্করঃ আজ্ঞাকারী চ জাতঃ; তদেবং অলং অস্তু; পরন্তু ভজতাং ভগবান্ মুকুন্দঃ কর্হিচিৎ মুক্তিং দদাতি স্ম ভক্তিযোগং তু নৈব দদাতি স্ম॥ ১৮॥

শ্রীধরস্বামী।

কুলস্য পতি নিয়ন্তা কিং বহুনা ক্বচ কদাচিৎ দৌত্যাদিষু বঃ পাণ্ডবানাং কিঙ্করোঽপি আজ্ঞানুবর্ত্তী। অস্তু নামৈবং তথাপি অন্যেষাং নিত্যং ভজতামপি মুক্তিং দদাতি নতু কদাচিদপি স প্রেমভক্তিং॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদুবংশ এব সুভগঃ যত্র কৃষ্ণঃ। অস্মদীয়ঃ পুরুবংশস্তু সর্ব্বতোঽতিদুর্ভগো যত্র ভগবান্নাবততার ইতি মনোনুলাপেন বিষীদন্তং রাজানং সর্ব্বজ্ঞতয়ৈব জ্ঞাত্বা মোক্ষান্তঙ্কেকৃংকর্ষেণ প্রতিপাদিতেনৈব তমানন্দয়তি হে রাজন্ ভবতাং পাণ্ডবানাং যদূনাঞ্চ পতিঃ পালকঃ। গুরুরুপদেষ্টা দৈবমুপাস্যঃ প্রিয়ঃ প্রীতিকৃৎ কুলপতি নিয়ন্তেতি যদুষ্বতরতোঽপি কৃষ্ণস্য তেষু ভবৎসু চ তুল্য এব ব্যবহারো দৃষ্টঃ। কিঞ্চ ক্বচ কদাচিৎ বঃ পাণ্ডবানাং দূত্যাদিষু কিঙ্করঃ নচ তথা যদূনামিতি যদুভ্যোঽপি প্রেমবত্ত্বেন ভবতামাধিক্যমেবেতি ভাবঃ। ভবদ্ভ্যো হ্যভজদ্ভ্যোঽপি পরমপ্রেমাধিক্যদানস্য বার্ত্তা কিয়তী বক্তব্যা সা সর্ব্বোপরি বিরাজিতা। অন্যেভ্যো ভজদ্ভ্যোঽপি ভক্তিযোগং ভাবভক্তিমপি প্রায়ো ন দদাতি কিন্তু ততোঽপ্যতিনিকৃষ্টাং মুক্তিমেবেত্যাহ অস্ত্বেবেতি ভজতাং ভজদ্ভ্যঃ। অত্র কর্হিচিদপীত্যনুক্তে মুক্তিমনিচ্ছদ্ভ্যঃ শুদ্ধভক্তেভ্যস্তু ভক্তিমেব দদাতীত্যর্থো লভ্যতে॥ ১৮॥

কার্য্যের পথ-প্রদর্শক কুলপতি এবং পরম সুহৃদ্ ছিলেন। হে অঙ্গ! অধিক কি বলিব! তোমার পিতামহ পাণ্ডবগণের আজ্ঞাকারী হইয়াও তিনি কার্য্য করিয়াছেন; এতদপেক্ষা আর অধিক কি প্রত্যাশা করিতে পার? তাঁহাকে যাহারা ভজনা করিয়াছে, তাহাদিগকে তিনি মুক্তিও প্রদান করিয়াছেন; কিন্তু কাহাকেও কখন ভক্তি প্রদান করেন নাই। অতএব ভক্তি যে কি দুর্ল্লভ পদার্থ, তাহা তুমি মনে মনে বিবেচনা করিয়া বুঝ!। ১৮॥

আভাস।

ভগবানের সাক্ষাৎকার লাভ হওয়া বরং সুলভ, কিন্তু মোক্ষপ্রাপ্তি অতীব দুর্ল্লভ বলিলে পাছে অতিস্তুতি করা হয়, এই আশঙ্কায় প্রকাশ করা হইয়াছে যে, ভগবান্ ঋষভদেব যে বংশে অবতীর্ণ হইয়াছেন, সেই প্রিয়ব্রতের বংশ প্রকৃতই ধন্য! উত্তানপাদের বংশও ধন্য; কারণ তথায় পৃথু জন্ম পরিগ্রহ করিয়াছেন। শ্রীরামচন্দ্র অবতীর্ণ হইয়া

নিত্যানুভূতনিজলাভনিবৃত্ততৃষ্ণঃ শ্রেয়স্যতদ্রচনয়া চিরসুপ্তবুদ্ধেঃ ।

অন্বয়ঃ ।

(নিত্যং অনুভূতং যৎ নিজং রূপং স এব লাভঃ তেন নিবৃত্তা তৃষ্ণা যস্য সঃ) নিত্যানু-ভূতনিজলাভনিবৃত্ততৃষ্ণঃ যঃ ঋষভঃ অতদ্রচনয়া (আত্মা তৎপদবাচ্যঃ তদ্ব্যতিরিক্তং দেহাদি এব অতৎ, তদর্থা যা রচনা লৌকিকব্যবহারঃ তৎ দেহাদ্যর্থ-মনোরথেন) শ্রেয়সি ভগবদ্ভজনে

শ্রীধরস্বামী ।

বর্ণিতমৃষভাবতারং নমস্করোতি নিত্যমনুভূতং যন্নিজং স্বরূপং সএব লাভস্তেন নিবৃত্তা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

উপাখ্যানং সমাপ্য প্রণমতি নিত্যমেব অনুভূতো যো নিজঃ স্বরূপানন্দ স্তল্লাভেনৈব বিগত-তৃষ্ণঃ। অতদ্রচনয়া দেহাদ্যর্থচেষ্টয়া শ্রেয়সি বিষয়ে চিরং সুপ্তা বুদ্ধি র্যস্য তস্য জনস্য

ভগবান্ ঋষভদেব স্বকীয় পরমানন্দেই নিজে পূর্ণ থাকায়, জগতে কাহারও নিকট তিনি কোন প্রত্যাশা করেন নাই ; তথাপি অকিঞ্চিৎকর দেহ গেহাদি মিথ্যা বিষয়সমূহে নিত্য নিরতিশয় পরমানন্দ লাভের পরমাশ্রয় জ্ঞানে নির-ন্তর চেষ্টমান অথচ প্রকৃত শ্রেয়ঃপ্রদ ভগবদ্ভজন-ব্যাপারে চিরনিদ্রিত মানব-

আভাস ।

রঘুবংশকে উজ্জ্বল করিয়াছেন। কিন্তু যদুবংশ ও পুরুবংশ পরস্পর সমকালীন হইলেও, পুরুবংশের সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠত্ব স্বীকার করিতে হইবে। কারণ যদুবংশে ভগবান্ শ্রীকৃষ্ণ যেমন অবতীর্ণ হইয়া কুলকে পবিত্র করিয়াছেন, পুরুবংশে অবতীর্ণ হন নাই বটে, কিন্তু হে রাজন ! তিনি তোমার পিতামহগণের গুরু পালক মন্ত্রণাদাতা এবং পরম সহায় হইয়া যদুবংশীয়গণের অপেক্ষা তোমাদেরই বিশেষ উপকার করিয়াছেন। অধিক কি ! তোমাদের অনুমতি অনুসারে কুরুসভায় উপস্থিত হইয়া, তোমাদের দূতের কার্য্যও তিনি করিয়াছেন। এরূপ কার্য্য তিনি যদুগণের নিমিত্তত কখন করেন নাই। তোমরা তাঁহাকে ভজনা না করিলেও, তিনি তোমাদের কখন কোন অভাব রাখেন নাই। তিনি অন্যকে মুক্তি পর্য্যন্ত প্রদান করিয়াছেন, কিন্তু তোমাদের ন্যায় কাহাকেও কখন এতাদৃশ প্রেমভক্তি বিতরণ করেন নাই ॥ ১৮ ॥

ঋষভদেবের অবতার সম্বন্ধে আখ্যায়িকা সমাপন করত এই শ্লোকে তাঁহার অবতার-নিষ্ঠ প্রয়োজনতার উল্লেখে গ্রন্থকার তাঁহাকে প্রণাম করিয়াছেন। অজ্ঞানান্ধ জীব সংসার-মার্গে ভ্রমণকালে অনিত্য দেহগেহাদি বস্তুকেই নিত্যজ্ঞান করত নিরন্তর বিষয়-সম্ভোগে তৃপ্তি পাইবার প্রত্যাশায় উদ্‌যোগ করে ; সুতরাং নিত্যনিরঞ্জন পরমার্থপ্রদ পরমাত্মার সাক্ষাৎ-কারে বঞ্চিত হইতেছে। ভগবান্ ঋষভরূপে অবতীর্ণ হইয়া, কেবল জীবের উদ্ধার-মানসে তাহাদিগকে আত্মতত্ত্বের উপদেশ প্রদান করিয়াছেন। অতএব জীব যাঁহার উপদেশ ফলে তদনুসারে আচরণ করিলে, বিষয়াসক্তি বর্জ্জন পূর্ব্বক অহৈতুকী ভক্তির প্রভাবে বৈকুণ্ঠধামে

লোকস্য যঃ করুণয়াঽভয়মাত্মলোকমাখ্যন্নমো ভগবতে ঋষভায় তস্মৈ ॥ ১৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ঋষভদেবানুচরিতং ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

ভরতস্তু মহাভাগবতো যদা ভগবতাঽবনিতলপরিপালনায় সঞ্চিন্তিতস্তদনু-

অন্বয়ঃ।

(চিরং বহুকালতঃ সুপ্তা লুপ্তা বুদ্ধিঃ যস্য তস্য) চিরসুপ্তবুদ্ধেঃ, লোকস্য প্রাণিজাতস্য, অভয়ং সংসারভয়নিবর্ত্তকং আত্মলোকং (আত্মা চাসৌ লোকঃ সর্ব্বোপদ্রবরহিতঃ নিবাসঃ চ তং) আত্মতত্ত্বং আখ্যাং আখ্যাতবান, তস্মৈ ভগবতে ঋষভায় নমঃ ॥ ১৯ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। যদা ভগবতা ঋষভেণ অবনিতলপরিপালনায় মহাভাগবতঃ ভরতঃ

শ্রীধরস্বামী।

তৃষ্ণা যস্য অতদ্রচনয়া দেহাদ্যর্থমনোরথেন শ্রেয়সি বিষয়ে চিরং সুপ্তা বুদ্ধির্যস্য তস্য জনস্য করুণয়া নির্ভয়মাত্মস্বরূপং য আখ্যাতবান্ তস্মৈ নমঃ ॥ ১৯ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে ষষ্ঠঃ ॥ * ॥

অধ্যায়ানাং ত্রয়েণৈবমৃষভাখ্যানমীরিতং।
অষ্টভির্ভরতাখ্যানমতঃ প্রস্তূয়তেঽদ্ভুতং ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভয়ং নির্ভয়কারণং আত্মলোকং শ্রীবৈকুণ্ঠং প্রাপ্যং করুণয়োপদিষ্টেন ভক্তিযোগেন য আখ্যাতবাংস্তস্মৈ নমঃ ॥ ১৯ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ষষ্ঠোঽধ্যায়ঃ পঞ্চমস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সমূহের অজ্ঞানান্ধকার নিবারণ করত তিনি তাহাদিগের সমীপে আত্মজ্ঞানের উপদেশ প্রদানে বিবিধ উপদ্রবপূর্ণ অনন্ত সংসার-স্রোত হইতে আত্মরক্ষার উপায় নিরূপণ করিয়া দিয়াছেন! সেই ভগবান্ ঋষভদেবের চরণকমলে আমরা প্রণিপাত করি! ॥ ১৯ ॥

ইতি-পঞ্চমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের ষষ্ঠ অধ্যায় সমাপ্ত ॥

আভাস।

গমন করিতে পারে, জীবের পরমারাধ্য প্রকৃত হিতকারী সেই পরমদেবকে প্রণাম করি বলিয়া শুকদেব এই অধ্যায়ের সমাপন করিয়াছেন ॥ ১৯ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ষষ্ঠ অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

শাসনপরঃ পঞ্চজনীং বিশ্বরূপদুহিতরমুপযেমে ॥ ১ ॥

তস্যামুহ বা আত্মজান্ কার্ৎস্ন্যেনানুরূপানাত্মনঃ পঞ্চ জনয়ামাস ভূতাদিরিব ভূতসূক্ষ্মাণি। সুমতিং রাষ্ট্রভৃতং সুদর্শনমাবরণং ধূম্রকেতুমিতি ॥ ২ ॥

অন্বয়ঃ।

সঙ্কিস্তিতঃ বিচারেণ রাজ্যে স্থাপিতঃ, তদা তদনুশাসনপরঃ সন্ ভরতঃ বিশ্বরূপদুহিতরং পঞ্চজনীং নাম উপযেমে বিবাহিতবান্ ॥ ১ ॥

তথা তস্যাং পঞ্চজন্যাং ভার্য্যায়াং আত্মনঃ স্বস্য কার্ৎস্ন্যেন সর্ব্বপ্রকারেণ, অনুরূপান্ ভূতাদিঃ তামসাহঙ্কারঃ, যথা ভূতসূক্ষ্মাণি সৃজতি তথা, সুমতিং, রাষ্ট্রভৃতং, সুদর্শনং, আবরণং, ধূম্রকেতুং চ ইতি পঞ্চ আত্মজান্ পুত্রান্, জনয়ামাস ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

সপ্তমে ভরতো রাজ্যে চিরং যজ্ঞৈর্হরিং যজন্।
আরব্ধকর্ম্মনির্ব্বাণে হরিক্ষেত্রেঽভজদ্ধরিং ॥ * ॥

সঙ্কিস্তিতঃ সংকল্পেনৈব রাজ্যাদৌ নিযুক্তঃ ॥ ১ ॥

আত্মনো অনুরূপান্ ভূতাদিরহঙ্কার ইব ভূতসূক্ষ্মাণীতি সন্ততিবৃদ্ধৌ দৃষ্টান্তঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সপ্তমে ভবনে যজ্ঞৈঃ পত্রপুষ্পাদিভির্বনে।
ভরতো ভক্তিভরতো হরিমীজে দৃঢ়ব্রতঃ ॥ * ॥

ঋষভদেবো ভগবান্ ভরতস্তু ভাগবত ইতি তু শব্দার্থঃ। ভূতাদিরহঙ্কারঃ ॥ ১ ॥ ২ ॥

শুকদেব বলিলেন, ভগবান্ ঋষভদেব যখন ধরণী-পালনার্থ মহাভাগবত ভরতকেই নির্ণয় করিলেন এবং তাঁহাকে রাজ্যে অভিষিক্ত করিলেন, তখন ভরতও তাঁহার আজ্ঞা শিরোধার্য্য করত, বিশ্বরূপের দুহিতা পঞ্চজনী নাম্নী কন্যার পাণিগ্রহণ করিলেন ॥ ১ ॥

এবং ভার্য্যাত্বে পরিগৃহীতা সেই পঞ্চজনীর গর্ভে সর্ব্বপ্রকারে নিজের অনুরূপ, অধিক কি! তামস অহঙ্কারতত্ত্ব হইতে যেমন ভূতসূক্ষ্মের উৎপাদন হয়, সেইরূপ সুমতি, রাষ্ট্রভৃত, সুদর্শন, আবরণ ও ধূম্রকেতু নামে তুল্যগুণবান্ পাঁচটী পুত্রের উৎপাদন করিলেন ॥ ২ ॥

অহো! যে প্রসিদ্ধ বর্ষ পূর্ব্বে অজনাভ নামে সঙ্গিত হইত, সম্প্রতি ভগবদ্ভক্ত

আভাস।

রাজা ভরত স্বকীয় রাজ্যাধিকারকালে রাজভবনে বিবিধ যজ্ঞের অনুষ্ঠানে এবং প্রারব্ধক্ষয়ার্থ বনে পত্র পুষ্পাদির দ্বারা ব্রতাবলম্বনে যেরূপ শ্রীহরির অর্চ্চনা করিয়াছিলেন, তাহাই এই সপ্তমাধ্যায়ে বর্ণিত হইয়াছে ॥

অজনাভং নামৈতদ্বর্ষং ভারতমিতি যত আরভ্য ব্যপদিশন্তি ॥ ৩ ॥

সচ বহুবিন্মহীপতিঃ পিতৃপিতামহবদুরুবৎসলতয়া স্বে স্বে কর্ম্মণি বর্ত্তমানাঃ প্রজাঃ স্বধর্ম্মমনুবর্ত্তমানঃ পর্য্যপালয়ৎ ॥ ৪ ॥

ঈজেচ ভগবন্তং যজ্ঞক্রতুরূপং ক্রতুভিরুচ্চাবচৈঃ শ্রদ্ধয়াহৃতাগ্নিহোত্র-দর্শ-

অন্বয়ঃ।

অজনাভং নাম পূর্ব্বং প্রসিদ্ধং অপি এতৎ বর্ষং যতঃ ভরতাৎ, আরভ্য, সর্ব্বে জনাঃ ভারতং ইতি ব্যপদিশন্তি কথয়ন্তি ॥ ৩ ॥

বহুবিদ্ সর্ব্বশাস্ত্ররহস্যজ্ঞঃ, স চ মহীপতিঃ স্বধর্ম্মং অনুবর্ত্তমানঃ অনুতিষ্ঠন্, স্বে স্বে কর্ম্মণি বর্ত্তমানাঃ প্রজাঃ উরুবৎসলতয়া অতিপ্রীত্যা, পিতৃপিতামহবৎ পর্য্যপালয়ৎ ॥ ৪ ॥

যজ্ঞক্রতুরূপং (যজ্ঞাঃ অযূপাঃ, ক্রতবঃ সযূপাঃ তদ্রূপং) ভগবন্তং অনুসবনং তস্মিন্ তস্মিন্

শ্রীধরস্বামী।

ভারতমিতি স্বনামাখ্যাপকত্বেন ধর্ম্মাদ্যতিশয়ঃ সূচিতঃ ॥ ৩ ॥

বহুবিৎ সর্ব্বজ্ঞঃ ॥ ৪ ॥

যজ্ঞা অযূপাঃ ক্রতবঃ সযূপা স্তদ্রূপং উচ্চাবচৈর্মহদ্ভি রল্পৈশ্চ ক্রতুভিঃ কর্ম্মভিঃ শ্রদ্ধয়া ঈজে চ তানেবাহ। আহুতাঃ স্বাধিকারেণ আত্মসাৎকৃতা যে অগ্নিহোত্রাদয় স্তেষাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অজনাভমিতি। নাভে ঋষভদেবস্যাজস্য চৈতদ্বর্ষস্বামিত্বাদিত্যর্থঃ। নাভিশ্চাজশ্চেত্তো-জনাভী অভ্যর্হিতত্বাদজ ইতি পদস্য পূর্ব্বনিপাতঃ। তয়োরিদমজনাভং সংজ্ঞাপূর্ব্বক বিধি-ত্বাদ্বৃদ্ধ্যভাবঃ। ভারতমিতি ভরতস্বামিকত্বাৎ ॥ ৩ ॥ ৪ ॥

যজ্ঞাঃ অযূপাঃ ক্রতবঃ সযূপা স্তদ্রূপং। উচ্চাবচৈ র্মহদ্ভিরল্পৈশ্চ ক্রতুভিঃ কীদৃশৈঃ কর্ম্মিজনানাং শ্রদ্ধয়া আহুতাঃ স্বাধিকারেণাত্মসাৎকৃতা যেহগ্নিহোত্রাদয়ো দ্বিবিধাঃ স্তেষাং

পরমধার্ম্মিক ভরতের রাজ্যাধিকার কাল হইতে সেই বর্ষই পুনরায় ভারতবর্ষ নামে অভিহিত হইয়াছে ॥ ৩ ॥

সর্ব্বশাস্ত্রার্থতত্ত্বজ্ঞ মহীপতি ভরত রাজধর্ম্মানুসারে রাজ্যশাসন করত স্ব স্ব বর্ণাশ্রমোচিত ধর্ম্মে নিত্য নিরত প্রজাবর্গের উপর প্রসন্ন হইয়া, পুত্র-নির্ব্বিশেষে পিতৃপিতামহের ন্যায়, তাহাদিগকে পালন করিয়াছিলেন ॥ ৪ ॥

এবং বিবিধ দ্রব্য সামগ্রীর আয়োজনে এবং উপযুক্তকালে ও শ্রদ্ধা-সহকারে অগ্নিহোত্র, দর্শ, পূর্ণমাস, চাতুর্মাস্য পশুযাগ ও সোমযাগ প্রভৃতি

আভাস।

যাহাতে পশুহিংসা নাই, তাহাকে যজ্ঞ এবং যাহাতে হিংসা আছে, তাহাকে ক্রতু নামে অভিহিত করা যায়। ঋষভদেব তাদৃশ অনেকানেক বৃহৎ এবং স্বল্প যজ্ঞের অনুষ্ঠানে ভগবান্ শ্রীহরির অর্চ্চনা করিয়াছিলেন। অগ্নিহোত্রাদি প্রধান যজ্ঞকে প্রকৃতি এবং অঙ্গানু-

পূর্ণমাস চাতুর্মাস্য পশুসোমানাং প্রকৃতিবিকৃতিভিরনুসবনং চাতুর্হোত্রবিধিনা ॥৫

সংপ্রচরৎসু নানাযাগেষু বিরচিতাঙ্গক্রিয়েষ্বপূর্ব্বং যত্তৎ ক্রিয়াফলং

অন্বয়ঃ।

যোগ্যে কালে, উচ্চাবচৈঃ মহদ্ভিরল্পৈঃ চ ক্রতুভিঃ যজ্ঞৈঃ তথা শ্রদ্ধয়া আহৃতাগ্নিহোত্রদর্শ-পূর্ণমাস-চাতুর্মাস্য-পশুসোমানাং প্রকৃতিবিকৃতিভিঃ চাতুর্হোত্রবিধিনা ঈজে ॥ ৫ ॥

বিরচিতাঙ্গক্রিয়েষু (বিরচিতা অনুষ্ঠানেন সম্পাদিতা অঙ্গক্রিয়া যেষাং তেষু) নানাযাগেষু সংপ্রচরৎসু সুপ্রবর্ত্তমানেষু অধ্বর্য্যুভিঃ হবিঃষু গৃহ্যমাণেষু সৎসু যৎ ধর্ম্মাখ্যং তৎক্রিয়াফলং

শ্রীধরস্বামী।

প্রকৃতিবিকৃতিভিঃ অগ্নিহোত্রাদয়ো দ্বিবিধাঃ সকলাঙ্গযুক্তা প্রকৃতয়ঃ বিকলাঙ্গা বিকৃতয় ইতি দ্বৈবিধ্যবিধৈরপি ইষ্টবানিত্যর্থঃ। অনুসবনমিত্যন্তং বা চাতুর্হোত্রবিধিনা ইত্যন্তং বা গদ্যং ॥৫

কিঞ্চ সংপ্রচরৎসু প্রবর্ত্তমানেষু নানাযাগেষু বিরচিতা অনুষ্ঠিতা অঙ্গক্রিয়া যেষাং তেষু যদপূর্ব্বং তদ্বাসুদেব এব ভাবয়মানঃ চিন্তয়ন্ স যজমানো যজ্ঞভাগভাজো যে দেবাঃ সূর্য্যাদয়-স্তান্ পুরুষস্য বাসুদেবস্যাবয়বেষু চক্ষুরাদিষু অভ্যধ্যায়ৎ নতু তৎ পৃথক্ত্বেনেত্যর্থঃ। অপূর্ব্বে পক্ষদ্বয়ং মীমাংসকানাং তদানীমেব সূক্ষ্মত্বেনোৎপন্নং ফলমেবাপূর্ব্বং কালান্তরফলোৎপাদিকা কর্ম্মশক্তির্ব্বা ইতি। তদুক্তং যাগাদেব ফলং তদ্ধি শক্তিদ্বারেণ সিদ্ধ্যতি। সূক্ষ্মশক্ত্যাত্মকং বাপি ফলমেবোপজায়ত ইতি। তদেতদাহ ক্রিয়াফলং ধর্ম্মাখ্যমিতিচ নমু যদ্যঙ্গং দেবতা কর্ম্ম-প্রধানমিতি মতং তর্হি কর্ত্তৃনিষ্ঠমপূর্ব্বং স্যাৎ। তদুক্তং কর্ম্মভ্যঃ প্রাগযোগ্যস্য কর্ম্মণঃ পুরুষস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রকৃতিবিকৃতিভিঃ অগ্নিহোত্রাদয়ঃ সকলাঙ্গযুক্তাঃ প্রকৃতয়ঃ বিকলাঙ্গা বিকৃতয় ইতি দ্বৈবিধ্যবিধৈরপীষ্টবানিত্যর্থঃ ॥ ৫ ॥

নমু তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা। মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়ত ইতি ভগবদুক্তে র্ভগবৎকথাদিষু প্রৌঢ়শ্রদ্ধস্য নিষ্কামস্য শুদ্ধভক্ত্যাধিকারিণো ভরতস্য কর্ম্মকর্তৃত্বং কর্ম্মফলভোক্তৃত্বঞ্চ কথং সংগচ্ছতামিত্যত আহ সংপ্রচরৎসু প্রবর্ত্তমানেষু বিরচিতা অনুষ্ঠিতা অঙ্গক্রিয়া যেষাং তেষু যদপূর্ব্বং তৎ পরে ব্রহ্মণি বাসুদেবে স্বেষ্টদেবে এব ভাবয়মানঃ অস্য কর্ম্মণো যৎ ফলং ভাবি তত্র ন মে লিপ্সা কিন্তু তদ্বাসুদেবপ্রীত্যর্থং বাসুদেবায়ৈব-সমর্পিতমিতি তত্র ন মে স্বত্বমিতি চিন্তয়ন্নিত্যর্থঃ। নমু কর্ম্ম কর্ত্তৃপ্রধানং দেবতাপ্রধানং বেতি

প্রকৃতি ও বিকৃতি নামক যজ্ঞের অনুষ্ঠানে চাতুর্হোত্রের বিধানানুসারে সর্ব্ব-যজ্ঞেশ্বর বিষ্ণুর আরাধনা করিয়াছিলেন ॥ ৫ ॥

বিশেষ অনুষ্ঠান পূর্ব্বক সম্পাদিত বিবিধ যজ্ঞের প্রারম্ভকালে ঋত্বিক্‌গণ

আভাস।

ভূত অপ্রধান যজ্ঞকে বিকৃত নামে সঙ্গিত করা হয়। যে সকল যাজ্ঞিক হোমকার্য্য চারি জন ঋত্বিকের দ্বারা সম্পন্ন হয়, তাহাকে চাতুর্হোত্র যজ্ঞ বলা যায় ॥ ৫ ॥

ধর্ম্মাখ্যং পরে ব্রহ্মণি যজ্ঞপুরুষে সর্ব্বদেবতালিঙ্গানাং মন্ত্রাণামর্থনিয়ামকতয়া সাক্ষাৎ কর্ত্তরি পরদেবতায়াং ভগবতি বাসুদেব এব ভাবয়মান আত্মনৈপুণ্য-

অন্বয়ঃ।

অপূর্ব্বং সর্ব্বদেবতালিঙ্গানাং মন্ত্রাণাং অর্থনিয়ামকতয়া সাক্ষাৎ কর্ত্তরি পরে ব্রহ্মণি যজ্ঞপুরুষে পরদেবতায়াং ভগবতি বাসুদেবে এব ভাবয়মানঃ অতঃ আত্মনৈপুণ্যেন মৃদিতাঃ ক্ষীণাঃ কষায়াঃ

শ্রীধরস্বামী।

বা। যোগ্যতা শাস্ত্রগম্যা যা পরা সা পূর্ব্বমিষ্যতে ইতি। অথ দেবতাপ্রধানং কর্ম্ম তু দেবতারাধনার্থং তদা দেবতাপ্রসাদরূপত্বাৎ অপূর্ব্বস্য দেবতাশ্রয়ত্বমেব যুক্তং। প্রোক্ষণাদ্য-পূর্ব্বস্যেব ব্রীহ্যাদ্যাশ্রয়ত্বং কুতো বাসুদেবাশ্রয়মপূর্ব্বং ভাবয়তি উচ্যতে যদি কর্ত্তৃনিষ্ঠমপূর্ব্বং স্যাত্তর্হি বাসুদেবস্যান্তর্যামিণঃ প্রবর্ত্তকত্বেন মুখ্যকর্ত্তৃত্বাত্তদাশ্রয়মেবাপূর্ব্বং নতু তৎপ্রযোজ্য-যজমানাশ্রয়ং শাস্ত্রফলং প্রয়োক্তরীতি ন্যায়াৎ অন্যথা ঋত্বিজামপি অপূর্ব্বাশ্রয়ত্বপ্রসঙ্গাৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মীমাংসকানাং পক্ষদ্বয়ং। তত্রাদ্যে পক্ষে কর্ত্তৃনিষ্ঠমপূর্ব্বং দ্বিতীয়ে কর্ম্মণো দেবতারাধনার্থত্বা-দ্দেবতানিষ্ঠং। তত্র ভরতস্য নিষ্কামত্বাদপূর্ব্বস্য দেবতানিষ্ঠত্বে এব যুক্তে। দেবতানাং চন্দ্রসূর্য্যা-দীনাং বাহুল্যাৎ কথমেকস্মিন্ বাসুদেব এব কর্ম্মফলভাবনেত্যত আহ সর্ব্বদেবতালিঙ্গানাং তত্তদ্দেবতাপ্রকাশকানাং মন্ত্রাণাং যেঽর্থা ইন্দ্রাদিদেবতা স্তেষাং নিয়ামকতয়া যজ্ঞপুরুষে যজ্ঞফলভোক্তরীত্যর্থঃ। নন্বেবং ভরতস্য মাস্ত ভোক্তৃত্বং কর্ম্মকর্ত্তৃত্বং তু তস্য দুর্ব্বারমিত্যত আহ সাক্ষাৎ কর্ত্তরি বাসুদেবস্যৈবান্তর্যামিণঃ প্রবর্ত্তকত্বেন স্বতন্ত্রকর্ত্তৃত্বাৎ সাক্ষাৎ কর্ত্তৃত্বং

হোমার্থ যখনই হবিঃ গ্রহণ করিতেন, তখনই সেই সেই ক্রিয়ার ফল সর্ব্ব-দেবময় ও সকল মন্ত্রের প্রণেতা সর্ব্বকর্ত্তা সর্ব্বনিয়ন্তা সর্ব্বযজ্ঞেশ্বর পরব্রহ্মস্বরূপ

আভাস।

যজ্ঞাদি প্রত্যেক অনুষ্ঠিত কর্ম্মের পুণ্যাদি ফল এক বাসুদেবে চিন্তা করত ভক্ত ভরত যজ্ঞাংশভাগী প্রত্যেক সূর্য্যাদি দেবতানিচয়কে পরম পুরুষ বাসুদেবের চক্ষুরাদি অবয়ব বলিয়াই অবধারণ করিয়াছিলেন। এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, যাঁহাদের শ্রদ্ধা পরিণত-ভাব ধারণ করিয়াছে এবং কর্ম্মাদিসম্পর্কশূন্য বিশুদ্ধ ভক্তিতে যাঁহাদের অধিকার লাভ হইয়াছে, ভরতের ন্যায় তাদৃশ ব্যক্তির পক্ষে কর্ম্মের কর্ত্তৃত্ব এবং ফলের ভোক্তৃত্ব ভাব কিরূপে সঙ্গত হইতে পারে? কারণ ভগবান্ নিজে উপদেশচ্ছলে প্রকাশ করিয়াছেন যে, মানবের যদবধি বিষয়সম্ভোগে সম্পূর্ণ বৈরাগ্য উদিত হইয়া ভগবৎকথার শ্রবণ, কীর্ত্তন ও মননাদিতে নিরতিশয় শ্রদ্ধা না জন্মে, তদবধি মানবের নিত্যনৈমিত্তিকাদি কর্ম্মে নিযুক্ত থাকা সর্ব্বতোভাবে বিধেয়। শ্রদ্ধাদির উদয়ে কর্ত্তৃত্বাভিমান ও ভোক্তৃত্বাভিমান বিনিবৃত্ত হইয়া যায়। ভরত বৈরাগ্যাবলম্বনে ভক্তির চরম সীমায় আরোহণ করিলেও কি প্রকারে যে যজ্ঞাদি কর্ম্ম সমাপন করিতেন, তাহারই সম্পাদন সম্বন্ধে দুইটী পক্ষ উত্থিত হইয়াছে। অর্থাৎ কর্ম্ম

মৃদিত-কষায়ো হবিঃষ্বধ্বর্য্যুভির্গৃহ্যমাণেষু স যজমানো যজ্ঞভাগভাজো দেবাং-স্তান্ পুরুষাবয়বেষ্বভ্যধ্যায়ৎ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

বিষয়বাসনাঃ যস্য সঃ যজমানঃ ভরতঃ যজ্ঞভাগভাজঃ তান্ দেবান্ পুরুষাবয়বেষু (পুরুষস্য বাসুদেবস্য অবয়বেষু চক্ষুরাদিষু এব অভ্যধ্যায়ৎ ন পৃথক্‌ত্বেন অচিন্তয়ৎ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

তদেতদাহ সাক্ষাৎ কর্ত্তরীতি দেবতাশ্রয়ত্বেহপি বাসুদেবাশ্রয়ত্বমেবেত্যাহ পরদেবতায়ামিতি পরদেবতাত্বে হেতুঃ সর্ব্বদেবতালিঙ্গানাং তত্তদ্দেবতাপ্রকাশকানাং মন্ত্রাণাং যেহর্থা ইন্দ্রাদিদেবতা স্তেষাং নিয়ামকতয়া তস্যৈব প্রসাদনীয়ত্বাৎ ফলদাতৃত্বাচ্চ যুক্তমেব অপূর্ব্বাশ্রয়ত্বমিত্যর্থঃ। এবং ভাবনমেব আত্মনো নৈপুণ্যং কৌশলং তেন মৃদিতাঃ ক্ষীণাঃ কষায়াঃ রাগাদয়ো যস্য। অধ্বর্য্যুভিরিতি বহুবচনং নানাকর্ম্মাভিপ্রায়েণ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নতু তৎপ্রযোজ্যস্য যজমানস্যাস্বতন্ত্রস্য অন্যথা ঋত্বিজামপি সাক্ষাৎ কর্ত্তৃত্বপ্রসঙ্গাৎ যজ্ঞভুগ্-যজ্ঞকৃদ্‌যজ্ঞ ইতি তন্নামস্মৃতেশ্চ তস্য স্বতন্ত্রকর্ত্তৃত্বেহপ্যজ্ঞানাদহঙ্করোমীতি স্বস্য স্বতন্ত্রকর্ত্তৃত্ব-মননমেব কর্ত্তৃত্বগমকং বন্ধকারণঞ্চ জ্ঞেয়ং। আত্মনো নৈপুণ্যমেবং ভাবনমেব তেন মৃদিতাঃ ক্ষীণাঃ কষায়াঃ কর্ম্মকরণবাসনাত্মকা যেন সঃ। অধ্বর্য্যুভিরিত্যনেন তথাবিধানাং ভক্তানাং কর্ত্তৃত্বাদ্যভিমানশূন্যানাং কর্ম্মফলত্যাগিনাং স্বপ্রতিমূর্ত্তিদ্বারা কর্ম্মকরণমপি কর্ম্মণি শ্রদ্ধা-রাহিত্যাৎ কর্ম্মাকরণমেব জ্ঞেয়মিতি দ্যোতিতং। অশ্রদ্ধয়া হুতং দত্তং তপস্তপ্তং কৃতঞ্চ যৎ। অসদিত্যুচ্যতে পার্থ ন চ তৎ প্রেত্য নো ইহেতি ভগবদ্গীতোক্তেঃ। অতএবাম্বরীষাদীনাং শুদ্ধয়া ভগবদ্ভক্ত্যৈব যাপিতাষ্টযামানামপি পিতৃপৈতামহসদাচার-পরংপরা-প্রাপ্ত-যজ্ঞাদি-

পরম দেবতা ভগবান্ বাসুদেবে সমর্পণ-পূর্ব্বক বিষয়-বাসনার পরিহারে পবিত্রচেতা যজমান ভরত যজ্ঞাংশভাগী দেবনিচয়কেও ভগবান্ বাসুদেবের এক একটী অঙ্গ বলিয়াই অবধারণ করিয়াছিলেন ॥ ৬ ॥

আভাস।

কর্ত্তার শক্তিতে নিষ্পন্ন হইয়া ফল প্রসব করে, কি দেবতার আনুকূল্যে নিষ্পন্ন হইয়া ফল প্রসব করে? তৎপক্ষে অভিপ্রায় এই যে, কর্ত্তার অনুষ্ঠানরূপ ব্যাপারের দ্বারা কর্ত্তৃনিষ্ঠ অপূর্ব্ব জন্মে বটে, কিন্তু ভাবি ফলোৎপাদনের শক্তি কর্ত্তৃনিষ্ঠ নহে। শাস্ত্রান্তরেও উক্ত আছে যে যজ্ঞের দ্বারা যে ফলের উৎপত্তি হয়, তাহা শক্তিরূপেই তৎকালে নিহিত থাকে। ফলপ্রসবের সূক্ষ্ম শক্তিই ক্রিয়াতে ফলরূপে প্রতীত হইয়া থাকে। দেবতা কর্ম্মেরই অঙ্গস্বরূপ, ইহা স্বীকার করিলেও কর্ত্তৃনিষ্ঠ অপূর্ব্ব অবশ্যই স্বীকার করিতে হইবে। কারণ উক্ত আছে যে, পূর্ব্বে অর্থাৎ নিষ্পন্ন হইবার পূর্ব্বে ফলোৎপাদনের যোগ্যতা কর্ম্মে ছিল না; এবং কর্ত্তাতেও ছিল না। শাস্ত্রের প্রসাদে সম্পাদন ব্যাপারের দ্বারা উভয় কর্ম্ম ও কর্ত্তাতে-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মাচরণং প্রতিনিধিদ্বারৈব শ্রূয়তে অর্ব্বাচীনানামপি প্রাচ্যাদিদেশবর্ত্তিনাং সুপ্রতিষ্ঠানাং গৃহস্থ-মহাভাগবতানাং বিবাহোপনয়নাদাবপি সর্ব্বথৈব বর্ণধর্ম্মাভাবে লৌকিকাদপি সাঙ্কর্য্য-দোষাদ্বিভ্যতাং প্রতিনিধিদ্বারৈব কর্ম্মকরণং দৃশ্যতে চ। তত এব তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীতে-ত্যাত্মনেপদপ্রয়োগাদণ্যন্তনির্দ্দেশাচ্চানাত্মগামিকফলত্বে সতি প্রতিনিধি দ্বারা কর্ম্মকরণমপি শুদ্ধ-সত্ত্ব-ভক্তানাং ন দূষণং তথৈব শুদ্ধভক্তিলক্ষণেঽপ্যন্যাভিলাষিতাশূন্যমিতি বজ্জ্ঞান কর্ম্মাদিশূন্যমিত্যনুক্ত্বা জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতমিত্যনাবৃতপদোপন্যাসাৎ প্রতিনিধি দ্বারা কর্ম্মকরণেঽপি স্বীয়েন্দ্রিয়ৈঃ প্রতিক্ষণং শ্রবণাদিভক্ত্যবকাশপ্রাপ্ত্যা ভক্তেঃ কর্ম্মানাবৃতত্বাৎ শুদ্ধত্বমেবেতি কেচিদ্ব্যাচক্ষতে নম্বেবম্ভূতত্বেন ভরতস্য মাস্তু কর্ম্মকরণদোষঃ। যজ্ঞানাং নানা-দেবতারাধনাত্মকত্বাৎ কথমনন্যতা তস্যোপপাদ্যতামিত্যত আহ স যজমানো ভরতঃ যজ্ঞ-ভাজো দেবানিন্দ্রাদীন্ পুরুষস্য ভগবতোঽবয়বেষু বাহ্বাদিষু অভ্যধ্যায়ৎ। ইন্দ্রায় স্বাহেত্যুক্তে মৎ প্রভোর্বাহুপূজেয়ং। সূর্য্যায় স্বাহেত্যুক্তে লোচনপূজেয়মিতি ভাবয়ামাস। পৃথক্ পৃথগ্ দেবতাত্বেন পূজাহনন্যতাবিঘাতিনী নতু তদঙ্গত্বেনেতি ॥ ৬ ॥

আভাস।

ফলোৎপাদন ও ভোগের যোগ্যতা উপচিত হইল মাত্র। কিন্তু কর্ম্মের দ্বারা দেবতার অর্চ্চনা করিয়া, কর্ত্তা ফল প্রাপ্ত হইয়া থাকেন এরূপ স্বীকার করিলেও, দেবতার প্রসন্নতারূপ অপূর্ব্ব দেবতার আশ্রয়েই বিদ্যমান, স্বীকার করা হয়। প্রোক্ষণাদি ব্যাপার-লব্ধ অপূর্ব্ব যাহাকে প্রোক্ষণ করা যায়, সেই ব্রীহি যবাদিতেই যেমন আশ্রিতের ন্যায় থাকে, সেইরূপ যাঁহাদের উদ্দেশে কর্ম্ম করা যায়, সেই দেবতাগণের উপরই ফলের বা অপূর্ব্বস্বরূপ পুণ্যের আশ্রয়ভাব চিন্তা না করিয়া, কেবল বাসুদেবের আশ্রিত বলিয়া ভরত কেন চিন্তা করিয়াছিলেন? এতদুভয়ের উত্তরে গদ্যে প্রকাশ করা হইয়াছে যে, কর্ত্তৃনিষ্ঠ অপূর্ব্ব হইলেও, সর্ব্বান্তর্যামী বাসুদেবই কর্ত্তাকে কর্ম্মে নিয়োজিত করিয়া থাকেন। অতএব মূল কর্ত্তৃত্ব বাসুদেবেই চির বিদ্যমান; তিনিই শাস্ত্রের বক্তা এবং জীবের অন্তর্যামী। নতুবা কর্ত্তার সঙ্গে সঙ্গে অন্য ঋত্বিকগণকেও কর্ম্মের সম্পাদনকারী বলিয়া ফলের আশ্রয়রূপে অবশ্য স্বীকার করিতে হয়। দ্বিতীয় পক্ষে দেবতাগণকে ফলদাতারূপে স্বীকার করিলেও মূল কর্ত্তা বাসুদেবকেই স্বীকার করা হয়। কারণ "সর্ব্বদেবময়ো বিষ্ণুঃ" বলিয়া দেবতারও দেবতারূপে যখন বিষ্ণুকে স্বীকার করা হইয়া থাকে, তখন সকল ফল বাসুদেবের অধীন বলিয়া অবশ্য স্বীকার্য্য। মন্ত্রের দ্বারা দেবতাগণের নির্ব্বাচন হইয়া থাকে এবং মন্ত্র ও দেবতা বিষ্ণুর দ্বারাই গঠিত। অতএব ফল, দেবতা, মন্ত্র ও যজ্ঞাদি কর্ম্ম সমস্তই বাসুদেবের উপর নির্ভর করে। সুতরাং যজমান ভরত যজ্ঞভাগী ইন্দ্রাদি দেবতাগণকে পরম পুরুষ ভগবানের বাহু প্রভৃতি অঙ্গাবয়বে কল্পনা করিয়াছিলেন। অর্থাৎ ইন্দ্রায় স্বাহা বলিলে, মদীয় প্রভু বাসুদেবের বাহু প্রভৃতির পূজা এবং সূর্য্যায় স্বাহা বলিলে, তাঁহার লোচনেরই পূজা করা হয়, ভরত এইরূপ চিন্তা করিয়াছিলেন ॥ ৬ ॥

এবং কর্ম্মবিশুদ্ধিবিশুদ্ধসত্ত্বস্যান্তর্হৃদয়াকাশ-শরীরে ব্রহ্মণি ভগবতি বাসু-দেবে মহাপুরুষরূপোপলক্ষণে শ্রীবৎসকৌস্তুভ-বনমালারি-দর-গদাদিভিরুপ-

অন্বয়ঃ।

এবং (ভগবতি ফলাদিভাবনয়া যা কর্ম্মণাং বিশুদ্ধিঃ অবৈগুণ্যং তয়া বিশুদ্ধং সত্ত্বং অন্তঃকরণং যস্য তস্য ভরতস্য আত্মনি স্বান্তঃকরণে, নিজপুরুষ-হৃল্লিখিতেন নিজপুরুষাণাং নারদাদীনাং হৃদি লিখিতেন লিখিতবং নিশ্চলতয়া স্থিতেন) পুরুষরূপেণ বিরোচমানে শোভ-মানে, অন্তর্হৃদয়াকাশশরীরে (অন্তর্হৃদয়ে যঃ আকাশঃ সঃ শরীরং অভিব্যক্তিস্থানং যস্য

শ্রীধরস্বামী

এবম্ভূতয়া কর্ম্মবিশুদ্ধ্যা বিশুদ্ধসত্ত্বস্য ভক্তিরজায়ত ইত্যনুষঙ্গঃ। ক অন্তর্হৃদয়ে য আকাশঃ সএব শরীরং অভিব্যক্তিস্থানং যস্য তস্মিন্ ব্রহ্মণি কীদৃশে মহাপুরুষরূপস্য উপ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং কর্ম্মকর্ত্তুরন্তঃকরণং বিশেষতঃ শুদ্ধ্যতীত্যাহ এবমিতি অক্লিষ্টবুদ্ধ্যা ভরতং ভজধ্ব-মিতি ভগবদ্বাক্যাদেব উৎপত্তিত এব শুদ্ধান্তঃকরণস্য তস্য পিষ্টপেষণন্যায়েন এবং কর্ম্ম-বিশুদ্ধ্যাপি শুদ্ধান্তঃকরণস্য। যদ্বা এবমনেন প্রকারেণ কর্ম্মণো বিশুদ্ধি র্যস্মিন্ সচাসৌ বিশুদ্ধসত্ত্বশ্চেতি তস্য ভক্তিরুৎপত্তিক্যেব প্রতিদিনমুচ্চৈস্তরাং বর্দ্ধমানবেগা গঙ্গেব ভুবন-পাবন্যজায়তেত্যন্বয়ঃ। ক বাসুদেবে বসুদেবনন্দনে কৃষ্ণে য এব পরমাত্ম-ব্রহ্ম-ভগবচ্ছব্দৈ-রুপাসনাভেদেনোচ্যতে ইত্যাহ। অন্তর্হৃদয়াকাশে শরীরং যোগিভি র্ধ্যেয়ং যস্য তস্মিন্ পরমাত্মনীত্যর্থঃ। কেচিৎ স্বদেহান্তর্হৃদয়াবকাশে প্রাদেশমাত্রং পুরুষং বসন্তং চতুর্ভুজ-

---

এই প্রকারে মহারাজ ভরত ভগবানে ফল সমর্পণ পূর্ব্বক যাবদীয় যজ্ঞাদি কর্ম্মের অনুষ্ঠান করায়, তাঁহার অন্তঃকরণ বিশেষরূপে পবিত্র হইল এবং স্বকীয় হৃদয়-মন্দিরে নারদাদি ভক্তগণের হৃদয়মন্দিরে চিত্রার্পিতের ন্যায়

আভাস

ভরতের অনুসরণ করিবার জন্য ঋষভদেব অন্যান্য পুত্রগণকে পূর্ব্বে উপদেশ দিয়া-ছিলেন; সুতরাং এক্ষণে ভরতের গুণপনা কার্য্যত প্রদর্শিত হইয়াছে। ভক্তি কেবল ইচ্ছা-লব্ধ সামগ্রী নহে এবং আগ্রহ করিলেই ভক্তিকে পাওয়া যায় না; ভগবদ্বিষয়ক কর্ম্মই ভক্তিকে আনয়ন করে এবং বিষয়ে বৈরাগ্যের উৎপাদন করে। একবার ভক্তির ক্ষণিক উদয় অবলোকন করিলেই, নিশ্চিন্ত থাকা উচিত নহে; মায়ার কুহক অবসর পাইলে, ভক্তির অঙ্কুরকে শুষ্ক করিয়া ফেলে; অতএব অঙ্কুরিত বীজকে যেমন যথাকালে সিঞ্চিত ও সহজাত কণ্টক বৃক্ষের আবরণ হইতে তাহাকে নিরন্তর রক্ষিত রাখিতে হয়, সেইরূপ হৃদয়-জাত ভক্তিবীজকে ভগবানের লীলাদি শ্রবণরূপ সিঞ্চনের সাহায্যে এবং ভগবদর্পিত যজ্ঞাদি নিত্য নৈমিত্তিক বিষয়াসক্তির নির্ম্মূলনকারী কর্ম্মের অনুষ্ঠানে নিরন্তর পরিবর্দ্ধিত রাখিতে হইবে। শাস্ত্রে উক্ত আছে, "জ্ঞানিনাজ্ঞানিনা বাপি যাবদ্দেহস্য ধারণং। তাবৎ বর্ণাশ্রমপ্রোক্তং কর্ত্তব্যং

লক্ষিতে নিজপুরুষহৃল্লিখিতেন আত্মনি পুরুষরূপেণ বিরোচমান উচ্চৈস্তরাং ভক্তিরনুদিনমেধমানরয়াঽজায়ত ॥ ৭ ॥

অন্বয়ঃ।

তস্মিন্) মহাপুরুষোপলক্ষণে (মহাপুরুষরূপস্য উপলক্ষণং আকারঃ যস্য তস্মিন্) অতএব শ্রীবৎস-কৌস্তুভ-বনমালারি-দর-গদাদিভিঃ (শ্রীবৎসঃ রোমাবর্ত্তবিশেষঃ কৌস্তুভাখ্যমণিঃ, বনমালা, অরি চক্রং, দরঃ শঙ্খঃ, গদা কৌমোদকী তৈঃ উপলক্ষিতে যুক্তে) ব্রহ্মণি ভগবতি বাসুদেবে অনুদিনং এধমানরয়া (এধমানঃ রয়ঃ বেগঃ প্রকর্ষঃ যস্যাঃ তথাভূতা) ভক্তিঃ উচ্চৈস্তরাং অজায়ত ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

লক্ষণং আকারো যস্য তস্মিন্। কিঞ্চ শ্রীবৎসাদিভিরুপলক্ষিতে নিজপুরুষাণাং নারদাদীনাং হৃদি লিখিতবন্নিশ্চলতয়া স্থিতেন উক্তেন পুরুষরূপেণ আত্মনি স্বমনসি বিরোচমানে কীদৃশী ভক্তিঃ অত্যন্তাতিশয়েন এধমানো রয়ো বেগপ্রকর্ষো যস্যাঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিত্যাদিনা পরমাত্মনোঽপি সাকারত্বশ্রবণাৎ তথা ব্রহ্মণি জ্ঞানিভিরুপাস্যে ভগবতি ভক্তৈরুপাস্যে বসুদেবপুত্রত্বেঽপি মহাপুরুষস্য বৈকুণ্ঠনাথস্য যদ্রূপং শাস্ত্রেষু প্রসিদ্ধং তদ্রূপ আধিক্যেন লক্ষ্যতে দৃশ্যতে যত্র তস্মিন শ্রীবৎসাদিভিরপি চিহ্নিতে নিজপুরুষাণাং নারদাদীনাং হৃদি চিত্রপট ইব লিখিতবন্নিশ্চলতয়া স্থিতেন পুরুষরূপেণ নরাকারস্বরূপেণ বিরোচমানে ক আত্মনি স্বমনসি ॥ ৭ ॥

নিত্য বিরাজমান অন্তর্হৃদয়ের আকাশচারী শ্রীবৎস কৌস্তুভ বনমালা চক্র শংখ ও কৌমোদকী গদাধারী মহাপুরুষোপলক্ষিত পূর্ণব্রহ্ম ভগবান্ বাসুদেবের প্রতি তাঁহার ভক্তি উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়া চরম সীমায় আরোহণ করিয়াছিল ॥ ৭ ॥

আভাস।

কর্ম্ম মুক্তয়ে॥" যেমন লৌহনির্ম্মিত কৃপাণ বা চাবির ব্যবহার নিরন্তর না করিলে. তাহাদের স্বচ্ছ ও পরিষ্কৃত অঙ্গে মরিচা (লৌহমল) আপনা হইতেই আকৃষ্ট হয়; নিরন্তর ব্যবহার করিলে, বরং উত্তরোত্তর আরও পরিষ্কৃত ভাব ধারণ করে, সেইরূপ অন্তঃকরণকে নিরন্তর বৈধকর্ম্মে নিযুক্ত রাখিতে পারিলে, উত্তরোত্তর তাহার বিশুদ্ধিই হইয়া থাকে; এবং বিশুদ্ধ অন্তঃকরণও যদি কর্ম্ম ব্যতীত আলস্যে ক্ষণকাল অতিবাহিত করিতে পায়, তবে তাহার প্রকৃতিগত মালিন্য আপনা হইতে উদিত ও ভাসমান হইয়া, তাহার পূর্ব্বকৃত বিশুদ্ধভাবকে কলুষিত করে। হৃদয়াকাশই ভগবানের অভিব্যক্তির স্থান; অতএব কালকে উপেক্ষা না করিয়া, একাগ্রচিত্তে বেদবিহিত ধর্ম্মকর্ম্মের নিরন্তর অনুষ্ঠান করা মুমুক্ষুর যে অবশ্য কর্ত্তব্য, তাহাই ভরতচরিত্রে বর্ণিত হইয়াছে।] ভগবান্ সাকার কি নিরাকার তাহা সামান্য মানব-বুদ্ধির

এবং বর্ষাযুতসহস্র-পর্য্যন্তাবসিত-কর্ম্ম-নির্ব্বাণাবসরোঽধিভুজ্যমানং স্ব-

অন্বয়ঃ।

এবং পূর্ব্বোক্তপ্রকারেণ গৃহেষু বর্ত্তমানঃ বর্ষাণাং অযুতানি তেষাং সহস্রং তৎপর্য্যন্তে কালে অবসিতঃ নিশ্চিতঃ কর্ম্মনির্ব্বাণাবসরঃ রাজ্যভোগাদৃষ্টসমাপ্তিসময়ঃ যেন সঃ অধি-

শ্রীধরস্বামী।

এবমনয়া বৃত্ত্যা বর্ষাণামযুতানি তেষাং সহস্রং তৎপর্য্যন্তকালোঽবসিতো নিশ্চিতঃ কর্ম্ম-নির্ব্বাণাবসরঃ রাজ্যভোগাদৃষ্টসমাপ্তিসময়ো যেন সঃ। অধিকৃত্য ভুজ্যমানং রিকৃথং ধনং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং বর্ষাণামযুতানি তেষাং সহস্রং তৎপর্য্যন্তকালেঽপি ন বসিতো নাবসিতো ন নিশ্চিতঃ কর্ম্মনির্ব্বাণাবসরঃ রাজ্যভোগাদৃষ্টসমাপ্তিসময়ো যেন সঃ। তদ্রাজ্যভোগস্য ভক্ত্যানুষঙ্গিক-

---

এই প্রকার ফলাভিসন্ধি বর্জ্জন করত যজ্ঞাদির অনুষ্ঠানে তিনি গৃহস্থ ধর্ম্মে অবস্থান পূর্ব্বক দশ সহস্র বৎসর কাল রাজ্যভোগ করিলেন। পরে রাজ্য ভোগের অদৃষ্ট সমাপ্ত হইলে, পিতৃপিতামহ পরম্পরায় আগত স্বকীয় অতুল

আভাস।

বিচার্য্য নহে; কারণ যিনি ব্রহ্মাণ্ডরূপ বিচিত্র আকারের সৃজনে এই জীব-সংসারকে বিমোহিত করিতেছেন, তিনি যে আবার ইহাদেরই সমান পর্য্যায়ের আকারধারী কেহ হইবেন, ইহা সম্পূর্ণ যুক্তি ও ন্যায়ের বিরুদ্ধ হইলেও তিনি যে, আকার ধারণে ভক্তকে দেখা দিতে পারেন, সে বিষয়ে আর সন্দেহ নাই। মৃৎপিণ্ডকে ঘট শরাবাদি আকারে পরিণত করাই যেমন কুম্ভকারের কার্য্য, সেইরূপ মূলা প্রকৃতি বা মায়াকে বিশ্বরূপ আকারে পরিণত করাই চৈতন্যস্বরূপ পরমাত্মার অপূর্ব্ব কার্য্য। মৃত্তিকার ঘটরূপ আকারভাই যেমন কুম্ভকারত্বের পরিচয়, সেইরূপ প্রকৃতির বিশ্বরূপত্বই চৈতন্যস্বরূপ পরমাত্মত্বের পরিচয়। ঘটস্থ আকার-ভাবকে অন্তর্হিত করাইলে যেমন কুম্ভকারত্বের ভাব বিলুপ্ত হয়, সেইরূপ বিশ্বরূপত্বের ভাব বিনষ্ট হইলেই পরমাত্মত্বের অবসাদ ঘটে। মৃত্তিকারূপ উপাধিতে যেমন আকারই কুম্ভকার ভাব, সেইরূপ প্রকৃতিরূপ উপাধিতে বিশ্বরূপত্বেই চৈতন্যস্বরূপ পরমাত্মার ভাব স্পষ্টত উপলব্ধ হয়। কিন্তু ঘটাকার কুম্ভকার নহে; তাহা হইলে অনন্ত ঘটের উৎপাদনে কালক্রমে কুম্ভকারের অংশক্ষয়ে অস্তিত্ব লুপ্ত হইত। কুম্ভকারস্থ আকার ঘটরূপে পরিণত হয় নাই; তবে কুম্ভকারের চিত্তস্থ আকারের অনুরূপে ঘট গঠিত হয় মাত্র। যত প্রকার মৃন্ময় ঘট শরাবাদি কুম্ভকার মৃত্তিকা অবলম্বনে বাহিরে গঠিত করে, তাহার অনুরূপতা কুম্ভকারের চিত্তে অবশ্য যেমন থাকে, এস্থলে বিশ্বরূপ আকার পরমাত্মা না হইলেও সমগ্র আকারের অনুরূপতা যে তাঁহাতে আছে, তদ্বিষয়ে আর সন্দেহ নাই। অতএব পরমাত্মা যে কি, তাহা তিনিই জানেন; তবে যখন ব্রহ্মাণ্ডের রচনা করিয়াছেন, তখন আমাদের মনের মত দেবতা সাজিয়া তিনি যে আমাদের আশা পূরণ করিতে পারেন, সে বিষয়ে আর

তনয়েভ্যো রিক্থং পিতৃপৈতামহং যথাদায়ং বিভজ্য স্বয়ং সকলসম্পন্নিকেতাৎস্ব-নিকেতাৎ পুলহাশ্রমং প্রবব্রাজ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

ভুজ্যমানং (অধি অধিকৃত্য ভুজ্যমানং) পিতৃপিতামহপরম্পরয়া আগতং রিক্থং ধনং স্বস্য তনয়েভ্যঃ যথাদায়ং যথাযোগ্যং, বিভজ্য বিভাগেন দত্ত্বা, স্বয়ং সকলসম্পন্নিকেতাৎস্বনিকেতাৎ (সকলসম্পদাং নিকেতাৎ স্থানাৎ স্বনিকেতাৎ) পুলহাশ্রমং প্রবব্রাজ জগাম ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

যথাবিভাগং বিভজ্য সকলসম্পদাং নিকেতাদাশ্রয়াৎ স্বগৃহাৎ পুলহাশ্রমং হরিক্ষেত্রং প্রবব্রাজ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ফলত্বাৎ। কর্ম্মফলত্বাভাবেঽপি কর্ম্মফলত্বমননং দৈন্যাদেবেতি জ্ঞেয়ং। ততশ্চ বিরক্ত্যৈব হঠাদেব প্রবব্রাজ। রিক্থং ধনং ॥ ৮ ॥

ঐশ্বর্য্য স্বীয় তনয়গণের মধ্যে যথাযোগ্য বিভাগ করিয়া দিলেন; এবং স্বয়ং সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ নিজের নিকেতন পরিত্যাগ করত সন্ন্যাসাবলম্বনে পুলহাশ্রম নামক হরিক্ষেত্রে গমন করিলেন ॥ ৮ ॥

হে নরনাথ! এই পবিত্র বিষ্ণুক্ষেত্র বিদ্যাধর-কুণ্ড নামক পুলহাশ্রমে

আভাস।

সন্দেহ নাই। তবে যে পর্য্যন্ত প্রারব্ধের ক্ষয় না হয়, তদবধি আমাদের চিত্তে ভগবানের পূর্ণভাব বিকশিত হয় না। যেমন তটস্থ বৃক্ষসমূহের ছায়া বা প্রতিবিম্বের দোষে তত্রত্য সরোবরে নিত্য উদিত সূর্য্যের প্রতিবিম্ব নিপতিত হয় না, সেইরূপ স্থূল বাসনারূপে জাগরূক প্রারব্ধ কর্ম্মসমূহের উচ্ছ্বাসে আমাদের হৃদয়পদ্ম এতই আচ্ছন্ন থাকে যে, ঈশ্বরভাবের সুস্পষ্ট প্রতীতি তাহাতে কোন মতে জন্মে না। সুতরাং প্রারব্ধ ক্ষয়, অথচ আগামি কর্ম্মের অনুদয় যাহাতে ঘটে, তজ্জন্য সর্ব্বতোভাবে যত্নবান্ হওয়া আবশ্যক। বিহিত কর্ম্মের অনুষ্ঠানে সতত চিত্তকে মার্জ্জিত করাই ইহার যে প্রধান উপায়, তাহাই ভক্তপ্রধান ভরত নিজ চরিত্রে প্রকাশ করিয়াছেন। আমরা হৃদয়ে অতি সামান্য পরিমাণে বৈরাগ্য বা জ্ঞানের সঞ্চার দেখিলে, আপনাকে কৃতী ও ভক্ত বলিয়া ভাবিয়া থাকি বটে, কিন্তু যে ভরতকে ভক্ত বলিয়া সাক্ষাৎ ঋষভদেব নিজেই পরিচয় প্রদান করিয়াছিলেন, সেই ভরত নিজে প্রারব্ধক্ষয়ার্থ কোটি বৎসর কাল রাজত্ব ভোগ করিয়াও ভূরি পরিমাণের প্রারব্ধের অস্তিত্ব দর্শনে অধৈর্য্য হইয়া উঠিলেন; নিয়ত যজ্ঞাদি কর্ম্মের অনুষ্ঠান সহ ঈশ্বরে আত্মসমর্পণ পূর্ব্বক কেবল প্রারব্ধ-ক্ষয়ার্থ কোটি বৎসর কালও তাঁহাকে শান্তি দিতে পারিল না! আমরা কিন্তু দুই চারি বা ছয় মাসে বা দিবসেই ধর্ম্মকর্ম্মের প্রচুর অনুষ্ঠান জ্ঞানে এবং অভীষ্ট ফলের অপ্রাপ্তিতে হতাশ্বাস হইয়া, যথেচ্ছ আচরণে অগ্রসর হইয়া থাকি ॥ ৭ ॥ ৮ ॥

যত্র হ বাব ভগবান্ হরিরদ্যাপি তত্রত্যানাং নিজজনানাং বাৎসল্যেন সন্নিধাপ্যতে ইচ্ছারূপেণ ॥ ৯ ॥

যত্রাশ্রমপদান্যুভয়তো নাভিভির্দৃশচ্চক্রৈশ্চক্রনদী নাম সরিৎপ্রবরা সর্ব্বতঃ পবিত্রীকরোতি ॥ ১০ ॥

তস্মিন্ বাব কিল স একলঃ পুলহাশ্রমোপবনে বিবিধকুসুমকিশলয়-

অন্বয়ঃ।

যত্র ক্ষেত্রে, হ প্রসিদ্ধৌ, বাব এব, তত্রত্যানাং নিজজনানাং ভগবদ্ভক্তানাং, উপরি বাৎসল্যেন প্রীত্যতিশয়েন, ভগবান্ হরিঃ অদ্যাপি ইচ্ছারূপেণ ভক্তানাং অপেক্ষিতরূপেণ, সন্নিধাপ্যতে সন্নিহিতঃ ক্রিয়তে ॥ ৯ ॥

যত্র ক্ষেত্রে, চক্রনদী গণ্ডকীনাম প্রসিদ্ধা সরিৎপ্রবরা উভয়তঃ নাভিভিঃ (উভয়তঃ উপর্য্যধশ্চ নাভিঃ যেষাং তৈঃ) দৃশচ্চক্রৈঃ শিলামধ্যগতৈঃ চক্রৈঃ শালগ্রামৈঃ, আশ্রমপদানি ঋষীণাং স্থানানি সর্ব্বতঃ পবিত্রী করোতি ॥ ১০ ॥

তস্মিন্ হি পুলহাশ্রমোপবনে একলঃ একান্তস্থঃ, উপসংভৃতোপশমঃ (উপসংভৃতঃ সংবৃদ্ধঃ

শ্রীধরস্বামী

যত্র ক্ষেত্রে বিদ্যাধরকুণ্ডে বাৎসল্যাৎ কর্ত্তৃত্বেন সন্নিহিতঃ ক্রিয়তে ভক্তানামপেক্ষিতেন রূপেণ সন্নিহিতো ভবতীত্যর্থঃ ॥ ৯ ॥

আশ্রমস্থানানি উভয়তঃ উপর্য্যধশ্চ নাভির্যেষাং তৈর্দৃশচ্চক্রৈঃ শিলামধ্যগতচক্রৈঃ চক্রনদী গণ্ডকী সরিতাং শ্রেষ্ঠা পবিত্রী করোতি ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বাৎসল্যেন কর্ত্রা হরিঃ সন্নিধাপ্যতে সন্নিহিতঃ ক্রিয়তে কেন রূপেণ তত্রস্থানাং নিজভক্তানামিচ্ছাবিষয়ীভূতেন শ্রীকৃষ্ণরামাদ্যন্যতমেন রূপেণেত্যর্থঃ ॥ ৯ ॥

আশ্রমস্থানানি পবিত্রীকরোতীত্যন্বয়ঃ। উভয়ত উপর্য্যধশ্চ নাভির্যেষাং তৈর্দৃশচ্চক্রৈঃ শিলামধ্যগতৈশ্চক্রৈরেব চক্রনদী গণ্ডকী ॥ ১০ ॥

ভক্তবৎসল ভগবান্ শ্রীহরি স্বীয় ভক্তগণের প্রতি করুণার বিকাসে তাহাদের প্রার্থনানুরূপ বিগ্রহ প্রদর্শন করাইবার জন্য অদ্যাপি নিত্য সন্নিহিত আছেন ॥৯॥

সেই হরিক্ষেত্রে সরিৎশ্রেষ্ঠা গণ্ডকী নামে একটী চক্রনদী আছে; এই নদীগর্ভস্থ প্রচুর শিলাখণ্ডের অভ্যন্তরস্থ গর্ত্তের উপরি ও অধোভাগে এক একটী নাভিচক্র হইয়া থাকে। উক্ত নাভিচক্র বিশিষ্ট শালগ্রামের বিতরণে গণ্ডকী নদী সেই ঋষিগণের নিবাসস্থল পুলহাশ্রমকে সর্ব্বতোভাবে পবিত্র করিয়াছে ॥ ১০ ॥

সেই পুলহাশ্রমের উপবনে একাকী গমন করত ভক্ত-চূড়ামণি ভরত

তুলসিকাম্বুভিঃ কন্দ-মূল-ফলোপহারৈশ্চ সমীহমানো ভগবত আরাধনং বিবিক্ত উপরত-বিষয়াভিলাষ উপসংভৃতোপশমঃ পরাং নির্বৃতিমবাপ ॥ ১১ ॥

তয়েত্থমবিরত-পুরুষ-পরিচর্য্যয়া ভগবতি প্রবর্দ্ধমানানুরাগভরদ্রুতহৃদয়-শৈথিল্যঃ প্রহর্ষবেগেনাত্মন্যুদ্ভিদ্যমান-রোমপুলক-কুলক ঔৎকণ্ঠ্য-প্রবৃত্ত-প্রণয়-

অন্বয়ঃ।

উপশমঃ যস্য সঃ) যতঃ উপরতবিষয়াভিলাষঃ (উপরতঃ নিবৃত্তঃ বিষয়াভিলাষঃ যস্য সঃ) যতঃ বিবিক্তঃ শুদ্ধান্তঃকরণঃ, সঃ ভরতঃ কিল নিশ্চয়ে, বাব এব, বিবিধ-কুসুম-কিশলয়-তুলসি-কাম্বুভিঃ (কিশলয়াঃ কোমলপল্লবাঃ তৈঃ) কন্দমূলফলোপহারৈঃ (উপহারৈঃ নৈবেদ্যৈঃ) চ ভগবতঃ আরাধনং সমীহমানঃ কুর্ব্বাণঃ, পরাং নির্বৃতিং আনন্দং, অবাপ ॥ ১১ ॥

তয়া ইত্থং বর্ণিতপ্রকারয়া, অবিরতপুরুষপরিচর্য্যয়া (অবিরতয়া নিরন্তরয়া পুরুষস্য ভগবতঃ পরিচর্য্যয়া পূজয়া) তস্মিন্ ভগবতি প্রবর্দ্ধমানঃ যঃ অনুরাগঃ তস্য ভরেণ যৎ দ্রুতং দ্রবীভূতং হৃদয়ং তস্মিন্ শৈথিল্যং অনুদ্যমঃ যস্য সঃ; প্রহর্ষবেগেন আত্মনি দেহে উদ্ভিদ্যমানং রোমপুলককুলকং রোমাঞ্চবৃন্দং যস্য সঃ; ঔৎকণ্ঠ্যাৎ প্রণয়েন প্রণয়বাষ্পেণ প্রেমাশ্রুণা

শ্রীধরস্বামী।

একলঃ একঃ। আরাধনং সমীহমানঃ কুর্ব্বাণঃ বিবিক্তঃ শুদ্ধঃ অতএবোপরতো বিষয়াভিলাষো যস্য সঃ উপসংভৃতঃ সংভৃতঃ সংবৃদ্ধঃ উপশমো যস্য ॥ ১২ ॥

প্রবর্দ্ধমানানুরাগস্য ভরেণ যৎ দ্রুতং দ্রবীভূতং হৃদয়ং তস্মিন্ শৈথিল্যমনুদ্যমো যস্য আত্মনি দেহে উদ্ভিদ্যমানং রোমপুলককুলং রোমাঞ্চবৃন্দং যস্য। ককারঃ সমাসান্তঃ। ঔৎকণ্ঠ্যাৎ প্রবৃত্তেন প্রণয়বাষ্পেণ নিরুদ্ধোঽবলোকো যয়োঃ তে নয়নে যস্য সঃ এবং বর্ত্তমান স্বামপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপভৃতঃ সংবৃদ্ধঃ উপশমো যস্য সঃ ॥ ১১ ॥

দ্রুতং দ্রবীভূতং যৎ হৃদয়ং তেনৈব হেতুনা শৈথিল্যং নিত্যকৃত্যেঽপ্যনুদ্যমো যস্য সঃ আত্মনি দেহে উদ্ভিদ্যমানৈ রোমভিঃ পুলককুলং যস্য সঃ। কপ্ সমাসান্তঃ। পরিপ্লুতেন

বিষয়াভিলাষ বিসর্জ্জনে সম্পূর্ণ শান্তচেতা হইলেন; শম দমাদির অভ্যাসে তাঁহার হৃদয় পবিত্র হইল; তিনি বিবিধ কুসুম, কোমল পল্লব, তুলসিদল এবং পবিত্র স্বচ্ছ সলিলাদি পূজোপকরণ দ্রব্য এবং কন্দ মূল ফল ও নৈবেদ্যাদির সংগ্রহে ভগবানের আরাধনা করত পরমানন্দ লাভ করিলেন ॥ ১১ ॥

পূর্ব্বোক্ত প্রকারে পরমপুরুষ ভগবানের পূজায় নিরন্তর নিযুক্ত থাকায়, মহারাজ ভরতের হৃদয় প্রেম ও ভক্তিভরে দ্রবীভূত হইয়া গেল; ভগবানের অচিন্ত্য মহিমার প্রতি অবশভাবে নিরীক্ষণ করিয়া থাকা ব্যতীত যাবতীয় উদ্যম তাঁহার হৃদয় হইতে শিথিল হইয়া পড়িল; হর্ষের আবেগে অঙ্গ

বাষ্প-নিরুদ্ধাবলোক-নয়ন এবং নিজরমণারুণচরণারবিন্দানুধ্যান-পরিচিত-ভক্তিযোগেন পরিপ্লুতপরমাহ্লাদ-গম্ভীর-হৃদয়-হ্রদাবগাঢ়-ধিষণস্তামপি ক্রিয়মাণাং ভগবৎসপর্য্যাং ন সস্মার ॥ ১২ ॥

ইত্থং ধৃত-ভগবদ্ব্রত ঐণেয়াজিনবাসসানুসবনাভিষেকার্দ্র-কপিশ-কুটিল

অন্বয়ঃ।

নিরুদ্ধঃ অবলোকঃ যয়োঃ তে নয়নে যস্য সঃ; এবং নিজরমণস্য স্বপ্রীতিদাতুঃ, ভগবতঃ যে অরুণে চরণারবিন্দে তয়োঃ অনুধ্যানেন পরিচিতঃ সমিদ্ধঃ যঃ ভক্তিযোগঃ তেন পরিপ্লুতঃ সর্ব্বতঃ ব্যাপ্তঃ পরমঃ উৎকৃষ্টঃ আহ্লাদঃ আনন্দঃ যস্মিন্; গম্ভীরহৃদয়হ্রদে তস্মিন্ অবগাঢ়া নিমগ্না ধিষণা বুদ্ধিঃ যস্য সঃ; তথাবিধঃ সঃ ভরতঃ তাং অপি ক্রিয়মাণাং ভগবৎসপর্য্যাং ভগবতঃ পূজাং ন সস্মার ॥ ১২ ॥

ইত্থং ধৃতভগবদ্ব্রতঃ (ধৃতানি ভগবদ্ব্রতানি যেন সঃ) ঐণেয়াজিনবাসসা (এণ্যাঃ হরিণ্যাঃ অজিনং ঐণেয়ং তদেব বাসঃ তেন) তথা অনুসবনং ত্রিকালং যঃ অভিষেকঃ স্নানং তেন আর্দ্রা

শ্রীধরস্বামী।

ভগবৎসপর্য্যাং ন সস্মার ইত্যন্বয়ঃ। তত্র হেতুঃ নিজরমণস্য স্বপ্রীতিদাতুঃ যে অরুণে চরণারবিন্দে তয়োরনুধ্যানেন পরিচিতঃ সমিদ্ধো যো ভক্তিযোগ স্তেন পরিপ্লুতঃ সর্ব্বতো ব্যাপ্তঃ পরমানন্দো যস্মিন্ গম্ভীরহৃদয়হ্রদে তস্মিন্ অবগাঢ়া নিমগ্না ধিষণা যস্য ॥ ১২ ॥

ধৃতানি ভগবদ্ব্রতানি যেন সঃ। ভগবন্তং সূর্য্যমণ্ডলেঽভ্যুপতিষ্ঠন্নেতদুহোবাচ ইত্যন্বয়ঃ। কীদৃশঃ এণ্যা হরিণ্যা অজিনমৈণেয়ং তদেব বাসস্তেনানুসবনাভিষেকেণার্দ্রাঃ কপিশাশ্চ যাঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বতো ব্যাপ্তেন পরমাহ্লাদামৃতেন গম্ভীরো যো হৃদয়হ্রদ স্তত্রাবগাঢ়া নিমগ্না ধিষণা বুদ্ধিঃ যস্য সঃ ॥ ১২ ॥

তমপি প্রেমবিকারং পূজায়াং বিঘ্নমিব মত্বা প্রেমবিকারেণাপি মে বুদ্ধি ন'খল্বাক্রিয়তামিতি বিমৃশ্য বুদ্ধিপ্রকাশকেন কেনচ ভগবন্মন্ত্রেণ ভগবন্তমুপাসিতুং প্রববৃতে ইত্যাহ ইত্থমিতি

প্রত্যঙ্গ সকল রোমাঞ্চিত হইয়া উঠিত; উৎকণ্ঠাজনিত আনন্দাশ্রু তাঁহার লোচনদ্বয়ে নিরন্তরই পরিপূর্ণ থাকিত; স্বীয় প্রাণরমণ ভগবান্ বাসুদেবের অরুণ চরণ-যুগলের চিন্তনে তাঁহার হৃদয়-সরোবর সতত পরমানন্দ-ভাবের চিরন্তন কল্লোলে নিরন্তর ব্যাপ্ত থাকিত এবং বিচাররূপা বুদ্ধিও স্তম্ভিত ভাব ধারণে সেই গম্ভীর হৃদয়হ্রদেই নিমগ্ন থাকিত; তাদৃশ অবস্থায় তিনি ভগবানের অর্চ্চনা করিতেছেন বলিয়া, নিজের পৃথক্ সত্তারও অনুভব করিতে সমর্থ হইতেন না ॥ ১২ ॥

এই প্রকারে ভগবানের ব্রতাবলম্বনে ও অজিন-বাস পরিধানে তিনি ত্রিকাল স্নান করিতেন; তাঁহার কুটিল জটাভার শুষ্ক হইবার অভাবে কপিশ

জটাকলাপেন চ বিরোচমানঃ সূর্য্যর্চ্চা ভগবন্তং হিরণ্ময়ং পুরুষমুজ্জিহানে সূর্য্যমণ্ডলেঽভ্যুপতিষ্ঠন্নেতদুহোবাচ ॥ ১৩ ॥

পরোরজঃ সবিতু র্জাতবেদো দেবস্য-ভর্গো মনসেদং জজান।

অন্বয়ঃ।

কপিশাশ্চ যাঃ কুটিলাঃ জটাঃ তাসাং কলাপেন সমূহেন, চ বিরোচমানঃ ভরতঃ সূর্য্যর্চ্চা সূর্য্যমণ্ডলস্থ-ভগবৎ-প্রকাশিকয়া ঋচা, ভগবন্তং হিরণ্ময়ং পুরুষং উজ্জিহানে উদ্গচ্ছতি, সূর্য্য-মণ্ডলে অভ্যুপতিষ্ঠন্ এতৎ উহ উবাচ ॥ ১৩ ॥

পরোরজঃ (রজসঃ পরং শুদ্ধং) দেবস্য দ্যোতনাত্মকস্য, সবিতুঃ সূর্য্যস্য ভর্গঃ তেজঃ জাতবেদঃ (জাতং বেদঃ ধনং তত্ত্বং কর্ম্মফলং যস্মাৎ তৎ) যৎ মনসা সংকল্পমাত্রেণ এব ইদং বিশ্বং জজান সসর্জ, তথা স্বরেতসা চিচ্ছক্ত্যা, পুনঃ অদঃ সৃষ্টং বিশ্বং, আবিশ্য গৃধ্রাণং (সুখং আকাঙ্ক্ষন্তং) হংসং জীবং বিচষ্টে পশ্যতি পালয়তি চ তথা নৃষং (নৃষু প্রাণিষু সীদতি

শ্রীধরস্বামী।

কুটিলা জটাস্তাসাং কলাপেন চ বিরোচমানঃ সূর্য্যপ্রকাশিকয়া ঋচা হিরণ্ময়ং ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তীত্যাদিনোক্তং। উজ্জিহানে উদ্গচ্ছতি সতি। উজ্জিহাস ইতি সকারান্ত-পাঠে সমন্তাৎ পচাদ্যচ্ অর্থস্তু সএব ॥ ১৩ ॥

পরোরজঃ রজসঃ প্রকৃতেঃ পরং শুদ্ধসত্ত্বাত্মকং সবিতুর্দেবস্য সূর্য্যস্য ভর্গঃ স্বরূপভূতং তেজঃ জাতং বেদো ধনং কর্ম্মফলং যস্মাৎ তৎ কর্ম্মফলদমিত্যর্থঃ। অত্র হেতুঃ যন্মনসৈবেদং বিশ্বং জজান সসর্জ পুনঃ অদঃ সৃষ্টং বিশ্বং অন্তর্য্যামিরূপেণ প্রবিশ্য গৃধ্রাণং আকাঙ্ক্ষন্তং, হংসং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সূর্য্যর্চ্চা সূর্য্যমণ্ডলস্থভগবৎপ্রকাশিকয়া ঋচা হিরণ্ময়ং ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী-ত্যাদিনোক্তং উজ্জিহানে উদয়তি সতি। উজ্জিহাস ইতি পাঠে সমন্তাৎ পচাদ্যচ্ উদেতু-মিচ্ছতি সতীত্যর্থঃ ॥ ১৩ ॥

সবিতু র্দেবস্য ভর্গঃ তন্মণ্ডলমধ্যস্থিতং। ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্ট ইত্যাদি মন্ত্রবাচ্যং তেজঃ ইমঃ শরণং ব্রজামঃ। কীদৃশং পরোরজঃ রজসঃ প্রকৃতেঃ পরং বিশুদ্ধসত্ত্বাত্মকং। জাতং বেদো ধনং ভক্তানামভীষ্টং যত স্তৎ। যদ্ভর্গঃ

বর্ণ হইয়াছিল; তিনি তাদৃশ বেশ ধারণে সূর্য্যমণ্ডল-মধ্যবর্ত্তী অপূর্ব্ব তেজে বিরাজমান হিরণ্যজ্যোতিঃ ভগবান্ পরম পুরুষকে নবোদিত ভাস্করমণ্ডলে অবলোকন করত এইরূপ বলিয়াছিলেন যে—॥ ১৩ ॥

রজোগুণের অতীত সর্ব্ববিভাগক সূর্য্যদেবের অন্তরস্থ যে সর্ব্ব-কর্ম্মফলপ্রদ অপূর্ব্ব ভর্গ সংকল্পমাত্রেই এই বিশ্ব ব্রহ্মাণ্ড রচনা করিয়াছেন; এবং স্বকীয় চৈতন্যশক্তির প্রভাবে স্বয়ং সৃষ্ট জগতে প্রবেশ করত সুখপ্রার্থী হংস নামক জীবনিচয়কে অবলোকন করিতেছেন এবং তাহাদিগকে প্রতিপালন করিতে-

স্বরেতসাহদঃ পুনরাবিশ্য বিচষ্টে হংসং গৃধ্রাণং নৃষদ্রিঙ্গিরামিমঃ ॥ ১৪ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ভরতচরিত্রে ভগবৎপরিচর্য্যায়াং সপ্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭ ॥ * ॥

অন্বয়ঃ।

উপাধিতয়া তিষ্ঠন্তীতি নৃষদঃ বুদ্ধীন্দ্রিয়প্রাণাদয়ঃ তেষাং রিঙ্গিং রিঙ্গণং গতিং রাতি দদাতি ইতি) নৃষদ্রিঙ্গিরাঃ তৎ তেজঃ ইমঃ শরণং ব্রজামঃ ॥ ১৪ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি কৃতান্বয়ে সপ্তমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

জীবং স্বরেতসা চিচ্ছক্ত্যা বিচষ্টে পশ্যতি পালয়তীত্যর্থঃ। নৃষু সীদতি উপাধিতয়া তিষ্ঠতি ইতি নৃষদ্বুদ্ধি স্তস্যা রিঙ্গং রিঙ্গণং গতিং রাতি দদাতীতি নৃষদ্রিঙ্গিরা বা ছন্দসীত্যমী পূর্ব্বরূপত্বাভাবঃ। ভদ্ভর্গঃ ইমঃ শরণং ব্রজামঃ ॥ ১৪ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে সপ্তমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ত্তৃমনসা সঙ্কল্পমাত্রেণৈব ইদং জগৎ জজান জনয়ামাস স্বরেতসা স্বীয়চিচ্ছক্তিতেজসা পুনরপি অদো জগৎ আবিশ্য অন্তর্যামিরূপেণ প্রবিশ্য গৃধ্রাণং তুবিষয়সুখমভিকাঙ্ক্ষন্তং মদ্বিধং হংসং জীবং চষ্টে পশ্যতি কৃপয়া পালয়তীত্যর্থঃ। কেন প্রকারেণেত্যপেক্ষায়াং স্বস্মিন্ বুদ্ধিবৃত্তিপ্রেরণয়েবেত্যাহ নৃষু সীদতি উপাধিতয়া তিষ্ঠতীতি নৃষৎ বুদ্ধি স্তস্যা রিঙ্গিং স্বস্মিন্নেব গতিং রাতি দদাতীতি তৎ অতস্তদ্বিষয়িণী মে বুদ্ধিঃ কেনাপ্যাবৃতা মাস্ত্বিতি ভাবঃ। বা ছন্দসীত্যমি পূর্ব্বরূপত্বাভাবঃ ॥ ১৪ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চমে সপ্তমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ছেন এবং প্রাণিগণের উপাধিরূপে বিদ্যমান বুদ্ধি ইন্দ্রিয় ও প্রাণাদি তত্ত্বগ্রামকে স্ব স্ব গতি প্রদানে যিনি চালিত করিতেছেন, ভগবানের সেই পরম কল্যাণপ্রদ ভর্গসঞ্জিত তেজের শরণাগত হইলাম ॥ ১৪ ॥

ইতি পঞ্চমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতানুবাদের সপ্তম অধ্যায় সমাপ্ত ॥

আভাস।

ভরত প্রত্যক্ষত সূর্য্যস্বরূপে ভগবানের ভাব অনুভব করিয়াছিলেন। তিনি সবিতৃমণ্ডল-মধ্যবর্ত্তী নারায়ণকে সূর্য্যভর্গের অভেদ-চিন্তনে আরাধনা করত বলিয়াছিলেন যে, যে তেজ সূর্য্যমণ্ডলে অবস্থান করত বেদবিহিত ধর্ম্মকর্ম্মের ফল প্রদান করিতেছেন, তিনিই এই জগতের রচনা করিয়াছেন এবং অন্তর্যামিরূপে সর্ব্বত্র প্রবেশ করত জীবত্বের প্রতিপাদন করিতেছেন। হংসশব্দে জীবকেই লক্ষ্য করা হইয়াছে। যে যে অংশে ভগবানের কার্য্য সূর্য্যের দ্বারা সাধিত হইয়া থাকে, সেই সেই অংশে সূর্য্যদেবে ঈশ্বরত্বের কল্পনা হইয়াছে ॥১৪

ইতি পঞ্চমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্তম অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

শ্রীশুক উবাচ ॥

একদাচ মহানদ্যাং কৃতাভিষেকনৈয়মিকাবশ্যকো ব্রহ্মাক্ষরমভিগৃণানো মুহূর্ত্তত্রয়মুদকান্ত উপবিবেশ ॥ ১ ॥

তত্র তদা রাজন্ হরিণী পিপাসয়া জলাশয়াভ্যাসমেকৈবোপজগাম ॥ ২ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। একদাতু মহানদ্যাং গণ্ডক্যাং কৃতাভিষেকনৈয়মিকাবশ্যকঃ (কৃতঃ অভিষেকঃ স্নানং নৈয়মিকং নিত্যনৈমিত্তিকবিধিপ্রাপ্তং অবশ্যং কর্ত্তব্যং সন্ধ্যোপাসনতর্পণাদিকং কর্ম্ম যেন সঃ) ব্রহ্মাক্ষরং প্রণবং, অভিগৃণানঃ জপন্, মুহূর্ত্তত্রয়ং উদকান্তে নদ্যাঃ তীরে, উপবিবেশ ॥ ১ ॥

হে রাজন্! তত্র তস্মিন্ স্থানে তদা জলাশয়াভ্যাসং নদ্যাঃ সমীপং, পিপাসয়া জলপানেচ্ছয়া একা হরিণী উপজগাম ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

অষ্টমে ভজতো বিষ্ণুং তস্য কর্ম্মান্তরায়তঃ।
এণরক্ষাপ্রসক্তস্য জাতমেণত্বমীর্য্যতে ॥
কৃপয়াপি কৃতঃ সঙ্গঃ পতনায়ৈব যোগিনঃ।
ইতি প্রদর্শয়ন্নাহ ভরতস্যৈণপোষণং ॥ * ॥

নৈয়মিকং নিত্যনৈমিত্তিকং বিধিপ্রাপ্তমাবশ্যকং অর্থপ্রাপ্তং মূত্রোৎসর্গাদি। কৃতং অভিষেকাদিকং যেন। ব্রহ্মাক্ষরং প্রণবং জপন্ উদকান্তে নদ্যাস্তীরে ॥ ১ ॥

জলাশয়াভ্যাসং নদ্যাঃ সমীপং ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অষ্টমে ভরতশ্চক্রে মৃগপালনলালনে।
তদ্বিয়োগেন তচ্চেতাঃ প্রাপতদ্দেহতামপি ॥
দয়ামপি ত্যজেদ্ভক্তিবাধিনীমিতি দর্শয়ন্।
তং মৃগং পোষয়ামাস কৃষ্ণশ্চতুরিমাম্বুধিঃ ॥ * ॥

অনুতাপাম্বুধৌ ক্ষিপ্ত্বা স্বপ্রেমাব্ধৌ নিমজ্জয়ন্। তমেনং পোষয়ন্ ভক্তবাৎসল্যকৃপাদীদৃশং। নৈয়মিকং নিত্যনিয়মপ্রাপ্তমাবশ্যকং মূত্রোৎসর্গাদিকং অভিষেকস্নানঞ্চ কৃতং

শুকদেব বলিলেন, হে রাজন্! এক দিবস রাজর্ষি ভরত মহানদী গণ্ডকীতে স্নানান্তে নিত্য নৈমিত্তিক সন্ধ্যাতর্পণাদি সমাপন করত ব্রহ্মমন্ত্র প্রণব জপ করত মুহূর্ত্তত্রয় নদীর তীরে উদকপ্রান্তে উপবিষ্ট ছিলেন ॥ ১ ॥

আভাস।

অষ্টমাধ্যায়ে ভগবান্ বিষ্ণুর আরাধনা করিতে করিতে বিঘ্ন বশতঃ মৃগপোষণে আসক্ত হইয়া ভরতের মৃগত্ব প্রাপ্তির বিষয় বর্ণিত হইয়াছে ॥ অর্থাৎ দয়াও ভক্তির প্রতিবন্ধক।

তয়া পেপীয়মান উদকে তাবদেবাবিদূরে নদতো মৃগপতেরুন্নাদো লোক-ভয়ঙ্কর উদপতৎ ॥ ৩॥

তমুপশ্রুত্য সা মৃগবধূঃ প্রকৃতিবিক্লবা চকিতনিরীক্ষণা সুতরামপি হরি-ভয়াভিনিবেশ-ব্যগ্র-হৃদয়া পরিপ্লব-দৃষ্টিরগততৃষা ভয়াৎ সহসৈবোচ্চক্রাম ॥৪॥

অন্বয়ঃ।

তয়া হরিণ্যা উদকে পেপীয়মানে সতি তাবদেব তৎক্ষণমেব অবিদূরে সমীপে এব নদতঃ মৃগপতেঃ সিংহস্য লোকভয়ঙ্করঃ নাদঃ উদপতৎ উত্থিতঃ ॥ ৩ ॥

তৎ নাদং উপশ্রুত্য সা মৃগবধূঃ হরিণী প্রকৃতিবিক্লবা (প্রকৃত্যা স্বভাবত এব বিক্লবা ব্যাকুলচিত্তা) চকিতনিরীক্ষণা সুতরামপি তু হরিভয়াভিনিবেশেন ব্যগ্রং ব্যাকুলং হৃদয়ং যস্যাঃ সা; পরিপ্লবদৃষ্টিঃ পরিভ্রান্তনেত্রা, অগততৃষা (ন গতা তৃষা যস্যাঃ সা) ভয়াৎ সহসা এব উচ্চক্রাম নদীং উল্লঙ্ঘিতবতী ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

পেপীয়মানে অত্যাসক্ত্যা পীয়মানে সতি তাবদেব তৎক্ষণমেব অবিদূরে সন্নিধৌ মৃগপতেঃ সিংহস্য উন্নাদো মহান্নাদ উত্থিতঃ ॥ ৩ ॥

প্রকৃত্যা স্বভাবত এব বিক্লবা ব্যাকুলা সুতরাং তু হরিভয়স্যাভিনিবেশেন ব্যগ্রং ব্যাকুলং হৃদয়ং যস্যাঃ পরিপ্লবদৃষ্টিঃ পরিভ্রান্তনেত্রা। ন গতা তৃট্ তৃষা যস্যাঃ উচ্চক্রাম নদীমুল্লঙ্ঘিত-বতী ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যেন সঃ। অত্রাজাদিত্বাদল্লাচ্ তবত্বাচ্চ অভিষেকশব্দস্য পূর্ব্বনিপাতঃ। অক্ষরমক্ষরাত্মকং ব্রহ্ম কৃষ্ণমন্ত্রং। অভিগৃণানো জপন্ ॥ ১ ॥ ২ ॥

পেপীয়মানে অত্যাসক্ত্যা পীয়মানে। মৃগপতেঃ সিংহস্য ॥ ৩ ॥

সহসা নাদসমকালমেব ভয়াৎ ত্রাসাৎ। উচ্চক্রাম নদ্যাধারাৎ উল্লঙ্ঘ্য ॥ ৪ ॥

এমন সময়ে একটী হরিণী জলপান করিবার অভিপ্রায়ে সেই নদীতীরে আগমন করিল। এবং নদীগর্ভে অবতরণ পূর্ব্বক জলপান করিতে লাগিল। ২॥

হরিণীর জলপান করা শেষ না হইতেই অনতিদূরে একটী সিংহের সর্ব্ব লোক-ভয়ঙ্কর গভীর গর্জ্জন অকস্মাৎ শ্রুতিগোচর হইল ॥ ৩॥

ভীষণ সিংহনাদ শ্রবণে কোমলস্বভাবা মৃগবধূ একান্ত ব্যাকুল হইয়া উঠিল; সে চকিত-নয়নে ইতস্ততঃ নিরীক্ষণ করিতে লাগিল এবং পাছে সিংহ আসিয়া আক্রমণ করে, এই ভয়ে একান্ত ভীত হইয়া প্রাণরক্ষার্থ জলপানে ভঙ্গ দিয়া পরিভ্রান্ত-লোচনে সহসা লম্ফন প্রদানে নদীকে উল্লঙ্ঘনের চেষ্টা করিল ॥ ৪॥

গর্ব্ভবতী হরিণী ভয়ে অকস্মাৎ তাদৃশ উল্লম্ফন করায়, গুরুভার গর্ভ স্থান

তস্যা উৎপতন্ত্যা অন্তর্বত্ন্যা উরুভয়-বিচালিতো যোনিনির্গতো গর্ভঃ স্রোতসি নিপপাত ॥ ৫ ॥

উৎপ্রসবোৎসর্পণ-ভয়খেদাতুরা স্বগণেন বিযুজ্যমানা কস্যাঞ্চিদ্দর্য্যাং কৃষ্ণসারসতী নিপপাত অথচ মমার ॥ ৬ ॥

তন্ত্বেণকুণকং কৃপণং স্রোতসানুহ্যমানমভিবীক্ষ্যাপবিদ্ধং বন্ধুরিবানুকম্পয়া রাজর্ষির্ভরত আদায় মৃতমাতরমিত্যাশ্রমপদমনয়ৎ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

অন্তর্বত্ন্যাঃ গর্ভিণ্যাঃ উৎপতন্ত্যাঃ নদীং উল্লঙ্ঘয়ন্ত্যাঃ, তস্যাঃ উরুভয়েন বিচালিতঃ স্থানাৎ অবগলিতঃ, অতঃ যোনেঃ বহিঃ নির্গতঃ সন গর্ভঃ স্রোতসি প্রবাহে, নিপপাত ॥ ৫ ॥

উৎপ্রসবঃ গর্ভপাতঃ, উৎসর্পণং নদ্যুল্লঙ্ঘনং, ভয়ং চ তৈঃ যঃ খেদঃ তেন আতুরা পীড়িতা, স্বগণেন চ বিযুজ্যমানা কৃষ্ণসারসতী মৃগবধূঃ কস্যাঞ্চিৎ দর্য্যাং গিরিগুহায়াং, নিপপাত মমার চ ॥ ৬ ॥

অত্র তু স্রোতসা প্রবাহেণ অনূহ্যমানং অপবিদ্ধং, বন্ধুভিঃ ত্যক্তং মৃতমাতরং কৃপণং দীনং, তং এণকুণকং হরিণবালকং, বন্ধুঃ ইব ইতি অনুকম্পয়া আদায় রাজর্ষিঃ ভরতঃ আশ্রমপদং অনয়ৎ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

অন্তর্বত্ন্যা গর্ভিণ্যাঃ উরুভয়েন স্থানাদ্বিচালিতো যোনেঃ নির্গতঃ সন্ স্রোতসি প্রবাহে নিপতিতঃ ॥ ৫ ॥

উৎপ্রসবো গর্ভপাতঃ। উৎসর্পণং উল্লঙ্ঘনং ভয়ঞ্চ এতৈঃ খেদেনাতুরা পীড়িতা দর্য্যাং গিরিগুহায়াং। হরিণবধূঃ পপাত অথানন্তরং মৃতাচ ॥ ৬ ॥

এণকুণকং হরিণবালকং অপবিদ্ধং বন্ধুভিস্ত্যক্তং ইত্যেতৈঃ কুণকত্বাদিহেতুভির্যা অনুকম্পা তয়া অনয়ৎ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্তর্বত্ন্যা গর্ভবত্যাঃ ॥ ৫ ॥ উৎপ্রসব উচ্চাকাশাদেব গর্ভপাতঃ ॥ ৬ ॥

এণকুণকং হরিণবালকং। অপবিদ্ধং বন্ধুভিস্ত্যক্তং। ইতি এতৈঃ কুণকত্বাদিহেতুভির্যা অনুকম্পা তয়া ॥ ৭ ॥

চ্যুত হইল এবং যোনি-দ্বার দিয়া তৎক্ষণাৎ স্খলিত হইয়া নদী-স্রোতে গর্ভস্থ শাবক পতিত হইয়া গেল ॥ ৫ ॥

অকস্মাৎ গর্ভপাত ও নদী উল্লঙ্ঘনের ক্লেশে হরিণী সাতিশয় পীড়িত ও কাতর হইয়া কিয়দ্দূর গমন করিয়াই একাকী একটী পর্ব্বতের গুহায় প্রবেশ করত ভূপতিত হইয়া পঞ্চত্ব প্রাপ্ত হইল ॥ ৬ ॥

এদিকে মৃগশাবকটী জননী কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া নদীর স্রোতে ভাসিতে

তস্য হ বা এণকুণকে উচ্চৈরেতস্মিন্ কৃতনিজাভিমানস্যাহরহ স্তৎ-পোষণ-পালন-প্রীণন-লালনানুধ্যানেনাত্মনিয়মাঃ সহযমাঃ পুরুষপরিচর্য্যাদয় একৈকশঃ কতিপয়েনাহর্গণেন বিযুজ্যমানাঃ সর্ব্ব এবোদবসন্ ।। ৮ ।।

অন্বয়ঃ।

এতস্মিন্ এণকুণকে উচ্চৈঃ অতিশয়েন, কৃতনিজাভিমানস্য (কৃতঃ নিজঃ স্বীয়ঃ ইতি অভিমানঃ যেন তস্য) তস্য হ বা অহরহঃ তৎপোষণ-পালন-প্রীণন-লালনানুধ্যানেন (পোষণং তৃণাদিদানং, পালনং বৃকাদিভ্যো রক্ষণং, প্রীণনং কণ্ডূয়নাদিনা প্রীতিজননং, লালনং চুম্বনাদিনা, অনুধ্যানং তস্মিন্ আসক্তিঃ তেন) সহযমাঃ (যমৈঃ অহিংসাদিভিঃ সহিতাঃ) পুরুষ-পরিচর্য্যা-দয়ঃ (পুরুষস্য পুরুষোত্তমস্য পরিচর্য্যা পূজা আদিঃ যেষাং তে) স্নান-শৌচ-জপাদয়ঃ আত্ম-নিয়মাঃ আত্মনঃ স্বস্য নিয়মাঃ প্রত্যহং একৈকশঃ বিযুজ্যমানাঃ সন্তঃ কতিপয়েন অহর্গণেন সর্ব্বে এব উদবসন্ উৎসন্নাঃ বভূবুঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

কৃতো নিজঃ স্বীয় ইত্যভিমানো যেন পোষণং তৃণাদিনা পালনং বৃকাদিভ্যো রক্ষণং প্রীণনং কণ্ডূয়নাদিনা লালনং চুম্বনাদিনা এতৈর্যদনুধ্যানমাসক্তি স্তেনৈবাত্মনো নিয়মাঃ স্নানাদয়ঃ যমা অহিংসাদয়ঃ তৎসহিতা ঈশ্বরপরিচর্য্যাদয়শ্চ প্রত্যহমেকৈকশো বিযুজ্যমানাঃ সন্তঃ কতিপয়েনাহর্গণেন সর্ব্বে উৎসন্না বভূবুঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পোষণং তৃণাদিনা। পালনং বৃকাদিভ্যঃ। প্রীণনং কণ্ডূয়নাদিনা। লালনং চুম্বনাদিনা। এতৈর্যদনুধ্যানমাসক্তিস্তেন। উদবসন্ উৎসন্না বভূবুঃ ॥ ৮ ॥

ভাসিতে যখন কিয়দ্দূর গমন করিল, তখন রাজর্ষি ভরত অনুকম্পা করত সেই হরিণ-শাবকটীকে জল হইতে উত্তোলন পূর্ব্বক স্বীয় আশ্রমে আনয়ন করিলেন ।। ৭ ।।

এবং বিশেষ যত্ন সহকারে সেই হরিণ-শিশুকে লালন পালন করিতে আরম্ভ করিলেন। তিনি তাহাকে আপন বোধে ক্রমশ এতই যত্ন ও মমতা করিয়াছিলেন যে, প্রত্যহ তাহার ভোজনার্থ তৃণ সংগ্রহ, তাহার প্রতিপালন, তাহার অঙ্গে কণ্ডূয়নাদির দ্বারা প্রীতি-বর্দ্ধন এবং চুম্বনাদি দ্বারা লালনে নিরন্তর তদ্গত-চিত্ত হইয়া পড়িলেন। অধিক কি ! সেই উপলক্ষে তাঁহার যম-নিয়মাদি প্রধান ব্রতেরও যথেষ্ট ব্যাঘাত উপস্থিত হইল ; পরমপুরুষ ভগবানের পূজাদি ব্যাপারে তিনি শিথিলপ্রযত্ন হইয়া, স্নান শৌচ জপ ও হোমাদি নিজের নিত্য কর্ম্মেও উদাসীন হইয়া পড়িলেন এবং কতিপয় দিবসের মধ্যে সেই শাবকের প্রতি প্রেম নিবন্ধন তাঁহার সকল কর্ম্মই ক্রমশ নিবৃত্ত হইয়া গেল ।।৮।।

সঙ্কোচ ভাব পরিদর্শন করিয়া, তিনি যাবতীয় বিষয়কে অজ্ঞাত ও অলক্ষিতরূপে উপেক্ষাই করিয়াছিলেন। চিত্তের আসক্তির অভাবে গায়ত্র্যাদির অভ্যাসেও তিনি অসমর্থ হইয়াছিলেন। তিনি পরমানন্দে এতই নিমগ্ন থাকিতেন এবং আত্ম-সাক্ষাৎকারে তাঁহার চিত্ত এতই বিশুদ্ধ হইয়াছিল যে, দেহাভিমান বা বিষম দুঃখসাগরে নিমগ্ন হওয়ার সন্তাপ তাঁহার চিত্তে কিছুমাত্র স্থান পায় নাই। জড়ের ন্যায় তিনি কার্য্য করিতেন; বল পূর্ব্বক যদি কেহ তাঁহার দ্বারা কোন কার্য্য করাইতে চেষ্টা করিত, তিনি বিনা আপত্তিতে তাহা সমাধা করিতেন। এবং যথালব্ধ ভোজনেই সর্ব্বদা সন্তুষ্ট থাকিতেন ॥ ১—১৩ ॥

নিত্য-নিবৃত্ত-নিমিত্ত-স্বসিদ্ধ-বিশুদ্ধ'মুভবানন্দ-স্বাত্মলাভাধিগমঃ সুখদুঃখয়োদ্বর্ন্দ্বনিমিত্তয়োরসংভাবিতদেহাভিমানঃ ॥ ১৩ ॥

শীতোষ্ণ-বাত-বর্ষেষু বৃষ ইবানাবৃতাঙ্গঃ পীনঃ সংহননাঙ্গঃ স্থণ্ডিল-

অন্বয়ঃ।

নিত্যঃ সত্যঃ পরমার্থভূতঃ যতঃ নিবৃত্তনিমিত্তঃ সংসার-ভ্রমণ-নিমিত্তাবিদ্যাসম্বন্ধরহিতঃ, অতএব স্বসিদ্ধঃ স্বয়ংপ্রকাশঃ বিশুদ্ধঃ দেহেন্দ্রিয়ান্তঃকরণাদ্যধ্যাসরহিতঃ অনুভবঃ চৈতন্যঘনঃ আনন্দরূপঃ চ য স্বাত্মা তস্য লাভঃ এবম্ভূতঃ অহমিতি জ্ঞানং তস্য অধিগমঃ প্রাপ্তিঃ অস্তি যস্য সঃ অতএব দ্বন্দ্বনিমিত্তয়োঃ সুখদুঃখয়োঃ অপি অসম্ভাবিতঃ অনারোপিতঃ, দেহাভিমানঃ যেন সঃ এব ॥ ১৩ ॥

অতএব শীতোষ্ণবাতবর্ষেষু বৃষঃ ইব অনাবৃতাঙ্গঃ অনাচ্ছাদিতকলেবরঃ, পীনঃ পুষ্টঃ, সংহননাঙ্গঃ (সংহন্যন্তে নিবিড়ী ভবন্তি অঙ্গানি যস্য সঃ) স্থণ্ডিলসম্বেশনানুমর্দ্দনামজ্জনরজসা (স্থণ্ডিলসংবেশনং ভূমিশয়নং অনুমর্দ্দনং তৈলাদিভিঃ, অমজ্জনং স্নানাভাবঃ তৈঃ যৎ রজঃ তেন) আবৃতঃ সন্ মহামণিঃ ইব অনভিব্যক্তব্রহ্মবর্চ্চসঃ (অনভিব্যক্তং অপ্রকটং ব্রহ্মবর্চ্চসং

শ্রীধরস্বামী।

অত্র হেতুদ্বয়মাহ নিত্যং সদা নিবৃত্তং নিমিত্তং যস্মাৎ স উৎপাদকশূন্যঃ বিশুদ্ধঃ কেবলো যোঽনুভবঃ স এবানন্দরূপঃ স্বাত্মা তস্য লাভঃ। এবম্ভূতোঽহমিতি জ্ঞানং তস্যাধিগমঃ প্রাপ্তিরস্তি যস্য। দ্বন্দ্বানি সম্মানাবমানাদীনি তদ্ধেতুকয়োঃ সুখদুঃখয়ো কৃতদেহাভিমানঃ। তস্মাৎ নেন্দ্রিয়প্রীতিনিমিত্তমভ্যবহরতীত্যন্বয়ঃ ॥ ১৩ ॥

অতএব শীতোষ্ণাদিষু অনাবৃতাঙ্গো বিচচার ইত্যন্বয়ঃ কীদৃশঃ পীনঃ পুষ্টঃ সংহননাঙ্গঃ সংহন্যন্তে নিবিড়ীভবন্তি অঙ্গানি যস্য কঠিনাবয়ব ইত্যর্থঃ। স্থণ্ডিলসংবেশনং ভূমিশয়নং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নাবমানাদীনি তদ্ধেতুকয়োঃ সুখদুঃখয়োরকৃতদেহাভিমানঃ। অতএব নেন্দ্রিয়প্রীতিনিমিত্তমভ্যবহরতীত্যন্বয়ঃ ॥ ১২ ॥ ১৩ ॥

অপাবৃতাঙ্গঃ অনাবৃতাঙ্গঃ সংহননাঙ্গঃ অতিবলিষ্ঠগাত্রঃ স্থণ্ডিলসম্বেশনং ভূমিশয়নং অনু-

পুনরায় জন্মমরণরূপ সংসারের উৎপাদন হয়, এরূপ কর্ম্মের অনুষ্ঠান হইতে ভরত সম্পূর্ণ নিবৃত্ত হইয়াছিলেন; তিনি স্বপ্রকাশ বিশুদ্ধ অনুভবানন্দ-স্বরূপ আত্মজ্ঞান লাভ করিয়া, সুখ ও দুঃখের নিদানভূত শীতোষ্ণ মানাপমানাদি দ্বন্দ্ব ভাবকে অতিক্রম করত দেহাভিমানের বিসর্জ্জনে সম্পূর্ণ নিরাকাঙ্ক্ষভাবে অবস্থান করিতেন ॥ ১৩ ॥

বলবান্ বলিবর্দ্দ যেমন শীত, গ্রীষ্ম, বাত, বর্ষাদি ঋতুর ভাবসমূহ অনাবৃত কলেবরেই অবলীলাক্রমে সহ্য করিয়া থাকে, হৃষ্ট পুষ্ট ও বলিষ্ঠাঙ্গ বিপ্রকুমার ভরতও সেইরূপ অনাচ্ছাদিত কলেবরে শীত গ্রীষ্মাদিকে অনায়াসে সহ্য

সম্বেশনানুন্মর্দ্দনামজ্জন-রজসা মহামণিরিবানভিব্যক্তব্রহ্মবর্চ্চসঃ কুপটাবৃতকটি রুপবীতেনোরু-মসিনা দ্বিজাতিরিতি ব্রহ্মবন্ধু রিতি সংজ্ঞয়াঽতজ্জ্ঞ-জনাব-মতো বিচচার । ১৪ ॥

যদাতু পরত আহারং কর্ম্ম-বেতনত ঈহমানঃ স্বভ্রাতৃভিরপি কেদার-কর্ম্মণি

অন্বয়ঃ।

ব্রাহ্মং তেজঃ যস্য সঃ) কুপটাবৃতকটিঃ (কুৎসিতেন মলিনেন পটেন বস্ত্রেণ আবৃতা কটিঃ যস্য সঃ) উরুমসিনা অতিমলিনেন উপবীতেন চ দ্বিজাতিঃ ইতি ব্রহ্মবন্ধুঃ ইতি চ সংজ্ঞয়া অতজ্জ্ঞ-জনাবমতঃ (তং তত্ত্বতঃ যে ন জানন্তি তে অতজ্জ্ঞাঃ তৈঃ জনৈঃ অবমতঃ নিন্দিতঃ এব ভূমিং বিচচার ॥ ১৪ ॥

যদাতু কর্ম্মবেতনতঃ কর্ম্মমূল্যেন, পরতঃ পরেভ্যঃ আহারং ঈহমানঃ অপেক্ষমাণঃ, ভবতি

শ্রীধরস্বামী।

অমর্দ্দনং মর্দ্দনাভাবঃ অমজ্জনং স্নানাভাবঃ তৈর্যদ্রজস্তেনাপ্রকটং ব্রহ্মবর্চ্চসং ব্রাহ্মং তেজো যস্য। যথা মহামণিরনভিব্যক্ততেজা ভবতি। কুৎসিতেন পটেন আবৃতা কটির্যস্য উরু-মলিনা অতিমলিনেন। ন তত্ত্বতস্তং যে জানন্তি তৈর্জনৈরবমতঃ সন্ ॥ ১৪ ॥

যদাতু পরেভ্যঃ কর্ম্মমূল্যেনাহারমপেক্ষমাণো ভবতি তদা কেদারকর্ম্মণি শালিক্ষেত্র-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মর্দ্দনমভ্যঙ্গাদ্যভাবঃ অমজ্জনং স্নানাভাব স্তৈর্যদ্রজস্তেনানভিব্যক্তং ব্রহ্মবর্চ্চসং ব্রাহ্মং তেজো যস্য সঃ। উরুমসিনা অতিমলিনেন ॥ ১৪ ॥

কর্ম্মবেতনতঃ কর্ম্মমূল্যেন আহারমীহমানো যদা ভবতি তদা স্বভ্রাতৃভিরিতি সর্ব্বং দিনং

করিতেন। ভূমিতলই তাঁহার উত্তম শয্যার কার্য্য করিত; অঙ্গ-সৌন্দর্য্য সম্পাদনার্থ তিনি কখন গাত্রে তৈলমর্দ্দন করিতেন না, বা অবগাহনাদি দ্বারা দেহের পরিষ্কার-সাধন করিতেন না। কর্দ্দমলিপ্ত মহামণির ন্যায় তাঁহার অতুল ব্রহ্মতেজ ধূলি ধূসরিত কলেবরেই সমাচ্ছাদিত থাকিত; কেহ তাঁহাকে ব্রহ্মতেজস্বী বলিয়া চিনিতে পারিত না। এক খানি অতি মলিন বস্ত্রের দ্বারা কটিদেশ আবৃত রাখিতেন; গলদেশস্থ অতি মলিন উপবীত দর্শনে তাচ্ছিল্য করত কেহ তাঁহাকে সামান্য দ্বিজাতি বা অধম পতিত ব্রাহ্মণ বলিয়াই উল্লেখ করিত; প্রকৃত প্রস্তাবে তাঁহার আন্তরিক পবিত্র ভাব প্রায় কেহই অবগত হইতে পারিত না। ব্রাহ্মণকুমার জড়ভরত স্বরূপতত্ত্বানভিজ্ঞ ব্যক্তিগণ কর্ত্তৃক এই প্রকারে নিন্দিত ও উপেক্ষিত হইয়া, পৃথিবীতলে বিচরণ করিতে লাগিলেন ॥ ১৪ ॥

তিনি যখন পরের কর্ম্ম করিয়া ভোজন সংগ্রহ করিতে আরম্ভ করিলেন,

নিরূপিত স্তদপি করোতি ॥ ১৫ ॥

কিন্তু সমং বিষমং ন্যূনমধিকমিতি ন বেদ ॥ ১৬ ॥

কণ পিণ্যাক ফলীকরণ কুল্মাষ স্থালীপুরীষাদীন্যপ্যমৃতবদভ্যবহরতি ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

তদা স্বভ্রাতৃভিঃ অপি আহারপ্রলোভনেন কেদারকর্ম্মণি শালিক্ষেত্রে কর্দ্দমপ্রক্ষেপাদৌ নিরূপিতঃ সঃ তদপি করোতি ॥ ১৫ ॥

কিন্তু অত্র কর্দ্দমপ্রক্ষেপে ক্ষেত্রং সমং অন্যত্র বিষমং ইহ ন্যূনং অত্র অধিকং ইতি সঃ ন বেদ ॥ ১৬ ॥

ভ্রাতৃভিঃ দত্তানি কণাদীনি (কণাঃ চূর্ণতণ্ডুলাঃ, পিণ্যাকং তৈলযন্ত্রোদ্ধৃতং তিলকিট্টং, ফলীকরণং তুষাঃ, কুল্মাষাঃ কীটদষ্টাঃ মাষাঃ, স্থালীপুরীষং স্থালীলগ্নং দগ্ধান্নং) অমৃতবৎ অভ্যবহরতি ভুংক্তে ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

কর্দ্দম-বিলোড়নাদৌ আহারপ্রলোভনেন নিযুক্তঃ সন্ করোতি ॥ ১৫ ॥

কিন্ত্বত্র কর্দ্দমস্য প্রক্ষেপে ক্ষেত্রং সমং ভবেৎ ইত উদ্ধরণে বিষমং স্যাদিত্যাদি ন বেদ ॥ ১৬ ॥

ভ্রাতৃভির্দত্তান্ কণাদীনপি অমৃতবদ্ভুঙ্‌ক্তে কণাশ্চূর্ণতণ্ডুলাঃ। পিণ্যাকং তৈলযন্ত্রোত্থিতং তিলকিট্টং। ফলীকরণং তুষাঃ। কুল্মাষাঃ কীটদষ্টমাষাঃ। স্থালীপুরীষং স্থালীলগ্নং দগ্ধান্নং ॥১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্ম কারয়িত্বা আহারমাত্রং চেদনো দদতি তর্হি বয়মেব তথা কারয়ামঃ অপ্রতিষ্ঠাচ নস্তাবতী ন ভবিষ্যতীতি মত্বেতি ভাবঃ ॥ ১৫ ॥

কর্দ্দম-বিলোড়নাদি কর্ম্মণি অত্র কর্দ্দমস্য প্রক্ষেপে ক্ষেত্রং সমং ভবেদিত উদ্ধরণে বিষমং ভবেদিত্যাদিতু ন বেদ ॥ ১৬ ॥

পিণ্যাকং তৈলযন্ত্রোদ্ধৃতং তিলকিট্টং। ফলীকরণং তুষঃ। কুল্মাষাঃ কিটবিদ্ধমাষাঃ স্থালী-পুরীষং স্থালীলগ্নং দগ্ধান্নং তদাদীনি ভ্রাতৃভির্দত্তানি ॥ ১৭ ॥

তখন তাঁহার নিজের ভ্রাতাগণও আহারের প্রলোভন দেখাইয়া, কেদার-কর্ম্মে তাঁহাকে নিযুক্ত করিতেন; অর্থাৎ শালিক্ষেত্রে কর্দ্দম প্রক্ষেপাদি কর্ম্মে নিয়োজিত করিতেন; তিনিও সাধারণ শ্রমজীবীর ন্যায় শালীক্ষেত্রে মৃত্তিকা-বহন ও তাহাকে স্থানান্তরিত করণাদি কার্য্যে নিযুক্ত হইতেন ॥ ১৫ ।

কিন্তু অন্যান্য শ্রমজীবীর ন্যায় কার্য্য-সৌকার্য্যের প্রতি তিনি কিছুমাত্র দৃষ্টি করিতেন না; অর্থাৎ ক্ষেত্রের কোন্ স্থান উচ্চ হইল বা কোন্ স্থান নিম্ন হইল তাহার প্রতি তাঁহার দৃষ্টি থাকিত না; বিচারহীন পশুর ন্যায় তিনি নিয়ত কার্য্য করিতেন মাত্র ॥ ১৬ ॥

অথ কদাচিৎ কশ্চিদ্বৃষলপতি র্ভদ্রকাল্যৈ পুরুষপশুমালভতাপত্যকামঃ ॥ ১৮॥

তস্য হ দৈববিমুক্তস্য পশোঃ পদবীং তদনুচরাঃ পরিধাবন্তো নিশিনিশীথ-সময়ে তমসাবৃতায়া মনধিগত-পশব আকস্মিকেন বিধিনা কেদারান্ বীরাসনেন মৃগবরাহাদিভ্যঃ সংরক্ষমাণমঙ্গিরঃপ্রবরসুতমপশ্যন্ ॥ ১৯ ॥

অন্বয়ঃ

অথ কদাচিৎ কশ্চিৎ বৃষলপতিঃ শূদ্রাধিপতিঃ অপত্যকামঃ ভদ্রকাল্যৈ পুরুষপশুং আলভত আলব্ধুং প্রবৃত্তঃ ॥ ১৮ ॥

তস্য হি বৃষলপতেঃ দৈববিমুক্তস্য দৈবাৎ মুক্তস্য হস্তাৎ মরণভয়াৎ পলায়িতস্য পুরুষ-পশোঃ পদবীং মার্গং, পরিধাবন্তঃ অপি অনধিগতপশবঃ তস্য শূদ্রাধিপতেঃ অনুচরাঃ তমসা-বৃতায়াং নিশি নিশীথসময়ে আকস্মিকেন বিধিনা দৈবচক্রেণ বীরাসনেন উর্দ্ধাবস্থানেন কেদারান্ মৃগবরাহাদিভ্যঃ সংরক্ষমাণং অঙ্গিরঃপ্রবরসুতং ভরতং অপশ্যন্ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

তস্য রাগাদিরাহিত্যমলৌল্যক্লৈবমীরিতং। তথান্যচ্চরিতং প্রাহ চিত্রং মৃত্যাবসম্ভ্রমং। বৃষলপতিঃ শূদ্রসামন্তশ্চৌররাজঃ আলভত আলব্ধুং প্রবৃত্তঃ ॥ ১৮ ॥

দৈবাৎ বন্ধনবিমুক্তস্য পশো স্তমসা ব্যাপ্তায়াং নিশি তত্রাপি নিশীথসময়ে অর্দ্ধরাত্রাবসরে। আকস্মিকো দৈবনির্ম্মিতঃ বিধিঃ প্রকারস্তেন বীরাসনেন উর্দ্ধাবস্থানেন ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৃষলপতিঃ শূদ্রসামন্ত শ্চৌররাজঃ। আলভত আলব্ধুং প্রবৃত্তঃ ॥ ১৮ ॥

ভ্রাতাগণ যে কোন ভোজন দ্রব্য তাঁহাকে প্রদান করিতেন, তাহাতেই তিনি সন্তুষ্ট থাকিতেন। কণান্ন, তৈলাবশিষ্ট তিলকিট্ট (খোল) বা তুষ, কীটদষ্ট মাষ বা স্থালীলগ্ন দগ্ধান্ন যখন যাহাই তিনি পাইতেন, অমৃতজ্ঞানে তাহাই তখন অম্লানবদনে ভোজন করিতেন॥ ১৭॥

ইতিমধ্যে একদিবস একজন শূদ্রাধিপতি চৌররাজ পুত্ত্রলাভের কামনায় ভগবতী ভদ্রকালীর সমীপে নরবলি প্রদানে প্রস্তুত হয়॥ ১৮॥

কিন্তু যে মানবকে পশুরূপে জগদম্বার সমীপে প্রদানার্থ ধরিয়া রাখিয়াছিল, সে দৈবক্রমে তাহাদের হস্ত হইতে ছাড়াইয়া প্রাণভয়ে পলায়ন করে। শূদ্রাধিপতির অনুচরবর্গ উক্ত পলায়িত পশুরূপে নির্দ্দিষ্ট পুরুষের অন্বেষণে ইতস্ততঃ ধাবিত হইয়াও তাহার অনুসন্ধান করিতে পারিল না। এদিকে ঘোর অন্ধকারাচ্ছন্ন রাত্রি, তাহাতে আবার নিশীথ সময়ে তাহারা যখন ইতস্ততঃ সেই পুরুষের অন্বেষণে পর্য্যটন করিতেছিল, তখন অকস্মাৎ দৈববিড়ম্বনা বশত উচ্চ ভূমিতে উপবেশন পূর্ব্বক মৃগ বরাহাদির অত্যাচার হইতে

অথ ত এনমনবদ্যলক্ষণমবমৃশ্য ভর্ত্তৃকর্ম্মনিষ্পত্তিং মন্যমানা বদ্ধা রশনয়া চণ্ডিকাগৃহমুপনিন্যু র্মুদা বিকসিতবদনাঃ ॥ ২০ ॥

অথ পণয়স্তং স্ববিধিনাভিষিচ্যাহতেন বাসসাচ্ছাদ্য ভূষণালেপ-স্রক্-তিলকাদিভিরুপস্কৃতং ভুক্তবন্তং ধূপদীপ-মাল্য-লাজ-কিশলয়াঙ্কুর-ফলোপহারোপেতয়া বৈশসসংস্থয়া মহতা গীতস্তুতিমৃদঙ্গ-পণব-ঘোষেণচ পুরুষপশুং ভদ্রকাল্যাঃ পুরত উপবেশয়ামাসুঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

অথ তে অনুচরাঃ এনং অনবদ্যলক্ষণং অবমৃশ্য ভর্ত্তৃকর্ম্মনিষ্পত্তিং মন্যমানাঃ মুদা হর্ষেণ, বিকসিতবদনাঃ সন্তঃ রসনয়া বদ্ধা চণ্ডিকাগৃহং উপনিন্যুং আনীতবন্তঃ ॥ ২০ ॥

অথ অনন্তরং, পণয়ঃ পুরোহিতত্বেন কল্পিতাঃ বৃষলাঃ, স্ববিধিনা স্বকল্পিতপ্রকারেণ তং অভিষিচ্য স্নানং কারয়িত্বা, আহতেন নূতনেন বাসসা আচ্ছাদ্য ভূষণালেপস্রক্তিলকাদিভিঃ উপস্কৃতং অলঙ্কৃতং, ভুক্তবন্তং পুরুষপশুং ধূপদীপ-মাল্যলাজ-কিশলয়াঙ্কুরফলোপহারৈঃ উপেতয়া বৈশসসংস্থয়া হিংসাবিধানেন, মহতা গীতাদিঘোষেণ ভদ্রকাল্যাঃ পুরতঃ পুরুষপশুং জড়ভরতং উপবেশয়ামাসুঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

অবমৃষ্য জ্ঞাত্বা ॥ ২০ ॥

পণয়ঃ চৌরাঃ। আহতেন নূতনেন। উপস্কৃতমলঙ্কৃতং। বৈশসসংস্থয়া হিংসাবিধানেন। গীতাদিঘোষেণচ সহ ভদ্রকাল্যাঃ চণ্ডিকায়াঃ পুরতঃ সমীপেঽধোবদনং কারয়িত্বা উপবেশয়ামাসুঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৈবাদ্বন্ধনবিমুক্তস্য পলায়িতস্য পুরুষপশোঃ। বীরাসনেন উর্দ্ধাবস্থানেন ॥ ১৯ ॥ ॥ ২০ ॥

পণয়শ্চৌরাণাং পুরোহিতাঃ। আহতেন নূতনেন। বৈশসসংস্থয়া হিংসাবিধানেন যুক্তং ॥ ২১

ধান্যক্ষেত্রকে রক্ষা করিবার অভিপ্রায়ে উপবিষ্ট অঙ্গিরাকুলপ্রসূত ভরতকে তাহারা নয়নগোচর করিল ॥ ১৯ ॥

অবিকলাঙ্গ স্থূলকলেবর ভরতকে দেখিয়া প্রভুর বলিপ্রদানের উপযুক্ত পাত্র বিবেচনায় তাহারা সকলে আনন্দে পুলকিত হইয়া উঠিল এবং সহাস্য-বদনে রজ্জু দ্বারা জড় ভরতকে উত্তমরূপে বন্ধন করত ভদ্রকালীর বাটীতে আনয়ন করিল ॥ ২০ ॥

অনন্তর সেই দস্যুদলের মধ্যে যাহারা দস্যুপতির পুরোহিতের কার্য্য করিতেছিল, তাহারা সকলে আপনাদের প্রথা অনুসারে ভরতকে স্নান করাইয়া নূতন বস্ত্র পরিধান করাইল এবং সুগন্ধ চন্দন, মালা, তিলক ও

অথ বৃষলরাজপণিঃ পুরুষপশোরসৃগাসবেন দেবীং ভদ্রকালীং যক্ষ্যমাণ-স্তদভিমন্ত্রিতমসিমতিকরালং নিশিতমুপাদদে ॥ ২২ ॥

ইতি তেষাং বৃষলানাং রজস্তমঃপ্রকৃতীনাং ধনমদরজ-উৎসিক্তমনসাং ভগবৎকলাধীরকুলং কদর্থী-কৃত্যোৎপথেন স্বৈরং বিহরতাং হিংসা-

অন্বয়ঃ।

অথ বৃষলরাজস্য পণিঃ কল্পিতপুরোহিতঃ, পুরুষপশোঃ ভরতস্য, অসৃগাসবেন মাদক-রুধিরেণ দেবীং ভদ্রকালীং যক্ষ্যমাণঃ তর্পয়ন্, তদভিমন্ত্রিতং অতিকরালং নিশিতং অসিং উপাদদে ॥ ২২ ॥

ইতি এবং ধনমদরজউৎসিক্তমনসাং (ধনমদঃ এব রজঃ যথার্থদর্শনপ্রতিবন্ধকং তেন উৎসিক্তং ত্যক্তমর্যাদং মনো যেষাং তেষাং) রজস্তমঃপ্রকৃতীনাং রজস্তমোভ্যাং ব্যাপ্তা প্রকৃতিঃ স্বভাবঃ যেষাং তেষাং) হিংসাবিহারাণাং (হিংসায়াং এব বিহারঃ চিত্তোল্লাসঃ যেষাং তেষাং) অতএব ভগবতঃ কলা ঐশ্বর্য্যাদযুক্তং যৎ ধীরাণাং তেজস্বিনাং ব্রাহ্মণানাং কুলং

শ্রীধরস্বামী।

বৃষলরাজস্য পণিঃ পুরোহিতত্বেন বর্ত্তমানশ্চৌরঃ তদভিমন্ত্রিতং ভদ্রকালীমন্ত্রাভি-মন্ত্রিতং ॥ ২২ ॥

ধনমদএব রজস্তেন উৎসিক্তং ত্যক্তমর্য্যাদং মনো যেষাং ভগবৎকলাযুক্তং ধীরাণাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৃষলরাজস্য পণিঃ মুখ্যঃ পুরোহিতঃ ॥ ২২ ॥

ভগবতঃ কলানামবতারাণাং বীরাঃ সেনান্যো যে ভক্তা স্তেষাং কুলং কদর্থীকৃত্য দুঃখয়িত্বা স্বৈরং বিহরতাং যৎ কর্ম্ম তদুপলভ্য দেবী উচ্চচাট প্রতিমাং ভিত্ত্বা বহি নির্জগাম। যদ্বা

আভরণাদির দ্বারা উত্তমরূপে সজ্জিত করিয়া খাদ্যাদি প্রদানে প্রচুর পরিমাণে ভোজন করাইল। এদিকে ধূপ, দীপ, মাল্য, লাজ, কিশলয়, যবাদি অঙ্কুর ও বিবিধ ফল উপহার-স্বরূপে দেবীর সন্নিধানে আনয়ন পূর্ব্বক গীত, স্তুতি এবং মৃদঙ্গ ও পণবাদির বাদ্যধ্বনির দ্বারা দিক্‌দিগন্ত প্রতিধ্বনিত করিয়া পশুরূপে বলি প্রদানার্থ ভরতকে ভদ্রকালীর সমীপে আনয়ন করিল ॥ ২১ ॥

পরে শূদ্রাধিপতির পুরোহিত নরপশুর আসবতুল্য শোণিতের দ্বারা ভদ্রকালীর পূজা সমাপন করিবার অভিপ্রায়ে দেবীমন্ত্রে অভিমন্ত্রিত তীক্ষ্ণধার একখানি ভয়ঙ্কর বৃহৎ অসি গ্রহণ করিল ॥ ২২ ॥

একান্ত রাজসিক ও তামসিক-প্রকৃতি সেই সমস্ত শূদ্রগণ ধনমদে ভদ্রতার সীমা অতিক্রম করিয়া ভগবদবতারের সাহায্যকারী সেনানীস্বরূপ ভক্ত ব্রাহ্মণকুলের অবমাননা দ্বারা নিতান্তই উৎপথগামী হইয়াছিল। নিরন্তর

বিহারাণাং কর্ম্মাতিদারুণং যদ্ ব্রহ্মভূতস্য সাক্ষাদ্ ব্রহ্মর্ষিসুতস্য নির্বৈরস্য সর্ব্বভূতসুহৃদঃ সূনায়ামপ্যননুমতমালম্ভনং তদুপলভ্য ব্রহ্মতেজসাতিদুর্ব্বিষহেণ দন্দহ্যমানেন বপুষা সহসোচ্চচাট সৈব দেবী ভদ্রকালী ॥ ২৩॥

ভৃশমমর্ষরোষাবেশ-রভস-বিলসিত-ভ্রূকুটি-বিটপ-কুটিল-দংষ্ট্রারুণেক্ষণা-

অন্বয়ঃ।

তং কদর্থীকৃত্য তুচ্ছীকৃত্য উৎপথেন মর্য্যাদামার্গবহির্ভূতেন স্বৈরং স্বেচ্ছয়া এব বিহরতাং তেষাং বৃষলানাং সূনায়াং আপৎকালে অনুজ্ঞাতায়াং, অপি হিংসায়াং অননুমতং অননুজ্ঞাতং, ব্রহ্মর্ষিসুতস্য তত্রাপি সাক্ষাৎ ব্রহ্মভূতস্য ব্রহ্মনিষ্ঠস্য, নির্ব্বৈরস্য সর্ব্বভূতসুহৃদঃ হিতচিন্তকস্য আলম্ভনং হিংসনং এব অতিদারুণং তৎ কর্ম্ম উপলভ্য দৃষ্ট্বা, সা দেবী ভদ্রকালী অতিদুর্ব্বিষহেণ ব্রহ্মতেজসা দন্দহ্যমানেন বপুষা সহসা উচ্চচাট প্রতিমাং ত্যক্ত্বা বহিঃ নির্গতা ॥ ২৩ ॥

ভৃশং অত্যন্তং, অমর্ষঃ অপরাধাসহনং রোষ ক্রোধঃ তয়োঃ আবেশঃ তস্য রভসেন বেগেন বিলসিতঃ উত্তম্ভিতঃ ভ্রূকুটিলক্ষণঃ বিটপঃ শাখা, কুটিলাঃ ভয়ঙ্করাঃ দংষ্ট্রাঃ অরুণানি

শ্রীধরস্বামী।

ব্রাহ্মণানাং কুলং তুচ্ছীকৃত্য যথেচ্ছং বর্ত্তমানানাং যৎকর্ম্ম তদুপলভ্য দেবী উচ্চচাট প্রতিমাং ত্যক্ত্বা বহির্নির্গতা কথম্ভূতমালম্ভনং সূনায়ামপি আপৎকালে লৌকিক্যামপি হিংসায়ামননুজ্ঞাতং। ভদ্রকালীত্যন্তং গদ্যং ॥ ২৩ ॥

অমর্ষোঽপরাধাসহনং রোষশ্চ বপুষো দাহেন তয়োরাবেশ স্তস্য রভসেন বেগেন বিলসিতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সৈব প্রতিমারূপা দেব্যেব উচ্চচাট ভরততেজসা ছিন্নভিন্না বভূব নতু তদীয়াসিনা ভরতশ্ছিন্নো বভূব ইত্যেবকারার্থো ব্যক্তঃ। সূনায়ামাপৎকালে স্বরক্ষার্থমনুজ্ঞাতায়ামপি হিংসায়ামননুজ্ঞাতং সর্ব্বথৈব নিষিদ্ধমালম্ভনমিত্যর্থঃ ॥ ২৩ ॥

যথেচ্ছ হিংসা করিবার অভ্যাসে তাহারা প্রকৃত আপদ্কাল উপস্থিত হইলেও সম্পূর্ণ অবিধেয় সাক্ষাৎ ব্রহ্মর্ষিনন্দন সর্ব্বভূতসুহৃদ্ বৈরতাশূন্য ও স্বয়ং ব্রহ্মতেজঃসম্পন্ন ভরতেরও প্রাণবধ করিতে প্রস্তুত দেখিয়া দেবী চণ্ডীকা আর সহ্য করিতে পারিলেন না; তিনি দুর্ব্বিষহ ব্রহ্মতেজ আর সেই প্রতিমা কলেবরে অসহ্য বিবেচনা করিয়া, সহসা প্রতিমা হইতে বাহিরে নির্গতা হইলেন এবং ব্রহ্মতেজোরূপ প্রচণ্ড অনলে প্রজ্জ্বলিত কলেবর ধারণ পূর্ব্বক ॥২৩

ভীষণ বিরক্তি ও ক্রোধের আবেশে ও চঞ্চল ভ্রূযুগলের কুটিল কুঞ্চনে এবং ভয়ঙ্কর দন্তপংক্তি ও আরক্ত লোচন-বিশিষ্ট বদন প্রদর্শনে দস্যুদলের নিধনোদ্যোগে প্রচণ্ড অট্টহাস্য করিলেন। এবং ক্রোধভরে লম্ফ প্রদান

টোপাতিভয়ানকবদনা হন্তুকামেবেদং মহাট্টহাসমতিসংরম্ভেণ বিমুঞ্চন্তী তত উৎপত্য পাপীয়সাং দুষ্টানাং বৃষলানাং তেনৈবাসিনা বিবৃক্ণশীর্ষ্ণাং গলাৎ স্রবন্তমসৃগাসবমত্যুষ্ণং সহ গণেন নিপীয়াতিপানমদবিহ্বলোচ্চৈস্তরাং স্বপার্ষদৈঃ সহ জগৌ ননর্ত্ত চ বিজহার চ শিরঃ কন্দুকলীলয়া ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

ঈক্ষণানি চ তেষাং আটোপঃ সংভ্রমঃ তেন অতিভয়ানকং বদনং যস্যাঃ সা দেবী ইদং বিশ্বং হন্তুকামা উদ্যতা এব অতিসংরম্ভেণ কোপাবেশেন, মহান্তং অট্টহাসং বিমুঞ্চন্তী সতী ততঃ অনন্তরং উৎপত্য তেনৈব অসিনা দুষ্টানাং পাপীয়সাং বৃষলানাং বিবৃক্ণশীর্ষ্ণাং বিবৃক্ণানি ছিন্নানি শীর্ষাণি যেষাং তেষাং গলাৎ স্রবন্তং অত্যুষ্ণং আসবং অসৃক্ সগণেন পরিবারেণ সহ নিপীয় তস্যাঃ অতিপানেন যঃ মদঃ তেন বিহ্বলা বিবশা সতী পার্ষদৈঃ সহ উচ্চৈঃ জগৌ ননর্ত্ত চ শূদ্রাণাং শিরাংসি এব কন্দুকানি তেষাং লীলয়া বিজহার চ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী

উজ্জৃম্ভিতো ভ্রূকুটিলক্ষণো বিটপঃ শাখা কুটিলদংষ্ট্রাশ্চ অরুণানীক্ষণানিচ তেষাং আটোপঃ সংভ্রমস্তেনাতিভয়ানকং বদনং যস্যাঃ। ইদং জগৎ হন্তুমুদ্যতেব মহান্তং অট্টহাসং সনাদহাসং ততঃ স্থানাৎ উৎপত্য বিবৃক্ণানি ছিন্নানি শীর্ষাণি যেষাং। গণেন পরিবারেণ সহ শিরাংস্যেব কন্দুকানি তেষাং লীলয়া ক্রীড়ে চ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অমর্ষোঽপরাধাসহনং তদ্ধেতুকঃ কোপশ্চ তয়োরাবেশস্য যো রভসো বেগস্তেন বিলসিতো বিজৃম্ভিতো ভ্রূকুটিলক্ষণো বিটপঃ শাখাঃ কুটিলা দংষ্ট্রাশ্চ অরুণানীক্ষণানিচ তেষামাটোপেন প্রতাপেন অতিভয়ানকং বদনং যস্যাঃ সা ইদং জগদপি তস্যৈকস্য জগদ্বর্ত্তিনোঽপরাধেনেত্যর্থঃ ॥ ২৪ ॥ ২৫ ॥

পূর্ব্বক সেই পাপাত্মা দুষ্ট তস্করগণের উপর পতিত হইয়া, তাহাদেরই হস্তস্থিত বিশাল অসির প্রহারে তাহাদেরই মস্তক চ্ছেদন করিয়া ফেলিলেন। ছিন্নমস্তক তস্করগণের গলদেশ হইতে প্রবলবেগে প্রবাহিত অত্যুষ্ণ আসবসদৃশ রুধিরধারা স্বকীয় পরিবারবর্গ সহ একত্র পান করিয়া, ভদ্রকালী যেন বিশেষ পরিতৃপ্তা হইলেন এবং পার্ষদগণ সহ আনন্দে নৃত্য ও উচ্চকণ্ঠে গান করিতে লাগিলেন ও তস্করগণের ছিন্ন মস্তক করে লইয়া কন্দুকের ন্যায় ক্রীড়া করিতে লাগিলেন। ২৪ ॥

হে মহারাজ! ভগবতী ভদ্রকালীর আরাধনা করিয়াও তস্করগণের তাদৃশ বিপরীত ফল কেন ঘটিয়াছিল? এরূপ বিতর্ক করা কর্ত্তব্য নহে; কারণ মহদ্ব্যক্তিদিগের প্রতি তিরস্কাদির দ্বারা কৃত অপরাধের ফল সাক্ষাৎ

এবমেব খলু মহদভিচারাতিক্রমঃ কাৎর্স্নেনাত্মনে ফলতি ॥ ২৫ ॥

নবা এতদ্বিষ্ণুদত্তমহদদ্ভুতং যদসংভ্রমঃ স্বশিরশ্ছেদ আপতিতেঽপি বিমুক্ত-দেহাদ্যাত্মভাব-সুদৃঢ়-হৃদয়গ্রন্থীনাং সর্ব্বসত্ত্ব-সুহৃদাত্মনাং নির্ব্বৈরাণাং সাক্ষাদ্ভগবতানিমিষারি-বরায়ুধেনাপ্রমত্তেন তৈ তৈর্ভাবৈরভিরক্ষ্যমাণানাং

অন্বয়ঃ।

এবং সর্ব্বত্র মহদভিচারাতিক্রমঃ (মহৎসু অভিচারঃ মারণোদ্যোগরূপঃ যঃ অতিক্রমঃ অপরাধঃ) সঃ কাৎর্স্নেন সর্ব্বাংশেন, আত্মনে এব খলু ফলতি ॥ ২৫ ॥

বিমুক্তঃ দেহেন্দ্রিয়াদ্যাত্মভাবলক্ষণঃ সুদৃঢ়ঃ হৃদয়গ্রন্থিঃ যেষাং তেষাং অনিমিষারিবরায়ুধেন (অনিমিষঃ নিমেষরহিতঃ কালঃ এব অরি চক্রং বরং শ্রেষ্ঠং আয়ুধং যস্য তেন) অপ্রমত্তেন সাবধানেন, সর্ব্বজ্ঞেন সাক্ষাৎ ভগবতা তৈঃ তৈঃ ভাবৈঃ রক্ষাকাল্যাদিরূপৈঃ অভিরক্ষ্যমাণানাং যতঃ অকুতশ্চিদ্ভয়ং (ন কুতশ্চিৎ ভয়ং যস্মাৎ তৎ) তস্য ভগবতঃ পাদমূলং উপসৃতানাং নিরন্তরং ধ্যানপরাণাং, নির্ব্বৈরাণাং শত্রুহীনানাং (সর্ব্বসত্ত্বানাং প্রাণিনাং সুহৃদ্ আত্মা চ যে তেষাং) সর্ব্বসত্ত্বসুহৃদাত্মনাং ভাগবত-পরমহংসানাং ভক্তবিবেকিনাং স্বশিরশ্ছেদনে

শ্রীধরস্বামী।

ননু কথং দেব্যারাধকানামেবং বিপরীতং ফলং তত্রাহ এবমেবেতি মহৎসু অভিচার-রূপোঽতিক্রমঃ অপরাধঃ ॥ ২৫ ॥

নন্বসম্ভাবিতমিদমেবং যন্মরণেঽপ্যব্যাকুলত্বং মারকেচ ক্রোধাভাব ইত্যাদি তত্রাহ নবা ইতি। বিমুক্তো দেহাদ্যাত্মভাবলক্ষণঃ সুদৃঢ়ো হৃদয়গ্রন্থি র্যৈঃ সর্ব্বসত্ত্বানাং সুহৃদ্ আত্মাচ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বসংভাবিতমেতদ্যন্মরণেঽপ্যব্যাকুলত্বং মারকেষু ক্রোধাভাব স্তত্রাহ নবেতি। হে বিষ্ণু-দত্ত পরীক্ষিৎ। বিমুক্তো দেহাদ্যাত্মভাবলক্ষণঃ সুদৃঢ়ো হৃদয়গ্রন্থির্যৈঃ সর্ব্বেষামেব সত্ত্বানাং

সম্বন্ধে অপরাধীর নিজের বিরুদ্ধে এইরূপই ফলিয়া থাকে, সন্দেহ নাই ॥ ২৫ ॥

হে বিষ্ণুদত্ত রাজা পরীক্ষিৎ! যাঁহারা দেবদেব পরাৎপর ভগবানের প্রকৃত উপাসক, তাঁহাদের আর দেহাভিমান থাকে না; হৃদয়ে সন্দেহগ্রন্থি সম্পূর্ণ বিচ্ছিন্ন হইয়া যায়; জগৎ সংসারে তাঁহাদের সহিত কাহারও শত্রুতা থাকে না; অথচ সকল প্রাণীর প্রতি তাঁহারা নিরন্তর সৌহার্দ্দ-ভাবের পরিচয় দিয়া থাকেন। তাঁহারা কখন বিপদে অভিভূত হন না এবং কাহাকেও শত্রু জ্ঞানে কখন তিরস্কারে অগ্রসর হন না। আপনাদের শিরশ্ছেদনরূপ ভীষণ ব্যাপার প্রকৃত প্রস্তাবে উপস্থিত হইলেও, তাঁহারা কোনমতে বিহ্বল হন না; সর্ব্বভয়হারী ভগবানের চরণকমলে নিরন্তর আশ্রিত থাকায়, অব্যর্থ-বেগ কালরূপ ভীষণ চক্রের সাহায্যে স্বয়ং ভগবান্ ভদ্রকালীর ন্যায় বিচিত্র

তৎপাদমূলমকুতশ্চিদ্ভয়মুপস্থতানাং ভাগবত-পরমহংসানাং ॥ ২৬ ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে জড়ভরত চরিতে নবমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

অথ সিন্ধুসৌবীরপতে রহূগণস্য ব্রজত ইক্ষুমত্যাস্তটে তৎকুলপতিনা

অন্বয়ঃ।

আপতিতে অপি যদসম্ভ্রমঃ যৎ অব্যাকুলত্বাদি তৎ এতৎ মহদদ্ভুতং অত্যন্তাসম্ভাবিতং নবা নৈব ভবতি। ২৬ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে নবমোঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। অথ অনন্তরং কদাচিৎ সিন্ধুসৌবীরদেশয়োঃ পতেঃ রাজ্ঞঃ, রহূগণস্য রহূগণনাম্নঃ বিদ্যার্থং কপিলাশ্রমে ব্রজতঃ ইক্ষুমত্যাঃ নদ্যাঃ তীরে তৎকুলপতিনা শিবিকা-

শ্রীধরস্বামী।

যে তেষাং নচ তেষাং দেহাদ্যভিমানসম্ভাবেঽপি মরণাদিভয়মস্তীত্যাহ সাক্ষাৎ ভগবতা অভিরক্ষ্যমাণানাং কেন অনিমিষঃ কালঃ সএব অরিশ্চক্রং তেন বরায়ুধেন। তৈস্তৈর্ভাবৈশ্চ অন্তর্যামিতয়া প্রবর্ত্ত্যমানৈ র্ভদ্রকাল্যাদিরূপৈঃ ন কুতশ্চিদপি ভয়ং যস্মিন্ ভাগবতানাং ভগবদুপাসকানাং পরমহংসানাং ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে নবমঃ ॥ * ॥

দশমে ক্ষিপতা রাজ্ঞা শিবিকাং স্বাং বহন্মুনিঃ।
স্বদুর্ব্বাদানুবাদেন বিজ্ঞায়াশু প্রসাদিতঃ ॥
এবং ভূতাধিকারিত্বমজ্ঞসর্ব্বজ্ঞয়োঃ সমং।
ইতি সর্ব্বজ্ঞতা সিদ্ধ্যৈ রহূগণ-কথেরণং ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বহন্তৄণামপি সুহৃৎস্বরূপাণাং ন বিদ্যতে নিমিষমনবধানং যস্য তাদৃশমরি চক্রং তেন বরায়ুধেন কররণেন ভগবতা কর্ত্রাপ্যপ্রমত্তেন তৈস্তৈঃ প্রসিদ্ধৈর্ভাবৈ র্ভক্তবাৎসল্য-শিষ্টপালন-দুষ্টনিগ্রহাদ্যৈঃ ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চমে নবমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বহন্তং শিবিকাং স্বীয় কটূক্ত্যর্থকৃতং মুনিং। জ্ঞাত্বা রাজাবরুহ্যাশু তুষ্টাব দশমে স্ফুটং। তদেবং শ্রীভরতঃ কণপিণ্যাকাদিভিঃ স্বপালকেষু ভ্রাত্রাদিষু তৎপ্রাতিবেশিতেষুচ। কর্ম্মিত্বা-

---

ভাবে ও বিভিন্ন মূর্ত্তিতে পরম ভক্ত তাদৃশ বিবেকিগণের রক্ষা বিধান করিয়া থাকেন; ভক্তকে কখন বিপদে অভিভূত হইতে হয় না ॥ ২৬ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত নবম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শিবিকাবাহক-পুরুষান্বেষণ-সময়ে দৈবেনোপসাদিতঃ স দ্বিজবর উপলব্ধঃ ॥১॥

এষ পীবা সংহননাঙ্গো গোখরবদ্ধুরং বোঢ়ুমলমিতি পূর্ব্ববিষ্টি-গৃহীতৈঃ

অন্বয়ঃ।

বাহানাং কুলপতিনা নাথেন, শিবিকাবাহকপুরুষান্বেষণ-সময়ে দৈবেন প্রারব্ধেন, উপসাদিতঃ প্রাপিতঃ, সঃ দ্বিজবরঃ উপলব্ধঃ দৃষ্টঃ ॥ ১ ॥

(তদা চ) এষ পীবা পুষ্টঃ, সংহননাঙ্গঃ কঠিনাবয়বঃ, গোখরবদ্ধুরং (গৌরিব খরঃ ইব চ ধুরং ভারং বোঢ়ুং অলং সমর্থঃ ইতি) মত্বা পূর্ব্ববিষ্টিগৃহীতৈঃ সহ প্রসভং বলাৎ, গৃহীতঃ অতদর্হঃ

শ্রীধরস্বামী।

রহুগণো নাম সিন্ধুসৌবীরদেশয়ো রাজা তত্ত্বজিজ্ঞাসুঃ কপিলাশ্রমং যদা গচ্ছতিস্ম, তদা যদ্বৃত্তং তদাহ অথেতি। ইক্ষুমত্যা নদ্যাস্তীরে তেষাং শিবিকাবাহকানাং কুলস্য নাথেন ॥১

এব গৌরিব খর ইবচ ভারং বোঢ়ুং সমর্থ ইতি ধিয়া পূর্ব্বং যে কেচন বিষ্ট্যা বলা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্রাজসেষপি কৃপাঙ্কুরৈব যতো বহুকালমপি তেভ্যঃ স্বদর্শনং দদৌ। তথৈব বৃষলরাজ্ঞে দুরাচারসক্তত্বাদতিতামসে স্বঘাতকেঽপি কৃপাঙ্কুরৈব যতস্তেনাপি প্রকারেণ স্বস্য দেব্যাশ্চ সাক্ষাদ্দর্শনং জন্মান্তরেঽপি তন্মুক্তিকারণং কারয়ামাসৈব। তথৈব রহূগণে জ্ঞানিত্বাৎ সাত্ত্বিকে রাজত্বোচিতরজসা শিবিকাং বাহয়ত্যপি কৃপাঙ্কুরেতি তত্র রজস্তমসোঃ প্রকাশকত্বাভাবাদারাৎ সত্ত্বস্যাতু প্রকাশকত্বাৎ রহূগণ এব ভরতস্য ভক্তিজ্ঞানাদিপ্রকাশো ন পূর্ব্বয়োরিতি জ্ঞাপয়ন্ তদুপাখ্যানমারভতে অথেতি পরমহংসত্বেন সর্ব্বত্র তস্য সাম্যস্যোচিত্যেঽপি মহাভাগবতত্বাদেব কৃপা ব্যাখ্যেয়া ভরতস্য ভক্তিজ্ঞানবৈরাগ্যাদিকং ভগবৎকৃপয়া শতগুণী বভূবেতি এতৎ কথং জ্ঞায়েতেত্যেতদর্থং রহূগণোপাখ্যানমিতিচ কেচিদাহুঃ। সিন্ধুসৌবীরদেশয়ো নৃপস্য তেষাং শিবিকাবাহানাং কুলপতিনা ॥ ১ ॥

পীবা পুষ্টাঙ্গঃ। সংহননাঙ্গো বলিষ্ঠশ্চ। প্রসভং বলাৎকৃতং যথাস্যাত্তথা গৃহীতঃ। অলং

শুকদেব বলিলেন, হে রাজন্! কোন সময়ে সিন্ধু ও সৌবীর দেশের অধিপতি রাজা রহূগণ তত্ত্ব-জিজ্ঞাসার অভিপ্রায়ে কপিলাশ্রমে গমন করিতেছিলেন। তিনি যখন ইক্ষুমতী নদীর তীরে উপস্থিত হইলেন, তখন তাঁহার শিবিকা বহনার্থ লোকের অন্বেষণে তদীয় বাহকাধিপতি যখন ইতস্ততঃ চেষ্টা করিতেছিল, তখন অকস্মাৎ সে এই দ্বিজশ্রেষ্ঠ ভরতকেই নয়নগোচর করিল ॥ ১ ॥

ভরতের বিলক্ষণ স্থূল কলেবর ও বলিষ্ঠ অঙ্গাবয়ব অবলোকন করিয়া, বলিবর্দ্দ ও গর্দ্দভের ন্যায় ভার বহনে তাঁহাকে যথেষ্ট পারদর্শী বিবেচনায়

আভাস।

দশমাধ্যায়ে শিবিকা বহনোপলক্ষে জড়ভরতের রহূগণ রাজার সহিত তত্ত্ব কথন ॥

সহ গৃহীতঃ প্রসভমতদর্হ উবাহ শিবিকাং স মহানুভাবঃ ॥ ২ ॥

যদাহি দ্বিজবরস্যেষুমাত্রাবলোকানুগতে ন সমাহিতা পুরুষগতিস্তদা বিষমগতাং স্বশিবিকাং রহুগণ উপধার্য্য পুরুষানধিবহত আহ হে বোঢ়ারঃ সাধ্বতিক্রামত কিমিতি বিষমমুহ্যতে যানমিতি ॥ ৩ ॥

অন্বয়ঃ।

শিবিকাবাহনাযোগ্যঃ, মহানুভাবঃ সঃ ভরতঃ শিবিকাং উবাহ ॥ ২ ॥

(হিংসাপরিহারার্থং) ইষুমাত্রাবলোকানুগতেঃ (ইষুমাত্রপ্রদেশাবলোকং অনু পশ্চাৎ গতিঃ যস্য তস্য) দ্বিজবরস্য গত্যা সহ যদা হি অন্যেষাং পুরুষাণাং গতিঃ ন সমাহিতা এক-রূপা ন জাতা তদা বিষমগতাং আন্দোলিতাং, স্বশিবিকাং উপধার্য্য উপলভ্য রহুগণঃ হে বোঢ়ারঃ! যানং সাধু যথা ভবতি তথা অতিক্রামতঃ বহতঃ, কিং ইতি বিষমং উহ্যতে ইতি অধিবহতঃ পুরুষান্ আহ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী

গৃহীতা স্তৈঃ সহ প্রসভং বলাদ্গৃহীতঃ সন্ অতদর্হোঽপি স মহানুভাবঃ শিবিকামুবাহে-ত্যন্বয়ঃ ॥ ২ ॥

হিংসা পরিহারার্থং ইষুমাত্রপ্রদেশাবলোকনস্যানুপশ্চাৎ যা গতিঃ তস্যা হেতুভূতায়াঃ পুরুষাণাং গতি ন সম্যগাহিতা একরূপা নাভূৎ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমর্থ ইতি মনসি বিভাব্যেত্যর্থঃ ॥ ২ ॥

হিংসাপরিহারার্থমিষুমাত্র-প্রদেশাবলোকনানন্তরমেব যা গতি স্তস্যা হেতোঃ পুরুষাণাং গতি ন সমাহিতা ন সম্যগাহিতা একরূপা নাভূৎ ॥ ৩ ॥

বাহকপতি তাঁহাকেই বলপূর্ব্বক গ্রহণ করত শিবিকা বহনে নিয়োজিত করিলে, সেই মহানুভব ভরত তাদৃশ কার্য্য নিজের পক্ষে সম্পূর্ণ অসঙ্গত হইলেও বিনা আপত্তিতে শিবিকা-বহনেই নিযুক্ত হইলেন ॥ ২ ॥

কিন্তু ভরত কখন কোন জীবের হিংসা করেন নাই ; পাছে দ্রুত গমনের অনুরোধে চরণ-পেষণ দ্বারা ক্ষুদ্র কীট পতঙ্গের প্রাণবধ করিয়া ফেলেন, এই ভয়ে ভীত হইয়া, ভরত কখন এক ইষু পরিমিত পথও বিশেষ লক্ষ্য না করিয়া দ্বিতীয় পদবিক্ষেপ করিতেন না। সুতরাং অন্যান্য বিষ্টিগণের সহিত একত্র গমনে তাঁহার বিলক্ষণ প্রতিবন্ধক উপস্থিত হইতে লাগিল। তৎকালে রাজা রহুগণ স্বীয় শিবিকার বিষমা গতি অবলোকন করিয়া, বাহক পুরুষগণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে বাহকগণ! তোমরা সরল ভাবে শিবিকা বহনে উপেক্ষা করিয়া এরূপ বিষম ভাবে কেন বহন করিতেছ ? ॥ ৩ ॥

অথ ত ঈশ্বরবচঃ সোপালম্ভমুপাকর্ণ্যোপায়তুরীয়াৎ শঙ্কিতমনসস্তং বিজ্ঞাপয়াম্বভূবুঃ ।। ৪ ।।

ন বয়ং নরদেব প্রমত্তা ভবন্নিয়মানুপথাঃ সাধ্বেব বহামঃ। অয়মধুনৈব নিযুক্তোঽপি ন দ্রুতং ব্রজতি। নানেন সহ বোঢ়ুমু বয়ং পারয়াম ইতি ।। ৫ ।।

সাংসর্গিকো দোষ এব নূনমেকস্যাপি সর্ব্বেষাং সাংসর্গিকাণাং ভবিতুমর্হতীতি নিশ্চিত্য নিশম্য কৃপণবচো রাজা রহূগণ উপাসিতবৃদ্ধোঽপি নিসর্গেণ

অন্বয়ঃ।

অথ অনন্তরং তে বোঢ়ারঃ পুরুষাঃ, ঈশ্বরস্য দণ্ডসমর্থস্য রাজ্ঞঃ, সোপালম্ভং সাক্ষেপং, বচঃ উপাকর্ণ্য শ্রুত্বা, উপায়তুরীয়াৎ (সামদানভেদদণ্ডেষু উপায়েষু তুরীয়াৎ চতুর্থাৎ দণ্ডলক্ষণাৎ শঙ্কিতমনসঃ ভীতচিত্তাঃ সন্তঃ তং স্বামিনং বিজ্ঞাপয়াম্বভূবুঃ ॥ ৪ ॥

হে নরদেব! ন বয়ং ভবদগ্রে প্রমত্তাঃ অনবহিতচিত্তাঃ এব। অতঃ সাধু এব যানং বহামঃ। অয়ং অধুনৈব বিনিযুক্তঃ অতঃ শ্রান্তিরহিতঃ অপি ন দ্রুতং শীঘ্রং ব্রজতি ইতি যানং বিষমং ভবতি ইতি অনেন সহ বয়ং বোঢ়ুং ন পারয়ামঃ ॥ ৫ ॥

এবং কৃপণানাং বচঃ নিশম্য শ্রুত্বা নূনং সাংসর্গিকঃ সংসর্গনিমিত্তঃ একস্যাপি দোষঃ সর্ব্বেষাং এব সাংসর্গিকাণাং ভবিতুং অর্হতি ইতি নিশ্চিত্য উপাসিতবৃদ্ধঃ (উপাসিতাঃ

শ্রীধরস্বামী।

সোপালম্ভং সাক্ষেপং সাম-দান-ভেদ-দণ্ডেষু-উপায়েষু চতুর্থাচ্ছঙ্কিতচিত্তাঃ ॥ ৪ ॥

ভবন্নিয়মানুপথা স্তদাজ্ঞানুবর্ত্তিনঃ ন পারয়ামঃ ন শক্নুমঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঈশ্বরস্য রাজ্ঞো বচঃ সোপালম্ভং সাক্ষেপং। উপায়েষু সামদান-ভেদ-দণ্ডেষু মধ্যে তুরীয়াৎ চতুর্থাৎ দণ্ডাৎ ॥ ৪ ॥

ন বয়ং প্রমত্তাঃ কিন্তু ভবদাজ্ঞানুবর্ত্তিন এব ॥ ৫ ॥

মহারাজের তাদৃশ সাক্ষেপ বচন শ্রবণে বিষ্টিগণ দণ্ডভয়ে ভীত হইল; এবং অতি বিনীত বচনে তাঁহাকে নিবেদন করত বলিল ॥ ৪ ॥

হে নরনাথ! আমরা রাজাজ্ঞার উল্লঙ্ঘনে কখন যথেচ্ছ ব্যবহার করিতেছি না; আমরা প্রাণপনে উত্তমরূপ বহনেরই চেষ্টা করিতেছি! কিন্তু যে ব্যক্তি সম্প্রতি আমাদের সহিত বাহকরূপে নিযুক্ত হইয়াছে, সে শ্রান্ত না হইলেও, আমাদের সহিত দ্রুত গমনে সক্ষম হইতেছে না। সুতরাং ইহার সহিত আমরাও উত্তমরূপ বহনে সক্ষম হইতেছি না ।। ৫ ।।

বিষ্টিগণের বাক্য শ্রবণে রাজা রহূগণ ভাবিলেন যে, একজন সঙ্গীর দোষও অনেক সংসর্গীকে স্পর্শ করা সম্ভব। তখন তাঁহার হৃদয়ে ক্রোধের সঞ্চার

বলাৎকৃত ঈষদুত্থিতমন্যুরবিস্পষ্ট-ব্রহ্ম-তেজসং জাতবেদসমিব রজসাবৃতমতি-রাহ ॥ ৬ ॥

অহো কষ্টং ভ্রাতর্ব্যক্তমুরুপরিশ্রান্তো দীর্ঘমধ্বানমেক ঊহিবান্ সুচিরং নাতিপীবা ন সংহননাঙ্গো জরসা চোপদ্রুতো ভবান্ সখে ন এবাপর এতে

অন্বয়ঃ।

সেবিতাঃ বৃদ্ধাঃ জ্ঞানিনঃ যেন সঃ) অপি রহূগণঃ নিসর্গেণ ক্ষত্রিয়স্বভাবেন, বলাৎকৃতঃ স্ববশীকৃতঃ, ঈষদুত্থিতমন্যুঃ (ঈষৎ উত্থিতঃ উদ্ভূতঃ মন্যুঃ যস্য সঃ) রজসা রজোগুণেন আবৃতা মতিঃ যস্য সঃ রাজা রহূগণঃ অবিস্পষ্টব্রহ্মতেজসং (ন বিস্পষ্টং ব্রহ্মতেজঃ যস্মিন্ তং) জাত-বেদসং 'ভস্মনাচ্ছন্নং অগ্নিমিব তং বিপ্রং উপালম্ভবচনং আহ ॥ ৬ ॥

হে ভ্রাতর্! হে সখে! তব অতিশয়েন কষ্টং জাতং! ব্যক্তং নিশ্চিতং, ত্বং উরু বহু, পরিশ্রান্তঃ অসি! দীর্ঘং অধ্বানং সুচিরং কালং চ ত্বং একঃ এব যানং ঊহিবান্ প্রাপিতবান্, অপরে এতে সংঘট্টিনঃ তব সহচরাঃ, ন বহন্তি; ভবান্ ন অতিপীবা পুষ্টঃ, নাপি সংহননাঙ্গঃ;

শ্রীধরস্বামী।

কৃপণানাং বচো নিশম্য সাংসর্গিকঃ সংসর্গনিমিত্ত একস্যাপি দোষঃ সর্ব্বেষামেব ভবিতু-মর্হতীতি নিশ্চিত্য রহূগণ আহ ইত্যন্বয়ঃ। কথম্ভূত উপাসিতা বৃদ্ধা যেন সোঽপি স্বভাবেন বলাৎ পরবশঃ কৃতঃ সন্। কথংভূতং প্রত্যাহ। ন বিস্পষ্টং ব্রহ্মতেজো যস্মিন্ ভস্মনাচ্ছন্নমগ্নি-মিব স্থিতং ॥ ৬ ॥

ভ্রাতরিতি সম্বোধনং আক্ষেপাভিপ্রায়ং। ব্যক্তং নিশ্চিতং। উরু অধিকং পরিশ্রান্তোঽসীত্যা-দীনি বিপরীতার্থানি ষড়্বাক্যানি। ঊহিবান্ প্রাপিতবান্। তত্রাপি সুচিরং জরসাচ বৃদ্ধত্বেন।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিসর্গেণ রাজত্বাদ্রাজসস্বভাবেন বলাৎকৃতঃ বলাৎকার-বিষয়ীকৃতঃ। জাতবেদসমগ্নিং ভস্মাচ্ছাদিতমিব ॥ ৬ ॥

ভ্রাতরিত্যাক্ষেপাভিপ্রায়ং। সংঘট্টিনঃ সঙ্গিনঃ। বিপ্রলব্ধঃ বিপরীতলক্ষণয়া উপহসিতঃ। তেন ত্বং ন শ্রান্তোঽসি যতোঽধুনৈবাত্র নিযোজিতঃ। অতিপীবা ভবসি দৃঢ়াঙ্গশ্চ ভবসি

হইল। যদিও তিনি বহুকাল হইতে জ্ঞানিগণের সঙ্গ করিয়াছিলেন, তথাপি ক্ষত্রিয়স্বভাব-নিবন্ধন বলপূর্ব্বক আনীত তদীয় চিন্তাবেগ কিছুতেই ক্ষান্ত হইল না। তিনি ক্রোধে অন্ধ হইয়া, ভস্মাচ্ছাদিত হুতাশনের ন্যায় প্রচ্ছন্ন-ব্রহ্মতেজ সেই ব্রাহ্মণকে তর্জ্জন করত বলিতে লাগিলেন ॥ ৬ ॥

রাজা তখন সশ্লেষবচনে জড়ভরতকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, হে ভ্রাতর্! তোমার দেখিতেছি, বিষম কষ্টই হইতেছে! ওহে সখে! তোমার বহু পরিশ্রমের কথা আর বলিয়া জানাইতে হইবে না! যেরূপ সুদীর্ঘ পথে বহু-

সংঘট্টিন ইতি বহু বিপ্রলব্ধোঽপ্যবিদ্যয়া রচিত-দ্রব্যগুণ-কর্ম্মাশয়ে স্বচরম-কলেবরেঽবস্তুনি সংস্থানবিশেষেঽহংমমেত্যনধ্যারোপিত-মিথ্যাপ্রত্যয়ো ব্রহ্ম-ভূত স্তূষ্ণীং শিবিকাং পূর্ব্ববদুবাহ। অথ পুনঃ স্বশিবিকায়াং বিষমগতায়াং প্রকুপিত উবাচ রহূগণঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

জরসা বৃদ্ধত্বেন চ উপক্রুতঃ ইতি বিপরীতবচনেন, বহু বিপ্রলব্ধঃ বক্রোক্ত্যা তিরস্কৃতঃ, অপি অবিদ্যয়া দেহাদ্যাত্মাধ্যাসলক্ষণয়া, রচিতাঃ কর্ম্মদ্বারোপস্থাপিতাঃ একীকৃতাঃ দ্রব্যাদয়ঃ (দ্রব্যাণি মহাভূতানি, গুণাঃ সত্ত্বাদয়ঃ, ইন্দ্রিয়াণি কর্ম্মাণি, আশয়ঃ অন্তঃকরণং, যস্মিন্ তস্মিন্) স্বস্য চরমকলেবরে অবস্তুনি পরমার্থবস্ত্বাত্মব্যতিরিক্তে, সংস্থানবিশেষে হস্তপাদাদ্যাকার-বিশেষেণ পরিণতে, ন অধ্যারোপিতঃ অহংমমেতি মিথ্যাপ্রত্যয়ঃ অভিমানঃ যেন সঃ, ব্রহ্ম-ভূতঃ জড়ভরতঃ, পূর্ব্ববৎ এব তূষ্ণীং শিবিকাং উবাহ। অথ স্বশিবিকায়াং পুনঃ বিষমগতায়াং প্রকুপিতঃ রহূগণঃ উবাচ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

সংঘট্টিনঃ সহচরাঃ বহু যথা ভবত্যেবং বিপ্রলব্ধোঽপি বক্রোক্ত্যা উপহসিতোঽপি তূষ্ণীমুবা-হেত্যন্বয়ঃ। তূষ্ণীম্ভাবে হেতুঃ অবিদ্যয়া রচিতা দ্রব্যাদয়ো যস্মিন্ তস্মিন্ স্বচরমকলেবরে-ঽনধ্যারোপিতঃ মিথ্যাপ্রত্যয়ো যেন। তত্র দ্রব্যাণি ভূতানি ; গুণা ইন্দ্রিয়াণি। কর্ম্মাণি পুণ্য-পাপানি। আশয়োঽন্তঃকরণং যতো ব্রহ্মভূতঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যুবা চাসি। এতে অন্যে তব সঙ্গিনশ্চ। তদপি বিরুদ্ধগত্যা বোঢ়ুং ন শক্নোমীতি ময়ি রাজন্যপি দুষ্টতাং কিং প্রকাশয়সীত্যর্থঃ। বিপ্রলব্ধোঽপি তূষ্ণীমুবাহ। তত্র হেতুঃ। অবিদ্যয়া মায়য়া রচিতা দ্রব্যাদয়ো যস্মিন্ তত্র স্বচরমকলেবরেণ অধ্যারোপিতো মিথ্যাপ্রত্যয়ো যেন তত্র দ্রব্যাণি ভূতানি গুণা ইন্দ্রিয়াণি কর্ম্মাণি পুণ্যপাপানি আশয়োঽন্তঃকরণং অবস্তুনি কলেবরস্য প্রাধা-

ক্ষণ হইতে তুমি একাকী এই যান বহন করিতেছ! তাহাতে আবার তোমার সহচর বাহকত্রয় কেহই তোমাকে সাহায্যও করিতেছে না; ইহা বড়ই কষ্টের বিষয়, সন্দেহ নাই। আহা! তোমার কলেবরে একেবারে মাংস নাই! তবে যে মাংসলরূপে প্রতীত হইতেছে, সে কেবল নবীন বয়সে বার্দ্ধক্যের জরাদোষে মাত্র! রাজা রহূগণ এই প্রকার বক্রোক্তির প্রয়োগে যথেষ্ট তিরস্কার করিলেও, ভরত তাঁহাকে কোন প্রত্যুত্তর প্রদান না করিয়া, নিস্তব্ধ-ভাবেই সেই যান বহন করিতে লাগিলেন। কারণ অবিদ্যা-রচিত দেহ ও গেহাদিতে সম্পূর্ণ অনাসক্তি প্রযুক্ত মহাভূতাদি দ্রব্য, সত্ত্বাদি গুণত্রয়, একাদশ ইন্দ্রিয়, শুভাশুভ কর্ম্ম ও অন্তঃকরণাদি বিশিষ্ট স্বীয় চরম কলেবরে তাঁহার আত্মাভিমান ছিল না; সুতরাং পূর্ব্বসঞ্চিত প্রারব্ধের ফলে হস্তপদাদি

কিমিদমরে ত্বং জীবন্মৃতোঽসি মাং কদর্থীকৃত্য ভর্তৃশাসনমতিচরসি ॥ ৮ ॥

অন্বয়ঃ।

অরে দুষ্ট! ত্বং ইদং কিং করোষি! যৎ যানং বিষমং নয়সি! কিং ত্বং জীবন্ এব মৃতোঽসি! মাং কদর্থীকৃত্য অনাদৃত্য, ভর্তুঃ মম, শাসনং আজ্ঞাং, অতিচরসি অতিক্রামসি ॥৮॥

শ্রীধরস্বামী।

মামনাদৃত্য ভর্তুঃ স্বামিনো মম শাসনমাজ্ঞামতিক্রামসি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিকত্বেন বস্তুত্বেঽপি স্বস্য তৎসম্বন্ধাভাবাদেবেতি ভাবঃ। যতো ব্রহ্মভূতঃ যদ্যপি ভরতস্য তচ্ছরীরং শুকদেবাদীনামিবাপ্রাকৃতত্বাদনশ্বরং নিত্যমেব তদপি তস্য তদানীমুৎপন্নপ্রেমত্বা-দেব ভগবন্তং বিনা অন্যত্র স্বদেহাদৌ মমত্বাসত্ত্বাৎ তদানীং তেন দেহেন সাক্ষাৎ সেবা-ঽলাভাদৌৎকণ্ঠ্যবৃদ্ধ্যাতিদৈন্যেনাহং ত্বস্যানর্পণাৎ সর্বজ্ঞত্বেঽপি তত্র স্বদেহে প্রাকৃতত্বজ্ঞান-মেবাত স্বৎসম্মত্যা শ্রীশুকদেবেনাপি তৎ প্রাকৃতমিব বর্ণিতং বস্তুতস্তু স্বসম্মত্যা তদ-

---

অবয়বে পরিণত দেহে তাঁহার "আমি বা আমার" বলিয়া আরোপিত মিথ্যাজ্ঞান তিরোহিত হইয়াছিল; তিনি স্বকীয় স্বরূপভূত পূর্ণব্রহ্মে আত্মসমর্পণ পূর্ব্বক নিস্তব্ধভাবে শিবিকা বহন করিতেই লাগিলেন। কিন্তু শিবিকা পূর্ব্ববৎ বিষম ভাবে নীত হইলে, রাজা রহূগণ কুপিত হইয়া পুনরায় বলিলেন ॥ ৭ ॥

ওরে দুষ্ট! তুই আবার ইহা কি করিতেছিস্! আমার ন্যায় প্রভুর আজ্ঞা উল্লঙ্ঘন পূর্ব্বক জীবদ্দশাতেই মৃতের ন্যায় বাঁচিয়া থাকিতে চাও! ॥৮॥

আভাস।

ভরতের হৃষ্টপুষ্ট কলেবর ও যুবা বয়স অবলোকন করিয়া, বিষ্টিকর্ম্মে তিনি অন্যের অপেক্ষা বিলক্ষণ পারদর্শী হইবেন বলিয়া রাজা রহূগণ মনে মনে প্রত্যাশা করিয়াছিলেন; কিন্তু কার্য্যত তাহার বিপরীত দর্শনে অত্যন্ত ক্রুদ্ধ হইলেন এবং বিপরীত বচনেই যথেষ্ট তিরস্কার করিয়াছিলেন। কিন্তু ব্রহ্মানন্দে নিমগ্নচিত্ত দ্বিজবর ভরত তাদৃশ তিরস্কারে বাঙ্নিষ্পত্তি না করিয়া, অবলীলাক্রমে যথাশক্তি শিবিকাবহনেই নিযুক্ত রহিলেন। কেবল কায়ার দ্বারাই তিনি বহন করিতেছিলেন, চিত্ত পরম পুরুষে সমর্পিত থাকায় বহনের দোষ বা গুণের প্রতি তাঁহার কিছুমাত্র লক্ষ্য ছিল না। স্বামি-সোহাগিনী পতিব্রতা কামিনী উৎসবোপলক্ষে পিতৃভবনে কিছু দিবসের জন্য বসবাস কালে যেমন কেবল লৌকিক ব্যবহারে কলেবরের দ্বারাই পিতার সংসারে কর্ম্মিষ্ঠার ন্যায় পরিচিতা থাকিলেও, মনে মনে স্বামী ও স্বামীর সংসারই ঔৎকণ্ঠিতচিত্তে চিন্তা করেন এবং তৎসঙ্গ লাভের জন্যই মনে প্রাণে প্রার্থনা করিতে থাকেন, সেইরূপ ব্রহ্মজ্ঞ ভরতও কায়াদির মায়ায় কিঞ্চিন্মাত্র অবসন্ন না হইয়া, সর্ব্বান্তঃকরণে প্রাণপতি পরমগুরু ভগবানেই চিত্ত সমর্পণ পূর্ব্বক দেহযাত্রা নির্ব্বাহ করতই অবস্থান করিতেন। যেমন কার্য্যোপলক্ষে পরগৃহে কিছুকালের জন্য বাস

প্রমত্তস্যচ তে করোমি চিকিৎসাং দণ্ডপাণিরিব জনতায়া যথা স্বাং প্রকৃতিং ভজিষ্যসীতি॥ ৯॥

অন্বয়ঃ।

দণ্ডপাণিঃ যমঃ যথা জনতায়াঃ জনসমূহস্য দণ্ডং করোতি তথা প্রমত্তস্য তে, চিকিৎসাং করোমি যথা স্বাং প্রকৃতিং সাবধানতাং, ভজিষ্যসি ভজিষ্যসে ইতি॥ ৯॥

শ্রীধরস্বামী।

চিকিৎসাং শাস্তিং। দণ্ডপাণি র্যমো যথা জনসমূহস্য শাস্তিং করোতি যথা স্বাং প্রকৃতিং অপ্রমত্ততাং॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাকৃতমেব ব্যাখ্যাতং। সা ব্যাখ্যাচ যথা অবিদ্যয়া মায়য়া ন বিহিতা দ্রব্যগুণকর্ম্মাশয়া যত্র তথাভূতে স্বস্য চরমেঽবশিষ্টে পূর্ব্বপূর্ব্বেভ্যো নষ্টেভ্যঃ কলেবরেভ্যোঽবশিষ্টেঽনশ্বরে ইত্যর্থঃ। যদ্বা সুষ্ঠু অচরমে অনিকৃষ্টে কলেবরে কর্ম্মারব্ধত্বাভাবাদস্তনি পরমসত্যে সম্যগবস্থানবিশেষো বৈকুণ্ঠলোকো যস্য তস্মিন্নপি প্রেমোত্থদৈন্যোদয়াদেব প্রাকৃতদেহ ইব অহং মমেতি ন অধ্যারোপিতো মিথ্যাপ্রত্যয়ো যেন সঃ॥ ৭—৯॥

দণ্ডধারী কৃতান্ত যেমন ভীষণ শাসনের দ্বারা জনসমূহের দণ্ড করিয়া থাকেন, আমিও সেইরূপ সমুচিত শাস্তি প্রদানের দ্বারা তোমার ন্যায় প্রমত্ত ব্যক্তির এরূপ চিকিৎসা করিব, যাহাতে তুমি ভবিষ্যতে বিশেষ সাবধান হও!॥ ৯॥

আভাস।

করিবার সময় গৃহের সংস্কার-কার্য্যে বা তাহার প্রতি আসক্তি প্রকাশে কেহ কখন যত্নবান্ হয় না, সেইরূপ প্রারব্ধফলে লব্ধ সংস্কারবাহী অন্তঃকরণাদিবিশিষ্ট গুণত্রয়ের সমবায়ে সংগঠিত পাঞ্চভৌতিক দেহকে প্রারব্ধভোগের নিকেতন মাত্র জ্ঞানে ভরত তৎপ্রতি কোনরূপ আস্থা প্রদর্শন করিতেন না। কিন্তু শিবিকাবহনের কৌশলে অনভ্যস্ততা-নিবন্ধন পূর্ব্ববৎ বিষমভাবে বহন করাতে, রাজা রহূগণ পুনরায় কুপিত হইয়া কর্কশ বচনে ভরতকে বলিলেন, ওরে! আমি তোর প্রভু! তুই আমার আজ্ঞা উল্লঙ্ঘন পূর্ব্বক যথেচ্ছাচরণে প্রবৃত্ত হইতেছিস্! এখনই আমি তোর এই রোগের উত্তম ঔষধি প্রদান করিতেছি॥ ৭—৯॥

রাজা রহূগণ রাজ্যমদে ঘোর অভিমানী ছিলেন; সুতরাং কৌপীনধারী ধনহীন-ভগবদ্ভক্তগণ তাঁহার নিকট কখন প্রতিষ্ঠা পাইতেন না; তিনি ধনের গৌরবে ও রাজসম্মানে উন্মত্ত হইয়া, আপনাকেই বিশেষ বুদ্ধিমান্ ও কৃতার্থ বলিয়া জ্ঞান করিতেন। অতএব যাঁহারা ভগবৎস্বরূপটী হৃদয়মন্দিরে প্রাপ্ত হইয়াই আপনাদিগকে কৃতার্থ জ্ঞান করেন, ধনজনাদির লালসা চিত্তপটে প্রবিষ্ট হইতে দেন না, তাঁহারা সকলে নৃপতি রহূগণের সমীপে অতি তুচ্ছ ও হেয় হইয়াই বিতাড়িত হইতেন। এই প্রকারে সিন্ধুসৌবীরপতি অনেকবার অনেক ভক্তের অবমাননা করিয়াও অব্যাহতি পাইয়াছেন; সুতরাং ভরতকেও

এবং বহ্বব্দ্ধমভিভাষমাণং নরদেবাভিমানং রজসা তমসানুবিদ্ধেন মদেন তিরস্কৃতাশেষ-ভগবৎ-প্রিয়নিকেতং পণ্ডিতমানিনং স ভগবান্ ব্রাহ্মণো ব্রহ্মভূতঃ সর্ব্বভূতসুহৃদাত্মা যোগেশ্বরচর্য্যায়াং নাতিব্যুৎপন্নমতিং স্ময়মান ইব বিগতস্ময় ইদমাহ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

এবং বহু অবদ্ধং অযুক্তং অভিভাষমাণং, নরদেবাভিমানং (নরদেবঃ রাজা অহং ইতি অভিমানঃ যস্য তং) পণ্ডিতমানিনং, রজসা তমসা অনুবিদ্ধেন সংবর্দ্ধিতেন, মদেন তিরস্কৃতাঃ অশেষাঃ বহবঃ ভগবতঃ প্রিয়াঃ নিকেতাঃ ভক্তাঃ যেন তং; যোগেশ্বরাণাং চর্য্যায়াং পরাভিপ্রায়জ্ঞানে ন অতিব্যুৎপন্না নিপুণা, মতিঃ যস্য তং অপি রাজানং সঃ সর্ব্বভূতসুহৃদাত্মা (সর্ব্বেষাং ভূতানাং সুহৃদ্ আত্মা চ) ব্রহ্মভূতঃ (ব্রহ্মণা সহ ঐক্যং প্রাপ্তঃ) ভগবান্ ব্রাহ্মণঃ বিগতস্ময়ঃ এব স্ময়মানঃ হসন্, ইব ইদং বক্ষ্যমাণং আহ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

অবদ্ধমনন্বিতঃ নরদেবোঽহমিত্যভিমানো যস্য তং অনুবিদ্ধেন সংগুণিতেন তিরস্কৃতো শেষঃ সম্পূর্ণঃ ভগবতঃ প্রিয়ো নিকেতঃ আশ্রয়ো যেন তং। যদ্বা অশেষাণাং ভগবৎপ্রিয়াণাং নিকেতঃ সর্ব্বেষাং ভূতানাং সুহৃচ্চ আত্মাচ যোগেশ্বরাণাং চর্য্যা জড়াদিবৎ আচরণং তস্যাং নাত্যন্তব্যুৎপন্না পরিচিতা মতির্যস্য তং স্ময়মানো হসন্নিবেতি মুখপ্রসত্তি দ্যোত্যতে বিগতস্ময়ো গতগর্ব্বঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবদ্ধমনন্বিতং অনুবিদ্ধেন গ্রথিতেন তিরস্কৃতঃ অশেষঃ সংপূর্ণো ভগবতঃ প্রিয়ো নিকেত আশ্রয়ো ভরতাখ্যো যেন তং। সর্ব্বভূতসুহৃৎস্বরূপঃ স্বাপরাধিন্যপি কৃপালুরিত্যর্থঃ। পণ্ডিতমানিনমিতি তস্য কিঞ্চিন্মাত্রজ্ঞানিত্বং সর্ব্বজ্ঞত্বেনৈব জ্ঞাত্বেত্যর্থঃ। যোগেশ্বরাণাং চর্য্যা জড়াদিবদাচরণং তস্যাং তজ্জ্ঞানেনেত্যর্থঃ। স্ময়মান ইত্যসৌ স্বং জ্ঞানিনং জানাত্যথ চাজ্ঞানিবদুক্তিরিতি ইবেতি তস্য বহিরনিষ্ক্রমাৎ বিগতস্ময়ঃ জ্ঞানিত্বগর্ব্বরহিতঃ ॥ ১০ ॥

রাজা রহূগণ এই প্রকারে বিবিধ অসঙ্গত কটূক্তির প্রয়োগে জড়ভরতকে তিরস্কার করিলেও, ভরত কোন বিরক্তির ভাব প্রকাশ করিলেন না। কারণ রহূগণ আপনাকে নরপতি ও বিশেষ পণ্ডিতজ্ঞানে বিলক্ষণ অভিমানী হইয়াছিলেন; সুতরাং প্রবল গর্ব্বের ভরে ভগবানের প্রিয় নিকেতন ভক্তহৃদয়ে যে ব্যথা দিবেন, তাহাতে আর বিচিত্র কি! তিনি যোগেশ্বরগণের

আভাস।

সেইরূপ তিরস্কার করিতে কুণ্ঠিত হইলেন না। কিন্তু ভরত যে পরমব্রহ্মে আত্মসমর্পণ পূর্ব্বক লোকাচারকে অতিক্রম করিয়াছিলেন; তিনি সকল প্রাণীকে সমান-জ্ঞানে সকলেরই উপকারার্থ সর্ব্বদা প্রস্তুত এবং ব্রহ্মভাবে এতই পূর্ণ যে, তাঁহার অন্তরেন্দ্রিয় নিরন্তর

ব্রাহ্মণ উবাচ ॥

ত্বয়োদিতং ব্যক্তমবিপ্রলব্ধং ভর্ত্তুঃ স মে স্যাদ্যদি বীর ভারঃ।

অন্বয়ঃ।

ব্রাহ্মণঃ উবাচ। হে বীর! (যথা রাজকার্য্যে প্রযত্নং করোষি তথা মদ্বৈর্য্যেণ মদুক্তা-বধারণেঽপি তৎ কুরু!) ত্বয়া যৎ উদিতং উক্তং, তৎ ব্যক্তং সত্যং এব; অতঃ বিপ্রলব্ধং উপালম্ভঃ ন ভবতি; ভর্ত্তুঃ বোঢ়ুঃ দেহস্য যঃ ভারঃ সঃ যদি মে মম আত্মনঃ স্যাৎ, তথা

শ্রীধরস্বামী।

তত্র বক্রোক্ত্যা যদুক্তং ন শ্রান্তঃ নচ দীর্ঘমধ্বানমাগতঃ ইতি তত্রোত্তরমাহ ত্বয়া যদুদিতং শ্রমাদি নাস্তীতি তদ্ব্যক্তং স্ফুটং তথৈব অবিপ্রলব্ধং বিপ্রলম্ভো ন ভবতি তদেবাহ হে বীর যদি ভারো নাম কশ্চিৎ স্যাৎ সচ ভর্ত্তু র্বোঢ়ু র্দেহস্য যদি স্যাৎ সচ মে যদি প্রসক্তঃ স্যাৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্ঞানিমানিনমেনং জ্ঞানেনৈব পরাস্তীকৃত্য কৃপয়িষ্যামীত্যভিপ্রেত্যাহ ত্বয়োদিতমিতি তত্র বিরুদ্ধলক্ষণয়া যদুক্তং ত্বয়া ত্বং ন শ্রান্তো ন দীর্ঘমধ্বানং আগত ইতি তদবিপ্রলব্ধং যথার্থমেব নত্বাক্ষেপঃ। যতো ভর্ত্তুঃ শিবিকাবাহকস্য ভারো যদি মে মম স্যাত্তদা স বিপ্র-

---

আচরণ কিরূপে পরিজ্ঞাত থাকিবেন? কিন্তু জড়ভরত একজন প্রকৃত ব্রহ্মবিদ্ ব্রাহ্মণ; তিনি জীবসমূহের অভিপ্রায় অক্লেশে অবগত হইতেন এবং পরোপকারেই সর্ব্বদা প্রযত্নশীল থাকিতেন। তাঁহার হৃদয়ে অভিমান কখন স্থান পাইত না; তিনি রহূগণের আচরণে অসন্তুষ্ট না হইয়া, সহাস্য-বদনে তখন বলিতে লাগিলেন ॥ ১০ ॥

ব্রাহ্মণ রাজা রহূগণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, ওহে বীরবর! বীরত্ব প্রকাশে যেমন রাজকার্য্যে বিশেষ প্রযত্ন করিয়া থাকেন, আমার কথার তাৎপর্য্যাবধারণার্থও তাদৃশ যত্ন করুন্! দেখুন! আপনি আমাকে যাহা যাহা বলিয়াছেন, তাহা সকলই সত্য! তাহাতে কোন বিশেষ বিপ্রতিপত্তি নাই।

আভাস।

ব্রহ্মতেজেই প্রদীপ্ত, তাহা রহূগণ অবধারণ করিতে পারেন নাই। তিনি সংসার-ধর্ম্মে সতত আসক্ত থাকায়, সংসারীর ভাব ও কৌশলসমস্তই কেবল বিশেষরূপে প্রণিধান করিতে পারিতেন। আত্মানাত্মবিচার দ্বারা সমাহিতচিত্তে চতুর্ব্বিংশতি তত্ত্বকে পরাজয় করত যাঁহারা প্রাকৃতিক সৃষ্টির অতীত পূর্ণ পরমাত্মাতে প্রাণ সমর্পণ করিয়াছেন, তাঁহাদের মর্ম্ম রহূগণ কিরূপে অবধারণ করিবেন? দ্বিজবর ভরত রাজাকৃত তিরস্কারের প্রতি লক্ষ্য না করিয়া, রাজা যে স্বভাবের বশবর্ত্তী হইয়া, তাদৃশ ভক্তের অবমাননায় প্রবৃত্ত হইয়াছিলেন, সেই স্বভাবের পরিবর্ত্তনার্থ মনোযোগী হইলেন। তিনি নিরভিমানে রাজাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ১০ ॥

গন্তুর্যদি স্যাদধিগম্যমধ্বা পীবেতি রাশৌ ন বিদাং প্রবাদঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

গন্তুঃ গমনকর্ত্তুঃ দেহস্য যৎ অধিগম্যং প্রাপ্যং স্থানং অধ্বা মার্গঃ চ যদি মে স্যাৎ তদা তন্নিমিত্তঃ শ্রমঃ অপি মে স্যাৎ অতঃ তদভাবাৎ শ্রমঃ নাস্তি ইতি সত্যং এব উক্তং। বিদাং আত্মানাত্মবিবেকবতাং, তু রাশৌ দেহাদিসংঘাতে, এব পীবা ইতি প্রবাদঃ; ন আত্মনি ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

তর্হি ইদানীং ভারাভাবাৎ বিপ্রলব্ধঃ স্যাৎ নত্বেতদস্তি। ভারস্য বোঢ়ুশ্চানিরূপ্যত্বাৎ মমচ তৎ-সম্বন্ধাভাবাৎ তথা গন্তুরধিগম্যং প্রাপ্যং অধ্বা বা যদি স্যাৎ। অদ্ধেতি পাঠে সাক্ষাৎ পরমার্থতঃ। তচ্চ মে যদি স্যাদিত্যাদি যোজ্যং। যচ্চোক্তং নাতিপীবেতি তত্রাহ চৈতন্য-মুদ্দিশ্য ত্বং পীবেতি প্রবাদো বিদাং বিদুষাং ন ভবতি কিন্তু মূর্খানাং। যতোহয়ং প্রবাদো রাশৌ ভূতসংঘে দেহে নত্বাত্মনি দেহএব। পীনো নাহমিত্যর্থঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লব্ধঃ স্যাদিতি। সম্বন্ধঃ অহং দেহাদ্ভিন্নো বোঢ়েব ন ভবামীতি ভাবঃ। এবং গন্তুরিত্যাদি অধিগম্যং প্রাপ্যং স্থানাদিকং অধ্বা বা। যত্ত্বয়োক্তং ত্বং পীবা ভবসীতি তৎ রাশৌ ভূতানাং রাশিরূপে দেহে বিদাং বিদুষাং প্রবাদো ন ভবতি কিন্তু সত্যমেব পীবত্বমিত্যর্থঃ। ময়ি চেতনস্বরূপে তু প্রবাদঃ কলঙ্ক এবেতি ভাবঃ ॥ ১১ ॥

কারণ দেহভৃৎ ভোগীর পক্ষে দেহের ভার যেরূপ উপলব্ধ হয়, সেরূপ আমার পক্ষে আমার দেহের ভার যদি উপলব্ধ হইত এবং গমনকারীর পক্ষে যেমন একটী লক্ষ্য গন্তব্য স্থান থাকে, সেরূপ যদি আমার কোন গন্তব্য স্থান থাকিত, তাহা হইলে শিবিকা বহনের ভার এবং দূরতা-নিবন্ধন ক্লেশও আমার উপলব্ধ হইত। কিন্তু আমার নিকট দেহের ভার বা গন্তব্য স্থানের যখন নির্ণয় নাই, তখন ভার-বোধ বা দূরত্ব-নিবন্ধন পরিশ্রমাদি কোন ক্লেশই আমার অনুভূত হইতেছে না। আত্মানাত্ম-বিবেক-বিশিষ্ট বিচক্ষণ ব্যক্তির দৃষ্টিতে স্থুলতাদি ধর্ম্ম উপাধিভূত দেহাদিরই বলিয়া লক্ষিত হয়; আত্মস্বরূপের স্থুলতাদি কখন সম্ভবপর নহে; এইরূপই প্রবাদ আছে ॥১১॥

আভাস।

রাজা বক্রোক্তির দ্বারা যেমন ভরতকে তিরস্কার করিয়াছিলেন, ভরতও তাহার অনুরূপ উত্তর প্রদানে রাজাকে ধর্ম্মের গভীর তত্ত্ব উপদেশ দিয়াছিলেন। রাজা বলিয়াছিলেন যে, তোমাকে দিব্য স্থুলকায় ও বলিষ্ঠাঙ্গ দেখিতেছি! এদিকে কিছু অধিক দূরও গমন কর নাই; সুতরাং ভারজনিত কোন ক্লেশ তোমার না হইবারই সম্ভাবনা; তথাপি তুমি আমার আজ্ঞাকে যখন উল্লঙ্ঘন করিতেছ, তখন তোমার শাসন হওয়া বিশেষ প্রয়োজন।

স্থৌল্যং কার্শ্যং ব্যাধয় আধয়শ্চ ক্ষুত্তৃড়্ ভয়ং কলিরিচ্ছা জরাচ।

অন্বয়ঃ।

স্থৌল্যং পীনত্বং, কার্শ্যং দুর্ব্বলত্বং, ব্যাধয়ঃ রোগাঃ, জরা বৃদ্ধত্বং, এতে দেহধর্ম্মাঃ; আধয়ঃ মানস্যঃ পীড়াঃ, ভয়ং ইষ্টবিঘাতাৎ ভীতিঃ, কলিঃ কলহঃ, ইচ্ছা বিষয়েষু রাগঃ, নিদ্রা, অরতিঃ

শ্রীধরস্বামী।

এতৎ প্রপঞ্চয়তি স্থৌল্যমিতি। কলিঃ কলহঃ। অহঙ্কারেণ মদঃ দেহেন সহ তদভি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন কেবলং পীবত্বমেব মে নাস্ত্যপিত্বন্যেঽপি দেহধর্ম্মা ন বর্ত্তন্ত ইত্যাহ স্থৌল্যমিতি

স্থূলত্ব, কৃশত্ব এবং জরা ও ব্যাধি প্রভৃতি দেহের ধর্ম্ম; মানসিক পীড়া আধি, ইষ্টবিয়োগ-জনিত ভীতি, কলহ, অনুরাগ, নিদ্রা, অরতি অর্থাৎ গ্লানি, ক্রোধ, দেহাভিমান অহঙ্কার, গর্ব্ব এবং ইষ্টবিয়োগ-জনিত তাপাদি অন্তঃ-

আভাস।

তদুত্তরে ভরত বলিলেন যে, হে মহারাজ! আমার প্রমাদি হয় নাই বলিয়া, যে সকল কথা প্রয়োগ করিয়াছেন, তাহার সকলই সত্য। কারণ ভার বলিয়া যদি কিছু থাকে, তাহা শিবিকাবহী দেহেরই অনুভূত হইয়া থাকিবে। আর যদি সেই দেহে আমার "আমার বলিয়া" কোন বোধ হইয়া থাকিত, তবে দেহের ভারজনিত ক্লেশ আমিও অনুভব করিতাম। কিন্তু আমার যখন দেহে আত্মাভিমান নাই; পরগৃহে বসতি করার ন্যায়, কেবল প্রারব্ধ ভোগার্থ কিছু কালের জন্য এই মানব-যোনিতে আমি অধিষ্ঠিত আছি; দেহের সুখ বা দুঃখকে নিজের সুখ বা দুঃখ বলিয়া আমি কখন জ্ঞান করি না। অতএব দেহকেই যখন আমি ভার বোধ করি না, তখন দেহের ভার শিবিকা আর আমার নিকট কেন ভারবোধ হইবে? পথের দূরতা-নিবন্ধন ক্লেশ আমার নাই। কারণ সংসারে যাইবার যদি কোন নির্দ্দিষ্ট স্থান আমার থাকিত, তাহা হইলে সেটী দূর, কি নিকট বলিয়া তাহার বিচার বা তন্নিবন্ধন সুখদুঃখাদিরও উপপত্তি হইত। কিন্তু আমার কখন ভ্রমণের নির্দ্দিষ্ট স্থান এ জগতে নাই। "আমি স্থূল নহি" বলিয়া তুমি যাহাকে লক্ষ্য করিয়াছ, সে বস্তু প্রকৃতই স্থূলাদি ধর্ম্মবিশিষ্ট নহে। শ্রুতি বলিয়াছেন, "অণোরণীয়ান্ মহতো মহীয়ান্ আত্মাস্য জন্তো র্নিহিতো গুহায়াং। তমক্রতুঃ পশ্যতি বীতশোকো ধাতুঃ প্রসাদাম্মহিমানমাত্মনঃ"। জীবের শরীরত্রয়ের অন্তর্নিহিত আত্মা কখন সূক্ষ্ম বা স্থূল নামে সঙ্গিত হন না। কাম্য কর্ম্ম বিসর্জ্জন করত নিশ্চিন্তচিত্তে যাঁহারা অবস্থান করেন, তাঁহারাই আত্মস্বরূপের উপলব্ধির দ্বারা শোকমোহাদির হস্ত হইতে অব্যাহতি পান। বিদাং অর্থাৎ বিবেকিনাং চৈতন্যোপলব্ধ-চিত্ত-বিশিষ্ট ব্যক্তিগণ সর্ব্বত্র জ্ঞানের একাকারতা-জনিত জ্ঞানস্বরূপের সূক্ষ্মতা বা স্থূলতার প্রতি দৃষ্টি করেন না। স্থূল সূক্ষ্মাদি অবস্থাসমূহ ভূতসমষ্টি দেহাদিতেই চিরকাল আরোপিত হইয়া থাকে ॥ ১১ ॥

নিদ্রারতি র্মন্যুরহং মদঃ শুচো দেহেন জাতস্য হি মে ন সন্তি ॥ ১২ ॥
জীবন্মৃতত্বং নিয়মেন রাজন্মাদ্যন্তবদ্যদ্বিকৃতস্য দৃষ্টং ।

অন্বয়ঃ।

গ্লানিঃ, মন্যুঃ ক্রোধঃ, অহং দেহাদ্যধ্যাসঃ, মদঃ গর্ব্বঃ, শুচঃ ইষ্টবিয়োগজনিতাঃ তাপাঃ, এতে অন্তঃকরণধর্ম্মাঃ; তথা ক্ষুত্তৃষৌ প্রাণধর্ম্মৌ ইতি এতে সর্ব্বে দেহে দেহাদিসংঘাতে, এব ভবন্তি জাতস্য জন্মাদিরহিতস্য হি মে মম ন সন্তি ভবন্তি ॥ ১২ ॥

হে রাজন্! জীবন্মৃতত্বং ন কেবলং মম এব কিন্তু সর্ব্বস্যৈব বিকৃতস্য পরিণামিনঃ দেহাদেঃ নিয়মেন দৃষ্টং; যৎ যস্মাৎ সর্ব্বং অপি বিকৃতং প্রতিক্ষণং আদ্যন্তবৎ উৎপত্তিবিনাশ-

শ্রীধরস্বামী।

মানেন জাতস্য ভবন্তি। মমতু নিরভিমানস্য ন সন্তি যদ্বা দেহে জাতে যো জাত স্তস্যৈব তানি। মমতু তত্র ন জাতস্য ন সন্তীতি ॥ ১২ ॥

যচ্চোক্তং জীবন্মৃতোঽসি তত্রাপ্যাহ জীবন্মৃতত্বং ন কেবলং মম কিন্তু বিকৃতস্য সর্ব্বস্য পরিণামিনো দৃষ্টং। যদ্‌যস্মাৎ বিকৃতং প্রতিক্ষণমাদ্যন্তবৎ। যদুক্তং ভর্ত্তৃশাসনমতিচরসীতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেহেন সহ যো জাত স্তদভিমানী জীব স্তস্যৈব হি নিশ্চিতং সন্তি নতু মে নিরভিমানস্য ॥১২॥

যচ্চোক্তং জীবন্মৃতোঽসীতি তত্রাপ্যাহ জীবন্মৃতত্বমিতি যদি ত্বয়া মম দেহাভিমানিত্বমেব নির্দ্ধারিতং তদপি জীবন্মৃতত্বং নিয়মেন মমৈব কেবলং ন কিন্তু সর্ব্বস্যৈব বিকৃতস্য পরি-

---

করণের কর্ম্মসমূহ এবং প্রাণধর্ম্ম ক্ষুধা ও পিপাসাদি দোষসমূহ এক সমষ্টিভূত দেহবর্গেই ঘটিয়া থাকে; জন্মাদি ষড়্ভাব বিকার-বর্জ্জিত আমার আত্মস্বরূপ জীব-চৈতন্যে এ সমস্ত কখন ঘটে না ॥ ১২ ॥

হে রাজন্! আপনি আমাকে জীবন্মৃত বলিয়া যে ভীতি প্রদর্শন করাইলেন,

আভাস।

স্থূল, সূক্ষ্ম ও কারণ ভেদে জীবের দেহও তিন প্রকার; কোষবৎ আচ্ছাদক-ভাবে ত্রিবিধ দেহ পরস্পরে আধার ও আধেয় ভাবে একত্র সম্মিলিত আছে। অর্থাৎ অন্নময় স্থূল দেহের অন্তরে কোষাবৃত কৃপাণের ন্যায় যে দেহ অবস্থান করে, তাহাকে সূক্ষ্ম বা লিঙ্গদেহ নামে শাস্ত্রে অভিহিত করিয়া থাকেন। এই লিঙ্গদেহ আবার কোষাকারে যে দেহকে অন্তরে ধারণ করে, তাহাকে কারণদেহ বলা হয়; এই কারণদেহই জীবস্বরূপের মুখ্য আশ্রয়। লাল বা নীল বর্ণাবাশক্ত কাচের অভ্যন্তরস্থ বহ্নি কাচবর্ণে বাহিরে প্রতীত হইলেও, যেমত বহ্নি কখন স্বীয় স্বভাব ত্যাগ করে না; স্বরূপত বহ্নিরূপেই অন্তরে থাকে; সেইরূপ দেহত্রয়ের অন্তর্যামিরূপে বিদ্যমান আত্মা দেহধর্ম্মে ব্যবহারত অনুভূত হইলেও, স্বরূপত তাঁহার স্বরূপের কোন অন্যথা হয় না। স্থূল ও কৃশ প্রভৃতি ধর্ম্মের উল্লেখে গ্রন্থকার পৃথক্ তিনটী দেহের পৃথক্ পৃথক্ ধর্ম্মের ও অবস্থার নির্ণয় করিয়াছেন ॥ ১২ ॥

স্বস্বাম্যভাবো ধ্রুব ঈড্য যত্র তর্হ্যুচ্যতেঽসৌ বিধিকৃত্যযোগঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

বৎ দৃষ্টং। হে ঈড্য! স্তুত্য! স্বস্বাম্যভাবঃ (স্বং ভর্তৃত্বং স্বাম্যং স্বামিত্বং তয়োঃ ভাবঃ সত্তা) যত্র যদি, ধ্রুবঃ নিশ্চলঃ, এব স্যাৎ তর্হি অসৌ বিধিকৃত্যযোগঃ (স্বামিনঃ বিধিঃ ভৃত্যস্য কৃত্যং কর্ম্ম তয়োঃ যোগঃ উচ্যতে উচিতঃ স্যাৎ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

তত্রাহ স্বঞ্চ স্বাম্যঞ্চ তয়োর্ভাবঃ সত্তা হে ঈড্য যত্র পক্ষে ধ্রুবো যদি ব্যবস্থিতঃ স্যাদিত্যর্থঃ। তর্হি বিধি নির্য়োগঃ কৃত্যং কর্ম্ম তয়োর্যোগঃ ধ্রুব উচ্যতে উচিতো ভবতি উচ সমবায় ইতি ধাতুঃ। যদিতু তব রাজ্যভ্রংশো মম রাজ্যং স্যাত্তদা সর্ব্বমেতদ্বিপরীতং স্যাদিত্যর্থঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বামিনো দৃষ্টং প্রত্যক্ষমেব যদ্যস্মাধিকৃতং প্রতিক্ষণমেবাদ্যন্তবৎ। যচ্চোক্তং ভর্তৃশাসনমতিচরসীতি তত্রাহ। স্বঞ্চ স্বাম্যং স্বামিত্বঞ্চ তয়োর্ভাবো বিদ্যমানত্বং সচ যত্র যদা ধ্রুবঃস্থিরঃ স্যাত্তর্হি বিধিকৃত্যে শিবিকাবহনাদিকর্ম্মণি যোগঃ অয়ং জনো যুজ্যতামিত্যুচ্যতে কথ্যতে উচিতো বা ভবতীতি। উচ সমবায় ইত্যস্য রূপং যদিতু তব রাজ্যভ্রংশো মম রাজ্যং স্যাত্তর্হি ত্বামপ্যহং শিবিকাং বাহয়ন্ কিমিদমরে ইত্যাদি কথয়েয়মিত্যর্থঃ ॥ ১৩ ॥

তদুত্তরে বিলক্ষণ বলা যাইতে পারে যে, জীবন্মৃতত্ব কেবল একাকী আমার নহে; পরিণত পদার্থ মাত্রেরই ঐ দোষ অনিবার্য্য! যাবতীয় দেহাদি বস্তুবর্গের মধ্যে উৎপত্তি ও বিনাশশীলত্বের ভাব নিরন্তর বিরাজ করিয়া থাকে। হে রাজন্! তুমি আপনাকে শ্রেষ্ঠ ও সকলের সম্মানার্হ মনে কর, ক্ষতি নাই! কিন্তু প্রভু ও ভৃত্যের অবস্থার বিষয় বিশেষরূপে আলোচনা করা কর্ত্তব্য। কারণ প্রভুত্ব বা ভৃত্যত্ব যদি চিরন্তন-ভাবে প্রতিষ্ঠিত থাকে, তবেই স্বামীর প্রভুত্বের ব্যবস্থা এবং ভৃত্যের আজ্ঞাপালন করার ব্যবস্থা যুক্তিযুক্ত ও সঙ্গত বলিয়া স্বীকার্য্য ॥ ১৩ ॥

আভাস।

জীবন্মৃত বলিয়া রাজা ভরতকে যে তিরস্কার করিয়াছিলেন, সেটী তিরস্কার নহে; যথার্থ বচনই বলিয়াছেন। কারণ মূলা প্রকৃতি হইতে সমুৎপন্ন যাবতীয় পদার্থই ধ্বংসের বশবর্ত্তী। অতএব হে রাজন্! কেবল আমার দেহই যে জীবন্মৃত, তাহা নহে। দশমে প্রকাশ আছে যে, "মৃত্যুর্জন্মবতাং বীর দেহেন সহ জায়তে"॥ দেহের উৎপত্তির সঙ্গে সঙ্গে মৃত্যু মিলিত রহিয়াছে। বাল্যভাবের ধ্বংসের পর যৌবন আইসে এবং যৌবন ধ্বংস হইলে জরা আইসে। অতএব দেহে উৎপত্তি এবং ধ্বংস এক সঙ্গে এক কালে ক্রিয়া করিয়া থাকে। সুতরাং প্রভুত্ব ও ভৃত্যত্ব একত্র এককালেই যখন এক দেহে কার্য্য করিতেছে, তখন প্রভুত্বের প্রশয়ে প্রভুভাব এবং দাসত্বের প্রশ্রয়ে ভৃত্যভাব। অতএব কেহই চিরকাল

বিশেষবুদ্ধে র্বিবরং মনাক্‌চ পশ্যাম যন্ন ব্যবহারতোঽন্যৎ।
ক ঈশ্বর স্তত্র কিমীশিতব্যমথাপি রাজন্ করবাম কিং তে ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

বিশেষবুদ্ধেঃ (বিশেষঃ রাজভৃত্যাদিভেদঃ তস্য বুদ্ধেঃ বিচারস্য) বিবরং অবকাশং, ব্যবহারাৎ যৎ অন্যৎ মনাক্ ঈষৎ, অপি ন পশ্যাম। তত্র তদা কঃ ঈশ্বরঃ রাজা, কিং চ ঈশিতব্যং ? তথাপি তব অভিমানঃ চেৎ তর্হি ব্রূহি তব কিং করবাম ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

নমু যাবদ্রাজাহং তাবত্তব স্বামী ভবাম্যেবেতি চেৎ তত্রাহ বিশেষো রাজভৃত্যাদিভেদঃ তদ্বুদ্ধের্ব্বিবরমবকাশং ব্যবহারাদন্যন্ন পশ্যাম মনাক্‌চ ঈষদপি তথাপি তবায়মভিমানশ্চেত্তর্হি ব্রূহি কিং তব করবামেতি ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু যাবদ্রাজাহং তাবত্তব স্বামী ভবাম্যেবেতি চেত্তত্রাহ বিশেষো রাজভৃত্যাদিভেদ স্তদ্বুদ্ধে র্বিবরমবকাশং ব্যবহারাদন্যং ন পশ্যামি। মনাক্ ঈষদপি তথাপি তবায়মভিমানশ্চেত্তর্হি ব্রূহি কিন্তে করবামেতি ॥ ১৪ ॥

রাজাও ভৃত্য বলিয়া পরস্পরের মধ্যে ব্যবহারত পার্থক্য ব্যতীত প্রকৃত প্রস্তাবে কোন ভেদই নাই। অতএব কে যে প্রতাপবান্ রাজা এবং কে যে তাঁহার আজ্ঞাবাহী ভৃত্য, তাহা নিরূপণ করা নিতান্তই দুরূহ। তথাপি রাজা বলিয়া যদি আপনার অভিমান থাকে, তাহা হইলে বলুন্! আপনার কোন্ কার্য্য আমি সাধন করিব ? ॥ ১৪ ॥

আভাস।

দাস বা চিরকাল প্রভু থাকিতে পারে না। সুতরাং নিয়োগকর্ত্তৃত্ব ও আজ্ঞাপালনরূপ দাসত্বও চিরস্থায়ী নহে। এক সময়ে আপনি রাজা হইয়া আজ্ঞা করিতেছেন, আবার এমন সময় আসিতে পারে, যখন আমি রাজা হইয়া আপনাকে অনুমতি করিতে পারি। অতএব আজ্ঞাই যখন চিরস্থায়ী নহে, তখন তাহার প্রতিপালন ধ্রুব ও নিশ্চয় হয় নাই বলিয়া, আপনার পক্ষে এরূপ উৎকণ্ঠিত বা ক্রুদ্ধ হওয়া কোনমতে বিধেয় নহে ॥ ১৩ ॥

হে নরনাথ! দেহের ও স্বামিত্বের অস্থিরতা হইলেও বর্ত্তমানে আপনি যতক্ষণ রাজা আছেন, ততক্ষণ আপনার আজ্ঞা পালন করা আমার অবশ্য কর্ত্তব্য, এই যদি আপনি মনে করিয়া থাকেন, তাহাও আপনার কল্পনা মাত্র; কারণ এতদুভয় ভাবই কল্পনাতিরিক্ত নহে। সুতরাং এতদুভয়ের পার্থক্যও কল্পনামূলক। কল্পনা অলিক ও স্বপ্নগন্ধর্ব্বাদিবৎ অজ্ঞানমূলক; অতএব তাহার অনুসরণ করাও কল্পনাস্রোতে কালাতিপাত করা মাত্র। কারণ প্রভুত্ব ও ভৃত্যত্ব স্বরূপত কোন ভাব নহে এবং পরস্পর পরস্পরের সহিত প্রতিযোগী সম্বন্ধে তাদৃশ বদ্ধও নহে যে, প্রভুত্বের অস্তিত্বে ভৃত্যত্বের অভাব এবং ভৃত্যত্বের উদয়ে বা সদ্ভাবে প্রভুত্বের

উন্মত্ত-মত্ত-জড়বৎ স্বসংস্থাং গতস্য মে বীর চিকিৎসিতেন ॥

অন্বয়ঃ।

হে বীর! উন্মত্ত-মত্ত-জড়বৎ স্বসংস্থাং গতস্য (উন্মত্তাদিবৎ বর্ত্তমানস্য বস্তুতঃ স্বসংস্থাং স্বরূপভূতব্রহ্মভাবং, গতস্য প্রাপ্তস্য, মে মম, ভবতা চিকিৎসিতেন দণ্ডাদ্যুপায়েন তথা শিক্ষি-

শ্রীধরস্বামী।

যদুক্তং প্রমত্তস্যচ তে চিকিৎসাং করোমি যথা স্বাং প্রকৃতিং ভজিষ্যসীতি তত্রাহ উন্মত্তাদিবদ্বর্ত্তমানস্য বস্তুতঃ স্বসংস্থাং ব্রহ্মভাবং গতস্য ভবতা কৃতেন চিকিৎসিতেন দণ্ডেন শিক্ষিতেন বা কিয়ানর্থঃ। মুক্তস্যার্থানর্থয়োরসম্ভবাৎ। যদি পুনরহং ন মুক্তঃ কিন্তু প্রমত্তঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যচ্চোক্তং প্রমত্তস্য তে চিকিৎসাং করোমীতি তত্রাহ উন্মত্তাদি বদ্বর্ত্তমানস্য বস্তুতস্তু স্বসংস্থাং অন্তর্নিষ্ঠাং গতস্য চিকিৎসিতেন কায়িকেন বাচিকেন বা দণ্ডেন কিয়ানর্থঃ সাধয়িতব্যঃ মুক্তানামর্থানর্থয়োরগ্রহণাৎ। যদি পুনরহং ন মুক্তঃ কিন্তু প্রমত্ত স্তব্ধএব তদাপি

হে বীর! আপনি আমাকে উন্মত্ত, মত্ত বা জড় বলিয়া যে তিরস্কার করিতেছেন, তাহাতে কোন বিশেষ ফললাভ হইবে না। কারণ নিজের স্বরূপভূত ব্রহ্মভাবে নিমগ্নচিত্ত থাকাতেই যদি আমার উন্মত্তাদিবৎ অবস্থান করা হইয়া থাকে, তাহা হইলে আপনার দণ্ড-প্রদানাদি চিকিৎসার দ্বারা

আভাস।

মলত্যাগ, স্ত্রীসম্ভোগ, গতি, উক্তি ও শিল্পাদি হস্তকার্য্য কর্ম্মশব্দে কথিত হয়। পায়ু প্রভৃতি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের দ্বারা পূর্ব্বোক্ত পঞ্চবিধ কর্ম্মের সমাধা হইয়া থাকে। মনকে অভিমানেরই অন্তর্গত বা পর্য্যায়-শব্দ বলিয়াই স্বীকার করা হয়। কোন কোন বাদী অহঙ্কারকে দ্বাদশ বৃত্তিস্থানীয় বলিয়াই গণনা করেন। তাঁহারা অহঙ্কারকে জীবের শয্যা বলিয়া কীর্ত্তন করেন; অর্থাৎ দেহের অন্তরে অহঙ্কার শয্যায় শয়ন করত, আত্মা দেহপুরে অবস্থান করেন বলিয়াই তিনি পুরুষনামে অভিহিত এবং অহঙ্কার তদীয় শয্যানামে কীর্ত্তিত হয় ॥ ১০ ॥

আভাস।

বৃত্তি উদিত হইয়া থাকে; এবং ইহাদের বিষয়ও একাদশ প্রকার। অর্থাৎ শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পাঁচটী জ্ঞানেন্দ্রিয়ের বিষয়। বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের পঞ্চ ক্রিয়ারূপ বচন, আদান, গমন, বিসর্গ ও আনন্দানুভবই পঞ্চ বিষয়। দেহ ও গেহাদিতে আমি ও আমার বলিয়া সংকল্প করাকেই মনের বিষয় বলিয়া উল্লেখ করা যায়। সর্ব্বসমেত এই একাদশ প্রকারের বৃত্তি এক চিত্ত হইতেই উদিত হইয়া, চিদাভাসরূপ জীবকে সংসারে

দ্রব্য-স্বভাবাশয়-কর্ম্মকালৈরেকাদশামী মনসো বিকারাঃ।
সহস্রশঃ শতশঃ কোটিশশ্চ ক্ষেত্রজ্ঞতো ন মিথো ন স্বতঃ স্যুঃ॥ ১১॥

অন্বয়ঃ।

দ্রব্যাণি বিষয়াঃ, স্বভাবঃ পরিণামহেতুঃ, আশয়ঃ সংস্কারঃ, কর্ম্ম অদৃষ্টং পুণ্যপাপলক্ষণং, কালঃ সর্ব্বক্ষোভকঃ, তৈঃ এতৈঃ নিমিত্তভূতৈঃ অমী একাদশ মনসঃ বিকারাঃ বৃত্তয়ঃ, ক্ষেত্রজ্ঞতঃ পরমেশ্বরাৎ, এব প্রথমং শতশঃ ততঃ সহস্রশঃ ততঃ কোটিশঃ স্যুঃ ভবন্তি, ন স্বতঃ (আত্মাশ্রয়াপত্তেঃ) নাপি মিথঃ (অন্যোন্যাশ্রয়াপত্তেঃ)॥ ১১॥

শ্রীধরস্বামী

তাসাং বৃত্তীনামবান্তরভেদৈরানন্ত্যমাহ। দ্রব্যাণি বিষয়াঃ। স্বভাবঃ পরিণামহেতুঃ। আশয়ঃ সংস্কারঃ। কর্ম্ম অদৃষ্টং। কালঃ ক্ষোভকঃ। এতৈর্নিমিত্তভূতৈঃ প্রথমং শতশঃ ততঃ সহস্রশঃ ততঃ কোটিশঃ স্যুঃ। নতু মিথঃ স্যুঃ নচ স্বতঃ কিন্তু ক্ষেত্রজ্ঞতঃ পরমেশ্বরাৎ তস্য চানন্তশক্তিত্বাৎ অনন্তাঃ স্যুরিত্যর্থঃ। যদ্বা তাসাং মিথ্যাত্বং অনেনোচ্যতে কোটিশো ভবন্ত্যস্তাঃ ক্ষেত্রজ্ঞত এব স্যুঃ তৎসত্তয়ৈব সত্তাং লভেরন্ নতু মিথো নচ স্বত ইতি। যদ্বা ক্ষেত্রজ্ঞো জীব স্তস্মান্ন স্যু স্তস্যাবিকারিত্বাৎ ন মিথঃ ইতরেতরাশ্রয়াপত্তেঃ। নচ স্বত আত্মাশ্রয়াপত্তেঃ। অতো মিথ্যাভূতা এবেতি॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাসাং বৃত্তীনাং অবান্তরভেদৈরানন্ত্যমাহ দ্রব্যাদিভি র্ভেদৈরমী বিকারাঃ বৃত্তিরূপাঃ প্রথমং শতশঃ ততঃ সহস্রশঃ লক্ষশঃ কোটিশশ্চ স্যুঃ। দ্রব্যাণাং চন্দনকস্তূরীকুঙ্কুমাদীনাং স্বর্ণ-রজত-প্রবালাদীনাঞ্চানন্ত্যাৎ কোঽপি গন্ধরূপাদিঃ কস্মৈচিৎ রোচত ইতি স্বভাবানন্ত্যাৎ আশয়োঽন্তঃকরণং তস্য শিষ্টতাদুষ্টতাভ্যাং কর্ম্ম অদৃষ্টং তদ্বশাদপি কালো বাল্যযৌবনাদি স্তদ্বশাদপি প্রত্যেকমনন্তা এব গন্ধাদয়ঃ স্যুরিত্যর্থঃ। নতু মিথঃ স্যুর্নাপি স্বতঃ স্যুঃ কিন্তু ক্ষেত্রজ্ঞতঃ পরমেশ্বরাৎ তস্য চানন্তশক্তিত্বাদনন্তাঃ স্যুরিত্যর্থঃ॥ ১১॥

শব্দ স্পর্শাদি পঞ্চবিষয়, পরিণামহেতু স্বভাব, সংস্কাররূপী আশয়, পুণ্য-পাপলক্ষণ অদৃষ্ট কর্ম্ম এবং সর্ব্বক্ষোভক কাল এই সমস্ত নিমিত্তভূত উপাদানের সাহায্যে একাদশ প্রকার চিত্তের বৃত্তি কেবল ক্ষেত্রজ্ঞস্বরূপ

আভাস।

বিব্রত করে। কেহ কেহ অহঙ্কারকেও একটী পৃথক্ বৃত্তি বলিয়া নির্ণয় করিয়া থাকেন। তাঁহারা বলেন, স্থূল দেহটী অবান্তর পুরী মাত্র; প্রধান পুরই অহঙ্কার। ইহা যেন দেহরূপ পুরের অন্তরে উৎকৃষ্ট শয্যাস্থানীয়। জীবাত্মা এই শয্যাতে শয়ন করত, দেহপুরে বাস করেন বলিয়াই তিনি পুরুষনামে অভিহিত হন। অতএব অহঙ্কারই অন্তিম বা প্রথম বৃত্তি; সুতরাং চিত্তের বৃত্তি দ্বাদশ বলিয়াই স্বীকার্য্য॥ ৯॥ ১০॥

অবান্তর ভেদে এই দ্বাদশ বৃত্তিই আবার অনন্ত ভাবে পরিণত হইয়া থাকে। কারণ বৃত্তির

ক্ষেত্রজ্ঞ এতা মনসো বিভূতী র্জীবস্য মায়ারচিতস্য নিত্যাঃ।

অন্বয়ঃ।

মায়ারচিতস্য (মায়য়া রচিতস্য কল্পিতস্য) জীবস্য জীবোপাধেঃ অবিশুদ্ধকর্তুঃ মনসঃ অন্তঃকরণস্য, এতাঃ ক্বাপি জাগ্রৎস্বপ্নয়োঃ আবির্হিতাঃ আবিভূর্তাঃ, ক্বাপি সুপ্তিসমাধ্যাদৌ

শ্রীধরস্বামী।

তদেবং শ্লোকত্রয়েণ গুণকর্ম্মানুবদ্ধং মনোবৃত্তীঃ শ্রয়ত ইতি যদুক্তং তৎ প্রপঞ্চিতং। অন্যদা তত্ত্বং শ্রয়ত ইতি যদুক্তং তদেব তত্ত্বমাহ ক্ষেত্রজ্ঞ ইতি জীবস্য জীবোপাধেরবিশুদ্ধ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্ষেত্রজ্ঞো হি দ্বিবিধঃ পরমাত্মা জীবাত্মাচ। তয়োঃ প্রথমঃ পূর্ব্বশ্লোকে উদ্দিষ্ট উত্তরশ্লোকে বক্ষ্যতেচ। দ্বিতীয়শ্চ দ্বিবিধঃ। বদ্ধো মুক্তশ্চ। তত্র মনসা আলিঙ্গিতঃ তদভিমানী বদ্ধঃ তেন অনালিঙ্গিতো নিরভিমানী মুক্তঃ। তয়োঃ পূর্ব্বো জ্ঞায়তএব উত্তরঃ কীদৃশঃ স্যাদিত্যপেক্ষা-য়ামাহ ক্ষেত্রজ্ঞঃ এতা মনসো বিভূতীর্বিচষ্টে পশ্যতি জানাতি কেবলং ন তু তদভিমানী সন্

পরমেশ্বরের সন্নিধি বশত প্রথম শতরূপ, পরে সহস্ররূপ, পরে কোটিরূপে উদিত হইতে থাকে। ইহারা পরস্পরের সাহায্যে বা স্বয়ং কখনই উদিত হয় না॥ ১১॥

মায়ার দ্বারা রচিত জীবের উপাধিভূত অবিশুদ্ধ কর্ত্তৃস্থানীয় এক অন্তঃ-করণেরই এই সমস্ত নিত্য নিরবচ্ছিন্নভাবে বিদ্যমান বৃত্তিসমূহকে অন্তর্যামি-

আভাস।

বিষয় শব্দাদি পরিণামহেতু স্বভাব, সঞ্চিত সংস্কার, অদৃষ্টরূপে নিহিত শুভাশুভ কর্ম্ম এবং সর্ব্ব পরিবর্ত্তনকারী কালের প্রভাবে এতই বিচিত্র ভাবে পরিণত হয় যে, তাহারা প্রথমত শতভাবে, পরে সহস্র ভাবে, তদনন্তর অনন্ত কোটিভাবে যেমন বিচিত্র মূর্ত্তি ধারণ করে, তাহাতে নিপতিত চিত্তের বৃত্তিও তত পরিমাণ অনন্ত সংখ্যায় বিভক্ত পরিদৃষ্ট হইয়া থাকে। দ্রব্য যেমন চন্দন, কস্তুরী ও কুঙ্কুমাদি এবং স্বর্ণ, রজত ও প্রবালাদি ভেদে বিচিত্র দেখা যায়, আবার স্বভাব ভেদে কেহ তাহার কোনটীতে আসক্ত, কেহ বিরক্ত, কেহ বা উদাসীনও পরিলক্ষিত হয়। কাহারও বা অন্তঃকরণ শিষ্টতাপূর্ণ, কাহারও বা দুষ্টতাব্যাপ্ত; কেহ বা দুরদৃষ্ট ফলে আকাঙ্ক্ষা করিয়াই চলিয়া গেলেন; এতদ্ব্যতীত বাল্য, যৌবন ও বার্দ্ধক্য বশতও বৃত্তির বৈচিত্র্য ঘটিয়া থাকে। কিন্তু এই যাবতীয় বৈচিত্র্য এক ক্ষেত্রজ্ঞকে উপলক্ষ্য করিয়াই সূচিত হয়। ইহাদের স্বনিষ্ঠ বা পরস্পরের সাহায্যনিষ্ঠ কোন ক্ষমতাই নাই, যদ্দ্বারা এরূপ বিচিত্রতা সাধিত হইতে পারে। সুতরাং ইহারা স্বরূপত সত্য বা নিত্য নহে; ক্ষেত্রজ্ঞের ঈক্ষণে কল্পিত; সুতরাং মিথ্যা ও মায়াময়॥ ১১॥

জীবের দেহই ক্ষেত্র নামে অভিহিত হইয়াছে। কারণ ক্ষেত্রে যেমন কৃষকের সঞ্চিত বীজ রোপিত হইয়া ফলোৎপাদনাদির দ্বারা বিনষ্ট হইয়া যায়, সেইরূপ পূর্ব্বসঞ্চিত কর্ম্মফলোন্মুখী

আবির্হিতাঃ ক্কাপি তিরোহিতাশ্চ শুদ্ধো বিচষ্টে হ্যবিশুদ্ধকর্ত্তুঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

তিরোহিতাঃ এতাঃ নিত্যাঃ প্রবাহরূপেণ অবিচ্ছিন্নাঃ, বিভূতীঃ বৃত্তীঃ শুদ্ধঃ অন্তঃকরণাদ্যধ্যাস-রহিতঃ, ক্ষেত্রজ্ঞঃ অন্তর্যামী কেবলং বিচষ্টে সাক্ষিতয়া পশ্যতি এব ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

কর্ত্তুর্মনসঃ নিত্যাঃ প্রবাহরূপেণ অবিচ্ছিন্না জাগ্রৎস্বপ্নয়োরাবির্ভূতাঃ পশ্যতি ক্কাপি সুষুপ্তৌ তিরোভূতাঃ পশ্যতি অবস্থাত্রয়সাক্ষী ক্ষেত্রজ্ঞ আত্মা তত্ত্বমিত্যর্থঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভুঙ্‌ক্তে। অতএব শুদ্ধঃ সংসারামুক্তঃ। অন্যস্ত্বশুদ্ধঃ সংসারীত্যর্থঃ। মনসঃ কীদৃশস্য জীবস্য জীবোপাধেঃ যতো মায়য়া রচিতস্য অতএবাবিশুদ্ধং ভগবদ্বহির্ম্মুখং কর্ম্ম করোতীতি। তস্য বিভূতীঃ কীদৃশীঃ নিত্যাঃ। অনাদিত এবানুগতাঃ কথং তর্হি সদা ন দৃশ্যন্ত ইত্যত আহ। আবির্হিতাঃ ক্কাপি জাগ্রৎস্বপ্নয়োঃ। তিরোহিতাঃ ক্কাপি সুষুপ্তিপ্রলয়য়োঃ ॥ ১২ ॥

রূপে বিরাজমান অন্তঃকরণাদির অধ্যাসরহিত বিশুদ্ধ সাক্ষিস্বরূপ ক্ষেত্রজ্ঞ নিরন্তর সাক্ষিভাবেই অবলোকন করিয়া থাকেন। বৃত্তির কখন অভাব ঘটে না; তবে জাগ্রৎ ও স্বপ্নকালে বৃত্তির সুস্পষ্ট প্রবাহ ঘটে এবং নিদ্রা ও সমাধিকালে অস্পষ্ট এবং তিরোহিতের ন্যায় অনুভূত হয়। প্রকৃত প্রস্তাবে যদবধি চিত্ত থাকে, তদবধি বৃত্তিসমূহ ধারাবাহিক্রমে নিরন্তর বিদ্যমানই থাকে; সন্দেহ নাই ॥ ১২ ॥

আভাস।

হইয়া ভোগ-সম্পাদনার্থ তদুপযোগী যে শরীরকে উৎপাদন করে, সেই দেহের ভোগেই যখন প্রারব্ধ-ক্ষয় হয়, তখন দেহই তাহার ক্ষেত্র। সেই ক্ষেত্রকে যিনি সম্যক্ অবগত হন, তিনিই ক্ষেত্রজ্ঞ। এই ক্ষেত্রজ্ঞ স্বভাবত শুদ্ধ এবং অনাসক্ত হইলেও মায়ারচিত অন্তঃকরণের আলিঙ্গনে আবৃতের ন্যায় লক্ষিত হইয়া, অন্তঃকরণস্থ বৃত্তিসমূহকে কেবল সাক্ষীর ন্যায় অবলোকন করেন মাত্র। তিনি নিত্য ও শুদ্ধ; তৎস্বরূপের বন্ধন কেবল কল্পনা মাত্র। জীবের উপাধিভূত মন কিন্তু অবিশুদ্ধ; সুতরাং প্রবাহরূপে যে বৃত্তি মনোমধ্যে উদিত থাকে, ক্ষেত্রজ্ঞ তাহার সাক্ষিরূপে নিরন্তর বিদ্যমান। জাগ্রত ও স্বপ্নকালে অন্তঃকরণস্থ বৃত্তির যথেষ্ট পরিচয় পাওয়া যায় বটে, কিন্তু সুষুপ্তি ও সমাধিকালে নিস্তরঙ্গ চিত্তে বৃত্তির অভাব বশত জীবের মুক্তি অবশ্যম্ভাবী বলিয়া পাছে সংশয় জন্মে, এই নিমিত্ত গ্রন্থকার ঐ উভয় নিদ্রা বা সমাধিকালেও যে চিত্তে বৃত্তি থাকে, তাহারই পরিচয় দিয়াছেন। অর্থাৎ এই অবস্থায় বৃত্তির তীব্রতা না থাকিলেও মৃদুভাবে স্বরূপত যে থাকে, তাহাতে আর সন্দেহ নাই। পঞ্চদশীতে উক্ত আছে, "বৃত্তয়স্তু তদানীমজ্ঞাতা অপ্যাত্মগোচরাঃ। স্মরণাদনুমীয়ন্তে ব্যুত্থিতস্য সমুত্থিতাৎ" ॥ সুষুপ্তি বা সমাধিকালে বৃত্তিসমূহ স্পষ্টত প্রতীত না হইলেও, বিলুপ্ত বা বিনষ্ট হয় না। তবে সুষুপ্তিতে অভাবজ্ঞানে এবং সমাধিতে আত্মাকারে চিত্ত আকারিত থাকায়,

ক্ষেত্রজ্ঞ আত্মা পুরুষঃ পুরাণঃ সাক্ষাৎ স্বয়ংজ্যোতিরজঃ পরেশঃ ।

অন্বয়ঃ ।

(ত্বংপদবাচ্যং জীবস্বরূপং নিরূপ্য তৎপদলক্ষ্যং ক্ষেত্রজ্ঞসংজ্ঞং পরমপুরুষং নিরূপয়তি) ক্ষেত্রজ্ঞঃ আত্মা ব্যাপকঃ, অজঃ জন্মাদিবিকাররহিতঃ, যঃ পুরাণঃ সর্ব্বকারণকারণং, পরেশঃ (পরেষাং ব্রহ্মাদীনাং অপি ঈশঃ) পুরুষঃ পূর্ণঃ, সাক্ষাৎ অপরোক্ষঃ স্বয়ংজ্যোতিঃ স্বপ্রকাশঃ, নারায়ণঃ (নরাণাং সমূহঃ নারং তস্য অয়নং প্রবৃত্তি র্যস্মাৎ সঃ) ভগবান্ ঐশ্বর্য্যাদি ষড়্‌গুণ-

শ্রীধরস্বামী।

ক্ষেত্রজ্ঞো হি দ্বিবিধঃ। ত্বংপদার্থো জীবঃ। তৎপদার্থ ঈশ্বরঃ। তত্রাদ্যো নিরূপিতঃ। ইদানীং তৎপ্রাপ্যমীশ্বরং নিরূপয়তি। ক্ষেত্রজ্ঞ আত্মা ব্যাপী পুরাণো জগৎকারণভূতঃ পুরুষঃ পূর্ণঃ সাক্ষাদপরোক্ষঃ সচ স্বয়ংজ্যোতিঃ নতু জ্ঞানস্য বিষয়ত্বেনাশ্রয়ত্বেন বাহপরোক্ষঃ অজো জন্মাদিশূন্যঃ পরেষাং ব্রহ্মাদীনামপীশঃ। নারং জীবসমূহঃ সোঽয়নং যস্য নিয়ন্তঃ। ভগবান্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বদ্ধজীবস্য ব্যবহার এব সদৈবাবধানবিষয়ো যথা তথা মুক্তজীবস্যাবধানবিষয়ঃ ক ইত্যপেক্ষায়ামাহ ক্ষেত্রজ্ঞঃ। ক্ষেত্রস্য কাৎর্স্নেন জ্ঞাতা পরমাত্মেত্যর্থ। আত্মা ব্যাপকঃ পুরাণো জগৎকারণভূতঃ পুরুষঃ পুরুষাকারঃ স্বয়ংজ্যোতিঃ স্বপ্রকাশঃ। অজো মায়িকজন্মাদি-শূন্যঃ। পরেষাং ব্রহ্মাদীনামপীশঃ নারায়ণঃ কারণার্ণবশায়ী ভগবান্ ষড়ৈশ্বর্য্যপূর্ণো বৈকুণ্ঠনাথঃ

এই সাক্ষীভূত চৈতন্যস্বরূপ ক্ষেত্রজ্ঞই ত্বংপদবাচ্য জীব; এবং তৎ-পদলক্ষ্য বিরাট্ ক্ষেত্রজ্ঞই পরমপুরুষ পরমাত্মা। তিনি জীবের ন্যায় পরিচ্ছিন্ন নহেন; অনন্ত ও সর্ব্বব্যাপী। সমগ্র সৃষ্ট ব্রহ্মাণ্ডের এক মাত্র কারণই তিনি; এবং ব্রহ্মাদি লোকপালগণেরও ঈশ্বর, স্বপ্রকাশ পূর্ণ পরাৎপর পরমাত্মা। ঐশ্বর্য্যাদি ষট্ সম্পত্তি তাঁহাকেই আশ্রয় করিয়া নিত্য প্রকাশিত

আভাস।

তাহাদের পৃথক্ স্পষ্টভাব অনুভূত হয় না। যদি বিনষ্ট হইত, তাহা হইলে তাহাদের পুনরুদয়ের আর সম্ভাবনা থাকিত না। কিন্তু সুষুপ্তির ভঙ্গে এবং সমাধির অত্যয়ে পূর্ব্বানুভূত বিষয়ের অনুস্মরণ দেখাতে, অস্পষ্টভাবে তাহাদের অস্তিত্ব তৎকালে অবশ্য স্বীকার্য্য। অতএব অনাসক্ত-ভাবে যিনি জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তির ভাব সাক্ষীর ন্যায় অবধারণ করেন, তিনিই ক্ষেত্রজ্ঞ ॥ ১২ ॥

ব্যবহারিক দৃষ্টিতে ক্ষেত্রজ্ঞকে দুইভাবে ব্যাখ্যা করা হইয়াছে; কূটস্থচৈতন্য সর্ব্বত্র এক হইলেও, উপাধিভেদে বিভিন্নভাবে পরিলক্ষিত হন। দেহরূপ উপাধিকে অবলম্বন পূর্ব্বক অবস্থিত জীবচিত্তের পরিদ্রষ্টাকে ত্বংপদবাচ্য জীব বলা যায় এবং বিরাট্ ব্রহ্মাণ্ডকে অব-লম্বন পূর্ব্বক অন্তর্যামিভাবে বিদ্যমান সমষ্টিভূত চৈতন্যস্বরূপকে তৎপদলক্ষ্য পরমাত্মা বলা যায়। জীবের সাক্ষিভাবকে ক্ষেত্রস্বরূপ দেহের ক্ষেত্রজ্ঞ এবং বিরাট্ ব্রহ্মাণ্ডের সাক্ষি-ভাবকে ক্ষেত্রস্বরূপ ব্রহ্মাণ্ডের ক্ষেত্রজ্ঞনামে অভিহিত করা যায়। পূর্ব্বশ্লোকে দেহের

নারায়ণো ভগবান্ বাসুদেবঃ স্বমায়য়াত্মন্যবধীয়মানঃ॥ ১৩॥

অন্বয়ঃ।

পূর্ণঃ, বাসুদেবঃ (বসন্তি অস্মিন্ ভূতানি ইতি বাসুঃ স চাসৌ দেবশ্চেতি বাসুদেবঃ সর্ব্বাধারভূতঃ) স্বমায়য়া অচিন্ত্যশক্ত্যা, আত্মনি জীবে, অবধীয়মানঃ অবস্থাপ্যমানঃ এব॥ ১৩॥

শ্রীধরস্বামী।

ঐশ্বর্য্যাদিষড়্গুণবান্। বাসুদেবঃ সর্ব্বভূতানামাশ্রয়ঃ। স্বাধীনমায়য়া আত্মনি জীবে অবধীয়মানঃ অবস্থাপ্যমানঃ কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ। তন্নিয়ন্তৃত্বেন বর্ত্তমান ইত্যর্থঃ॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বাসুদেবো বসুদেবনন্দনঃ শ্রীমথুরাদ্যধিপতিঃ। সুষ্ঠু অমায়য়া হেতুনা আত্মনি অবধীয়মানঃ। মুক্তজীবেন আত্মনি মনসি অবধানবিষয়ীক্রিয়মাণঃ। যদ্বা স্বমায়য়া স্বরূপশক্ত্যা কৃপয়া বা সহিতঃ॥ ১৩॥

হইতেছে এবং ভূতসমূহ তাঁহাতেই নিহিত এবং ভূতের অন্তরে এক তিনিই বহুরূপে ও বহুনামে প্রতীত হইতেছেন। নার-শব্দ-বাচ্য জীবসমূহ তাঁহাকেই আশ্রয় করিয়া অবস্থান করে এবং অন্তে তাঁহাতেই লীন হয়। সেই সর্ব্বাধার বাসুদেব স্বীয় অচিন্ত্য মায়াশক্তির দ্বারা জীবহৃদয়ে নিরন্তর বিরাজ করিয়া থাকেন। ১৩॥

আভাস।

ক্ষেত্রজ্ঞস্বরূপ বর্ণিত হইয়াছে; এক্ষণে এই শ্লোকে সমষ্টিক্ষেত্রজ্ঞের স্বরূপ বর্ণিত হইতেছে। অবিদ্যায় উপহিত চৈতন্যই জীব এবং বিদ্যায় প্রতিবিম্বভাবে বিদ্যমান সমষ্টি-চেতনকেই ব্রহ্মশব্দে অভিহিত করা হয়। কিন্তু মায়া এবং অবিদ্যা নামে কথিত উভয় উপাধির নিরসন হইলে, উভয়ত্র ক্ষেত্রজ্ঞ নামে বাচ্য জীব এবং ঈশ্বরের নাম ও বাচ্যত্বভাবের নিরসনে, অখণ্ড সচ্চিদানন্দ পরমব্রহ্মই উভয়ত্র লক্ষিত হইয়া থাকেন। অবশ্য উপাধির পরিত্যাগে যেমন ব্যষ্টি জীবের ক্ষেত্রজ্ঞভাব পূর্ব্ব শ্লোকে বর্ণন করিয়াছেন, এস্থলে সমষ্টি চৈতন্য কূটস্থ ব্রহ্মস্বরূপের ভাবও বর্ণিত হইতেছে। ক্ষেত্রস্বরূপ স্থাবর-জঙ্গমাত্মক ব্রহ্মাণ্ডের ভাব যিনি সম্যক্ অবগত আছেন, তিনিই ক্ষেত্রজ্ঞ সর্ব্বব্যাপী সর্ব্বেশ্বর স্বপ্রকাশ নারায়ণ। অর্থাৎ নারশব্দবাচ্য জীবসমূহ তাঁহা হইতেই যেন সমুৎপন্ন এবং জলপূর্ণ শরাবাদির ধ্বংস হইলে, তাহাতে প্রতিফলিত চন্দ্রাকার বিম্বসমূহ যেমন মূল চন্দ্রে প্রতিনিবৃত্ত হইয়া যায়, ঘট নষ্ট হইলে, যেমন ঘটাকাশ মহাকাশে বিলীন হইয়া যায়, সেইরূপ জীবোপাধির ধ্বংসে জীবচৈতন্যও পরমানন্দস্বরূপ সেই পূর্ণব্রহ্মে আত্মসমর্পণ পূর্ব্বক পরম শান্তি লাভ করে। সেই পূর্ণব্রহ্মের অচিন্ত্য তদুৎপন্না যোগমায়ার দ্বারা এই অনন্ত উপাধিবিশিষ্ট ব্রহ্মাণ্ডের রচনা হইয়া থাকে। এবং ঊর্ণনাভ যেমন স্বীয় লালা দ্বারা জাল প্রস্তুত করে এবং কার্য্যান্তে নিজেই তাহা উদরস্থ করিয়া একাকী থাকে, সেইরূপ পূর্ণব্রহ্ম সমগ্র সংসারের রচনা করেন,

যথানিলঃ স্থাবরজঙ্গমানামাত্মস্বরূপেণ নিবিষ্ট ঈশেৎ।
এবং পরো ভগবান্ বাসুদেবঃ ক্ষেত্রজ্ঞ আত্মেদমনুপ্রবিষ্টঃ॥ ১৪॥
ন যাবদেতাং তনুভৃন্নরেন্দ্র বিধূয় মায়াং বয়ুনোদয়েন।

অন্বয়ঃ।

অনিলঃ পবনঃ, যথা বহিঃ স্থিতোঽপি আত্মস্বরূপেণ স্থাবরজঙ্গমানাং অন্তঃনিবিষ্টঃ সন্ তান্ ঈশেৎ নিয়ময়তি, এবং পরঃ প্রপঞ্চাতীতঃ, ভগবান্ বাসুদেবঃ সর্ব্বাধারঃ, ক্ষেত্রজ্ঞঃ সর্ব্বসাক্ষী, আত্মা ব্যাপকঃ, অপি ইদং বিশ্বং, অনুপ্রবিষ্টঃ সন্ তং নিয়ময়তি॥ ১৪॥

হে নরেন্দ্র! তনুভৃৎ দেহী, (শাস্ত্রশ্রবণাদিনা) বয়ুনোদয়েন জ্ঞানোৎপত্ত্যা, এতাং আত্মাবরণভূতাং অহংমমাধ্যাসকারণভূতাং, মায়াং অবিদ্যাং, বিধূয় নিরস্য, বিমুক্তসঙ্গঃ জিতষট্-

শ্রীধরস্বামী।

এতৎ সদৃষ্টান্তমাহ যথেতি। আত্মস্বরূপেণ প্রাণরূপেণ ঈশেৎ ঈশীত নিয়ময়তি ইদং বিশ্বং॥ ১৪॥

তদেবমাত্মনঃ শুদ্ধত্বং সংসারস্যচ মিথ্যাত্বং প্রদর্শ্য ইদানীং তন্নিবৃত্তিমাহ ন যাবদিতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সচ ভগবান্ মুক্তজীবেন সুলভ এবেতি সদৃষ্টান্তমাহ যথেতি। আত্মস্বরূপেণ প্রাণরূপেণ। ঈশেৎ ঈশীত ইদং বিশ্বং॥ ১৪॥

এবমবিদ্যোত্তীর্ণানাং ভগবদবধানলক্ষণং জ্ঞানং শাশ্বতিকমেবেত্যুক্তং। অবিদ্যাপতিতানাং জীবানামপ্যবিদ্যোত্তারণে তদেব সাধনমিত্যাহ। নেতি বয়ুনোদয়েন উক্ত-

বায়ু যেমন বাহিরে অবস্থিত থাকিয়াও স্থাবর-জঙ্গমাত্মক প্রাণিবর্গের অন্তরে প্রবেশ পূর্ব্বক তাহাদিগকে কার্য্যক্ষেত্রে নিয়োজিত করে, সেইরূপ প্রপঞ্চাতীত পরমেশ্বর বাসুদেব সর্ব্বসাক্ষী ও সর্ব্বব্যাপক হইয়াও এই বিশ্ব সংসারের অন্তরে প্রবেশ পূর্ব্বক সকলকে পরিচালিত করিয়া থাকেন॥ ১৪॥

হে নরনাথ! দেহী শাস্ত্রশ্রবণাদির প্রভাবে লব্ধ ব্রহ্মজ্ঞানের উদয়ে অহঙ্কার ও মমতার অধ্যাসের দ্বারা আত্মস্বরূপের আবরণ-ভূতা এই অবিদ্যাকে পরিহার পূর্ব্বক, পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও মন এই ছয় বর্গকে পরাজয় করিতে পারেন এবং সর্ব্বসঙ্গপরিত্যাগ পূর্ব্বক যদবধি আত্মতত্ত্বের অবধারণে

আভাস।

এবং নিজেতেই সমস্ত বিলীন করিয়া অন্তে একাকীই বিশ্রাম করেন। তিনিই হিরণ্যগর্ভ। তিনি বায়ুর ন্যায় ভিতরে অন্তর্যামিরূপে ও বাহিরে কালরূপে বিরাজ করিতেছেন। অতএব আত্মস্বরূপের অবধারণে বিষয়াসক্তি পরিত্যাগ করিতে পারিলেই, মুমুক্ষু জীব তাঁহাকে লাভ করিতে পারে, সন্দেহ নাই॥ ১৩॥ ১৪॥

বিমুক্তসঙ্গো জিতষট্সপত্নো বেদাত্মতত্ত্বং ভ্রমতীহ তাবৎ॥ ১৫॥
ন যাবদেতন্মন আত্মলিঙ্গং সংসারতাপাবপনং জনস্য।
যচ্ছোকমোহাময়-রাগ-লোভ-বৈরানুবন্ধং মমতাং বিধত্তে॥ ১৬॥

অন্বয়ঃ।

সপত্নঃ (জিতাঃ ষট্ পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণি তথা মনোলক্ষণাঃ সপত্নাঃ শত্রবঃ যেন সঃ) সন্ আত্মতত্ত্বং যাবৎ ন বেদ তাবৎ ইহ সংসারে দেহী ভ্রমতি॥ ১৫॥

যৎ মনঃ এব শোকমোহাময়-রাগ-লোভ-বৈরানুবন্ধং মমতাং চ বিধত্তে তৎ এতৎ আত্মলিঙ্গং (আত্মনো লিঙ্গং উপাধিভূতং) জনস্য প্রাণিনঃ সংসারতাপাবপনং (সংসারে দেবতির্য্যঙ্-মনুষ্যাদিদেহসম্বন্ধে তে তাপাঃ আধ্যাত্মিকাদয়ঃ তেষাং আবপনং ক্ষেত্রং কারণং) ইতি যাবৎ ন বেদ তাবৎ ভ্রমতি॥ ১৬॥

শ্রীধরস্বামী।

তদনু দেহী বয়ুনোদয়েন জ্ঞানোৎপত্ত্যা যাবন্মায়াং বিধূয়াত্মতত্ত্বং নবেদ তাবদিহ ভ্রমতি॥ ১৫॥

যাবচ্চ বিষয়ানুরক্তং মন এব অনর্থহেতুরিতি ন বেদ তাবন্নির্ব্বেদাভাবাৎ পরিভ্রমত্যে-বেত্যাহ নেতি। আত্মনো লিঙ্গমুপাধিভূতং মনঃ সংসারতাপানাং আবপনং ক্ষেত্রং যাবন্ন-বেদ তাবদ্ভ্রমতীত্যনুষঙ্গঃ। তাপাবপনে হেতুঃ যন্মনঃ শোকাদ্যনুবন্ধং মমতাঞ্চ বিধত্তে॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লক্ষণজ্ঞানোৎপত্ত্যা বিমুক্তসঙ্গঃ সন্ যাবন্মায়াং বিধূয়াত্মতত্ত্বং ন বেদ তাবদিহ ভ্রমতি॥ ১৫॥

মায়াবিধূননঞ্চ সম্যক্তয়া কথং জ্ঞাতব্যমিতি চেৎ যাবদ্বিষয়ানুরক্তং মন স্তাবন্মায়া-বিধূননমাত্মতত্ত্বজ্ঞানঞ্চ ন স্যাদিত্যাহ নেতি। আত্মনো লিঙ্গমুপাধিভূতং মনঃ যাবন্মমতাং বিধত্তে তাবদাত্মতত্ত্বং নবেদেত্যনুষঙ্গঃ। কীদৃশং সংসারতাপানামাবপনং ক্ষেত্রং। তাপানেবাহ যদ্যতঃ শোকাদীন্যনুবধ্নাতীতি তত্তদেবং মনঃ শ্রূয়তে অন্যত্র তত্ত্বমিতি যদুক্তং তৎ ক্ষেত্রজ্ঞ এতা ইত্যাদি শ্লোকপঞ্চকেন প্রপঞ্চিতং॥ ১৬॥

সক্ষম না হন, তদবধি এই সংসারে পরিভ্রমণ করিয়া থাকেন॥ ১৫॥

এক মনই আধ্যাত্মিকাদি তাপত্রয়ের নিদানস্বরূপ। কারণ শোক, মোহ, রোগ, অনুরাগ, লোভ ও শত্রুতা এক মনোমধ্যেই জন্মে। সুতরাং বিষয়ের মমতা কেবল দুর্দ্দম্য মনের অনুরোধেই ঘটিয়া থাকে। মনই আত্মার আধার

আভাস।

আত্মার বিশুদ্ধিত্ব ও সংসারের মিথ্যাত্ব অবধারণ করিতে পারিলেই মুক্তি যে প্রকারে হয়, তাহারই উপায় এই শ্লোকে অবধারিত হইয়াছে॥ ১৫॥

অনুকূল আত্মসাক্ষাৎকার বা ভগবদর্চ্চনের ফলেই যে জীব কৃতার্থ হইয়া সংসার অতিক্রম করিতে পারে, তাহা নহে; প্রতিকূল মনের স্বরূপও যথার্থত অবধারণ করা প্রয়োজন। ঈশ্বরের স্বরূপ ও জগতের স্বরূপ উভয়ই সুস্পষ্ট জানা আবশ্যক; নতুবা কেবল একের

ভ্রাতৃব্যমেতত্তমদভ্রবীর্য্যমুপেক্ষয়াধ্যেধিতমপ্রমত্তঃ।

অন্বয়ঃ।

তস্মাৎ গুরোঃ হরেঃ চরণোপাসনাস্ত্রঃ (চরণোপাসনং এব অস্ত্রং যস্য তথাবিধঃ) অপ্রমত্তঃ সন্ ব্যলীকং কপটিনং, উপেক্ষয়া অধ্যেধিতং অতিপ্রবৃদ্ধং, অদভ্রবীর্য্যং অতিপ্রবলং,

শ্রীধরস্বামী।

তস্মাৎ ভ্রাতৃব্যং শত্রুং অধ্যেধিতং সংবৃদ্ধং। ব্যলীকং মিথ্যাভূতং। তথাপ্যাত্মানং মুষ্ণাতীতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মান্মন এব নিগৃহীতব্যমিত্যাহ ভ্রাতৃব্যং শত্রুং। উপেক্ষয়ৈব জহি নিগৃহাণ। তদুপেক্ষণমেব তদ্বধ ইতি ভাবঃ। নতু তদিষ্টবিষয়ভোগপ্রদানলক্ষণয়া অপেক্ষয়া অনুগৃহাণেত্যর্থঃ। সর্ব্বথৈব তদ্বধস্তুনভিপ্রেতএব তস্মান্মনো লিঙ্গমদো বদন্তি গুণাগুণত্বস্য পরাবরস্যেতি শ্রূয়তে। অন্যত্র তত্ত্বমিতিচ পুর্ব্বোক্তেঃ। দৃষ্টান্তেচ ভ্রাতুষ্পুত্রস্যাবধ্যত্বাৎ। মনঃ কীদৃশং অধিকমেধিতং স্ববৃত্তীঃ সংশ্রিত্য সংবৃদ্ধং। ননু বলবন্তমিমং দুর্ব্বলোঽহং কথং নিগৃহ্ণামীত্যত আহ গুরোঃ সকাশাৎ প্রাপ্তস্য মন্ত্ররূপস্য হরেশ্চরণয়োরুপাসনা-শ্রবণাদি-নব-বিধভক্তিরেবাস্ত্রং যস্য সঃ। যদ্বা গুরুরেব হরিস্তস্য চরণোপাসনমেবাস্ত্রং যস্য সঃ। ব্যলীকমপ্রিয়ং যতঃ স্ববৃত্তিসন্দর্শনিয়া সংমোহ্য আত্মানং পরমাত্মরূপং। সর্ব্বস্বমেব মুষ্ণাতীতি তং মহাচৌরমিত্যর্থঃ। ভক্ত্যস্ত্রেণ

ভাবে বিদ্যমান থাকিয়া, জীবকে কর্ম্মানুসারে দেব, মনুষ্য ও তির্য্যগাদি বিবিধ যোনিতে পরিচালিত করত অনন্ত দুঃখভোগের যে ক্ষেত্রস্বরূপ, তাহা জীব যে পর্য্যন্ত না সম্যক্ অবধারণ করিতে পারে, তদবধি ভ্রান্তের ন্যায়, সংসারে পরিভ্রমণ করিয়া থাকে ॥ ১৬ ॥

হে রাজন্! ভগবচ্চরণোপাসন-রূপ তীক্ষ্ণ খড়্গকে সংগ্রহ করত অতি সাবধানে এই মনোলক্ষণ ভীষণ শত্রুকে বিনষ্ট করুন্! মনের সামর্থ্য অতি ভয়ানক; ইহার কপটাচরণে জীবের আত্মস্বরূপও প্রচ্ছন্ন এবং বিলুপ্ত-

আভাস।

অবধারণে যত্ন করিলে, তাহার সম্যক্ অবধারণ করাও যায় না। শ্রুতি বলিয়াছেন, "বিদ্যাঞ্চাবিদ্যাঞ্চ যস্তদ্বেদোভয়ং সহ। অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্ত্বা বিদ্যয়ামৃতমশ্নুতে" ॥ ব্রহ্ম-বিচার ও প্রকৃতি-বিচার উভয়ই প্রয়োজন। সংসারকে উত্তমরূপে বিচার না করিলে, বিষয়াসক্তির সম্পূর্ণ নিবৃত্তি হয় না; সুতরাং ব্রহ্মবিচার বা আত্মসাক্ষাৎকার অসম্পূর্ণ হইয়া পড়ে। যেমন দুগ্ধের সাধ তক্রের শুভ্রত্ব দর্শনেই বালক মিটাইতে বাসনা করে, সেইরূপ অবিবেকী মানব কেবল ভক্তির পথে অগ্রসর হইলেও, সময়ে সময়ে স্বর্গাদি সুখের প্রলোভনে মূল পথ হইতে বঞ্চিত হইয়া পড়ে। অতএব অবিদ্যাস্বরূপ মনের সম্যক্ বিচার হইলে, বিদ্যাস্বরূপ ব্রহ্মপদবী বা আত্ম-সাক্ষাৎকার লাভ করা সুগম ও অনায়াস-সাধ্য হয়। "মন এব মনুষ্যাণাং কারণং বন্ধমোক্ষয়োঃ" বলিবার তাৎপর্য্যই এই যে, সমগ্র বৃক্ষটী যেমন তাহার বীজ-মধ্যে

গুরোর্হরেশ্চরণোপাসনাস্ত্রো জহি ব্যলীকং স্বয়মাত্মমোষং ॥ ১৭ ॥

*॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ব্রাহ্মণ-রহূগণ-সম্বাদে একাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১১ ॥ * ॥

অন্বয়ঃ।

আত্মমোষং (আত্মানং জীবস্বরূপং মুষ্ণাতি আচ্ছাদয়তি ইতি) তং এতং মনোলক্ষণং ভ্রাতৃব্যং শত্রুং, ত্বং স্বয়ং জহি ঘাতয় ॥ ১৭ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একাদশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

তথা তং গুরুরেব হরি স্তস্য চরণোপাসনমেবাস্ত্রং যস্য তথাভূতঃ সন্ জহি ঘাতয় ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে একাদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্যাজয়িত্বা বিষয়ান্ স্বমনো যতিঃ। ধ্বস্তাবিদ্যোঽহবধত্তে যঃ কৃষ্ণং মুক্তঃ স উচ্যতে। ভক্ত্যভাবান্মনোবৃত্তীরাশ্রয়ন্বাসনাময়ং। অবিদ্যাং যস্ত পুষ্ণাতি স পুমান্ বদ্ধ উচ্যতে ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একাদশঃ পঞ্চমস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

প্রায় হইয়া যায়। ক্ষণকালের জন্য ইহার সংযমে উপেক্ষা করিলে, প্রবল হইয়া, ইহা তোমার আত্মতত্ত্বকে পর্য্যন্ত বিলুপ্তপ্রায় করিবে ॥ ১৭ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত একাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

রহূগণ বলিলেন, হে ভগবন্! জনগণের উদ্ধারার্থই কেবল আপনি বিগ্রহ ধারণে অবতীর্ণ হইয়াছেন! অথচ স্বকীয় পরমানন্দের প্রকাশে বিগ্রহের প্রতিও আপনার কোনরূপ যত্ন নাই! আপনাকে প্রণাম করি! অহো! যিনি

আভাস।

নিহিত থাকে, মৃত্তিকায় প্রোথিত করত জলসিঞ্চনের দ্বারা এক বীজ হইতেই ফলপুষ্পোপশোভিত বৃক্ষটী প্রাপ্ত হওয়া যায়, সেইরূপ অবশভাবে এক মনের সেবা করিলে, জীবের সংসার-বৃক্ষটী চিরকাল সুস্পষ্ট ও জাজ্বল্যমান থাকে। বীজকে অগ্নির প্রখর জ্বালায় সংস্কৃত করিলে, যেমন ভর্জ্জিত বীজ হইতে আর অঙ্কুরোৎপত্তির সম্ভাবনা থাকে না, সেইরূপ বিচারানলে চিত্তকে পরিদগ্ধ করিতে পারিলে, রাগদ্বেষাদি কোন প্রকার বৃত্তির অধীনস্থ না হইয়া, জীব মোক্ষপদ লাভ করিতে পারে। অতএব মনের জয় একান্ত প্রয়োজন। মনের জয় করিতে হইলে, ভগবানে ভক্তি করা আবশ্যক। ভক্তি চিত্তে সত্ত্বগুণের উদয় করে; সুতরাং তমঃ ও রজঃ স্বতই বিনিবৃত্ত হইলে, চিত্তকে অনায়াসে পরাজয় করা যায় ॥ ১৬ ॥ ১৭ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত একাদশ অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

রহূগণ উবাচ ॥

নমো নমঃ কারণবিগ্রহায় স্বরূপতুচ্ছীকৃতবিগ্রহায়।
নমোঽবধূত-দ্বিজবন্ধু-লিঙ্গ-নিগূঢ়-নিত্যানুভবায় তুভ্যং ॥ ১ ॥

অন্বয়ঃ।

রহূগণঃ উবাচ। কারণবিগ্রহায় (কারণেন জনোদ্ধারহেতুনা বিগ্রহঃ যস্য তস্মৈ) স্বরূপতুচ্ছীকৃতবিগ্রহায় (স্বরূপেণ পরমানন্দপ্রকাশেন তুচ্ছীকৃতঃ বিগ্রহঃ যেন তস্মৈ) নমো-নমঃ। অবধূত-দ্বিজবন্ধু-লিঙ্গ-নিগূঢ়-নিত্যানুভবায় (অবধূতং মলিনং যৎ দ্বিজবন্ধুলিঙ্গং ব্রাহ্মণশরীরং তেন নিগূঢ়ঃ আচ্ছাদিতঃ নিত্যঃ স্বানন্দানুভবঃ যেন তস্মৈ) তুভ্যং নমঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

দ্বাদশে পুনরাপৃষ্টঃ সন্দেহেন মহীভৃতা।
স যোগী সর্ব্বসন্দেহান্ সংপ্রাণুদদিতীর্য্যতে ॥ * ॥

কারণমীশ্বরস্তস্যেব লোকরক্ষণার্থো বিগ্রহো দেহো যস্য। স্বরূপেণ পরমানন্দ-প্রকাশেন তুচ্ছীকৃতো বিগ্রহো দেহো যেন। হে অবধূত যোগেশ্বর দ্বিজবন্ধো লিঙ্গেন বেশেন নিগূঢ়ো নিত্যানুভবো যেন তস্মৈ নমঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিথ্যাত্বেঽপ্যস্য বিশ্বস্য সত্যাঃ কৃষ্ণস্য ষড্‌গুণাঃ।
দ্বাদশে কথিতা ধাম ভক্ত্যাদ্যা অপি তে ততঃ ॥ * ॥

কারণমীশ্বরস্তস্যেব লোকরক্ষণার্থো নিত্যো বিগ্রহো দেহো যস্য তস্মৈ। স্বরূপেণ স্বানন্দানুভবেন তুচ্ছীকৃতবিগ্রহাঃ শাস্ত্রকৃতাং বিবাদা যেন তস্মৈ। হে অবধূত ॥ ১ ॥

মলিন ব্রাহ্মণবেশ ধারণ পূর্ব্বক স্বকীয় আনন্দানুভবকে প্রচ্ছন্ন করত বিচরণ করিতেছেন, তাঁহাকে আমি প্রণাম করি ॥ ১ ॥

হে ব্রহ্মন্! রোগগ্রস্ত পুরুষের যেমন ঔষধি শান্তিপ্রদান করে, প্রচণ্ড

আভাস।

দ্বাদশাধ্যায়ে রাজা রহূগণ সন্দিহান চিত্তে পুনর্ব্বার প্রশ্ন করিলে, যোগিবর ভরত কর্ত্তৃক তাঁহার সন্দেহভঞ্জন ॥

রহূগণ বলিলেন, হে ভগবন্! জগতের মঙ্গলার্থ দেহ ধারণে আপনি আবির্ভূত হইয়াছেন বটে, কিন্তু দেহের প্রতি আপনার কোন আসক্তি বা প্রীতি নাই এবং ব্রাহ্মণোচিত আশ্রম-ধর্ম্ম ও শাস্ত্র-শাসনের প্রতি কোনরূপ লক্ষ্যও নাই। আপনি অবধূতবেশে প্রচ্ছন্নের ন্যায় যে ভ্রমণ করিতেছেন, তাহা আপনার উপদেশ-বাক্যেই আমার বিলক্ষণ প্রতীতি জন্মিয়াছে। কারণ আপনার উপদেশে সংসার-তাপে নিতান্ত পরিতপ্ত চিত্তেও আমার শান্তি-রসের উদ্দীপন হইতেছে। এরূপ যুক্তিযুক্ত হিতকর বাক্য কখন সামান্য লোকের মুখ হইতে পাইবার কোন প্রত্যাশা নাই ॥ ১ ॥

জ্বরাময়ার্ত্তস্য যথাগদং সন্নিদাঘদগ্ধস্য যথাহিমাম্ভঃ।।
কুদেহমানাহিবিদষ্টদৃষ্টে ব্রহ্মন্ বচস্তেঽমৃতমৌষধং মে ॥ ২।
তস্মাদ্ভবন্তং মম সংশয়ার্থং প্রক্ষ্যামি পশ্চাদধুনা সুবোধং।
অধ্যাত্মযোগগ্রথিতং তবোক্তমাখ্যাহি কৌতূহল-চেতসো মে ॥ ৩ ॥

অন্বয়ঃ।

হে ব্রহ্মন্! জ্বরাময়ার্ত্তস্য (জ্বরঃ এব আময়ঃ রোগঃ তেন আর্ত্তস্য পীড়িতস্য যথা অগদং ঔষধং, এব সং শান্তিকরং; যথা চ নিদাঘেন দগ্ধস্য সন্তপ্তস্য হিমাম্ভঃ শীতলং উদকং, তাপ-শান্তিকরং তথা কুদেহমানাহিবিদষ্টদৃষ্টেঃ (কুৎসিতে বিষ্ঠাদিপূর্ণে দেহে যো মানঃ অহঙ্কারঃ সঃ এব অহিঃ তেন বিশেষেণ দষ্টা বিনষ্টা দৃষ্টিঃ বিবেকঃ যস্য তস্য) মে মম, তে তব, ইদং বচঃ অমৃততুল্যং ঔষধং এব অভবৎ ॥ ২ ॥

তস্মাৎ ভবন্তং সর্ব্বজ্ঞং, মম যৎ সংশয়ার্থং তৎ পশ্চাৎ প্রক্ষ্যামি; অধুনা তু অধ্যাত্মযোগ-গ্রথিতং অতিসূক্ষ্মাত্মবোধানুকূলযুক্তিগ্রথিতং তব উক্তং বচঃ, যথা সুবোধং স্যাৎ তথা কৌতূহলচেতসঃ মে মম, আখ্যাহি বর্ণয় ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

বিশেষতঃ প্রষ্টুং তদ্বাক্যমভিনন্দতি জ্বর এব আময়ো রোগ স্তেনার্ত্তস্য যথা সং স্বাদু অগদমৌষধং; যথা নিদাঘেন দগ্ধস্য সন্তপ্তস্য হিমাম্ভঃ শীতলমুদকং গঙ্গোদকং বা তথা হে ব্রহ্মন্ কুৎসিতে দেহে মানোঽহঙ্কারঃ স এবাহি স্তেন বিশেষেণ দষ্টা দৃষ্টি র্বিবেকলক্ষণা যস্য তস্য মে তবেদং বচঃ অমৃততুল্যমৌষধং ॥ ২ ॥

মম সংশয়বিষয়মর্থং পশ্চাৎ প্রক্ষ্যামি অধুনা তাবৎ তদুক্তং বচঃ অধ্যাত্মযোগেন গ্রথিতং দুর্ব্বোধং সুবোধং যথা ভবতি এবং ব্যাখ্যাহি। কৌতূহলযুক্তং চেতো যস্য তস্য মম ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কুৎসিতে দেহে অভিমান এবাহি স্তেন বিশেষতো দষ্টা দৃষ্টির্যস্য তস্য মম হে ব্রহ্মন্ তে বচঃ অগদমৌষধং। তত্র দৃষ্টান্তঃ জ্বরেতি। ক্বচিত্তদ্ব্যভিচারতর্কাৎ পুনর্দৃষ্টান্তঃ নিদাঘেতি। তত্রাপ্যপরিতোষাৎ অমৃতং। অমৃতমিবেত্যর্থঃ ॥ ২ ॥

মম সংশয়বিষয়মর্থং পশ্চাৎ প্রক্ষ্যামি অধুনা তাবৎ তদুক্তং বচঃ অধ্যাত্মযোগেন গ্রথিতং দুর্ব্বোধং সুবোধং যথা ভবত্যেবং ব্যাখ্যাহি কৌতূহলযুক্তমনসো মম কৃতে ॥ ৩ ॥

মার্ত্তণ্ডতাপে পরিসন্তপ্ত ব্যক্তির পক্ষে শীতল জল যেমন তাহার তাপোপশমন করিয়া থাকে, সেইরূপ একান্ত নিকৃষ্ট বিষ্ঠাদিতে পরিপূর্ণ এই কলেবরে বিষম অভিমানরূপ বিষধরের দংশনে বিবেকান্ধ আমার ন্যায় ব্যক্তির পক্ষে আপনার উপদেশ বাক্য সর্ব্বদোষ নিবারণে অপূর্ব্ব অমৃততুল্য উপাদেয় বলিয়াই অনুভূত হইতেছে ॥ ২ ॥

আপনি সর্ব্বজ্ঞ! যে সকল বিষয়ে আমার সংশয় আছে, তাহা পরে

যদাহ যোগেশ্বর দৃশ্যমানং ক্রিয়াফলং সদ্ব্যবহারমূলং।
ন হ্যঞ্জসা তত্ত্ববিমর্শনায় ভবানমুষ্মিন্ ভ্রমতে মনো মে ॥ ৪ ॥

অন্বয়ঃ।

হে যোগেশ্বর! (প্রত্যক্ষাদিভিঃ) দৃশ্যমানং অতঃ সৎ অবাধিতং, ক্রিয়াফলং দুঃখসুখাদিকং ব্যবহারমূলং এব অঞ্জসা পরমার্থতঃ তত্ত্ববিমর্শনায় ন ভবতি ইতি যৎ ভবান্ আহ অমুষ্মিন্ অর্থে, মে মম, মনঃ ভ্রমতি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ত্বয়োদিতং ব্যক্তং অবিপ্রলব্ধমিত্যাদিনা ভারবহনাদিক্রিয়াচ তৎফলঞ্চ শ্রমাদি প্রত্যক্ষাদিভি দৃশ্যমানং সৎ অবাধিতমপি ব্যবহারমাত্রমূলং যথা সতঃ অবাধিতস্য ব্যবহারস্য মূলং কারণমপি ন হ্যঞ্জসা তত্ত্ববিমর্শনায় ক্ষমমিতি ভবান্ যদাহ অমুষ্মিন্নর্থে মে মনো ভ্রমতি ॥৪

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে যোগেশ্বর যত্তবানাহ। দৃষ্টঃ শ্রমঃ কর্ম্মত ইত্যাদি মদুক্তৌ ভারবহনাদিক্রিয়া তৎফলঞ্চ শ্রমাদি প্রত্যক্ষাদিভির্দৃশ্যমানং সৎ বিদ্যমানং ব্যবহারমাত্রমূলং তত্ত্ববিমর্শনায় দৃষ্টান্তাদিনাপি তত্ত্বজ্ঞানমুপকর্ত্তুং ন ক্ষমমিতি। অমুষ্মিন্ ত্বদ্বচনে ভ্রমতে স্পষ্টস্যাভিপ্রায়স্যাপ্রাপ্ত্যা মনো ভ্রমতি ॥ ৪ ॥

জিজ্ঞাসা করিব! সম্প্রতি ভবদীয় অধ্যাত্ম-যোগ-গ্রথিত যুক্তিপূর্ণ উপদেশ-বাক্যসমূহ অতীব দুর্ব্বোধ্য জ্ঞান হইতেছে; কিন্তু যাহাতে আমি সহজে ধারণা করিতে পারি, আপনার মুখে তাহা শ্রবণার্থ আমার একান্ত কৌতুহল জন্মিয়াছে; অনুগ্রহ পূর্ব্বক আপনি তাহা বর্ণন করুন্ ॥ ৩ ॥

হে যোগেশ্বর! প্রত্যক্ষাদি প্রমাণের দ্বারা স্পষ্টই প্রতীয়মান যে, ক্রিয়াজনিত সুখ দুঃখাদি সত্য; কিন্তু আপনি তাহাকে কেবল ব্যবহারিক সত্য বলিয়াই উপেক্ষা করিলেন! পারমার্থিক তত্ত্ববিচারে তাহার কোন অস্তিত্ব নাই বলিয়া যে প্রকাশ করিতেছেন, এতচ্ছ্রবণে আমি নিতান্ত বিমুগ্ধ হইয়াছি। আমার মন ইহা কিছুতেই ধারণা করিতে সমর্থ হইতেছে না ॥ ৪ ॥

ব্রাহ্মণ বলিলেন, হে ক্ষিতিপতে! আপনি বিবেচনা করিয়া দেখুন্! যে, যে সকল লোক আপনার শিবিকার এই ভার বহন করিতেছে, তাহারাও এই পৃথিবীর পরিণামে সমুৎপন্ন হইয়া কোন কারণে পৃথিবীতে বিচরণ পূর্ব্বক ভার-

আভাস।

আমরা কায়িক শ্রম প্রত্যক্ষ দেখিতে পাইতেছি। আপনি কিন্তু তাহাকে কাল্পনিক বলিয়া কি প্রকারে যে উপেক্ষা করিতে বলিতেছেন, প্রথমত তাহা বর্ণন করুন্! পরে আমার অন্যান্য সন্দেহের বিষয় জিজ্ঞাসা করিব ॥ ৩ ॥ ৪ ॥

ব্রাহ্মণ উবাচ ॥

অয়ং জনো নাম চলন্ পৃথিব্যাং যঃ পার্থিবঃ পার্থিবকস্য হেতোঃ।
তস্যাপি চাঙ্‌ঘ্র্যোরধি-গুল্ফ-জংঘা-জানূরু-মধ্যোর-শিরোধরাংসাঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

ব্রাহ্মণঃ উবাচ। হে পার্থিব! যঃ পার্থিবঃ পৃথিবীবিকারঃ সঃ এব কস্য হেতোঃ পৃথিব্যাং চলন্ অয়ং ভারবাহকাদিঃ জনঃ নাম প্রসিদ্ধঃ। (স্থাল্যাদিদৃষ্টান্তেন দেহাদিসম্বন্ধাৎ আত্মনঃ শ্রমাদ্যুক্তং তদপি তদা স্যাৎ যদি দেহাদি নিরূপয়িতুং শক্যতে। তদেব দুর্ঘটং ইত্যাহ) তস্য দেহত্বেন অভিমতস্য অঙ্‌ঘ্র্যোঃ অধি উপরি উপরি গুল্ফ-জংঘা-জানূরু-মধ্যোরঃ-শিরোধরাংসাঃ অবয়বাঃ সন্তি ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

অবাধিতত্বমেবাসিদ্ধমিত্যাহ। হে পার্থিব যঃ পার্থিবো বিকারঃ সএব কস্য হেতোঃ কস্মাচ্চিৎ কারণাৎ পৃথিব্যাং চলন্ অয়ং ভারবাহকাদির্জনো নাম প্রসিদ্ধঃ। যশ্চ ন চলতি স পাষাণাদিরিত্যেতাবানেব ভেদঃ। তস্যচ জড়ত্বান্ন ভারঃ শ্রমশ্চ। কিঞ্চ ভবেদেবং যদি শ্রমস্যাশ্রয়ো নিরূপ্যেত। নত্বেতদস্তি অবয়ববত্যতিরেকেণ শ্রমাশ্রয়স্যাবয়বিনো হনিরূপণাদিত্যাশয়েনাহ তস্যাপি পৃথ্বীবিকারস্যাপি অঙ্‌ঘ্র্যোরধি উপর্য্যুপরি গুল্ফাদয়ঃ। উরসঃ সলোপ-আর্ষ্যঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পূর্ব্বং স্বমতেন ভঙ্গ্যা দত্তমপ্যুত্তরমবুদ্ধৈব পুনঃ পৃচ্ছন্তং রাজানমবজানন্নিব ভো রাজং-স্তব ব্যবহারোহয়মপ্রমাণ এবেতি মতান্তরমাশ্রিত্যাহ পুনঃ প্রত্যাহ। অয়ং জনো ভারবাহকঃ নাম প্রসিদ্ধঃ পার্থিবঃ পৃথিব্যা বিকারঃ কস্যাপি হেতোশ্চলন্ ভবতি। যস্তু ন চলতি সতু পাষাণাদিরিত্যেতাবানেব ভেদঃ। তস্যাপি পার্থিবস্য অঙ্‌ঘ্রী পৃথিব্যা উপরিস্থৌ। অঙ্‌ঘ্র্যোরধি উপর্য্যুপরি গুল্ফাদয়ঃ। উরসঃ সলোপ আর্ষঃ ॥ ৫ ॥

বাহী ব্যক্তি বলিয়া পরিচিত হইতেছে। আপনি স্থালীর দৃষ্টান্তে দেহসম্বন্ধ-নিবন্ধন আত্মার শ্রম হয়, এই কথা বলিয়াছেন। অবশ্য এতদুত্তরে যদি দেহকে পৃথক্‌ভাবে নিরূপণ করা যাইতে পারে, তাহা হইলে ঐ যুক্তি স্বীকার্য্য বটে; কিন্তু ইহার নিরূপণ অতীব দুর্ঘট। কারণ যাহাকে দেহ বলিয়া স্বীকার করা যাইতেছে, সেই দেহে চরণদ্বয়ের ঊর্দ্ধে উপর্য্যুপরি গুল্ফ, জঙ্ঘা, জানু, উরু, মধ্যদেশ, বক্ষ, শিরোদেশ ও অংসাদি নানা অবয়ব দেখিতে পাওয়া যায় ॥৫॥

আভাস।

কর্ত্তার কর্ম্ম-জনিত শ্রমাদি হইয়া থাকে বলিয়া রাজার যে বিশেষ সংশয় হইয়াছিল, তাহার নিরাকরণার্থ ব্রাহ্মণ রাজাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রাজন্! তত্ত্বের অনুসন্ধান পূর্ব্বক আপনি শ্রান্ত বা ক্লিষ্টের মীমাংসা করুন্! উপস্থিত ব্যাপারে আপনি কাহার ক্লেশ

অংসেঽধিদার্ব্বী শিবিকাচ যস্যাং সৌবীররাজেত্যপদেশ আস্তে।

অন্বয়ঃ।

অংসে স্কন্ধে, চ অধিষ্ঠিতা দার্ব্বী শিবিকা অস্তি, যস্যাং শিবিকায়াং, সৌবীররাজঃ ইতি অপদেশঃ নাম মাত্রং যস্য বস্তুতস্তু পৃথিবীবিকারঃ এব ভবদ্দেহঃ আস্তে; যস্মিন্ দেহে ভবান্ শ্রীধরস্বামী।

শিবিকায়ামপি অবয়বী নাস্তি ত্বয্যপি নাস্তি তদাহ সৌবীররাজেত্যপদেশো নাম যস্য শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অংসে স্কন্ধে দার্ব্বী দারুবিকারঃ শিবিকা যস্যাং সৌবীররাজঃ ইত্যপদেশো নাম মাত্রং যস্য সঃ পার্থিবো বিকার আস্তে যস্মিন্ ভবান্ রাজাস্মীত্যভিমানেনৈবাস্তে নতু বস্তুতঃ। অত্র পৃথিব্যাদীনাং শিবিকান্তানাং ভারবহনাৎ কিং সর্ব্বেষাং শ্রমঃ উত কস্যাচিৎ কস্যাচিৎ। ন তাবৎ সর্ব্বেষাং পৃথিব্যাঃ শিবিকায়াশ্চ শ্রমাদর্শনাৎ অঙ্ঘ্র্যাদীনাং শ্রম উপলভ্যতে ইতি চেন্ন শিবিকায়া অভাবে গুলফাদিভারবাহিনামপি তেষাং শ্রমানুপলব্ধেঃ অঙ্ঘ্র্যাদ্যবয়বিনঃ শিবিকা-বহনাৎ শ্রম ইতি চেৎ অবয়বেভ্যঃ পৃথগবয়বিনঃ শ্রমাশ্রয়স্যানিরূপণাৎ। নন্বস্তু নাস্তু বা

ইহাদের স্কন্ধদেশে দারুময়ী শিবিকা আছে; ঐ শিবিকায় সৌবীররাজ নামে প্রকৃতপক্ষে পৃথিবীর বিকারভূত একটী দেহ আরূঢ় আছে; যাহাতে

আভাস।

বলিতে ইচ্ছা করেন? কারণ ভারবাহী বলিয়া এস্থলে যদি কেবল দেহকেই লক্ষ্য করেন, তাহা হইলে দেহের সকল ভার এক অঙ্ঘ্রিদ্বয়ের উপরই ন্যস্ত রহিয়াছে। অঙ্ঘ্রি দেহের হস্ত-পদাদি যাবতীয় অবয়ব ও শিবিকা এবং শিবিকার মধ্যস্থ আপনাকেও বহন করিতেছে। সুতরাং সকল ক্লেশ এক অঙ্ঘ্রিদ্বয়েরই হওয়া উচিত; কিন্তু অঙ্ঘ্রি একটী পার্থিব অবয়ব বিশেষ; সুতরাং জড় পদার্থ। জড়ে কোন উপলব্ধির সামর্থ্য নাই। একটী অজড় অবয়বীর প্রয়োজন, যথায় উপলব্ধির সামর্থ্য আছে এবং তাহা অবয়ব সন্নিবেশ হইতে অবশ্য পৃথক্ হইবে। সমস্ত দেহ দেখিলেই যে অবয়বীর নিরূপণ হয়, তাহা নহে। কারণ সমগ্র অবয়বই পার্থিব পরমাণুর একত্রীভাবে রচিত ও জড় পদার্থ। একটী দেহ শিবিকা বহন করিতেছে, অপর দেহ শিবিকায় আরোহণ পূর্ব্বক ক্লেশের অনুমান করিতেছে। তখন অবশ্যই স্বীকার্য্য যে, ভার বহন না করিলেও ক্লেশ অনুভব হইয়া থাকে; নতুবা আপনি শিবিকায় আরোহণ করিয়াও বহনের ক্লেশ অনুভব করিতেন না! অতএব স্বয়ং বহন না করিয়াও যখন বহনের ক্লেশ অনুভব করিতেছেন, তখন বহনে ক্লেশ নহে; অভিমানের ক্লেশ। এক ব্যক্তির কলেবরে প্রচণ্ড আঘাতজনিত অজস্র রুধির-বর্ষণ নয়নগোচর করিয়া, অন্য ব্যক্তি মূর্চ্ছিত হয়; তখন সে মূর্চ্ছা অধ্যাসে ঘটিয়াছে। অবলোকনকারী পরের রক্তপাত আপনাতে আরোপ করত মূর্চ্ছিত হইল, অথচ আহত ব্যক্তি উপেক্ষা-বলে শান্ত থাকে। অতএব উপেক্ষার-বলে উদাসীন এবং অপেক্ষার অনুরোধে ক্লিষ্ট বা শ্রান্ত, হৃষ্ট

যস্মিন্ ভবান্ রূঢ়নিজাভিমানো রাজাস্মি সিন্ধুষিতি দুর্ম্মদান্ধঃ ॥ ৬ ॥
শোচ্যানিমাং স্ত্বং হ্যধিকষ্টদীনান্ বিষ্ট্যা নিগৃহ্নন্ নিরনুগ্রহোঽসি।
জনস্য গোপ্তাস্মি বিকত্থমানো ন শোভসে বৃদ্ধসভাসু ধৃষ্টঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

রূঢ়নিজাভিমানঃ কৃতাত্মাধ্যাসঃ, সিন্ধুষু দেশবিশেষেষু, অহং রাজা অস্মি ইতি দুর্ম্মদান্ধঃ তিষ্ঠতি ॥৬॥

ইমান্ অধিকেন কষ্টেন দীনান্ শোচ্যান্ (এতেষাং শিবং কথং স্যাৎ ইতি চিন্তয়া অনুগ্রহপাত্রভূতান্) বিষ্ট্যা বলাৎকারেণ, নিগৃহ্নন্ ত্বং নিরনুগ্রহঃ দয়ারহিতঃ এব অসি। অতঃ অহং জনস্য গোপ্তা অস্মি ইতি বিকত্থমানঃ শ্লাঘমানঃ, ধৃষ্টঃ অন্তর্ধূর্ত্তঃ ত্বং বৃদ্ধসভাসু (বৃদ্ধানাং বিবেকিনাং সভাসু) ন শোভসে ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

স পার্থিবো বিকার আস্তে। রাজেতি সন্ধিরার্ষঃ। যস্মিন্ ভবান্ নিরূঢ়াত্মাভিমানঃ সিন্ধুষু রাজাস্মীতি দুর্ম্মদেনান্ধঃ সন্ ॥ ৬ ॥

শোচ্যানিমান্ বিষ্ট্যা নিগৃহ্নন্ নিষ্কৃপো বর্ত্তসে। অতো মিথ্যৈব গোপ্তাস্মীতি শ্লাঘমানো মহতাং সভাসু ন শোভসে যতো ধৃষ্টঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবশ্যমী ভারবাহিনঃ শ্রমদুঃখমনুভূয়ত এবেতি চেদেতদপি নৈকান্তিকং। অতিসুকুমার্য্যা অপি রত্নালঙ্কারান্ বহন্ত্যাঃ স্ববালকং চ বহন্ত্যাঃ শ্রমদুঃখানুপলব্ধে স্তস্মাদভিমানবিশেষেণৈব দুঃখং সুখং চ যথা রাজাস্মীতি দুর্ম্মদেন দুরভিমান-মত্ততয়া অন্ধঃ কিমপি ন পশ্যসীত্যেতদেব তব সুখং নিরভিমানানাস্ত ন তে দুঃখসুখে ইতি ভাবঃ ॥ ৬ ॥

জ্ঞানাভাবেঽপি রাজ্ঞঃ প্রজাশাসনং ধর্ম্ম এবেতি যদুক্তং তত্রাহ শোচ্যানিতি বিষ্ট্যা নিগৃহ্নন্নিতি ঈদৃশমেব নির্দয়স্য তব প্রজাশাসনং ধর্ম্ম এব ধৃষ্ট ইতি তদ'''চ্যুতস্য কিঙ্করোস্মীতি জিজ্ঞাসুরস্মীতি কস্মৎ ইতি ভাবঃ ॥ ৭ ॥

আপনি আত্মাধ্যাস করত সিন্ধুদেশের অধিপতি বিবেচনায় ঘোর অভিমানে অন্ধ হইয়া অবস্থান করিতেছেন ॥ ৬ ॥

নিদারুণ যাতনায় একান্ত ক্লিষ্ট এই ব্যক্তিগণের প্রতি দুঃখ প্রকাশে আপনি

আভাস।

বা আকৃষ্ট হয়; অতএব আরূঢ় দেহে আপনি আত্মাভিমানে প্রমত্ত; সুতরাং পরকীয় ক্লেশ আপনাতে আরোপ করত দুঃখিতের ন্যায় পরিচয় দিতেছেন এবং আমি দেহাধ্যাস বিসর্জ্জন করায়, শিবিকা বহন করিয়াও কোনক্রমে দুঃখী বা ক্লিষ্ট হইতেছি না ॥ ৫ ॥ ৬ ॥

প্রজার পালন করা রাজার ধর্ম্ম বটে; কিন্তু কার্য্যে তাহা করা আবশ্যক; কেবল কথায় বলিলে হয় না। রাজা রহূগণ প্রজাপালনের ছলনায় বলপূর্ব্বক প্রজাগণকে স্বীয় শিবিকাবহনে নিযুক্ত করিয়াছিলেন বলিয়া ভরত তাঁহার দোষেরই কীর্ত্তন করিয়াছিলেন ॥ ৭ ॥

যদা ক্ষিতাবেব চরাচরস্য বিদাম নিষ্ঠাং প্রভবঞ্চ নিত্যং।

অন্বয়ঃ।

যদা চরাচরস্য কার্য্যজাতস্য দেহস্য ক্ষিতৌ এব নিষ্ঠাং (বর্ত্তমানকালে স্থিতিং বিনাশানন্তরং লয়ং চ) ততঃ এব প্রভবং উৎপত্তিং চ নিত্যং নিয়মেন, ব্যবহারাবস্থায়াং বিদাম বিদ্মঃ

শ্রীধরস্বামী।

নচোত্তরোত্তরাবয়বভারঃ পূর্ব্বপূর্ব্বাবয়বানাং ভবেদিতি বাচ্যং। তেষামপি অনিরূপণাৎ ইত্যাশয়েনাহ যদেতি। নিষ্ঠাং নাশং। প্রভবমুৎপত্তিং বিদাম বিদ্মঃ। তত্তদা ক্ষিতে রন্যস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নম্বভিমানশূন্যস্য মুক্তস্যাপি প্রারব্ধসুখদুঃখভোগশ্রবণাৎ তবাপি ভারবহনক্রিয়াফলস্য শ্রমস্য প্রত্যক্ষাদিভি দৃশ্যমানত্বেনাবাধিতত্বাদ্ব্যবহারস্যাপ্রামাণ্যং ত্বদুক্তং ন ঘটত ইতি চেৎ সত্যং। মুক্তানাং মাদৃশানাং বাধিতানুবৃত্ত্যৈব দুঃখসুখাভাসো যথা স্বপ্নাৎ প্রবুদ্ধস্য জনস্য স্বপ্নদৃষ্টসর্পস্য মিথ্যাত্বজ্ঞানেঽপি কিয়ৎক্ষণপর্য্যন্তং ভয়কম্পাবকিঞ্চিৎকরাবেব

বলিয়াছিলেন যে, অহো! ইহাদের মঙ্গল কি উপায়ে হইতে পারে? ইহারা প্রকৃত কৃপার পাত্র! মনে মনে আপনি এইরূপ বিচার করিয়াও, যখন বলপ্রয়োগে স্বীয় শিবিকাবহনে ইহাদিগকে নিযুক্ত করিয়াছেন, তখন সম্পূর্ণ নিষ্ঠুরতারই পরিচয় দিয়াছেন, সন্দেহ নাই। অতএব "আমি লোকের দুঃখহর্ত্তা প্রজাপালক" বলিয়া মুখে আত্মশ্লাঘা করিলে, কেবল ধূর্ত্ততারই পরিচয় দেওয়া হইতেছে। এরূপ আচরণে আপনি বিবেকীর সভায় কখন সমাদৃত হইবেন না ॥ ৭ ॥

স্থাবরজঙ্গমাত্মক যাবতীয় উৎপন্ন কলেবরই ক্ষিতির উপর নির্ভর দিয়া বিদ্যমান এবং বিনষ্ট হইয়া ক্ষিতিতেই লীন হয় এবং ক্ষিতি হইতেই সমুৎপন্ন

আভাস।

অভিমানশূন্য মুক্তপুরুষেরও যখন প্রারব্ধজনিত সুখদুঃখাদির ভোগ অবশ্যম্ভাবী, তখন দ্বিজবর ভরত শিবিকাবহন-জনিত শ্রমের উপলব্ধি কেন করিবেন না? এই আশঙ্কার উত্তর প্রদানার্থ ভরত বলিলেন যে, মুক্তপুরুষের ও বদ্ধপুরুষের ভোগের মধ্যে অনেক পার্থক্য আছে। স্বপ্নদর্শন-কালে শয়ান পুরুষ স্বাপ্নিক বস্তু সর্পাদিকে সত্য বলিয়াই মনে করে; সুতরাং জাগ্রতের সত্য বস্তুর ন্যায়, তাহা হইতে ক্লেশানুভবও করিয়া থাকে; কিন্তু যে ব্যক্তি স্বপ্ন হইতে প্রবুদ্ধ হইয়াছেন, তিনি স্বপ্নদৃষ্ট পদার্থকে স্পষ্টত মিথ্যা বলিয়া তৎকালে অবধারণ করিলেও, কিয়ৎকাল ভয়কম্পাদির ভোগ করিয়া থাকেন মাত্র; সেইরূপ জ্ঞানী ক্ষুৎপিপাসাদিবিশিষ্ট দেহকে মুক্তিকালাবধি অবলম্বন করিয়া অবস্থান করিলেও, সমস্তই যে মায়ার রচিত বস্তু! পরমার্থত সত্য নহে, তাহা বিলক্ষণ উপলব্ধি করেন। অর্থাৎ বিভিন্ন নাম ও রূপ লইয়া যত প্রকার বস্তুই পৃথিবীতে পরিদৃষ্ট হউক্ না, সকলই এক পৃথিবীরই পরিণামে

তন্নামতোঽন্যদ্ব্যবহারমূলং নিরূপ্যতাং সৎক্রিয়য়ানুমেয়ং ॥ ৮ ॥

অন্বয়ঃ ।

তৎ তদা, নামতঃ তত্তন্নাম্না ব্যবহ্রিয়মাণাৎ পৃথিবীপদার্থাৎ অন্যৎ সৎক্রিয়য়া অনুমেয়ং ব্যবহারস্য মূলং কারণং (কিং বস্তু অস্তি) তৎ নিরূপ্যতাং ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

বিকারস্যাভাবাৎ নামমাত্রাদন্যৎ ব্যবহারস্য মূলং কারণং অর্থক্রিয়য়া সদিত্যনুমেয়ং নিরূপ্যতাং। তথাচ শ্রুতিঃ বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যমিতি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপ্রবুদ্ধানাস্তু স্বাপ্নিকঃ সর্পঃ সত্য এব ভাতি যথা যুষ্মাকং ব্যবহার স্তদপি ব্যবহারস্যাসত্যত্বং যুক্ত্যা দর্শয়ামি শৃণ্বিত্যাহ যদেতি। চরাচরস্য জগতঃ ক্ষিতাবেব নিষ্ঠাং নাশং প্রভবমুৎপত্তিঞ্চ বিদাম বিদ্মস্তস্মাৎ সর্ব্বেষাং বিকারাণাং ক্ষিতিভিন্নত্বাভাবাৎ নামমাত্রাদন্যদ্ব্যবহারস্য মূলং কারণং অর্থক্রিয়য়া সদেত্যনুমেয়ং নিরূপ্যতাং যদি তে সুক্তিঃ প্রতিভাতীতি ভাবঃ। তথাচ শ্রুতিঃ। বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যমিতি ॥ ৮ ॥

এবং ব্যবহারকালেও ঐ রূপেই পরিচিত হইয়া থাকে; তখন স্ব স্ব নামে ব্যবহৃত পৃথিবী পদার্থ হইতে পৃথক্ অথচ কার্য্যগম্য পদার্থের অন্য কারণ আর কি আছে? তাহা আপনি বিবেচনা পূর্ব্বক নিরূপণ করিয়া বলুন্! ॥ ৮ ॥

আভাস।

গঠিত; প্রকৃত প্রস্তাবে সকলই মৃণ্ময়। সামবেদীয় ছান্দগ্যোপনিষদে উক্ত আছে, "ঘট শরাবাদি ভেদে যত প্রকার বস্তুই কুম্ভকার প্রস্তুত করে, সকলই এক মৃত্তিকা উপাদানে গঠিত হইয়া, বিভিন্ন নামে সংজ্ঞিত হয় মাত্র; কিন্তু সকলগুলির আদিতে ও অন্তে এক মৃত্তিকাই থাকে, সেইরূপ এই চরাচর সংসার এক প্রকৃতি হইতে উৎপন্ন হইয়া, মধ্য দশায় যত প্রকার নাম ও রূপে পরিচিত হউক্ না, অন্তে এক প্রকৃতিতেই পর্য্যবসিত হইবে। তখন তাহার উপস্থিত সত্তা কল্পনার গহ্বরে সন্নিহিত হইবে। উপস্থিত বস্তুসমূহ যেমন ক্ষিতিতে বিলীন হইবে, ক্ষিতি ও আবার পরমাণুরূপে পর্য্যবসিত হইবে। তখন ক্ষিতি এই শব্দ আর থাকিবে না; পরমাণু নামে অভিহিত হইবে। পরমাণু ও নিত্য বস্তু নহে। কারণ মূর্ত্ত মাত্রেরই ধ্বংস হইয়া থাকে; সুতরাং পরমাণুরূপ অবয়ববিশেষের সংস্থানে যখন তদপেক্ষা স্থূল ক্ষিতির সত্তা দৃষ্ট হইয়াছিল, তখন সাধারণ দৃষ্টিতে পরমাণু অতি ক্ষুদ্র ও অবিভাজ্য হইলেও, তাহার সত্তা এবং স্থূলতা অবশ্যই স্বীকার করিতে হইবে। কারণ পরমাণুর স্থূলতাদি স্বীকার না করিলে, অনন্ত কোটি পরমাণুর একত্রীকরণেও স্থূল ও মহৎ পৃথিবীর উৎপাদন অসম্ভব হইয়া পড়িবে। কারণ "নাসতো বিদ্যতে ভাবঃ "ইতি স্মৃতির বলে," পরমাণুতে স্থূলতা ও মহত্ত্ব অবশ্য ছিল বলিয়াই, তাহা হইতে এই অবয়ববিশিষ্ট পৃথিবীও উৎপন্ন হইয়াছে। অতএব পরমাণুরও অবয়ব আছে; সুতরাং তাহারও অংশত বিশ্লেষ ঘটে এবং

এবং নিরুক্তং ক্ষিতিশব্দবৃত্তমসন্নিধানাৎ পরমাণবো যে।
অবিদ্যয়া মনসা কল্পিতাস্তে যেষাং সমূহেন কৃতো বিশেষঃ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

ক্ষিতিশব্দবৃত্তং (বাচকত্বেন বর্ত্তনং যস্মিন্ তৎ অপি বস্তু) এবং দেহবৎ স্বাবয়বব্যতিরেকেণ অসন্নিধানাৎ (অসৎসু অতিসূক্ষ্মেষু স্বকারণভূতেষু পরমাণুষু নিধানাৎ লয়াৎ তদ্ব্যতিরেকেণ নিরূপয়িতুং অশক্যত্বাৎ) অসত্ত্বেন নিরুক্তং। তথা যেষাং সমূহেন বিশেষঃ পৃথিবী-বুদ্ধ্যালম্বনপদার্থঃ এব কৃতঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

তর্হি ক্ষিতেঃ সত্যতা স্যাৎ তত্রাহ। এবং ক্ষিতিশব্দস্যাপি বৃত্তং বর্ত্তনং অর্থং রিনৈব নিরুক্তং। যদ্বা ক্ষিতিশব্দস্য বৃত্তং যস্মিন্ তদপি মিথ্যাত্বেন নিরুক্তমিত্যর্থঃ। কুতঃ অসৎসু সূক্ষ্মেষু পরমাণুষু স্বকারণভূতেষু নিধানাৎ লয়াৎ। অতঃ পরমাণুব্যতিরেকেণ ক্ষিতি-র্নাস্তীত্যর্থঃ। পরমাণব স্তর্হি সত্যাঃ স্যু স্তত্রাহ। তে মনসা কার্য্যানুপপত্ত্যা বাদিভিঃ কল্পিতাঃ। কল্পনাবীজমাহ যেষাং সমূহেন বিশেষঃ কৃতঃ। যেষাং সমূহঃ পৃথ্বীবুদ্ধ্যালম্বনমিত্যর্থঃ। অবয়বিনো নিরস্তত্বাৎ সমূহগ্রহণং তথাপি সত্যাঃ স্যুঃ। ন অবিদ্যয়া প্রপঞ্চস্য ভগবন্মায়া-বিলসিতত্বাৎ অজ্ঞানেন কল্পিতাঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্হি ক্ষিতেঃ সত্যতা স্যাত্তত্রাহ। এবং ক্ষিতিশব্দস্যাপি বৃত্তং বর্ত্তনং সত্তা নামমাত্র এবেত্যর্থঃ। কুতঃ অসৎসু সূক্ষ্মেষু পরমাণুষু স্বকারণেষু নিধানাদন্বয়াৎ। অতঃ পরমাণু-ব্যতিরেকেণ ক্ষিতি র্নাস্তীত্যর্থঃ। পরমাণবস্তর্হি সত্যাঃ স্যু স্তত্রাহ অবিদ্যয়া অজ্ঞানেনৈব হেতুনা মনসা তে কার্য্যানুপপত্ত্যা কল্পিতা বাদিভিরতোঽসত্যা এবেত্যর্থঃ। কল্পনাবীজমাহ যেষাং সমূহেন বিশেষঃ পৃথিবীশব্দবাচ্যোঽর্থঃ কৃতঃ। অবয়বিনো নিরস্তত্বাৎ সমূহ-গ্রহণং ॥ ৯ ॥

এদিকে ক্ষিতিনামে যাহাকে অভিহিত করা হয়, সে বস্তুও অবয়ব-সন্নিবেশে সমুৎপন্ন। স্বকীয় অবয়ব ব্যতিরেকে তাহার নিজেরও সত্তা নাই; এবং অন্তে স্বীয় কারণভূত অতি সূক্ষ্ম অবয়বস্বরূপ পরমাণুতে লীন হইয়া আপনার অস্তিত্ব পরিত্যাগ করে। কারণ পরমাণু ব্যতীত পৃথিবীর পৃথক্ অস্তিত্ব নাই; পরমাণুর সমবায় দ্বারা যে পদার্থ উৎপন্ন হয়, তাহাকেই আমরা পৃথিবী বলিয়া অবধারণ করি। কিন্তু সেই পরমাণুও মনরূপ অবিদ্যার দ্বারাই রচিত হইয়াছে ॥ ৯ ॥

আভাস।

বিলয় হয়। এই প্রকারে স্থূল কৃশ প্রভৃতি গুণও উৎপন্ন পদার্থ; মৃত্তিকা সমীপে ঘটের ন্যায়, এক পরমাণু প্রকৃতির সমীপে উৎপন্নের ন্যায় প্রতীয়মান হইতেছে। জড়ের ন্যায় জীবভাবও

এবং কৃশং স্থূলমণুর্ব্বৃহদ্যদসচ্চ সজ্জীবমজীবমন্যৎ।
দ্রব্য-স্বভাবাশয়-কাল-কর্ম্ম-নাম্নাজয়াবেহি কৃতং দ্বিতীয়ং ॥ ১০ ॥

অন্বয়ঃ

এবং পৃথিবীবৎ অন্যৎ অপি যৎ কৃশং স্থূলং অণুঃ বৃহৎ মহৎ, অসৎ কারণং, সৎকার্য্যং, জীবং চেতনং, অজীবং জড়ং, দ্রব্যং মহাভূতাদি, স্বভাবঃ পরিণামহেতুঃ, আশ্রয়ঃ সংস্কারঃ কালঃ গুণক্ষোভহেতুঃ, কর্ম্ম ধর্ম্মাধর্ম্ম তত্তদ্ধর্ম্মবিশিষ্টং যৎ দ্বিতীয়ং দ্বৈতং তৎ দ্রব্যাদ্যাকারেণ পরিণতয়া তন্নাম্না ব্যবহ্রিয়মাণয়া অজয়া প্রকৃত্যা, এবং কৃতং ইতি অবেহি জানীহি ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

এবমন্যদপি কৃশত্বাদি ধর্ম্মকং বুদ্ধ্যা প্রতীতং দ্বিতীয়ং দ্বৈতং দ্রব্যাদি নাম্না উপলক্ষিতয়া অজয়া মায়য়া কৃতমবেহি। তত্র কৃশং হ্রস্বং স্থূলং তৎপ্রতিযোগি। অণুবৃহতোঃ পৃথগুপাদানাৎ। অসৎ কারণং সৎকার্য্যং জীবং চেতনং অজীবং জড়ং ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমন্যদপি কৃশত্বাদি ধর্ম্মকং দ্বিতীয়ং দ্বৈতং দ্রব্যাদিনাম্নোপলক্ষিতয়াঽজয়া কৃতমবেহি তত্র কৃশং সূক্ষ্মং। অণুরতিসূক্ষ্মং। বৃহৎ অতিস্থূলং। অসৎ কারণং। সৎকার্য্যং। জীবং সচেতনং। অজীবমচেতনং ॥ ১০ ॥

এই পৃথিবীর অন্যান্য সকল ভাবও এক মায়ার দ্বারা রচিত হইয়াছে। কৃশ, স্থূল, অণু, বৃহৎ, কারণ, কার্য্য, চেতন, জড়, মহাভূত, স্বভাব, সংস্কার, কাল ও ধর্ম্মাধর্ম্ম যে কোন দ্বৈত পদার্থ অনুভূত বা নয়নগোচর হইতেছে, এ সমস্তই এক প্রকৃতি; যিনি পূর্ব্বোক্ত নাম বা রূপে স্বয়ং পরিণত হইয়া, প্রকাশিত হইতেছেন। সমস্তই মহামায়া এক প্রকৃতিরই ভাবান্তর বলিয়া অবধারণ করুন্। ১০

আভাস

মায়ার বশে রচিত ও কল্পিত মাত্র। কারণ কূটস্থ চৈতন্যে বুদ্ধির কল্পনা হয় এবং এই বুদ্ধিতে চিতের প্রতিবিম্ব হইয়া, জীবত্বের রচনা হইয়া থাকে ॥ ৮—১০ ॥

সংসার যদি সকলই মায়াময় ও মিথ্যা হয়, তবে সত্য কি? এই প্রশ্নের উত্তর প্রদানার্থ দ্বিজোত্তম ভরত এই শ্লোকে প্রকাশ করিলেন যে, জ্ঞানই নিত্য ও সত্য বস্তু; তদ্ভিন্ন সমস্তই মিথ্যা ও মায়াময়। কিন্তু এই জ্ঞানও ব্যবহারিক তত্ত্বে অনিত্য বলিয়া পাছে আশঙ্কা জন্মে, তজ্জন্য ছয়টী বিশেষণ পদ দ্বারা ইহার পারমার্থিক ভাবের পরিচয়ে নিত্যত্ব ও সত্যত্বের প্রতিপাদন করিয়াছেন। নিরুপাধিক জ্ঞানই পরমার্থ জ্ঞান নামে অভিহিত হইয়াছে। এবং ইহাই পরম তত্ত্ব। "বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্জ্ঞানমদ্বয়ং" অদ্বয় জ্ঞানই জ্ঞান এবং দ্বৈতজ্ঞানই অজ্ঞান। পরমাত্মতত্ত্বই আত্মজ্ঞান এবং বৃত্তিজ্ঞানই দ্বৈতজ্ঞান। চিত্তে উভয় জ্ঞানের উদ্ভাসন হইয়া থাকে বটে, কিন্তু বস্তু অবলম্বনে চিদাভাসের বৃত্তিই বৃত্তিজ্ঞান এবং বস্তু বা বৃত্তির পরিহার পূর্ব্বক বৃত্তিদ্রষ্টা চিদাভাসকে

জ্ঞানং বিশুদ্ধং পরমার্থমেকমনন্তরং ত্ববহি ব্রহ্ম সত্যং।

অন্বয়ঃ।

(ঐশ্বর্য্যাদি ষড়্‌গুণত্বেন) ভগবচ্ছব্দসংজ্ঞং যং কবয়ঃ বাসুদেবং বদন্তি তং প্রত্যক্ প্রশান্তং জন্মমরণাদি-বিকার-বর্জ্জিতং, বিশুদ্ধং নির্লিপ্তং, অনন্তরং তু অবহিঃ (ব্যাপকত্বেন বাহ্যাভ্যন্তর-

শ্রীধরস্বামী।

তর্হি কিং সত্যং তদাহ। জ্ঞানং সত্যং ব্যবহারিকসত্যত্বং ব্যাবর্ত্তয়তি পরমার্থং ইতি। বৃত্তিজ্ঞানং ব্যবচ্ছেদার্থানি ষড়্‌বিশেষণানি। বিশুদ্ধং তচ্চাবিদ্যকং একং তত্তু নানারূপং অনন্তরং ত্ববহি বাহ্যাভ্যন্তরশূন্যং। তত্তু বিপরীতং ব্রহ্ম পরিপূর্ণং তত্তু পরিচ্ছিন্নং প্রত্যক্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্হি কিং সত্যমিতি চেৎ পূর্ব্বোক্তং তত্ত্বমেব শব্দপ্রমাণবেদ্যং তচ্চ তত্ত্বং "বদন্তি তত্তত্ত্ব-বিদস্তত্ত্বং যজ্‌জ্ঞানমদ্বয়মিতি প্রথমস্কন্ধোক্তবদেবাহ। জ্ঞানং সত্যং কীদৃশং বিশুদ্ধং গুণাতীতং পরমোঽর্থো মোক্ষাদিকো যস্মাত্তৎ একমদ্বয়ং অনন্তরমবহির্বাহ্যাভ্যন্তরশূন্যং ব্যাপকমিত্যর্থঃ। তচ্চ জ্ঞানং ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যত ইত্যুক্তবদেবাহ ব্রহ্ম। ব্রহ্মশব্দবাচ্যং নির্ব্বিকল্পকং জ্ঞানিনামুপাস্যং। প্রত্যক্ প্রশান্তং পরমাত্মশব্দবাচ্যং যোগিনা-মুপাস্যং। প্রশান্তমিতি জীবাত্মব্যাবৃত্ত্যর্থং। ভগবচ্ছব্দঃ সংজ্ঞা যস্য তৎ ভক্তানামুপাস্যং। ষত্রিরূপং ইদমপি বাসুদেবং বসুদেবনন্দনং বদন্তি। পূর্ণং ব্রহ্ম সনাতনমিতি; কৃষ্ণায় পরমাত্মনে ইতি; ততস্ত ভগবান্ কৃষ্ণ ইত্যাদভ্যঃ। তত্রাপি ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি বিষ্ট-ভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগদিতি। বাসুদেবো ভগবতামিত্যাদিভ্যো বসুদেবনন্দন-স্যৈব পরমপূর্ণত্বং। অত্র ভগশব্দস্যৈশ্বর্য্যবাচিত্বাদৈশ্বর্য্যস্য চেশিতব্যাপেক্ষিতত্বাদীশিতব্যানাং মায়িকানাঞ্চোক্তযুক্ত্যা মিথ্যাত্বাত্তক্তা স্বদ্ধামবাসিন এব। ঈশিতব্যা নিত্যা অবগতা স্তেষাং তদ্ধাম্নশ্চ নিত্যসত্যত্বং ভগবত ইব শব্দপ্রমাণসিদ্ধমেব প্রথমস্কন্ধাদৌ প্রপঞ্চিতমেব। তথৈব মংসেবায়াস্তু নির্গুণেতি মন্নিকেতন্তু নির্গুণমিত্যাদিভিরেকাদশে ভক্তিসম্বন্ধিবস্তুমাত্রস্যৈব নিত্যসত্যত্বং প্রপঞ্চয়িষ্যতে চ। প্রকরণাভিপ্রায়শ্চায়ং ভো রাজন্ যুষ্মাকং প্রত্যক্ষাদি-প্রমাণ-

---

পূর্ব্বোক্ত সমস্তই মিথ্যা; এক সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ চিদানন্দস্বরূপ পরম ব্রহ্মই সত্য। কবিগণ সেই সর্ব্বময় বিশুদ্ধ সর্ব্বকারণকারণ সর্ব্বব্যাপী জন্মমরণাদি-

আভাস।

অবলম্বন বা তাহার স্বরূপের অভিনয়ে নিত্যোদিত স্বরূপজ্ঞানের প্রকটিত ভাবই সাক্ষি-জ্ঞান। চিত্তত্ত্ব এই সাক্ষিজ্ঞান যাবতীয় বিকল্পের সংশ্রব বা প্রতিবিম্বিত হইবার ভাব পরিহার করেন। এই পরম ভাব জ্ঞপ্তিস্বরূপ যে যে কারণে বৃত্তিজ্ঞান হইতে পৃথক্‌রূপে অনুভূত হন, তাহাই এই শ্লোকস্থ ছয়টী বিশেষণের দ্বারা পরিস্ফুট করা হইয়াছে। প্রকৃত প্রস্তাবে ইহা কিন্তু তটস্থ লক্ষণ; স্বরূপ লক্ষণে তাঁহার ব্যাখ্যা করা যায় না। এতদ্দ্বারা বৃত্তিজ্ঞানেরই স্বরূপ কীর্ত্তিত হইয়াছে। অর্থাৎ বিশেষণের দ্বারা তাঁহার দোষাসম্পৃক্তের

প্রত্যক্ প্রশান্তং ভগবচ্ছব্দসংজ্ঞং যদ্বাসুদেবং কবয়ো বদন্তি ॥ ১১ ॥

অন্বয়ঃ।

ব্যবহারাতীতং, এবং সর্ব্বাত্মকং পরমার্থং আনন্দরূপং, জ্ঞানং সর্ব্ববেদপ্রতিপাদ্যং ব্রহ্ম এব সত্যং ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

তত্তু বিষয়াকারং প্রশান্তং নির্ব্বিকারং তত্তু সবিকারং তদেবং স্বরূপং জ্ঞানং সত্যমিত্যুক্তং। কীদৃশং তং ঐশ্বর্য্যাদিষড়্গুণত্বেন ভগবৎশব্দসংজ্ঞা যস্য। যচ্চ জ্ঞানং বাসুদেবং বদন্তি ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সিদ্ধস্যাপি ব্যবহারস্য মায়াজীবস্য মায়ারচিতস্য নিত্যাঃ আবির্হিতাঃ ক্বাপি তিরোহিতাশ্চেত্যনেন স্বমতেন কালদেশাদিপরিচ্ছিন্নত্বান্নশ্বরত্বমঙ্গীকুর্ব্বতা কালদেশাদ্যপরিচ্ছিন্নে তত্ত্বে চিদ্ঘনবস্তুনি ব্যবহারো বৈজাত্যাদেব না শ্রীয়তে ইত্যুক্তং। তদপি ব্যবহারমেব পুনঃ পুনরুত্থাপয়সি চেদেনমন্যে বাদিনো মিথ্যৈবাচক্ষত ইতি তন্মতমুদাহৃতং। শব্দপ্রমাণসিদ্ধে তত্ত্বে তু তেহপি ন বিপ্রতিপদন্ত ইত্যন্তেন জ্ঞানং বিশুদ্ধমিতি পদ্যমুক্তমিতি। নন্নু দেহেন্দ্রিয়াদিব্যাপারঃ শ্রীকৃষ্ণস্যৈকনিষ্ঠো ভক্তিরিতি ভক্তির্লক্ষিতা। তস্যাশ্চ লক্ষণং ভক্তিযোগস্য নির্গুণস্যেত্যুদাহৃতমিতি ভগবদুক্তে নির্গুণত্বমবসীয়তে তচ্চ পরিণামবাদে কার্য্যস্য সত্ত্বাৎ। প্রাকৃতদেহেন্দ্রিয়াদীনামেব ভক্তিসংসর্গেণাপ্রাকৃতত্বং স্পর্শমণিন্যায়েনৈব সাধু বুদ্ধ্যামহে। বিবর্ত্তবাদেতু কার্য্যমাত্রস্যৈবাসত্ত্বাৎ দেহেন্দ্রিয়াদীনাং মিথ্যাভূতত্বাদ্ভক্তেঃ স্থিতিরেব নাস্তি কুতস্তস্যা নির্গুণত্বং ঘটতাং তথাহি নির্গুণাং ভক্তিময়মুপদেষ্টব্য ইতি গুরূপদেশকালে উপদেষ্টব্যজনস্য মিথ্যাভূতত্বাদাকাশক্ষেত্রে বীজবপনমিব গুরূপদেশ এব তাবন্ন ভবেৎ। কুতঃ কৃষ্ণভক্তিঃ কুতস্তরাং তদভ্যাসেন প্রেমোদয়ঃ কুতস্তমাং তেন ভগবদ্বশীকার ইতি। সত্যং মহাচিন্ত্যশক্তৌ ভগবতি কাপ্যসংভাবনা ন ভাবনীয়া। যদুক্তং স্বয়ং ভগবতৈব। এষা বুদ্ধিমতাং বুদ্ধির্মনীষাচ মনীষিণাং। যৎ সত্যমনৃতেনেহ মর্ত্ত্যেনাপ্নোতি মামৃতমিতি।

সর্ব্ব-বিকার-শূন্য জ্ঞানময় চিদানন্দ ভাবকেই ভগবান্ নামে অভিহিত করিয়া থাকেন ॥ ১১ ॥

আভাস।

পরিচয়ই প্রদান করা হইয়াছে। বিশুদ্ধ অর্থাৎ বৃত্তি-বিরহিত নির্ম্মল জ্ঞানই সত্যস্বরূপ। এই জ্ঞানের কখন বিলোপ হয় না। ইহা জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি সমূহকে এবং বাল্য, যৌবন ও বার্দ্ধক্যাদি অবস্থাত্রয়কে সমান ভাবে অবলোকন করেন। অতএব সৃষ্টি, স্থিতি (পালন) এবং সংহারকে যে জ্ঞান সমভাবে সাক্ষীর ন্যায় দর্শন করেন, তিনিই সত্যস্বরূপ পরম জ্ঞান। দর্শন করিতেছি বলিয়া, সে জ্ঞানে কোনরূপ অভিমান বা অহঙ্কার-ভাবের উদয় হয় না। কারণ দর্শন করিতেছি বলিলে বা ভাবিলে, যাহা দর্শন করা যায়, তাহাতেই দর্শনশক্তি আবদ্ধ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্যার্থঃ যৎ যতঃ অনৃতেন মিথ্যাভূতেনাপি মর্ত্ত্যেন মর্ত্ত্যশরীরেণ মাং ঋতং সত্যং পরম-সত্যং এতি প্রাপ্নোতি। যদ্বা মা মাং অমৃতং পরমানন্দস্বরূপং সত্যং অনৃতেনাপি মর্ত্ত্যেন মরণধর্ম্মবতা দেহেন্দ্রিয়প্রাণাদিনা পত্র পুষ্প গন্ধ ধূপ দীপ বিবিধ নৈবেদ্য ছত্র চামরাদ্যুপ-চারেণ চ যদাপ্নোতি এষৈব বুদ্ধিমতাং বুদ্ধিরেষৈব মনীষিণাং পরমপরামর্শবতাং মনীষা বিচার ইতি প্রাপ্তিপ্রকারশ্চ স্বয়ং ভগবতৈবোক্তো যথা। মর্ত্ত্যো যদাত্যক্তসমস্তকর্ম্মা নিবেদিতাত্মা বিচিকীর্ষিতো মে। তদামৃতত্বং প্রতিপদ্যমানো ময়াত্মভূয়ায় চ কল্পতে বৈ। অস্যার্থঃ যদা মর্ত্ত্যো ত্যক্তসমস্তকর্ম্মা গুরূপদেশকালে ত্যক্তসমস্তবর্ণাশ্রমধর্ম্মকামনঃ ময়ি শ্রীগুরুরূপে নিবেদিতৌ আত্মানৌ অহন্তাস্পদমমতাস্পদে যেন সঃ। যোঽহং মদাস্তি যৎ কিঞ্চিদিহ লোকে পরত্র চ। তৎ সর্ব্বং ভবতো নাথ চরণেষু সমর্পিতমিতি ব্যবসায়বান্ ভবতি তদা স জনো মিথ্যাভূতোঽপি মে ময়া বিচিকীর্ষিতঃ স্যাৎ বিশিষ্টঃ কর্ত্তুমিষ্টঃ স্যাৎ নির্গুণো-মদপাশ্রয় ইতি মদুক্তে নিস্ত্রৈগুণ্য এব স্যাদিত্যর্থঃ। সহি মায়াকার্য্যত্বান্ন নশ্বরঃ সত্যঃ। নাপ্যজ্ঞানকার্য্যত্বান্মিথ্যাভূতঃ। কিন্তু স্বরূপভূতো মৎকার্য্যত্বান্নির্গুণ এব স্যাৎ। কিঞ্চ মায়া-বিশিষ্টঃ কৃতঃ স্যাদিত্যপ্রযুজ্য বিচিকীর্ষিত ইতি সন্ প্রত্যয়প্রয়োগান্নির্গুণঃ কর্ত্তুমারভ্যমান-এব স শনৈঃ শনৈর্ভক্ত্যভ্যাসবান্ নিষ্ঠারুচ্যাসক্তি-রতি-ভূমিকারূঢ় এব সম্যঙ্নির্গুণঃ স্যাত্ততো মিথ্যাভূতবস্তুভিঃ সহ তস্য ব্যবহারো ন স্যাৎ তৎ পূর্ব্বন্তু যথাযোগং ব্যবহার স্তৈশ্চ সহ

আভাস।

থাকিয়া অন্য বস্তুর দর্শনে দর্শকের অযোগ্যতা আনয়ন করে। ইহাকেই চিত্তস্থ চিদাভাসের দর্শন কার্য্য বলা যায়। নিরুপাধি দর্শনব্যাপার সর্ব্ববিষয়ের অন্তরে ও বাহিরে সমান ভাবে বিদ্যমান থাকে। কারণ সে দর্শন-কার্য্যে কোন স্বার্থেরই পরিচয় নাই। যেখানে স্বার্থের গন্ধ থাকে, সেখানেই একাগ্রতা আসে। প্রপঞ্চে স্বার্থের সংস্রব প্রপঞ্চানুরূপ অধিকারীরই হইয়া থাকে। চিত্তই প্রপঞ্চের মূল ভিত্তি এবং সংসারের আকর; সুতরাং চিত্তের অনুকূল বিষয়কেই উপাদেয়-বোধে চিত্তস্থ বৃত্তিজ্ঞান তৎপ্রতি অগ্রসর হয়; কিন্তু উদাসীন সাক্ষিজ্ঞান প্রপঞ্চকে অনুকূল বা প্রতিকূল ভাবে দৃষ্টি না করিয়া, কূটবৎ নির্ব্বিকারী ও নিরঞ্জনের বেশে সর্ব্বত্র বিরাজ করেন। বৃত্তিজ্ঞান চিত্ত হইতে নিঃসৃত হইয়া বুদ্ধি, অহঙ্কার, মন ও ইন্দ্রিয়গণের আশ্রয়ে উত্তরোত্তর নিম্নে অর্থাৎ স্থূলগামী হইয়া, বিষয়ক্ষেত্রে অবতরণ করে; সুতরাং তাহার ক্ষমতা ক্রমশঃ সঙ্কুচিত হইয়া আইসে ও ইন্দ্রিয়াদি আশ্রয়ের অনুকূলে এক একটী নির্দ্দিষ্ট পদার্থেই অভিনিবিষ্ট হয়। কিন্তু উদাসীন সাক্ষিজ্ঞান পর পর ভূমিকাকে পরিহার পূর্ব্বক বিপরীত গতির অবলম্বনে নির্ব্বিকার চিত্তে যাইয়া অবস্থান করেন; পরে বিদেহকৈবল্যে স্বস্বরূপে একীভূত হইয়া, সৎ, চিৎ ও আনন্দের পরাকাষ্ঠায় অবস্থান করেন। সর্ব্বসম্বন্ধ-ত্যাগ বা সম্বন্ধানুভূতির শূন্যতাই যে এই সত্য জ্ঞান, তাহা নহে। কূর্ম্ম যেমন সমস্ত স্বকীয় অঙ্গ প্রত্যঙ্গ অন্তরে আকর্ষণ করত অবস্থান করে, মানব তদ্রূপ নির্মনস্কভাবের সাক্ষিরূপে অব-স্থান করিলেও, ব্যবহারিক শক্তিনিচয়ের সমষ্টি অন্তরে একীভূত অনুভব করে; সেইরূপ জড়

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লভ্যতে। অয়মর্থঃ। অচিন্ত্যশক্ত্যা ভক্ত্যুপদেশকাল এব তস্য গুণাতীতানি দেহেন্দ্রিয়মনাংসি ময়া ভক্তিমাহাত্ম্যদর্শনার্থমলক্ষিতমেব সৃজ্যন্তে। মিথ্যাভূতানি তান্যত্যলক্ষিতমেব লয়ং যান্তি। যথা নৈবংবিধঃ পুরুষকার উরুক্রমস্য পুংসাং তদঙ্ঘ্রিরজসা জিতষড়্গুণানাং। চিত্রং বিদূরবিগতঃ সকৃদাদদীত যন্নামধেয়মধুনা স জহাতি তন্মিতি। অস্যার্থঃ। এবংবিধঃ প্রিয়ব্রতকর্ত্তৃকঃ সপ্তসমুদ্রনির্ম্মাণপ্রপঞ্চ ইব পুরুষকারো ন চিত্রং। চিত্রং খল্বেতদেব যদ্বিদূরবিগতোঽন্ত্যজোঽপি যস্যোরুক্রমস্য নামধেয়ং সকৃদপ্যাদদীত অধুনা তৎক্ষণ এব তন্বং তনুং বিজহাতীতি। তদানীং তনোর্দৃশ্যমানত্বেঽপি প্রারব্ধকর্ম্মসংবলিততনুত্যাগো হ্যলক্ষিত এবেত্যর্থঃ। ততশ্চ তদা অমৃতত্বং মরণধর্ম্মাভাবং প্রতিপদ্যমানঃ তদানীমেব প্রাপ্নুবন্ ময়া সহ আত্মভূয়ায় আত্মভাবায় আত্মনঃ স্বস্য স্থিত্যৈ কল্পতে; যত্রাহং তিষ্ঠামি তত্রৈব সোঽপি মৎসেবার্থং তিষ্ঠতীত্যর্থঃ। এবঞ্চ জগত্যস্মিন্ যানি যানি বস্তূনি মিথ্যাভূতান্যুপলভ্যন্তে তেষামেব ভক্তিসম্পর্কান্মিথ্যাভূতত্বং প্রবিলাপ্য ভগবতা স্বভক্তেচ্ছানুকূলেন পরমসত্যত্বমেব তৎক্ষণএব সৃজ্যতে কিমশক্যমচিন্ত্যশক্তে র্ভগবত ইত্যত এব মৎসেবায়ান্ত নির্গুণেতি মন্নিকেতন্ত নির্গুণমিত্যাদিকানি ভগবদ্বাক্যানি সংগচ্ছন্তে। অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজয়েৎ। প্রকৃতিভ্যঃ পরং যত্তু তদচিন্ত্যস্য লক্ষণমিত্যাদ্যমপর্ব্ববচনং ভাষ্যকারেণাপি-ধৃতং তত্র ভাবা ইতি বহুবচনেনাদ্বৈতভঙ্গো ন ধ্যেয় স্তেষামৈক্যাদিতি সর্ব্বমবদাতং ॥ ১১ ॥

আভাস।

প্রপঞ্চ প্রতিলোমসর্গে তত্ত্বছক্তিরূপে সমগ্র সংসারের কারণীভূত চৈতন্যস্বরূপ পরমজ্ঞানের গর্ব্ভেই নিহিত থাকে। তখন শক্তির আর পৃথক্ অস্তিত্ব থাকে না; অন্তর্নিহিত হইয়া জ্ঞানেই একীভূত হইয়া যায়। তখনই জীব ও জগতের কৃতার্থতা সাধিত হইয়া থাকে। এই পরম জ্ঞানই ভগবান্ ও বাসুদেবশব্দ-বাচ্য। যেমন জীবিত অথচ নির্মনস্ক দেহী হইতেই শক্তির সঞ্চারে কার্য্যাদির অভিব্যক্তি হইয়া থাকে, অচেতন মৃত দেহের আর পুনরুত্থান হয় না। তখন চেতনভাবই শক্তি-প্রকাশের এক মাত্র নিমিত্ত কারণ; জড় দেহের আশ্রয়ে কৃষি প্রভৃতি কার্য্যের অনুষ্ঠান হইলেও, দেহ কখন প্রকৃত অনুষ্ঠাতা নহে; সেইরূপ প্রপঞ্চ জগৎও কেবল জগতের কার্য্যকে আশ্রয় করিয়া হয় না; প্রপঞ্চাতীত অন্যের আশ্রয়ে কার্য্য, কার্য্যশক্তি বা প্রপঞ্চের প্ররোহ হইয়া থাকে। জড় দেহের কার্য্য যেমন চেতন হইতে প্রকাশ পায়, সেইরূপ জড় প্রপঞ্চের কার্য্যও পূর্ণপ্রজ্ঞ পরমাত্মা হইতে হইয়া থাকে। বীজে যেমন বৃক্ষ নিহিত থাকে, ষড়ৈশ্বর্য্যপূর্ণ ভগবানে সেইরূপ এই প্রপঞ্চ সংসার নিহিত। তিনি বাসুদেব! বিশ্বরূপ বসু অর্থাৎ ধন তাঁহার জ্ঞানগর্ব্ভে নিহিত; তাঁহার ইচ্ছার উদয়ে তাহারা প্রকটিত হইয়া, সংসাররূপে পরিণত হয়। এই শ্লোকের টীকায় পূজ্যপাদ বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় সাকারবাদে ভক্তির নিষ্ঠা-সংরক্ষণার্থ বিবিধ প্রমাণের প্রয়োগে ভক্তি-রসেরই বিশেষ মর্য্যাদা রক্ষা করিয়াছেন। তিনি প্রাপঞ্চিক স্থূল সর্গকে চৈনন্যরসে ভাববিশিষ্টের ন্যায় পরিলক্ষিত করাইতে যত্ন করিয়াছেন; ইহাতে অবশ্য

রহূগণৈতত্তপসা ন যাতি নচেজ্যয়া নির্ব্বপণাদ্গৃহাদ্বা।
ন ছন্দসা নৈব জলাগ্নিসূর্য্যৈর্বিনা মহৎপাদরজোঽভিষেকং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

হে রহূগণ! মহৎপাদরজোঽভিষেকং (মহতাং ভগবদ্ভক্তানাং পাদরজসা যঃ আত্মনঃ অভিষেকঃ স্নানং তং) বিনা এতৎ উক্তং আত্মতত্ত্বং ন তপসা বানপ্রস্থধর্ম্মেণ, ন চ ইজ্যয়া যজ্ঞাদিবৈদিককর্ম্মণা, নির্ব্বপণাৎ অন্নাদিসংবিভাগাৎ, গৃহাৎ অন্যস্মাৎ পরোপকারাৎ বা ন ছন্দসা বেদাধ্যয়নাদিনা, ন চ জলাগ্নিসূর্য্যৈঃ উপাসিতৈঃ, বা পুরুষঃ ন যাতি ন প্রাপ্নোতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

এবং তৎপ্রাপ্তিশ্চ মহৎসেবাং বিনা ন ভবতীত্যাহ হে রহূগণ। এতজ্জ্ঞানং তপসা ন যাতি। ইজ্যয়া বৈদিককর্ম্মণা। নির্ব্বপণাৎ অন্নাদিসংবিভাগাৎ। গৃহাদ্বা তন্নিমিত্তপরোপকারেণ। ছন্দসা বেদাভ্যাসেন। জলাগ্ন্যাদিভিরুপাসিতৈঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতৎ প্রাপ্তিশ্চ মহৎকৃপাবির্ভূতয়া ভক্ত্যা বিনা ন ভবতীত্যাহ দ্বাভ্যাং। হে রহূগণ এতদুক্তলক্ষণং ত্রিবিধং জ্ঞানং তপ আদিভির্ন প্রাপ্নোতি। তত্র তপশ্চিত্তৈকাগ্র্যং। ইজ্যা বৈদিকং কর্ম্ম। নির্বপণমন্নাদি-সংবিভাগঃ। গৃহং তন্নিমিত্তপরোপকারাদি। ছন্দো বেদাভ্যাসঃ। জলাগ্নিসূর্য্যাস্তৎকরণকতপশ্চরণানি ॥ ১২ ॥

হে রহূগণ! অতি কঠোর তপস্যার আচরণে যদি বানপ্রস্থ ধর্ম্মের অনুষ্ঠান করা হয়, কিম্বা যাগ যজ্ঞাদি বৈদিক কর্ম্মের উত্তম আচরণ করা হয়, অন্নদান, পরোপকার, বেদাধ্যয়ন, এমন কি! জল, অগ্নি ও সূর্য্যদেবাদির উপাসনা কায়মনোবাক্যেও যদি সম্পাদন করা হয়, তাহা হইলেও এই জ্ঞানলাভের কোন সম্ভাবনা নাই। কেবল ভগবদ্ভক্ত মহাজনগণের চরণরজে অভিষিক্ত হওয়াই আত্মতত্ত্ব-সাক্ষাৎকারের এক মাত্র উপায় ॥ ১২ ॥

আভাস।

স্বল্পাধিকারী ভক্তের চিত্ত বিশেষ তৃপ্তি লাভ করিবে। কিন্তু গ্রন্থবাহুল্যভয়ে তাঁহার ব্যাখ্যাভাস বিশেষরূপে এস্থলে বিবৃত হইল না। টীকার অংশ তত দুর্ব্বোধ্য নহে; সরলমতি পাঠকবর্গ টীকার আশ্রয়েই তাৎপর্য্য অবধারণ করিতে পারিবেন; আমার পক্ষে বিশেষ বিবরণ অনাবশ্যক ॥ ১১ ॥

জ্ঞানের স্বরূপ নির্ণয় করত জড়ভরত তৎপ্রাপ্তির উপায় নিম্নলিখিত শ্লোকদ্বয়ে বর্ণন করিয়াছেন। তাঁহার বক্তব্য এই যে, তপস্যা, যজ্ঞ, ত্যাগ ও দেবারাধনার দ্বারা জীবকে প্রথমত ব্রহ্মজ্ঞানের অধিকারী হইতে হইবে। পরে জ্ঞানলাভার্থ জ্ঞানীর অনুসরণ করা বিধেয়। যেমন নিদানাদি বৈদ্যশাস্ত্রোক্ত কোন প্রকার ঔষধিতৈল বা উত্তম পলান্ন প্রস্তুত করিতে

যত্রোত্তমঃশ্লোকগুণানুবাদঃ প্রস্তূয়তে গ্রাম্যকথাবিঘাতঃ ।
নিষেব্যমাণোঽনুদিনং মুমুক্ষো র্মতিং সতীং যচ্ছতি বাসুদেবে ॥ ১৩ ॥

অন্বয়ঃ ।

যত্র যেষু মহৎসু গ্রাম্যকথাবিঘাতঃ (গ্রাম্যকথানাং বিঘাতঃ যস্মাৎ সঃ) উত্তমঃশ্লোক-গুণানুবাদঃ (উৎ উদ্গাচ্ছতি তমঃ আত্মাবরণং যস্মাৎ সঃ উত্তমঃ তথাভূতঃ শ্লোকঃ যস্য তস্য ভগবতঃ গুণানুবাদঃ লীলাকথা) প্রস্তূয়তে নিরন্তরং প্রবর্ত্ততে, সঃ অনুদিনং নিষেব্যমানঃ আদরপূর্ব্বকং শ্রূয়মাণঃ, সন্ মুমুক্ষোঃ সতীং সংসারতাপোপশমনীং বাসুদেবে ভগবতি মতিং ভক্তিং যচ্ছতি সম্পাদয়তি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী ।

মহৎসেবায়াং তৎপ্রাপ্ত্যুপায়তামাহ তত্র যেষু মহৎসু গ্রাম্যকথানাং বিঘাতো যস্মাৎ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

তেচ মহান্তঃ কৃষ্ণভক্তা এবেত্যভিব্যঞ্জয়তি যত্র মহৎপাদরজোঽভিষেকে সতি যত্র মহৎসু বা গুণানাং ভক্তবাৎসল্যাদীনাং অনুবাদঃ পুনঃ পুনঃ কথনং মুমুক্ষোর্মোক্ষকামস্যাপি সতীং মোক্ষেচ্ছারাহিত্যেন শুদ্ধাং মতিং বাসুদেবে বসুদেবনন্দনে ॥ ১৩ ॥

তাদৃশ মহাজনগণের সন্নিধানে গ্রাম্য ইন্দ্রিয়চরিতার্থের কথা কোনমতে স্থান পায় না; সুতরাং উত্তমশ্লোক ভগবানের লীলাকথাই নিরন্তর পরি-কীর্ত্তিত হয়। অতএব ভগবৎবার্ত্তা নিরন্তর শ্রবণ ও আদর পূর্ব্বক যাঁহারা কীর্ত্তন করেন, তাদৃশ মুমুক্ষুহৃদয়ে সংসারতাপোপশমনী ভাগবতী ভক্তি সহজেই উদিত হইয়া থাকে ॥ ১৩ ॥

আভাস ।

হইলে, প্রথমত তজ্জন্য যাবতীয় (মসালাদি) উপকরণ, পাকস্থালী ও কাষ্ঠাদি সংগ্রহ করিয়া লইতে হয়; পরে নিজে প্রস্তুত হইয়া একজন বিজ্ঞ কবিরাজ বা সূপকারকে আহ্বান করত তৈল বা অন্ন প্রস্তুতের পাক দেখিয়া লইতে হয়। কর্ণে শুনিলে মাত্র, কার্য্যত তাহা সাধিত করিতে পারা একান্ত অসম্ভব; কোন্ সময়ে কিরূপ পাকে কোন্ বস্তুর মিলন বা স্বেদ দেওয়া আবশ্যক, তাহা একজন কৃতকর্ম্মার হস্তধারণে হাতে হাতে শিক্ষা করিতে হয়, সেইরূপ আত্মসাক্ষাৎকারের পদ্ধতি কোন কৃতকর্ম্মা গুরুর সমীপে হাতে হাতে শিক্ষা করিতে হয়; বিচার, জ্ঞান ও ধ্যানের পাক চিনিতে হয়। নতুবা স্ফোটজ্ঞানশূন্য ব্যক্তি যদি কেবল শাস্ত্রজ্ঞানবলে পারদকে অগ্নি-সংযোগে অপূর্ব্ব স্বর্ণসিন্দূর করিতে অগ্রসর হন, যাহার প্রয়োগে তিনি সহস্র রোগীকে রোগ-মুক্ত করিবার প্রত্যাশা করিয়াছিলেন, তাহাতে তিনি যেমন পাককৌশল অপরিজ্ঞাত থাকিবার দোষে, সেই উত্তপ্ত পারদের সংস্পর্শে অন্যকে নিরোগ করিবার কথা দূরে থাকুক, নিজেই মহাব্যাধি প্রভৃতি ভীষণ রোগে আক্রান্ত হইয়া, অকালে কাল-কবলে কবলিত হন; সেইরূপ জ্ঞানের প্রকোষ্ঠ, পদ্ধতি (ভক্তি) প্রচার, প্রয়োগ ও পাকপ্রণালী না শিখিয়া যিনি কেবল শাস্ত্রবলেই আত্ম-

অহং পুরা ভরতো নাম রাজা বিমুক্তদৃষ্টশ্রুতসঙ্গবন্ধঃ।
আরাধনং ভগবত ঈহমানো মৃগোঽভবং মৃগসঙ্গাদ্ধতার্থঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

পুরা পূর্ব্বং, অহং ভরতঃ নাম রাজা অভবং; তদা বিমুক্তদৃষ্টশ্রুতসঙ্গবন্ধঃ (বিমুক্তঃ দৃষ্টশ্রুতাভ্যাং ইহলোকপরলোকাভ্যাং সঙ্গনিমিত্তঃ বন্ধঃ যেন সঃ তথাভূতঃ) সন্ ভগবতঃ আরাধনং একান্তে ঈহমানঃ কুর্ব্বন্, অপি মৃগসঙ্গাৎ হতার্থঃ (হতঃ অর্থঃ প্রয়োজনং যস্য সঃ) মৃগঃ এব অভবম্ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

বিষয়সঙ্গস্য যোগভ্রংশক ইতি বদন্ কস্ত্বং নিগূঢ়শ্চরসীতি প্রশ্নয়োস্তরমাহ অহমিতি দ্বাভ্যাং। বিমুক্তো দৃষ্টশ্রুতাভ্যাং সঙ্গনিমিত্তো বন্ধো যেন। হতোঽর্থঃ প্রয়োজনং যস্য ॥১৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহৎ স্বাপরাধিনে মহাপামরায়াপ্যেবং জ্ঞানমুপদিশন্ পরমকৃপালুঃ কো ভবানিত্যপেক্ষায়ামাহ অহমিতি দৃষ্টে শ্রুতেচ ব্যবহারে সঙ্গবন্ধঃ আসক্তিলক্ষণো বন্ধো বিমুক্তো যেন সঃ। তদপি দৈবাদসাবধানোঽভবমিত্যাহ মৃগ ইতি ॥ ১৪ ॥

পূর্ব্বে পূর্ব্বজন্মে আমি ভরতনামে একজন ধর্ম্মপরায়ণ রাজা ছিলাম। ভগবদ্ভক্তির প্রভাবে ঐহিক বা পারলৌকিক সুখের প্রতি আমার কিছুমাত্র আস্থা ছিল না। আমি সর্ব্ববিধ বিষয়রসকে বিসর্জ্জন করত, শ্রীহরির আরাধনা করিবার অভিপ্রায়ে নির্জ্জন অরণ্যে আগমন করিয়াছিলাম। কিন্তু তথায় একটী মৃগের সংসর্গে আমি লক্ষ্যভ্রষ্ট হইয়া, পর জন্মে মৃগযোনিই প্রাপ্ত হইলাম ॥ ১৪ ॥

আভাস।

সাক্ষাৎকারের দ্বারা সংসারকারণ অভিমানকে ভস্মীভূত করিতে বাসনা করেন, তিনি স্বয়ংই সেই অভিমানকূপে নিমজ্জিত হইয়া, জনসমাজে জ্ঞানাভিমানীর একটী দৃষ্টান্তস্থল হইয়া দণ্ডায়মান হন। শাস্ত্র এই নিমিত্তই গুরু ও বেদান্তবাক্যকে এক তুলাদণ্ডে তুল্যরূপে প্রদর্শন করিয়াছেন। মুক্তির পথে অগ্রসর হইবার কালে শোক, মোহ, জরা, ব্যাধি বা ক্ষুৎ-পিপাসাদির উপদ্রবে মুমুক্ষু বিহ্বল হইলে, পাকজ্ঞ গুরু তৎক্ষণাৎ দার্ব্বীসঞ্চালনরূপ বিচার এবং মসালাসংযুক্ত বারিপ্রভৃতির প্রদানরূপ ভক্তিরসের সিঞ্চনে শিষ্যের চিত্তকে সুসিদ্ধ ও সুস্বাদু করিয়া তুলেন। তখন তাঁহার আর পতন-ভয় থাকে না ॥ ১২ ॥ ১৩ ॥

যাহারা স্বকীয় ক্রিয়াকলাপ ও আচরণ-প্রণালীকে যথেষ্টজ্ঞানে মহতের সেবায় উপেক্ষা করে, তাহারা অতি সাবধানে নিরত্যয়-স্থানে বাস করিলেও, গুরুর অভাবে যে অবসন্ন হয়, তাহারই উদাহরণচ্ছলে ভরত নিজের পূর্ব্ববৃত্তান্ত বর্ণন করিয়াছেন। অর্থাৎ রাজ্যাধিকার-কালে প্রচুর যাগযজ্ঞের অনুষ্ঠান, স্বাধ্যায় এবং তপস্যাদি দ্বারা চিত্তকে যথেষ্ট সংস্কৃত করিয়া,

সা মাং স্মৃতির্মৃগদেহেঽপি বীর কৃষ্ণার্চ্চনপ্রভবা ন জহাতি।
অথো অহং জনসঙ্গাদসঙ্গো বিশঙ্কমানোঽবিবৃতশ্চরামি॥ ১৫॥
তস্মান্নরোঽসঙ্গসুসঙ্গজাত জ্ঞানাসিনৈবেহ বিবৃক্ণমোহঃ।

অন্বয়ঃ।

হে বীর! কৃষ্ণার্চ্চনপ্রভবা (কৃষ্ণার্চ্চনেন প্রভবঃ উৎপত্তিঃ যস্যাঃ) সা পূর্ব্বজন্মবিষয়া স্মৃতিঃ মৃগদেহে অপি মাং ন জহাতি ন জহৌ। অথ (তস্মাৎ মৃগাসক্ত্যা ভ্রষ্টঃ) অহং জনসঙ্গাৎ বিশঙ্কমানঃ ভীতঃ, অসঙ্গঃ একাকী, সর্ব্বতঃ বিরক্তঃ, অবিবৃতঃ অপ্রকটঃ, স্বজ্ঞানাদিকং আচ্ছাদয়ন্ এব চরামি॥ ১৫॥

(যস্মাৎ মহতামনুগ্রহমন্তরেণ সংসারনিবৃত্তি র্ন বা ভগবৎপ্রাপ্তিঃ) তস্মাৎ অসঙ্গসুসঙ্গজাতজ্ঞানাসিনা (অসঙ্গাঃ বিরক্তাঃ ভক্তাঃ তৈঃ যঃ সুসঙ্গঃ তেন জাতং জ্ঞানং আত্মানাত্ম-

শ্রীধরস্বামী

শ্রীকৃষ্ণার্চ্চনং ভ্রষ্টমপি উদ্ধরতি ইত্যাহ সেতি। জনসঙ্গাৎ বিশঙ্কমানঃ অবিবৃতঃ অপ্রকটঃ॥ ১৫॥

অসঙ্গৈর্মহদ্ভি র্যঃ সুসঙ্গঃ তেন জাতং জ্ঞানমেবাসিঃ তেন ছিন্নমোহঃ সন্ অধ্বনঃ সংসার-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রীকৃষ্ণার্চ্চনং ভ্রষ্টমপ্যুদ্ধরতীত্যাহ সেতি জনসঙ্গাদ্বিশঙ্কমানঃ অবিবৃতোঽপ্রকটঃ॥ ১৫॥

অসঙ্গো ব্যবহারানাসক্তিঃ সুসঙ্গঃ সাধুষ্বাসক্তি স্তাভ্যাং জাতং জ্ঞানমেবাসিঃ তেন ছিন্ন-

---

কিন্তু হে বীর! কৃষ্ণার্চ্চনের প্রভাবে তাদৃশ মৃগযোনিতেও আমার পূর্ব্বজন্মের স্মৃতি বিলুপ্ত হয় নাই। সুতরাং হরিণের প্রতি আসক্তি-নিবন্ধন তৎকালে আমার যেরূপ অবনতি হইয়াছিল, তাহা আমি তাদৃশ তির্য্যক্ যোনিতেও বিলক্ষণ উপলব্ধি করায়, আমি জনসংসর্গকে সর্ব্বদাই ভয় করিতাম; এবং সঙ্গী হরিণাদির সংসর্গও পরিত্যাগ পূর্ব্বক একাকী বিরক্তের ন্যায় বিচরণ করিতে লাগিলাম। কাহারও নিকট স্বীয় স্মৃতি বা জ্ঞানের পরিচয় দিতাম না! বরং প্রচ্ছন্নভাবে ভাব-সংগোপন পূর্ব্বকই অবস্থান করিতাম॥ ১৫॥

আভাস।

তিনি অতুল ঐশ্বর্য্যকেও পরিত্যাগ পূর্ব্বক ভগবদারাধনার্থ বনে গমন করিয়াছিলেন। কিন্তু এক গুরুসেবার অভাবে একটী হরিণে আসক্তচিত্ত হইয়া, মরণান্তে মৃগযোনিই প্রাপ্ত হইয়াছিলেন। যাগ যজ্ঞাদির অনুষ্ঠানে চিত্তকে একাগ্র হইতে শিক্ষা করাইয়াছিলেন বটে, কিন্তু গুরুর সংসর্গের অভাবে চিত্তের ঈশ্বরাভিমুখী একাগ্রতা ভাবকে যখন মৃগের অভিমুখে করিয়াছিলেন, তখনই মায়ার কুহকে মৃগত্ব প্রাপ্ত হইলেন। কিন্তু, "স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ"। এই সৌভাগ্যবলেই তিনি পূর্ব্বজন্মের স্মৃতিতে বঞ্চিত হন নাই॥ ১৪॥

হরিং তদীহাকথনশ্রুতাভ্যাং লব্ধস্মৃতি র্যাত্যতিপারমধ্বনঃ ॥ ১৬ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ব্রাহ্মণ রহুগণ সম্বাদে দ্বাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১২ ॥ * ॥

অন্বয়ঃ।

বিবেকলক্ষণং এব অসিঃ তেন) এব ইহ জন্মনি বিবৃক্নমোহঃ (বিবৃক্নঃ সংচ্ছিন্নঃ মোহঃ যস্য সঃ) তথা তদীহাকথনশ্রুতাভ্যাং (তস্য ভগবতঃ যাঃ ঈহাঃ লীলাঃ তাসাং কথনস্মৃতিভ্যাং) লব্ধস্মৃতিঃ (লব্ধা স্মৃতিঃ আত্মসাক্ষাৎকারলক্ষণা যেন সঃ) নরঃ এব অধ্বনঃ সংসারমার্গস্য, অতিপারং হরিং, যাতি প্রাপ্নোতি ॥ ১৬ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দ্বাদশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী

মার্গস্য অতি অতিশয়িতং শ্রেষ্ঠং পারং হরিং যাতি। যদ্বা পারং অতি অতিক্রম্য হরিং যাতি। অতিরতিক্রমণে চেতি কর্ম্মপ্রবচনীয়ত্বাৎ দ্বিতীয়া। তস্য হরেরীহানাং কথনশ্রুতাভ্যাং লব্ধা স্মৃতির্যেন সঃ ॥ ১৬ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে দ্বাদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মোহমতঙ্গজঃ অধ্বনঃ সংসারমার্গস্য অতিপারং হরিং ॥ ১৬ ॥

ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চমে দ্বাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অতএব ভক্তি ও জ্ঞানবিশিষ্ট মহদ্ব্যক্তির সংসর্গ ব্যতীত মুক্তি বা ভগবদ্ভক্তি লাভের উপায় যখন দেখা যায় না, তখন সাধুগণের সঙ্গ করাই মানবের পক্ষে একান্ত বিধেয়। যাঁহারা সকল বিষয়ে অনাসক্ত, তাদৃশ ভগবদ্ভক্তগণের সংসর্গে লব্ধ আত্মানাত্মবিচারই সংসার-মোহের ছেদনে উপযুক্ত শানিত অসি। এই অসির বলে যাঁহার মোহপাশ ছিন্ন হইয়াছে এবং ভগবল্লীলা শ্রবণ ও কীর্ত্তনের দ্বারা যাঁহারা আত্মস্বরূপের সাক্ষাৎকার লাভ করিয়াছেন, তাঁহারাই এই সংসারের অতীত পরম গুরু নারায়ণকে প্রাপ্ত হইয়া থাকেন, সন্দেহ নাই ॥ ১৬ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্বাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

অতএব ভক্তের সঙ্গই একান্ত বাঞ্ছনীয়। ভক্তের সংসর্গে জ্ঞানের উদয় হয় এবং জীব অনায়াসে ভবরোগ হইতে মুক্তিলাভ করিয়া থাকে ॥ ১৬ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্বাদশ অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

ব্রাহ্মণ উবাচ ॥

দুরত্যয়েঽধ্বন্যজয়া নিবেশিতো রজস্তমঃসত্ত্ববিভক্ত-কর্ম্মদৃক্।

স এষ সার্থোঽর্থপরঃ পরিভ্রমন্ ভবাটবীং যাতি ন শর্ম্ম বিন্দতে ॥ ১ ॥

অন্বয়ঃ।

ব্রাহ্মণঃ উবাচ। সঃ এষঃ অর্থপরঃ সুখার্থঃ, অতঃ রজস্তমঃসত্ত্ববিভক্তকর্ম্মদৃক্ (রজস্তমঃসত্ত্বৈঃ বিভক্তেষু কর্ম্মসু এব দৃক্ দৃষ্টিঃ যস্য সঃ) সার্থঃ জীবসমূহঃ, অজয়া ভগবন্মায়য়া, দুরত্যয়ে দুস্তরে, অধ্বনি প্রবৃত্তিমার্গে, নিবেশিতঃ তত্র ভ্রমন্ দেবমনুষ্যাদিযোনিষু গচ্ছন্, ভবাটবীং সংসারবনং, এব যাতি; তত্র শর্ম্ম সুখং চ, ন বিন্দতে ন লভতে ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

ত্রয়োদশেঽবিরক্তায় বৃথা তত্ত্বনিরূপণং।
ইতি বৈরাগ্যদার্ঢ্যায় ভবাটব্যুপবর্ণ্যতে ॥ * ॥

অধ্বনঃ পারমিত্যুক্তং তমেবাধ্বানং প্রসিদ্ধমার্গরূপকেণ বৈরাগ্যায় প্রপঞ্চয়তি। দুরত্যয়ে দুস্তরেঽধ্বনি প্রবৃত্তিমার্গে রজস্তমঃসত্ত্বৈ র্বিভক্তানি কর্ম্মাণি কার্য্যতয়া পশ্যতীতি তথা স এষ প্রসিদ্ধঃ সার্থো জীবসমূহঃ অর্থপরঃ সুখার্থঃ সন্ যথা বণিক্ সার্থোঽর্থার্জনায় গচ্ছন্নটবীং যাতি তদ্বৎ। অস্যাধ্যায়স্য ব্যাখ্যানরূপ উত্তরাধ্যায়োঽস্তি তথাপি সুখং প্রতিপত্তয়ে কিঞ্চিদ্ব্যাখ্যায়তে ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রয়োদশে ভবাটব্যাঃ পারং প্রাপয়িতুং নৃপং।
তাং বর্ণয়িত্বা বৈরাগ্যহয়মারোহয়ন্মুনিঃ ॥ * ॥

অধ্বনঃ পারমিত্যুক্তং স এবাধ্বা অধ্বনীনশ্চ কীদৃশ ইত্যপেক্ষায়ামাহ দুরত্যয়ে দুস্তরে অধ্বনি প্রবৃত্তিমার্গে অজয়া অবিদ্যয়া রজস্তমঃসত্ত্বৈর্বিভক্তান্যেব কর্ম্মাণি কার্য্যতয়া পশ্যতীতি স তথা। এষ প্রসিদ্ধঃ সার্থঃ সার্থো বণিক্সমূহে স্যাদিতি মেদিনী। স ইব অর্থপর এষ জীবলোক ইত্যর্থঃ। এতদাদীনাং ব্যাখ্যা উত্তরাধ্যায় এবাস্তি তদপি সুখপ্রতিপত্তয়ে কিঞ্চিদ্ব্যাখ্যায়তে ॥ ১ ॥

ব্রাহ্মণ বলিলেন, হে রাজন্! জীবসমূহ নিতান্তই ভোগপ্রিয়। ইহারা সাত্ত্বিক, রাজসিক ও তামসিক কর্ম্মকেই মানব-জীবনের প্রধান লক্ষ্যস্থল বলিয়া গণনা করে; সুতরাং অচিন্ত্য বিষ্ণুমায়ার প্রভাবে পরিচালিত হইয়া, দুরতিক্রমণীয় প্রবৃত্তিমার্গেই পরিক্ষিপ্ত হইয়া, তত্রত্য দেবতির্য্যগাদি বিচিত্র যোনির আশ্রয়ে এই ভীষণ সংসারবনে পরিভ্রমণ করিতে থাকে। কিন্তু দুঃখের বিষয়! তথায় তাহারা কোন প্রকার সুখের মুখাবলোকনও করিতে পায় না ॥১

আভাস।

ত্রয়োদশাধ্যায়ে রাজার বৈরাগ্যদার্ঢ্যার্থ ভরত কর্ত্তৃক ভবাটবীবর্ণন ॥

যস্যামিমে ষন্নরদেব দস্যবঃ সার্থং বিলুম্পন্তি কুনায়কং বলাৎ।
গোমায়বো যত্র হরন্তি সার্থিকং প্রমত্তমাবিশ্য যথোরণং বৃকাঃ॥ ২॥
প্রভূতবীরুত্তৃণগুল্মগহ্বরে কঠোরদংশৈর্ম্মশকৈরুপদ্রুতঃ।

অন্বয়ঃ।

হে নরদেব! যস্যাং ভবাটব্যাং ইমে ইন্দ্রিয়নামানঃ ষট্ দস্যবঃ চৌরাঃ, কুনায়কং (কুৎসিতঃ নায়কঃ বুদ্ধিলক্ষণঃ যস্য তং) সার্থং জীবসমূহং বলাৎ বিলুম্পন্তি ধর্ম্ম্যং ধনং মুষ্ণন্তি, তথা বৃকাঃ যথা উরণং মেষং, হরন্তি তথা গোমায়বঃ শৃগালতুল্যাঃ দারাপত্যাদয়ঃ, যত্র আবিশ্য প্রমত্তং ভগবদ্ভজনে পরাঙ্মুখং, সার্থিকং সার্থেস্থিতং ধনাদি বস্তু হরন্তি॥ ২॥

প্রভূতৈঃ বীরুত্তৃণগুল্মৈঃ গহ্বরে দুষ্প্রবেশে, স্থানে কঠোরদংশৈঃ (কঠোরৈঃ ক্রূরৈঃ দংশৈঃ

শ্রীধরস্বামী।

যস্যাং ভবাটব্যাং ইমে ইন্দ্রিয়নামানঃ ষট্ দস্যবশ্চৌরাঃ। কুৎসিতো নায়কঃ সারথি বুর্দ্ধি-র্যস্য তং সার্থং বিলুম্পন্তি তস্য ধর্ম্ম্যং ধনং উপভোগেন মুষ্ণন্তীত্যর্থঃ। গোমায়বঃ শৃগালতুল্যাঃ দারাপত্যাদয়ঃ। ত্বং মে ভর্ত্তা, পিতা ইত্যেবং প্রবিশ্য প্রমত্তং সার্থিকং সার্থে স্থিতং হরন্তি ইতস্তত আকর্ষন্তি। উরণং মেষং॥ ২॥

বীরুধো লতাস্তৃণানিচ গুল্মানিচ লতাদিজালানি প্রভূতৈরেতৈ র্গহ্বরে দুষ্প্রবেশে ক্ষেত্রে কঠোরৈস্তীব্রৈ র্দংশৈঃ মক্ষিকাবিশেষৈঃ মশকৈশ্চ যথা কশ্চিদুপদ্রুতো ভবতি এবং কাম-কর্ম্মাদিভি র্গহ্বরে গৃহাশ্রমে বর্ত্তমানো দুর্জ্জনৈরুপদ্রুতো ভবতীত্যর্থঃ। গন্ধর্ব্বপুরবৎ অঘট-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইমে ইন্দ্রিয়নামানঃ কুৎসিতো নায়কঃ সারথি বুর্দ্ধি র্যস্য তং বিলুম্পন্তি ভগবৎসেবার্থ-বিনিযুক্তমপি ধনং স্বস্ববিষয়ভোগার্থং মুষ্ণন্তীত্যর্থঃ। গোমায়বঃ শৃগালতুল্যা দারাপত্যাদয়ঃ ত্বং মে ভর্ত্তা পিতেত্যেবং সার্থিকং সার্থভবং অন্নবস্ত্রাদিসংপুটং প্রমত্তং পরমার্থদৃষ্টিবিমুখং আবিশ্য তস্য গৃহ ইবান্তকরণেঽপি প্রবিশ্যেত্যর্থঃ। উরণং মেষং॥ ২॥

প্রভূতবীরুদাদিসদৃশৈঃ কামকর্ম্মাদিভি র্গহ্বরে গৃহাশ্রমে দংশ-মশক-তুল্যৈ র্দুর্জনৈঃ। গন্ধর্ব্ব-

---

হে নরনাথ! এই ভবাটবীতে ইন্দ্রিয়গ্রাম নামে ছয় জন অতি প্রবল শত্রু নিরন্তরই একত্র বাস করিতেছে। কুবুদ্ধিরূপ কুনায়কের রক্ষণাবেক্ষণে অবস্থিত তাদৃশ জীবের দুর্ল্লভ ধর্ম্ম্য ধন এই ইন্দ্রিয়গ্রামই মেষাপহারী বৃকের ন্যায় অবলীলাক্রমে হরণ করিতেছে। অহো! ধূর্ত্ত শৃগালগণ শঠতা পূর্ব্বক সার্থিকের ভোজন-সামগ্রী যেমন হরণ করে, সেইরূপ দারাপত্যাদি স্বার্থপরগণ স্বজনের বেশে মানবের অন্তরে প্রবেশ করত, তাহার জীবিকারূপে সংগৃহীত যাবতীয় ক্লেশার্জ্জিত ধন সম্পত্তি আত্মসাৎ করিয়া লয়॥ ২॥

সেই ভবাটবীর স্থানসমূহ প্রচুর পরিমাণে উৎপন্ন বৃক্ষ, তৃণ ও লতাদিতে

কচিত্তু গন্ধর্ব্বপুরং প্রপশ্যতি ক্বচিৎ ক্বচিচ্চাশুরয়োল্মুকগ্রহং ॥ ৩ ॥
নিবাসতোয়দ্রবিণাত্মবুদ্ধি স্ততস্ততো ধাবতি ভো অটব্যাং।
ক্বচিচ্চ বাত্যোত্থিতপাংশুধূম্রা দিশো ন জানাতি রজস্বলাক্ষঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

মক্ষিকাবিশেষৈঃ) মশকৈঃ চ উপক্রুতঃ ভবতি। ক্বচিত্তু গন্ধর্ব্বপুরং প্রপশ্যতি ক্বচিচ্চ ক্বাপিচ আশুরঃ অতিবেগঃ, যঃ উল্মুকাকারগ্রহঃ পিশাচঃ, তত্তুল্যং দুর্ল্লভং সুবর্ণাদিকং, পশ্যতি ॥ ৩ ॥

ভোঃ রাজন্! নিবাসঃ বাসস্থানং, তোয়ং জলং, দ্রবিণং ধনং চ আত্মা দেহঃ, তেষাং বস্তূনাং বুদ্ধিঃ যস্য সঃ অটব্যাং বনে, ততঃ ততঃ তত্র তত্র তত্তৎপ্রয়োজনসিদ্ধয়ে ধাবতি। ক্বচিচ্চ বাত্যা চক্রবাতঃ, তস্যাং উত্থিতঃ পাংশুঃ তেন ধূম্রাঃ দিশঃ যস্য সঃ রজস্বলাক্ষঃ (রজস্বলে রজোব্যাপ্তে অক্ষিণী যস্য সঃ) সার্থঃ ন জানাতি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

মানমেব দেহাদিকং প্রকর্ষেণ সত্যমেব ইদমিতি পশ্যতি। ক্বচিৎ ক্বচিৎ ক্বাপি ক্বাপি আশুরয়ঃ অতিবেগো য উল্মুকাকারো গ্রহঃ পিশাচস্তং তত্তুল্যসুবর্ণং উপাদেয়ত্বেন পশ্যতীত্যর্থঃ ॥ ৩ ॥

নিবাসাদিষু আত্মা স্বভাবো যস্যা সা বুদ্ধির্যস্য সঃ ততস্ততো ধাবতীত্যুভয়ত্র তাবানেবার্থঃ। বাত্যা চক্রবাতঃ। তস্যামুত্থিতঃ পাংশুস্তেন ধূম্রা দিশঃ। রজস্বলে রজোব্যাপ্তে অক্ষিণী যস্য স যথা ন জানাতি তথা বাত্যেব ভ্রমন্তী যা স্ত্রী তস্যামুত্থিতৈ রাগাদিভিরপ্রকাশমানা দিগ্দেবতাঃ কর্ম্মসাক্ষিভূতা ন জানাতীত্যর্থঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুরবদঘটমানং দেহগেহাদিকং প্রকর্ষেণ সত্যং স্থিরমেবেদমিতি পশ্যতি। ক্বাপি ক্বাপি আশুরয়ঃ অতিবেগো য উল্মুকাকারো গ্রহঃ পিশাচঃ তং তত্তুল্যং সুবর্ণমুপাদেয়ত্বেন পশ্যতি ॥ ৩ ॥

নিবাসাদিষু আত্মনো মমৈবেদমিতি বুদ্ধির্যস্য তথাভূতঃ সন্ ততস্তত স্তত্র তত্র ধাবতীত্যুভয়ত্র পক্ষে তাবানেবার্থঃ। বাত্যা চক্রবাতরূপা যা স্ত্রী তদুত্থিতৈঃ পাংশুভিঃ কন্দর্পবেগৈ ধূর্ম্রা আচ্ছন্নীকৃতা দিশঃ দিগ্দেবতাঃ কর্ম্মসাক্ষিভূতা ন জানাতি। রজস্বলাক্ষঃ কামান্ধঃ ॥ ৪ ॥

এতই সংকীর্ণ যে, তাহার অন্তরে প্রবেশ করা নিতান্তই দুঃসাধ্য; তাহাতে আবার ক্রূর-স্বভাব দংশ ও মশকাদিতে সর্ব্বত্র সম্পূর্ণ উপদ্রুত। জীব তাদৃশ ভীষণ অরণ্যে পরিভ্রমণ করিতে করিতে কখন কল্পনারচিত সুখময় গন্ধর্ব্বপুর সমক্ষে অবস্থিত মনে করে; কখন বা তীব্রবেগ উল্মুকাকার পিশাচের ন্যায় দুর্ল্লভ-দর্শন সুবর্ণাদি অপূর্ব্ব সম্পত্তিকে নয়নগোচর করিয়া থাকে ॥ ৩ ॥

অহে রাজন্! বাসস্থান, পিপাসার জল, ধন, ধান্য ও দেহাদি বস্তুনিচয়ের প্রাপ্তিকামনায় জীব এই সংসার-বনের সর্ব্বত্র বিচরণ করিতে থাকে। কখন

অদৃশ্য-ঝিল্লী-স্বন-কর্ণ-শূল উলূকবাগ্‌ভিব্যথিতান্তরাত্মা।
অপুণ্যবৃক্ষান্ শ্রয়তে ক্ষুধার্দিতো মরীচিতোয়ান্যভিধাবতি ক্বচিৎ ॥ ৫ ॥
ক্বচিদ্বিতোয়াঃ সরিতোঽভিযাতি পরস্পরম্বা লষতে নিরন্নঃ।

অন্বয়ঃ।

অদৃশ্যানাং ঝিল্লীনাং ভৃঙ্গারিকাসঙ্গানাং কীটবিশেষাণাং স্বনৈঃ ধ্বনিভিঃ, কর্ণয়োঃ শূলঃ ব্যথা যস্য সঃ, উলূকাঃ ঘূকাঃ তেষাঃ বাগ্‌ভিঃ ব্যথিতঃ অন্তরাত্মা যস্য সঃ, ক্ষুধার্দ্দিতঃ ক্ষুধা-পীড়িতঃ এব অপুণ্যবৃক্ষান্ পাপজনকান্ অধার্ম্মিকান্ বৃক্ষতুল্যজনান্ শ্রয়তে, ক্বচিচ্চ পিপাসা-র্দ্দিতঃ মরীচিতোয়ানি অভিধাবতি চ ॥ ৫ ॥

ক্বচিৎ বিতোয়াঃ জলরহিতাঃ, সরিতঃ অভিযাতি; নিরন্নঃ অন্নহীনঃ, পরস্পরং অন্নং

শ্রীধরস্বামী।

অদৃশ্যানাং ঝিল্লীনাং ভৃঙ্গারিকাসংজ্ঞানাং কীটবিশেষাণাং স্বনৈঃ কর্ণয়োঃ শূলো ব্যথা যস্য। উলূকা ঘূকা স্তেষাং বাগ্‌ভির্ব্যথিতো হৃন্তরাত্মা মনো যস্য অত্রচ পরোক্ষমপ্রিয়বক্তারো ঝিল্লীতুল্যাঃ। প্রত্যক্ষমপ্রিয়বক্তারো ঘূকতুল্যাঃ। যেষাং ছায়াপি পাপহেতুঃ তেঽপুণ্যবৃক্ষাস্তত্তুল্যান্ অধার্ম্মিকান্ সেবতে। মরীচিতোয়ানীতি নিষ্ফলত্বেন বিজ্ঞাতানপি বিষয়ান্ ॥ ৫ ॥

বিতোয়াসু সরিৎসু পতিতস্য গাত্রভঙ্গাৎ সদ্যো দুঃখং ভবতি ন চোদকলাভঃ তদ্বদিহ পরত্রচ দুঃখদান্ পাষণ্ডান্ অভিযাতি। আলষতে অভিলষতি দায়াদেভ্যোঽন্নাদি বাঞ্ছতি উভয়-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অদৃশ্যানাং ঝিল্লীনাং ভৃঙ্গারিকাখ্য-কীটবিশেষাণামিব পরোক্ষমপ্রিয়বক্তৄণাং স্বনৈঃ কটু-ভাষণৈঃ কর্ণয়োঃ শূলো ব্যথা যস্য সঃ। উলূকানামিব প্রত্যক্ষমপ্রিয়বক্তৄণাং বাগ্‌ভিঃ কটু-ভাষিতৈ র্ব্যথিতমনাঃ। যেষাং ছায়াপি পাপহেতু স্তান্ অপুণ্যবৃক্ষানিব অধার্ম্মিকলোকান্ ভিক্ষার্থং সেবতে। মরীচিতোয়-তুল্যান্ অদাতৃলোকানপি ক্বচিদ্ভিক্ষার্থং গচ্ছতি ॥ ৫ ॥

বিতোয়াসু সরিৎসু পতিতস্য গাত্রভঙ্গাৎ সদ্যো দুঃখং ভবতি নচোদকলাভ স্তদিহচ পরত্রচ দুঃখদান্ পাষণ্ডানভিযাতি। আলষতে অভিলষতি। নিরন্ধানিতি নিরন্নশ্চেতি পাঠদ্বয়ং

প্রচণ্ড বাত্যার দ্বারা উত্থাপিত ধূলিপটলের আবরণে ধূম্রবর্ণ দিক্‌দিগন্তের প্রতি নিরীক্ষণ করত রজোব্যাপ্তলোচনে অন্ধের ন্যায় অবস্থান করিতে থাকে ॥ ৪ ॥

ভৃঙ্গারিকা নামক অদৃশ্য ঝিল্লীগণের কঠোর রবে কখন তাহাদের কর্ণে যেন শূল বিদ্ধ হইতে থাকে; কখনও বা উলূকের বাগ্‌বজ্রে যেন তাহাদের অন্তর বিদীর্ণ হইয়া যায়; কখনও বা ক্ষুধায় কাতর হইয়া বিষবৃক্ষের নিকট ভোজন দ্রব্য প্রার্থনা করে এবং পিপাসায় অধীর হইয়া মায়ামরীচির নিকট জলপ্রার্থনায় ধাবিত হইতে থাকে ॥ ৫ ॥

অহো! পিপাসায় কাতর ব্যক্তি যেমন জলপানের বাসনায় অবিবেচনা

আসাদ্য দাবং ক্বচিদগ্নিতপ্তো নির্ব্বিদ্যতে ক্ব চ যক্ষৈ র্হ্বতাসুঃ ॥ ৬ ॥
শূরৈ র্হ্বতস্বঃ ক্ব চ নির্ব্বিন্নচেতাঃ শোচন্ বিমুহ্যন্ উপয়াতি কশ্মলং।
ক্বচিচ্চ গন্ধর্ব্বপুরং প্রবিষ্টঃ প্রমোদতে নির্বৃতবন্মুহূর্ত্তং ॥ ৭ ॥

অন্বয়ঃ।

আলষতে অভিলষতি, বা ক্বচিৎ দাবং প্রজ্বলৎ বনং, আসাদ্য অগ্নিনা তপ্তঃ সন্ নির্বিদ্যতে বিষীদতি। ক্ব চ ক্বচিৎ চ যক্ষৈঃ তত্তুল্যৈঃ রাজাদিভিঃ (হৃতাঃ অসবঃ প্রাণাঃ যস্য সঃ) হৃতাসুঃ গতপ্রাণঃ এব ভবতি ॥ ৬ ॥

ক্ব চ অন্যৈঃ শূরৈঃ প্রবলৈঃ হৃতস্বঃ (হৃতং স্বং বিত্তং যস্য সঃ) অতএব নির্ব্বিন্নচেতাঃ (নির্ব্বিন্নং বিষণ্ণং চেতঃ যস্য সঃ) শোচন্ বিমুহ্যন্ সংভ্রমন্ কশ্মলং মূর্চ্ছাং, যাতি। ক্বচিৎ চ গন্ধর্ব্বপুরং প্রবিষ্টঃ সন্ নির্বৃতবৎ সুখিবৎ, মুহূর্ত্তং প্রমোদতে ॥ ৭ ॥

শ্রীধরস্বামী

তত্রাপি স এবার্থঃ। দাবং দাবাগ্নিতুল্যং দুঃখদং গৃহং প্রাপ্য শোকাগ্নিনা তপ্তো নির্বিদ্যতে বিষীদতি। ক্ব চ কদাচিৎ তত্র যক্ষরাক্ষসতুল্যৈ রাজভির্হ্বতং অসুবৎ শ্রেষ্ঠং ধনং যস্য স নির্ব্বিদ্যতে ॥ ৬ ॥

অন্যৈশ্চ শূরৈর্হ্বতং স্বং বিত্তং যস্য; নির্ব্বিন্নং বিষণ্ণং চেতো যস্য; কশ্মলং মূর্চ্ছাং গন্ধর্ব্বপুরমিব মনোরথোপগত-পিতৃপুত্রাদিসমাজং প্রবিষ্টঃ সন্ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উভয়ত্র পক্ষে সাম্যং। দাবং দাবাগ্নিতুল্যং দুঃখদানগৃহং প্রাপ্য শোকাগ্নিনা তপ্তো নির্বিদ্যতে বিষীদতি। যক্ষ-রাক্ষস-তুল্যৈঃ রাজভি র্হ্বতমসুবৎ শ্রেষ্ঠং ধনং যস্য সঃ। ধিঙ্মাং ধনরহিতমিতি নির্বিদ্যতে। কদাচিৎ অন্যৈঃ শূরৈঃ সংগ্রামে বিজয়িভিশ্চ হৃতধনঃ ॥ ৬ ॥

গন্ধর্ব্বপুরমিব মনোরথোপলব্ধং পুত্রকলত্রধনৈশ্বর্য্যং প্রবিষ্টঃ প্রাপ্নুবন্ ॥ ৭ ॥

পূর্ব্বক শূন্যতোয়া সরোবরে ঝম্প প্রদান করত ভগ্নাঙ্গ হয় মাত্র, অভিলষিত উদক কখন লাভ করিতে পারে না, সেইরূপ তাহারা সুখলাভের প্রত্যাশায় পাষণ্ডজনগণের সমীপে পরামর্শার্থ গমন করত, বিপরীত ফলই প্রাপ্ত হইয়া থাকে। যাহারা ধনাধিকারী হইয়া পুত্রাদিরূপবেশে চতুর্দ্দিকে পরিবেষ্টন করিয়া থাকে, ভবাটবীর জীব অন্নের আকাঙ্ক্ষায় তাদৃশ দায়াদগণের নিকটই অন্নের ভিক্ষা করিয়া থাকে। কখনও বা প্রচণ্ড দাবানলের বিষম উত্তাপে সন্তপ্তের ন্যায় দারুণ গৃহতাপে পরিতপ্ত হইতে থাকে; কখনও বা যক্ষ ও রাক্ষসতুল্য রাজন্যগণ কর্ত্তৃক হৃতসর্ব্বস্ব হইয়া, অশেষ দুঃখ অনুভব করে। ৬।

কখনও বা অন্যান্য প্রবল শত্রুকুলের প্রতারণায় বঞ্চিত ও সর্ব্বস্বান্ত হইয়া, শোকে বিমোহিত হইয়া পড়ে; কিন্তু পুনরায় গন্ধর্ব্বপুরের ন্যায়

চলন্ ক্বচিৎ কণ্টক-শর্করাঙ্ঘ্রি, র্নগান্ রুরুক্ষুর্বিমনা ইবাস্তে।
পদে পদেঽভ্যন্তরবহ্নিনার্দ্দিতঃ কৌটুম্বিকঃ ক্রুধ্যতি বৈ জনায় ॥ ৮ ॥
ক্বচিন্নিগীর্ণোঽজগরাহিনা জনো নাবৈতি কিঞ্চিদ্বিপিনেঽপবিদ্ধঃ।

অন্বয়ঃ।

ক্বচিৎ নগান্ পর্ব্বতান্, রুরুক্ষুঃ আরোঢ়ুমিচ্ছুঃ সন্ চলন্ কণ্টকশর্করাঙ্ঘ্রিঃ (কণ্টক-শর্করাদিভিঃ বিদ্ধাঙ্ঘ্রিঃ) পদে পদে বিমনাঃ ইব আস্তে বিষণ্ণঃ ভবতি। অভ্যন্তরবহ্নিনা জাঠরাগ্নিনা, অর্দ্দিতঃ পীড়িতঃ বুভুক্ষিতঃ সন্ কৌটুম্বিকঃ পরিজনবেষ্টিতঃ, সঃ জনায় দারা-পুত্রাদিজনেভ্যঃ, বৈ ক্রুধ্যতি ॥ ৮ ॥

ক্বচিৎ চ অজগরাহিনা নিদ্রারূপেণ, নিগীর্ণঃ গিলিতঃ, দষ্টঃ জনঃ বিপিনে অপবিদ্ধঃ ত্যক্তঃ সন্ শেতে ন কিঞ্চিৎ অবৈতি জানাতি; ক্বচ জলার্থং গতঃ তত্র দন্দশূকৈঃ তদ্বদতিক্রূরৈঃ

শ্রীধরস্বামী।

কণ্টকাদিবিদ্ধাঙ্ঘ্রিরিব বিঘ্নৈরভিভূতঃ সন্ নগতুল্যং মহৎ কর্ম্মারোঢ়ুং কর্ত্তুমিচ্ছুর্বিমনা ইবাস্তে। পদে পদে ক্ষণে ক্ষণে অভ্যন্তরবহ্নিনা জাঠরবহ্নিনা ॥ ৮ ॥

অজগরাহিনা নিদ্রারূপেণ গিলিতো ন বেত্তি বিপিনে ত্যক্তঃ শব ইব দন্দশূকৈঃ হিংস্রৈ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নগান্ রুরুক্ষুঃ নগং মহাপর্ব্বতমিব কন্যাপুত্রোদ্বাহাদি যশঃ আরুরুক্ষুঃ প্রাপ্তুমিচ্ছুর্বিমনাঃ কথমেতৎ পারং প্রাপ্স্যামীতি ভাবয়ন্নাস্তে। যতঃ পাদুকাদ্যভাবাৎ কণ্টকাদিবিদ্ধাঙ্ঘ্রিঃ পক্ষে সহায়াদ্যভাবাৎ বিঘ্নাভিভূতঃ। অভ্যন্তরেণ বহ্নিনা জাঠরেণ ॥ ৮ ॥

অজগরাহিনা নিদ্রারূপেণ অপবিদ্ধঃ বন্ধুভিরপ্রবোধিতঃ দন্দশূকৈরিব দুর্জনৈঃ পীড়িতঃ

কাল্পনিক সুখময় গৃহক্ষেত্রাদিতে সুখের প্রত্যাশায় সংসার-বনে প্রবেশ করত, আপনাকে সুখীজ্ঞানে প্রমত্ত হয় ॥ ৭ ॥

পর্ব্বতারোহণে ইচ্ছুক ব্যক্তিকে যেমন প্রথমত বহুবিধ কণ্টকাকীর্ণ পথকে অতিক্রম করিবার উপলক্ষে, কণ্টক ও শর্করার আঘাত পদে পদে সহ্য করিতে হয়, সেইরূপ এই ভবাটবীর জীবও শাস্ত্রানুমোদিত বৃহৎ যাগ-যজ্ঞাদি বহু আয়াস-সাধ্য বিপুল ধর্ম্মকর্ম্মাদির অনুষ্ঠানে প্রবৃত্ত হইয়া, পদে পদে বিফল-প্রযত্ন ও ভগ্নমনোরথ হইয়া পড়ে। এদিকে নিজের জাঠরাগ্নিতে সর্ব্বদা প্রপীড়িত হইয়া, ইতস্তত অন্নের অন্বেষণ করে, অথচ যত্নপূর্ব্বক আপনবোধে সংগৃহীত পরিজনবর্গের ভরণপোষণে বিব্রত হইয়া, সকলের উপরও বিরক্তির ভাব সর্ব্বদা প্রকাশ করিয়া থাকে ॥ ৮ ॥

অজগর সর্প কর্ত্তৃক গিলিত ও দষ্ট হইয়া, জীব যেমন নিদ্রিতের ন্যায় ঘোর অজ্ঞানে অভিভূত হয় ও বিপিনে পরিত্যক্তের ন্যায় শয়ন করিয়া থাকে, সে

দষ্টঃ স্ম শেতে ক্বচ দন্দশূকৈরন্ধোঽন্ধকূপে পতিতস্তমিস্রে ॥ ৯ ॥
কর্হি স্ম চিৎ ক্ষুদ্ররসান্ বিচিন্বংস্তন্মক্ষিকাভির্ব্যথিতো বিমানঃ ।
তত্রাতিকৃচ্ছ্রাৎ প্রতিলব্ধমানো বলাদ্বিলুম্পন্ত্যথ তং ততোঽন্যে ॥ ১০ ॥

অন্বয়ঃ ।

জনৈঃ তিরস্কৃতঃ অন্ধঃ প্রজ্ঞাহীনঃ, সঃ তমিস্রে কর্ত্তব্যানুসন্ধানরহিতে, অন্ধকূপে দুস্তরে মোহে, পতিতঃ এব শেতে ॥ ৯ ॥

কর্হিস্মচিৎ ক্ষুদ্ররসান্ মধ্বাদীন্ (পরযোষাদীন্) বিচিন্বন্ গবেষয়ন্, চ তন্মক্ষিকাভিঃ (যোষিদাদিস্বামিভিঃ রাজভিঃ বা) বিমানঃ অবজ্ঞাতঃ, নিহতঃ বদ্ধঃ বা সন্ ব্যথিতঃ ভবতি। তত্র যদি অতি কৃচ্ছ্রং অতিকষ্টেন প্রতিলব্ধমানঃ প্রাপ্তমধ্বাদিরসঃ ভবতি তদা তান্ রসান্ ততঃ সকাশাৎ অন্যে বলাৎ বিলুম্পন্তি হরন্তি ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

দুর্জনৈ র্দষ্টঃ পীড়িতঃ, অন্ধো লুপ্তবিবেকঃ অন্ধকূপে মোহগর্ত্তে পতিতস্তমিস্রে দুঃখে শেতে লীয়তে ॥ ৯ ॥

ক্ষুদ্ররসান্ পরযোষাদীন্ বিচিন্বন্ গবেষয়ন্ তন্মক্ষিকাভি র্যোষাদিস্বাম্যাদিভিঃ বিমানঃ অবজ্ঞাত স্তাড়িতঃ সন্ ব্যথিতো ভবতি যদি কথঞ্চিত্তত্রাতিক্লেশেন প্রতিলব্ধমানঃ প্রাপ্তযোষাদি-র্ভবতি তদা বলাদন্যেঽপহরন্তি তান্ যদাভিযুঙ্‌ক্তে তদা ততোঽপ্যন্যে হরন্তি ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্ধো বিবেকহীনঃ। অন্ধকূপে মোহে তমিস্রে তমোবৃতে পঙ্কে দুঃখময়ে ॥ ৯ ॥

ক্ষুদ্ররসান্ পরদারান্। তন্মক্ষিকাভি স্তদ্ভর্ত্তৃশ্বশ্রাদিভির্বিমানো বিগতমানঃ কৃতো ব্যথিতো ভবতি। যদি কথঞ্চিত্তত্রাতিক্লেশেন ধনব্যয়াদিনা প্রতিলব্ধমানঃ প্রাপ্তপরদারসম্ভোগ স্তদা তান্ দারান্ অন্যে বিলুম্পন্তি ততোঽপ্যধিকবিত্তব্যয়েনান্যেঽপীত্যেবং ॥ ১০ ॥

সময় সংসারের কোন বিষয়েরই আর সংবাদ রাখে না; পিপাসার্ত্ত ব্যক্তি জললাভার্থ জঙ্গলে গমন করিলে, যেমন বৃশ্চিক বা সর্পাদি কর্ত্তৃক দংষ্ট্র হইয়া, ঘোর অন্ধকারাচ্ছন্ন অন্ধকূপেই মৃতের ন্যায় নিপতিত থাকে, সেইরূপ সংসারী জীব বিষয়-তৃষ্ণায় আকুল হইয়া, তৎপ্রাপ্তির উদ্‌যোগে অতি ক্রূরহৃদয় দুষ্ট জনগণের তিরস্কারে অবসন্নপ্রায় হয় এবং কিংকর্ত্তব্য-বিমূঢ়ের ন্যায় ঘোর মোহেই নিপতিত হইয়া থাকে ॥ ৯ ॥

অতি সামান্য পুষ্পমধু আহরণ করিতে হইলেও, যেমন মধুকরের দংশনে অভিভূত হইতে হয়, সংসারেও সেইরূপ অতি অকিঞ্চিৎকর পরযোষিৎ-সংসর্গরূপ তুচ্ছ সুখের লালসায় অগ্রসর মানব সেই সকল নারীগণের ভর্ত্তা বা রাজপক্ষীয় কর্ম্মচারিগণ কর্ত্তৃক অবমানিত বদ্ধ ও নিহত হইয়া দারুণ ব্যথা

ক্বচিচ্চ শীতাতপবাত-বর্ষ-প্রতিক্রিয়াং কর্ত্তুমনীশ আস্তে।
ক্বচিন্মিথো বিপণন্ যচ্চ কিঞ্চিৎ বিদ্বেষমৃচ্ছত্যুত বিত্তশাঠ্যাৎ ॥ ১১ ॥
ক্বচিৎ ক্বচিৎ ক্ষীণধনস্তু তস্মিন্ শয্যাসনস্থানবিহারহীনঃ।
যাবৎ পরাদপ্রতিলব্ধকামঃ পারক্যদৃষ্টি র্লভতেঽবমানং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

ক্বচিৎ চ শীতাতপবাতবর্ষাদীনাং প্রতিক্রিয়াং নিবারণং, কর্ত্তুং অনীশঃ অসমর্থঃ, সন্ বিষণ্ণঃ আস্তে; ক্বচিচ্চ মিথঃ পরস্পরং, বিপণন্ ক্রয়বিক্রয়াদিভিঃ ব্যবহরন্, যৎ কিঞ্চিৎ উত অপি স্বল্পং ধনং অপহরন্ বিত্তশাঠ্যাৎ ধনবঞ্চনাদ্ধেতোঃ বিদ্বেষং ঋচ্ছতি গচ্ছতি ॥ ১১ ॥

ক্বচিৎ ক্বচিৎ তু তস্মিন্ ভবারণ্যে ক্ষীণধনঃ অতএব শয্যাসনস্থানবিহারহীনঃ (শয্যা আসনং কম্বলাদি, স্থানং গৃহাদি, বিহরন্তি অনেন ইতি বিহারঃ যানাদিঃ, তৈঃ হীনঃ অতঃ পরং যাচমানঃ অপি) পরাৎ অপ্রতিলব্ধকামঃ অপ্রাপ্তমনোরথঃ তদা পারক্যে পরকীয়বস্তুনি, দৃষ্টিঃ অভিলাষঃ যস্য সঃ অবমানং লভতে ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

যৎকিঞ্চিদত্যল্পমপি মিথো ব্যবহরন্ ক্রয়াদিনা গৃহ্নন্। বিত্তশাঠ্যাৎ ধনবঞ্চনাৎ ॥ ১১ ॥

শয্যাদিহীনঃ। আস্যতে অস্মিন্নিত্যাসনং কম্বলাদি। স্থীয়তেঽস্মিন্নিতি স্থানং গৃহং। বিহরন্ত্যনেনেতি বিহারো যানাদিঃ। যাচমানোঽপি যদা পরস্মাদপ্রাপ্তকাম স্তদা পরকীয়ে বস্তুনি দৃষ্টিরভিলাষো যস্য সো ঽবমানং প্রাপ্নোতি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিথো বিপণন্ বিপণয়ন্ ক্রয়বিক্রয়াদিনা ব্যবহরন্ বিত্তশাঠ্যাৎ ধনবঞ্চনাৎ বিদ্বেষং প্রাপ্নোতি ॥ ১১ ॥

পরাৎ পরস্মাৎ যাচ্যমানাদপি অপ্রাপ্তধনো ভবেত্তদা পারোক্যে পরকীয়ে বস্তুনি দৃষ্টি-রভিলাষো যস্য সোঽবমানং প্রাপ্নোতি ॥ ১২ ॥

অনুভব করিয়া থাকে। যদিও কখন অতি কষ্টে কিছু ভোগের সম্পত্তি কখন সংগ্রহ করে, অন্য বলবান্ ব্যক্তি আসিয়া তাহাও আবার বল পূর্ব্বক তাহার নিকট হইতে হরণ করিয়া লয় ॥ ১০ ॥

কোথায়ও বা শীত, গ্রীষ্ম, বাত ও বর্ষাদি ঋতুসমূহের তীব্র ভাব সকল সহ্য করিতে অসমর্থ হইয়া, বিষণ্নবদনে ইতস্তত অবস্থান করে; এবং কোথায়ও বা ক্রয়-বিক্রয়ের দ্বারা যদি কিছু ধন সংগ্রহ করিতে পারে, তাহাতেও আবার পরবঞ্চনাজনিত বিত্তশাঠ্যহেতু পরস্পরের মধ্যে বিষম কলহ উৎপাদন করে ॥ ১১ ॥

সেই সংসার অরণ্যে যাহার ধন নাই, তাহার বিবিধ ক্লেশ উৎপন্ন হইয়া থাকে। ধনহীন ব্যক্তি শয্যা, আসন, বাস, ভবন ও বিহারার্থ যানাদির

অন্যোঽন্যবিত্তব্যতিষঙ্গবৃদ্ধবৈরানুবন্ধো বিহরন্ মিথশ্চ।
অধ্বন্যমুষ্মিন্ উরুকৃচ্ছ্রবিত্তবাধোপসর্গৈর্বিহরন্ বিপন্নঃ॥ ১৩॥

অন্বয়ঃ।

অন্যোঽন্যবিত্তব্যতিষঙ্গেণ ধনসাঙ্কর্য্যেণ বৃদ্ধঃ বৈরানুবন্ধঃ যস্য সঃ তথাভূতঃ অপি মিথঃ পরস্পরং, বিহরন্ বিবাহাদি কুর্ব্বন্ ভবতি। অমুষ্মিন্ অধ্বনি বিহরন্ বিভ্রমন্ উরুভিঃ কৃচ্ছ্রৈঃ, কষ্টৈঃ বিত্তবাধৈঃ চ অন্যৈঃ উপসর্গৈঃ চ রোগদ্বেষাদিভিঃ চ বিপন্নঃ মৃতপ্রায়ঃ, ভবতি॥ ১৩॥

শ্রীধরস্বামী।

এবমন্যোঽন্যং বিত্তব্যতিষঙ্গেণ ধনবিনিময়েন বিবৃদ্ধো বৈরানুবন্ধো যস্য তথাবিধোঽপি পরস্পরং বিবহন্ বিবাহাদিসম্বন্ধং কুর্ব্বন্ উরুভিঃ কৃচ্ছ্রৈঃ শ্রমৈঃ বিত্তবাধৈরুপসর্গৈশ্চ দ্বেষাদিভি র্বিপন্নঃ মৃতপ্রায়ো ভবতি॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমন্যোঽন্যবিত্তস্য ব্যতিষঙ্গেণ পরস্পরাসক্ত্যা পরস্পরজিঘৃক্ষয়া বিবৃদ্ধো বৈরানুবন্ধো যস্য তথাবিধোঽপি পরস্পরং বিবহন্ বিবাহাদিসম্বন্ধং কুর্ব্বন্ অধ্বনি বিহরন্ বিভ্রমন্ উরুভিঃ কৃচ্ছ্রৈর্বিত্তবাধৈরুপসর্গৈ রোগাদিভিশ্চ বিপন্নো মৃতপ্রায়ো ভবতি॥ ১৩॥

অভাবে ক্ষুণ্ণ হইয়া অন্যের নিকট তজ্জন্য প্রার্থী হয়। কিন্তু অভিলাষানুরূপ ফল না পাইয়া, পরের ধন ও সম্পত্তির অপহরণার্থ উদ্‌যোগ করে এবং তন্নিমিত্ত নানাপ্রকার অবমানাদি সহ্য করিয়া থাকে॥ ১২॥

হে রাজন্! সংসার-বনের জীব সাংসারিক ধন-সম্পত্তি সংগ্রহ করে বটে, কিন্তু ধন-সম্পত্তি লইয়া পরস্পরের মধ্যে বিষম বিবাদও উপস্থিত করে; অথচ পরস্পরে বিবাহাদি সম্বন্ধে আবদ্ধ হইয়া, সংসারযাত্রাও নির্ব্বাহ করে। এই সংসারপথে ভ্রমণ করিতে করিতে বিবিধ যাতনা এবং ধন সম্পত্তির বিনাশ-নিবন্ধন অশেষ প্রকার উপসর্গের অন্তর্গত হইয়া, রোগ শোকাদিতে একান্ত জর্জ্জরিত হইতে থাকে॥ ১৩॥

আভাস।

সংসারে অর্থই অনর্থের হেতু হইয়া থাকে। যে অর্থ বা সম্পত্তি লাভে মানব সুখী হইবার প্রত্যাশা করে, সেই ধনসম্পত্তিই আবার পরস্পরের মধ্যে বিবাদ উৎপাদনের প্রধান কারণ। সুতরাং ধনানামর্জ্জনে ক্লেশ স্তথৈব পরিরক্ষণে। দানে দুঃখং ব্যয়ে দুঃখং ধিগর্থান্ ক্লেশকারিণঃ॥ ধনের সুখ কেবল ধন আছে এই জ্ঞান ও তৎপ্রাপ্তির আশায় মাত্র; নতুবা সর্ব্বপ্রকার ধনসম্পত্তি হইতে মানবের অশেষ প্রকার ক্লেশেরই উৎপত্তি হইয়া থাকে। ধনের অর্জ্জনে রক্ষণে দানে ও ব্যয়ে ধনীর বিবিধ ক্লেশেরই পরিচয় পাওয়া যায়। অধিক কি! ধনক্ষয়ে বা তদুপলক্ষে পরস্পরের বিবাদে মানব মৃতপ্রায় হইয়া পড়ে; অনেকে জীবন পর্য্যন্ত হারায়। তথাপি তাহার পুত্র পৌত্রগণ ও আত্মীয়বর্গের চৈতন্য

তাংস্তান্ বিপন্নান্ সহি তত্র তত্র বিহায় জাতং পরিগৃহ্য সার্থঃ।
আবর্ত্ততেঽদ্যাপি ন কশ্চিদত্র বীরাধ্বনঃ পারমুপৈতি যোগং ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

তথা তান্ তান্ বিপন্নান মৃতান্ তত্র তত্র বিহায় জাতং নবীনং, পরিগৃহ্য সঃ হি সার্থঃ বিহরন্ অত্র সার্থে কশ্চিৎ অতি সমর্থঃ অপি হে বীর! অধ্বনঃ পারং প্রতি ন আবর্ত্ততে নাপি যোগং তৎপ্রাপ্ত্যুপায়ং বা উপৈতি লভতে ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

দুরত্যয়ত্বমধ্বনো দর্শয়তি তাংস্তান বিপন্নান মৃতান্ বিহায় জাতং জাতং পরিগৃহ্য বিহরন্ যতঃ প্রস্থিতঃ তং প্রতি নাবর্ত্ততে। হে বীর! অধ্বনঃ পারং যো যোগস্তঞ্চ নোপৈতি। অত্র সার্থে কশ্চিদতিসমর্থোঽপি ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিপন্নান্ মৃতান্ বিহায় জাতং জাতং পরিগৃহ্য চলন্নদ্যাপি নাবর্ত্ততে যতশ্চলিতস্তং পরমেশ্বরং প্রতীত্যর্থঃ। তৎপ্রাপ্তিসাধনযোগমুপায়ং ভক্তিজ্ঞানাদিকং পারং পারপ্রাপকং ন উপৈতি অত্র সার্থেষু মধ্যে কশ্চিদপি ॥ ১৪ ॥

যাহারা এই প্রকারে রোগাদিতে নিহত হইয়া কাল-কবলে কবলিত হয়, তাহাদের স্বজনবর্গও তাদৃশ মৃত ব্যক্তিগণকে সম্পূর্ণ বিস্মৃত হইয়া, পুনরায় অভিনব সম্বন্ধে অন্যের সহিত সুসম্বদ্ধ হয় এবং যেন অপার আনন্দরসে নিমগ্ন হয়। কিন্তু হে বীর! তাহাদের মধ্যে এমন কোন যোগ্য পাত্র হয় না যে, সংসারপথের পরপারে অবস্থিত পরমানন্দমূর্ত্তি পরমাত্মাকে লাভ করে বা তৎপ্রাপ্তির উপায়ভূত যোগের অনুশীলন করে ॥ ১৪ ॥

আভাস।

হয় না। তাহারা পূর্ব্ব আত্মীয়ের কথা সম্পূর্ণ বিস্মৃত হইয়া, আবার ধনসম্পত্তির সংগ্রহে যত্নবান্ হয়। লোকে ধনসঞ্চয়ের সার্থকতার প্রতি অতি অল্পমাত্রায়ও দৃষ্টি করে না। ধন যে কেবল ধনসঞ্চয়ের কারণ নহে; তদ্দ্বারা ধর্ম্মের অনুষ্ঠান করত, পরম পদ বিষ্ণুপদে আত্মসমর্পণ করিতে হইবে, তাহা তাহারা স্বপ্নেও চিন্তা করে না। ধন একবার সঞ্চয় করা হইল বটে, কিন্তু মৃত্যুর পর তাহাকে ভোগ করিবার জন্য কাহাকেও প্রত্যাবর্ত্তন করিতে দেখে না; কিম্বা অতুল ধনাদি সঞ্চয় করিয়াই পরমানন্দস্বরূপ মুক্তিলাভ করিতেও কাহাকে অবলোকন করে না; তথাপি ধনসঞ্চয়ই যেন জীবনের একটী প্রধান ব্রত বলিয়া সকলে জ্ঞান করিয়া থাকে ॥ ১৩ ॥ ১৪ ॥

ভূম্যাধিকারীর পরিচয়ে সকলেই যথেষ্ট অভিমান প্রদর্শন করে; কিন্তু অর্থাদির সঞ্চয়ে যতই বুদ্ধিমান ও প্রতাপশালীত্বের পরিচয় লোক দিয়া থাকে, ততই যে নির্ব্বোধ বলিয়া প্রকৃতি তাহাকে উপহাস করে, সে তাহা কিছুমাত্র ধারণা করিতে পারে না। মৃত্যু

মনস্বিনো নির্জ্জিতদিগ্‌গজেন্দ্রা মমেতি সর্ব্বে ভুবি বদ্ধবৈরাঃ।
মৃধে শয়ীরন্নতু তদ্‌ব্রজন্তি যন্ন্যস্তদণ্ডো গতবৈরোঽভিযাতি ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

মনস্বিনঃ শূরাঃ, নির্জ্জিতদিগ্‌গজেন্দ্রাঃ (নির্জ্জিতাঃ দিগ্‌গজেন্দ্রাঃ যৈঃ তথাভূতাঃ অপি) মম ইয়ং মম ইয়ং ভূঃ ইতি ভুবি বদ্ধবৈরাঃ (বদ্ধং বৈরং যৈঃ তে) তে সর্ব্বে মৃধে যুদ্ধে শয়ীরন্ মৃতাঃ অপি তু যৎ অধ্বপারং ভগবৎপদং, ন্যস্তদণ্ডঃ সর্ব্বভূতাভয়দঃ গতবৈরঃ জনঃ অভিযাতি তৎ তু ন ব্রজন্তি ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

তদেবাহ মনস্বিনঃ শূরাঃ নির্জ্জিতা দিগ্‌গজেন্দ্রা যৈঃ। মমেয়ং ভূর্মমেয়মিতি ভুবি নিমিত্ত-ভূতায়াং বদ্ধং বৈরং যৈঃ। ন্যস্তদণ্ডঃ সন্ন্যাসী যদ্বিষ্ণোঃ পদং অভিযাতি তত্তু ন ব্রজন্তি ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবাহ মনস্বিনঃ শূরা নির্জ্জিতেত্যতিদূরবর্ত্তিনো দিগ্‌গজেন্দ্রানপি নির্জ্জয়ন্তিস্ম নত্বতি-নিকটবর্ত্তিন একাদশেন্দ্রিয়ভটানপি ইতি ব্যবহার এব তেষাং শৌর্য্যং নতু পরমার্থ ইতি ভাবঃ। ততো মমেত্যাদি পরমার্থতঃ শূরমাহ ন্যস্তেতি গতবৈরত্বেন ন্যস্তদণ্ডত্বমেব শৌর্য্য-মিতি ভাবঃ ॥ ১৫ ॥

অহো! মদমত্ত দিগ্‌গজেন্দ্রেরও নিগ্রহে সমর্থ মনস্বী শূর ব্যক্তিগণও এই সংসার অরণ্যে উপস্থিত হইয়া, "এই সম্পত্তি আমার, এই গৃহক্ষেত্র আমার", এইরূপ নিরর্থক অভিমানে বিমুগ্ধ হইয়া, পরস্পরের মধ্যে বিষম কলহের উৎপাদনে সমরশায়ী হইতেছে। কিন্তু কি আশ্চর্য্য! সকল ভূতের প্রতি দয়ার পরিচয়ে শত্রুতাশূন্য নিরভিমানী ব্যক্তিগণ যে পরম পদ ভগবচ্চরণার-বৃন্দ অবলীলাক্রমে প্রাপ্ত হইয়া চিরসুখ লাভ করিতে পারেন, অভিমানের পরিচয়ে প্রাণপনে পরিশ্রম করিলেও তাহারা সে পদ কখন স্বপ্নেও অনুভব করিতে পায় না। ॥ ১৫ ॥

আভাস।

শরীরগোপ্তারং স্বীকর্ত্তারং বসুন্ধরা। দুশ্চরিত্রেব হসতি স্বামিনং সুতবৎসলং ॥ জারজ সন্তানকে অঙ্কে লইয়া পিণ্ডদাতা-জ্ঞানে স্বামী আদর করিতেছেন দেখিলে, দুশ্চরিত্রা কামিনী যেমন মনে মনে স্বামীকে উপহাস করে, মৃত্যুও সেইরূপ দেহরক্ষার্থ যত্নশীল পুরুষকে ঘৃণার চক্ষে অবলোকন করিয়া থাকেন। এবং বসুন্ধরাও স্বীয় সত্ত্বাধিকারী ভূস্বামীকে হাস্য করত বলেন যে, তুমিই যে কেবল আমার এই সীমাবদ্ধ কিয়দংশ স্থানের উপর আধিপত্য স্থাপনার্থ জীবন উৎসর্গ করিতে প্রস্তুত হইয়াছ এমত নহে, অনেকেই অনেকবার এইরূপে সীমা বা আধিপত্য লইয়া জীবন বিসর্জ্জন করিয়াছে; তাহারা সকলেই কাল-সহকারে

প্রসজ্জতি ক্বাপি লতাভুজাশ্রয়স্তদাশ্রয়া ব্যক্তপদদ্বিজস্পৃহঃ।

অন্বয়ঃ।

ক্বাপি লতাভুজাশ্রয়ঃ (লতানাং ভুজাঃ শাখাঃ তদ্বৎ স্ত্রীণাং ভুজাঃ আশ্রয়ঃ যস্য তথাবিধঃ সন্) তদাশ্রয়াব্যক্তপদদ্বিজস্পৃহঃ (তদাশ্রয়াঃ যে অব্যক্তপদাঃ সস্ফুটাক্ষরাঃ কলভাষিণঃ যে দ্বিজাঃ পুত্রাদয়ঃ তেষু স্পৃহা যস্য সঃ) কদাচিৎ হরিচক্রতঃ (সিংহসমূহতুল্যভয়ঙ্কর-

শ্রীধরস্বামী।

. সিংহাবলোকনেন পুনর্ভবাটবীমেবানুবর্ণয়তি প্রসজ্জতীতি। প্রসজ্জতি আসক্তিং করোতি। কীদৃশঃ লতানাং ভুজাঃ শাখাঃ তদ্বৎ সুকুমারা যে স্ত্রীণাং ভুজা স্তদাশ্রয়ঃ। তদাশ্রয়া অব্যক্তপদাঃ অস্ফুটাক্ষরাঃ কলভাষিণো যে দ্বিজাঃ পক্ষিণঃ তত্তুল্যেষু স্ত্রীসঙ্গপ্রসক্তেষু অপত্যেষু স্পৃহা যস্য তাদৃশো ভূত্বা হরিচক্রেং সিংহসমূহঃ তত্তুল্যাৎ কালচক্রনিমিত্তাৎ জন্ম-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সিংহাবলোকেন পুনর্ভবাটবীমেবানুবর্ণয়তি প্রসজ্জতীতি। লতানাং স্ত্রীণাং ভুজান্ স্পর্শসুখানাশ্রয়ত ইতি সঃ। তদাশ্রয়েষু লতাবলম্বিষু সুপ্তত্বাদব্যক্তপদেষু দ্বিজেষু পক্ষিষু স্পৃহা দিদৃক্ষা যস্য সঃ। পক্ষে ভার্য্যোৎসঙ্গবর্ত্তিনি অস্ফুটাক্ষরভাষিণি দ্বাভ্যাং স্ত্রীপুংসাভ্যাং জাতত্বাৎ দ্বিজে বালকে দর্শনস্পর্শনাদি স্পৃহা যস্য তাদৃশো ভূত্বা কদাচিৎ কালে ক্বাপি দেশে স্বয়মেব বা কথমরে সংসারং তরিষ্যসীতি দৈবাৎ পাষণ্ডানাং বাক্যেন বা হরিচক্রতঃ সিংহসংঘতুল্যাৎ কালচক্রাৎ ত্রসন্ ত্রস্যন্ তৎপরিহারায় তৈরেব পাষণ্ডৈরেবং সুখেন

অকিঞ্চিৎকর লতা ও শাখার আশ্রয়ে অবস্থিতি করিয়া সুখলাভের আশা করা যেমন সম্পূর্ণ অবিধেয় হইলেও কীট তাহাকেই আশ্রয় করিতে ইচ্ছা করে, এই ভবাটবীর মানবও সেইরূপ সুকোমল বনিতার ভুজলতায় আলি- ঙ্গিত থাকিয়া, শান্তিলাভের প্রত্যাশা করিয়া থাকে। তাহারা পক্ষিকুলের অস্ফুট কাকলি-সদৃশ অব্যক্তভাষী শিশু সন্তানের মধুর অস্ফুট ভাষণে বিমোহিত হইয়া থাকে এবং পাছে পশুরাজ কেশরীতুল্য বিপুল-পরাক্রম

আভাস।

ধরাধাম পরিত্যাগ করত চলিয়া গিয়াছে, কিন্তু আমি পূর্ব্ববৎ অবস্থান করিতেছি! বলিয়া ভূস্বামিগণকে উপহাস করিয়া থাকেন। অহো! ধনাদির নিমিত্ত রণপ্রাঙ্গণে কলেবর পরিত্যাগ করে! কিন্তু যাহা করিবার নিমিত্ত কলেবর ধারণ করা হইয়াছে, তদ্বিষয়ে কখন কিছুমাত্র চিন্তা করে না। ধনাদির কামনায় পরের সহিত শত্রুতা ও বিদ্রোহাচরণ করত জীবনে বিনষ্ট হয়, অথচ পরের উপকার ও সখ্যতাসূত্রে বদ্ধ থাকিলে যে পরমার্থ পদ লাভে জীবন কৃতার্থ হয়, তৎপ্রতি সংসারী মানবের দৃষ্টি একবারের জন্যও পতিত হয় না॥ ১৫॥

সিংহ যেমন সম্মুখে অগ্রসর হইবার সময়ে মধ্যে মধ্যে পশ্চাদ্ভাগে ফিরিয়া চাহে, গ্রন্থকারও সংসারী মানবের চরিত্র বর্ণন পূর্ব্বক অগ্রসর হইবার সময়ও মধ্যে মধ্যে ফিরিয়া

কচিৎ কদাচিদ্ধরিচক্রতস্ত্রসন্ সখ্যং বিধত্তে বক-কঙ্ক-গৃধ্রৈঃ।। ১৬ ।।
তৈর্বঞ্চিতো হংসকুলং সমাবিশন্নরোচয়ন্ শীলমুপৈতি বানরান্।

অন্বয়ঃ।

কালাৎ কালচক্রাৎ) ত্রসন্ ততঃ রক্ষার্থং, বককঙ্কগৃধ্রৈঃ তত্তুল্যৈঃ ক্ষুদ্রদেবৈঃ সখ্যং বিধত্তে ॥ ১৬ ॥

তৈঃ বকাদিভিঃ বঞ্চিতঃ রক্ষণং অপ্রাপ্তঃ, পুনঃ তদর্থং হংসকুলং (হংসানাং ব্রাহ্মণানাং কুলং পুনঃ প্রবিশন্ সমাবিশন্, তেষাং অপি শীলং আচারং, অরোচয়ন্ তান্ অপি ত্যক্ত্বা

শ্রীধরস্বামী।

মরণাদেস্ত্রসন্ তৎপরিহারায় কৈশ্চিৎ প্রলোভিতো বকাদিবৎ বঞ্চকৈঃ ক্ষুদ্রৈঃ ক্রূরৈঃ পাষণ্ডৈঃ সহ সখ্যং করোতি তেষু প্রবিশতি ॥ ১৬ ॥

তৈর্বঞ্চিত স্তত্র ফলাভাবং জ্ঞাত্বা হংসানাং ব্রাহ্মণানাং কুলং পুনঃ প্রবিশন্ তেষাং শীলং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তরিষ্যসীতি প্রলোভিতো বকাদিবদ্বঞ্চকৈঃ কুবুদ্ধিভিঃ ক্রূরৈস্তৈরেব পাষণ্ডিভিঃ সহ সখ্যং করোতি ॥ ১৬ ॥

তৈর্বঞ্চিত স্তত্র ফলাভাবং জ্ঞাত্বা হংসানাং ব্রাহ্মণানাং কুলং প্রবিশন্ তেষাং শীলং

কালচক্রের নিষ্ঠুর নিকৃন্তনে ছিন্ন ভিন্ন হইয়া পড়ে, এই ভয়ে আত্মরক্ষার নিমিত্ত কঙ্ক ও গৃধ্র সদৃশ বলিভুক্ ক্ষুদ্র দেবতার শরণাগত হইয়া, তাহাদেরই আরাধনায় নিযুক্ত হয় ।। ১৬ ।।

কিন্তু বকের সাহায্যে কখন সিংহভয় নিবারিত হয় না ; সুতরাং সামান্য দেবতার আরাধনায় মৃত্যুভয় নিবারিত হয় না দেখিয়া, তাহারা মানস-সরোবরস্থ হংসকুলের অনুসরণে প্রবৃত্ত হয়। কিন্তু তাদৃশ হংস-সদৃশ ব্রাহ্মণগণের আচার ব্যবহারের অনুষ্ঠান করা একান্ত দুরূহ বিবেচনা করত, তাহারা ব্রাহ্মণকুলকে পরিত্যাগ পূর্ব্বক বানরগণের ক্রীড়ার প্রতি কটাক্ষ করে। বানরকুলের কোন নিষ্ঠাই নাই ; তাহারা আচারভ্রষ্ট ; অতএব তাদৃশ আচরণের দ্বারা সুখলাভের প্রত্যাশায় তাহারা বানরতুল্য অসদাচারী শূদ্রপ্রায়

আভাস।

ভবাটবীর ভাব বর্ণন করিতেছেন। ভবাটবীর লতাপাদপও বিশেষ মোহের কারণ! লতার ন্যায় নারীর সুকোমল বাহুযুগলও মানবের বিশেষ মোহের কারণ হইয়া থাকে। পক্ষিকুলই অস্ফুটভাষী শিশু সন্তান। ইহাদের প্রেমে আবদ্ধ হইয়া নরগণ কেশাকর্ষণার্থ সম্মুখে নিরন্তর বিদ্যমান পশুরাজ সিংহসদৃশ বিকট কালকেও উপেক্ষা করিয়া থাকে। হরিণাদি পশুকুল যেমন বক ও কঙ্কাদির বিহার দর্শনে মোহিত হইয়া সেই স্থানেই অন্যমনস্কে দণ্ডায়মান থাকে,

তজ্জাতিরাসেন সুনির্বৃতেন্দ্রিয়ঃ পরস্পরোদ্বীক্ষণবিস্মৃতাবধিঃ॥ ১৭ ॥
দ্রুমেষু রংস্যন্ সুতদারবৎসলো ব্যবায়দীনো বিবশঃ স্ববন্ধনে।

অন্বয়ঃ।

বানরান্ বানরতুল্যান্ ভ্রষ্টাচারান্ শূদ্রপ্রায়ান্, উপৈতি প্রাপ্নোতি। তজ্জাতিরাসেন (তেষাং বানরাণাং জাতিরাসেন জাতিস্বভাবপ্রযুক্তয়া ক্রীড়য়া সুনির্বৃতেন্দ্রিয়ঃ (সুনির্বৃতানি প্রসন্নানি ইন্দ্রিয়াণি যস্য তথাবিধঃ) সঃ স্ত্রীপুরুষপরস্পরমুখোদ্বীক্ষণেন বিস্মৃতঃ অবধিঃ মরণকালঃ, যেন তথা ভবতি ॥ ১৭ ॥

দ্রুমেষু (দ্রুমবৎ কেবলৈহিকার্থেষু গৃহেষু) রংস্যন্ সুতদারবৎসলঃ পুত্রাদিষু প্রীতিযুক্তঃ ব্যবায়দীনঃ স্ত্রীসম্ভোগেচ্ছয়া কৃপণঃ স্বন্ধনে বিবশঃ ভবতি। কচিৎ প্রমাদাৎ অননুসন্ধানাৎ

শ্রীধরস্বামী।

প্রায়শ্চিত্তপূর্ব্বকং পুনরুপনয়নাদ্যাচারং অরোচয়ন্ অপ্রিয়ং পশ্যন্ বানরতুল্যান্ ভ্রষ্টাচারান্ শূদ্রপ্রায়ানুপৈতি। তজ্জাতিরাসেন বানরজাতিক্রিয়য়া স্ত্রিয়া মিথুনীভূয় পরস্পরমুখোদ্বীক্ষণেন বিস্মৃতো জীবিতাবধি মরণকালো যেন॥ ১৭ ॥

দ্রুমবৎ কেবল-দৃষ্টার্থেষু গৃহেষু ব্যবায়দীনঃ সুরতেচ্ছয়া কৃপণ এবং স্বস্য যদ্বন্ধনং প্রাপ্তং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রায়শ্চিত্তপূর্ব্বকং পুনরুপনয়নাদ্যাচারং অরোচয়ন্ স্বানভীপ্সিতং জানন্ বানরতুল্যান্ ভ্রষ্টাচারান্ শূদ্রপ্রায়ান্ লিঙ্গিন উপৈতি তজ্জাতৌ রাসেন ভোজনপানস্ত্রীসঙ্গাদিস্বাচ্ছন্দ্যেন পরস্পরমুখোদ্বীক্ষণেন বিস্মৃতো জীবিতাবধির্মরণকালো যেন সঃ॥ ১৭॥

কশ্চিদন্যঃ সার্থো দ্রুমতুল্যেষু কেবলদৃষ্টার্থেষু গৃহে ব্যবায়দীনঃ সুরতেচ্ছুত্বাৎ স্ত্রিয়া পাদেন

ব্যক্তিগণেরই অনুকরণ করিয়া থাকে; এবং বানরোচিত ক্রীড়াদিতেই একান্ত আসক্ত ও ইন্দ্রিয়পরতন্ত্র হইয়া, মিথুন ভাবেই নিরন্তর অবস্থান করে এবং পরস্পরে পরস্পরের মুখাপেক্ষী হইয়া, স্বামী স্ত্রীতে মরণকালাবধি বিস্মিতের ন্যায় অবস্থান করে॥ ১৭॥

বানরকুল বৃক্ষশাখায় অবস্থান পূর্ব্বক যেমন স্ত্রীসম্ভোগাদিতেই কালাতিপাত করে, ভবিষ্যতের জন্য কোন চিন্তাই আর করে না, ভবাটবীর মানবও সেইরূপ দ্রুমসদৃশ ঐহিকের ফলভূত গৃহাদিকে আশ্রয় করিয়া, পুত্রাদির প্রেমে আবদ্ধ হয় এবং স্ত্রীসম্ভোগই এক মাত্র সুখের কারণ-বোধে বিবশভাবে স্বীয়

আভাস।

সংসারী মানবও অতি নিকৃষ্ট ক্রূরমনা পাষণ্ডগণের সুখবিহারকেই আপনাদের শান্তিলাভার্থ প্রধান উপায় মনে করিয়া, তাহাদের সহিতই সখ্যতা-স্থাপনে যত্নবান্ হয়। কিন্তু পদে পদে বঞ্চিত হইয়া অবশেষে তাহাদিগকে পরিত্যাগ করে এবং ব্রাহ্মণের অনুকরণে ধর্ম্মাদির অনুষ্ঠানে সুখী হইবার বাসনা করে। কিন্তু ব্রহ্মণ্য-লাভার্থ কঠোর প্রায়শ্চিত্তের ক্লেশ ও

কচিৎ প্রমাদাদ্গিরিকন্দরে পতন্ বল্লীং গৃহীত্বা গজভীত আস্থিতঃ ॥ ১৮ ॥
অতঃ কথঞ্চিৎ স বিমুক্ত আপদঃ পুনশ্চ সার্থং প্রবিশত্যরিন্দম ।
অধ্বন্যমুষ্মিন্নজয়া নিবেশিতো ভ্রমন্ জনোঽদ্যাপি ন বেদ কশ্চন ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

গিরিকন্দরবৎ অতিভয়ানকে রোগাদিদুঃখে নরকাদৌ বা পতন্ তত্রাপি গজভীতঃ (গজবৎ মৃত্যোঃ ভীতঃ) সন্ বল্লীং (বল্লীতুল্যং প্রাচীনকর্ম্ম অবলম্ব্য) আস্তে ॥ ১৮ ॥

অতঃ আপদঃ স কথঞ্চিৎ দুঃখং ভুক্ত্বা বিমুক্তঃ অপি পুনঃ চ সার্থং প্রবিশতি (যথাপূর্ব্বং প্রবৃত্তিমার্গে এব রমতে ন দুঃখানুসন্ধানেন ততো বিরজ্যতে) হে অরিন্দম ! অমুষ্মিন্ অধ্বনি সংসারমার্গে, মায়য়া অজয়া, নিবেশিতঃ জনঃ ভ্রমন্ কশ্চন অধ্বনঃ পারং হরিং, ন বেদ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

তস্মিন্ বিবশঃ পরিহর্ত্তুমশক্তঃ। চরন্ বনে ইতি পাঠান্তরেতু বনে সংসারে চরন্নিত্যর্থঃ। গিরিকন্দরাং অতিভয়ানকে রোগাদিদুঃখে পতন্ কন্দরস্থগজতুল্যমৃত্যোর্ভীতঃ সন্ বল্লীতুল্যং প্রাচীনকর্ম্মাবলম্ব্যাবস্থিতো ভবতি ॥ ১৮ ॥

সার্থং প্রবিশতি যথাপূর্ব্বং প্রবৃত্তিমার্গে রমতে ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাড্যমানঃ এবং স্বস্য যদ্বন্ধনং প্রাপ্তং তস্মিন্ বিবশঃ পরিহর্ত্তুমশক্তঃ চরন্ বনে ইতি পাঠঃ। গিরিকন্দরবদতিভয়ানক রোগাদিষু দুঃখে পতন্ কন্দরস্থগজতুল্যান্মৃত্যোর্ভীতঃ সন্ বল্লীতুল্যং প্রাচীনকর্ম্মাবলম্ব্যাবস্থিতো ভবতি ॥ ১৮ ॥

পুনশ্চেতি যথা পূর্ব্বং প্রবৃত্তিমার্গে রমতে ন বেদ ন পরমেশ্বরং জানাতি ॥ ১৯ ॥

বন্ধনে আবদ্ধ থাকে। ভ্রমণ করিতে করিতে গিরিকন্দর সদৃশ ভীষণ রোগ বা নরকোৎপাদক শোকাদি যখন সমক্ষে উপস্থিত হয়, তখন তাহাতে পতিত হইয়া, বল্লীসদৃশ প্রাচীন কর্ম্মকেই অবলম্বন পূর্ব্বক অবস্থান করে ॥ ১৮ ॥

হে অরিন্দম ! এই প্রকারে বিবিধ দুঃখানুভবের পর কোনক্রমে আপদ্ হইতে নিষ্কৃতি লাভ করত, সেই জীব পুনরায় সার্থের মধ্যে প্রবিষ্ট হয়। অহো ! এই সংসারপথে বিষ্ণুশক্তির প্ররোচনায় প্রবিষ্ট মানব কেহই আর এই সংসারমার্গের অতীত ভগবানকে সন্দর্শন করিতে সমর্থ হয় না ॥ ১৯ ॥

আভাস।

আচারের প্রতি লক্ষ্য করিয়া ভগ্নোদ্যম হয় ও বানরের ন্যায় শঠতার আচরণের দ্বারা সুখী হইতে অভিলাষী হয়। ফলের মধ্যে, বানরের ন্যায় মৈথুন্য-পরায়ণ হইয়া পড়ে মাত্র এবং মৃত্যুকালাবধি পূর্ব্বসঞ্চিত কর্ম্মরূপ শাখার উপর উপবেশন করত দাম্পত্য-সুখেই কালাতিপাত করে। গিরিকন্দর-সদৃশ প্রাণাপহারী রোগের দৌরাত্ম্য ও বিবিধ যাতনা নিরন্তর ভোগ করে এবং প্রতিমুহূর্ত্তে মৃত্যুর ভয়ে ভীত হইয়া থাকে ॥ ১৬—১৮ ॥

রহূগণ ত্বমপি হ্যধ্বনোঽস্য সংন্যস্তদণ্ডঃ কৃতভূতমৈত্রঃ।
অসজ্জিতাত্মা হরিসেবয়া শিতং জ্ঞানাসিমাদায় তরাতিপারং ॥ ২০ ॥
রাজোবাচ ॥
অহো নৃজন্মাখিল জন্মশোভনং কিং জন্মভিস্ত্বপরৈরপ্যমুষ্মিন্।

অন্বয়ঃ।

হে রহূগণ! হি যস্মাৎ (ত্বমপি যতঃ অধ্বনি নিবেশিতঃ অতঃ) সংন্যস্তদণ্ডঃ (সংন্যস্তঃ ত্যক্তঃ ভূতেষু দণ্ডঃ পীড়া যেন সঃ) কৃতভূতমৈত্রঃ (কৃতা ভূতেষু মৈত্রী কৃপা যেন সঃ) তথা অসজ্জিতাত্মা (ন সজ্জিতঃ বিষয়েষু আত্মা মনো যস্য সঃ তথাভূতঃ সন্) ত্বমপি হরিসেবয়া শিতং তীক্ষ্ণীকৃতং, জ্ঞানলক্ষণং অসিং আদায় (মায়াং ছিত্বা) অতিপারং হরিং তর গচ্ছ ॥২০॥

রাজা রহূগণঃ উবাচ। অহো! অখিলজন্মসু শোভনং নৃজন্ম এব; অমুষ্মিন্ স্বর্গাদৌ অপরৈঃ দেবাদিজন্মভিঃ অপি তু কিং ফলং ন কিঞ্চিদিতি। যৎ যেষু স্বর্গাদি-

শ্রীধরস্বামী।

ত্বমপি অধ্বনি নিবেশিত ইত্যনুসঙ্গঃ। অতোঽস্যাধ্বনঃ পারং অতিচর! অসজ্জিতাত্মা বিষয়েষনভিনিবেশিতচিত্তঃ সন্ হরিসেবয়া শিতং তীক্ষ্ণীকৃতং ॥ ২০ ॥

অখিলজন্মসু শোভনং নৃজন্মৈব ন পরং শ্রেষ্ঠং যেভ্যো দেবাদিজন্মভ্যঃ তৈরপি কিং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বমপ্যধ্বনি নিবেশিত ইত্যন্বয়ঃ। অতোঽস্যাধ্বনঃ পারং অতিতর যাহি ॥ ২০ ॥

কথমহমকস্মাদেবং কৃতার্থোঽভূবমিতি সাশ্চর্য্যং সবিতর্কমাহ অখিলজন্মসু মধ্যে অহোঽদ্ভুতেঽস্মিন্ মর্ত্ত্যলোকে নৃজন্মৈব শোভনং অমুত্র স্বর্গে পরং শ্রেষ্ঠং যেভ্যস্তৈর্দেবাদি-জন্মভিঃ কিং যদ্যেষু বো মহাত্মনাং সমাগমো ন সংভবেৎ। কীদৃশানাং হৃষীকেশস্য

হে রহূগণ! আপনিও যখন মায়ায় প্রভাবে এই সংসারপথের পথিক হইয়াছেন, তখন ইহা হইতে অব্যাহতি লাভের জন্য আপনারও বিশেষ যত্ন করা প্রয়োজন। ইহার প্রধান উপায়ই জীবের প্রতি দয়া প্রকাশ করা। এবং কোন জীবের বিদ্রোহাচরণ না করিয়া যদি অনাসক্ত ভাবে আত্ম-সংযম করিতে পারেন, তাহা হইলে প্রকৃত প্রস্তাবে ভগবানের সেবা করা হইবে এবং এতদ্দ্বারা আপনার আত্মজ্ঞানরূপ বিষম অসি শাণিত হইলে, তদ্দ্বারা মায়াপাশ ছেদন করত আপনি অবলীলাক্রমে এই সংসারের অতীত পরম পদ পরমাত্মা বিষ্ণুকে লাভ করিতে পারিবেন, সন্দেহ নাই ॥ ২০ ॥

রাজা রহূগণ বলিলেন, অহো! যাবতীয় যোনির মধ্যে মানব-যোনিকেই শ্রেষ্ঠ বলিয়া প্রতীত হইতেছে। মানবযোনি প্রাপ্ত হইলে, দেবলোকাদিতে দেবাদি যোনির প্রাপ্তি-কামনায়ও কোন প্রয়োজন দেখি না! কারণ নররূপে

ন যত্র হৃষীকেশযশঃ কৃতাত্মনাং মহাত্মনাং বঃ প্রচুরঃ সমাগমঃ ॥ ২১ ॥
নহ্যদ্ভুতং তচ্চরণাব্জরেণুভিহ্‌র্তাংহসো ভক্তিরধোক্ষজে মলা।
মৌহূর্ত্তিকাদ্‌যস্য সমাগমাচ্চ মে দুস্তর্কমূলোঽপহতোঽবিবেকঃ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

জন্মসু বঃ যুষ্মাকং হৃষীকেশযশঃকৃতাত্মনাং (হৃষীকাণাং ইন্দ্রিয়াণাং ঈশঃ নিয়ন্তা যঃ ভগবান্ তস্য যশসা কৃতঃ শোধিতঃ আত্মা অন্তকরণং যৈঃ তেষাং) মহাত্মনাং সমাগমঃ প্রচুরঃ ন ভবতি। অত্র নৃজন্মনি তু প্রচুরো ভবতি ॥ ২১ ॥

(উপাসিতৈঃ) তচ্চরণাব্জরেণুভিঃ হতাংহসঃ (হতং অংহঃ যস্য তস্য) অধোক্ষজে ভগবতি অমলা ফলাভিসন্ধিরহিতা ভক্তিঃ ভবতি ইতি ন অদ্ভুতং আশ্চর্য্যং; হি যস্মাৎ যস্য তব মৌহূর্ত্তিকাৎ সমাগমাৎ দুস্তর্কমূলঃ (দুস্তর্কেণ বদ্ধমূলঃ) মে মম অবিবেকঃ দেহাদৌ আত্মাভাসঃ অপহতঃ বিনষ্টঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

অমুষ্মিন্ স্বর্গেঽপি জন্মভিঃ কিং ন কিঞ্চিৎ। যৎ যেষু জন্মসু যত্র স্বর্গে বা বো মহাত্মনাং সমাগমঃ প্রচুরো নভবতি হৃষীকেশস্য যশসা কৃতঃ শোধিত আত্মা যৈস্তেষাং ॥ ২১ ॥

সম্ভতং সমুপাসিতৈ স্তৎপাদরেণুভি র্হতমংহো যস্য তস্যাধোক্ষজে নির্ম্মলা ভক্তি র্ভবতীতি নৈবাদ্ভুতং যস্য তব তু মুহূর্ত্তমাত্রভবাৎ সমাগমমাত্রাদপি দুস্তর্কেণ বদ্ধমূলোঽপি মমাবিবেকো নষ্টঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বভক্তসর্ব্বেন্দ্রিয়াকর্ষকস্য হরের্যশোভিরেব কৃতা নির্ম্মিতা আত্মানো দেহমনোবুদ্ধিপ্রযত্ন-জীবাত্মানো যেষাং ॥ ২১ ॥

নন্থ প্রচুর ইত্যুক্ত্যা কিং স্বল্পসঙ্গস্যানর্থকত্বং ব্রূষে নৈবমত্যৌৎসুক্যযন্ত্রিত এব তথা ব্রবীমীত্যাহ নহীতি। ব্রহ্মেন্দ্রাদিভিরপি দুর্ল্লভা ভগবত্যমলা ভক্তি র্যুষ্মচ্চরণ-ধূলি-প্রাপ্তি-মাত্রেণৈব ভবতীত্যেতদপি নাশ্চর্য্যং। আশ্চর্য্যং ত্বেতদেব যন্মদ্বিধানাং জ্ঞানলবদুর্ব্বিদগ্ধানা-মতিকূটযুক্তিবিপ্লুতধিয়াং চেতঃ পরাবৃত্তভক্তিযোগোন্মুখীকরণং তচ্চ মৌহূর্ত্তিকাদেব সমা-গমাদ্‌যদ্যদ্ভুতর্হি প্রচুরস্য সমাগমস্য মাহাত্ম্যং কো বক্তুং ক্ষমতামিতি তত্র মম স্বৌৎসুক্য-মেব ব্যঞ্জিতমিতি ভাবঃ ॥ ২২ ॥

মর্ত্ত্যধামে অবস্থান কালে হৃষীকেশের লীলারসে বিধৌতচিত্ত আপনাদের ন্যায় মহাত্মাগণের শুভ সমাগম যেরূপ অনায়াসে প্রাপ্ত হওয়া যায়, এরূপ সমাগম অন্য কোন যোনিতেই পাইবার সম্ভাবনা দেখা যায় না ॥ ২১ ॥

এতদ্দ্বারা সুস্পষ্ট প্রমাণ দেখা যায় যে, উপাসনার দ্বারা ভগবচ্চরণ-রজে বিধৌত-কল্মষ জীবের হৃদয়ে নিষ্কাম ভক্তির উদয় হওয়া কিছু বিশেষ আশ্চর্য্যের বিষয় নহে। কারণ আপনার ন্যায় ভক্তের সমাগম মুহূর্ত্তকালের

নমো মহদ্ভ্যোঽস্তু নমঃ শিশুভ্যো নমো যুবভ্যো নম আবটুভ্যঃ।
যে ব্রাহ্মণা গামবধূতলিঙ্গাশ্চরন্তি তেভ্যঃ শিবমস্তু রাজ্ঞাং॥ ২৩॥

অন্বয়ঃ।

মহদ্ভ্যঃ বৃদ্ধেভ্যঃ নমঃ অস্তু; শিশুভ্যঃ বালেভ্যঃ নমঃ; যুবভ্যঃ নমঃ অস্তু; আবটুভ্যঃ বটবঃ ব্রহ্মচারিণঃ তান্ অভিব্যাপ্য সর্ব্বেষু আশ্রমেভ্যঃ যে ব্রহ্মবিদঃ তেভ্যঃ সর্ব্বেভ্যঃ নমঃ অস্তু। অবধূতবেশেন অবস্থিতাঃ যে ব্রাহ্মণাঃ গাং পৃথিবীং, চরন্তি তেভ্যঃ রাজ্ঞাং শিবং কল্যাণং, অস্তু॥ ২৩॥

শ্রীধরস্বামী।

ব্রহ্মবিদঃ কেন রূপেণ চরন্তীত্যজ্ঞানাৎ সর্ব্বান্ নমস্যতি নম ইতি। যে বটবঃ ক্রীড়ারতত্বাদশ্রদ্ধেয়ধৌরেয়া স্তানভিব্যাপ্য সর্ব্বেভ্যো নম ইত্যর্থঃ। স্বদৃষ্টান্তেন রাজ্ঞাং মহদবজ্ঞাং সংভাব্যাহ রাজ্ঞাং শিবমস্ত্বিতি॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হন্ত হন্ত শিবিকাং বহংস্তত্রভবান্ স্বং যদি নাজ্ঞাপয়িষ্যত্তদা মমাপরাধিনঃ কা গতিরভবিষ্যাদিতি সভয়ং প্রণমতি নম ইতি আবটুভ্যঃ যে বটবঃ ক্রীড়ারতত্বাদশ্রদ্ধেয়মহিমান স্তানপ্যভিব্যাপ্য স্বদৃষ্টান্তেন রাজ্ঞাং মহদপরাধং সংভাব্যাহ রাজ্ঞাং শিবমস্ত্বিতি॥ ২৩॥

জন্য প্রাপ্ত হইয়াই দুস্তর্কের দ্বারা বদ্ধমূল আমার বিষম অবিবেক অনায়াসে দূরীভূত হইয়াছে॥ ২২॥

অতএব মহামনা বৃদ্ধ ব্রাহ্মণগণকে আমি প্রণাম করি! বালক ব্রাহ্মণগণকে প্রণাম করি! যুবাগণকে প্রণাম করি! অধিক কি! ব্রহ্মচর্য্য হইতে আরম্ভ করিয়া সকল আশ্রমে অবস্থিত সকল ব্রাহ্মণকে আমি প্রণাম করি! প্রচ্ছন্ন অবধূতবেশে যে সকল ব্রাহ্মণ এই ধরণীতলে বিচরণ করিতেছেন, তাঁহাদের প্রসাদে যেন সকল রাজন্যবর্গেরই কল্যাণ-সাধন হয়॥ ২৩॥

শুকদেব বলিলেন, হে উত্তরানন্দন! এই প্রকারে সেই ব্রহ্মর্ষিনন্দন ভরত স্বীয় অপমানকারী সিন্ধুপতি রহূগণের কৃত অত্যাচারকে উপেক্ষা

আভাস।

রহূগণ বলিলেন, সংসারে ব্রাহ্মণই মুক্তিলাভের পথ প্রদর্শন করাইয়া থাকেন। অতএব অন্যান্য বর্ণের পক্ষে অনুসন্ধান পূর্ব্বক ব্রাহ্মণের অনুসরণ করাই একান্ত প্রয়োজন। তাঁহাদিগকে উপেক্ষা করা কোন মতে বিধেয় নহে; তাঁহারা কখন কোন্ বেশে যে সংসারে বিচরণ করেন, তাহা নির্ণয় করা অতীব দুরূহ। অতএব আমার যেন সকল প্রকার ব্রাহ্মণের প্রতি শ্রদ্ধা ও ভক্তি থাকে, যাঁহাদের কল্যাণে বিশেষত রাজন্যবর্গ বিশেষরূপে মঙ্গল লাভ করিয়া থাকেন॥ ২৩॥

শ্রীশুক উবাচ ॥

ইত্যেবমুত্তরামাত স বৈ ব্রহ্মর্ষিসুতঃ সিন্ধুপতয় আত্মসতত্ত্বং বিগণয়তঃ পরানুভাবঃ পরমকারুণিকতয়োপদিশ্য রহূগণেন সকরুণমভিবন্দিতচরণঃ পূর্ণার্ণব ইব নিভৃতকরণোর্ম্ম্যাশয়ো ধরণীমিমাং বিচচার ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। হে উত্তরামাত (উত্তরা মাতা যস্য তৎসম্বোধনে) ইতি এব স বৈ ব্রহ্মর্ষিসুতঃ সিন্ধুপতয়ে রহূগণায় বিগণয়তঃ স্বাপমানং কুর্ব্বতে, অপি পরমকারুণিকতয়া আত্ম-সতত্ত্বং বৈরাগ্যাদ্যুপকরণসহিতং আত্মজ্ঞানং উপদিশ্য তেন রহূগণেন সকরুণং সদৈন্যং, যথাস্যাৎ তথা অভিবন্দিতচরণঃ পরানুভাবঃ পরোপকারী পূর্ণার্ণবঃ নিভৃতকরণোর্ম্ম্যাশ্রয়ঃ (নিভৃতাঃ উপশান্তাঃ করণানাং ঊর্ম্ময়ঃ যস্মিন্ সঃ আশয়ঃ অন্তঃকরণং যস্য সঃ) ভরতঃ ইমাং ধরণীং বিচচার ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

উত্তরা মাতা যস্য হে উত্তরামত! বিগণয়তঃ ন গণয়তঃ অবমন্তর্য্যপি পরমকরুণাকরত্বেন সিন্ধুপতয়ে আত্মতত্ত্বমুপদিশ্য নিভৃতাঃ শান্তাঃ করণানাং উর্ম্ময়ো যস্মিন্ স আশয়ো যস্য ॥ ২৪

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হন্ত হন্ত মহাভূরিভাগ এব রহূগণো যত্তাদৃশব্রহ্মতেজসি শিবিকাবাহনাদপরাদ্ধোঽপি তদনুগ্রহামৃতবৃষ্ট্যাভিষিক্তঃ কৃতার্থীবভূব। অহমতিমন্দভাগ্যো বিপ্রগলে সর্পার্পণাপরাধাত্তদপ-রাধাক্ষমাপণাত্তদভিশাপবিষদগ্ধো ন জানে কিমদ্যং তমো যাস্যামীতি বিষীদন্তং রাজানমা-শ্বাসয়তি ইত্যেবমিতি। উত্তরা মাতা যস্যেতি ভো রাজন্ ত্বন্মাতুর্গর্ব্ভে প্রবিশ্য ব্রহ্মতেজসঃ সকাশাৎ ভগবান্ স্বয়মেব ত্বাং ররক্ষ স্বং দর্শয়ামাসচ পুনরপি সাম্প্রতং ব্রহ্মতেজসো রক্ষিতুং মামেতাংশ্চ নারদাদিমহামুনীন্ প্রেষ্য ত্বদন্তিকমানীয় এতেষামপারকৃপামৃতেন ত্বামভিষিচ্য ভাগবতামৃতং মদ্দ্বারা পায়য়ন্ সএব প্রভু ব্র্হ্মতেজোঽপি ব্যর্থীচকার ইতি রহূগণাত্তস্মাত্তরতাচ্চ মত্তশ্চ এতেভ্যো মহামুনীভ্যশ্চ ত্বদীয়ং সৌভাগ্যমতিমহত্তমং ব্যঞ্জয়ামাস তদপি কিং বিষীদসীতি ভাবঃ। বিগণয়তঃ তিরস্কুর্ব্বতোঽপি পরোঽনুভাবো যস্মাৎ সঃ। সিন্ধুপতয়ে তস্মৈ আত্মতত্ত্বমুপদিশ্য সকরুণং সরোদনং নিভৃতাঃ শান্তাঃ করুণানামুর্ম্ময়ো যস্মিন্ স আশয়ো যস্য সঃ ॥ ২৪ ॥

করত বিশেষ করুণার প্রকাশে বৈরাগ্যাদি বিশেষ বিশেষ উপকরণ সহিত পরমাত্মতত্ত্বের উপদেশ তাঁহাকে প্রদান করিলে, রাজা রহূগণ স্বীয় অপরাধ স্বীকার পূর্ব্বক ভরতের যথাযোগ্য অভিবাদনাদি করিলেন। অনন্তর অচল জলধির ন্যায় উপশান্তচিত্ত সর্ব্বভূতোপকারী ভগবান্ ভরত তথা হইতে প্রস্থান করত ধরণীধামে ইতস্ততঃ পর্য্যটন করিতে লাগিলেন ॥ ২৪ ॥

সৌবীরপতি রাজা রহূগণও তাদৃশ সাধু ভরতের সন্নিধান হইতে ভক্তিও

সৌবীরপতিরপি সুজন-সমবগত-পরমাত্মসতত্ত্ব আত্মন্যবিদ্যারোপিতাঞ্চ দেহাত্মমতিং বিসসর্জ্জ ॥ ২৫ ॥

এবং হি নৃপ ভগবদাশ্রিতাশ্রিতানুভাবঃ ॥ ২৬ ॥

রাজোবাচ ॥

যো হ বা ইহ বহুবিদা মহাভাগবত ত্বয়াভিহিতঃ পারোক্ষেণ বচসা জীব-লোকভবাধ্বা ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

সৌবীরপতিঃ রহূগণঃ অপি সুজনাৎ ভরতাৎ সম্যক্ অবগতং পরস্য আত্মনঃ সতত্ত্বং তত্ত্বজ্ঞানেন সহিতং ভক্তিবৈরাগ্যাদিসাধনং যেন তথাবিধঃ সন্ আত্মনি অবিদ্যয়া আরোপিতাং দেহাত্মমতিং বিসসর্জ্জ তত্যাজ ॥ ২৫ ॥

অজগর সর্প কর্ত্তৃক গিলিত ও দষ্ট হইয়া, জীব যেমন নিদ্রিতের ন্যায় ঘোর অজ্ঞানে অভিভূত হয় ও বিপিনে পরিত্যক্তের ন্যায় শয়ন করিয়া থাকে, সে

দষ্টঃ স্ম শেতে ক্বচ দন্দশূকৈরন্ধোঽন্ধকূপে পতিতস্তমিস্রে ॥ ৯ ॥
কর্হি স্ম চিৎ ক্ষুদ্ররসান্ বিচিন্বংস্তন্মক্ষিকাভির্ব্যথিতো বিমানঃ।
তত্রাতিকৃচ্ছ্রাৎ প্রতিলব্ধমানো বলাদ্বিলুম্পন্ত্যথ তং ততোঽন্যে ॥ ১০ ॥

অন্বয়ঃ।

জনৈঃ তিরস্কৃতঃ অন্ধঃ প্রজ্ঞাহীনঃ, সঃ তমিস্রে কর্ত্তব্যানুসন্ধানরহিতে, অন্ধকূপে দুস্তরে মোহে, পতিতঃ এব শেতে ॥ ৯ ॥

কর্হিস্মচিৎ ক্ষুদ্ররসান্ মধ্বাদীন্ (পরযোষাদীন্) বিচিন্বন্ গবেষয়ন্, চ তন্মক্ষিকাভিঃ (যোষিদাদিস্বামিভিঃ রাজভিঃ বা) বিমানঃ অবজ্ঞাতঃ, নিহতঃ বদ্ধঃ বা সন্ ব্যথিতঃ ভবতি। তত্র যদি অতি কৃচ্ছ্রং অতিকষ্টেন প্রতিলব্ধমানঃ প্রাপ্তমধ্বাদিরসঃ ভবতি তদা তান্ রসান্ ততঃ সকাশাৎ অন্যে বলাৎ বিলুম্পন্তি হরন্তি ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

দুর্জনৈ দষ্টঃ পীড়িতঃ, অন্ধো লুপ্তবিবেকঃ অন্ধকূপে মোহগর্ত্তে পতিতস্তমিস্রে দুঃখে শেতে লীয়তে ॥ ৯ ॥

ক্ষুদ্ররসান্ পরযোষাদীন্ বিচিন্বন্ গবেষয়ন্ তন্মক্ষিকাভি র্যোষাদিস্বাম্যাদিভিঃ বিমানঃ অবজ্ঞাত স্তাড়িতঃ সন্ ব্যথিতো ভবতি যদি কথঞ্চিত্তত্রাতিক্লেশেন প্রতিলব্ধমানঃ প্রাপ্তযোষাদি-র্ভবতি তদা বলাদন্যেঽপহরন্তি তান্ যদাভিযুঙ্‌ক্তে তদা ততোঽপ্যন্যে হরন্তি ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্ধো বিবেকহীনঃ। অন্ধকূপে মোহে তমিস্রে তমোবৃতে পঙ্কে দুঃখময়ে ॥ ৯ ॥

ক্ষুদ্ররসান্ পরদারান্। তন্মক্ষিকাভি স্তদ্ভর্তৃশ্বশ্রাদিভির্বিমানো বিগতমানঃ কৃতো ব্যথিতো ভবতি। যদি কথঞ্চিত্তত্রাতিক্লেশেন ধনব্যয়াদিনা প্রতিলব্ধমানঃ প্রাপ্তপরদারসম্ভোগ স্তদা তান্ দারান্ অন্যে বিলুম্পন্তি ততোঽপ্যধিকবিত্তব্যয়েনান্যেঽপীত্যেবং ॥ ১০ ॥

সময় সংসারের কোন বিষয়েরই আর সংবাদ রাখে না; পিপাসার্ত্ত ব্যক্তি জললাভার্থ জঙ্গলে গমন করিলে, যেমন বৃশ্চিক বা সর্পাদি কর্ত্তৃক দংষ্ট্র হইয়া, ঘোর অন্ধকারাচ্ছন্ন অন্ধকূপেই মৃতের ন্যায় নিপতিত থাকে, সেইরূপ সংসারী জীব বিষয়-তৃষ্ণায় আকুল হইয়া, তৎপ্রাপ্তির উদ্‌যোগে অতি ক্রূরহৃদয় দুষ্ট জনগণের তিরস্কারে অবসন্নপ্রায় হয় এবং কিংকর্ত্তব্য-বিমূঢ়ের ন্যায় ঘোর মোহেই নিপতিত হইয়া থাকে ॥ ৯ ॥

অতি সামান্য পুষ্পমধু আহরণ করিতে হইলেও, যেমন মধুকরের দংশনে অভিভূত হইতে হয়, সংসারেও সেইরূপ অতি অকিঞ্চিৎকর পরযোষিৎ-সংসর্গরূপ তুচ্ছ সুখের লালসায় অগ্রসর মানব সেই সকল নারীগণের ভর্ত্তা বা রাজপক্ষীয় কর্ম্মচারিগণ কর্ত্তৃক অবমানিত বদ্ধ ও নিহত হইয়া দারুণ ব্যথা

ক্বচিচ্চ শীতাতপবাত-বর্ষ-প্রতিক্রিয়াং কর্ত্তুমনীশ আস্তে।
ক্বচিন্মিথো বিপণন্ যচ্চ কিঞ্চিৎ বিদ্বেষমৃচ্ছত্যুত বিত্তশাঠ্যাৎ ॥ ১১ ॥
ক্বচিৎ ক্বচিৎ ক্ষীণধনস্তু তস্মিন্ শয্যাসনস্থানবিহারহীনঃ।
যাবৎ পরাদপ্রতিলব্ধকামঃ পারক্যদৃষ্টি র্লভতেঽবমানং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

ক্বচিৎ চ শীতাতপবাতবর্ষাদীনাং প্রতিক্রিয়াং নিবারণং, কর্ত্তুং অনীশঃ অসমর্থঃ, সন্ বিষণ্ণঃ আস্তে; ক্বচিচ্চ মিথঃ পরস্পরং, বিপণন্ ক্রয়বিক্রয়াদিভিঃ ব্যবহরন্, যৎ কিঞ্চিৎ উত অপি স্বল্পং ধনং অপহরন্ বিত্তশাঠ্যাৎ ধনবঞ্চনাদ্ধেতোঃ বিদ্বেষং ঋচ্ছতি গচ্ছতি ॥ ১১ ॥

ক্বচিৎ ক্বচিৎ তু তস্মিন্ ভবারণ্যে ক্ষীণধনঃ অতএব শয্যাসনস্থানবিহারহীনঃ (শয্যা আসনং কম্বলাদি, স্থানং গৃহাদি, বিহরন্তি অনেন ইতি বিহারঃ যানাদিঃ, তৈঃ হীনঃ অতঃ পরং যাচমানঃ অপি) পরাৎ অপ্রতিলব্ধকামঃ অপ্রাপ্তমনোরথঃ তদা পারক্যে পরকীয়বস্তুনি, দৃষ্টিঃ অভিলাষঃ যস্য সঃ অবমানং লভতে ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

যৎকিঞ্চিদত্যল্পমপি মিথো ব্যবহরন্ ক্রয়াদিনা গৃহ্নন্। বিত্তশাঠ্যাৎ ধনবঞ্চনাৎ ॥ ১১ ॥

শয্যাদিহীনঃ। আস্যতে অস্মিন্নিত্যাসনং কম্বলাদি। স্থীয়তেঽস্মিন্নিতি স্থানং গৃহং। বিহরন্ত্যনেনেতি বিহারো যানাদিঃ। যাচমানোঽপি যদা পরস্মাদপ্রাপ্তকাম স্তদা পরকীয়ে বস্তুনি দৃষ্টিরভিলাষো যস্য সো ঽবমানং প্রাপ্নোতি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিথো বিপণন্ বিপণয়ন্ ক্রয়বিক্রয়াদিনা ব্যবহরন্ বিত্তশাঠ্যাৎ ধনবঞ্চনাৎ বিদ্বেষং প্রাপ্নোতি ॥ ১১ ॥

পরাৎ পরস্মাৎ যাচ্যমানাদপি অপ্রাপ্তধনো ভবেত্তদা পারোক্যে পরকীয়ে বস্তুনি দৃষ্টি-রভিলাষো যস্য সোঽবমানং প্রাপ্নোতি ॥ ১২ ॥

অনুভব করিয়া থাকে। যদিও কখন অতি কষ্টে কিছু ভোগের সম্পত্তি কখন সংগ্রহ করে, অন্য বলবান্ ব্যক্তি আসিয়া তাহাও আবার বল পূর্ব্বক তাহার নিকট হইতে হরণ করিয়া লয় ॥ ১০ ॥

কোথায়ও বা শীত, গ্রীষ্ম, বাত ও বর্ষাদি ঋতুসমূহের তীব্র ভাব সকল সহ্য করিতে অসমর্থ হইয়া, বিষণ্ণবদনে ইতস্তত অবস্থান করে; এবং কোথায়ও বা ক্রয়-বিক্রয়ের দ্বারা যদি কিছু ধন সংগ্রহ করিতে পারে, তাহাতেও আবার পরবঞ্চনাজনিত বিত্তশাঠ্যহেতু পরস্পরের মধ্যে বিষম কলহ উৎপাদন করে ॥ ১১ ॥

সেই সংসার অরণ্যে যাহার ধন নাই, তাহার বিবিধ ক্লেশ উৎপন্ন হইয়া থাকে। ধনহীন ব্যক্তি শয্যা, আসন, বাস, ভবন ও বিহারার্থ যানাদির

অন্যোঽন্যবিত্তব্যতিষঙ্গবৃদ্ধবৈরানুবন্ধো বিহরন্ মিথশ্চ।
অধ্বন্যমুষ্মিন্ উরুকৃচ্ছ্রবিত্তবাধোপসর্গৈর্বিহরন্ বিপন্নঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

অন্যোঽন্যবিত্তব্যতিষঙ্গেণ ধনসাঙ্কর্য্যেণ বৃদ্ধঃ বৈরানুবন্ধঃ যস্য সঃ তথাভূতঃ অপি মিথঃ পরস্পরং, বিহরন্ বিবাহাদি কুর্ব্বন্ ভবতি। অমুষ্মিন্ অধ্বনি বিহরন্ বিভ্রমন্ উরুভিঃ কৃচ্ছ্রৈঃ, কষ্টৈঃ বিত্তবাধৈঃ চ অন্যৈঃ উপসর্গৈঃ চ রোগদ্বেষাদিভিঃ চ বিপন্নঃ মৃতপ্রায়ঃ, ভবতি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

এবমন্যোঽন্যং বিত্তব্যতিষঙ্গেণ ধনবিনিময়েন বিবৃদ্ধো বৈরানুবন্ধো যস্য তথাবিধোঽপি পরস্পরং বিবহন্ বিবাহাদিসম্বন্ধং কুর্ব্বন্ উরুভিঃ কৃচ্ছ্রৈঃ শ্রমৈঃ বিত্তবাধৈরুপসর্গৈশ্চ দ্বেষাদিভি বিপন্নঃ মৃতপ্রায়ো ভবতি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমন্যোঽন্যবিত্তস্য ব্যতিষঙ্গেণ পরস্পরাসক্ত্যা পরস্পরজিঘৃক্ষয়া বিবৃদ্ধো বৈরানুবন্ধো যস্য তথাবিধোঽপি পরস্পরং বিবহন্ বিবাহাদিসম্বন্ধং কুর্ব্বন্ অধ্বনি বিহরন্ বিভ্রমন্ উরুভিঃ কৃচ্ছ্রৈর্বিত্তবাধৈরুপসর্গৈ রোগাদিভিশ্চ বিপন্নো মৃতপ্রায়ো ভবতি ॥ ১৩ ॥

অভাবে ক্ষুণ্ণ হইয়া অন্যের নিকট তজ্জন্য প্রার্থী হয়। কিন্তু অভিলাষানুরূপ ফল না পাইয়া, পরের ধন ও সম্পত্তির অপহরণার্থ উদ্‌যোগ করে এবং তন্নিমিত্ত নানাপ্রকার অবমানাদি সহ্য করিয়া থাকে ॥ ১২ ॥

হে রাজন্! সংসার-বনের জীব সাংসারিক ধন-সম্পত্তি সংগ্রহ করে বটে, কিন্তু ধন-সম্পত্তি লইয়া পরস্পরের মধ্যে বিষম বিবাদও উপস্থিত করে; অথচ পরস্পরে বিবাহাদি সম্বন্ধে আবদ্ধ হইয়া, সংসারযাত্রাও নির্ব্বাহ করে। এই সংসারপথে ভ্রমণ করিতে করিতে বিবিধ যাতনা এবং ধন সম্পত্তির বিনাশ-নিবন্ধন অশেষ প্রকার উপসর্গের অন্তর্গত হইয়া, রোগ শোকাদিতে একান্ত জর্জ্জরিত হইতে থাকে ॥ ১৩ ॥

আভাস।

সংসারে অর্থই অনর্থের হেতু হইয়া থাকে। যে অর্থ বা সম্পত্তি লাভে মানব সুখী হইবার প্রত্যাশা করে, সেই ধনসম্পত্তিই আবার পরস্পরের মধ্যে বিবাদ উৎপাদনের প্রধান কারণ। সুতরাং ধনানামর্জ্জনে ক্লেশ স্তথৈব পরিরক্ষণে। দানে দুঃখং ব্যয়ে দুঃখং ধিগর্থান্ ক্লেশকারিণঃ ॥ ধনের সুখ কেবল ধন আছে এই জ্ঞান ও তৎপ্রাপ্তির আশায় মাত্র; নতুবা সর্ব্বপ্রকার ধনসম্পত্তি হইতে মানবের অশেষ প্রকার ক্লেশেরই উৎপত্তি হইয়া থাকে। ধনের অর্জ্জনে রক্ষণে দানে ও ব্যয়ে ধনীর বিবিধ ক্লেশেরই পরিচয় পাওয়া যায়। অধিক কি! ধনক্ষয়ে বা তদুপলক্ষে পরস্পরের বিবাদে মানব মৃতপ্রায় হইয়া পড়ে; অনেকে জীবন পর্য্যন্ত হারায়। তথাপি তাহার পুত্র পৌত্রগণ ও আত্মীয়বর্গের চৈতন্য

তাংস্তান্ বিপন্নান্ সহি তত্র তত্র বিহায় জাতং পরিগৃহ্য সার্থঃ।
আবর্ত্ততেঽদ্যাপি ন কশ্চিদত্র বীরাধ্বনঃ পারমুপৈতি যোগং॥ ১৪॥

অন্বয়ঃ।

তথা তান্ তান্ বিপন্নান্ মৃতান্ তত্র তত্র বিহায় জাতং নবীনং, পরিগৃহ্য সঃ হি সার্থঃ বিহরন্ অত্র সার্থে কশ্চিৎ অতি সমর্থঃ অপি হে বীর! অধ্বনঃ পারং প্রতি ন আবর্ত্ততে নাপি যোগং তৎপ্রাপ্ত্যুপায়ং বা উপৈতি লভতে॥ ১৪॥

শ্রীধরস্বামী।

দুরত্যয়ত্বমধ্বনো দর্শয়তি তাংস্তান্ বিপন্নান্ মৃতান্ বিহায় জাতং জাতং পরিগৃহ্য বিহরন্ যতঃ প্রস্থিতঃ তং প্রতি নাবর্ত্ততে। হে বীর! অধ্বনঃ পারং যো যোগস্তঞ্চ নোপৈতি। অত্র সার্থে কশ্চিদতিসমর্থোঽপি॥ ১৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিপন্নান্ মৃতান্ বিহায় জাতং জাতং পরিগৃহ্য চলন্নদ্যাপি নাবর্ত্ততে যতশ্চলিতস্তং পরমেশ্বরং প্রতীত্যর্থঃ। তৎপ্রাপ্তিসাধনযোগমুপায়ং ভক্তিজ্ঞানাদিকং পারং পারপ্রাপকং ন উপৈতি অত্র সার্থেষু মধ্যে কশ্চিদপি॥ ১৪॥

যাহারা এই প্রকারে রোগাদিতে নিহত হইয়া কাল-কবলে কবলিত হয়, তাহাদের স্বজনবর্গও তাদৃশ মৃত ব্যক্তিগণকে সম্পূর্ণ বিস্মৃত হইয়া, পুনরায় অভিনব সম্বন্ধে অন্যের সহিত সুসম্বদ্ধ হয় এবং যেন অপার আনন্দরসে নিমগ্ন হয়। কিন্তু হে বীর! তাহাদের মধ্যে এমন কোন যোগ্য পাত্র হয় না যে, সংসারপথের পরপারে অবস্থিত পরমানন্দমূর্ত্তি পরমাত্মাকে লাভ করে বা তৎপ্রাপ্তির উপায়ভূত যোগের অনুশীলন করে॥ ১৪॥

আভাস।

হয় না। তাহারা পূর্ব্ব আত্মীয়ের কথা সম্পূর্ণ বিস্মৃত হইয়া, আবার ধনসম্পত্তির সংগ্রহে যত্নবান্ হয়। লোকে ধনসঞ্চয়ের সার্থকতার প্রতি অতি অল্পমাত্রায়ও দৃষ্টি করে না। ধন যে কেবল ধনসঞ্চয়ের কারণ নহে; তদ্দ্বারা ধর্ম্মের অনুষ্ঠান করত, পরম পদ বিষ্ণুপদে আত্মসমর্পণ করিতে হইবে, তাহা তাহারা স্বপ্নেও চিন্তা করে না। ধন একবার সঞ্চয় করা হইল বটে, কিন্তু মৃত্যুর পর তাহাকে ভোগ করিবার জন্য কাহাকেও প্রত্যাবর্ত্তন করিতে দেখে না; কিম্বা অতুল ধনাদি সঞ্চয় করিয়াই পরমানন্দস্বরূপ মুক্তিলাভ করিতেও কাহাকে অবলোকন করে না; তথাপি ধনসঞ্চয়ই যেন জীবনের একটী প্রধান ব্রত বলিয়া সকলে জ্ঞান করিয়া থাকে॥ ১৩॥ ১৪॥

ভূম্যাধিকারীর পরিচয়ে সকলেই যথেষ্ট অভিমান প্রদর্শন করে; কিন্তু অর্থাদির সঞ্চয়ে যতই বুদ্ধিমান্ ও প্রতাপশালীত্বের পরিচয় লোক দিয়া থাকে, ততই যে নির্ব্বোধ বলিয়া প্রকৃতি তাহাকে উপহাস করে, সে তাহা কিছুমাত্র ধারণা করিতে পারে না। মৃত্যু

মনস্বিনো নির্জ্জিতদিগ্‌গজেন্দ্রা মমেতি সর্ব্বে ভুবি বদ্ধবৈরাঃ।
মৃধে শয়ীরন্নতু তদ্‌ব্রজন্তি যন্ন্যস্তদণ্ডো গতবৈরোভিযাতি॥ ১৫॥

অন্বয়ঃ।

মনস্বিনঃ শূরাঃ, নির্জ্জিতদিগ্‌গজেন্দ্রাঃ (নির্জ্জিতাঃ দিগ্‌গজেন্দ্রাঃ যৈঃ তথাভূতাঃ অপি) মম ইয়ং মম ইয়ং ভূঃ ইতি ভুবি বদ্ধবৈরাঃ (বদ্ধং বৈরং যৈঃ তে) তে সর্ব্বে মৃধে যুদ্ধে শয়ীরন্ মৃতাঃ অপি তু যৎ অধ্বপারং ভগবৎপদং, ন্যস্তদণ্ডঃ সর্ব্বভূতাভয়দঃ গতবৈরঃ জনঃ অভিযাতি তৎ তু ন ব্রজন্তি॥ ১৫॥

শ্রীধরস্বামী।

তদেবাহ মনস্বিনঃ শূরাঃ নির্জ্জিতা দিগ্‌গজেন্দ্রা যৈঃ। মমেয়ং ভূর্মমেয়মিতি ভুবি নিমিত্তভূতায়াং বদ্ধং বৈরং যৈঃ। ন্যস্তদণ্ডঃ সন্ন্যাসী যদ্বিষ্ণোঃ পদং অভিযাতি তত্তু ন ব্রজন্তি॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবাহ মনস্বিনঃ শূরা নির্জ্জিতেত্যতিদূরবর্ত্তিনো দিগ্‌গজেন্দ্রানপি নির্জ্জয়ন্তিস্ম নত্বতিনিকটবর্ত্তিন একাদশেন্দ্রিয়ভটানপি ইতি ব্যবহার এব তেষাং শৌর্য্যং নতু পরমার্থ ইতি ভাবঃ। ততো মমেত্যাদি পরমার্থতঃ শূরমাহ ন্যস্তেতি গতবৈরত্বেন ন্যস্তদণ্ডত্বমেব শৌর্য্যমিতি ভাবঃ॥ ১৫॥

অহো! মদমত্ত দিগ্‌গজেন্দ্রেরও নিগ্রহে সমর্থ মনস্বী শূর ব্যক্তিগণও এই সংসার অরণ্যে উপস্থিত হইয়া, "এই সম্পত্তি আমার, এই গৃহক্ষেত্র আমার", এইরূপ নিরর্থক অভিমানে বিমুগ্ধ হইয়া, পরস্পরের মধ্যে বিষম কলহের উৎপাদনে সমরশায়ী হইতেছে। কিন্তু কি আশ্চর্য্য! সকল ভূতের প্রতি দয়ার পরিচয়ে শত্রুতাশূন্য নিরভিমানী ব্যক্তিগণ যে পরম পদ ভগবচ্চরণারবৃন্দ অবলীলাক্রমে প্রাপ্ত হইয়া চিরসুখ লাভ করিতে পারেন, অভিমানের পরিচয়ে প্রাণপনে পরিশ্রম করিলেও তাহারা সে পদ কখন স্বপ্নেও অনুভব করিতে পায় না॥ ১৫॥

আভাস।

শরীরগোপ্তারং স্বীকর্ত্তারং বসুন্ধরা। দুশ্চরিত্রেব হসতি স্বামিনং সুতবৎসলং॥ জারজ সন্তানকে অঙ্কে লইয়া পিণ্ডদাতা-জ্ঞানে স্বামী আদর করিতেছেন দেখিলে, দুশ্চরিত্রা কামিনী যেমন মনে মনে স্বামীকে উপহাস করে, মৃত্যুও সেইরূপ দেহরক্ষার্থ যত্নশীল পুরুষকে ঘৃণার চক্ষে অবলোকন করিয়া থাকেন। এবং বসুন্ধরাও স্বীয় সত্ত্বাধিকারী ভূস্বামীকে হাস্য করত বলেন যে, তুমিই যে কেবল আমার এই সীমাবদ্ধ কিয়দংশ স্থানের উপর আধিপত্য স্থাপনার্থ জীবন উৎসর্গ করিতে প্রস্তুত হইয়াছ এমত নহে, অনেকেই অনেকবার এইরূপে সীমা বা আধিপত্য লইয়া জীবন বিসর্জ্জন করিয়াছে; তাহারা সকলেই কাল-সহকারে

প্রসজ্জতি ক্বাপি লতাভুজাশ্রয়স্তদাশ্রয়াব্যক্তপদদ্বিজস্পৃহঃ।

অন্বয়ঃ।

ক্বাপি লতাভুজাশ্রয়ঃ (লতানাং ভুজাঃ শাখাঃ তদ্বৎ স্ত্রীণাং ভুজাঃ আশ্রয়ঃ যস্য তথাবিধঃ সন্) তদাশ্রয়াব্যক্তপদদ্বিজস্পৃহঃ (তদাশ্রয়াঃ যে অব্যক্তপদাঃ সস্ফুটাক্ষরাঃ কলভাষিণঃ যে দ্বিজাঃ পুত্রাদয়ঃ তেষু স্পৃহা যস্য সঃ) কদাচিৎ হরিচক্রতঃ (সিংহসমূহতুল্যভয়ঙ্কর-

শ্রীধরস্বামী।

. সিংহাবলোকনেন পুনর্ভবাটবীমেবানুবর্ণয়তি প্রসজ্জতীতি। প্রসজ্জতি আসক্তিং করোতি। কীদৃশঃ লতানাং ভুজাঃ শাখাঃ তদ্বৎ সুকুমারা যে স্ত্রীণাং ভুজা স্তদাশ্রয়ঃ। তদাশ্রয়া অব্যক্তপদাঃ অস্ফুটাক্ষরাঃ কলভাষিণো যে দ্বিজাঃ পক্ষিণঃ তত্তুল্যেষু স্ত্রীসঙ্গপ্রসক্তেষু অপত্যেষু স্পৃহা যস্য তাদৃশো ভূত্বা হরিচক্রেৎ সিংহসমূহঃ তত্তুল্যাৎ কালচক্রনিমিত্তাৎ জন্ম-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সিংহাবলোকেন পুনর্ভবাটবীমেবানুবর্ণয়তি প্রসজ্জতীতি। লতানাং স্ত্রীণাং ভুজান্ স্পর্শসুখানাশ্রয়ত ইতি সঃ। তদাশ্রয়েষু লতাবলম্বিষু সুপ্তত্বাদব্যক্তপদেষু দ্বিজেষু পক্ষিষু স্পৃহা দিদৃক্ষা যস্য সঃ। পক্ষে ভার্য্যোৎসঙ্গবর্ত্তিনি অস্ফুটাক্ষরভাষিণি দ্বাভ্যাং স্ত্রীপুংসাভ্যাং জাতত্বাৎ দ্বিজে বালকে দর্শনস্পর্শনাদি স্পৃহা যস্য তাদৃশো ভূত্বা কদাচিৎ কালে ক্বাপি দেশে স্বয়মেব বা কথমরে সংসারং তরিষ্যসীতি দৈবাৎ পাষণ্ডানাং বাক্যেন বা হরিচক্রতঃ সিংহসংঘতুল্যাৎ কালচক্রাৎ ত্রসন্ ত্রস্যন্ তৎপরিহারায় তৈরেব পাষণ্ডৈরেবং সুখেন

অকিঞ্চিৎকর লতা ও শাখার আশ্রয়ে অবস্থিতি করিয়া সুখলাভের আশা করা যেমন সম্পূর্ণ অবিধেয় হইলেও কীট তাহাকেই আশ্রয় করিতে ইচ্ছা করে, এই ভবাটবীর মানবও সেইরূপ সুকোমল বনিতার ভুজলতায় আলিঙ্গিত থাকিয়া, শান্তিলাভের প্রত্যাশা করিয়া থাকে। তাহারা পক্ষিকুলের অস্ফুট কাকলি-সদৃশ অব্যক্তভাষী শিশু সন্তানের মধুর অস্ফুট ভাষণে বিমোহিত হইয়া থাকে এবং পাছে পশুরাজ কেশরীতুল্য বিপুল-পরাক্রম

আভাস।

ধরাধাম পরিত্যাগ করত চলিয়া গিয়াছে, কিন্তু আমি পূর্ব্ববৎ অবস্থান করিতেছি! বলিয়া ভূস্বামিগণকে উপহাস করিয়া থাকেন। অহো! ধনাদির নিমিত্ত রণপ্রাঙ্গণে কলেবর পরিত্যাগ করে! কিন্তু যাহা করিবার নিমিত্ত কলেবর ধারণ করা হইয়াছে, তদ্বিষয়ে কখন কিছুমাত্র চিন্তা করে না। ধনাদির কামনায় পরের সহিত শত্রুতা ও বিদ্রোহাচরণ করত জীবনে বিনষ্ট হয়, অথচ পরের উপকার ও সখ্যতাসূত্রে বদ্ধ থাকিলে যে পরমার্থ পদ লাভে জীবন কৃতার্থ হয়, তৎপ্রতি সংসারী মানবের দৃষ্টি একবারের জন্যও পতিত হয় না॥ ১৫॥

সিংহ যেমন সম্মুখে অগ্রসর হইবার সময়ে মধ্যে মধ্যে পশ্চাদ্ভাগে ফিরিয়া চাহে, গ্রন্থকারও সংসারী মানবের চরিত্র বর্ণন পূর্ব্বক অগ্রসর হইবার সময়ও মধ্যে মধ্যে ফিরিয়া

ক্বচিৎ কদাচিদ্ধরিচক্রতস্ত্রসন্ সখ্যং বিধত্তে বক-কঙ্ক-গৃধ্রৈঃ।। ১৬ ॥
তৈর্বঞ্চিতো হংসকুলং সমাবিশন্নরোচয়ন্ শীলমুপৈতি বানরান্।

অন্বয়ঃ।

কালাৎ কালচক্রাৎ) ত্রসন্ ততঃ রক্ষার্থং, বককঙ্কগৃধ্রৈঃ তত্তুল্যৈঃ ক্ষুদ্রদেবৈঃ সখ্যং বিধত্তে ॥ ১৬ ॥

তৈঃ বকাদিভিঃ বঞ্চিতঃ রক্ষণং অপ্রাপ্তঃ, পুনঃ তদর্থং হংসকুলং (হংসানাং ব্রাহ্মণানাং কুলং পুনঃ প্রবিশন্ সমাবিশন্, তেষাং অপি শীলং আচারং, অরোচয়ন্ তান্ অপি ত্যক্ত্বা

শ্রীধরস্বামী।

মরণাদেস্ত্রসন্ তৎপরিহারায় কৈশ্চিৎ প্রলোভিতো বকাদিবৎ বঞ্চকৈঃ ক্ষুদ্রৈঃ ক্রূরৈঃ পাষণ্ডৈঃ সহ সখ্যং করোতি তেষু প্রবিশতি ॥ ১৬ ॥

তৈর্বঞ্চিত স্তত্র ফলাভাবং জ্ঞাত্বা হংসানাং ব্রাহ্মণানাং কুলং পুনঃ প্রবিশন্ তেষাং শীলং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তরিষ্যসীতি প্রলোভিতো বকাদিবদ্বঞ্চকৈঃ কুবুদ্ধিভিঃ ক্রূরৈস্তৈরেব পাষণ্ডিভিঃ সহ সখ্যং করোতি ॥ ১৬ ॥

তৈর্বঞ্চিত স্তত্র ফলাভাবং জ্ঞাত্বা হংসানাং ব্রাহ্মণানাং কুলং প্রবিশন্ তেষাং শীলং

কালচক্রের নিষ্ঠুর নিকৃন্তনে ছিন্ন ভিন্ন হইয়া পড়ে, এই ভয়ে আত্মরক্ষার নিমিত্ত কঙ্ক ও গৃধ্র সদৃশ বলিভুক্ ক্ষুদ্র দেবতার শরণাগত হইয়া, তাহাদেরই আরাধনায় নিযুক্ত হয় ।। ১৬ ।।

কিন্তু বকের সাহায্যে কখন সিংহভয় নিবারিত হয় না ; সুতরাং সামান্য দেবতার আরাধনায় মৃত্যুভয় নিবারিত হয় না দেখিয়া, তাহারা মানস-সরোবরস্থ হংসকুলের অনুসরণে প্রবৃত্ত হয়। কিন্তু তাদৃশ হংস-সদৃশ ব্রাহ্মণগণের আচার ব্যবহারের অনুষ্ঠান করা একান্ত দুরূহ বিবেচনা করত, তাহারা ব্রাহ্মণকুলকে পরিত্যাগ পূর্ব্বক বানরগণের ক্রীড়ার প্রতি কটাক্ষ করে। বানরকুলের কোন নিষ্ঠাই নাই ; তাহারা আচারভ্রষ্ট ; অতএব তাদৃশ আচরণের দ্বারা সুখলাভের প্রত্যাশায় তাহারা বানরতুল্য অসদাচারী শূদ্রপ্রায়

আভাস।

ভবাটবীর ভাব বর্ণন করিতেছেন। ভবাটবীর লতাপাদপও বিশেষ মোহের কারণ! লতার ন্যায় নারীর সুকোমল বাহুযুগলও মানবের বিশেষ মোহের কারণ হইয়া থাকে। পক্ষিকুলই অস্ফুটভাষী শিশু সন্তান। ইহাদের প্রেমে আবদ্ধ হইয়া নরগণ কেশাকর্ষণার্থ সম্মুখে নিরন্তর বিদ্যমান পশুরাজ সিংহসদৃশ বিকট কালকেও উপেক্ষা করিয়া থাকে। হরিণাদি পশুকুল যেমন বক ও কঙ্কাদির বিহার দর্শনে মোহিত হইয়া সেই স্থানেই অন্যমনস্কে দণ্ডায়মান থাকে,

তজ্জাতিরাসেন সুনির্বৃতেন্দ্রিয়ঃ পরস্পরোদ্বীক্ষণবিস্মৃতাবধিঃ॥ ১৭॥
দ্রুমেষু রংস্যন্ সুতদারবৎসলো ব্যবায়দীনো বিবশঃ স্ববন্ধনে।

অন্বয়ঃ।

বানরান্ বানরতুল্যান্ ভ্রষ্টাচারান্ শূদ্রপ্রায়ান্, উপৈতি প্রাপ্নোতি। তজ্জাতিরাসেন (তেষাং বানরাণাং জাতিরাসেন জাতিস্বভাবপ্রযুক্তয়া ক্রীড়য়া সুনির্বৃতেন্দ্রিয়ঃ (সুনির্বৃতানি প্রসন্নানি ইন্দ্রিয়াণি যস্য তথাবিধঃ) সঃ স্ত্রীপুরুষপরস্পরমুখোদ্বীক্ষণেন বিস্মৃতঃ অবধিঃ মরণকালঃ, যেন তথা ভবতি॥ ১৭॥

দ্রুমেষু (দ্রুমবৎ কেবলৈহিকার্থেষু গৃহেষু) রংস্যন্ সুতদারবৎসলঃ পুত্রাদিষু প্রীতিযুক্তঃ ব্যবায়দীনঃ স্ত্রীসম্ভোগেচ্ছয়া কৃপণঃ স্ববন্ধনে বিবশঃ ভবতি। কচিৎ প্রমাদাৎ অননুসন্ধানাৎ

শ্রীধরস্বামী।

প্রায়শ্চিত্তপূর্ব্বকং পুনরুপনয়নাদ্যাচারং অরোচয়ন্ অপ্রিয়ং পশ্যন্ বানরতুল্যান্ ভ্রষ্টাচারান্ শূদ্রপ্রায়ানুপৈতি। তজ্জাতিরাসেন বানরজাতিক্রিয়য়া স্ত্রিয়া মিথুনীভূয় পরস্পরমুখোদ্বীক্ষণেন বিস্মৃতো জীবিতাবধি মরণকালো যেন॥ ১৭॥

দ্রুমবৎ কেবল-দৃষ্টার্থেষু গৃহেষু ব্যবায়দীনঃ সুরতেচ্ছয়া কৃপণ এবং স্বস্য যদ্বন্ধনং প্রাপ্তং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রায়শ্চিত্তপূর্ব্বকং পুনরুপনয়নাদ্যাচারং অরোচয়ন্ স্বানভীপ্সিতং জানন্ বানরতুল্যান্ ভ্রষ্টাচারান্ শূদ্রপ্রায়ান্ লিঙ্গেন উপৈতি তজ্জাতৌ রাসেন ভোজনপানস্ত্রীসঙ্গাদিস্বাচ্ছন্দ্যেন পরস্পরমুখোদ্বীক্ষণেন বিস্মৃতো জীবিতাবধির্মরণকালো যেন সঃ॥ ১৭॥

কশ্চিদন্যঃ সার্থো দ্রুমতুল্যেষু কেবলদৃষ্টার্থেষু গৃহে ব্যবায়দীনঃ সুরতেচ্ছুত্বাৎ স্ত্রিয়া পাদেন

ব্যক্তিগণেরই অনুকরণ করিয়া থাকে; এবং বানরোচিত ক্রীড়াদিতেই একান্ত আসক্ত ও ইন্দ্রিয়পরতন্ত্র হইয়া, মিথুন ভাবেই নিরন্তর অবস্থান করে এবং পরস্পরে পরস্পরের মুখাপেক্ষী হইয়া, স্বামী স্ত্রীতে মরণকালাবধি বিস্মিতের ন্যায় অবস্থান করে॥ ১৭॥

বানরকুল বৃক্ষশাখায় অবস্থান পূর্ব্বক যেমন স্ত্রীসম্ভোগাদিতেই কালাতিপাত করে, ভবিষ্যতের জন্য কোন চিন্তাই আর করে না, ভবাটবীর মানবও সেইরূপ দ্রুমসদৃশ ঐহিকের ফলভূত গৃহাদিকে আশ্রয় করিয়া, পুত্রাদির প্রেমে আবদ্ধ হয় এবং স্ত্রীসম্ভোগই এক মাত্র সুখের কারণ-বোধে বিবশভাবে স্বীয়

আভাস।

সংসারী মানবও অতি নিকৃষ্ট ক্রূরমনা পাষণ্ডগণের সুখবিহারকেই আপনাদের শান্তিলাভার্থ প্রধান উপায় মনে করিয়া, তাহাদের সহিতই সখ্যতা-স্থাপনে যত্নবান্ হয়। কিন্তু পদে পদে বঞ্চিত হইয়া অবশেষে তাহাদিগকে পরিত্যাগ করে এবং ব্রাহ্মণের অনুকরণে ধর্ম্মাদির অনুষ্ঠানে সুখী হইবার বাসনা করে। কিন্তু ব্রহ্মণ্য-লাভার্থ কঠোর প্রায়শ্চিত্তের ক্লেশ ও

ক্বচিৎ প্রমাদাদ্গিরিকন্দরে পতন্ বল্লীং গৃহীত্বা গজভীত আস্থিতঃ॥ ১৮॥
অতঃ কথঞ্চিৎ স বিমুক্ত আপদঃ পুনশ্চ সার্থং প্রবিশত্যরিন্দম।
অধ্বন্যমুষ্মিন্নজয়া নিবেশিতো ভ্রমন্ জনোঽদ্যাপি ন বেদ কশ্চন॥ ১৯॥

অন্বয়ঃ।

গিরিকন্দরবৎ অতিভয়ানকে রোগাদিদুঃখে নরকাদৌ বা পতন্ তত্রাপি গজভীতঃ (গজবৎ মৃত্যোঃ ভীতঃ) সন্ বল্লীং (বল্লীতুল্যং প্রাচীনকর্ম্ম অবলম্ব্য) আস্তে॥ ১৮॥

অতঃ আপদঃ স কথঞ্চিৎ দুঃখং ভুক্ত্বা বিমুক্তঃ অপি পুনঃ চ সার্থং প্রবিশতি (যথাপূর্ব্বং প্রবৃত্তিমার্গে এব রমতে ন দুঃখানুসন্ধানেন ততো বিরজ্যতে) হে অরিন্দম! অমুষ্মিন্ অধ্বনি সংসারমার্গে, মায়য়া অজয়া, নিবেশিতঃ জনঃ ভ্রমন্ কশ্চন অধ্বনঃ পারং হরিং, ন বেদ॥ ১৯॥

শ্রীধরস্বামী।

তস্মিন্ বিবশঃ পরিহর্ত্তুমশক্তঃ। চরন্ বনে ইতি পাঠান্তরেতু বনে সংসারে চরন্নিত্যর্থঃ। গিরিকন্দরাং অতিভয়ানকে রোগাদিদুঃখে পতন্ কন্দরস্থগজতুল্যমৃত্যোর্ভীতঃ সন্ বল্লীতুল্যং প্রাচীনকর্ম্মাবলম্ব্যাবস্থিতো ভবতি॥ ১৮॥

সার্থং প্রবিশতি যথাপূর্ব্বং প্রবৃত্তিমার্গে রমতে॥ ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাড্যমানঃ এবং স্বস্য যদ্বন্ধনং প্রাপ্তং তস্মিন্ বিবশঃ পরিহর্ত্তুমশক্তঃ চরন্ বনে ইতি পাঠঃ। গিরিকন্দরবদতিভয়ানক রোগাদিষু দুঃখে পতন্ কন্দরস্থগজতুল্যান্মৃত্যোর্ভীতঃ সন্ বল্লীতুল্যং প্রাচীনকর্ম্মাবলম্ব্যাবস্থিতো ভবতি॥ ১৮॥

পুনশ্চেতি যথা পূর্ব্বং প্রবৃত্তিমার্গে রমতে ন বেদ ন পরমেশ্বরং জানাতি॥ ১৯॥

বন্ধনে আবদ্ধ থাকে। ভ্রমণ করিতে করিতে গিরিকন্দর সদৃশ ভীষণ রোগ বা নরকোৎপাদক শোকাদি যখন সমক্ষে উপস্থিত হয়, তখন তাহাতে পতিত হইয়া, বল্লীসদৃশ প্রাচীন কর্ম্মকেই অবলম্বন পূর্ব্বক অবস্থান করে॥ ১৮॥

হে অরিন্দম! এই প্রকারে বিবিধ দুঃখানুভবের পর কোনক্রমে আপদ্ হইতে নিষ্কৃতি লাভ করত, সেই জীব পুনরায় সার্থের মধ্যে প্রবিষ্ট হয়। অহো! এই সংসারপথে বিষ্ণুশক্তির প্ররোচনায় প্রবিষ্ট মানব কেহই আর এই সংসারমার্গের অতীত ভগবানকে সন্দর্শন করিতে সমর্থ হয় না॥ ১৯॥

আভাস।

আচারের প্রতি লক্ষ্য করিয়া ভগ্নোদ্যম হয় ও বানরের ন্যায় শঠতার আচরণের দ্বারা সুখী হইতে অভিলাষী হয়। ফলের মধ্যে, বানরের ন্যায় মৈথুন্য-পরায়ণ হইয়া পড়ে মাত্র এবং মৃত্যুকালাবধি পূর্ব্বসঞ্চিত কর্ম্মরূপ শাখার উপর উপবেশন করত দাম্পত্য-সুখেই কালাতিপাত করে। গিরিকন্দর-সদৃশ প্রাণাপহারী রোগের দৌরাত্ম্য ও বিবিধ যাতনা নিরন্তর ভোগ করে এবং প্রতিমুহূর্ত্তে মৃত্যুর ভয়ে ভীত হইয়া থাকে॥ ১৬—১৮॥

রহূগণ ত্বমপি হ্যধ্বনোঽস্য সংন্যস্তদণ্ডঃ কৃতভূতমৈত্রঃ।
অসজ্জিতাত্মা হরিসেবয়া শিতং জ্ঞানাসিমাদায় তরাতিপারং ॥ ২০ ॥
রাজোবাচ ॥
অহো নৃজন্মাখিল জন্মশোভনং কিং জন্মভিস্ত্বপরৈরপ্যমুষ্মিন্।

অন্বয়ঃ।

হে রহূগণ! হি যস্মাৎ (ত্বমপি যতঃ অধ্বনি নিবেশিতঃ অতঃ) সংন্যস্তদণ্ডঃ (সংন্যস্তঃ ত্যক্তঃ ভূতেষু দণ্ডঃ পীড়া যেন সঃ) কৃতভূতমৈত্রঃ (কৃতা ভূতেষু মৈত্রী কৃপা যেন সঃ) তথা অসজ্জিতাত্মা (ন সজ্জিতঃ বিষয়েষু আত্মা মনো যস্য সঃ তথাভূতঃ সন্) ত্বমপি হরিসেবয়া শিতং তীক্ষ্ণীকৃতং, জ্ঞানলক্ষণং অসিং আদায় (মায়াং ছিত্বা) অতিপারং হরিং তর গচ্ছ ॥২০॥

রাজা রহূগণঃ উবাচ। অহো! অখিলজন্মসু শোভনং নৃজন্ম এব; অমুষ্মিন্ স্বর্গাদৌ অপরৈঃ দেবাদিজন্মভিঃ অপি তু কিং ফলং ন কিঞ্চিদিতি। যৎ যেষু স্বর্গাদি-

শ্রীধরস্বামী।

ত্বমপি অধ্বনি নিবেশিত ইত্যনুসঙ্গঃ। অতোঽস্যাধ্বনঃ পারং অতিচর! অসজ্জিতাত্মা বিষয়েষনভিনিবেশিতচিত্তঃ সন্ হরিসেবয়া শিতং তীক্ষ্ণীকৃতং ॥ ২০ ॥

অখিলজন্মসু শোভনং নৃজন্মৈব ন পরং শ্রেষ্ঠং যেভ্যো দেবাদিজন্মভ্যঃ তৈরপি কিং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বমপ্যধ্বনি নিবেশিত ইত্যন্বয়ঃ। অতোঽস্যাধ্বনঃ পারং অতিতর যাহি ॥ ২০ ॥

কথমহমকস্মাদেবং কৃতার্থোঽভূবমিতি সাশ্চর্য্যং সবিতর্কমাহ অখিলজন্মসু মধ্যে অহোঽদ্ভুতেঽস্মিন্ মর্ত্ত্যলোকে নৃজন্মৈব শোভনং অমুত্র স্বর্গে পরং শ্রেষ্ঠং যেভ্যস্তৈ র্দেবাদি-জন্মভিঃ কিং যদ্‌যেষু বো মহাত্মনাং সমাগমো ন সংভবেৎ। কীদৃশানাং হৃষীকেশস্য

হে রহূগণ! আপনিও যখন মায়ায় প্রভাবে এই সংসারপথের পথিক হইয়াছেন, তখন ইহা হইতে অব্যাহতি লাভের জন্য আপনারও বিশেষ যত্ন করা প্রয়োজন। ইহার প্রধান উপায়ই জীবের প্রতি দয়া প্রকাশ করা। এবং কোন জীবের বিদ্রোহাচরণ না করিয়া যদি অনাসক্ত ভাবে আত্ম-সংযম করিতে পারেন, তাহা হইলে প্রকৃত প্রস্তাবে ভগবানের সেবা করা হইবে এবং এতদ্দ্বারা আপনার আত্মজ্ঞানরূপ বিষম অসি শাণিত হইলে, তদ্দ্বারা মায়াপাশ ছেদন করত আপনি অবলীলাক্রমে এই সংসারের অতীত পরম পদ পরমাত্মা বিষ্ণুকে লাভ করিতে পারিবেন, সন্দেহ নাই ॥ ২০ ॥

রাজা রহূগণ বলিলেন, অহো! যাবতীয় যোনির মধ্যে মানব-যোনিকেই শ্রেষ্ঠ বলিয়া প্রতীত হইতেছে। মানবযোনি প্রাপ্ত হইলে, দেবলোকাদিতে দেবাদি যোনির প্রাপ্তি-কামনায়ও কোন প্রয়োজন দেখি না! কারণ নররূপে

ন যত্র হৃষীকেশযশঃ কৃতাত্মনাং মহাত্মনাং বঃ প্রচুরঃ সমাগমঃ ॥ ২১ ॥
নহ্যদ্ভুতং তচ্চরণাব্জরেণুভির্হতাংহসো ভক্তিরধোক্ষজে মলা।
মৌহূর্ত্তিকাদ্‌যস্য সমাগমাচ্চ মে দুস্তর্কমূলোঽপহতোঽবিবেকঃ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

জন্মসু বঃ যুষ্মাকং হৃষীকেশযশঃকৃতাত্মনাং (হৃষীকাণাং ইন্দ্রিয়াণাং ঈশঃ নিয়ন্তা যঃ ভগবান্ তস্য যশসা কৃতঃ শোধিতঃ আত্মা অন্তকরণং যৈঃ তেষাং) মহাত্মনাং সমাগমঃ প্রচুরঃ ন ভবতি। অত্র নৃজন্মনি তু প্রচুরো ভবতি ॥ ২১ ॥

(উপাসিতৈঃ) তচ্চরণাব্জরেণুভিঃ হতাংহসঃ (হতং অংহঃ যস্য তস্য) অধোক্ষজে ভগবতি অমলা ফলাভিসন্ধিরহিতা ভক্তিঃ ভবতি ইতি ন অদ্ভুতং আশ্চর্য্যং; হি যস্মাৎ যস্য তব মৌহূর্ত্তিকাৎ সমাগমাৎ দুস্তর্কমূলঃ (দুস্তর্কেণ বদ্ধমূলঃ) মে মম অবিবেকঃ দেহাদৌ আত্মাভাসঃ অপহতঃ বিনষ্টঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

অমুষ্মিন্ স্বর্গেঽপি জন্মভিঃ কিং ন কিঞ্চিৎ। যৎ যেষু জন্মসু যত্র স্বর্গে বা বো মহাত্মনাং সমাগমঃ প্রচুরো নভবতি হৃষীকেশস্য যশসা কৃতঃ শোধিত আত্মা যৈস্তেষাং ॥ ২১ ॥

সন্তুতং সমুপাসিতৈ স্তৎপাদরেণুভি র্হতমংহো যস্য তস্যাধোক্ষজে নির্ম্মলা ভক্তি র্ভবতীতি নৈবাদ্ভুতং যস্য তব তু মুহূর্ত্তমাত্রভবাৎ সমাগমমাত্রাদপি দুস্তর্কেণ বদ্ধমূলোঽপি মমাবিবেকো নষ্টঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বভক্তসর্ব্বেন্দ্রিয়াকর্ষকস্য হরের্যশোভিরেব কৃতা নির্ম্মিতা আত্মানো দেহমনোবুদ্ধিপ্রযত্ন-জীবাত্মানো যেষাং ॥ ২১ ॥

নমু প্রচুর ইত্যুক্ত্যা কিং স্বল্পসঙ্গস্যানর্থকত্বং ব্রূষে নৈবমত্যোৎসুক্যযন্ত্রিত এব তথা ব্রবীমীত্যাহ নহীতি। ব্রহ্মেন্দ্রাদিভিরপি দুর্ল্লভা ভগবত্যমলা ভক্তি র্যুষ্মচ্চরণ-ধূলি-প্রাপ্তি-মাত্রেণৈব ভবতীত্যেতদপি নাশ্চর্য্যং। আশ্চর্য্যং ত্বেতদেব যন্মদ্বিধানাং জ্ঞানলবদুর্ব্বিদগ্ধানা-মতিকূটযুক্তিবিপ্লুতধিয়াং চেতঃ পরাবৃত্তভক্তিযোগোন্মুখীকরণং তচ্চ মৌহূর্ত্তিকাদেব সমা-গমাদ্‌যদ্যদ্ভূতর্হি প্রচুরস্য সমাগমস্য মাহাত্ম্যং কো বক্তুং ক্ষমতামিতি তত্র মম স্বৌৎসুক্য-মেব ব্যঞ্জিতমিতি ভাবঃ ॥ ২২ ॥

মর্ত্ত্যধামে অবস্থান কালে হৃষীকেশের লীলারসে বিধৌতচিত্ত আপনাদের ন্যায় মহাত্মাগণের শুভ সমাগম যেরূপ অনায়াসে প্রাপ্ত হওয়া যায়, এরূপ সমাগম অন্য কোন যোনিতেই পাইবার সম্ভাবনা দেখা যায় না ॥ ২১ ॥

এতদ্দ্বারা সুস্পষ্ট প্রমাণ দেখা যায় যে, উপাসনার দ্বারা ভগবচ্চরণ-রজে বিধৌত-কল্মষ জীবের হৃদয়ে নিষ্কাম ভক্তির উদয় হওয়া কিছু বিশেষ আশ্চর্য্যের বিষয় নহে। কারণ আপনার ন্যায় ভক্তের সমাগম মুহূর্ত্তকালের

নমো মহদ্ভ্যোঽস্তু নমঃ শিশুভ্যো নমো যুবভ্যো নম আবটুভ্যঃ।
যে ব্রাহ্মণা গামবধূতলিঙ্গাশ্চরন্তি তেভ্যঃ শিবমস্তু রাজ্ঞাং ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

মহদ্ভ্যঃ বৃদ্ধেভ্যঃ নমঃ অস্তু; শিশুভ্যঃ বালেভ্যঃ নমঃ; যুবভ্যঃ নমঃ অস্তু; আবটুভ্যঃ বটবঃ ব্রহ্মচারিণঃ তান্ অভিব্যাপ্য সর্ব্বেষু আশ্রমেভ্যঃ যে ব্রহ্মবিদঃ তেভ্যঃ সর্ব্বেভ্যঃ নমঃ অস্তু। অবধূতবেশেন অবস্থিতাঃ যে ব্রাহ্মণাঃ গাং পৃথিবীং, চরন্তি তেভ্যঃ রাজ্ঞাং শিবং কল্যাণং, অস্তু ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

ব্রহ্মবিদঃ কেন রূপেণ চরন্তীত্যজ্ঞানাৎ সর্ব্বান্ নমস্যতি নম ইতি। যে বটবঃ ক্রীড়ারতত্বাদশ্রদ্ধেয়ধোরেয়া স্তানভিব্যাপ্য সর্ব্বেভ্যো নম ইত্যর্থঃ। স্বদৃষ্টান্তেন রাজ্ঞাং মহদবজ্ঞাং সংভাব্যাহ রাজ্ঞাং শিবমস্ত্বিতি ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হন্ত হন্ত শিবিকাং বহংস্তত্রভবান্ স্বং যদি নাজ্ঞাপয়িষ্যত্তদা মমাপরাধিনঃ কা গতিরভবিষ্যদিতি সভয়ং প্রণমতি নম ইতি আবটুভ্যঃ যে বটবঃ ক্রীড়ারতত্বাদশ্রদ্ধেয়মহিমান স্তানপ্যভিব্যাপ্য স্বদৃষ্টান্তেন রাজ্ঞাং মহদপরাধং সংভাব্যাহ রাজ্ঞাং শিবমস্ত্বিতি ॥ ২৩ ॥

জন্য প্রাপ্ত হইয়াই কুতর্কের দ্বারা বদ্ধমূল আমার বিষম অবিবেক অনায়াসে দূরীভূত হইয়াছে ॥ ২২ ॥

অতএব মহামনা বৃদ্ধ ব্রাহ্মণগণকে আমি প্রণাম করি! বালক ব্রাহ্মণগণকে প্রণাম করি! যুবাগণকে প্রণাম করি! অধিক কি! ব্রহ্মচর্য্য হইতে আরম্ভ করিয়া সকল আশ্রমে অবস্থিত সকল ব্রাহ্মণকে আমি প্রণাম করি! প্রচ্ছন্ন অবধূতবেশে যে সকল ব্রাহ্মণ এই ধরণীতলে বিচরণ করিতেছেন, তাঁহাদের প্রসাদে যেন সকল রাজন্যবর্গেরই কল্যাণ-সাধন হয় ॥ ২৩ ॥

শুকদেব বলিলেন, হে উত্তরানন্দন! এই প্রকারে সেই ব্রহ্মর্ষিনন্দন ভরত স্বীয় অপমানকারী সিন্ধুপতি রহূগণের কৃত অত্যাচারকে উপেক্ষা

আভাস।

রহূগণ বলিলেন, সংসারে ব্রাহ্মণই মুক্তিলাভের পথ প্রদর্শন করাইয়া থাকেন। অতএব অন্যান্য বর্ণের পক্ষে অনুসন্ধান পূর্ব্বক ব্রাহ্মণের অনুসরণ করাই একান্ত প্রয়োজন। তাঁহাদিগকে উপেক্ষা করা কোন মতে বিধেয় নহে; তাঁহারা কখন কোন্ বেশে যে সংসারে বিচরণ করেন, তাহা নির্ণয় করা অতীব দুরূহ। অতএব আমার যেন সকল প্রকার ব্রাহ্মণের প্রতি শ্রদ্ধা ও ভক্তি থাকে, যাঁহাদের কল্যাণে বিশেষত রাজন্যবর্গ বিশেষরূপে মঙ্গল লাভ করিয়া থাকেন ॥ ২৩ ॥

শ্রীশুক উবাচ ॥

ইত্যেবমুত্তরামাত স বৈ ব্রহ্মর্ষিসুতঃ সিন্ধুপতয় আত্মসতত্ত্বং বিগণয়তঃ পরানুভাবঃ পরমকারুণিকতয়োপদিশ্য রহূগণেন সকরুণমভিবন্দিতচরণঃ পূর্ণার্ণব ইব নিভৃতকরণোর্ম্ম্যাশয়ো ধরণীমিমাং বিচচার ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। হে উত্তরামাত (উত্তরা মাতা যস্য তৎসম্বোধনে) ইতি এব স বৈ ব্রহ্মর্ষিসুতঃ সিন্ধুপতয়ে রহূগণায় বিগণয়তঃ স্বাপমানং কুর্ব্বতে, অপি পরমকারুণিকতয়া আত্মসতত্ত্বং বৈরাগ্যাদ্যুপকরণসহিতং আত্মজ্ঞানং উপদিশ্য তেন রহূগণেন সকরুণং সদৈন্যং, যথাস্যাৎ তথা অভিবন্দিতচরণঃ পরানুভাবঃ পরোপকারী পূর্ণার্ণবঃ নিভৃতকরণোর্ম্ম্যাশ্রয়ঃ (নিভৃতাঃ উপশান্তাঃ করণানাং উর্ম্ময়ঃ যস্মিন্ সঃ আশয়ঃ অন্তঃকরণং যস্য সঃ) ভরতঃ ইমাং ধরণীং বিচচার ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

উত্তরা মাতা যস্য হে উত্তরামত। বিগণয়তঃ ন গণয়তঃ অবমন্তর্য্যপি পরমকরুণাকরত্বেন সিন্ধুপতয়ে আত্মতত্ত্বমুপদিশ্য নিভৃতাঃ শান্তাঃ করণানাং উর্ম্ময়ো যস্মিন্ স আশয়ো যস্য ॥ ২৪

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হন্ত হন্ত মহাভূরিভাগ এব রহূগণো যত্তাদৃশব্রহ্মতেজসি শিবিকাবাহনাদপরাদ্ধোঽপি তদনুগ্রহামৃতবৃষ্ট্যাভিষিক্তঃ কৃতার্থীবভূব। অহমতিমন্দভাগ্যো বিপ্রগলে সর্পার্পণাপরাধাত্তদপরাধাক্ষমাপণাত্তদভিশাপবিষদগ্ধো ন জানে কিমদ্যং তমো যাস্যামীতি বিষীদন্তং রাজানমাশ্বাসয়তি ইত্যেবমিতি। উত্তরা মাতা যস্যেতি ভো রাজন্ ত্বন্মাতুর্গর্ব্ভে প্রবিশ্য ব্রহ্মতেজসঃ সকাশাৎ ভগবান্ স্বয়মেব ত্বাং ররক্ষ স্বং দর্শয়ামাসচ পুনরপি সাম্প্রতং ব্রহ্মতেজসো রক্ষিতুং মামেতাংশ্চ নারদাদিমহামুনীন্ প্রেষ্য ত্বদন্তিকমানীয় এতেষামপারকৃপামৃতেন ত্বামভিষিচ্য ভাগবতামৃতং মদ্দ্বারা পায়য়ন্ সএব প্রভু র্ব্রহ্মতেজোঽপি ব্যর্থীচকার ইতি রহূগণাত্তস্মাত্তরতাচ্চ মত্তশ্চ এতেভ্যো মহামুনীভ্যশ্চ ত্বদীয়ং সৌভাগ্যমতিমহত্তমং ব্যঞ্জয়ামাস তদপি কিং বিষীদসীতি ভাবঃ। বিগণয়তঃ তিরস্কুর্ব্বতোঽপি পরোঽনুভাবো যস্মাৎ সঃ। সিন্ধুপতয়ে তস্মৈ আত্মতত্ত্বমুপদিশ্য সকরুণং সরোদনং নিভৃতাঃ শান্তাঃ করুণানামুর্ম্ময়ো যস্মিন্ স আশয়ো যস্য সঃ ॥ ২৪ ॥

করত বিশেষ করুণার প্রকাশে বৈরাগ্যাদি বিশেষ বিশেষ উপকরণ সহিত পরমাত্মতত্ত্বের উপদেশ তাঁহাকে প্রদান করিলে, রাজা রহূগণ স্বীয় অপরাধ স্বীকার পূর্ব্বক ভরতের যথাযোগ্য অভিবাদনাদি করিলেন। অনন্তর অচল জলধির ন্যায় উপশান্তচিত্ত সর্ব্বভূতোপকারী ভগবান্ ভরত তথা হইতে প্রস্থান করত ধরণীধামে ইতস্ততঃ পর্য্যটন করিতে লাগিলেন ॥ ২৪ ॥

সৌবীরপতি রাজা রহূগণও তাদৃশ সাধু ভরতের সন্নিধান হইতে ভক্তিও

সৌবীরপতিরপি সুজন-সমবগত-পরমাত্মসতত্ত্ব আত্মন্যবিদ্যারোপিতাঞ্চ দেহাত্মমতিং বিসসর্জ্জ ॥ ২৫ ॥

এবং হি নৃপ ভগবদাশ্রিতাশ্রিতানুভাবঃ ॥ ২৬ ॥

রাজোবাচ ॥

যো হ বা ইহ বহুবিদা মহাভাগবত ত্বয়াভিহিতঃ পারোক্ষেণ বচসা জীব-লোকভবাধ্বা ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

সৌবীরপতিঃ রহূগণঃ অপি সুজনাৎ ভরতাৎ সম্যক্ অবগতং পরস্য আত্মনঃ সতত্ত্বং তত্ত্বজ্ঞানেন সহিতং ভক্তিবৈরাগ্যাদিসাধনং যেন তথাবিধঃ সন্ আত্মনি অবিদ্যয়া আরোপিতাং দেহাত্মমতিং বিসসর্জ্জ তত্যাজ ॥ ২৫ ॥

হে নৃপ! ভগবদাশ্রিতঃ যঃ ভরতঃ তদাশ্রিতঃ যঃ রহূগণঃ তস্যাপি অনুভাবঃ প্রভাবঃ এবম্ভূতঃ জাতঃ ॥ ২৬ ॥

রাজা পরীক্ষিৎ উবাচ। হে মহাভাগবত! ত্বয়া বহুবিদা সর্ব্বজ্ঞেন, ইহ ভরত-রহূগণ-সম্বাদে পারোক্ষেণ বচসা (বণিক্-সার্থক-রূপকে) যঃ জীবলোকস্য ভবাধ্বা সংসারমার্গঃ, হ ইতি আশ্চর্য্যে, বা ইতি উক্তার্থস্মরণে অভিহিতঃ কথিতঃ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

সুজনাৎ তস্মাৎ সম্যগবগতং পরমাত্মসতত্ত্বং যেন তথাভূতঃ সন্ তদানীমেব দেহে আত্মমতিঞ্চ বিসসর্জ ॥ ২৫ ॥

হে নৃপ ভগবদাশ্রিতো ভরত স্তদাশ্রিতো রহূগণঃ যস্তস্যানুভাবঃ সদ্যোদেহাহঙ্কার-ত্যাগঃ ॥ ২৬ ॥ পরোক্ষেণ বণিক্সার্থরূপকেণ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুজনাৎ শ্রীমদ্ভরতাৎ আত্মনি স্বস্মিন্ যা অবিদ্যা অনাদিত এব প্রবৃত্তা তয়া অধ্যারোপিতাং দেহে আত্মমতিং আত্মবুদ্ধিং ॥ ২৫ ॥

ভগবদাশ্রিতো ভরত স্তদাশ্রিতো রহূগণঃ ॥ ২৬ ॥ ২৭ ॥

বৈরাগ্যাদি সাধনসম্পন্ন আত্মজ্ঞান লাভ করত, অবিদ্যার প্রভাবে অধ্যস্ত দেহাত্মবুদ্ধি পরিত্যাগ করিলেন ॥ ২৫ ॥

হে নরনাথ! ভগবানের আশ্রিত ভরত! কিন্তু সেই ভরতকে আশ্রয় করিয়া রাজা রহূগণের যেরূপ ফল-প্রাপ্তি হইয়াছিল, তাহাও অদ্ভুত এবং অনির্ব্বচনীয়! ॥ ২৬ ॥

রাজা পরীক্ষিৎ তখন শুকদেবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে মহা-ভাগবত! আপনি সর্ব্বজ্ঞ! এই ভরত ও রহূগণের সম্বাদ উপলক্ষে বণিক্সার্থ

সদ্ধ্যার্য্যমনীষয়া কল্পিতবিষয়ো নাঞ্জসাব্যুৎপন্নলোকসমধিগমঃ ॥ ২৮ ॥

অথ তদেবৈতৎ দুরধিগমং সমবেতানুকল্পেন নির্দ্দিশ্যতামিতি ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৩ ॥ * ॥

অন্বয়ঃ।

সঃ হি আর্য্যাণাং বিবেকিনাং, মনীষয়া বুদ্ধ্যা, কল্পিতবিষয়ঃ কল্পিতাঃ লক্ষিতাঃ বিষয়াঃ এব। অব্যুৎপন্নস্য কল্পনাশক্তিরহিতস্য লোকস্য ন অঞ্জসা সাক্ষাৎ ব্যাখ্যানমন্তরেণ ন সমধিগমঃ ন অববুদ্ধবিষয়ঃ ভবতি ॥ ২৮ ॥

অথ তস্মাৎ এতৎ তৎ দুরধিগমং বিষয়ং সমবেতানুকল্পেন দার্ষ্টান্তবাচকশব্দেন নির্দ্দিশ্যতাং ইতি ॥ ২৯ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ত্রয়োদশাধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

আর্য্যাণাং বিবেকিনাং মনীষয়ৈব দস্যুস্থানীয়ানীন্দ্রিয়াণি গোমায়ুস্থানীয়ান্যপত্যাদীনি ইত্যেবং কল্পিতবিষয়ঃ। অব্যুৎপন্নস্যতু লোকস্য জনস্য সম্যগধিগম্যো ন ভবতি ॥ ২৮ ॥

অথ অত স্তদেতদেব ভবাধ্বরূপং সমবেতানুকল্পেন প্রস্তুতে তদনুরূপার্থোপকল্পনেন ॥২৯॥

॥ * ॥ ইতি পঞ্চমে ত্রয়োদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আর্য্যস্যাতিবিদুষএব মনীষয়া উত্তমবুদ্ধ্যা কল্পিতবিষয়দস্যুস্থানীয়াপত্যাদয়ো যস্য সঃ ॥ ২৮ ॥

দুরধিগমং দার্ষ্টান্তানামনুক্তত্বাৎ। সমবেতেন সমুচিতেন অনুকল্পেন দার্ষ্টান্তবাচক-শব্দেন ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ত্রয়োদশঃ পঞ্চমস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

রূপকচ্ছলে পরোক্ষ-বাক্যের প্রয়োগে যেরূপ সংসারমার্গের বর্ণনা করিলেন, তাহা অতি আশ্চর্য্য এবং বর্ণনযোগ্যই বটে ! ॥ ২৭ ॥

এই সকল ভবদীয় বর্ণনা বিবেকী বিচক্ষণ ব্যক্তিগণের পক্ষে অনায়াসে বোধগম্য বটে, কিন্তু কল্পনাশক্তিতে সম্পূর্ণ অপরিচিত স্বল্পবুদ্ধি ব্যক্তির পক্ষে ধারণা করা ত কোনমতেই সম্ভবপর নহে। ইহার সরল ব্যাখ্যা করা আপনার নিতান্তই আবশ্যক ॥ ২৮ ॥

অতএব তাদৃশ দুর্ব্বোধ্য বিষয়গুলিকে উপযুক্তরূপ উদাহরণ বাক্যের দ্বারা সম্যক্ নির্দ্দেশ করত আমার বাসনা পূর্ণ করুন্ ॥ ২৯ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত ॥

সহোবাচ ॥ ১ ॥

স এষ দেহাত্মমানিনাং সত্ত্বাদিগুণবিশেষবিকল্পিতকুশলাকুশলসমবহার-বিনির্ম্মিতবিবিধদেহাবলিভি র্বিয়োগসংযোগাদ্যনাদিসংসারানুভবস্য দ্বার-ভূতেন ষড়িন্দ্রিয়বর্গেণ তস্মিন্ দুর্গাধ্ববদসুগমে হধ্বন্যাপতিত ঈশ্বরস্য

অন্বয়ঃ।

পরীক্ষিতা যঃ পৃষ্টঃ সঃ শ্রীশুকঃ হ হর্ষেণ উবাচ ॥ ১ ॥

যথা যঃ এষঃ বণিক্‌সার্থঃ (বণিজাং সার্থঃ সমূহঃ) অর্থার্জ্জনপরঃ (কণ্টকাদিভিরসুগমে মার্গে পতিতঃ অটবীং যাতি) তথা অয়ং জীবলোকঃ ঈশ্বরস্য ভগবতঃ বিষ্ণোঃ বশবর্ত্তিন্যা মায়য়া মোহিতঃ তত্তৎসুখার্থী সন্ দেহাত্মমানিনাং অজ্ঞানাং যে সত্ত্বাদয়ঃ গুণবিশেষাঃ তৈঃ বিকল্পিতানি ভিন্নানি কুশলানি পুণ্যানি অকুশলানি পাপানি তেষাং সমবহারভূতান রজসা

শ্রীধরস্বামী।

চতুর্দ্দশে ভবারণ্য-রূপক-ব্যাকৃতিঃ কৃতা।

প্রস্তুতে দস্যুগোমায়ুমশকাদ্যর্থকল্পনৈঃ ॥ * ॥

যঃ পরীক্ষিতা পৃষ্টঃ স শ্রীশুক উবাচেতি সূতোক্তিঃ ॥ ১ ॥

দুরত্যয়েহধ্বন্যজয়া নিবেশিত ইতি যদুক্তং তদেব বননিবেশনপ্রকারকথনেন প্রপঞ্চয়তি। স এষ প্রসিদ্ধো জীবলোকঃ অয়ং বিষ্ণো র্মায়য়া অসুগমে অধ্বন্যাপতিতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দস্যুক্রোষ্টু প্রভৃতিভিরুক্তৈঃ সহ চতুর্দ্দশে।

ইহেন্দ্রিয়কুটুম্বাদ্যা স্তদ্দার্ষ্টান্তা নিরূপিতাঃ ॥ * ॥

স শ্রীশুকো হ স্পষ্টমুবাচ ॥ ১ ॥

স এষ প্রসিদ্ধো জীবলোকঃ সংসারাটব্যাং গতঃ সন্নদ্যাপি হরিরূপস্য গুরোশ্চরণারবিন্দে যে মধুকরা গুরুভজনাসক্তা ইত্যর্থঃ। তেষামনুকূলাং পদবীং নাবরুন্ধে ন প্রাপ্নোতীত্যন্বয়ঃ। তেন শ্রীগুরুচরণাশ্রয়ং বিনা সংসারাটব্যাং ভ্রমত্যেবেতি ভাবঃ। কীদৃশঃ দেহাত্মমানিনাং

মহারাজ পরীক্ষিতের তাদৃশ প্রশ্ন শ্রবণ করিয়া, যোগিবর শুকদেব প্রসন্ন-চিত্তে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ১ ॥

হে রাজন্! অর্থোপার্জ্জনের লালসায় বণিক্‌দল যেমন কণ্টকাদি সমাকীর্ণ এবং বিবিধ উপদ্রববিশিষ্ট দুর্গম পথে যাত্রা করিয়া অরণ্যমধ্যে প্রবেশ করে, এই ভবধামের মানবও সেইরূপ সর্ব্বেশ্বর ভগবান্ বিষ্ণুর বশবর্ত্তী মায়ায়

আভাস।

চতুর্দ্দশ অধ্যায়ে রূপকচ্ছলে বর্ণিত ভবাটবীর স্বরূপার্থ বর্ণিত হইয়াছে ॥

রাজা পরীক্ষিতের প্রশ্নে শুকদেব বলিলেন, হে নরনাথ! ভবাটবীর বিশেষ বর্ণন করিতেছি, শ্রবণ কর! জীব যখন আত্মস্বরূপ অবলোকনে উদাসীন হইয়া, দেহকেই আত্মা-

ভগবতো বিষ্ণো র্বশবর্ত্তিন্যা মায়য়া জীবলোকোঽয়ং যথা বণিক্‌সার্থোঽর্থপরঃ স্বদেহনিষ্পাদিত-কর্ম্মানুভবঃ শ্মশানবদশিবতমায়াং সংসারাটব্যাং গতো

অন্বয়ঃ।

মিশ্রাণি যানি ত্রিবিধকর্ম্মাণি তৈঃ বিনির্ম্মিতাভিঃ বিবিধপ্রকারাভিঃ দেবতির্য্যগ্‌মনুষ্যাদি-দেহাবলিভিঃ বিয়োগসংযোগাদিলক্ষণঃ যঃ অনাদিঃ সংসারঃ তদনুভবস্য দ্বারভূতেন পঞ্চজ্ঞানে-ন্দ্রিয়মনোলক্ষণেন ষড়িন্দ্রিয়বর্গেণ তস্মিন্ প্রসিদ্ধকণ্টকাদিভিঃ দুর্গাধ্ববৎ অসুগমে অধ্বনি প্রবৃত্তিমার্গে আপতিতঃ স্বদেহনিষ্পাদিতকর্ম্মানুভবঃ (দেহনিষ্পাদিতানাং কর্ম্মণাং দুঃখাদি-ফলদ্বারেণ অনুভবঃ যস্য সঃ) বিফলবহুপ্রতিযোগেহঃ (বিফলাঃ চ বহুপ্রতিযোগাঃ বহুবিঘ্নাঃ

শ্রীধরস্বামী।

ভবাটবীং গতঃ সন্ হরিরূপস্য গুরোশ্চরণারবিন্দে যে মধুকরাঃ সেবকাস্তেষামনুপদবীং তৈরনুষ্ঠিতং ভক্তিমার্গমদ্যাপি নাবরুন্ধে ন প্রাপ্নোতীত্যন্বয়ঃ। মায়ায়াঃ স্বকার্য্যদ্বারেণ সংসার-মার্গপাত-হেতুত্বমাহ দেহাত্মমানিনাং সত্ত্বাদিগুণবিশেষৈ র্বিকল্পিতানি বিভক্তানি যানি কুশলাকুশলবিমিশ্রকর্ম্মাণি তৈর্বিনির্ম্মিতাভির্বিবিধদেহাবলিভির্বিয়োগ-সংযোগাদি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অধ্বন্যাপতিতঃ দুর্গাধ্ববৎ প্রসিদ্ধদুর্গমার্গে ইব সত্ত্বাদিগুণবিশেষৈ র্বিকল্পিতানি বিভক্তানি যানি কুশলাকুশলবিমিশ্রকর্ম্মাণি তৈর্বিনির্ম্মিতাভি র্বিবিধ-দেহাবলিভির্বিয়োগসংযোগ-তদুত্থসুখদুঃখরূপস্যানাদেঃ সংসারস্য যোঽনুভবস্তস্য। নহু জীবসংসারস্য মায়াকৃত-ত্বান্মায়াদেবীমেব জীবঃ প্রপদ্যতাং সৈব প্রসন্না তং বন্ধান্মোচয়িষ্যতি কিং হরিগুরুচরণ-

মোহিত হইয়া, সুখলাভের প্রত্যাশায় দেহাত্মবাদী অনভিজ্ঞ ব্যক্তিগণের প্রদর্শিত পুণ্যাবহ সাত্ত্বিক, পাপবহ তামসিক এবং উভয়মিশ্রিত রাজসিক এই গুণময় ত্রিবিধ কর্ম্মের অনুষ্ঠানে সংগৃহীত নানা প্রকার দেব তির্য্যক্ ও মনুষ্যাদি যোনি-সমূহের সংযোগ ও বিয়োগরূপ অনাদি সংসারভাবের অনুভূতির দ্বারভূত পঞ্চজ্ঞানেন্দ্রিয় ও মন এই ষড়্‌বিধ ইন্দ্রিয়গ্রামের প্ররোচনায় পূর্ব্বোক্ত তাদৃশ ভীষণ কণ্টকাদি প্রতিবন্ধকপূর্ণ দুর্গম প্রবৃত্তিমার্গে সম্যগ্‌রূপে পতিত হইয়া, তাৎকালিক দেহকৃত কর্ম্মের দুঃখাদি ফল নিরন্তর

আভাস।

জ্ঞানে অগ্রসর হয়, তখনই তাহার সংসার প্রকৃত প্রস্তাবে আরব্ধ হইয়া থাকে। জীব তখন দেহের মঙ্গলামঙ্গলের চিন্তায় উদ্বিগ্ন হইয়া পুণ্যপাপাত্মক বিবিধ কর্ম্মের অনুষ্ঠান করে এবং পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও মন এই ষড়্‌বর্গের দ্বারা সাংসারিক ভোগে লিপ্ত হইয়া থাকে। কিন্তু ভোগে শান্তি নাই; আত্মানুভবেই যে কেবল শান্তি বিদ্যমান, তাহা তাহারা স্বপ্নেও অনুভব করিতে পারে না; সুতরাং ভোগজনিত আধ্যাত্মিকাদি তাপত্রয়ে নিরন্তর পরি-তাপিত হইতে থাকে। ঐন্দ্রজালিক ক্রিয়া দর্শনেই কখন ঐন্দ্রজালিকত্বের মর্ম্মে প্রবেশ

নাদ্যাপি বিফল-বহু-প্রতিযোগেহস্তত্তাপোপশমনীং হরিগুরুচরণারবিন্দমধুকরানু-পদবীমবরুন্ধে ॥ ২ ॥

অন্বয়ঃ।

ঈহাঃ চেষ্টাঃ ক্রিয়াঃ চ যস্য সঃ মানবঃ) শ্মশানবৎ অশিবতমায়াং (শবসম্বন্ধেন তথা মলমূত্রাস্থিমাংসাদিভিঃ সর্ব্বদাশুদ্ধায়াং সংসারাটব্যাং গতঃ অদ্যাপি তত্তাপোপশমনীং (তস্যাং সংসারাটব্যাং অধ্যাত্মাধিদৈবিকাধিভৌতিকাদিনাং তাপানাং উপশমনীং হরিগুরুচরণারবিন্দ-মধুকরানুপদবীং (হরিগুরুচরণারবিন্দেষু যে মধুকরাঃ ইব সেবকাঃ তেষাং অনুপদবীং অনুষ্ঠিতং ভক্তিমার্গং) ন অবরুন্ধে ন প্রাপ্নোতি ইতি ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

যোহনাদিসংসার স্তদনুভবস্য দ্বারভূতেন ষড়িন্দ্রিয়বর্গেণ তস্মিন্ সংসাররূপে দুর্গমমার্গবৎ অনুগমে অধ্বন্যাপতিতঃ যথা বণিজাং সার্থঃ সমূহঃ অর্থার্জনপরঃ। স্বদেহনিষ্পাদিতানাং কর্ম্মণাং ফলদ্বারেণানুভবো যস্য বিফলাশ্চ বহুপ্রতিযোগা বহুবিঘ্নাশ্চ ঈহা চেষ্টা যস্য সঃ। তস্যাং সংসারাটব্যাং যে তাপাস্তেষামুপশমনীং নাশনীং ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রপত্ত্যা তত্রাহ বিষ্ণোর্বশবর্ত্তিন্যা মায়য়েতি সংসারমোচনেন তস্যাঃ স্বাতন্ত্র্যমিতি ভাবঃ। যদুক্তং দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে। ইতি গীতায়াং অত্র শ্লোকে এবকারেণ সমুচ্চয়পক্ষোহপি নিরস্তীকৃতঃ বিফলাশ্চ বহু-বিপ্রতিযোগা বহুবিঘ্নাশ্চ ঈহা চেষ্টা যস্য সঃ ॥ ২ ॥

অনুভব করত শ্মশানতুল্য অমঙ্গলপূর্ণ মল, মূত্র ও অস্থি এবং মাংসাদি বিবিধ অশুদ্ধ পদার্থে সর্ব্বত্র সমাচ্ছন্ন সংসার-বনে পর্য্যটন করিয়া থাকে। তৎকালে তাহারা দুঃখ-নিবারণার্থ বিবিধ চেষ্টা করিলেও প্রতিপদে বিঘ্নবাহুল্য বশত বিফল-প্রযত্নই হইয়া পড়ে। কিন্তু কি আশ্চর্য্য! এ পর্য্যন্ত তাহারা কেহ আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক তাপত্রয়ের উপশমনকারী সর্ব্বগুরু শ্রীহরির চরণারবিন্দস্থচিন্মকরন্দের একান্ত ভক্ত মধুকরসদৃশ ভাগবত সেবক-গণের অনুষ্ঠিত ভক্তিমার্গের অনুসরণ করিতে কোনমতে সমর্থ হয় না ॥ ২ ॥

আভাস।

করা যায় না; কারণ ঐন্দ্রজালিক ব্যাপার যেমন ক্রিয়ার উপর আধিপত্য করে, দর্শকের দৃষ্টি-শক্তির উপরও তাদৃশ আধিপত্য করিয়া, দর্শককেও তত্তদ্রূপ অবলোকন করায়। ভগবচ্ছক্তি মায়ার দ্বারা সংসার রচিত; সুতরাং জীবের চিত্তও তদ্রূপে বিমোহিত। জীব মুগ্ধচিত্তে প্রকৃত অশিব শ্মশানতুল্য সংসারকেও শান্তির আকরজ্ঞানে সেবা করিতে প্রার্থনা করে। এবং সুখের লালসায় মাত্র বহুবিধ ক্লেশ সহ্য করিয়া থাকে। ভোগলাভের আশাই সুখ; ভোগ্য বস্তুর প্রাপ্তি ঘটিলে, তাহার রক্ষণাদিজনিত দুঃখের পীড়নে পূর্ব্বকল্পিত সুখ

যস্যামুহ বা এতে ষড়িন্দ্রিয়নামানঃ কর্ম্মণা দস্যব এব তদ্যথা পুরুষস্য ধনং যৎ কিঞ্চিদ্ধর্ম্মৌপয়িকং বহুকৃচ্ছ্রাধিগতং সাক্ষাৎ পরমপুরুষারাধন-

অন্বয়ঃ।

যস্যাং ভবাটব্যাং, এতে ষড়িন্দ্রিয়নামানঃ কর্ম্মণা দস্যবঃ এব। যথা কুনাথস্য কুবুদ্ধেঃ অজিতাত্মনঃ অবশীকৃত-দেহাদি-সংঘাতস্য, পুরুষস্য যৎকিঞ্চিৎ বহুকৃচ্ছ্রাধিগতং বহুকষ্টেন প্রাপ্তং, সাক্ষাদ্ধর্ম্মৌপয়িকং ধর্ম্মকারণং ধনং তৎ ধর্ম্ম্যং ধর্ম্মার্হং ধনং ইন্দ্রিয়াণি দর্শন-স্পর্শন-

শ্রীধরস্বামী।

যস্যামিত্যাদি ব্যাচষ্টে যস্যাং ভবাটব্যাং দস্যুতুল্যা স্তেষাং কর্ম্ম দর্শয়তি তদ্যথেতি ধর্ম্মৌ-পয়িকং ধর্ম্মকারণং তমেব স্বাভিপ্রেতং ধর্ম্মমাহ সাক্ষাদিতি। তত্ত্ব সাম্পরায়ে পরলোকার্থ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্যামিমে ইতি ব্যাচষ্টে। যস্যামুহেতি যথা পুরুষস্য বহুকৃচ্ছ্রাধিগতং ধর্ম্মোপযোগি ধনং দস্যবো বিলুম্পন্তি তত্তথা ইন্দ্রিয়নামানঃ ষড়েতে কর্ম্মণা স্বস্বব্যাপারেণ দর্শনাদিনা অজিতাত্মনো জনস্য ধনং বিলুম্পন্তীত্যন্বয়ঃ। তৎপদস্য বৈয়র্থ্যাভাবায় ব্যবহিতান্বয়ঃ

এই ভবাটবীতে যে ছয়টী দস্যুর নাম উল্লেখ করা হইয়াছে, তাহারা নামে ছয়জন ইন্দ্রিয়; কিন্তু কার্য্যে তাহারাই প্রকৃত ছয় জন দস্যু। কারণ বহুকষ্টে ধর্ম্মসঞ্চয়ার্থ সংগৃহীত মানবের ধর্ম্মধন এই ইন্দ্রিয়বর্গই স্ব স্ব বৃত্তির প্রশ্রয়ে বৃথা গ্রাম্যোপভোগের উপলক্ষেই ব্যয়িত করায়। এবং অজিতেন্দ্রিয়

আভাস।

বা শান্তি তাহাকে পরিত্যাগ করিয়া দূরে পলায়ন করে। জীব কিন্তু তাহাতেও ক্ষান্ত না হইয়া, তদপেক্ষা অভিনব ভোগের লালসায় পুনরায় যত্ন করিতে থাকে। ফল কেবল তদুপলক্ষে আচরিত কর্ম্মের অনুরোধে তাহাকে নিরন্তর বিপর্য্যস্ত হইতে হয়; সার বস্তুর অন্বেষণ করা আর ঘটে না। সংসারতাপে পরিতপ্ত জীবের পক্ষে ভগবদ্ভক্তির অনুষ্ঠান করাই এক মাত্র ব্যাপার। ভগবানের প্রসাদে ভাগবতী মায়া সুপ্রসন্না হইয়া, ভক্তের সন্নিধানে সংসার-রচনায় নিবৃত্তা হন। সুতরাং ভক্তের আশা মিটিয়া যায়; অভিনব বলিয়া আর কোন বিষয়ের প্রতি ভক্তের লক্ষ্য বা আকাঙ্ক্ষা থাকে না। পূর্ব্বে যাহাকে উপাদেয় জ্ঞানে প্রশংসা করিয়াছিল, এক্ষণে তাহাকেই আবার "স্থানাদ্বীজাদুপষ্টম্ভান্নিস্পন্দান্নি-ধনাদপি। কায়মাধেয়শৌচত্বাৎ পণ্ডিতা হ্যশুচিং বিদুঃ"॥ উৎপত্তির স্থান মাতৃগর্ভ, উৎপত্তির বীজ শুক্রশোণিত, নিরন্তর পরিবর্ত্তনশীলতা এবং তাহার বিনাশাদির বিষয় আলোচনা করিয়া আত্মারূপে পূর্ব্বে কল্পিত দেহকে তুচ্ছ, হেয় ও অপদার্থবোধে জ্ঞানিগণ উপেক্ষা করিয়াই থাকেন। এই ভক্তি কিন্তু সহজে প্রাপ্ত হওয়া যায় না; ভক্তগুরুর অনুসরণ করা একান্ত আবশ্যক॥ ২॥

এই ভবাটবীর দস্যু পর নহে; নিজের ইন্দ্রিয়বর্গই নিজের প্রধান শত্রু। যে চিত্তের দ্বারা পরাৎপর পরমেশকে ধারণা করিতে পারিলে জীব জীবন্মুক্তি লাভ করে, ইন্দ্রিয়বর্গ

লক্ষণো যোঽসৌ ধর্ম্মস্তস্তু সাম্পরায় উদাহরন্তি। তদ্ধর্ম্ম্যং ধনং দর্শন-স্পর্শন-শ্রবণাস্বাদনাবঘ্রাণ-সংকল্প-সমবসায়-গৃহ-গ্রাম্যোপভোগেন কুনাথস্যাজিতাত্মনো যথা সার্থস্য তথা বিলুম্পন্তি ॥ ৩ ॥

অন্বয়ঃ।

শ্রবণাস্বাদনাবঘ্রাণ-সংকল্প-সমবসায়ৈঃ (সংকল্প-ব্যবসায়ৌ মনসঃ) যঃ গৃহে গ্রাম্যঃ উপভোগঃ তেন বিলুম্পন্তি নাশয়ন্তি। যঃ অসৌ সাক্ষাৎ ফলাভিসন্ধিমন্তরেণ পরমপুরুষঃ পুরুষোত্তমস্য ভগবতঃ আরাধনলক্ষণঃ ধর্ম্মঃ সঃ এব ধর্ম্মত্বেন অভিহিতঃ যতঃ তৎ সাম্পরায়ে পরলোকে, উপকারহেতুত্বেন বৃদ্ধাঃ উদাহরন্তি কথয়ন্তি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

মুদাহরন্তি তদ্ধর্ম্ম্যং ধর্ম্মার্হং ধনং দর্শনাদ্যাঃ পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণাং বৃত্তয়ঃ। সংকল্প-ব্যবসায়াবন্তঃকরণস্য; এতৈ গৃঁহে যো গ্রাম্য উপভোগ স্তেন কুনাথস্য কুবুদ্ধে রজিতাত্মনো বিলুম্পন্তি। যথা চৌরাঃ কুপালকস্য অনবহিতাত্মনঃ সার্থস্য ধনং হরন্তি তদ্বৎ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোঽদ্ব্যঃ। ধনমেব কিমিত্যপেক্ষায়ামাহ সাক্ষাদিতি। সাম্পরায়ে পরলোকার্থং তদ্ধর্ম্ম্যং ভগবৎসেবার্হমিত্যর্থঃ। সংকল্পো মনসঃ। সমবসায়ো ব্যবসায়ঃ সচ বুদ্ধে র্ব্যাপারঃ। যথা কুনাথস্য কুনায়কস্য অজিতাত্মনঃ অবশীকৃতাত্মীয়লোকস্য বণিক্‌সার্থস্য চৌরা হরন্তি তথা ॥ ৩ ॥

পুরুষও কুবুদ্ধির পরামর্শে প্রাকৃতিক বস্তুর দর্শন, শ্রবণ, স্পর্শ, স্বাদ গ্রহণ, গন্ধ গ্রহণ এবং সংকল্প ও ইষ্টানিষ্ট বিচারের দ্বারা স্বীয় অন্তরস্থ পরম ধন বৃথা অপব্যয় করিয়া থাকে। অহো! সর্ব্বপ্রকার ফলপ্রাপ্তির আশা পরিত্যাগ করিয়া, পরমপুরুষ ভগবানের আরাধনাই যে মানবের একমাত্র অনুষ্ঠেয় ধর্ম্ম এবং পরলোকে পরমপুরুষার্থ লাভের এক মাত্র হেতু, তাহা বিবেকী বৃদ্ধগণ সকলে একবাক্যে বর্ণন করিয়া থাকেন ॥ ৩ ॥

আভাস।

বিষয়ের সম্পর্কে সেই চিত্তকে আলোড়িত করত জগৎপ্রতীতির আদর্শস্থল করিয়া তুলে। বৃত্তিশূন্য চিত্তই মুক্তির স্বরূপ ও ভগবৎসাক্ষাকারের প্রধান উপকরণ; সেই চিত্তে বৃত্তির আবেগে যদি বিষয় স্তূপকে আনয়ন করা হয়, তবে তদপেক্ষা অনিষ্টের ব্যাপার আর অধিক কি হইবে! ॥ ৩ ॥

শৃগালাদির নাম করিয়া যে সকল লুণ্ঠনকারীর উল্লেখ করা হইয়াছে, তাহারা স্বয়ং সংসার-ক্ষেত্রের অতি প্রিয়পাত্র পুত্রকলত্রাদি। বাহিরের দস্যু প্রভৃতির নিকট হইতে কত সতর্কতার সহিত যে ধন সংগ্রহ রাখা হইয়াছে; এমন কি! নিজের জীবন-যাত্রারও সঙ্কোচ করত যে ধনের পরিবর্দ্ধন করা হইয়াছে; ধর্ম্মার্থে ব্যয় করিবার কালে নিজের

অথচ যত্র কৌটুম্বিকা দারাপত্যাদয়ো নাম্না কর্ম্মণা বৃকশৃগালা এবা-নিচ্ছতোতিকদর্য্যস্য কুটুম্বিন উরণকবৎ সংরক্ষ্যমাণং মিষতোঽপহরন্তি ॥ ৪ ॥

অন্বয়ঃ।

অথচ যত্র সংসারমার্গে কৌটুম্বিকাঃ নাম্না দারাপত্যাদয়ঃ অপি কর্ম্মণা তু বৃকশৃগালাঃ এব। যতঃ উচিতধর্ম্মস্বশরীরাদিনির্ব্বাহার্থং অপি ধনব্যয়ং অনিচ্ছতঃ অপি কদর্যস্য কুটুম্বিনঃ ধনং তস্য মিষতঃ পশ্যতঃ, এব ত্বং মম ভর্ত্তা পিতা ইতি ত্বদীয়মিদং অস্মদর্থং ইতি বদন্তঃ সংরক্ষ্যমাণং উরণকবৎ মেষবৎ, বৃকাঃ ইব অপহরন্তি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

গোমায়বো যত্র ইত্যেতদ্ব্যাচষ্টে অথচেতি অথ চেত্যর্থান্তরোপন্যাসে কর্ম্মণাবৃত্তে নতু বৃকাঃ শৃগালাঃ অতিকদর্য্যস্য অতিলুব্ধস্য ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গোমায়বো যত্রেত্যেতদ্ব্যাচষ্টে। অথচেতি অপহরতশ্চেত্যর্থঃ। সংরক্ষ্যমাণা অন্ন-বস্ত্রাদিভিস্তয়া বয়মবশ্যপাল্যা এব ভবামেতি ন্যায়মিষেণ অপহরন্তীত্যস্য কর্ম্মপদং পূর্ব্বোক্তং স্বার্থিকমন্নগুড়ঘৃতাদিসংপুটং জ্ঞেয়ং। অত্র দস্যূনাং গোমায়ূনাঞ্চ দুর্ব্বারত্বস্যাধিক্যান্যূনত্বাভ্যাং ভেদো জ্ঞেয়ঃ ॥ ৪ ॥

ভবারণ্যে প্রচুর গোমায়ু অবস্থান করিতেছে যে বলা হইয়াছে, তাহার তাৎপর্য্য এই যে, সংসারক্ষেত্রে যাহারা স্ত্রী পুত্রাদি স্বজন নামে অভিহিত, তাহারাই কার্য্যত বৃক শৃগালাদির অনুরূপে ব্যবহার করিয়া থাকে। কারণ উপযুক্তরূপ ধর্ম্মের অনুষ্ঠানে এবং স্বীয় দেহযাত্রা নির্ব্বাহার্থও যে ধন একান্ত ব্যয় করা প্রয়োজন, তাহাও যে সংসারী মানব ব্যয় করিতে অসম্মত, তাহারই নিকট "আপনি আমার পিতা, কেহ বলে আপনি আমার স্বামী; আপনার ধনে আমারই অধিকার" এইরূপ বলিয়া, মেষাপহরণকারী বৃকের ন্যায়, কুটুম্বীর যাবতীয় ধন হরণ করিয়া লয় ॥ ৪ ॥

আভাস।

হৃদয় পঞ্জর চূর্ণ বিচূর্ণ হইতেছে বলিয়া যাহার জন্য মনোমধ্যে উৎকণ্ঠা বা নিরাশ্বাসের বেগ আসিত, সেই ধন, পুত্র কলত্রাদি প্রিয়জন অনায়াসে গ্রহণ করে। কেবল ধন লইয়াই তাহারা ক্ষান্ত হয় না, সঙ্গে সঙ্গে মনকেও লয় এবং এক মুহূর্ত্তের জন্য কুটুম্বীকে নিশ্চিন্ত হইয়া ঈশ্বরের আরাধনায় নিমগ্ন থাকিতে দেয় না ॥ ৪ ॥

ভগবান্ পতঞ্জলি তাঁহার যোগসূত্রে বলিয়াছেন যে, "ক্লেশমূলঃ কর্ম্মাশয়ো দৃষ্টাদৃষ্টজন্ম-বেদনীয়ঃ।" কর্ম্মের সংস্কার বীজরূপে চিত্তমধ্যে নিহিত থাকে। একটী বালক দেখিয়া আমরা মনে করিতে পারি যে, তাহার হৃদয়ে কোনরূপ পাপ বা পুণ্য নাই; সঙ্গের গুণে বা দোষে বালক অভিনব ভাবসমূহ হৃদয়ে ক্রমশঃ ধারণা করে; কিন্তু এ যুক্তি ভ্রান্তিমূলক।

যথা হ্যনুবৎসরং কৃষ্যমাণমপ্যদগ্ধবীজং ক্ষেত্রং পুনরেবাবপনকালে গুল্ম-তৃণ-বীরুদ্ভির্গহ্বরমিব ভবতি এবমেব গৃহাশ্রমঃ কর্ম্মক্ষেত্রং যস্মিন্ন হি কর্ম্মাণ্যুৎ-সীদন্তি যদয়ং কামকরণ্ড এষ আবসথঃ। তত্র গতো দংশমশকসমাপসদৈর্ম্মনুজৈঃ

অন্বয়ঃ।

যথাহি শস্যক্ষেত্রং অনুবৎসরং প্রতিবর্ষং (হলাদিনা) কৃষ্যমাণং অপি অদগ্ধবীজং (ন দগ্ধানি বীজানি যস্মিন্ তথাভূতং সৎ) আবপনকালে পুনঃ এব গুল্মতৃণবীরুদ্ভিঃ গহ্বরং আচ্ছন্নং ইব ভবতি এবং অয়ং গৃহাশ্রমঃ কর্ম্মক্ষেত্রং যস্মিন্ কদাপি কর্ম্মাণি ন হ্যুৎসীদন্তি ন শাম্যন্তি। যৎ যস্মাৎ যঃ অয়ং আবসথঃ আশ্রমঃ সঃ এষঃ কামানাং নানাবিধমনোরথানাং করণ্ডঃ ভাজনবিশেষঃ। (তত্র গৃহাশ্রমে গতঃ ক্বচিৎ দংশমশকসমৈঃ পীড়াকরৈঃ অপসদৈঃ নীচৈঃ মনুষ্যৈঃ শলভ-শকুন্ত-তস্কর-মূষকাদিভিঃ চ উপরুদ্ধমানঃ প্রপীড্যমানঃ বহিঃপ্রাণঃ বিক্ষিপ্তচিত্তঃ,

শ্রীধরস্বামী।

প্রভূতবীরুত্তৃণগুল্মগহ্বর ইত্যেতদ্ব্যাচষ্টে যথাহীতি। ন দগ্ধানি বীজানি যস্মিন্ যদ্যস্মাৎ যোঽয়ং আবসথ আশ্রম এষ কামানাং করণ্ডঃ যথা কর্পূরক্ষয়েঽপি পরিমলো ন ক্ষীয়তে এবমত্র বাসনানামক্ষীণত্বাৎ ন কর্ম্মাণ্যুৎসীদন্তীত্যর্থঃ। দংশমশকতুল্যৈরপসদৈ নীচৈঃ শলভাদিভিশ্চ উপরুধ্যমানঃ পীড্যমানঃ বহিঃপ্রাণো বিত্তং যস্য তথাবিধোঽপ্যস্মিন্নধ্বনি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রভূতবীরুত্তৃণগুল্মগহ্বর ইত্যেতদ্ব্যাচষ্টে। যথেতি। এষ আবসথঃ আশ্রমো যদ্যস্মাৎ কামানাং করণ্ড ইতি। যথা হিঙ্গুক্ষয়েঽপি গন্ধো ন ক্ষীয়তে এবমত্র বাসনানামক্ষীণত্বাৎ ন কর্ম্মাণ্যুৎসীদন্তীত্যর্থঃ॥

যে শস্যক্ষেত্র হইতে কুশাদির বীজ নিঃশেষে নির্হরণ করা না হয়, সে ক্ষেত্র যদি শস্যোৎপাদনার্থ প্রতিবৎসর হলাদিযোগে অতি উত্তমরূপেও কর্ষণ করা যায়, তথাপি শস্যবপনকালে গুল্মলতাদিতেই যেমন সেই ক্ষেত্র অতি সত্বর সমাকীর্ণ হইয়া পড়ে, সেইরূপ এই গৃহাশ্রম পূর্ব্বসঞ্চিত কর্ম্মের ক্ষেত্র; ভক্তি ও জ্ঞানের উদ্দীপনার্থ যত্নবান্ হইলেও পূর্ব্বসঞ্চিত প্রারব্ধবীজ কোনমতে বিনিবৃত্ত থাকে না। পুনঃ পুনঃ প্ররূঢ় হইতেই থাকে। যেমন বীজ-ধান্যাদির একটী পাত্র থাকে; সেইরূপ এই গৃহাশ্রমটী ও বিচিত্র কামনার আশ্রয়-স্বরূপ পাত্রবিশেষ। এই গৃহাশ্রমে প্রবেশ করিলে, জীবকে দংশ-মশকতুল্য পীড়াদায়ক অতি অপকৃষ্ট ক্রূরস্বভাব মানবগণ কর্ত্তৃক সতত বিব্রত হইতে হয়।

আভাস।

প্রাচীনের ন্যায় বালকের হৃদয়ে সুষুপ্তভাবে তাহার পূর্ব্বসঞ্চিত সংস্কারজাল অবস্থান করে; তবে বালকত্ব নিবন্ধন তাহার ইন্দ্রিয়াদি দেহাবয়ব উপযুক্তরূপ ভাব গ্রহণে অসমর্থ

শলভ-শকুন্ত-তস্কর মুষিকাদিভিরুপরুধ্যমানবহিঃপ্রাণঃ ক্বচিৎ পরিবর্ত্তমানা-স্মিন্নধ্বন্যবিদ্যাকামকর্ম্মভিরুপরক্তমনসানুপপন্নার্থং নরলোকং গন্ধর্ব্বনগর-মুপপন্নমিতি মিথ্যাদৃষ্টিরনুপশ্যতি ক্বচিদাতপোদকনিভান্ বিষয়ানুপধাবতি পান-ভোজন-ব্যবায়াদি-ব্যসনলোলুপঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

অস্মিন্ অধ্বনি প্রবৃত্তিমার্গে, পরিবর্ত্তমানঃ পরিভ্রমন্, অবিদ্যয়া কামকর্ম্মভিশ্চ উপরক্তেন ব্যাপ্তেন মনসা মিথ্যাদৃষ্টিঃ (মিথ্যা দৃষ্টিঃ দর্শনং জ্ঞানং যস্য সঃ) গন্ধর্ব্বনগরং তদ্বদনুপপন্নমপি অনুপপন্নার্থং (অনুপপন্নাঃ ক্ষণান্তরে দুঃস্থাঃ অর্থাঃ পদার্থাঃ যস্মিন্ তথাভূতং) নরলোকং উপপন্নং এব অনু অনুক্ষণং পশ্যতি। অতএব পানভোজনব্যবায়াদিষু ব্যসনেন লোলুপঃ লম্পটঃ জীবঃ ক্বচিৎ আতপোদকনিভান্ মৃগতৃষ্ণাজলতুল্যান্ (প্রারব্ধং বিনা সর্ব্বথা দুর্ল্লভান্ বিষয়ান্) স্বীকর্ত্তুং উপধাবতি ॥ ৫ ॥

শ্রীধরস্বামী

পরিভ্রমন্ অবিদ্যাদিভিরুপরক্তেন মনসা গন্ধর্ব্বপুরতুল্যং অবটমানং নরলোকং সত্যতয়া মিথ্যাদৃষ্টিরনুপশ্যতি প্রপশ্যতীতি। প্রশব্দসূচিতমর্থান্তরং দর্শয়তি তত্রচ গন্ধর্ব্বপুরে ক্বচিদাতপোদকং মৃগতৃষ্ণাজলং তত্তুল্যান্ বিষয়ান্ উপধাবতীতি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কঠোরদংশৈরিত্যেতদ্ব্যাচষ্টে। অত্রেতি অপসদৈ নীচৈরুপরুধ্যমানঃ পীড্যমানো বহিঃ-প্রাণো বিত্তং যস্য সঃ। ক্বচিচ্চ গন্ধর্ব্বপুরং প্রপশ্যতীত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিদিতি। পরিবর্ত্তমানঃ পরাবৃত্য পরামৃশন্ উপরক্তং যন্মন স্তেন ন উপপন্নোঽর্থোবিত্তং যতস্তং নরলোকং বন্ধক-নৃপাদিকং পশ্যতি ততশ্চ তদুপাসনয়া বাঞ্ছিতবিত্তাদিকং উপপন্নমিতি গন্ধর্ব্বনগরমিব তমনু-পশ্যতি। ক্বচিচ্চ গন্ধর্ব্বপুরং প্রপশ্যতীত্যেতদুপলক্ষিতমর্থান্তরং দর্শয়তি আতোপদকং মৃগ-তৃষ্ণাতত্তুল্যান্ বিষয়ানুপধাবতি ॥ ৫ ॥

শলভ শকুন্ত ও মুষিকস্বভাব তস্করগণ বিষম অত্যাচার করত গৃহস্থের সর্ব্বস্ব লুণ্ঠন করিয়া থাকে; তথাপি সংসারী পুরুষ এই গৃহাশ্রমের পথে পরিভ্রমণ করিতে ক্ষান্ত থাকে না; অনবরত পরিবর্ত্তনশীল এই প্রবৃত্তিমার্গে পরিভ্রমণ জন্য বিক্ষিপ্তচিত্ত জীব অবিদ্যার কুহকে কাম ও কর্ম্মসমূহে একান্ত বিক্ষিপ্ত ও ভ্রান্ত হইয়া, মিথ্যাজ্ঞাননিবন্ধন গন্ধর্ব্বনগরতুল্য কাল্পনিক বস্তুকে প্রকৃত সুখকর-বোধে তৎপ্রতিই নিরীক্ষণ করিতে থাকে; তাহার

আভাস।

থাকায়, বালক নিরীহ ও অজ্ঞানীর ন্যায় প্রতীত হয়। বালক দেখিলে বুঝিতে হইবে যে, জন্মান্তরের একজন প্রাচীনই এই বালকরূপে ক্রীড়া করিতেছে! বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে দেহাবয়ব ও ইন্দ্রিয়বর্গ যেমন পরিপক্ক হইতে থাকে, তাহার চিত্ত ও চিত্তস্থ সংস্কাররাশিও

ক্বচিচ্চাশেষদোষনিষদনং পুরীষবিশেষং তদ্বর্ণগুণনির্ম্মিতমতিঃ সুবর্ণ-

অন্বয়ঃ।

ক্বচিচ্চ অশেষাণাং দোষাণাং (হিংসা-পরস্ত্রীগমন-দ্যূত-মদ্যপানাদীনাং নিষদনং স্থানং কারণং পুরীষবিশেষং অগ্নেঃ বিষ্ঠারূপং সুবর্ণং অগ্নিকামকাতরঃ (অগ্নিকামেন কাতরঃ শীতাদি-

শ্রীধরস্বামী।

ক্বচিৎ ক্বচিচ্চাশুরয়োল্মুকগ্রহমিত্যেতদ্ব্যাচষ্টে ক্বচিচ্চাশেষাণাং দোষাণাং নিষদনং স্থানং পুরীষবিশেষং অগ্নের্বিষ্ঠাং তস্য পুরীষস্যেব লোহিতো বর্ণো যস্য রজোগুণস্য তেন নির্ম্মিতা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্বচিৎ ক্বচিচ্চাশুরয়োল্মুকগ্রহমিত্যেতদ্ব্যাচষ্টে। ক্বচিচ্চেতি পুরীষবিশেষমগ্নের্বিষ্ঠাং তস্য পুরীষস্যেব লোহিতো বর্ণো যস্য রজোগুণস্য তেন নির্ম্মিতা তদ্বিষয়া মতি র্যস্য সঃ;

অলিকত্বের বিষয় একবার ধারণা করিতেও সক্ষম হয় না। অতএব পান, ভোজন ও স্ত্রীসম্ভোগাদির উৎকণ্ঠায় একান্ত লোলুপ ভোগলম্পট সংসারী জীব মায়ামরীচিকাবৎ মিথ্যাভূত ভোগেরই অনুসরণ নিত্য করিয়া থাকে; অথচ প্রারব্ধ ব্যতীত ভোগ যে পাওয়া যায় না, তাহা একবারও স্মরণ করে না। ॥ ৫ ॥

আভাস।

ক্রমশ সেইরূপ প্রকটীত হইতে থাকে। অতএব জন্মজন্মান্তররূপ অনন্ত সংসার-স্রোত জীবের নিরন্তর প্রবাহিত হইতেছে। কিন্তু সেই সংসারের বিনিবৃত্তি করিতে হইলে, সংস্কারসমূহকে হৃদয় হইতে বিলুপ্ত করিতে হইবে। অতএব যাহাতে সংস্কারানুরূপ ভোগের সংস্রব না ঘটে, তজ্জন্য বিশেষ যত্ন করা বিধেয়। পুনঃ পুনঃ ভোগের দ্বারা তজ্জাতীয় সংস্কার পূর্ণা-বয়বে হৃদয়ে জাগুরূক থাকে; সুতরাং ভোগে পুনঃ প্রবৃত্তি আইসে; সংসারও অনিবার্য্য হয়। এই গৃহাশ্রম সংস্কারানুরূপ ভোগেরই আনুকূল্য করিয়া থাকে। সংসার জ্ঞানীর হৃদয়েও বাসনার উদয় করিয়া দেয়। মহামায়া সংসারক্ষেত্রে এমনই বস্তুনিচয়ের সংস্থান করিয়াছেন যে, একান্ত বিবেকবিশিষ্ট বিচক্ষণ জ্ঞানীর হৃদয়কেন্দ্রস্থ বিলুপ্তপ্রায় বাসনাও স্বানুরূপ বিষয়ের মিলনে নবীন বেশে পরিবর্দ্ধিত হইয়া উঠে। সুতরাং কামীর নিকট গৃহাশ্রমই কর্ম্মবীজের আশ্রয়। কিন্তু দুঃখের বিষয় এই যে, ভোগে তৃপ্তি নাই; অনন্ত বিঘ্ন ভোগে প্রতিবন্ধক দেয়। যাহারা পূর্ব্বজন্মে যথেষ্ট সুকৃতি করিয়াছেন, তাঁহাদের অদৃষ্টেই পার্থিব সুখ সুপ্রতুল হয়, নতুবা প্রায় আশা করাই সার হয় মাত্র। মূষিকাদি যেমন পরোক্ষে বা প্রত্যক্ষে কৃষকের ক্লেশারোপিত শস্যাদি অবলীলাক্রমে বিবর মধ্যে অপহরণ করে, উপকারীর বেশে স্বজন স্বজাতি বিজাতি ও রাজন্যবর্গ গৃহীর ক্লেশোপার্জ্জিত ধন সম্পত্তিও অপহরণ করত, তাহাকে দুঃখের গভীর গহ্বরে নিপাতিত করে। তথাপি গৃহীর সাধ নিবৃত্ত হয় না। সে পুনরায় আশার কুহকে ভাসমান হইয়া, নূতন আয়োজনে যত্ন করে; কিন্তু পূর্ব্বাপরানুচিন্তনে কখনই বদ্ধপরিকর হয় না॥ ৫ ॥

মুপাদিৎসত্যগ্নিকামকাতর ইবোল্মুকপিশাচং ॥ ৬ ॥

অথ কদাচিন্নিবাসপানীয়দ্রবিণাদ্যনেকাত্মোপজীবনাভিনিবেশ এতস্যাং সংসারাটব্যামিতস্ততঃ পরিধাবতি ॥ ৭ ॥

অন্বয়ঃ।

পীড়িতঃ জনঃ জাজ্বল্যমানং ততস্ততো ধাবন্তং) উল্মুকপিশাচং (অগ্নিবুদ্ধ্যানুধাবতি) তথা অয়ং তন্বর্ণগুণনির্ম্মিতমতিঃ (তস্য সুবর্ণস্য ইব লোহিতঃ বর্ণঃ যস্য রজোগুণস্য তেন নির্ম্মিতঃ উৎপাদিতা মতিঃ যস্য সঃ) উপাদিৎসতি গ্রহিতুং ইচ্ছতি ॥ ৬ ॥

অথ কদাচিৎ নিবাসাদিষু অনেকেষু আত্মনঃ স্বস্য উপজীব্যেষু অভিনিবেশঃ যস্য সঃ এতস্যাং সংসারাটব্যাং ইতস্ততঃ পরিধাবতি ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

তদ্বিষণ্ণা মতির্যস্য সঃ। সুবর্ণমুপাদাতুমিচ্ছতি অগ্নিকামেন কাতরঃ পরবশঃ উল্মুকসদৃশঃ পিশাচমিব শীতাতুরো হি অরণ্যে হ্যগ্নিবজ্জাজ্বল্যমানং ততস্ততো ধাবন্তমুল্মুকপিশাচমগ্নিবুদ্ধ্যা অনুধাবতি নতু তং প্রাপ্নোতি কথঞ্চিৎ প্রাপ্তশ্চেৎ তর্হি তেন ভক্ষিতঃ সন্ ম্রিয়তে এবং সুবর্ণমনুপধাবন্নপীত্যর্থঃ ॥ ৬ ॥

নিবাসতোয়দ্রবিণেত্যেতদ্ব্যাচষ্টে অথেতি। নিবাসাদিষু আত্মন উপজীব্যেষু অভিনিবেশো যস্য ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুবর্ণমিতি পরকীয়দ্রব্যমাত্রস্যোপলক্ষণং আদাতুমিচ্ছতি নরকে পতিতুমিচ্ছতি ইতি ভাবঃ। শীতাদিত্রাণার্থমরণ্যে ভ্রমন্নগ্নিকামেন কাতরো যথা উল্মুকতুল্যং পিশাচমগ্নিবুদ্ধ্যা ধাবতি মর্ত্তুমিতি ভাবঃ ॥ ৬ ॥　　নিবাসতোয়দ্রবিণাত্মবুদ্ধিরিত্যেতদ্ব্যাচষ্টে অথেতি ॥ ৭ ॥

ভীষণ অরণ্যমধ্যে শীতার্ত্ত ব্যক্তি যেমন অগ্নিলাভের প্রত্যাশায় পলায়নপরায়ণ অগ্নিমুখ পিশাচের অনুধাবন করিয়া থাকে, সেইরূপ পরহিংসা পরস্ত্রীগমন দ্যূত ও মদ্যপানাদি অশেষ দোষের নিদানভূত অগ্নির বিষ্ঠাস্বরূপ অগ্নির ন্যায় বর্ণবিশিষ্ট অতএব অগ্নির তুল্য উপাদেয় জ্ঞানে সুবর্ণকেই গ্রহণার্থ ভবাটবীর মানব ইচ্ছা করিয়া থাকে ॥ ৬ ॥

কখনও বা বাসার্থ নিরত্যয় স্থান ও অট্টালিকাদি, স্নান পানার্থ স্বচ্ছ

আভাস।

এই প্রতীহ একজন বিশেষ ধার্ম্মিক ও আত্মজ্ঞানে বিলক্ষণ পারদর্শী ব্যক্তি ছিলেন; তিনি জগতে আত্মবিদ্যার প্রচার করত স্বয়ং পবিত্র হইয়া, মহাপুরুষ নারায়ণকে সাক্ষাৎ অনুভব করিয়াছিলেন ॥ ৩ ॥

সুবর্চ্চলা নাম্নী পত্নীর গর্ভে প্রতীহের প্রতিহর্ত্তা, প্রতিস্তোতা ও উদ্গাতা নামে যাগযজ্ঞাদিতে বিলক্ষণ পারদর্শী অতি বিচক্ষণ তিনটী পুত্র জন্মগ্রহণ করেন ॥ ৪ ॥

উক্ত পুত্রত্রয়ের মধ্যে প্রতিহর্ত্তার পত্নী স্তুতী দুইটী পুত্র প্রসব করেন;

প্রস্তাবাৎ বিরুৎসায়াং হৃদয়জ আসীদ্বিভুঃ। বিভো রত্যাঞ্চ পৃথুসেন স্তস্মান্নক্ত আকূত্যাং জজ্ঞে নক্তাদৃতিপুত্রো গয়ো রাজর্ষিপ্রবর উদারশ্রবা অজায়ত। ৬॥

যঃ সাক্ষাদ্ভগবতো বিষ্ণোর্জগদ্রিরক্ষিষয়া গৃহীতসত্ত্বস্য কলা আত্মবত্ত্বাদি-লক্ষণেন মহাপুরুষতাং প্রাপ্তঃ॥ ৭॥

অন্বয়ঃ।

প্রস্তাবাৎ হৃদয়জঃ পুত্রঃ, বিভুঃ নাম বভূব; বিভোঃ রত্যাং পৃথুসেনঃ, তস্মাৎ আকূত্যাং নক্তঃ; নক্তাৎ ঋতিপুত্রঃ উদারশ্রবাঃ বিপুলযশাঃ, রাজর্ষিপ্রবরঃ গয়ঃ অজায়ত॥ ৬॥

জগতঃ রিরক্ষিষয়া গৃহীতং সত্ত্বং গুণং যেন তস্য ভগবতঃ বিষ্ণোঃ সাক্ষাৎ কলা অংশাবতারঃ যঃ গয়ঃ আত্মবত্ত্বাদিলক্ষণেন জ্ঞানিত্বাদিনা মহাপুরুষতাং সর্ব্বজনশ্রেষ্ঠতাং প্রাপ্তঃ॥ ৭॥

শ্রীধরস্বামী।

হৃদয়জঃ পুত্রঃ॥ ৬॥

জগতো রিরক্ষিষয়া গৃহীতং সত্ত্বং যেন তস্য বিষ্ণোঃ কলা অংশঃ সন্॥ ৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হৃদয়জঃ পুত্রঃ॥ ৬॥ কলা অংশাংশঃ॥ ৭॥

একজনের নাম অজ, অপরের নাম ভূমা। ভূমের পত্নী ঋষিকুল্যা; তাঁহার গর্ভে উদ্গীথ নামে এক পুত্র জন্মে; উদ্গীথের ঔরসে ও দেবকুল্যার গর্ভে প্রস্তাব নামে এক পুত্র জন্মে।। ৫॥

প্রস্তাবের পত্নী বিরুৎসা বিভুনামে এক সন্তান প্রসব করেন; বিভুর পত্নী রতি এবং তদ্গর্ভজাত পুত্রের নাম পৃথুসেন; পৃথুসেনের ঔরসে এবং আকূতির গর্ভে যে পুত্র জন্মে, তাঁহার নাম নক্ত। নক্তের স্ত্রী ঋতি; এই ঋতির গর্ভে গয় নামক জগদ্বিখ্যাত রাজর্ষি পুত্র জন্মগ্রহণ করেন, যাহার যশোরাশিতে ধরণীমণ্ডল সম্পূর্ণ পরিব্যাপ্ত হইয়াছিল॥ ৬॥

যে পরম পুরুষ সাক্ষাৎ নারায়ণ জগৎসংসারের রক্ষা-বাসনায় সত্ত্ববিগ্রহে ধরাধামে অবতীর্ণ হন, রাজর্ষি গয় তাঁহারই অংশে জন্মগ্রহণ করিয়াছিলেন; সুতরাং আত্মজ্ঞানাদির পরিচয়ে তিনিও মহাপুরুষ বলিয়া জগতে পরিগণিত হইয়াছিলেন॥ ৭॥

মহারাজ গয় রাজ্যে অভিষিক্ত হইয়া, রাজধর্ম্মানুসারে অপত্যনির্বিশেষে প্রজাগণের পালন, পোষণ, প্রীণন, উপলালন এবং সদুপদেশাদি প্রদানে উপযুক্তরূপ অনুশাসনে কখনই উদাসীন থাকিতেন না; বিশেষ মনোযোগের সহিত যেমন প্রজাপালন করিতেন, আবার গৃহস্থোচিত বেদোক্ত যাগযজ্ঞা-

স বৈ স্বধর্ম্মেণ প্রজাপালন-পোষণ-প্রীণনোপলালনানুশাসন-লক্ষণেনে-জ্যাদিনাচ ভগবতি মহাপুরুষে পরাবরে ব্রহ্মণি সর্ব্বাত্মনার্পিতপরমার্থলক্ষ-ণেন ব্রহ্মবিচ্চরণানুসেবয়াপাদিত-ভগবদ্ভক্তিযোগেন চাভীক্ষ্ণশঃ পরিভাবিত-বিশুদ্ধমতিরুপরতানাত্ম্য আত্মনি স্বয়মুপলভ্যমান ব্রহ্মাত্মানুভবোঽপি নিরভিমান এবাবনিমজূগুপৎ। তস্যেমা গাথাঃ পাণ্ডবেয় পুরাবিদ উপগায়ন্তি॥ ৮॥

অন্বয়ঃ।

সঃ বৈ গয়ঃ অভিষিক্তত্বাৎ প্রজানাং পালনং দুষ্টেভ্যঃ রক্ষণং, পোষণং অন্নাদি ভোগ্য-সম্পাদনেন পুষ্টিকরণং, প্রীণনং প্রিয়বস্তুদানেন সন্তোষজননং, উপলালনং মধুরবাক্যাদিনা হর্ষোৎপাদনং, অনুশাসনং শিক্ষয়া সন্মার্গে প্রবর্ত্তনং, তদাদিনা তথা ইজ্যাদিনা চ মহাপুরুষে পুরুষোত্তমে পরাবরে (পরে ব্রহ্মাদয়ঃ অবরে অপকৃষ্টাঃ যস্মাৎ তস্মিন্) ব্রহ্মণি ব্যাপকে ভগবতি সমর্পিতঃ পরমার্থলক্ষণঃ পরমপুরুষার্থলক্ষণঃ পরমপুরুষার্থসাধকঃ ভবতি তেন, তথা ব্রহ্ম-বিদাং পরমভাগবতানাং চরণানুসেবয়া নিরন্তরং তদুপদেশাবধারণেন চ আপাদিতঃ সম্পাদিতঃ যঃ ভগবদ্ভক্তিযোগঃ তেন চ অভীক্ষ্ণশঃ নিরন্তরং পরিভাবিতা সংস্কৃতা অতঃ অতিশুদ্ধা মতিঃ যস্য সঃ অতএব উপরতৎ অনাত্ম্যং দেহাদ্যহংভাবঃ যস্মিন্ তস্মিন্ আত্মনি চিত্তে স্বয়ং এব উপলভ্যমানং যৎ ব্রহ্ম ভগবান্ অন্তর্যামী তস্য অনুভবঃ যস্য অতঃ নির্গতঃ অভিমানঃ যস্য সঃ তাদৃশঃ অবনীং অজুগুপৎ পালয়ামাস। হে পাণ্ডবেয়! তস্য গয়স্য ইমাং গাথাং মাহাত্ম্যো-পবৃংহিতাং কথাং, পুরাবিদঃ সজ্জনাঃ, উপগায়ন্তি॥ ৮॥

শ্রীধরস্বামী।

মহাপুরুষত্বমেবাহ সবৈ ইতি। ধর্ম্মস্তস্য দ্বিবিধঃ অভিষিক্তত্বাৎ প্রজাপালনাদিরূপ একঃ গৃহস্থত্বাৎ ইজ্যাদিশ্চাপরঃ। দ্বিবিধোঽপি ভগবতি সর্ব্বাত্মনার্পিতঃ সন্ পরমার্থলক্ষণস্তেন পরিভাবিতা সংস্কৃতা অতো বিশুদ্ধা মতি র্যস্য অতএবোপরতং অনাত্ম্যং দেহাদ্যহংভাবো যস্মিন্ তস্মিন্ আত্মনি চিত্তে স্বয়মেবোপলভ্যমানে ব্রহ্মণ্যাত্মানুভবো যস্য তাদৃশোঽপি নিরভিমান এব অবনিমজূগুপৎ পালয়ামাস॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পালনং বিপক্ষবিমর্দ্দনাদিনা পোষণং বৃত্তিদানাদিনা অর্পিতঃ সন্ পরমার্থলক্ষণো ভবতি যঃ স্বধর্ম্মস্তেন পরি সর্ব্বতোভাবেন ভাবিতা ভাবযুক্তীকৃতা বিশুদ্ধা মতি র্যস্য সঃ। উপরত-মনাত্ম্যং দেহাদ্যহংভাবো যস্য সঃ॥ ৮॥

দির অনুষ্ঠানের দ্বারাও ভগবান্ সর্ব্বেশ্বর মহাপুরুষ পরমব্রহ্মে সর্ব্বতোভাবে আত্মসমর্পণ করত জীবন্মুক্তের ন্যায় অবস্থান করিতেন। ব্রহ্মজ্ঞ ভক্তগণের চরণ-শুশ্রূষার দ্বারা তিনি ভগবদ্ভক্তি লাভ করিয়াছিলেন; নিরন্তর ঈশ্বরচিন্তায় তাঁহার চিত্ত সম্পূর্ণ নির্ম্মল ও শান্তভাব ধারণ করিয়াছিল; বিষয়বাসনা ও অনাত্ম

গয়ং নৃপঃ কঃ প্রতিযাতি কর্ম্মভি র্যজ্বাভিমানী বহুবিদ্ধর্ম্মগোপ্তা।
সমাগতশ্রীঃ সদসম্পতিঃ সতাং সৎসেবকোঽন্যো ভগবৎকলামৃতে ॥ ৯ ॥
যমভ্যসিঞ্চন্ পরয়া মুদা সতীঃ সত্যাশিষো দক্ষকন্যাঃ সরিদ্ভিঃ।

অন্বয়ঃ।

যজ্বা যজ্ঞাদ্যনুষ্ঠাতা, অভিমানী মনস্বী, বহুবিৎ অনেকশাস্ত্রজ্ঞঃ, ধর্ম্মগোপ্তা প্রজা-পালনানুশাসনাদিনা সর্ব্বরক্ষকঃ, সমাগতশ্রীঃ (সমাগতা সংপ্রাপ্তা শ্রীঃ যেন সঃ) সতাং সদ-সম্পতিঃ (সদসঃ সভায়াঃ পতিঃ) সৎসেবকঃ (সতাং সেবকঃ) এবং ভগবৎকলাৎ ঋতে ভগবদবতারং বিনা, অন্যঃ কঃ নৃপঃ কর্ম্মভিঃ গয়ং প্রতিযাতি তস্য সদৃশঃ ভবিতুং অর্হতি ? ন কোঽপি ইত্যর্থঃ ॥ ৯ ॥

সত্যাশিষঃ (সত্যাঃ যথার্থাঃ আশিষঃ যাসাং তাঃ) সতীঃ সত্যঃ পতিব্রতাঃ, দক্ষকন্যাঃ শ্রদ্ধা মৈত্রী দয়াদ্যাঃ যং গয়ং সরিদ্ভিঃ সৎসরিজ্জলৈঃ পরয়া মুদা হর্ষেণ অভ্যসিঞ্চন্ নিরাশিষঃ অপি

শ্রীধরস্বামী।

কর্ম্মভি র্গয়ং কঃ প্রতিযাতি অনুকরোতি ন কোঽপি অত্র হেতুঃ যজ্বাদিরূপঃ। ভগবৎকলাং গয়মৃতে অন্যঃ কঃ ইত্যনুষঙ্গঃ। অভিমানী সর্ব্বতোমানাস্পদং মনস্বীতি বা সমাগতা সংপ্রাপ্তা শ্রীর্যেন যমিতি বা। সতাং সদসঃ সভায়াঃ পতিঃ সতাং সেবকঃ। যদ্বা যজ্বাদিরূপোঽপি ভগবৎকলামৃতে গয়ং কোঽন্যঃ প্রতিযাতীত্যন্বয়ঃ ॥ ৯ ॥

সতীঃ সত্যঃ সত্যা আশিষো যাসাং তাঃ দক্ষকন্যাঃ শ্রদ্ধা মৈত্রী দয়া ইত্যাদ্যাঃ নিরাশি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রতিযাতি অনুকরোতি। অভিমানী সর্ব্বতোমানাস্পদং মনস্বীতি বা সতাং যৎ সদস্তস্য পতিঃ ভগবদংশং বিনা কোঽন্যো যজ্বাদিরূপোঽপি গয়ং প্রতিযাতীত্যন্বয়ঃ ॥ ৯ ॥

সতীঃ সত্যঃ দক্ষকন্যাঃ শ্রদ্ধামৈত্রীদয়াদ্যাঃ সত্যাশিষঃ শ্রদ্ধামৈত্রীদয়াদ্যাস্তে সত্যিতি

দেহ গেহাদির প্রতি আত্মভাব তাঁহার হৃদয় হইতে সম্পূর্ণ বিদূরিত হইয়াছিল। আত্মসাক্ষাৎকারের প্রসাদে তিনি আত্মস্বরূপেই ব্রহ্মানুভূতির ফল প্রাপ্ত হইয়াছিলেন ; তাদৃশ আচরণে তিনি নিরভিমানে এই ধরণীমণ্ডল পালন করিতেন। হে পাণ্ডবংশাবতংস ! প্রাচীন পণ্ডিতগণ গয়-সম্বন্ধে যেরূপ গাথা কীর্ত্তন করিয়া থাকেন, তাহা বলিতেছি ; শ্রবণ কর। ॥ ৮ ॥

সাক্ষাৎ ভগবানের অংশে অবতীর্ণ ব্যক্তি ব্যতীত এরূপ কোন বহু যজ্ঞানু-ষ্ঠাতা, জ্ঞানবান্ ধর্ম্মপরায়ণ ঐশ্বর্য্যশালী সাধুসেবী ও সভাসদগণে পরিবৃত মনস্বী নরপতি নয়নগোচর হয় না, যিনি কর্ম্মকলাপের দ্বারা রাজর্ষি গয়কে অতিক্রম করিতে পারেন ॥ ৯ ॥

শ্রদ্ধা, মৈত্রী ও দয়া প্রভৃতি পতিব্রতা দক্ষকন্যাগণের আশীর্ব্বাদ অব্যর্থ ;

যস্য প্রজানাং দুদুহে ধরাশিষো নিরাশিষো গুণবৎস-স্নুতোধাঃ ॥ ১০ ॥
ছন্দাংস্যকামস্যচ যস্য কামান্ দুদূহুরাজহ্রুরথো বলিং নৃপাঃ।
প্রত্যঞ্চিতা যুধি ধর্ম্মেণ বিপ্রা যদাশিষাং ষষ্ঠমংশং পরেত্য ॥ ১১ ॥

অন্বয়ঃ।

যস্য প্রজানাং আশিষঃ কামান্, গুণবৎস-স্নুতোধাঃ (গুণাঃ এব বৎসঃ তেন স্নুতং উধঃ যস্যাঃ সা) ধরা দুদুহে পুরয়ামাস ॥ ১০ ॥

অকামস্য যস্য কামান্ ছন্দাংসি বেদাঃ, দুদুহুঃ তথা যুধি প্রত্যঞ্চিতাঃ বাণৈঃ প্রতিপূজিতাঃ নৃপাঃ যস্য বলিং আজহ্রুঃ ধনাদিকং অর্পয়ামাসুঃ, তথা ধর্ম্মেণ প্রজাপালনদানাদিলক্ষণেন বিপ্রাঃ প্রজাঃ, প্রত্যঞ্চিতাঃ তদা পরেত্য লোকান্তরে, আশিষাং শুভকর্ম্মফলানাং ষষ্ঠং অংশং আজহ্রুঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

যোঽপি যস্য প্রজানাং আশিষঃ কামান্ বর্ষীন্ ধরা দুদুহে তস্য গুণা এব বৎসঃ তেন স্নুত-মুধো যস্যাঃ। যচ্ছব্দানাং তৎ গয়ং কঃ প্রতিযাতীতি সম্বন্ধঃ ॥ ১০ ॥

ছন্দাংসি বেদাঃ তদ্বিহিতকর্ম্মাণি বা দুদূহুঃ। যুধি প্রত্যঞ্চিতা বাণৈঃ প্রতিপূজিতা নৃপা যস্য বলিমাজহ্রুঃ অর্পয়ামাসুঃ। ধর্ম্মেণ পালনেন দক্ষিণাদিভিশ্চ যদা প্রত্যঞ্চিতা বিপ্রাঃ তদা পরেত্য পরলোকে, আশিষাং ধর্ম্মফলানাং, ষষ্ঠমংশমাজহ্রুঃ স্বয়ং বিপ্রেভ্যঃ সকাশাৎ আজহার পুণ্যষড়্ভাগমাদত্তে ন্যায়েন পরিপালয়ন্নিতি স্মৃতেঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সত্যা আশিষো যাসাং তাঃ। নিরাশিষো নিষ্কামস্যাপি যস্য প্রজানামাশিষো ধরা দুদুহে। গুণ এব বৎসঃ তেন স্নুতমুধো যস্যাঃ সা ॥ ১০ ॥

যুধি প্রত্যঞ্চিতাঃ বাণৈঃ প্রতিপূজিতা নৃপা বলিমাজহ্রুঃ ধর্ম্মেণ দক্ষিণাদিভিঃ প্রত্যঞ্চিতা বিপ্রা যদ্যস্মৈ পরেত্য লোকান্তরে আশিষাং স্বাচরিত-ধর্ম্ম-ফলানাং ষষ্ঠমংশমাজহ্রুঃ পুণ্যং ষড়্ভাগমাদত্তে ন্যায়েন পরিপালয়ন্নিতি স্মৃতেঃ ॥ ১১ ॥

তাঁহারা যাঁহাকে যেরূপ আশীর্ব্বাদ করেন, তাঁহার তাহাই সিদ্ধ হয়; সেই দক্ষকন্যাগণ পরমানন্দে রাজর্ষি গয়কে স্রোতস্বতীগণের জলে অভিষিক্ত করিয়াছিলেন। মহারাজ গয়ের কোনরূপ বিষয় বাসনা ছিল না, তথাপি তাঁহার গুণগ্রামের দ্বারাই ধরণী পয়স্বিনীর ন্যায় প্রস্নুত হইয়া, গয়-রাজের প্রজাগণকে যাবতীয় কামনার পূরণে পূর্ণ মনোরথ করিতেন ॥ ১০ ॥

অহো! গয়ের কার্য্যে সন্তুষ্ট হইয়া, শ্রুতিসমূহ যাঁহার সকল সাধ পূরণ করিতেন, নৃপতিবৃন্দ যাঁহার বাণ-নিক্ষেপে প্রতিপূজিত হইয়া, অবনত মস্তকে ধনাদি কর প্রদানে যাঁহাকে নিরন্তর অভিবাদন করিতেন এবং যিনি ধর্ম্মত

যস্যাধ্বরে ভগবানধ্বরাত্মা মঘোনি মাদ্যত্যুরুসোমপীথে।
শ্রদ্ধাবিশুদ্ধাচলভক্তিযোগ-সমর্পিতেজ্যা ফলমাজহার ।১২॥
যৎ প্রীণনাদ্বর্হিষি দেবতির্য্যঙ্ মনুষ্যবীরুত্তৃণমাবিরিঞ্চাৎ।
প্রীয়েত সদ্যঃ স হ বিশ্বজীবঃ প্রীতঃ স্বয়ং প্রীতিমগাদ্গয়স্য ॥

অন্বয়ঃ।

উরুসোমপীথে বহুসোমপানে, যস্য অধ্বরে মঘোনি ইন্দ্রে, মাদ্যতি মদং প্রাপ্নুবতি সতি শ্রদ্ধাবিশুদ্ধাচলভক্তিযোগসমর্পিতেজ্যাফলং (শ্রদ্ধয়া বিশুদ্ধঃ যঃ অচলঃ ভক্তিযোগঃ তেন সমর্পিতং ইজ্যাফলং) অধ্বরাত্মা যজ্ঞমূর্ত্তিঃ ভগবান্ আজহার প্রত্যক্ষতঃ অর্হণমিব স্বয়ং স্বীকৃতবান্ ॥ ১২ ॥

যৎ যস্য ভগবতঃ প্রীণনাৎ আবিরিঞ্চাৎ ব্রহ্মাণং অভিব্যাপ্য দেবতির্য্যঙ্ মনুষ্যবীরুত্তৃণং প্রীয়েত প্রীতিং গচ্ছেৎ, সঃ বিশ্বজীবঃ (বিশ্বং জীবয়তীতি) সর্ব্বান্তর্যামী স্বয়ং প্রীতঃ সন্ গয়স্য বর্হিষি যজ্ঞে, সদ্যঃ প্রীতিং অগাৎ হ স্ফুটং ॥

শ্রীধরস্বামী।

উরুসোমপীথে বহুসোমপানে ঽধ্বরে মঘোনি ইন্দ্রে মাদ্যতি মদং প্রাপ্নুবতি সতি শ্রদ্ধয়া বিশুদ্ধো যোঽচলো ভক্তিযোগ স্তেন সমর্পিতং ইজ্যাফলমাজহার অর্হণমিব প্রত্যক্ষতঃ স্বীকৃতবানিত্যর্থঃ ॥ ১২ ॥

যস্য ভগবতঃ প্রীণনাৎ দেবাদীনাং দ্বন্দ্বৈক্যাৎ তৎ সদ্যঃ প্রীয়েত প্রীতিং গচ্ছেৎ। স বিশ্ব-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উরুসোমপীথে বহুসোমপানেঽধ্বরে মঘোনি ইন্দ্রে মাদ্যতি সতি আজহার অর্হণমিব প্রত্যক্ষতঃ স্বীচকার ॥ ১২ ॥

ব্রাহ্মণপ্রমুখ বর্ণ-চতুষ্টয়কে এরূপ প্রতিপালন করিতেন যে, তাঁহারা রাজপ্রসাদে যথেষ্ট ধর্ম্মের অনুষ্ঠানে সমর্থ হইতেন এবং ন্যায়ানুসারে প্রজাবর্গের আচরিত ধর্ম্মফলেরও ষষ্ঠাংশ লাভে পরলোকে গয়নৃপ কৃতার্থ হইতেন ॥ ১১ ॥

গয়ের যজ্ঞে প্রচুর সোম পান করিয়া পুরন্দর প্রেমানন্দে পুলকিত হইতেন এবং বিমল শ্রদ্ধা ও অচলা ভক্তিসহকারে যজ্ঞের ফলসমূহ যজ্ঞেশ্বর বিষ্ণুর পাদপদ্মে সমর্পণ করায়, ভগবান্ প্রসন্ন হইয়া সেই রাজর্ষির যজ্ঞে স্বয়ং আত্ম-পরিচয় প্রদান করিতেন ; তাহাতে যজ্ঞের ফল প্রত্যক্ষত প্রতীত হইত ॥১২॥

যে সর্ব্বদেবময় বিষ্ণু প্রসন্ন হইলে, কমলযোনি ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া দেব তির্য্যক্ মনুষ্য এমন কি ! বৃক্ষ লতা ও তৃণ পর্য্যন্ত যাবতীয় স্থাবর জঙ্গমাত্মক ভূতনিচয় তৃপ্তিলাভ করিয়া থাকে, সেই ভূতভাবন জনার্দ্দন রাজর্ষি গয়ের যজ্ঞে পরিতৃপ্ত হইয়া, আত্মসন্দর্শন প্রদান করিয়াছিলেন ॥

গয়াদ্গায়ন্ত্যাং চিত্ররথঃ সুগতি রবিরোধন ইতি ত্রয়ঃ পুত্রা বভূবুঃ।

চিত্ররথাদূর্ণায়াং সম্রাড়জনিষ্ট তত উৎকলায়াং মরীচি র্মরীচে র্বিন্দুমত্যাং বিন্দুমানুদপদ্যত তস্মাৎ সরঘায়াং মধুর্নামাভবৎ।। ১৩।।

মধোঃ সুমনসি বীরব্রত স্তুতো ভোজায়াং মন্থুপ্রমন্থূ জজ্ঞাতে। মন্থোঃ সত্যায়াং ভৌবনস্ততো ভূষণায়াং ত্বষ্টাজনিষ্ট ত্বষ্টু র্বিরোচনায়াং বিরজঃ। বিরজস্য শতজিৎপ্রবরং পুত্রশতং কন্যাচ বিষুচ্যাং কিলাজায়ত। তত্রায়ং শ্লোকঃ॥ ১৪

অন্বয়ঃ।

গায়ন্ত্যাং ভার্য্যায়াং গয়াৎ চিত্ররথঃ সুগতিঃ অবিরোধনঃ ইতি ত্রয়ঃ পুত্রাঃ তথা চিত্ররথাৎ ঊর্ণায়াং ভার্য্যায়াং সম্রাড় নাম পুত্রঃ অজনিষ্ট; সম্রাজঃ মরীচিঃ ততঃ বিন্দুমান্ উদপদ্যত জাতঃ; তস্মাৎ মধুঃ নাম পুত্রঃ জাতঃ॥ ১৩॥

মধোঃ সুমনসি স্ত্রিয়াং, বীরব্রতঃ ততঃ ভোজায়াং বনিতায়াং মন্থুপ্রমন্থূ পুত্রৌ জজ্ঞাতে; মন্থোঃ ভৌবনঃ পুত্রঃ, ততঃ ভূষণায়াং স্ত্রিয়াং ত্বষ্টা অজনিষ্ট; ত্বষ্টুঃ বিরজঃ; বিরজস্য চ চ বিষুচ্যাং ভার্য্যায়াং শতজিৎপ্রবরং পুত্রশতং একা কন্যা চ কিল অজায়ত॥ ১৪॥

শ্রীধরস্বামী।

জীবঃ সর্ব্বান্তর্যামী স্বয়ং প্রীতিরূপ এব বর্হিষি যজ্ঞে গয়স্য হ স্ফুটং প্রীতিমগাৎ তৃপ্তোঽস্মীতি প্রত্যক্ষং প্রীতিমাবিষ্কৃতবানিত্যর্থঃ॥ ১৩॥   সুমনসি স্ত্রিয়াং॥ ১৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্য ভগবতঃ প্রীণনাৎ দেবাদিকং প্রীয়েত। স বিশ্বজীবৈঃ সহিত এব স্বয়ং প্রীতিরূপঃ

স্বীয় পত্নী গায়ন্তীর গর্ভে গয়রাজের চিত্ররথ, সুগতি ও অবিরোধন নামে তিনটী পুত্র জন্মগ্রহণ করেন। চিত্ররথ স্বীয় পত্নী ঊর্ণার গর্ভে সম্রাট্ নামে এক পুত্র উৎপাদন করেন; সম্রাটের ঔরসে এবং তদীয় ভার্য্যা উৎকলার গর্ভে যে পুত্র জন্মে, তাঁহার নাম মরীচি। মরীচি-পত্নী বিন্দুমতী বিন্দুমান্' নামে এক পুত্র প্রসব করেন, যিনি তদীয় পত্নী সরোঘার গর্ভে মধু' নামে এক পুত্র উৎপাদন করেন ।। ১৩ ।।

সুমনসীর গর্ভে মধুর পুত্র বীরব্রত জন্ম পরিগ্রহ করেন এবং বীরব্রতের পত্নী মন্থু ও প্রমন্থু নামে দুইটী পুত্র প্রসব করেন। সত্যার গর্ভে মন্থুর এক পুত্র জন্মে, তাঁহার নাম ভৌবন; এই ভৌবনের পত্নী ভূষণা ত্বষ্টানামে এক পুত্র প্রসব করেন। ত্বষ্টার বনিতা বিরোচনা বিরজ-নামে এক পুত্র প্রসব করেন; এই বিরজের স্ত্রী বিষূচীর গর্ভে একশত পুত্র ও এক কন্যা জন্মে। এই পুত্র শতের মধ্যে জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠগুণান্বিত পুত্রই শতজিৎ। এতদুপলক্ষে শ্লোকে বর্ণিত আছে যে,— ।। ১৪ ।।

প্রৈয়ব্রতং বংশমিমং বিরজশ্চরমোদ্ভবঃ।
অকরোদত্যলং কীর্ত্ত্যা বিষ্ণুঃ সুরগণং যথা ॥ ১৫ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে প্রিয়ব্রত বংশানুকীর্ত্তনং নাম পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৫ ॥ * ॥

অন্বয়ঃ।

যথা সুরোত্তমঃ বিষ্ণুঃ সুরগণং অত্যলং করোতি তথা চরমোদ্ভবঃ প্রিয়ব্রতবংশে অন্তে জাতঃ বিরজঃ ইমং প্রৈয়ব্রতং বংশং কীর্ত্ত্যা অত্যলং অকরোৎ ভূষিতবান্ ॥ ১৫ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

কীর্ত্ত্যা অতিশয়েন অলমকরোৎ ভূষিতবান্ ॥ ১৫ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে পঞ্চদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সন্ তৃপ্তোঽস্মীতি প্রীতিমাবিশ্চকার ॥ ১৩—১৫ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চমেঽয়ং পঞ্চদশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অমরোত্তম ভগবান্ বিষ্ণু যেমন স্বীয় শৌর্য্যবলে দেবকুলের কীর্ত্তিবর্দ্ধন করিয়াছিলেন, প্রিয়ব্রত বংশের শেষ সন্তান বিরজও সেইরূপ স্বীয় জন্মের দ্বারা প্রিয়ব্রত বংশকে যশ ও কীর্ত্তির দ্বারা সম্পূর্ণ অলঙ্কৃত করিয়াছিলেন ॥ ১৫ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত পঞ্চদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

পঞ্চম স্কন্ধে স্থাবর-জঙ্গমাত্মক সৃষ্ট জগতের স্বরূপ বর্ণিত হইয়াছে; তন্মধ্যে গত পঞ্চদশ অধ্যায়ের দ্বারা সংসারী মানবের স্বরূপাবস্থার কীর্ত্তন করা হইয়াছে; অর্থাৎ মায়ার কুহকে নিপতিত থাকিয়া মানব যে কিরূপ ভ্রান্ত হয়; জ্ঞান, বুদ্ধি বিচারের সামর্থ্য লাভে পশুকুল হইতে আপনাদিগকে শ্রেষ্ঠ জ্ঞানে অভিমানী হইয়াও, যেরূপ পাশব আচরণে আপনাদিগকে কলুষিত করে এবং ভবিষ্যতের চিন্তায় উদাসীন হয়, তাহাই পূর্ব্বোক্ত পঞ্চদশ অধ্যায়ে উপবর্ণিত হইয়াছে; এক্ষণে অবশিষ্ট একাদশ অধ্যায়ের দ্বারা দেশের স্থিতি নিরূপিত হইতেছে। তন্মধ্যে পঞ্চভূতের দ্বারা ভূমণ্ডল বা সৃষ্ট জগতের উৎপত্তি হওয়ায়, গ্রন্থকার পঞ্চাধ্যায়ে ভূমির বর্ণন করিয়াছেন। তন্মধ্যে আবার পুরুষার্থের হেতু চারি প্রকার। অতএব প্রথম চারিটী অধ্যায়ের দ্বারা জম্বুদ্বীপের স্বরূপ বর্ণিত হইয়াছে; এবং ষোড়শ অধ্যায়ে প্রথমত জম্বুদ্বীপের পরিমাণ নিরূপিত হইয়াছে। এতদ্ব্যতীত ভোগস্থান অন্যান্য দ্বীপ ও স্বর্গাদি লোক সমূহের অবস্থিতি অন্যান্য অধ্যায়ে কথিত হইয়াছে। কর্ম্মের অনুসারে মানবের ভোগ-লাভ হয়; জম্বুদ্বীপস্থ ভারতখণ্ডই কর্ম্মের উপযুক্ত ভূমি; এই স্থানে যথেষ্ট

রাজোবাচ॥

উক্তস্ত্বয়া ভূমণ্ডলায়ামবিশেষো যাবদাদিত্যস্তপতি যত্র যত্র চাসৌ জ্যোতিষাং গণৈশ্চন্দ্রমা বা সহ দৃশ্যতে। তত্রাপি প্রিয়ব্রতরথচরণপরিখাতৈঃ সপ্তভিঃ সপ্তসিন্ধব উপক৯প্তাঃ॥ ১॥

অন্বয়ঃ।

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! যাবৎ আদিত্যঃ তপতি প্রকাশয়তি, যত্র জ্যোতিষাং গণৈঃ নক্ষত্রসমূহৈঃ সহ চন্দ্রমা দৃশ্যতে তাবান্ ভূমণ্ডলস্য আয়ামবিশেষঃ বিস্তারবিশেষঃ ত্বয়া উক্তঃ। তত্রাপি ভূমণ্ডলে সূর্য্যস্য পৃষ্ঠতঃ মেরুং প্রদক্ষিণীকৃত্য গচ্ছতঃ প্রিয়ব্রতস্য রথচরণেন রথচক্রেণ, পরিতঃ সর্ব্বতঃ, খাতৈঃ গর্ত্তৈঃ সপ্তভিঃ সপ্তসিন্ধবঃ উপক্লৃপ্তাঃ॥ ১॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বোক্তদ্বীপসিন্ধ্বাদিমানং চিহ্নস্বরূপতঃ। স্পষ্টং প্রবক্তুমারব্ধা পঞ্চাধ্যায়ী ততঃ পরং॥
ষোড়শেহধস্তথা চোর্দ্ধং পরিতঃ সন্নিবেশতঃ। মেরোঃ স্থিতির্মহীকঞ্জকর্ণিকেবোপবর্ণ্যতে॥
প্রিয়ব্রতচরিত্রোক্তাবুক্তা দ্বীপাদিকল্পনা। তদ্বিশেষ-বিজিজ্ঞাসুঃ কথান্তে পরিপৃচ্ছতি॥
উক্ত ইতি কিং পর্য্যন্তং উক্তস্তদাহ যাবদাদিত্যস্তপতি প্রকাশয়তি যত্র যত্র চাসৌ শুক্লকৃষ্ণপক্ষয়ো নক্ষত্রগণৈঃ সহ চন্দ্রমা বা দৃশ্যতে তাবৎ॥ ১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জম্বূদ্বীপস্য বর্ষাণাং শৈলানাং মধ্যবর্ত্তিনঃ। সুমেরোশ্চ প্রমাণং যৎ ষোড়শে তন্নিগদ্যতে॥
প্রিয়ব্রত-চরিতে শ্রুতস্য দ্বীপসমুদ্রাদেঃ প্রমাণাদিকং তৎকথাপ্রকরণান্তে পৃচ্ছতি উক্ত ইতি। তপতি প্রকাশয়তি তৎ পর্য্যন্ত ইত্যর্থঃ। যত্র যত্র চন্দ্রমা দৃশ্যতে তাবৎপর্য্যন্তশ্চ তত্রাপি তন্মধ্য ইত্যর্থঃ॥ ১॥

রাজা পরীক্ষিৎ তখন শুকদেবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে ব্রহ্মন্! দিবাকর কিরণজালের বিস্তারে ভূমণ্ডলের যে পর্য্যন্ত স্থান আলোকিত করেন এবং নিশানাথ তারকাজালে মণ্ডিত হইয়া যে যে স্থান হইতে পরিদৃষ্ট হন, সেই সমস্ত স্থান লইয়াই ভূমণ্ডলের পরিসর আপনি বর্ণন করিয়াছেন।

আভাস।

ভগবদ্ভক্ত জন্মগ্রহণ করেন; মেরু ও তন্নিকটবর্ত্তী বর্ষসমূহে দেবতাগণ ও ভগবদ্ভাবের আবির্ভাব হয়; সুতরাং চতুর্ব্বিধ পুরুষার্থ সঞ্চয় করিতে হইলে, জম্বূদ্বীপই যে উত্তম ও পৃথিবীর মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ স্থান; তাহারই বর্ণনার্থ চারি অধ্যায়ে জম্বূদ্বীপেরই স্বরূপ কীর্ত্তিত হইয়াছে॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত পঞ্চদশ অধ্যায়ের আভাস সমাপ্ত॥

ষোড়শাধ্যায়ে প্রিয়ব্রতের চরিত্র বর্ণন প্রসঙ্গে কথিত দ্বীপাদির বিশেষ বিবরণ পরিজ্ঞাত হইবার বাসনায় পরীক্ষিতের প্রশ্ন এবং শুকদেব কর্ত্তৃক ভুবনকোশের বর্ণন॥

যত এতস্যাঃ সপ্তদ্বীপ-বিশেষ-বিকল্প স্ত্বয়া ভগবন্ খলু সূচিতঃ।
এতদেবাখিলমহং মানতো লক্ষণতশ্চ সর্ব্বং বিজিজ্ঞাসামি ॥ ২ ॥

ভগবতো গুণময়ে স্থূলরূপ আবেশিতং মনো হ্যগুণেঽপি সূক্ষ্মতম আত্ম-

অন্বয়ঃ।

যতঃ যেভ্যঃ সপ্তসিন্ধুভ্যঃ এতস্যাঃ ভুবঃ সপ্তদ্বীপবিশেষবিকল্পঃ সপ্তদ্বীপরচনা-বিশেষঃ, হে ভগবন্! ত্বয়া খলু নিশ্চয়েন সূচিতঃ সামান্যতঃ প্রদর্শিতঃ। এতদেব অখিলং মানতঃ লক্ষণতঃ চ অসাধারণচিহ্নতঃ চ সর্ব্বং বিশেষতঃ বিজিজ্ঞাসামি জ্ঞাতুং ইচ্ছামি ॥ ২ ॥

হি যস্মাৎ ভগবতঃ গুণময়ে স্থূলস্বরূপে বিরাড়্রূপে আবেশিতং স্থিরীকৃতং, মনঃ সূক্ষ্মতমে যতঃ অগুণে বাসুদেবাখ্যে ব্রহ্মণি পরিপূর্ণে, পরে আত্মজ্যোতিষি স্বপ্রকাশে, ভগবতি আবেশিতুং স্থিরীকর্ত্তুং ক্ষমং যোগ্যং ভবতি; তৎ তস্মাৎ উহ এব হে গুরো! এতৎ

শ্রীধরস্বামী।

যতো যেভ্যঃ সিন্ধুভ্যঃ এতস্যাঃ ভুবঃ সূচিতঃ সংক্ষেপতো দর্শিতঃ ॥ ২ ॥

জিজ্ঞাসায়াঃ ফলমাহ ভগবত ইতি ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যতঃ সিন্ধুভ্যঃ। এতস্যা ভুবঃ সপ্তদ্বীপানাং যে বিশেষা স্তেষাং বিকল্পো ভেদঃ প্রভেদঃ। এতৎ সিন্ধুদ্বীপাদিকং ॥ ২ ॥

জিজ্ঞাসায়াঃ ফলমাহ ভগবত ইতি। অত্র ময়েতি কর্ত্তৃপদানুক্ত্যা তত্রত্যানাং ভক্তিমিশ্রযোগ-বতাং মনোনিধিৎসানুরোধেনৈব ময়ৈতৎ পৃচ্ছ্যতে মম তু ত্বন্মুখকমলস্যন্দমান ভগবৎকথা-রূপ-মকরন্দস্য কর্ণাভ্যাং পানমেব ভগবৎপ্রাপ্তিসাধনমিতি দ্যোতিতং। কিঞ্চ ইহ ভগবতো-গুণময়ে স্থূলরূপ ইতি ভেদবোধিকয়া ষষ্ঠ্যা অগুণে ভগবতীত্যভেদবোধকেন সামানাধিক-

সেই ভূমণ্ডলে প্রিয়ব্রত যখন দিবাকরের পশ্চাৎ পশ্চাৎ রথারোহণে গমন-করত মেরুকে প্রদক্ষিণ করিয়াছিলেন, তৎকালে তাঁহার রথচক্রের ভরে যে গর্ত্ত হয়, তদ্দ্বারা সপ্ত সমুদ্র হইয়াছে; এইরূপ আপনি বর্ণন করিয়াছেন ॥ ১ ॥

এই সপ্ত সমুদ্রের সংস্থানভেদে পৃথিবীর সাতটী দ্বীপবিশেষের যে রচনা হইয়াছে, তাহা আপনি সামান্যত বর্ণন করিয়াছেন। কিন্তু সেই সকল দ্বীপের পরিমাণ, স্বরূপ এবং বিশেষ বিশেষ লক্ষণসমূহ অবগত হইতে আমার একান্ত বাসনা জন্মিতেছে। ২ ॥

কারণ ভগবানের গুণময় স্থূল বিরাটরূপে চিত্ত স্থির করিতে পারিলে, গুণের অতীত অতীব সূক্ষ্মতম তদীয় স্বপ্রকাশ পরিপূর্ণ ব্রহ্মস্বরূপ ভাবেও চিত্ত স্থিরীকৃত করা যায়। অতএব হে গুরো! অনুগ্রহপূর্ব্বক আপনি ভগ-বানের স্থূলরূপ এই বিরাট্ ব্রহ্মাণ্ডের স্বরূপ বর্ণনে আমার প্রতি আপনি

জ্যোতির্ষি পরে ব্রহ্মণি ভগবতি বাসুদেবাখ্যে ক্ষমমাবেশিতুং তদুহৈতদ্ গুরো-র্হস্যানুবর্ণয়িতুমিতি ॥ ৩ ॥

ঋষিরুবাচ ॥

নবৈ মহারাজ ভগবতো মায়াগুণবিভূতেঃ স্থানবিশেষাণাং নামরূপতঃ কাষ্ঠাং বচসা মনসা বাধিগন্তুমলং বিবুধায়ুষাপি পুরুষস্তস্মাৎ প্রাধান্যেনৈব ভূগোলক-বিশেষং নামরূপ-মান-লক্ষণতো ব্যাখ্যাস্যামঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

ব্রহ্মাণ্ডাত্মকং স্থূলং রূপং কৃপয়া অনুবর্ণয়িতুং অর্হসি যোগ্যো ভবসি ॥ ৩ ॥

ঋষিঃ শুকদেবঃ উবাচ। হে মহারাজ! ভগবতঃ মায়ায়াঃ প্রকৃতেঃ গুণাঃ সত্ত্বাদয়ঃ তেষাং বিভূতেঃ বিস্তারস্য স্থানবিশেষাণাং নামরূপতঃ কাষ্ঠাং অন্তং পুরুষঃ বিবুধায়ুষা (বিবুধাঃ দেবাঃ তেষাং আয়ুষা অপি) মনসা বচসা বা অধিগন্তু জ্ঞাতুং বক্তুং বা যস্মাৎ নৈব অলং সমর্থঃ, তস্মাৎ প্রাধান্যেন এব ভূলোকবিশেষং নামতঃ রূপতঃ চ সন্নিবেশতশ্চ মানতঃ বিস্তারতঃ লক্ষণতঃ অসাধারণচিহ্নতঃ, অহং ব্যাখ্যাস্যামঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

যা মায়াগুণবিভূতি স্তস্যাঃ কাষ্ঠামন্তং রূপং সন্নিবেশঃ লক্ষণং চিহ্নং ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রণোনচ ভগবত্ত্বস্য গুণাতীতত্বং বোধিতং। গুরো ইতি তব সর্ব্বমুনিজনগুরুত্বাদবশ্য-বক্তব্য-মেবৈতদিতি ভাবঃ ॥ ৩ ॥

কাষ্ঠাং অন্তং। রূপং সন্নিবেশঃ। লক্ষণং চিহ্নং ॥ ৪ ॥

অনুগ্রহ প্রকাশ করুন্! ॥ ৩ ॥

মহর্ষি শুকদেব বলিলেন, হে মহারাজ! মানব যদি দেবপরিমাণে প্রচুর পরমায়ুও প্রাপ্ত হয়, তথাপি ভগবানের অনির্ব্বচনীয়া প্রকৃতিস্বরূপা মায়ার গুণত্রয়ের বিস্তৃতি কেবল স্থানবিশেষের নাম বা রূপের বর্ণনার দ্বারা নিরূপণ করিতে কোনমতে সমর্থ হয় না। অধিক কি! মনে মনে ধারণা করা বা মুখে বর্ণন করা যখন সকলের পক্ষেই অসম্ভব, তখন আমার দ্বারা তাহার বর্ণন কিরূপে সম্ভবপর হইবে! অতএব তন্মধ্যে বিশেষ বিশেষ নাম রূপ পরিমাণ ও চিহ্নের পরিচয়ে ভূলোকস্থ কিয়দংশের মাত্র বর্ণন করিতেছি; শ্রবণ কর! ॥ ৪ ॥

হে রাজন্! এই ভূমণ্ডল একটী প্রকাণ্ড পদ্মের ন্যায় সম্পূর্ণ বর্ত্তুলাকৃতি; পূর্ব্বোক্ত সপ্ত দ্বীপ তাহার কোশ-স্থানীয়; এবং ঐ সপ্তদ্বীপের মধ্যে ইহার অভ্যন্তর কোশই জম্বুদ্বীপ। ঐ দ্বীপই সর্ব্বশ্রেষ্ঠ; ইহার দীর্ঘতা দশসহস্র

যো বা অয়ং দ্বীপঃ কুবলয়-কমল-কোশাভ্যন্তর-কোশো নিযুতযোজন-বিশালঃ সমবর্ত্তুলো যথা পুষ্করপত্রং ॥ ৫ ॥

যস্মিন্নব বর্ষাণি নবযোজন-সহস্রায়ামানি অষ্টভির্ম্মর্য্যাদাগিরিভিঃ সুবিভক্তানি ভবন্তি ॥ ৬ ॥

অন্বয়ঃ।

কুবলয়-কমল-কোশাভ্যন্তরকোশঃ (কুবলয়ং ভূমণ্ডলং, তদেব কমলং তস্য কোশাঃ ইব সপ্তদ্বীপাঃ তেষু অভ্যন্তরকোশঃ) যঃ বা অয়ং প্রথমঃ জম্বূদ্বীপঃ সঃ নিযুতযোজন-বিশালঃ লক্ষযোজন-বিস্তীর্ণঃ পুষ্করপত্রং যথা তথা সমবর্ত্তুলঃ সর্ব্বতঃ সমপরিমাণতঃ বর্ত্তুলঃ চ ॥ ৫ ॥

যস্মিন্ জম্বূদ্বীপে অষ্টভিঃ মর্য্যাদাগিরিভিঃ সুবিভক্তানি পৃথক্কৃতানি নবযোজন-সহস্রায়ামানি (নবযোজন-সহস্রং আয়ামঃ বিস্তারঃ যেষাং তথাভূতানি নব বর্ষাণি ভবন্তি) তত্র রম্যক-হিরণ্ময় কুরু হরিবর্ষ কিংপুরুষ ভারতাখ্যানি নবযোজন-সহস্রায়ামানি। ইলাবৃতং পূর্ব্ব-পশ্চিমতো দ্ব্যশীতি-যোজন-সহস্র-বিস্তৃতং দক্ষিণোত্তরস্তু ষট্ চত্বারিংশৎ যোজনসহস্রবিস্তৃতং জ্ঞেয়ং। ভদ্রাশ্বকেতুমালে তু পূর্ব্বপশ্চিমতো নবযোজনসহস্রবিস্তৃতে জ্ঞেয়ে; দক্ষিণোত্তরস্তু নিষধ-নীলসংলগ্নে জ্ঞেয়ে (ইতি বালবোধিনী) ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

কুবলয়ং ভূমণ্ডলং তদেব কমলং তস্য কোশাঃ সপ্তদ্বীপাঃ যেষু অভ্যন্তরকোশঃ প্রথমো জম্বূদ্বীপঃ নিযুত-যোজন-বিশালঃ লক্ষযোজনবিস্তীর্ণঃ ॥ ৫ ॥

নব যোজন সহস্রং প্রত্যেকং আয়ামো যেষাং আয়ামোঽত্র বিস্তারঃ। এতচ্চ ভদ্রাশ্ব-কেতু-মাল-ব্যতিরেকেণ দ্রষ্টব্যং। তয়োরেকত্রিংশৎ যোজনসহস্রায়ামত্বাৎ। কেচিত্তু নীল-নিষধয়োঃ সংলগ্নয়োঃ সমুদ্রপ্রবেশমঙ্গীকৃত্য তয়োরপি মধ্যে সংকুচিতত্বেন নবসহস্রায়ামত্বং সম্পাদয়ন্তি। সন্নিবেশস্তু বায়ুনোক্তঃ। ধনুর্ব্বৎ সংস্থিতে জ্ঞেয়ে দ্বে বর্ষে দক্ষিণোত্তরে। দীর্ঘাণি তত্র চত্বারি চতুরস্রমিলাবৃতং ইতি ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৈ নিশ্চয়ং কুবলয়ং ভূমণ্ডলং তদেব কমলং তস্য কোশা মণ্ডলতয়া স্থিতাঃ সপ্তদ্বীপা স্তেষভ্যন্তরঃ কোশো যোঽয়ং দৃশ্যমানো জম্বূদ্বীপঃ স নিযুতযোজনবিশালঃ লক্ষযোজন-বিস্তীর্ণঃ ॥ ৫ ॥

নবযোজনসহস্রমায়ামো যেষাং আয়ামোঽত্র বিস্তারঃ অষ্টাভির্হিমালয়াদিভিঃ। সন্নিবেশস্তু বায়ুনোক্তঃ। ধনুর্ব্বৎ সংস্থিতে জ্ঞেয়ে দ্বে বর্ষে দক্ষিণোত্তরে। দীর্ঘাণি তত্র চত্বারি চতুরস্রমিলা-

যোজন; এবং বিস্তার লক্ষ যোজন। উক্ত জম্বূদ্বীপও পদ্মপত্রের ন্যায় চারিদিকে সমান বর্ত্তুলাকারে অবস্থিত রহিয়াছে ॥ ৫ ॥

এই জম্বূদ্বীপে নয়টী বর্ষ আছে; তন্মধ্যে রম্যক্, হিরণ্ময়, কুরু, হরিবর্ষ, কিংপুরুষ ও ভারত নামে ছয়টী বর্ষই নয় সহস্র যোজন বিস্তৃত; ইলাবৃত

এষাং মধ্যে ইলাবৃতং নামাভ্যন্তরবর্ষং যস্য নাভ্যামবস্থিতঃ সর্ব্বতঃ সৌবর্ণঃ কুলগিরিরাজো মেরুর্দ্বীপায়ামসমুন্নাহঃ কর্ণিকাভূতঃ কুবলয়-কমলস্য মূর্দ্ধনি দ্বাত্রিংশৎ সহস্রযোজন-বিততো মূলে ষোড়শ-সাহস্রং তাবতান্তর্ভূম্যাং প্রবিষ্টঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

এষাং বর্ষাণাং মধ্যে ইলাবৃতং নামাভ্যন্তরবর্ষং চতুষ্কোণাকৃতি দীর্ঘং অস্তি। যস্য নাভ্যাং মধ্যে সর্ব্বতঃ সৌবর্ণঃ সুবর্ণময়ঃ কুলগিরিরাজঃ (কুলগিরীণাং শ্রেষ্ঠত্বেন গণিতানাং পর্ব্বতানাং রাজা) দ্বীপায়ামসমুন্নাহঃ (জম্বূদ্বীপস্য আয়ামঃ বিস্তারঃ যাবান্ তাবান্ লক্ষ-যোজনং সমুন্নাহঃ উচ্ছ্রায়ঃ যস্য সঃ) মেরুঃ কুবলয়কমলস্য কমলসদৃশস্য ভূমণ্ডলস্য কর্ণিকা-ভূতঃ ইব অবস্থিতঃ। তস্য মেরোঃ মূর্দ্ধনি দ্বাত্রিংশৎ-সহস্র-যোজন-বিততঃ মূলে ষোড়শ-যোজন-সহস্র-বিততঃ তথা তাবতা ষোড়শ-সহস্রযোজন-মানেন ভূম্যাং অন্তঃ প্রবিষ্টঃ চতুর-শীতি যোজন-সহস্রমানেন বহির্দৃশ্যতে; এবং লক্ষযোজনোন্নাহঃ ইতি জ্ঞেয়ং। ৭ ॥

শ্রীধরস্বামী।

নাভ্যাং মধ্যে দ্বীপস্যায়ামো লক্ষযোজনপ্রমাণ স্তাবান্ সমুন্নাহ উচ্ছ্রায়ো যস্য মূলে ষোড়শ-যোজন-সাহস্রং বিতত স্তাবতা ষোড়শ-যোজন-সহস্রমানেন চ বহির্দৃশ্যতে তথাচ বিষ্ণুপুরাণং। চতুরশীতি-সাহস্রৈ র্যোজনৈরস্য চোচ্ছ্রায়ঃ। প্রবিষ্টঃ ষোড়শাধস্তাৎ দ্বাত্রিংশৎ মূর্দ্ধ্নি বিস্তৃতঃ। মূলে ষোড়শ-সাহস্রো বিস্তার স্তস্য ভূভৃতঃ। এবং লক্ষযোজনোন্নাহঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৃত্তমিতি দক্ষিণোত্তরে। দীর্ঘাণি তত্র চত্বারি চতুরস্রমিলাবৃতমিতি দক্ষিণোত্তরে ভারতোত্তর-কুরুবর্ষে চত্বারি কিংপুরুষ-হরিবর্ষ-রম্যক-হিরণ্ময়ানি বর্ষাণি নীলনিষধয়োস্তিরশ্চিনীভূয় সমুদ্রপ্রবিষ্টয়োঃ সংলগ্নত্বমঙ্গীকৃত্য ভদ্রাশ্বকেতুমালয়োরপি ধনুরাকৃতিত্বং। অতস্তয়ো-র্দৈর্ঘ্যাত এব মধ্যে সংকুচিতত্বেন নবসহস্রায়ামত্বং। ইলাবৃতস্য তু মেরোঃ সকাশাৎ চতুর্দ্দিক্ষু নবসহস্রায়ামত্বং সংভবেৎ বস্তুতস্ত্বিলাবৃত-ভদ্রাশ্বকেতুমালানাং চতুস্ত্রিংশৎসহস্রায়ামত্বং জ্ঞেয়ং ॥ ৬ ॥

নাভ্যাং মধ্যে দ্বীপস্যায়ামো লক্ষযোজনপ্রমাণঃ। তাবান্ সমুন্নাহ উচ্ছ্রায়ো যস্য সঃ

পূর্ব্ব পশ্চিমে দ্বি অশীতি সহস্র যোজন বিস্তৃত এবং উত্তর দক্ষিণে ষট্ চত্বারিংশ সহস্র যোজন বিস্তৃত। ভদ্রাশ্ব ও কেতুমাল নামক বর্ষদ্বয় পূর্ব্ব পশ্চিমে নব যোজন সহস্র বিস্তৃত বটে, কিন্তু দক্ষিণ ও উত্তর দিকে নিষধ পর্য্যন্তই সংলগ্ন। এই নয়টী বর্ষ আটটী সীমান্ত পর্ব্বতের দ্বারা সম্পূর্ণরূপে বিভক্ত করা রহিয়াছে।। ৬ ॥

এই বর্ষসমূহের মধ্যে ইলাবৃত নামক বর্ষই সকলের মধ্যবর্ত্তী ও চতু-ষ্কোণাকৃতি; ইহার মধ্যস্থলে সর্ব্বত্র সুবর্ণব্যাপ্ত গিরিরাজ সুমেরু পর্ব্বত

উত্তরোত্তরেণেলাবৃতং নীলঃ শ্বেতঃ শৃঙ্গবানিতি ত্রয়ো রম্যক-হিরণ্ময়-কুরূণাং বর্ষাণাং মর্য্যাদাগিরয়ঃ প্রাগায়তা উভয়তঃ ক্ষারোদাবধয়ো দ্বিসহস্র-যোজন-পৃথব একৈকশঃ পূর্ব্বস্মাৎ পূর্ব্বস্মাদুত্তরোত্তরো দশাংশাধিকাংশেন দৈর্ঘ্য এব হ্রসন্তি ॥ ৮ ॥

অন্বয়ঃ।

ইলাবৃতং উত্তরেণ ইলাবৃতস্য উত্তরতঃ, ক্রমেণ স্থিতাঃ নীলঃ শ্বেতঃ শৃঙ্গবান্ ইতি ত্রয়ঃ পর্ব্বতাঃ। ক্রমেণ স্থিতানাং রম্যক-হিরণ্ময়-কুরূণাং বর্ষাণাং মর্য্যাদাগিরয়ঃ বিভাজকাঃ পর্ব্বতাঃ প্রাগায়তাঃ পূর্ব্বপশ্চিমতঃ দীর্ঘাঃ ক্ষারোদঃ সমুদ্রঃ এব অবধিঃ যেষাং তে তথা উভয়তঃ সমুদ্র-লগ্নাঃ দ্বিসহস্রযোজনপৃথবঃ অযুতযোজনোৎসেধাঃ ইত্যপি জ্ঞেয়ং। পূর্ব্বস্মাৎ পূর্ব্বস্মাৎ দক্ষিণতো দক্ষিণতঃ স্থিতাৎ উত্তরোত্তরঃ উত্তরোত্তরস্থিতঃ একৈকশঃ দশাংশাৎ ঈষদধিকঃ যঃ অংশঃ তেন দৈর্ঘ্যঃ এব হ্রসন্তি (নতু উচ্চত্বে পৃথুত্বে বা দ্বীপস্য মণ্ডলাকারত্বাৎ) ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

উত্তরোত্তরেণেলাবৃতং ইলাবৃতস্যোত্তরোত্তরতঃ ক্রমেণ নীলাদয়ঃ ত্রয়ো মর্য্যাদা-গিরয়ঃ প্রাগায়তাঃ পূর্ব্বতো দীর্ঘাঃ ক্ষারোদ এবাবধি র্যেষাং দ্বিসহস্র যোজন বিস্তীর্ণাঃ। দশাংশাদীষদধিকো যোঽংশস্তেন দৈর্ঘ্য এব হ্রসন্তি নতুচ্চত্বপৃথুত্বে বা। যথোক্তং বিষ্ণু-পুরাণে লক্ষপ্রমাণৌ দ্বৌ মধ্যে দশহীনাস্তথা পর ইতি। এতচ্চ স্থূলদৃষ্ট্যৈবোক্তং তয়োরপি যথাবন্মধ্যে সত্বাভাবেন লক্ষপ্রমাণত্বাভাবাৎ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ষোড়শসহস্রং বিতত ইতি শেষঃ। তাবতা ষোড়শ-সহস্রমানেন। অতশ্চতুরশীতি সহস্র যোজনোচ্ছ্রিতো ভূমিতো দৃশ্যতে ॥ ৭ ॥

উত্তরোত্তরেণ ইলাবৃতস্যোত্তরত্র উভয়তঃ পূর্ব্বপশ্চিমদিশোঃ। পৃথুর্বিস্তারঃ একৈকস্মা-দিতি নীলঃ কিঞ্চিন্ন্যূন-লক্ষ-যোজনো দৈর্ঘ্যেণ তস্মাৎ শ্বেতঃ শৃঙ্গবাংশ্চ দশাংশাদীষদধিকো যোঽংশস্তেন ॥ ৮ ॥

অবস্থান করিতেছে। এই সুমেরুর উচ্চতা পূর্ব্বোক্ত জম্বুদ্বীপের বিস্তারানু-রূপ লক্ষ যোজন। এই সুমেরু গিরি কমলসদৃশ ভূমণ্ডলের কর্ণিকাস্থানীয়; ইহার মূর্দ্ধদেশও দ্বাত্রিংশত সহস্র যোজন বিস্তৃত এবং মূলে ষোড়শ সহস্র যোজন প্রশস্ত এবং ভূমির মধ্যেও তত সহস্র যোজন প্রবিষ্ট হইয়া আছে। বহির্ভাগে চতুরশীতি সহস্র যোজন বিস্তৃত পরিদৃষ্ট হয় ও ঊর্দ্ধে লক্ষ যোজন উন্নত ॥ ৭ ॥

ইলাবৃতের উত্তর পার্শ্বে ক্রমান্বয়ে নীল, শ্বেত ও শৃঙ্গবান্ নামক তিনটী পর্ব্বত বিদ্যমান রহিয়াছে; এই পর্ব্বতত্রয়ের অপর পার্শ্বে যথাক্রমে রম্যক, হিরণ্ময় ও কুরু নামক বর্ষত্রয় বিরাজমান। ইলাবৃত হইতে এই পর্ব্বতত্রয়ই

এবং দক্ষিণেনেলাবৃতং নিষধো হেমকূটো হিমালয় ইতি প্রাগায়তা যথা নীলাদয়ঃ। অযুতযোজনোৎসেধা হরিবর্ষ কিংপুরুষ ভারতানাং যথাসংখ্যং ॥ ৯

অন্বয়ঃ।

এবং দক্ষিণেন ইলাবৃতং ইলাবৃতস্য দক্ষিণতঃ, ক্রমেণ স্থিতাঃ নিষধঃ হেমকূটঃ হিমালয়ঃ ইতি ত্রয়ঃ প্রাগায়তাঃ পূর্ব্বপশ্চিমতঃ দীর্ঘাঃ, উভয়তঃ সমুদ্রসংলগ্নাঃ দ্বিসহস্রযোজনপৃথবঃ অযুত-যোজনোৎসেধাঃ ক্রমেণ স্থিতানাং হরিবর্ষ-কিংপুরুষ-ভারতসঞ্জানাং বর্ষাণাং যথা-সংখ্যং মর্য্যাদাগিরয়ঃ তত্রাপি উত্তরত উত্তরতঃ স্থিতাৎ দক্ষিণত দক্ষিণতঃ স্থিতাঃ একৈকশঃ দশাংশাধিকাংশেন দৈর্ঘ্যঃ এব হ্রসন্তি নতু উচ্চত্বে পৃথুত্বে বা ইতি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

অযুতযোজন উৎসেধ উচ্ছ্রায়ো যেষাং। অয়ঞ্চোৎসেধো নীলাদীনামপি দ্রষ্টব্যঃ। নীলাদি-পৃথুত্বঞ্চৈষামপি দ্রষ্টব্যং যথাসংখ্যং মর্য্যাদাগিরয় ইতি শেষঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অযুতযোজন উৎসেধ উচ্ছ্রায়ো যেষাং। অয়ঞ্চোৎসেধো নীলাদীনামপি দ্রষ্টব্যঃ। নীলাদিবং পৃথুত্বং চৈষাং দ্রষ্টব্যং। যথাসংখ্যং মর্য্যাদাগিরয় হতি শেষঃ ॥ ৯ ॥

উক্ত বর্ষত্রয়কে সীমাবিশিষ্ট করিয়াছে। এই সীমান্ত পর্ব্বতত্রয় পূর্ব্ব পশ্চিমে দীর্ঘ হইয়া, উভয় প্রান্তে লবণসমুদ্রকে স্পর্শ করিয়াছে; সকল গুলিই দুই সহস্র যোজন স্থূল এবং দশ সহস্র যোজন উচ্চ। কিন্তু এক একটী যেমন পর পর দক্ষিণ ভাগেই অবস্থিত, সেইরূপ প্রথমাপেক্ষা দ্বিতীয়টী দৈর্ঘে এক দশাংশ ন্যূন এবং অপরটী দ্বিতীয় পর্ব্বত হইতে দৈর্ঘে দশাংশ ন্যূন হইয়া জম্বুদ্বীপের মণ্ডলাকারত্বেরই পরিচয় দিতেছে। পর্ব্বত সমূহের উচ্চতা ও স্থূলতায় পরস্পরে সর্ব্বাংশে সমান ॥ ৮ ॥

ইলাবৃতের দক্ষিণ পার্শ্বে ক্রমান্বয়ে নিষধ, হেমকূট এবং হিমালয় বিদ্যমান থাকিয়া, পূর্ব্ব ও পশ্চিমাভিমুখে দীর্ঘ হইয়া উভয় প্রান্তে সমুদ্রকেই স্পর্শ করিয়াছে; এই পর্ব্বতত্রয়দুই সহস্র যোজন স্থূল এবং দশ সহস্র যোজন উচ্চ। ইহাদের ব্যবধানে ক্রমান্বয়ে হরিবর্ষ, কিংপুরুষ এবং ভারত নামে পর পর দক্ষিণে তিনটী বর্ষের রচনা হইয়াছে। ইলাবৃতের উত্তরদিকস্থ পর্ব্বতের ন্যায়, দক্ষিণদিকস্থ এই পর্ব্বতত্রয়ও দৈর্ঘে উত্তরোত্তর দশাংশ ন্যূন হইয়া জম্বুদ্বীপের বর্ত্তুলাকারত্বেরই স্বরূপ রক্ষা করিয়াছে। ইহাদের উচ্চতা ও স্থূলতার কোন-রূপ ইতরবিশেষ বা হ্রাসবৃদ্ধি নাই ॥ ৯ ॥

ইলাবৃতের পূর্ব্বদিকে ও পশ্চিমদিকে যথাক্রমে মাল্যবান্ ও গন্ধমাদন

তথৈবেলাবৃতমপরেণ পূর্ব্বেণচ মাল্যবদ্গন্ধমাদনাবানীল-নিষধায়তৌ দ্বিসহস্রং পপ্রথতুঃ কেতুমাল-ভদ্রাশ্বয়োঃ সীমানং বিদধাতে॥ ১০॥

অন্বয়ঃ।

তথৈব ইলাবৃতং অপরেণ পূর্ব্বেণ চ ইলাবৃতস্য পশ্চিমতঃ পূর্ব্বতশ্চ যথাক্রমেণ স্থিতৌ আনীল-নিষধায়তৌ উত্তরতঃ নীলপর্ব্বতপর্য্যন্তং দক্ষিণতঃ নিষধপর্ব্বতপর্য্যন্তং চ দীর্ঘৌ মাল্যবদ্গন্ধমাদনৌ মর্য্যাদাপর্ব্বতৌ দ্বিযোজন-সহস্রং পপ্রথতুঃ বিস্তীর্ণৌ ভবতঃ; অযুত-যোজনোৎসেধৌ ইতি জ্ঞেয়ং। তৌ ইলাবৃতস্য পশ্চিমতঃ পূর্ব্বতশ্চ স্থিতয়োঃ কেতুমাল-ভদ্রাশ্বয়োঃ বর্ষয়োঃ সীমানং বিদধাতে॥ ১০॥

শ্রীধরস্বামী।

আনীল-নিষধায়তৌ উত্তরতো নীলপর্য্যন্তং দক্ষিণতো নিষধপর্য্যন্তং চ দীর্ঘৌ পপ্রথতুঃ বিস্তীর্ণৌ ভবতঃ। তাবেব কেতুমাল-ভদ্রাশ্বয়ো র্বর্ষয়োঃ সীমানং কুর্ব্বাতে। নন্বেবং সতি পূর্ব্বাপর-রেখায়ামিলাবৃত-বেষ্টিতো মেরুর্মধ্যে ততঃ পূর্ব্বাপরতো গিরিদ্বয়ং বর্ষদ্বয়ঞ্চ নাতঃপরং কিঞ্চিদস্তি দক্ষিণোত্তররেখায়াস্তু তথৈব ইলাবৃত-বেষ্টিতো মধ্যে মেরুঃ উভয়ত স্ত্রীণি ত্রীণি বর্ষাণি গিরয়শ্চ তৎ কথং সর্ব্বতো লক্ষপ্রমাণত্বং জম্বূদ্বীপস্য উচ্যতে। মেরোঃ ষোড়শ-সহস্রাণি সর্ব্বতঃ স্থিতত্বাৎ ইলাবৃতস্যাষ্টাদশ অন্যেষাং ষণ্ণাং চতুঃপঞ্চাশৎ গিরীণাং দ্বাদশ ইত্যেবং দক্ষিণোত্তর-রেখায়াং তাবল্লক্ষং পূর্ব্বাপর-রেখায়ামপি সুমেরোরিলাবৃতস্যাপি চতুস্ত্রিংশৎ তাবন্তি গির্য্যোশ্চত্বারি বিশেষাণি দ্বিষষ্টি সহস্রাণি পূর্ব্বাপরবর্ষয়ো র্যাসমুদ্রং দৈর্ঘ্যে দ্রষ্টব্যানি অতো ন বিরোধঃ॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপরেণ পশ্চিমস্যাং দিশি পূর্ব্বেণ পূর্ব্বস্যাং দিশি অনীলনিষধায়তৌ উত্তরতো নীল-পর্য্যন্তং দক্ষিণতো নিষধপর্য্যন্তং আয়তৌ দীর্ঘৌ। চতুস্ত্রিংশৎ সহস্রায়ামাবিত্যর্থঃ। এবঞ্চ দক্ষিণোত্তররেখায়াং ভারত-কিংপুরুষ-হরিবর্ষাণাং ত্রয়াণাং সপ্তবিংশতিঃ সহস্রাণি হিমালয়-হেমকূট-নিষধানাং ষট্ সহস্রাণি সুমেরোরিলাবৃতস্যচ চতুস্ত্রিংশৎ রম্যক-হিরন্ময়-কুরূণাং সপ্তবিংশতিঃ নীলশ্বেত-শৃঙ্গবতাং গিরীণাং ষাড়ত্যেবং লক্ষযোজন-প্রমাণঃ। পূর্ব্বপশ্চিম-রেখায়াং ভদ্রাশ্বস্য একত্রিংশৎ সুমেরোরিলাবৃতস্য চতুস্ত্রিংশৎ কেতুমালস্যৈকত্রিংশৎ গন্ধ-মাদনমাল্যবতোশ্চত্বারীত্যেবং লক্ষযোজন-প্রমাণো জম্বূদ্বীপোঽবগমিতঃ॥ ১০॥

নামক দুইটী পর্ব্বত আছে, যাহারা উত্তরে নীলপর্ব্বত এবং দক্ষিণে নিষধ পর্ব্বতকে স্পর্শ করত প্রশস্ত হইয়া রহিয়াছে। ইহারা দুই সহস্র যোজন বিস্তৃত এবং দশ সহস্র যোজন উচ্চ। ইলাবৃতের পশ্চিম ও পূর্ব্বপার্শ্বস্থ এই দুই পর্ব্বতের অপর পার্শ্বে কেতুমাল ও ভদ্রাশ্ব নামক বর্ষ বিদ্যমান রহিয়াছে; এবং এই পর্ব্বতদ্বয়ের দ্বারাই উক্ত বর্ষদ্বয়ের সীমা নির্দ্দিষ্ট রহিয়াছে॥ ১০॥

সুমেরু পর্ব্বতের চতুর্দ্দিকে তাহার অবষ্টম্ভকরূপে মন্দর, মেরুমন্দর,

মন্দরো মেরুমন্দরঃ সুপার্শ্বঃ কুমুদ ইত্যযুতযোজন-বিস্তারোন্নাহা মেরোশ্চতুর্দ্দিশমবষ্টম্ভগিরয় উপকঌপ্তাঃ। ১১॥

চতুর্ষ্বেতেষু চূত-জম্বু-কদম্ব-ন্যগ্রোধাশ্চত্বারঃ পাদপপ্রবরাঃ পর্ব্বতকেতব ইবাধিসহস্র-যোজনোন্নাহা স্তাবদ্বিটপবিততয়ঃ শতযোজনপরিণাহাঃ॥ ১২॥

অন্বয়ঃ।

অযুত-যোজন-পরিমাণৌ বিস্তারোন্নাহৌ যেষাং তে তথাভূতাঃ মন্দরঃ মেরুমন্দরঃ সুপার্শ্বঃ কুমুদঃ ইতি চত্বারঃ গিরয়ঃ মেরোঃ চতুর্দ্দিশং তস্য অবষ্টম্ভভূতাঃ উপকৢপ্তাঃ রচিতাঃ সন্তি॥ ১১

এতেষু মন্দরাদিষু চতুর্ষু চূত জম্বু কদম্বন্যগ্রোধাঃ ইতি চত্বারঃ অধিসহস্র একাদশশতানি যোজনানি উন্নাহঃ উচ্ছ্রায়ঃ যেষাং তাবতী একাদশ শতযোজন-প্রামাণিকঃ বিটপবিততিঃ যেষাং তে তথা শতযোজনং পরিণাহঃ বিস্তারঃ পরিতঃ স্থৌল্যং, যেষাং তথাভূতাঃ পাদপপ্রবরাঃ পর্ব্বতানাং তেষাং কেতবঃ ইব স্থিতাঃ সন্তি॥ ১২॥

শ্রীধরস্বামী।

অযুতযোজন-প্রমাণৌ বিস্তারোন্নাহৌ যেষাং বিস্তীর্ণমূর্দ্ধ্না মেরোরবষ্টম্ভস্থাং। পূর্ব্বপশ্চিমৌ গিরী দক্ষিণোত্তরবিস্তারৌ দক্ষিণোত্তরৌ চ পূর্ব্বাপরবিস্তারৌ দ্রষ্টব্যৌ। সর্ব্বতো দশ যোজনসহস্র বিস্তারাঙ্গীকারে ইলাবৃতলোপাৎ পূর্ব্বেণেলাবৃতমুপপ্লাবয়তীত্যাদি বিরোধঃ স্যাৎ॥ ১১॥

অধিসহস্রং একাদশ শতানি উন্নাহা যেষাং তাবৎপ্রমাণা বিটপবিততি র্যেষাং শতযোজনং পরিণাহো বিস্তারো যেষাং॥ ১২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অযুত-যোজন-প্রমাণৌ বিস্তারোন্নাহৌ যেষাং তে বিস্তীর্ণমূর্দ্ধ্না মেরোরবষ্টম্ভস্থাং পূর্ব্বপশ্চিমৌ গিরী দক্ষিণোত্তরবিস্তারৌ দক্ষিণোত্তরৌ চ পূর্ব্বাপরবিস্তারৌ জ্ঞেয়ৌ। বিস্তারোঽত্র দৈর্ঘ্যং সর্ব্বতো দশযোজন-সহস্রাঙ্গীকারে ত্বিলাবৃতলোপাৎ পূর্ব্বেণেলাবৃতমুপপ্লাবয়তীত্যাদি-বিরোধঃ স্যাৎ চতুর্দ্দিশং চতস্রো দিশোঽভিব্যাপ্য চতুর্দিক্ষ্বিত্যর্থঃ॥ ১১॥

অধিসহস্রং একাদশশতান্যুন্নাহো যেষাং তাবৎপ্রমাণা বিটপবিততি র্যেষাং শতযোজনং

সুপার্শ্ব ও কুমুদ নামে চারিটী পর্ব্বত আছে। ঐ সকল পর্ব্বতের বিস্তৃতি এবং উচ্চতা দশ সহস্র যোজন। ইহাদের মধ্যে পূর্ব্ব পশ্চিম দিকের পর্ব্বত দক্ষিণোত্তরে বিস্তৃত এবং দক্ষিণোত্তর দিকের পর্ব্বত পূর্ব্ব পশ্চিমে বিস্তৃত॥ ১১॥

মন্দরাদি উক্ত পর্ব্বতচতুষ্টয়ে আম্র, জম্বু, কদম্ব ও বট এই চারিটী প্রচণ্ড বৃক্ষ আছে; প্রত্যেক বৃক্ষ পরিসরে শত যোজন বিস্তৃত, একাদশ শত যোজন উন্নত এবং একাদশ শত যোজন দূর পর্য্যন্ত চতুর্দ্দিকে তাহাদের শাখা

হ্রদাশ্চত্বারঃ পয়োমধ্বিক্ষুরস-মৃষ্টজলাঃ যদুপস্পর্শিন উপদেবগণা যোগৈশ্বর্য্যাণি স্বাভাবিকানি ভরতর্ষভ ধারয়ন্তি। দেবোদ্যানানি চ ভবন্তি চত্বারি নন্দনং চৈত্ররথং বৈভ্রাজকং সর্ব্বতোভদ্রমিতি ॥ ১৩ ॥

যেষমরপরিবৃঢ়াঃ সহ সুরললনাললাম-যূথপতয় উপদেবগণৈরুপগীয়মান-মহিমানঃ কিল বিহরন্তি ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

জলস্থানে পয়ঃ মধু ইক্ষুরসঃ মৃষ্টজলং চ ক্রমেণ যেষু তেষু তথাভূতাঃ চত্বারঃ হ্রদাঃ চ ক্রমেণ চতুর্ষু পর্ব্বতেষু সন্তি; যৎ উপস্পর্শিনঃ যৎসেবিনঃ উপদেবগণাঃ স্বাভাবিকানি যোগপ্রযত্নং বিনৈব সিদ্ধানি, অণিমাদিযোগৈশ্বর্য্যাণি ধারয়ন্তি। হে ভরতর্ষভ! তথা তেষু পর্ব্বতেষু প্রত্যেকং যথাক্রমেণ নন্দনং চৈত্ররথং, বৈভ্রাজকং, সর্ব্বতোভদ্রং চ ইতি চত্বারি দেবোদ্যানানি ভবন্তি ॥ ১৩ ॥

যেষু উদ্যানেষু, কিল নিশ্চয়ে, উপদেবগণৈঃ গন্ধর্ব্বাদিভিঃ, উপাগীয়মানঃ মহিমা যেষাং তে, সুরললনাঃ দেবস্ত্রিয়ঃ তাসাং ললামভূতাঃ ভূষণভূতাঃ, যাঃ শ্রেষ্ঠাঃ স্ত্রিয়ঃ তাসাং যূথপতয়ঃ যে অমরপরিবৃঢ়াঃ বিবুধশ্রেষ্ঠাঃ তে তাভিঃ সহ বিহরন্তি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

যদুপস্পর্শিনঃ যৎসেবিনঃ ॥ ১৩ ॥

ললামো ভূষণং সুরললনানাং ভূষণভূতাঃ শ্রেষ্ঠা যাঃ স্ত্রিয় স্তাসাং যূথস্য পতয়ঃ সহ সম্ভূয় যেষু বিহরন্তি ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরিণাহো বিস্তারো যেষাং ॥ ১২ ॥ ১৩ ॥

পরিবৃঢ়াঃ শ্রেষ্ঠাঃ। ললামো ভূষণং ॥ ১৪ ॥

প্রশাখা বিস্তৃত রহিয়াছে। প্রত্যেক বৃক্ষ যেন সেই সেই পর্ব্বতের কেতুরূপে শোভা পাইতেছে। ১২ ॥

হে ভরতশ্রেষ্ঠ! উক্ত বৃক্ষচতুষ্টয়ের অদূরে যথাক্রমে চারিটী হ্রদ আছে। তন্মধ্যে একটী হ্রদের জল দুগ্ধের ন্যায়; দ্বিতীয়ের জল মধুসদৃশ; তৃতীয়ের জল ইক্ষুরসবৎ এবং চতুর্থে বিশুদ্ধ জলবৎ উদক পরিপূর্ণ আছে। উপদেবতাগণ এই হ্রদ সমূদয়ের জল সেবন করিয়া, অযত্নসিদ্ধ অণিমাদি যোগৈশ্বর্য্যে নিরন্তর সম্পন্ন থাকেন। হে রাজন্! উক্ত পর্ব্বতসমূহে যথাক্রমে নন্দন, চৈত্ররথ, বিভ্রাজক এবং সর্ব্বতোভদ্র নামে চারিটী দেবোদ্যানও বিরাজমান রহিয়াছে। ১৩।

এই উদ্যান সমূহে গন্ধর্ব্বাদি উপদেবতাগণের ললনাজন-ললামভূতা দেব-বালাগণে পরিবৃত হইয়া অমরশ্রেষ্ঠগণ নিরন্তর বিহার করিয়া থাকেন। ১৪।

মন্দরোৎসঙ্গ একাদশ শত যোজনোত্তুঙ্গ-দেবচূতশিরসো গিরিশিখরস্থূলানি ফলানামৃতকল্পানি নিপতন্তি ॥ ১৫ ॥

তেষাং বিশীর্য্যমাণানামতিমধুর-সুরভি-সুগন্ধি-বহুলারুণ-রসোদেনারুণোদা নাম নদী মন্দরগিরিশিখরান্নিপতন্তী পূর্ব্বেণেলাবৃতমুপপ্লাবয়তি ॥ ১৬ ॥

যদুপজোষণাদ্ভবান্যা অনুচরীণাং পুণ্যজনবধূনামবয়ব-স্পর্শ-সুগন্ধিবাতো

অন্বয়ঃ।

মন্দরস্য উৎসঙ্গে একাদশ শত যোজনং উত্তুঙ্গঃ যঃ দেবচূতঃ নামকঃ আম্রবৃক্ষঃ তস্য শিরসঃ সকাশাৎ গিরিশিখরবৎ স্থূলানি অমৃততুল্যানি মিষ্টানি ফলানি নিপতন্তি ॥ ১৫ ॥

তেষাং ফলানাং উচ্চনিপাতেন বিশীর্য্যমাণানাং যঃ অতিমধুরঃ চাসৌ সুরভিসুগন্ধি-বহুলঃ অরুণঃ চ রসঃ সঃ এব উদং উদকং তেন জাতা অরুণোদানাম নদী মন্দরগিরিশিখরাৎ নিপতন্তী সতী ইলাবৃতং পূর্ব্বেণ পূর্ব্বভাগতঃ উপপ্লাবয়তি ॥ ১৬ ॥

যদুপজোষণাৎ (যস্য রসস্য উপজোষণাৎ পানাৎ) ভবান্যাঃ অনুচরীণাং পুণ্যজনবধূনাং

শ্রীধরস্বামী।

একাদশ শত যোজনমুত্তুঙ্গো যো দেবচূতস্তস্য শিরসঃ সকাশাৎ। ফলপ্রমাণঞ্চোক্তং বায়ুপুরাণে। অরত্নীনাং শতান্যষ্টাবেকষষ্ট্যধিকানিচ। ফলপ্রমাণমাখ্যাতমৃষিভিস্তত্ত্ব-দর্শিভিরিতি ॥ ১৫ ॥

অতিমধুরশ্চাসৌ স্বতঃ সুরভিশ্চ সুগন্ধিশ্চ অন্যেষাং গন্ধৈ রধিবাসিতঃ বহুলশ্চাসাবরুণশ্চ রসঃ সএব উদকং তেন ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ফলানীতি ফলপ্রমাণমুক্তং বায়ুপুরাণে। অরত্নীনাং শতান্যষ্টাবেকষষ্টাধিকানি চ। ফল-প্রমাণমাখ্যাতমৃষিভি স্তত্ত্বদর্শিভিরিতি ॥ ১৫ ॥

মন্দর পর্ব্বতের ক্রোড়দেশে দেবচূত নামে যে আম্র বৃক্ষটী আছে, তাহার উচ্চতা একাদশ শত যোজন ; পর্ব্বত শৃঙ্গ সদৃশ বৃহদাকার অথচ অমৃত-তুল্য উক্ত বৃক্ষের সুমিষ্ট ফলসমূহ শিখরদেশ হইতে নিম্নে পতিত হইয়া থাকে ॥১৫॥

অতি উচ্চদেশ হইতে পতিত হইয়া ফল সকল ভগ্ন ও বিশীর্য্যমান হওয়ায়, সেই মধুর এবং অতি সুগন্ধ রসরাশি জলরূপে প্রবাহিত হইয়া, নদীরূপে পরিণত হইয়াছে। উক্ত রসের বর্ণ অরুণ ; সুতরাং সেই নদীও অরুণোদা নামে বিখ্যাত ; উক্ত নদী মন্দরগিরির শিখরদেশ হইতে প্রবাহিত হইয়া, ইলাবৃতবর্ষের পূর্ব্বদিক রসসিঞ্চনে আপ্লাবিত করিতেছে ॥ ১৬ ॥

এই নদীর জল সেবনে দেবী ভবানীর অনুচরী যক্ষবধূগণ অপূর্ব্ব মনো-হর গন্ধে নিত্য সুবাসিত ! অধিক কি ! গন্ধবহ তাঁহাদের অঙ্গসৌরভ বহন

দশযোজনং সমন্তাদনুবাসয়তি ॥ ১৭ ॥

এবং জম্বূফলানামত্যুচ্চ-নিপাত-বিশীর্ণানামনস্থিপ্রায়াণামিভকায়নিভানাং রসেন জম্বূনদী নাম নদী মেরুমন্দরশিখরাদযুতযোজনাদবনিতলে নিপতন্তী দক্ষিণেনাত্মানং যাবদিলাবৃতমুপস্যন্দতি ॥ ১৮ ॥

তাবদুভয়োরপি রোধসো র্যা মৃত্তিকা তদ্রসেনানুবিধ্যমানা বাযর্কসংযোগ-বিপাকেন সদামরলোকাভরণং জাম্বূনদং নাম সুবর্ণং ভবতি। যদুহ বাব

অন্বয়ঃ।

(পুণ্যজনাঃ যক্ষাঃ তেষাং বধূনাং) অবয়বস্পর্শসুগন্ধিবাতঃ দশযোজনং সমন্তাৎ চতুর্দ্দিক্ষু অনুবাসয়তি ॥ ১৭ ॥

অনস্থিপ্রায়াণাং অতিসূক্ষ্মবীজানাং ইভকায়নিভানাং হস্তিদেহতুল্যানাং, জম্বূফলানাং অত্যুচ্চনিপাতেন বিশীর্ণানাং রসেন এবং সংগৃহীতা জম্বূনদী নাম নদী অযুতযোজনাৎ মেরুমন্দরশিখরাৎ অবনিতলে নিপতন্তী সতী দক্ষিণেন আত্মানং আত্মনো দক্ষিণতঃ যাবৎ ইলাবৃতং অভিব্যাপ্য উপস্যন্দতি প্রবহতি ॥ ১৮ ॥

তস্যাঃ উভয়োঃ অপি রোধসোঃ তটয়োঃ যা মৃত্তিকা তস্যাঃ রসেন অনুবিধ্যমানা বিক্লিদ্য-

শ্রীধরস্বামী।

যদুপজোষণাৎ যস্য রসস্য সেবনাৎ ॥ ১৭ ॥

অনস্থিপ্রায়াণাং অতিসূক্ষ্মবীজানাং যত্র নিপততি তত আরভ্য আত্মনো দক্ষিণতঃ সর্ব্বমিলা-বৃতং ব্যাপ্য বহতীত্যর্থঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বতঃ সুরভিশ্চান্যেষাং গন্ধৈরধিবাসিতশ্চ ॥ ১৬ ॥ ১৭ ॥

অনস্থিপ্রায়াণাং অতিসূক্ষ্মবীজানাং দক্ষিণেন দক্ষিণস্যাং দিশি যাবদিলাবৃতং তাবদাত্মানং বর্দ্ধয়ন্তীতি শেষঃ। নব-যোজন-সহস্র পর্য্যন্তং নিঃসৃত্যেত্যর্থঃ ॥ ১৮ ॥

করত দশ যোজন পর্য্যন্ত স্থান সুবাসিত করিয়া থাকে ॥ ১৭ ॥

মেরুমন্দরস্থ জম্বূবৃক্ষের ফলও হস্তিদেহতুল্য অতি বৃহদাকার; অথচ তাহার বীজ অতি ক্ষুদ্র। ফলসমূহ তাদৃশ উচ্চ বৃক্ষের শৃঙ্গদেশ হইতে সুপক্ব হইয়া যখন নিম্নে পতিত হয়, অমনি বিশীর্য্যমান হইয়া যায়; সুতরাং তাদৃশ ফলসমূহের রস একত্র সংগৃহীত হইয়া নদীরূপে পরিণত হইয়াছে এবং মেরুমন্দর হইতে অযুত যোজন দূর পর্য্যন্ত প্রবাহিত হইয়া অবনিতলে নিপতিত হইয়াছে; উক্ত জম্বূনদী নামে বিখ্যাত স্রোতস্বতী ইলাবৃতবর্ষের দক্ষিণ বিভাগ জলের দ্বারা প্লাবিত করিতেছে ॥ ১৮ ॥

এই জম্বূনদীর উভয় তটস্থ মৃত্তিকা তজ্জলে সংসিক্ত হইয়া, বায়ু ও অর্ক-

বিবুধাদয়ঃ সহ যুবতিভি র্মুকুট-কটককটি-সূত্রাদ্যাভরণরূপেণ খলু ধারয়ন্তি। ১৯।

যস্তু মহাকদম্বঃ সুপার্শ্বপার্শ্বনিরূঢ় স্তস্য কোটরেভ্যো বিনিঃসৃতাঃ পঞ্চায়াম-পরিণাহাঃ পঞ্চ মধুধারাঃ সুপার্শ্বশিখরাৎ পতন্ত্যোঽপরেণাত্মানমিলাবৃতমনু-মোদয়ন্তি ॥

যা হ্যুপযুঞ্জানানাং মুখনির্ব্বাসিতো বায়ুঃ সমন্তাৎ শতযোজনমনুবাসয়তি ।২০।

অন্বয়ঃ।

মানা তাবৎ বায়র্কসংযোগাৎ বিপকেন সদা সর্ব্বদা অমরলোকাভরণং জাম্বুনদং নাম সুবর্ণং ভবতি। যৎ সুবর্ণং বিবুধাদয়ঃ যুবতিভিঃ সহ মুকুটাদ্যাভরণরূপেণ ধারয়ন্তি ॥ ১৯ ॥

যস্তু সুপার্শ্বপার্শ্বনিরূঢ়ঃ মহাকদম্বঃ তস্য কোটরেভ্যঃ পঞ্চ আয়ামঃ ব্যামঃ পরিণাহঃ স্থৌল্যং যাসাং তথাভূতাঃ পঞ্চ মধুধারাঃ সুপার্শ্বশিখরাৎ পতন্ত্যঃ অপরেণ আত্মানং আত্মনঃ পশ্চিমতঃ, ইলাবৃতং অনুমোদয়ন্তি তত্রত্যং প্রাণিজাতং হর্ষয়ন্তি ॥

যাঃ মধুধারাঃ উপযুঞ্জানানাং সেবমানানাং প্রাণিনাং মুখগন্ধেন নির্ব্বাসিতঃ বায়ুঃ শত-যোজনং যাবৎ অনুবাসয়তি ॥ ২০ ॥

শ্রীধরস্বামী

তাবৎ সর্ব্বতঃ রোধসোস্তটয়োঃ ॥ ১৯ ॥

আয়ামোঽত্র ব্যামঃ সচ ব্যামো বাহ্বোঃ সকরয়ো স্ততয়ো স্তির্য্যগন্তরমিত্যুক্তলক্ষণঃ। পঞ্চব্যামাঃ পরিণাহঃ স্থৌল্যং যাসামিত্যর্থঃ। কেচিত্তু পঞ্চব্যামপরিণাহা ইত্যেব পঠন্তি ॥২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাবৎ পর্য্যন্তমেব উভয়োরেব রোধসো স্তটয়ো রনুবিধ্যমানা যুজ্যমানা যা মৃত্তিকাস্তাঃ সুবর্ণং ভবতি ॥ ১৯ ॥

আয়ামোঽত্র ব্যামঃ। সচ ব্যামো বাহ্বোঃ সকরয়ো স্ততয়ো স্তির্য্যগন্তরমিত্যুক্তলক্ষণঃ। পঞ্চভির্ব্যামৈঃ পরিমিতঃ পরিণাহ স্থৌল্যং যাসাং তাঃ। কেচিত্তু পঞ্চব্যামপরিণাহা ইতি পঠন্তি অনুমোদয়ন্তি। তত্র লোকপ্রশংসাভিরাত্মানং হর্ষয়ন্তি ॥ ২০ ॥

যোগের অপূর্ব্ব পরিপাকে জম্বুনদ নামক সুবর্ণরূপে পরিণত হয় এবং তদ্দ্বারা দেবলোক ও মনুষ্যলোকের আভরণাদি প্রস্তুত হইয়া থাকে। দেবলোকগণ বনিতাসহ তাদৃশ সুবর্ণালঙ্কারে ভূষিত হইয়া, সর্ব্বদা বিহার করিয়া থাকেন ॥ ১৯ ॥

সুপার্শ্ব পর্ব্বতের পার্শ্বদেশে দেবকদম্ব নামে যে বিপুল কদম্ববৃক্ষ আছে, তাহার কোটরসমূহ হইতে পঞ্চব্যাম প্রশস্ত পাঁচটী মধুধারা ঐ পর্ব্বতের শিখর হইতে নিঃসৃত হইয়া ইলাবৃতবর্ষের পশ্চিম অংশে অপূর্ব্ব মধুররস ও সুগন্ধ প্রদানে তত্রত্য জীবনিচয়কে নিরন্তর আনন্দিত করিতেছে ॥

এবং কুমুদ-নিরূঢ়ো যঃ শতবল্‌শো নাম বটস্তস্য স্কন্ধেভ্যো নীচীনাঃ পয়োদধি মধু ঘৃত গুড়ান্নাদ্যম্বর-শয্যাসনাভরণাদয়ঃ সর্ব্ব এব কামদুঘা নদাঃ কুমুদাগ্রাৎ পতন্তস্তমুত্তরেণেলাবৃতমুপযোজয়ন্তি। যানুপজুষাণানাং ন কদাচিদপি প্রজানাং বলীপলিতক্লমস্বেদদৌর্গন্ধ্যজরাময়াপমৃত্যু শীতোষ্ণ বৈবর্ণ্যোপসর্গাদয়স্তাপবিশেষা ভবন্তি যাবজ্জীবং সুখং নিরতিশয়মেব। কুরঙ্গ-কুরর-কুসুম্ভ বৈকঙ্ক ত্রিকূট শিশির পতঙ্গ রুচক নিষধ শিতিবাস কপিল শঙ্খ বৈদূর্য্য জারুধি হংসর্ষভ নাগ কালঞ্জর নারদাদয়ো গিরয়ো মেরোঃ কর্ণিকায়া ইব কেশরভূতা মূলদেশে পরিত উপকৢপ্তাঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

এবং কুমুদনিরূঢ়ঃ যঃ শতবল্‌শঃ নাম বটঃ তস্য স্কন্ধেভ্যঃ নীচীনাঃ অধোমুখাঃ, পয়আদি প্রবাহিণঃ সর্ব্ব এব কামদুঘাঃ মনোরথপূরকাঃ নদাঃ কুমুদাগ্রাৎ পতন্তঃ তং উত্তরেণ আত্মনঃ উত্তরতঃ, ইলাবৃতং যোজয়ন্তি উত্তরাদিশি প্রবহন্তি। যান্ নদসম্বন্ধিপদার্থান্ পয় আদীন্ উপজুষাণানাং উপভুঞ্জানানাং প্রজানাং কদাচিদপি বলীপলিতাদয়ঃ উপসর্গাঃ তাপবিশেষাঃ ন ভবন্তি ; কিন্তু যাবজ্জীবং নিরতিশয়ং সর্ব্বোৎকৃষ্টং সুখমেব তিষ্ঠতি। বলীপলিতঃ শরীর-চর্ম্মসংকোচঃ। ক্লমঃ শরীরে শ্রান্তিঃ। মৃত্যুঃ অপমৃত্যুঃ। কুরঙ্গাদি নাম বিশিষ্টাঃ গিরয়ঃ কর্ণিকায়াঃ কেশরভূতাঃ ইব মেরোঃ পরিতঃ মূলদেশে উপকৢপ্তাঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

নীচীনা অধোমুখাঃ ॥ ২১ ॥

এই মধুধারার সম্ভোগে স্থানীয় প্রাণিগণের মুখে এরূপ অপূর্ব্ব সুগন্ধের উপচয় হয় যে, তৎসংস্রবে শতযোজন স্থান নিরন্তর গন্ধামোদিত উপলব্ধ হইয়া থাকে ॥ ২০ ॥

ঐরূপ কুমুদ পর্ব্বতে শতবল্‌শ নামে যে সুবৃহৎ বট বৃক্ষটী আছে, তাহার স্কন্ধদেশ হইতে অনেকানেক নদের প্রবাহ হইয়াছে, যাহার প্রসাদে তত্রত্য অধিবাসিগণ দধি, দুগ্ধ, ঘৃত, মধু, গুড় ও অন্ন এবং বসন, ভূষণ, শয়ন ও আসনাদি সমুদায় অভিলষিত বস্তুই প্রাপ্ত হইয়া থাকে। ঐ নদসমূহ পর্ব্বতের অগ্রভাগ হইতে প্রসৃত হইয়া, ইলাবৃতের উত্তরাংশ প্লাবিত করিতেছে। উক্ত নদের রসে সমুৎপন্ন সামগ্রীনিচয়ের সম্ভোগে স্থানীয় প্রজাবর্গের কখন অঙ্গবৈকল্য, ক্লান্তি, ঘর্ম্ম, জরা, রোগ, অপমৃত্যু বা শীতোষ্ণাদিজনিত কোন রূপ বৈবর্ণ্য, উপসর্গ বা সন্তাপের হেতু উপস্থিত হয় না ; যাবজ্জীবন নিরতিশয় সুখসম্ভোগেই তাহারা কালাতিপাত করিয়া থাকে। হে নরনাথ! এতদ্ব্যতীত কুরঙ্গ, কুরর, কুসুম্ভ, বৈকঙ্ক, ত্রিকূট, শিশির, পতঙ্গ, রুচক, নিষধ,

জঠর-দেবকূটৌ মেরুং পূর্ব্বেণাষ্টাদশ-যোজন-সহস্রমুদগায়তৌ দ্বিসহস্র-পৃথুতুঙ্গৌ ভবতঃ। এবমপরেণ পবনপারিজাত্রৌ দক্ষিণেন কৈলাস-করবীরৌ প্রাগায়তৌ এবমুত্তরত স্ত্রিশৃঙ্গ-মকরৌ অষ্টাভিরেতৈঃ পরিসৃতোহগ্নিরিব পরিতশ্চকাস্তি কাঞ্চনগিরিঃ। মেরোর্মূর্দ্ধনি ভগবত আত্মযোনের্মধ্যত উপক৯প্তাং পুরীমযুতযোজন-সাহস্রীং সমচতুরস্রাং শাতকৌম্ভীং বদন্তি॥ ২২

অন্বয়ঃ।

মেরুং পূর্ব্বেণ মেরোঃ পূর্ব্বতঃ জঠরদেবকূটসঙ্গৌ পর্ব্বতৌ অষ্টাদশ যোজন-সহস্রপ্রমাণং উদগায়তৌ দক্ষিণোত্তরতো দীর্ঘৌ; দ্বিযোজনসহস্রং পৃথুতুঙ্গৌ চ ভবতঃ। এবং অপরেণ মেরোঃ পশ্চিমতঃ, পবনপারিজাতসঙ্গৌ তিষ্ঠতঃ; তৌ অপি দক্ষিণোত্তরতঃ অষ্টাদশ যোজন-সহস্রং দীর্ঘৌ দ্বিযোজন-সহস্রং পৃথুতুঙ্গৌ চ। তথা মেরোঃ দক্ষিণতঃ কৈলাস-করবীরৌ প্রাগায়তৌ পূর্ব্বপশ্চিমতঃ অষ্টাদশযোজনসহস্রং দীর্ঘৌ দ্বিযোজন-সহস্রং পৃথু-তুঙ্গৌ চ ভবতঃ। তথা মেরোঃ উত্তরতঃ ত্রিশৃঙ্গ-মকরসঙ্গৌ পূর্ব্বপশ্চিমতঃ অষ্টাদশ যোজন-সহস্রং দীর্ঘৌ দ্বিযোজন-সহস্রং পৃথুতুঙ্গৌ চ ভবতঃ। এতেষাং জঠরাদীনাং রজতময়ত্বং, কৈলাসস্য রাজতত্বং প্রসিদ্ধ্যা তৎসাদৃশ্যেন জ্ঞেয়ং॥

মেরোঃ মূর্দ্ধনি ব্রহ্মণঃ অযুতযোজন সাহস্রীং সমচতুরস্রাং শাতকৌম্ভীং সুবর্ণময়ীং-মনোবতীং নাম পুরীং মধ্যতঃ উপক্লৃপ্তাং রচিতাং বদন্তি॥ ২২॥

শ্রীধরস্বামী।

চতুর্দ্দিক্ষু মেরুমূলাদ্‌যোজনসহস্রং ত্যক্ত্বা অগ্রে: পরিতঃ পরিধয় ইব জঠর-দেবকূটাদয় স্তিষ্ঠন্তি। ততোহষ্টাদশ যোজন-সহস্রং প্রমাণমত্রোক্তং। বৈষ্ণবাদি পুরাণেষু পরিমাণাদি যৎ পুনঃ। অন্যথা বর্ণিতং তত্তু কল্পভেদাদ্যপেক্ষয়া। দ্বিসহস্রং পৃথুচ তুঙ্গৌ চ॥ ২২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শতবল্‌শঃ শতস্কন্ধঃ। নীচীনাঃ অধোমুখাঃ॥ ২১॥ ২২॥

শিতিবাস, কপিল, শঙ্খ, বৈদুর্য্য, জারুধি, হংস, ঋষভ, নাগ, কালিঞ্জর এবং নীরদ প্রভৃতি শৈলসমূহ কর্ণিকাস্থানীয় সুমেরুর চতুর্দ্দিকে তৎপাদদেশে তদীয় কেশরের ন্যায় সমুৎপন্ন হইয়া, বিরাজ করিতেছে।। ২১।।

সুমেরুর পূর্ব্বদিকে জঠর ও দেবকূট নামে দুই অচল আছে; উহারা উভয়ে উত্তরদিকে অষ্টাদশ যোজন দীর্ঘ এবং দ্বিসহস্র যোজন উচ্চ। ঐরূপ সুমেরুর পশ্চিমে পবন ও পারিজাত্র, দক্ষিণে কৈলাস ও করবীর এবং উত্তরে ত্রিশৃঙ্গ ও মকর নামে দুইটী করিয়া পর্ব্বত প্রত্যেকে অষ্টাদশ যোজন আয়ত এবং দ্বিসহস্র যোজন উন্নত হইয়া শৈলরাজের পাদদেশ হইতে সহস্র যোজন দূরে অবস্থিত রহিয়াছে। এই অষ্ট পর্ব্বতের পরিবেষ্টনে অগ্নি

তামনুপরিতো লোকপালানামষ্টানাং যথাদিশং যথারূপং তুরীয়মানেন পুরোঽষ্টাবুপকপ্তাঃ ।২৩॥

॥*। ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ভুবনকোশ-বর্ণনে ষোড়শোঽধ্যায় ।*॥ ১৬ ॥*॥

অন্বয়ঃ।

তাং ব্রহ্মপুরীং অনুপরিতঃ অন্যেষাং অষ্টানাং লোকপালানাং যথাদিশং যথারূপং তুরীয়মানেন (ব্রহ্মপুরিবিস্তারস্য চতুর্থভাগপ্রমাণেন সার্দ্ধসহস্র-যোজনবিস্তারেণ) অষ্টৌ পুরঃ উপক্লৃপ্তাঃ রচিতাঃ সন্তি। (তত্র প্রাচ্যাং ইন্দ্রস্য অমরাবতী নাম আগ্নেয্যাং অগ্নেঃ তেজোবতী নাম, অবাচ্যাং যমস্য সংযমনী নাম; নৈঋত্যাং নিঋতেঃ কৃষ্ণাঙ্গনা নাম, প্রতীচ্যাং বরুণস্য শ্রদ্ধাবতী নাম; বায়ব্যাং বায়োঃ গন্ধবতী নাম; উদীচ্যাং ধনদস্য মহোদয়া নাম; ঐশান্যাং ঈশানস্য যশোবতী নাম) ॥ ২৩ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ষোড়শোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥

শ্রীধরস্বামী।

যথাদিশং প্রাচ্যাদিদিক্ষু যথারূপং ইন্দ্রাদিবর্ণানতিক্রমেণ তুরীয়মানেন সার্দ্ধদ্বিসহস্রপ্রমাণেন নামানি পুরাণান্তরাৎ জ্ঞাতব্যানি যথোক্তং। মেরৌ নবপুরাণি স্যুর্ম্মনোবত্যমরাবতী। তেজোবতী সংযমনী তথা কৃষ্ণাঙ্গনা পরা। শ্রদ্ধাবতী গন্ধবতী তথা চান্যা মহোদয়া। যশোবতী চ ব্রহ্মেন্দ্র বহ্ন্যাদীনাং যথাক্রমমিতি ২৩ ॥

॥*॥ ইতি পঞ্চমে ষোড়শঃ ॥*॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথাদিশং প্রাচ্যাদি দিক্ষু। যথা রূপমিন্দ্রাদিবর্ণানতিক্রমেণ তুরীয়মানেন সার্দ্ধদ্বিসহস্রমানেন নামানি পুরাণান্তরাজ্ জ্ঞাতব্যানি। যথোক্তং। মেরৌ নবপুরাণি স্যু র্মনোবত্যমরাবতী। তেজোবতী সংযমনী তথা কৃষ্ণাঙ্গনা পরা। শ্রদ্ধাবতী গন্ধবতী তথা চান্যা মহোদয়া যশোবতী চ ব্রহ্মেন্দ্র বহ্ন্যাদীনাং যথা ক্রমমিতি ॥ ২৩ ॥

॥*॥ ইতি সারার্থ-দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চমে ষোড়শোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥*॥

পরিধির বেষ্টনের ন্যায় কাঞ্চনগিরি সুমেরু যে কি অপূর্ব্ব শোভায় সমন্বিত তাহা বর্ণনাতীত। ইতিবৃত্তলেখক পণ্ডিতগণ বলেন যে, ঐ সুমেরুর শিখরদেশে ভগবান্ কমলাসনের মনোবতী নামে অপূর্ব্ব পুরী বিদ্যমান রহিয়াছে। ঐ পুরী সহস্র অযুত যোজন বিস্তৃত এবং সুবর্ণের দ্বারা নির্ম্মিত এবং চতুর্দ্দিকে সমচতুষ্কোণ ॥ ২২ ॥

উক্ত ব্রহ্মপুরীর চতুর্দ্দিকে প্রত্যেকে তাহার এক-চতুর্থাংশ এবং সার্দ্ধ দ্বিসহস্র-যোজন আয়ত ব্রহ্মপুরীর অনুরূপ অষ্টদিকপালের পুরী বিরাজমান

শ্রীশুক উবাচ ॥

তত্র হ ভগবতঃ সাক্ষাদ্যজ্ঞলিঙ্গস্য বিষ্ণোর্বিক্রমতো বামপাদাঙ্গুষ্ঠনখনির্ভিন্নোর্দ্ধাণ্ডকটাহ-বিবরেণান্তঃপ্রবিষ্টা যা বাহ্যজলধারা তচ্চরণপঙ্কজাবনে-

অন্বয়ঃ।

তত্র (যদা দৈত্যবিজয়-সময়ে বামনাবতারো জাতঃ তদা) হ নিশ্চয়ে যজ্ঞলিঙ্গস্য (বলেঃ যজ্ঞে বামনমূর্ত্তি র্যস্য তস্য) সাক্ষাৎ ভগবতঃ বিষ্ণোঃ বিক্রমতঃ (দক্ষিণেন পদা ভুবং ক্রান্ত্বা বামং পদং উৎক্ষিপতঃ) বামপাদাঙ্গুষ্ঠনখেন নির্ভিন্নং উর্দ্ধং উপরিভাগঃ যস্য তস্য অণ্ডকটাহস্য বিবরেণ অন্তঃ প্রবিষ্টাঃ যা বাহ্যজলধারাঃ অখিলানাং সর্ব্বেষাং স্বসম্বন্ধিনাং

শ্রীধরস্বামী।

ততঃ সপ্তদশে গঙ্গাগমনং তু চতুর্দ্দিশং।

ইলাবৃতেচ রুদ্রেণ সঙ্কর্ষণ-নিষেবণং ॥ * ॥

যজ্ঞলিঙ্গস্য বলে র্যজ্ঞে লিঙ্গং ত্রিবিক্রমমূর্ত্তি র্যস্য বিক্রমতঃ দক্ষিণেন পদা ভুবং ক্রান্ত্বা বামপাদমুৎক্ষিপতঃ বামপাদাঙ্গুষ্ঠনখেন নির্ভিন্নং উর্দ্ধমুপরিভাগো যস্যাণ্ডকটাহস্য তস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গঙ্গানামাগমং ভূমৌ ভৌমস্বর্গসুখং তথা।

সঙ্কর্ষণস্য রুদ্রেণ সেবাং সপ্তদশেঽব্রবীৎ ॥ * ॥

সুমেরোঃ পরিধিকেশরাদি-শোভাং বর্ণয়িত্বা সর্ব্বশোভাচূড়ামণিমতিদীর্ঘতরশাখাশিখরহীরকমুকুটবিশেষায়মানাং তন্মূর্দ্ধ্নি বিরাজমানাং শ্রীগঙ্গাং বর্ণয়ংস্তৎপ্রাদুর্ভাবপ্রকারমাহ তত্র বামনাবতার-সময়ে বিক্রমতঃ দক্ষিণেন পদা ভুবং ক্রান্ত্বা বামপাদমুৎক্ষিপতঃ ত্রিসাম্য-

---

রহিয়াছে। পূর্ব্বদিকে ইন্দ্রের অমরাবতী, অগ্নিকোণে অগ্নির তেজোবতী, দক্ষিণে যমের সংযমনী, নৈঋতে নিঋতির কৃষ্ণাঙ্গনা, পশ্চিমে বরুণের শ্রদ্ধাবতী, বায়ুকোণে পবনের গন্ধবতী, উত্তরদিকে কুবেরের মহোদয়া এবং ঈশানকোণে ঈশানের যশোবতী নামে অষ্ট পুরী বিরাজ করিতেছে ॥ ২৩ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ষোড়শ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! দৈত্যবিজয়কালে ভগবান্ নারায়ণ বামনমূর্ত্তিতে অবতীর্ণ হইয়া যখন বলিরাজের যজ্ঞে উপনীত হন এবং ত্রিপাদ ভূমি যাচ্ঞা করেন, তখন দান-বীর বলি তাঁহাকে ত্রিপাদ ভূমি প্রদানে সম্মত হইলেন। কিন্তু ভগবান্ ত্রিবিক্রমের দক্ষিণ চরণ বিক্ষেপেই সমগ্র ধরাতল

আভাস।

সপ্তদশাধ্যায়ে ইলাবৃত বর্ষের চতুর্দ্দিকে গঙ্গার গমন এবং ভগবান্ রুদ্র কর্ত্তৃক সঙ্কর্ষণ দেবের স্তব বর্ণিত হইয়াছে ॥

জনারুণ-কিঞ্জল্কোপরঞ্জিতাহখিল-জগদঘমলাপহোপস্পর্শনাহমলা সাক্ষাদ্ভগবৎ-পদীত্যনুপলক্ষিত-বচোহভিধীয়মানাতিমহতা কালেন যুগসহস্রোপলক্ষণেন দিবো মূর্দ্ধন্যবততার ॥ ১ ॥

অন্বয়ঃ।

জগতাং প্রাণিনাং অঘানি অন্তঃপাপানি, মলানি বহিষ্ঠানি অপহন্তীতি তথাভূতং উপস্পর্শনং যস্যাঃ সা অমলা স্বয়ং তৎসংসর্গরহিতা যতঃ তস্য ভগবতঃ চরণপঙ্কজস্য অবনেজনং প্রক্ষালনং তেন অরুণং যৎ তদ্গতং কুঙ্কুমং তদেব কিঞ্জল্কাঃ কেশরাঃ তৈঃ উপরঞ্জিতা অতঃ সাক্ষাৎপদ-সম্বন্ধাৎ ভগবৎপদী ইতি যদনুপলক্ষিতং জাহ্নবী ভাগিরথীতি বচঃ নাম ইতি তেন নাম্না অভি-ধীয়মানা সা অতিমহতা যুগসহস্রোপলক্ষণেন কালেন দিবঃ মূর্দ্ধনি ধ্রুবমণ্ডলে, অবততার ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

বিবরেণান্তঃপ্রবিষ্টা যা বাহ্যজলধারা সা দিবো মূর্দ্ধন্যবততার ইত্যন্বয়ঃ। তস্য যচ্চরণ-পঙ্কজং তস্যাবনেজনেন ক্ষালনেনারুণং তদ্গতং কুঙ্কুমং তদেব কিঞ্জল্কস্তৈরুপরঞ্জিতা অতএবাখিলস্য জগতোহঘমলাপহমুপস্পর্শনং যস্যা স্তথাপ্যমলা তন্মলসঙ্গশূন্যা সাক্ষাৎ ভগবৎপদীতি যৎ অনুপলক্ষিতং জাহ্নবী ভাগীরথীত্যাদি উপলক্ষণান্তররহিতং বচোনাম তেনাভিধীয়মানা ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সদনাদুরুকম্পয়ানমিতি ব্রহ্মোক্তৌ তস্য প্রকৃত্যাবরণপর্য্যন্ত-ব্যাপ্তি-শ্রবণাৎ বাহ্যা পৃথিব্যা-দ্যষ্টাবরণেভ্যো বহির্ভূতা কারণার্ণবসম্বন্ধিনী চিন্ময়ী যা জলধারা সা দিবো মূর্দ্ধনি ধ্রুবলোকে হ্যবততারেত্যন্বয়ঃ। তচ্চরণ-পঙ্কজয়োরবনেজনে ক্ষালনসময়ে অরুণঃ চরণতলস্যারুণিম্নৈব কিঞ্জল্ক স্তেনোপরঞ্জিতা অঘমলাপহমুপস্পর্শনং যস্যাস্তথাপ্যমলা তন্মলসঙ্গশূন্যা সাক্ষাৎ ভগবৎপদীতি যদনুপলক্ষিতং তস্মিন্ কালে ভাগীরথী জাহ্নবীত্যাদ্যুপলক্ষণান্তররহিতং বচো নাম তেনাভিধীয়মানা ॥ ১ ॥

ব্যাপ্ত হইল; পরে অপর চরণ-পরিমিত স্থান লাভের জন্য যখন তিনি দ্বিতীয় বাম চরণ উত্তোলন করিলেন, তখন তাঁহার সেই চরণাঙ্গুষ্ঠের নখের অগ্রভাগ স্পর্শে ব্রহ্মাণ্ডকটাহের ঊর্দ্ধদেশ ভেদ হইয়া গেল এবং সেই নখবিভিন্ন বিবর অবলম্বনে উপরিস্থিত যাবতীয় জলরাশি ভগবৎপাদপদ্ম স্পর্শে নিম্ন-গামি হইয়া, যুগ-সহস্রোপলক্ষিত সুদীর্ঘ কালে স্বর্গের শীর্ষস্থান ধ্রুবলোকে প্রথম নিপতিত হয় এবং তৎপরে ক্রমশ মর্ত্তধামে অবতরণ করত জাহ্নবী ভাগিরথী প্রভৃতি নামে বিখ্যাত হইয়াছেন। এই বিষ্ণুপাদ-সম্বন্ধিনী গঙ্গার মহিমা বর্ণন বা অবধারণ করা বাক্য ও মনের অতীত; ইহা বর্ণন করা মানবের পক্ষে কখনই সম্ভবপর নহে। কারণ যে চরণের স্মরণে জীবের ভববন্ধনের মোচন হয়, ভগিরথী সেই চরণপদ্মকে সুধৌত করত, স্বয়ং পদ্মকিঞ্জল্ক সদৃশ

যত্তদ্বিষ্ণুপদমাহুঃ ॥ ২ ॥

যত্র হ বাব বীরব্রত ঔত্তানপাদিঃ পরমভাগবতোঽস্মৎকুলদেবতাচরণারবিন্দোদকমিতি যামনুসবনমুৎকৃষ্যমাণ-ভগবদ্ভক্তিযোগেন দৃঢ়ং ক্লিদ্যমানান্তর্হৃদয় ঔৎকণ্ঠ্য-বিবশামীলিত-লোচন-যুগল-কুট্মল-বিগলিতামল-বাস্পকলয়াভি-

অন্বয়ঃ।

যৎ যো দিবঃ মূর্দ্ধা তৎ বিষ্ণুপদং আহুঃ ॥ ২ ॥

যত্র লোকে অনুসবনং প্রতিক্ষণং উৎকৃষ্যমাণঃ সম্বর্দ্ধমানঃ যঃ ভগবদ্ভক্তিযোগঃ তেন দৃঢ়ং অত্যন্তং ক্লিদ্যমানং অন্তর্হৃদয়ং যস্য সঃ, অতঃ ঔৎকণ্ঠ্যেন বিবশং আমীলিতং যৎ লোচনযুগলং তদেব কুট্মলে মুকুলে তাভ্যাং বিগলিতং অমলং বাস্পং তস্য কলয়া সহ অভিব্যজ্যমানং রোমপুলকানাং কুলকং যস্য সঃ পরমভাগবতঃ বীরব্রতঃ দৃঢ়সংকল্পঃ, ঔত্তানপাদিঃ

শ্রীধরস্বামী।

হে ভগবন্! আপনি স্বীয় অচিন্ত্য মায়াশক্তির প্রভাবে জগতের প্রয়োজনা-নুসারে সত্ত্বাদি গুণত্রয়কে স্ব স্বরূপে গ্রহণ করত কূর্ম্ম, বরাহ ও নৃসিংহাদি যে সকল অবতারবিগ্রহ ধারণ করিয়াছেন, তাহা এই বহুরূপে প্রকাশিত এবং বিবিধ নামে অভিহিত যাবতীয় সৃষ্ট বস্তুরই কারণস্বরূপ। কিন্তু হে ভগবন্! বিচক্ষণ মানবগণ নিজ মনীষা-বলে যথেষ্ট তর্কাদির সাহায্যেও যেমন আপনার উক্ত কূর্ম্ম বরাহাদির স্বরূপ অবধারণে সক্ষম হয় না, সেইরূপ মায়িক কল্পনায়

আভাস।

কিন্তু জলের পরিমাণ অনুসারে নিরাকার বায়ু যেমন পৃথক্ পৃথক্ নাম ও রূপে প্রতিত হয়, সেইরূপ অচিন্ত্যশক্তি মহামায়ার কুহকে শক্ত পরমাত্মা বিচিত্ররূপে প্রতীত হইতেছেন। স্থূল বৃহদাকার মানব কলেবরের মধ্যে বর্ণ, স্বভাব ও কণ্ঠস্বরাদি ভেদে যখন অনন্ত ভেদ বিলক্ষণ দেখিতে পাওয়া যায়, তখন অতি ক্ষুদ্র মশকাদির মধ্যেও ঐরূপ ভেদ অবশ্য স্বীকার্য্য।

জরায়ুজং স্বেদজমণ্ডজোদ্ভিদং চরাচরং দেবর্ষি পিতৃভূতমৈন্দ্রিয়ং।
দ্যৌঃ খং ক্ষিতিঃ শৈল সরিৎ সমুদ্র দ্বীপ গ্রহর্ক্ষে'ত্যভিধেয় একঃ॥ ৩১॥

অন্বয়ঃ।

জরায়ুজঃ (জরায়ুণা গর্ভে বেষ্টিতং সৎ ততো জায়তে ইতি মনুষ্যাদিঃ) স্বেদজং (স্বেদাজ্জায়তে ইতি দংশমশকমৎকুণাদি) অণ্ডজং (অণ্ডাজ্জায়তে ইতি পক্ষ্যাদি) উদ্ভিদং (ঊর্দ্ধং ভিত্ত্বা জায়তে ইতি বৃক্ষাদি) তথা চরং জঙ্গমং, অচরং স্থাবরং পর্ব্বতাদি) দেবাঃ ইন্দ্রাদয়ঃ, ঋষয়ঃ বশিষ্ঠাদয়ঃ, পিতরঃ অর্য্যমাদয়ঃ, ভূতানি আকাশাদীনি, ঐন্দ্রিয়ং ইন্দ্রিয়বর্গঃ, দ্যৌঃ স্বর্গঃ, খং অন্তরীক্ষং ভুবর্লোকঃ, ক্ষিতিঃ ভূর্লোকঃ, শৈলাঃ পর্ব্বতাঃ, সরিতঃ নদ্যঃ, সমুদ্রাঃ ক্ষারোদাদয়ঃ, দ্বীপাঃ জম্ব্বাদয়ঃ, গ্রহাঃ আদিত্যাদয়ঃ, ঋক্ষাণি অশ্বিন্যাদীনি নক্ষত্রাণি ইতি এবং তত্তন্নাম্না অভিধেয়ঃ ত্বং একঃ এব॥ ৩১॥

শ্রীধরস্বামী।

বহুরূপত্বং দর্শয়ন্ তস্যেশ্বরাদব্যতিরেকমাহ জরায়ুজেতি। দ্বীপগ্রহর্ক্ষ'মিত্যভিধেয়স্ত্বমেবৈকঃ ন ত্বদ্ব্যতিরেকোঽস্তি। সর্ব্বং খল্বিদং ব্রহ্মেত্যাদি শ্রুতেরিত্যর্থঃ॥ ৩১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবমনন্তভেদস্যাপি বিশ্বস্য ত্বদেককারণত্বাদেকবিধত্বমপীত্যাহ জরায়ুজেতি গ্রহর্ক্ষে'ত্যার্ষং ইত্যেষামেক ত্বমেবাভিধেয়ঃ। তথাচ শ্রুতিঃ সর্ব্বং খল্বিদং ব্রহ্মেতি॥ ৩১॥

উপকল্পিত অতএব মিথ্যাভূত এই সাংসারিক বস্তুনিচয়ের অনন্তভাবের নিরূপণ করিতেও তাঁহারা কখন সমর্থ হন না॥ ৩০॥

জরায়ুজ, স্বেদজ, অণ্ডজ ও উদ্ভিজ্জ ভেদে স্থাবর জঙ্গমাত্মক প্রাণীনিচয়, ইন্দ্রাদি দেবতা, বশিষ্ঠাদি ঋষিগণ, অর্য্যমাদি পিতৃগণ, আকাশাদি পঞ্চ মহাভূত, একাদশ ইন্দ্রিয়, স্বর্গ, অন্তরীক্ষ ও মর্ত্তলোক, তত্রস্থ পর্ব্বত, নদ, নদী সমুদ্র, দ্বীপ ও গ্রহ এবং নক্ষত্ররূপে পরিচিত এই পরিদৃশ্যমান অনন্ত পদার্থ নামে এক আপনিই সর্ব্বময় ও সর্ব্বস্বরূপ হইয়া বিরাজ করিতেছেন॥ ৩১॥

আভাস।

অতএব সংসারে ভেদের নিরূপণ করা একান্ত অসম্ভব। জল বুদ্‌বুদ্ জলোপাধির তারতম্যে যতই ক্ষুদ্র বা বৃহদাকারে এবং বিচিত্র বর্ণে অবভাসিত হউক্ না কেন, তাহার অন্তরস্থ বায়ুর কোন ভেদ বা বৈচিত্র্য নাই, সেইরূপ অনন্ত জগদ্রূপে প্রতীত হইলেও, ভগবানের স্বরূপে কোন অন্যথাভাব নাই এবং জগৎ দর্শনেও তাঁহার স্বরূপের অবধারণ করা হয় না॥ ৩০॥

এই শ্লোকে জরায়ুজাদির নামোল্লেখে বহুরূপত্বের পরিচয় দিয়াছেন বটে, কিন্তু বায়ু ব্যতীত যেমন বুদ্‌বুদের নামগন্ধও থাকে না, সেইরূপ পরমাত্মা ব্যতীত স্বষ্ট সংসারের নাম গন্ধও যে থাকে না, তাহাই এস্থলে সুস্পষ্ট প্রকাশ করা হইয়াছে। এতদ্দ্বারা "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" এই শ্রুতি-তাৎপর্য্যেরই প্রতিপাদন করা হইয়াছে মাত্র॥ ৩১॥

যস্মিন্নসংখ্যেয়-বিশেষ-নাম-রূপাকৃতৌ কবিভিঃ কল্পিতেয়ং।
সংখ্যা যয়া তত্ত্বদৃশাঽপনীয়তে তস্মৈ নমঃ সাংখ্যনিদর্শনায় তে ইতি ॥৩২॥
উত্তরেষুচ কুরুষু ভগবান্ যজ্ঞপুরুষঃ কৃতবরাহরূপ আস্তে।

অন্বয়ঃ।

অসংখ্যেয়াঃ অনন্তাঃ বিশেষাঃ যেষাং তানি নামানি রূপাণি আকৃতয়ঃ চ যস্য তাদৃশে যস্মিন্ ত্বয়ি প্রপঞ্চাত্মকে কবিভিঃ সাংখ্যাচার্য্যৈঃ কপিলাদিভিঃ, ইয়ং (চতুর্বিংশত্যাদি) সংখ্যা (বিবেকায়) কল্পিতা ইতি সা সংখ্যা যয়া তত্ত্বদৃশা যেন তত্ত্বজ্ঞানেন, অপনীয়তে তস্মৈ তে তুভ্যং নমঃ ইতি (সাংখ্যবিদাং নিদর্শনায় সিদ্ধান্তরূপায়) ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

সপ্রপঞ্চতামনূদ্য তন্নিরাসেন প্রণমতি যস্মিন্নিতি। অসংখ্যেয়া অনন্তা বিশেষা যেষাং তানি নামানি রূপাণ্যাকৃতয়শ্চ যস্য তাদৃশে যস্মিন্ ত্বয়ি কবিভিঃ কপিলাদিভিরিয়ং চতুর্ব্বিংশত্যাদি সংখ্যা কল্পিতা সতী যয়া তত্ত্বদৃশা যেন তত্ত্বজ্ঞানেন অপনীয়তে তস্মৈ তে তুভ্যং সাংখ্যসিদ্ধান্তরূপায় নমঃ পরমার্থজ্ঞানরূপায় ইতি বা ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ বিশ্বস্যাস্য নশ্বরত্বাজ্জ্ঞানিভিরনুপাদেয়ত্বমাহ যস্মিন্নিতি অসংখ্যেয়া অনন্তা বিশেষা যেষাং তানি নামানি রূপাণ্যাকৃতয়শ্চ যস্য তত্র ইয়মুক্তলক্ষণা জরায়ুজাদিরূপা সংখ্যা কল্পিতা

অহো! এই অসংখ্য নামরূপাদিভেদে ও বিচিত্র কার্য্যরূপে পরিচিত থাকিয়া, প্রপঞ্চ জগন্ময়ভাবে লক্ষিত আপনার স্বরূপকে আদি-জ্ঞানবান্ সাংখ্যাচার্য্য মহর্ষি কপিলদেব কেবল চতুর্ব্বিংশতি তত্ত্বের উল্লেখে নিরূপণ করিয়াছেন বটে, কিন্তু যে তত্ত্বজ্ঞানের উদয়ে সেই তত্ত্বসংখ্যারও অপনয়ন হইয়া যায়, সেই সাংখ্যসিদ্ধান্তের ফলস্বরূপ আপনাকে প্রণাম করি! ॥ ৩২ ॥

উত্তর কুরুবর্ষে যজ্ঞপুরুষ ভগবান্ তমোমিশ্র সত্ত্বপ্রধান বরাহবিগ্রহ ধারণে আবির্ভূত আছেন। তথায় ধরণীর অধিষ্ঠাত্রী ভূমিদেবী কুরুবর্ষবাসী

আভাস।

বিশ্ব নশ্বর; সুতরাং জ্ঞানিগণ তাহাকে উপেক্ষা করিয়াই থাকেন। তাঁহারা বস্তুর আড়ম্বর দর্শনেই তুষ্ট হন না; তাহার অন্তরে প্রবেশ পূর্ব্বক আশ্রয়-তত্ত্বের অনুসন্ধান করিয়া থাকেন। সুতরাং কার্য্যস্বরূপ জগৎকে প্রদর্শন করাইয়া, তাহার মূলতত্ত্ব কারণকে অনুসন্ধান করাইবার জন্যই যেন ভগবান্ আমাদিগকে ইন্দ্রিয় এবং বুদ্ধি বিবেকাদি প্রদান করিয়াছেন। যদি কারণ-স্বরূপ প্রকৃতি-তত্ত্বকে অবধারণ করা যায়, তখন তাহার প্রেরয়িতা সর্ব্বজ্ঞানবান্ পরমাত্মার প্রতি যখন চিত্তবৃত্তির লক্ষ্য পড়ে, তখনই সেই জীবের মুক্তি ঘটে; তখন কারণ বা কার্য্য উভয় ব্যাপারেই প্রতিনিবৃত্ত হইয়া, অখণ্ড একরস পরমানন্দস্বরূপ পূর্ণব্রহ্মে সংযত চিত্ত পূর্ণরসময়ই হইয়া যায় ॥ ৩২ ॥

তং তু দেবী হৈষা ভূঃ সহ কুরুভিরস্খলিত-ভক্তিযোগেনোপধাবতি। ইমাঞ্চ পরমামুপনিষদমাবর্ত্তয়তি ॥ ৩৩ ॥

ওঁ নমো ভগবতে মন্ত্রতত্ত্বলিঙ্গায় যজ্ঞক্রতবে মহাধ্বরাবয়বায় মহাপুরুষায় নমঃ কর্ম্মশুক্লায় ত্রিযুগায় নমস্তে ইতি ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

উত্তরেষু কুরুষু যজ্ঞপুরুষঃ ভগবান্ কৃতবরাহরূপঃ (স্বীকৃত-তমোমিশ্র-সত্ত্বপ্রধানমূর্ত্তিঃ আস্তে। তং তু এষা ভূঃ দেবী (তদভিমানি-দেবতা-রূপা) কুরুভিঃ কুরুখণ্ডবাসিপুরুষৈঃ সহ অস্খলিত-ভক্তি-যোগেন উপধাবতি। ইমাং চ পরমাং উপনিষদং বক্ষ্যমাণাং মন্ত্রাদ্যাত্মিকাং আবর্ত্তয়তি নিরন্তরং অভ্যাসেন জপতি ॥ হ ইতি নিশ্চয়ে ॥ ৩৩ ॥

ওঁ নমো ভগবতে যজ্ঞক্রতবে (যজ্ঞাঃ অযূপাঃ ক্রতবঃ সযূপাঃ তদ্রূপায়) মন্ত্রতত্ত্বলিঙ্গায় (মন্ত্রৈঃ তত্ত্বেন চ লিঙ্গ্যতে জ্ঞায়তে ইতি তস্মৈ) মহাধ্বরাবয়বায় (মহান্তঃ অধ্বরাঃ অবয়বাঃ যস্য তস্মৈ) (কৃতযুগে যজ্ঞপ্রবৃত্ত্যভাবাৎ কলিযুগে যজ্ঞোচ্ছেদাদ্বা ত্রিষু যুগেষু ভবাৎ) ত্রিযুগায় কর্ম্মশুক্লায় (যজ্ঞাদি কর্ম্মণাং শুক্লং শুদ্ধং সুখং ফলং যস্মাৎ তস্মৈ মহাপুরুষায় যজ্ঞফলদাত্রে তে তুভ্যং নমঃ ইতি ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

এষা ভূরুপধাবতি কুরুভিঃ সহেত্যন্বয়ঃ ॥ ৩৩ ॥

মন্ত্রৈ স্তত্ত্বেন লিঙ্গ্যতে ইতি তথা তস্মৈ। যজ্ঞা অযূপাঃ। ক্রতবঃ সযূপাঃ। তদ্রূপায় অতএব মহান্তোঽধ্বরা অবয়বভূতা যস্য। কর্ম্মণা শুক্লায় শুদ্ধায় যজ্ঞানুষ্ঠাত্রে। ত্রিযুগায় কৃতযুগে যজ্ঞাভাবাৎ। যদ্বা কলিযুগে ছন্নত্বাৎ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সতী যয়া তু তত্ত্বদৃশা যেন তত্ত্বজ্ঞানেনাপনীয়তে তস্মৈ তে সাংখ্যদর্শনায় জ্ঞানস্বরূপায় নমঃ ॥ ৩২ ॥ ৩৩ ॥

মন্ত্রৈরেব তত্ত্বেন লিঙ্গ্যতে জ্ঞায়তে যস্তস্মৈ। যজ্ঞা অযূপাঃ ক্রতবঃ সযূপা স্তদ্রূপায় মহান্তোঽধ্বরা অবয়বভূতা যস্য। কর্ম্মভিঃ স্বীয়চরিত্রৈঃ সহ শুক্লায় শুদ্ধসত্ত্বস্বরূপায়। ত্রিযুগায় সত্যাদিযুগত্রয় এব প্রাকট্যাৎ কলৌ ছন্নত্বাৎ। যদ্বা ত্রীণি যুগানি যুগলানি যস্য তস্মৈ। ষড়ৈশ্বর্য্যায়েত্যর্থঃ ॥ ৩৪ ॥

পুরুষগণ সহ অচলা ভক্তি-সহকারে নিত্য সেই মহাপুরুষের আরাধনা করিয়া থাকেন ॥ ৩৩ ॥

যথা, হে মহাপুরুষ! আপনাকে আমরা প্রণাম করি। বলিহীন যজ্ঞ

আভাস।

"ন নরেণাবরেণ প্রোক্ত এষ বহুধা" ইত্যাদি বচনের দ্বারা শ্রুতি প্রকাশ করিয়াছেন যে, যথেষ্ট মনীষাথাকিলেও ভোগী জীব কখন ভগবানের তত্ত্ব নিরূপণ করিতে পারে না; একান্ত

যস্য স্বরূপং কবয়ো বিপশ্চিতো গুণেষু দারুষিব জাতবেদসং।

অন্বয়ঃ।

বিপশ্চিতঃ নিপুণাঃ, কবয়ঃ বিদ্বাংসঃ, দিদৃক্ষবঃ সন্তঃ গুণেষু দেহেন্দ্রিয়াদিসংঘাতেষু, দারুষু কাষ্ঠেষু, জাতবেদসং অগ্নিং, ইব যস্য ক্রিয়ার্থৈঃ লৌকিক-বৈদিক-কর্ম্মভিঃ অর্থৈঃ তৎফলৈঃ

শ্রীধরস্বামী।

কবয়ো বিদ্বাংসঃ। বিপশ্চিতো নিপুণা গুণেষু দেহেন্দ্রিয়াদিষু মথ্নন্তি বিচিন্বন্তি মথ্না বিবেক-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কবয়ো বিদ্বাংসঃ বিপশ্চিতঃ ভক্তিচতুরাঃ যস্য গুণেষু শব্দরূপাদিষু কৃষ্ণরামেতি নীলোৎ-পল-দূর্ব্বাদল-শ্যামেত্যাদিষু মনসা মথ্না মথনসাধনেন যস্য স্বরূপং দিদৃক্ষবো মথ্নন্তি দারুষিব জাতবেদসমিতি যথা মথনেনৈব জাতবেদা বহ্নিঃ প্রত্যক্ষী ভবতি তথৈবাত্র যস্য নামরূপাদিষু পুনঃ পুনর্মনোনিধানমেব মথনং তেনৈব মথনং তেনৈব যৎ স্বরূপং প্রত্যক্ষী কুর্ব্বন্তীত্যর্থঃ। কীদৃশং ক্রিয়ার্থৈঃ কর্ম্মভিস্তৎফলৈশ্চ গূঢ়ং ভক্ত্যৈব নৈষ্কর্ম্ম্যে সত্যেব দ্রষ্টুং শক্যমিত্যর্থঃ।

এবং পশুবলি বিশিষ্ট ক্রতুই আপনার স্বরূপ! মন্ত্রের উচ্চারণ এবং তত্ত্বের বিচার দ্বারা মানব আপনাকে অবধারণ করিতে পারে। মহাযজ্ঞই আপনার অবয়ব; আপনাকে প্রণাম করি! আপনিই যজ্ঞের অপূর্ব্ব বিশুদ্ধ পুণ্য এবং ত্রিযজ্ঞস্বরূপ! যজ্ঞের ফল আপনিই জীবকে প্রদান করিয়া থাকেন; আপনাকে প্রণাম করি! ॥ ৩৪ ॥

কাষ্ঠ মধ্যে অগ্নি থাকিলেও সহজে বাহিরে প্রকাশ পায় না; কিন্তু দুইখানি কাষ্ঠকে লইয়া পরস্পরের ঘর্ষণে যেমন অন্তরস্থ অগ্নিকে নিষ্কাশিত করা যায়, সেইরূপ দৃষ্ট সমগ্র গুণগ্রামের অন্তরে আপনি নিরন্তর বিদ্যমান থাকিলেও স্থূষ্ট জীবের নিকট আপনি সহজে উপলব্ধ হন না। কিন্তু বিচক্ষণ পণ্ডিত ব্যক্তিগণ দেহ ও ইন্দ্রিয়াদি গুণোৎপন্ন কার্য্যসমূহের মধ্যেই আপনার স্বরূপ তাঁহারা

আভাস।

চিত্তে নিরন্তর চিন্তা করাই ভগবৎসাক্ষাৎকারের প্রধান উপায়। অন্যের প্রদর্শিত পথটী মাত্র কখন অন্যকে নির্দ্দিষ্ট স্থানে লইয়া যায় না; পথিককে স্বয়ং গমন করিতে হয়। অতএব মন্ত্র এবং তত্ত্ববিচার উভয় একত্র না হইলে, কোনরূপ ফললাভ হয় না। বেদ-মন্ত্র ভগবানের স্বরূপ নির্ণয় করে এবং তত্ত্ববিচার ভগবানের সমীপবর্ত্তী করিয়া দেয়। যে বৈদিক কর্ম্মে পশুবধাদি হিংসাকার্য্য নাই, তাহাকে যজ্ঞ এবং যাহাতে পশুবধের বিধান আছে, তাহাকে ক্রতু নামে অভিহিত করা হয়॥ ৩৪ ॥

এই শ্লোকে ভগবৎ-সাক্ষাৎকারের উপায় প্রদর্শিত হইয়াছে। এতদর্থে শ্রুতিও বলিয়াছেন, যথা, "স্বদেহমরণিং কৃত্বা প্রণবঞ্চোত্তরারণিং। ধ্যাননির্ম্মথনাভ্যাসাদ্দেবং পশ্যেন্নিগূঢ়বৎ"॥ অর্থাৎ মন্থনের দ্বারা দধি হইতে নবনীত সংগ্রহ করিতে হয়, পরস্পর

মথ্নন্তি মথ্না মনসা দিদৃক্ষবো গূঢ়ং ক্রিয়ার্থৈ র্নম ঈরিতাত্মনে ॥ ৩৫ ॥

দ্রব্যক্রিয়া-হেত্বয়নেশ-কর্ত্তৃভির্মায়াগুণৈর্বস্তুনিরীক্ষিতাত্মনে।

অন্বয়ঃ।

বিষয়ভোগৈঃ, চ গূঢ়ং মথ্না সাধনভূতেন, মনসা মথ্নন্তি বিবিচ্য নিষ্কর্ষন্তি, এবং মন্থনে ঈরিতাত্মনে (ঈরিতঃ প্রকটিতঃ আত্মা যস্য তস্মৈ) নমঃ ॥ ৩৫ ॥

দ্রব্যং বিষয়ঃ, ক্রিয়া ইন্দ্রিয়ব্যাপারঃ, হেতুঃ তদ্দেবতা, অয়নং দেহঃ, ঈশঃ কালঃ, কর্ত্তা অহঙ্কারঃ, এতৈঃ মায়াগুণৈঃ প্রকৃতিগুণকার্য্যৈঃ বস্তুনিরীক্ষিতাত্মনে (বস্তুত্বেন নিরীক্ষিতঃ

শ্রীধরস্বামী।

সাধনেন মনসা ক্রিয়ার্থৈঃ কর্ম্মভি স্তৎফলৈশ্চ গূঢ়ং অপ্রকাশমানং দিদৃক্ষবঃ। এবং মন্থনে ঈরিতঃ প্রকটিতঃ আত্মা স্বরূপং যস্য তস্মৈ নমঃ ॥ ৩৫ ॥

মথনমেব দর্শয়ন্নাহ দ্রব্যং বিষয়ঃ, ক্রিয়া ইন্দ্রিয়ব্যাপারঃ। হেতু র্দেবতা। অয়নং দেহঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমেব ঈরিতঃ কথিতঃ আত্মা স্বভাবো যস্য যত্নো বা যত্র তস্মৈ। যদ্বা গুণেষু শ্রোত্রবাগাদীন্দ্রিয়েষু যস্য স্বরূপং স্বরূপভূতং নামগুণলীলাদি শ্রূয়মাণ-কীর্ত্ত্যমানাদি মনসা মথ্না মথ্নন্তি মনঃসহিতশ্রবণকীর্ত্তনাদি দৃঢ়াভ্যাসেনৈব যং প্রত্যক্ষীকুর্ব্বন্তীত্যর্থঃ। অন্যৎ সমানং ॥ ৩৫ ॥

এবং স্থূল-সূক্ষ্ম-মায়িক-দেহদ্বয়সম্ভাবে এব মন্থনং সম্ভবেৎ। মন্থনে চ সতি তৎস্বরূপং দৃশ্যং স্যাদিত্যাহ। দ্রব্যং শব্দাদি। ক্রিয়া ইন্দ্রিয়ব্যাপারঃ। হেতু র্দেবতা। অয়নং দেহঃ। ঈশঃ

অবধারণ করিয়া থাকেন; তাঁহারা আপনাকে অবধারণ করিবার মানসে প্রধান প্রতিবন্ধক-স্বরূপ লৌকিক কর্ম্ম ও বিষয়-সম্ভোগে একান্ত উদাসীন হইয়া, যত্নশীল মনের সাহায্যে দেহেন্দ্রিয়াদি গুণগ্রামের অন্তরে নিহিত আধারভূত ভবদীয় স্বরূপকে মন্থনের দ্বারা নিষ্কাশিত করিয়া থাকেন। হে ভগবন্! আপনিও তাঁহাদের ন্যায় তাদৃশ নিষ্ঠাবান্ ব্যক্তিগণের সমীপে আত্মপ্রকাশ করিয়া থাকেন! আপনাকে প্রণাম করি!॥ ৩৫ ॥

বিষয়স্বরূপ দ্রব্য, ইন্দ্রিয়ব্যাপাররূপ ক্রিয়া, তাহার হেতুভূত দেবতা,

আভাস।

ঘর্ষণের দ্বারা যেমন কাষ্ঠ হইতে অগ্নিকে প্রকটিত করিতে হয় এবং পেষণের দ্বারা তিল হইতে তৈলকে যেমন নিষ্কাশিত করিতে হয়, সেইরূপ স্বীয় দেহাদি চতুর্ব্বিংশতি তত্ত্বকে এক খানি মন্থন-কাষ্ঠ এবং প্রণবাদি বেদোক্ত ইষ্টমন্ত্রকে অপর একখানি মন্থনকাষ্ঠরূপে গ্রহণ করত, বহুকাল যত্ন-সহকারে নিরন্তর ঘর্ষণ করিলে, মন যখন একাগ্রতা সহকারে লৌকিক কার্য্য এবং ভোগ ব্যাপার হইতে প্রতিনিবৃত্ত হয়, তখনই সংঘর্ষণজ হুতাশনের ন্যায়, আত্ম-স্বরূপের প্রকটন হইয়া থাকে ॥ ৩৫ ॥

অন্বীক্ষয়াঙ্গাতিশয়াত্মবুদ্ধিভির্নিরস্তমায়াকৃতয়ে নমো নমঃ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

জড়ানাং প্রবর্ত্তকত্বেন জ্ঞাতঃ যঃ আত্মা তস্মৈ) অন্বীক্ষয়া বিচারেণ, অঙ্গৈঃ যম-নিয়ম-শ্রবণ-মননাদিসাধনৈঃ, অতিশয়যুক্তঃ বিবেকসমর্থঃ, আত্মা স্বরূপং যস্যাঃ সা বুদ্ধিঃ যেষাং তৈঃ, নিরস্তমায়াকৃতয়ে (নিরস্তা মায়ানিমিত্তা আকৃতিঃ যস্মাৎ তস্মৈ) তে নমো নমঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

ঈশঃ কালঃ। কর্ত্তা অহঙ্কারঃ। এতৈর্মায়ায়া গুণৈঃ কার্য্যৈরুপলক্ষণৈর্বস্তুত্বেন নিরীক্ষিতো য আত্মা তস্মৈ। অন্বীক্ষয়া বিচারেণ। অঙ্গৈর্যমনিয়মাদিভিঃ। অতিশয়াত্মা নিশ্চয়বতী বুদ্ধির্যেষাং তৈর্নিরস্তা মায়ানিমিত্তা আকৃতির্যস্মাৎ তস্মৈ তে নমঃ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কালঃ। কর্ত্তা অহঙ্কারঃ। এতৈর্মায়াগুণৈঃ শ্রবণ-কীর্ত্তন-পরিচরণাদিভির্ভজন-সাধকৈরন্বীক্ষয়া মনঃকৃতপুনঃপুনঃপরামর্শেনচ অঙ্গানাং শ্রবণকীর্ত্তনাদীনাং অতিশয়ে আত্মা যত্নো বুদ্ধিশ্চ যেষাং তৈর্বস্তুত্বেন নিরীক্ষিত আত্মা স্বরূপং যস্য তস্মৈ। তচ্চ তে স্বরূপং চিন্ময়মেবেত্যাহ নিরস্তা মায়া যত্র তথাভূতা আকৃতিরাকারো যস্য তস্মৈ। শ্লেষেণ নিরস্তমায়াভংস্যাপ্যাকৃতির্যত্র তস্মৈ ॥ ৩৬ ॥

ভোগায়তন দেহ, সর্ব্বশ্রেষ্ঠ কাল এবং কর্ত্তাস্বরূপ অহঙ্কারাদি প্রাকৃতিক মায়াগুণের দ্বারা সর্ব্বত্র বস্তুরূপে পরিদৃষ্ট এই জড়স্বরূপ যাবতীয় পদার্থের নিয়ন্তৃরূপে আপনিই নিরন্তর পরিজ্ঞাত হইয়া থাকেন। যম-নিয়ম বা শ্রবণ-মননাদি সাধনযোগে এবং বিচার-ফলে যে বুদ্ধির মালিন্যের অপনয়নে তীক্ষ্ণতা সাধিত হইয়াছে, তাদৃশ নিপুণবুদ্ধিবিশিষ্ট বিচক্ষণ ব্যক্তিগণের সমীপে যাঁহার প্রসাদে মায়ানিমিত্ত নামরূপাদি স্বতই নিরস্ত হইয়া যায়, সেই সর্ব্বনিয়ন্তা ভগবানকে আমরা প্রণাম করি ! ॥ ৩৬ ॥

স্বষ্টির অভিপ্রায়ে আপনি মায়ার প্রতি ঈক্ষণ করেন বটে, কিন্তু তাহাতে জীবের মঙ্গল-সাধন ব্যতীত আপনার নিজের কোন স্বার্থসিদ্ধির অভিপ্রায়

আভাস।

স্থূল ও সূক্ষ্ম মায়াময় দেহদ্বয় যতকাল থাকে, ততকালই সাধনের প্রয়োজন ; এবং সাধন করিলে, ভগবৎস্বরূপের সাক্ষাৎকার হয়। সুতরাং সেই মায়াময় দেহদ্বয়ের উপকরণ ও তদনুসঙ্গী কালাদি তত্ত্বগ্রামের স্বরূপ এবং সংখ্যা এই শ্লোকে নির্ণীত হইয়াছে। ভজন, সাধন ও বিচারের দ্বারা চিত্ত নির্ম্মল হইলে, চিন্ময় ভগবদ্ভাব যখন চিত্তে প্রকটিত হয়, তখন চিত্তও চিদাকারে আকারিত হয় এবং মায়ানিরসনের সঙ্গে সঙ্গে ভক্তের মায়াময় দেহও চিন্ময় হইয়া যায় ॥ ৩৬ ॥

করোতি বিশ্বস্থিতিসংযমোদয়ং যস্যেপ্সিতং নেপ্সিতমিক্ষিতুর্গুণৈঃ।
মায়া যথায়ো ভ্রমতে তদাশ্রয়ং গ্রাব্ণো নমস্তে গুণকর্ম্মসাক্ষিণে॥ ৩৭॥

অন্বয়ঃ।

যস্য ঈক্ষিতুঃ (সর্গাদৌ আলোচয়িতুঃ পরমেশ্বরস্য) ঈপ্সিতং (জীবার্থং ইষ্টং) স্বার্থং তু ন ঈপ্সিতং (এতাদৃশং) বিশ্বস্থিতিসংযমোদয়ং (তত্র বিশ্বস্য রজসা উদয়ং সত্ত্বেন স্থিতিং পালনং চ তমসা সংযমং উপসংহারং) গ্রাব্ণঃ অয়স্কান্তাৎ নিমিত্তাৎ অয়ঃ লৌহং, যথা ভ্রমতি তথা মায়া স্বকীয়ৈঃ গুণৈঃ তদাশ্রয়ং তদভিমুখং, সৎ সর্ব্বং করোতি এব অতঃ গুণকর্ম্মসাক্ষিণে (গুণানাং কর্ম্মণাং জীবাদৃষ্টানাং চ সাক্ষিণে তস্মৈ তে তুভ্যং নমঃ॥ ৩৭॥

শ্রীধরস্বামী।

তদেবং নির্গুণরূপেণ নত্বা পরমেশ্বররূপেণচ প্রণমতি করোতীতি। যস্যেক্ষিতু জীবার্থমীপ্সিতং অত্যন্তানিচ্ছায়াং ঈক্ষণাযোগাৎ স্বার্থস্ত নেপ্সিতং। বিশ্বেত্যাদি স্বগুণৈঃ মায়া করোতি। তস্যা জড়ত্বেঽপি ঈশ্বরসন্নিধানাৎ প্রবৃত্তিং দৃষ্টান্তেনাহ যথা অয়ো লৌহং গ্রাব্ণোঽয়স্কান্তান্নিমিত্তাৎ ভ্রমতি তদাশ্রয়ং তদভিমুখং সৎ গুণানাং কর্ম্মণাং জীবাদৃষ্টানাঞ্চ সাক্ষিণে তস্মৈ তে নমঃ॥ ৩৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু মৎকার্য্যত্বাদচিদপি জগন্মমৈবাকারো মৃদ্ঘটাদিবত্তত্র জগদিদং ন বস্তুতস্তুৎকার্য্যং কিন্তু মায়াকার্য্যমিত্যাহ করোতীতি। যস্যেক্ষিতু জীবার্থমীপ্সিতং অত্যন্তানিচ্ছায়ামীক্ষণাযোগাৎ। স্বার্থস্ত নেপ্সিতং বিশ্বস্থিত্যাদি স্বগুণৈর্মায়ৈব করোতি। তস্যা জড়ত্বেঽপি ঈশ্বরসন্নিধানাৎ প্রবৃত্তিং দৃষ্টান্তেনাহ যথা লৌহং গ্রাব্ণোঽয়স্কান্তাদ্ধেতো ভ্রমতি তদাশ্রয়ং তদভিমুখং সৎ। অতো গুণানাং কর্ম্মণাং জীবাদৃষ্টানাঞ্চ সাক্ষিণে তস্মৈ তুভ্যং নমঃ॥ ৩৭॥

নাই। অথচ প্রাকৃতিক গুণ রজের দ্বারা সৃষ্টি, সত্ত্বের দ্বারা পালন এবং তমের দ্বারা সংহার এক আপনার উপলক্ষেই ঘটিতেছে; আপনি কিন্তু কিছুতেই লিপ্ত নহেন। অতএব অয়স্কান্ত মণির সন্নিধানে যেমন লৌহখণ্ডের ভ্রমণাদি ব্যাপার সাধিত হইয়া থাকে, সেইরূপ আপনার অভিমুখে বিদ্যমান থাকার অনুরোধেই, মহামায়া স্বকীয় গুণত্রয়ের দ্বারা এই অনন্ত সংসারের রচনা কার্য্য করিয়া থাকেন। আপনি সকল কার্য্যের আদি, মধ্য ও অন্তাবস্থায় কেবল সাক্ষিরূপে সতত বিরাজ করিতেছেন॥ ৩৭॥

আভাস।

নির্গুণরূপের প্রণাম করিয়া, সগুণরূপের প্রণাম করিয়াছেন, যথা, হে ভগবন্! যদিও আপনি গুণের অতীত, তথাপি অয়স্কান্ত মণির সন্নিধানে যেমন লৌহের চলনাদি ব্যাপার জন্মে, সেইরূপ আপনার ঈক্ষণেই মায়াতে সৃষ্টিকার্য্য ঘটে। সুতরাং আপনি স্বয়ং নির্গুণ ও অকর্ত্তা হইলেও এবং সৃষ্টিকার্য্যে আপনার নিজের কোন অভিসন্ধি না থাকিলেও, মায়ার অনুরোধে

প্রমথ্য দৈত্যং প্রতিবারণং মৃধে যো মাং রসায়া জগদাদিশূকরঃ।
কৃত্বাগ্রদংষ্ট্রে নিরগাদুদন্বতঃ ক্রীড়ন্নিবেভঃ প্রণতাস্মি তং বিভুমিতি॥ ৩৮॥
*॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
পঞ্চমস্কন্ধে ভুবনকোশে বর্ষদেবস্তুতিরষ্টাদশোঽধ্যায়ঃ॥ * ।১৮॥ * ।

অন্বয়ঃ।

যঃ জগদাদিশূকরঃ (জগতাং আদিঃ কারণভূতঃ ভগবান শূকরঃ সন্) রসায়াঃ (রসাতল-গতাং) মাং পৃথিবীং, অগ্রদংষ্ট্রে দংষ্ট্রাগ্রে কৃত্বা ততঃ রসাতলাৎ আরভ্য উদন্বতঃ অর্ণবাৎ, ততশ্চ প্রতিবারণং প্রতিগজতুল্যং, দৈত্যং হিরণ্যাক্ষং, মৃধে যুদ্ধে, প্রমথ্য নিহত্য, ক্রীড়ন্ ইভঃ গজঃ ইব আস্তে তং বিভুং অহং প্রণতা অস্মি ইতি॥ ৩৮॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে অষ্টাদশোঽধ্যায়ঃ॥

শ্রীধরস্বামী।

অবতারচরিতমাহ প্রমথ্যেতি। যো জগতামাদিঃ কারণভূতঃ শূকরঃ মাং পৃথ্বীং দংষ্ট্রাগ্রে কৃত্বা রসাতলাদারভ্য উদন্বতঃ প্রলয়ার্ণবাৎ ইভো গজ ইব নিরগাৎ। ততঃ প্রতিবারণং প্রতি-গজতুল্যং দৈত্যং প্রমথ্য যঃ ক্রীড়ন্ স্থিতঃ তং বিভুং প্রণতাস্মীত্যন্বয়ঃ॥ ৩৮॥

॥ * ॥ ইতি পঞ্চমে ঽষ্টাদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবতার-চরিত্রং ব্রুবতী স্বস্মিন্ কৃপাতিশয়ং দ্যোতয়তি প্রমথ্যেতি। প্রতিযোদ্ধারং হস্তিন-মিব ইভো হস্তী। রসায়া রসাতলোপলক্ষিতাৎ গর্ত্তোদাৎ জগদাদি র্জগৎকারণভূতঃ শূকরঃ। উদন্বতঃ উদন্বতি প্রলয়ার্ণবে॥ ৩৮॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
পঞ্চমেঽষ্টাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

জগতের আদিকারণস্বরূপ শূকরবিগ্রহ পরিগ্রহে যে সত্যস্বরূপ ভগবান্ রসাতল-গতা আমাকে (পৃথিবীকে) দংষ্ট্রাগ্রে ধারণ করত, কারণ-জলধি হইতে নির্গত হইয়াছিলেন এবং তৎকালে প্রতিপক্ষ গজেন্দ্রতুল্য আদিদৈত্য হিরণ্যাক্ষকে যুদ্ধে নিধন করত বিজয়ী গজের ন্যায় ইতস্ততঃ বিচরণ করিয়া-ছিলেন, সেই সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন ভগবানকে আমি প্রণাম করি!॥ ৩৮॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অষ্টাদশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত॥

আভাস।

যেন অনুরুদ্ধের ন্যায় কার্য্য করিতেছেন। মায়ার কার্য্য যাঁহাতে আরোপিত হয়, সেই পরম পুরুষ আপনাকে আমি প্রণাম করি!॥ ৩৭॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অষ্টাদশ অধ্যায়ের আভাস সমাপ্ত॥

শ্রীশুক উবাচ ॥

কিংপুরুষে বর্ষে ভগবন্তমাদিপুরুষং লক্ষ্মণাগ্রজং সীতাভিরামং রামং তচ্চরণ-সন্নিকর্ষাভিরতঃ পরমভাগবতো হনুমান্ সহ কিংপুরুষৈরবিরতভক্তি-রুপাস্তে। আর্ষ্টিষেণেন সহ গন্ধর্বৈরনুগীয়মানাং পরমকল্যাণীং ভর্তৃভগবৎ-কথাং সমুপশৃণোতি স্বয়ঞ্চেদং গায়তি ॥ ১ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। কিম্পুরুষে বর্ষে আদিপুরুষং সর্ব্বকারণকারণং লক্ষ্মণাগ্রজং সীতায়াঃ অভিরামং পতিং রামং, তস্য ভগবতঃ চরণয়োঃ সন্নিকর্ষে সেবায়াং এব অভিরতঃ ন ততঃ ফলান্তরাভিলাষী পরমভাগবতঃ অবিরতভক্তিঃ (অবিরতা বিঘ্নৈঃ অনুপহতা ভক্তিঃ যস্য সঃ) হনুমান্ কিম্পুরুষৈঃ সহ উপাস্তে ॥

গন্ধর্ব্বৈঃ অনুগীয়মানাং পরমকল্যাণীং (শ্রোতৃবক্তৃণাং সর্ব্বপুরুষার্থহেতুভূতাং) ভর্তৃ-ভগবৎকথাং (ভর্ত্তা চাসৌ ভগবান্ চেতি তস্য কথাং) আর্ষ্টিষেণেন তন্নামকেন কিম্পুরুষ-মুখ্যেন সহ সম্যক্ সাবধানতয়া, উপশৃণোতি স্বয়ং চ ইদং মন্ত্রং গায়তি ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

উনবিংশে কিংপুরুষে ভারতে চোপবর্ণ্যতে।
সেব্যসেবকভাবশ্চ ভারতশ্রৈষ্ঠ্যমেবচ ॥ * ॥

ভর্ত্তা চাসৌ ভগবাংশ্চ তস্য কথাং ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রামঃ কিংপুরুষে নারায়ণঃ সেব্যশ্চ ভারতে।
সর্ব্বতো ভারতশ্রৈষ্ঠ্যমুনবিংশে নিরূপ্যতে। * ॥

ভর্ত্তুরেব ভগবতঃ কথামিত্যনেন নারদাদিরিব নাবতারান্তর-কথায়ামনুরজ্যতীতি দ্যোতিতং ॥ ১

শুকদেব বলিলেন, হে মহারাজ! কিম্পুরুষ বর্ষে সর্ব্ব-কারণ-কারণ আদি-পুরুষ লক্ষ্মণাগ্রজ ভগবান্ সীতাপতি রামচন্দ্র অবস্থান করিতেছেন; এবং একান্ত ভক্তিযোগ-সহকারে পরম-ভাগবত হনুমান্ কোনরূপ ফলের আকাঙ্ক্ষা না করিয়া, তত্রত্য কিম্পুরুষগণ সহ নিরন্তর তাঁহার আরাধনা করিয়া থাকেন॥ এবং পূর্ব্বে গন্ধর্ব্বগণ কর্ত্তৃক পরিগীত, শ্রোতা ও বক্তার যাবতীয় পুরুষার্থের কারণস্বরূপ জগৎস্বামী পরমেশ্বরের অমৃতোপম লীলাকথা

আভাস।

উনবিংশ অধ্যায়ে কিম্পুরুষ ও ভারতবর্ষে সেব্য-সেবকের উল্লেখ পূর্ব্বক ভারতের উৎকৃষ্টতা ও শ্রেষ্ঠত্বের প্রতিপাদন করিয়াছেন ॥

এই শ্লোকে ভর্তৃপদের প্রয়োগে অংশাবতার বা কলাবতারাদির নিরাসে পরাৎপর পরমেশেরই গুণলীলার পরিচয় প্রদান করা হইয়াছে ॥ ১ ॥

ওঁ নমো ভগবতে উত্তমঃশ্লোকায় নম আর্য্য-লক্ষণ-শীলব্রতায় নম উপ-শিক্ষিতাত্মন উপাসিত-লোকায় নমো সাধুবাদ-নিকষণায় নমো ব্রহ্মণ্যদেবায় মহাপুরুষায় মহারাজায় নম ইতি ॥ ২ ॥

অন্বয়ঃ।

উত্তমাঃ শ্রেষ্ঠাঃ শ্লোকাঃ যস্মিন্ তস্মৈ; আর্য্যাণাং শ্রেষ্ঠানাং লক্ষণানি শীলং সুস্বভাবঃ ব্রতং আচারঃ চ যস্মিন্ তস্মৈ; উপশিক্ষিতঃ বশীকৃতঃ আত্মা অন্তঃকরণং যেন তস্মৈ; অতঃ উপাসিতঃ অনুসৃতঃ লোকৈঃ যঃ তস্মৈ; সাধুবাদ-নিকষণায় (সাধুবাদস্য নিকষণায় স্বর্ণসাধুত্ব-নির্দ্ধারণার্থ-নিকষাশ্মবৎ নির্দ্ধারণস্থানায়) ব্রহ্মণ্যদেবায় (ব্রহ্মণ্যঃ লোকসংগ্রহার্থং ব্রাহ্মণ-ভক্তঃ দেবঃ বস্তুতস্তু পরমেশ্বরঃ এব তস্মৈ) মহাপুরুষায় পুরুষোত্তমায় ভগবতে মহারাজায় নমঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

আর্য্যাণি লক্ষণানি শীলং ব্রতং চ যস্মিন্ উপশিক্ষিতাত্মনে সংযতচিত্তায় উপাসিতোঽনুসৃতো লোকো যেন। সাধুবাদঃ সাধুত্বপ্রসিদ্ধিঃ তস্য নিকষণায় নিকষাশ্মবৎ নির্দ্ধারণস্থানায় পরমসাম্যে ইত্যর্থঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আর্য্যাণি সর্ব্বৈঃ শিরোধার্য্যাণি লক্ষণানি চরণ-তল-গত-ধ্বজ-বজ্রাদীনি আজানুবাহুত্বাদীনিচ। শীলানি ধীরোদাত্তাদীনি ব্রতানি ধর্ম্মনিষ্ঠত্বাদীনি যস্য তস্মৈ উপশিক্ষিতাত্মনে গুরু-ব্রাহ্মণাদি-শিক্ষা-গ্রাহিণে উপাসিতলোকায়েতি স্বস্য ব্রহ্মত্বোপাস্যত্বেঽপি ময়া স্বাচরণেন রজক-পর্য্যন্তা অপি লোকাঃ প্রসাদনীয়া ইতি বিচারবত্ত্বাল্লোকানাং তদুপাসিতত্বং। সাধুবাদানাং ব্রহ্মণ্যত্ব-সত্যসন্ধত্ব-কৃপালুত্বাদীনাং নিকষণায় পরমোৎকর্ষ-প্রাপকায় লোকাহি সাধুবাদৈরুৎ-কৃষ্যন্তে। রামং প্রাপ্য সাধুবাদা অপ্যুৎকৃষ্টা ভবন্তীত্যর্থঃ। যথা পরমোৎকৃষ্টস্যাপি কনকস্য নিকষং প্রাপ্তস্যৈবোৎকর্ষো লোকে প্রমাণীভবতি তদ্বদিত্যর্থঃ ॥ ২ ॥

আর্ষ্টিষেণ নামক কিম্পুরুষশ্রেষ্ঠ সহ হনুমান্ শ্রবণ করেন এবং সর্ব্বসাধন-রূপে নিজে এই মন্ত্র জপ করিয়া থাকেন; যথা— ॥ ১ ॥

সেই উত্তমশ্লোক ভগবানকে প্রণাম করি। তিনি আর্য্যগণের অনুমোদিত আচরণ ও ব্রতের অনুষ্ঠান করিয়া থাকেন। তিনি অন্তঃকরণের বশীকারে জগতে সকলেরই পূজিত হইয়াছেন। তিনি সাধুত্বের চূড়ান্ত দৃষ্টান্তস্থল; এবং স্বয়ং পূর্ণ হইলেও, কেবল লোকশিক্ষার্থ ব্রাহ্মণগণের প্রতি বিশেষ ভক্তি

আভাস।

সুবর্ণের শুদ্ধি বা অবিশুদ্ধির পরিমাণ যেমন নিকষাশ্মে (কষ্টিপাথরে) সুস্পষ্ট প্রতীত হয়, সেইরূপ ব্রহ্মণ্যত্ব, সত্যব্যহার এবং কৃপালুতাদি সাধুবাদসমূহ শ্রীরাম-চরিত্রে সুস্পষ্ট প্রতীত হইয়া থাকে। সাধুবাদের দ্বারা লোকের যেমন গৌরব-বৃদ্ধি ও প্রতিষ্ঠালাভ হয়, উৎকৃষ্ট

যত্তদ্বিশুদ্ধানুভবমাত্রমেকং স্বতেজসাধ্বস্তগুণব্যবস্থং।

অন্বয়ঃ।

যৎ বিশুদ্ধানুভবমাত্রং (বিশুদ্ধশ্চাসৌ অনুভবশ্চ এব মাত্রা স্বরূপং যস্য তৎ) প্রশান্তং কাম-রাগাদি-বিকার-শূন্যং, স্বতেজসা স্বরূপপ্রকাশেনৈব ধ্বস্তগুণব্যবস্থং (ধ্বস্তাঃ দূরতো নিরস্তাঃ গুণানাং বিবিধাঃ জাগ্রদাদ্যবস্থা যস্মিন্‌ তৎ) নিরহং অহঙ্কারাদিশূন্যং, প্রত্যক্‌ সর্ব্বা-

শ্রীধরস্বামী।

শ্রীরামং পরমাত্মরূপেণ প্রণমতি। যদেকং বেদান্তেষু প্রসিদ্ধং তত্ত্বং তৎপ্রপদ্যে। কথম্ভূতং বিশুদ্ধশ্চাসাবনুভবশ্চ স এব মাত্রা স্বরূপং যস্য। বিশুদ্ধত্বে হেতুঃ প্রশান্তং তত্রাপি হেতুঃ স্বতেজসা স্বরূপপ্রকাশেন ধ্বস্তা গুণানাং বিবিধা জাগ্রদাদ্যবস্থা যস্মিন্‌ অনুভবমাত্রত্বে হেতুঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু শঙ্খ-চক্রাদিমত্ত্ব-গরুড়বাহনত্বাদ্যৈশ্বর্য্যানাবিষ্কারাদবতারস্যাস্য ব্রহ্মত্বে কেচিৎ সংশেরতে তত্র যে সংশেরতে তে সংশেরতাং নাম অহন্তু সাক্ষাদিমং পরব্রহ্মরূপমেবানুভবামীত্যাহ যদিতি। বিশুদ্ধো মায়াসম্বন্ধশূন্যো যোঽনুভব স্তন্মাত্রমেকং কেবলং যত্তদেবেমং প্রপদ্যে। ননু শুদ্ধজীবোঽপ্যেবং ভবতি তত্রাহ' স্বতেজসা স্বরূপশক্ত্যা দূরীভূতা গুণব্যবস্থানরূপা মায়াশক্তি র্যস্মাত্তৎ অতএব প্রত্যক্‌ দৃশ্যাদন্যৎ। ন চক্ষুষা পশ্যতি রূপমস্য ; যমেবৈষ বৃণুতে তেন লভ্যস্তস্যৈব আত্মা বিবৃণুতে তনুং স্বামিতি শ্রুতেঃ। যতঃ প্রশান্তং সর্ব্বোপদ্রব-

প্রদর্শন করিয়া থাকেন। সেই প্রজাপালন-তৎপর মহাপুরুষ রামচন্দ্রকে আমি কায়মনোবাক্যে প্রণাম করি ! ॥ ২ ॥

বেদান্তে যাঁহাকে বিশুদ্ধ চৈতন্যস্বরূপ জ্ঞানবিগ্রহ বলিয়া কীর্ত্তন করিয়াছেন, যাঁহাতে কাম রাগাদি কোন প্রকার বিকারের লেশ মাত্র নাই, যাঁহার স্বপ্রকাশ চৈতন্যস্বরূপেই জাগ্রদাদি গুণাবস্থা-সমূহ স্বতই নিরস্ত হইয়া যায়

আভাস।

কাঞ্চনও যেমন নিকষে (কষ্টিপাথরে) কষিত হইয়াই জনসমাজে উৎকৃষ্ট বলিয়া পরিচিত ও আদৃত হয়, সেইরূপ সাধুবাদও রামচরিত্রকে স্পর্শ করিয়াই প্রকৃত প্রস্তাবে সর্ব্বত্র আদৃত হইয়াছে ॥২

শ্রীরামচন্দ্র সাধারণ মনুষ্যবিগ্রহেই জন্ম পরিগ্রহ করিয়াছিলেন এবং প্রাকৃতিক মানবের ন্যায়ই তাঁহার চরিত্রে অনেক প্রধান প্রধান কর্ম্মের পরিচয় পাওয়া যায়। ভগবানের অবতারকালে মনুষ্যের ন্যায় লীলার পরিচয়ের মধ্যে, যেরূপ শঙ্খ-চক্রাদি ধারণ বা গরুড়-বাহনত্বাদি প্রচ্ছন্ন ঐশ্বর্য্যবিশিষ্ট ভগবদ্ভাবের পরিচয় পাওয়া যায়, রামাবতারে তাদৃশ কোনরূপ ঐশ্বরিক ঐশ্বর্য্যের পরিচয় ছিল না। সুতরাং রামাবতারের ব্রহ্মত্ব সম্বন্ধে অনেকেরই সংশয় উৎপন্ন হয়। অঞ্জনাগর্ভসম্ভূত হনুমান্‌ অচিন্ত্য ধীশক্তি প্রভাবে রামাবতারের ব্রহ্মত্ব প্রতিপাদন করিয়াছেন। হনুশব্দে পুচ্ছ ও বুদ্ধিকে বুঝায়। অতএব হনুমান্‌ শব্দে বুদ্ধিমান্‌ বলিয়াই স্বীকার করিতে হইবে। অঞ্জনলিপ্ত চক্ষুতেই যেমন

প্রত্যক্ প্রশান্তং সুধিয়োপলম্ভনং হ্যনামরূপং নিরহং প্রপদ্যে ॥ ৩ ॥

অন্বয়ঃ।

ন্তরত্বেন অন্তঃকরণ-সাক্ষিমাত্রং, হি যস্মাৎ অনামরূপং নামরূপাত্মকাৎ প্রপঞ্চাৎ ভিন্নং, সুধিয়োপলম্ভনং (সুষু জন্মান্তরসহস্রেষু যোগধ্যানাদিভিঃ শোধিতা ধীঃ বুদ্ধিঃ যস্য তেন উপলভ্যতে এবম্ভূতং) একং অদ্বিতীয়ং তত্ত্বং বেদান্তেষু প্রসিদ্ধং, তং অহং প্রপদ্যে শরণং ব্রজামি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

প্রত্যক্ দৃশ্যাদন্যত্বাৎ। তৎকুতঃ অনামরূপং। নন্নু বস্তুত এবংভূতস্যাপি জীবস্যোক্ত-সর্ব্ব-বিপর্য্যয়ো দৃশ্যতে তত্রাহ নিরহং অহঙ্কারাভাবাৎ ন তথা বৈপরীত্যমিত্যর্থঃ। নন্নু শ্রীরামস্য রূপং নৈবং প্রতীয়তে তত্রাহ সুধিয়া পুংসা উপলভ্যতে ইত্যুপলম্ভনং শুদ্ধচিত্তেন ব্রহ্মত্বেনৈব উপলভ্যত ইত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রহিতং। নন্নু শ্রীরামস্য রূপং নৈবং প্রতীয়তে তত্রাহ সুধিয়ৈব পুংসা উপলভ্যত ইত্যুপ-লম্ভনং। যতোহনামরূপং। এতা স্তিস্রো দেবতা অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নাম'পে ব্যাকরবাণীতি প্রসিদ্ধ-প্রাকৃত-নাম-রূপ-রহিতং। শ্রুতৌ তিস্র ইতি তেজোবারিমৃদঃ নির্নিশ্চয়েনাহং প্র'দ্যে। যদ্বা অহঙ্কার-রহিতং যথাস্যাত্তথা তৎপ্রপত্তিরপি কৃপয়া তেনৈব কারিতেতি বুধ্যত ইত্যর্থঃ ॥ ৩ ॥

এবং যাঁহাতে অভিমানের গন্ধমাত্রও অনুভূত হয় না, নামরূপাত্মক প্রপঞ্চের অতীত অথচ জীবমাত্রেরই অন্তরে অন্তর্যামিরূপে নিত্য বিরাজমান এবং সহস্র জন্মের স্বনুষ্ঠিত যোগধ্যানের দ্বারা পরিশোধিত বুদ্ধিরই অনুভূত, বেদান্ত-প্রতিপাদ্য সেই অদ্বিতীয় শ্রীরামচন্দ্রেরই চরণপ্রান্তে আমি শরণাগত হইলাম ॥ ৩ ॥

আভাস।

দর্শনশক্তি বিশেষরূপে প্রকটিত হয় এবং দশবিধ ইন্দ্রিয়ের মধ্যে চক্ষুই প্রধান জ্ঞানেন্দ্রিয়, সেইরূপ রাম-পরিষদে হনুমানই প্রধান এবং বিচক্ষণ সভাসদ্। এদিকে "তপঃ পরং কৃতযুগে ত্রেতায়াং জ্ঞানমুচ্যতে। দ্বাপরে যজ্ঞমেবাহু র্দানমেকং কলৌ যুগে॥" এই মনু-বাক্যে প্রমাণীকৃত যে, ত্রেতাযুগই জ্ঞানানুশীলনের উপযুক্ত অবসর; সুতরাং জ্ঞান প্রধান অবতারেরই তখন প্রয়োজন; যজ্ঞপ্রধান দ্বাপর যুগে ঐশ্বর্য্য-প্রকাশক অবতারেরই আবশ্যক। সুতরাং ত্রেতাযুগে নীতিজ্ঞানপূর্ণ রামচন্দ্রই আবির্ভূত হইয়া, অনুপম চরিত্রের পরিচয়ে জগৎকে চরিত্রবান্ হইতে উপদেশ দিয়াছেন। কেবল চরিত্রবান্ হইলে, সামান্য মানবও জগতে শ্রীঃ যশঃ কীর্ত্তি ধর্ম্ম ও সত্য প্রভৃতির সাহায্যে যাবতীয় ঐশ্বর্য্য ও ঐহিকের সুখ এবং অন্তে মুক্তি পর্য্যন্ত লাভ করিতে পারে; এই নিমিত্ত ভগবান্ শ্রীরামচন্দ্র পূর্ণব্রহ্ম হইয়াও

মর্ত্ত্যাবতারস্ত্বিহ মর্ত্ত্যশিক্ষণং রক্ষো-বধায়ৈব ন কেবলং বিভোঃ।

অন্বয়ঃ।

বিভোঃ সংকল্পমাত্রেণ এব সর্ব্বং কর্ত্তুং সমর্থস্যাপি মর্ত্ত্যাবতারঃ মনুষ্যাবতারঃ, ন কেবলং রক্ষোবধায় এব কিন্তু ইহ সংসারে (বিষয়াবিষ্টানাং স্ত্রীসঙ্গাদিকৃতং দুঃখং দুর্ব্বারং ইতি) মর্ত্ত্যশিক্ষণং (মর্ত্ত্যানাং শিক্ষাং শিক্ষার্থং এব) অন্যথা শিক্ষার্থত্বানঙ্গীকারে স্বে স্বরূপে রমতঃ

শ্রীধরস্বামী।

কথং তর্হি দশরথপুত্রত্বং তত্রাহ বিভোর্মর্ত্ত্যাবতারস্তু রক্ষসো রাবণস্য বধায় তস্য মনুষ্যাদন্যতোঽবধ্যত্বাৎ ন কেবলমেতাবৎ কিন্তু ইহ সংসারে স্ত্রীসঙ্গাদিকৃতং দুঃখং দুর্ব্বারমিতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ তর্হি প্রপঞ্চলোকে কথমেবং প্রকটী ভবতীতি তত্রাহ মর্ত্ত্যাবতারঃ। মর্ত্ত্যাকারস্য প্রপঞ্চলোকপ্রাকট্যং ন কেবলং রক্ষসো রাবণস্যৈব বধায় কিন্তু মর্ত্ত্যশিক্ষণং মর্ত্ত্যশিক্ষণার্থোঽপি ইত্যর্থঃ। মর্ত্ত্যা বিবিধাঃ ধর্ম্মবন্তো ভক্তিমন্তশ্চ। তেভ্যঃ ক্রমেণ স্বস্য ধার্ম্মিকত্বপ্রেমবশ্যত্বয়োঃ প্রদর্শনয়া ধর্ম্মশিক্ষণার্থং প্রেমশিক্ষণার্থঞ্চেত্যর্থঃ। অন্যথা স্বে স্বরূপ এব রমমাণস্য পরমাত্মনঃ সীতাবিরহকৃতানি ব্যসনানি দুঃখানি কুতঃ স্যাৎ স্যুঃ? কিন্তু স্বাধ্বী স্বভার্য্যা ধার্ম্মিকৈঃ সর্ব্বথৈব নোপেক্ষিতব্যা তদর্থং প্রাপ্তানি দুঃখান্যপি সহতৈরেবেতি

তিনি বিভু ; ইচ্ছা মাত্রেই সমস্ত করিতে পারেন ! কেবল রাক্ষস-বধের জন্যই যে তিনি মনুষ্যবিগ্রহে অবতীর্ণ হইয়াছিলেন, তাহা নহে ; এই সংসারে বিষয়াবিষ্টচিত্ত মানবকে স্ত্রীসংসর্গের দ্বারা এই সংসারক্ষেত্রে যে কিরূপ

আভাস।

কোনরূপ ঐশ্বর্য্যের বিকাশ করেন নাই; মনুষ্যলীলার দ্বারাই স্বীয় অবতারের সমাপন করিয়াছেন। প্রকৃত প্রস্তাবে বেদান্ত-প্রসিদ্ধ "তত্ত্বমসি" মহাবাক্যের তৎপদলক্ষ্য বিমল অখণ্ড একরস অদ্বিতীয় পূর্ণব্রহ্মই শ্রীরামচন্দ্র; সুতরাং এই শ্লোকে পূর্ণ পরমাত্মার স্বরূপলক্ষণের দ্বারা শ্রীরামচন্দ্রের স্বরূপ হনুমান্ প্রকাশ করিয়াছেন। অর্থাৎ শ্রীরাম মনুষ্যমূর্ত্তিতে পরিচিত হইলেও, তিনি একরস বিশুদ্ধ জ্ঞানবিগ্রহ; মায়ার কোন সম্পর্কই তাঁহাতে ছিল না ; কেবল জ্ঞানময়। প্রদীপ যেমন স্বীয় দীপ্তিবলেই অন্ধকারকে নিবারণ করে, শ্রীরামচন্দ্রও স্বীয় জ্ঞানবলে মায়া বা অবিদ্যাকে দূরে বিতাড়িত করিয়াছেন। অতএব দৃশ্যাতিরিক্ত সাক্ষাৎ দ্রষ্টার স্বরূপই তিনি মাত্র। যেমন প্রজ্বলিত প্রদীপের পরিচয়ার্থ অন্য দীপের আবশ্যক করে না, সেইরূপ স্বপ্রকাশ পরমাত্মস্বরূপের অববোধনার্থ জীবচৈতন্যের কোন প্রতীক্ষা নাই। জীবচৈতন্যই দৃশ্যস্বরূপ পরিহার পূর্ব্বক, স্বীয় দ্রষ্টৃস্বরূপে বিশ্রাম করেন। দৃশ্যই দ্রষ্টাকে আত্মস্বরূপে আকৃষ্টের ন্যায় করিয়া, দ্রষ্টারূপে সীমাবদ্ধ করে। যখন দৃশ্য থাকে না, তখন দ্রষ্টাকে সীমাবদ্ধ করিবার কারণও থাকে না; সুতরাং চৈতন্যস্বরূপ জীবতত্ত্ব দ্রষ্টৃ স্বরূপ পরিহার করত, নিঃসীম চৈতন্য-রসেই জ্ঞপ্তিরূপে বিশ্রাম করেন। তখন

কুতোঽন্যথা স্যাদ্রমতঃ স্ব আত্মনঃ সীতাকৃতানি ব্যসনানীশ্বরস্য ॥ ৪ ॥

অন্বয়ঃ।

রমমাণস্য, সর্ব্বাত্মনঃ ঈশ্বরস্য পরমেশ্বরস্য সীতাকৃতানি সীতাবিরহকৃতানি ব্যসনানি দুঃখানি কুতঃ স্যাৎ স্যুঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

মর্ত্ত্যানাং শিক্ষণক শিক্ষার্থমপীত্যর্থঃ। অন্যথা স্বে স্বরূপে রমমাণস্য জগদাত্মনঃ সীতাবিরহকৃতানি ব্যসনানীতি কুতঃ স্যাৎ স্যুঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শিক্ষণার্থং স্বস্মিন্ সত্যপি দুঃখানি দর্শিতানীতি প্রথমে পক্ষে। দ্বিতীয়েতু সীতাবিরহকৃতানি বিষাদাদীনি কুতো দুঃখানি কিন্তু প্রেম্ণঃ স্থায়িভাবস্য বিপ্রলম্ভন-রসাস্বাদন-জনিতানি পরমসুখান্যেব নতু দুঃখানীত্যর্থঃ। আত্মারামত্ব-দুঃখিত্বয়োর্যুগপদেকত্র বিরোধাৎ নচ সীতায়াং রমমাণস্য কুত আত্মারামত্বমিতি বাচ্যং। সীতায়াঃ স্বরূপশক্তিত্বেনাত্মভূতত্বাৎ। নমু সীতায়াঃ স্বরূপভূতত্বে কথং তদ্বিরহঃ সম্ভবেৎ উচ্যতে একমেব পরমতত্ত্বং চিচ্ছক্তিবৃত্তিভেদেন মহাসারেণ প্রেমোদ্যোনানাদিত এব দ্বিধা বিভক্তং তিষ্ঠতি হ্লাদসংঙৈশ্বর্য্যময়ং কেবলং

দুঃখ পাইতে হয়, সেই শিক্ষা প্রদানার্থই তিনি আবির্ভূত হইয়াছিলেন। নতুবা যিনি আত্মারাম ও পূর্ণকাম, সেই সর্ব্বাত্মা সর্ব্বেশ্বর পরম পুরুষের আবার সীতাবিরহ-জনিত দুঃখের সম্ভাবনা কিরূপে সম্ভব হইতে পারে ॥ ৪ ॥

আভাস।

অনন্ত, সর্ব্বাধার ও সর্ব্বান্তর্যামী পূর্ণ চৈতন্যই তাঁহার আশ্রয় হইলে, সেই জীব মুক্ত ও পরমাত্মস্বরূপ প্রাপ্ত হইলেন, এইরূপ শব্দশক্তির দ্বারা অভিব্যক্ত করা যায়। যেমন কোন পুরুষের জ্ঞান ও ক্রিয়াশক্তিকে পৃথক্‌রূপে নির্দ্দেশ করিলেও, উভয়ের অভিন্ন ভাব অনুভবসিদ্ধ; সেইরূপ পূর্ণ চৈতন্য ও বিভ্বী মায়াকে পৃথক্‌রূপে নির্দ্দেশ করিলেও, স্বরূপত উভয়ের অভেদ অনুমান-সিদ্ধ। অতএব পূর্ণ চৈতন্য ও মায়া উভয়েই বিভু পদার্থ এবং পরমার্থত পরস্পরে অভেদ হইলেও, একের প্রাধান্য ও অপরের আনুগত্য অবশ্যই স্বীকার করিতে হইবে; নতুবা উভয় বিরোধীর একত্রাবস্থান কখনই সম্ভবপর হইতে পারে না। এস্থলে কার্য্যরূপা মায়াই জ্ঞানস্বরূপ চেতনের অধীন। কার্য্যোদ্গমের অন্তরে নিয়ামকরূপে চেতনের অস্তিত্ব অবশ্যই স্বীকার্য্য। কিন্তু নির্গ্মনস্বত্বের সাক্ষিস্বরূপে অবস্থিত চেতনের সন্নিধানে কার্য্যের কোন আবশ্যক থাকে না। অতএব চৈতন্য স্বতন্ত্র; কিন্তু কার্য্যস্বরূপা মায়া অস্বতন্ত্রা; চেতনের অধীনেই কার্য্যের উৎপত্তি করিয়া থাকেন। সুতরাং পূর্ণব্রহ্মের সন্নিধানে মায়া অস্বতন্ত্র। অতএব তিনি জগৎকে শিক্ষা দিবার উপলক্ষে যে কোন শরীর ধারণ করেন, তাহা জীবশরীরবৎ মায়ামূলক নহে; তাহা চিন্মূলক। সুতরাং শ্রীরামচন্দ্রের নবদূর্ব্বাদলাদি রূপের বর্ণনায় তাঁহার স্বরূপের ব্যাখ্যা করা হয় না। কারণ তিনি প্রাকৃতিক নাম রূপাদির অতীত; তিনি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্লাদময়ঞ্চ। প্রথমং পরমেশ্বরাখ্যং দ্বিতীয়ং ভক্তাখ্যং। পুনশ্চ তেনৈব প্রেম্ণা স্বস্য চতুর্দ্ধাভি-র্বৃত্তিভি র্দ্বিতীয়ং তত্ত্বং চতুর্দ্ধা বিভক্তং দাস-সখি-পিত্রাদি-প্রেয়স্যাখ্যং। প্রথমস্য তদেব তত্ত্বস্য দাস্যাদি-ভাব-ভাবিতত্বং ব্যবস্থাপিতং প্রাকৃতেষ্বপি জীবেষু যদৃচ্ছয়ৈতাদৃশভক্তিসাধনবৎসু ভক্তিপরিপাকে স্বয়মাবিভূর্য় এতচ্চতুষ্কমাবেশ্য তেষ্বপি দাসাদিত্বেন যথাকালং নিত্যলোকং প্রাপয্য চতুষ্কেণ তেন সমনুগম্যতে পুনরপি তেনৈব প্রেম্ণা স্থায়িভাবতাং প্রাপ্তেন স্বশক্ত্যা-বাবির্ভাবিতাভি র্বিভাবাদিভিঃ স্বং রসরূপীকৃত্য তদেব তত্ত্বযুগলং স্বস্য বিষয়াশ্রয়ৌ ভাব-ভাবিতং কৃত্বা স্বাধীনী কৃত্য যোগবিয়োগাভ্যাং সুখদুঃখায়িতং স্বমাধুর্য্যমসাধারণমপারমাস্বা-দয়তা কোহপ্যানন্দ-চমৎকারএব তদ্বিদাং নিষ্পাদ্যতে অতদ্বিদাস্তু কেষাঞ্চিৎ রামকৃষ্ণাদীনা-মপ্যেতাবদ্দুঃখমনির্ব্বাচ্যমিতি কেষাঞ্চিজ্জীবপ্রদর্শনায়ৈ অনুকৃতমিত্যেবং ব্যামোহ এব ॥ ৪ ॥

আভাস।

মানবাদি জীবনিচয়ের ইন্দ্রিয়গ্রাহ্য মূর্ত্তি ধারণে আবির্ভূত হইয়া যে কেবল রাক্ষসগণের বধসাধনই করিয়াছিলেন, তাহা নহে; মনুষ্য-জীবনের কর্ত্তব্যসাধনের দ্বারা জগৎকে উপ-দেশ প্রদান করাই রামাবতারের প্রধান উদ্দেশ্য। গুরুজনের সম্মান-রক্ষা, প্রজাপালন, সাধ্বী স্ত্রীর রক্ষা এবং অতি নীচ অবস্থায় পতিত হইয়াও মানব কি প্রকারে যে উন্নতি লাভ করে, তাহার পরিচয় তিনিই কেবল প্রদান করিয়াছেন। সহায়শূন্য বনবাসী হইয়াও কেবল অতি নীচ বানরকুলের সহিত মিত্রত্বের সংস্থাপনে বীরকেশরী এবং অতুল ঐশ্বর্য্য-সম্পন্ন বিজ্ঞানবিদ্ দশাননকেও তিনি অবলীলাক্রমে নিধন করিয়াছিলেন। "লঘুনামপি সত্ত্বানাং সমবায়ো রিপুঞ্জয়ঃ। বর্ষাধারাধরো মেঘস্তৃণৈরপি নিবার্য্যতে" ॥ অতি তুচ্ছ প্রাণীর একত্র মিলনের দ্বারা প্রবল শত্রুকে পরাজয় করিতে পারা যায়; বারিধরের প্রচুর জল-ধারাও অতি সামান্য তৃণগুচ্ছের দ্বারা অনায়াসে নিবারণ করা যায়। এই নীতির সুস্পষ্ট পরিচয় রামচরিত্রে যথেষ্ট প্রতীত হইতেছে। এবং রাবণের ন্যায় প্রতাপশীল ব্যক্তিও ভ্রাতৃবিচ্ছেদের দোষে সামান্য বানরের হস্তে নিহত হইয়াছেন। এই প্রকারে মনুষ্য-জীবনের প্রধান কর্ত্তব্য বিষয়গুলির অভিনয়ই রামলীলার প্রধান উদ্দেশ্য। তিনি সীতার বিরহ-জনিত আসক্তি এবং পিতৃবাক্য প্রতিপালনে অনাসক্তির চূড়ান্ত দৃষ্টান্ত প্রদর্শনে প্রকৃত অমানুষিক ব্যাপারেরই পরিচয় দিয়াছেন ॥ ৩ ॥ ৪ ॥

মানবের ন্যায় শ্রীরাম মনুষ্যোচিত সকল কার্য্যেরই পরিচয় দিয়াছেন; অথচ পরমার্থত তিনি সম্পূর্ণ নির্লিপ্ত। সুতরাং তাঁহার দুঃখ শোকাদি কেবল কাল্পনিক মাত্র। কারণ তিনি সর্ব্বান্তর্যামী এবং জীবমাত্রেরই পরম সুহৃদ্। প্রকৃত প্রস্তাবে সীতাবিরহ-নিবন্ধন দুঃখ তিনি ভোগ করেন নাই বা লক্ষ্মণকেও কখন বর্জ্জন করিতে পারেন না। শ্রীরাম যখন দেবদূতের সহিত নির্জ্জনে মন্ত্রণা করিতেছিলেন, তখন তথায় সকলেরই প্রবেশ নিষিদ্ধ ছিল এবং তজ্জন্য স্বয়ং লক্ষ্মণই দ্বারদেশে প্রহরীরূপে দণ্ডায়মান ছিলেন। ইত্যবসরে দুর্ব্বাসা মুনি শ্রীরামকে দেখিবার নিমিত্ত দ্বারদেশে উপস্থিত হইলেন। দুর্ব্বাসার ন্যায় ঋষিকে রাম-সন্দর্শনার্থে

নবৈ স আত্মাত্মবতাং সুহৃত্তমঃ সক্তস্ত্রিলোক্যাং ভগবান্ বাসুদেবঃ।
ন স্ত্রীকৃতং কশ্মলমশ্নুবীত ন লক্ষ্মণঞ্চাপি বিহাতুমর্হতি॥ ৫॥

অন্বয়ঃ।

আত্মবতাং ধীরাণাং আত্মা সুহৃত্তমঃ সঃ ভগবান্ বাসুদেবঃ ত্রিলোক্যাং ন ক্বাপি বিষয়ে সক্তঃ অতঃ স্ত্রীকৃতং কশ্মলং ন অশ্নুবীত তথা লক্ষ্মণং চাপি বিহাতুং ন অর্হতি॥ ৫॥

শ্রীধরস্বামী।

বিষয়াসক্ত্যভাবেন ব্যসনানর্হত্বং উপপাদয়তি ন বৈ স ভগবান্ ত্রিলোক্যাং ক্বাপি সক্তঃ। যতঃ অত্মবতাং ধীরাণাং আত্মা সুহৃত্তমশ্চ। অতো ন স্ত্রীকৃতং মোহং প্রাপ্নুয়াৎ। ন লক্ষ্মণ-ঞ্চেত্ত দেবদূতেন শ্রীরামঃ সমন্ত্রয়তা বিজ্ঞাপিতঃ "অত্রাগতস্ত্বয়া বধ্য" ইতি তদৈব দ্বারি স্থিতং লক্ষ্মণং দুর্ব্বাসসমাগতং বিজ্ঞাপয়িতুং প্রবিষ্টং হন্তুমুদ্যতো বশিষ্ঠবাক্যাৎ তত্যাজ তচ্চ ন যুজ্যতে ইত্যর্থঃ॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য প্রেমবশ্যত্ব-সত্যব্রতত্ব-ব্রহ্মণ্যত্বাদিভিরপ্রাকৃতৈস্তৈরেব এতদুপপদ্যতে নান্যথেত্যাহ নেতি। স বৈ খলু ত্রিলোক্যাং ন সক্তঃ যতঃ আত্মা পরমাত্মা তদপি আত্মবতাং আত্মা সেব্যত্বেন বর্ত্ততে যেষাং তেষাং দাসাদীনাং সুহৃত্তমঃ যতো ভগবান্ পূর্ণষড়ৈশ্বর্য্যঃ অতঃ প্রেমবশ্যত্বা-নঙ্গীকারে প্রাকৃতানামিব স্ত্রীকৃতং কশ্মলং মোহং নাশ্নুবীত ন প্রাপ্নুয়াৎ তথৈব সত্যব্রতত্ব-ব্রহ্মণ্যত্বাদ্যনঙ্গীকারে লক্ষ্মণমপি ত্যক্তুং নার্হেৎ। তথাহি দেবদূতেন শ্রীরামং মন্ত্রয়তা বিজ্ঞাপিতং। অত্রাগতস্ত্বয়া বধ্য ইতি। তদৈব দ্বারিস্থিতং লক্ষ্মণং দুর্ব্বাসসং বিজ্ঞাপয়িতুং প্রবিষ্টং হন্তুমুদ্যতো বশিষ্ঠবাক্যাত্তত্যাজেতি তস্মাদেতাদৃশ্যা লীলয়া প্রেমাণং ধর্ম্মঞ্চ শিক্ষয়া-মাসেতি যুক্তমুক্তং মর্ত্ত্যশিক্ষণমিতি॥ ৫॥

তিনি ধীর ব্যক্তিগণের অন্তরাত্মা ও পরম সুহৃদ্; এবং বিশ্ব সংসারের এক মাত্র সার বস্তু। সংসারের কোন বস্তুতেই তিনি কখন আসক্ত হন না; সুতরাং স্ত্রী-বিরহ-জনিত দুঃখ তাঁহার কখনই হইতে পারে না এবং প্রতিজ্ঞা অনুসারে অনুজ লক্ষ্মণকেও পরিত্যাগ করা তাঁহার পক্ষে কখন সম্ভবপর হইতে পারে না॥ ৫।

আভাস।

গমনের প্রতিবন্ধক করা লক্ষ্মণের ন্যায় ব্যক্তির পক্ষে কতদূর সঙ্গত তাহা বিবেচনা করিয়া, কি-কর্ত্তব্যবিমূঢ় লক্ষ্মণদেব শ্রীরামের অনুমতির জন্য যখন রামগৃহে নিজেই প্রবেশ করেন, তখন শ্রীরামচন্দ্র পূর্ব্ব প্রতিজ্ঞা অনুসারে বিনা অনুমতিতে মন্ত্রণাগৃহে প্রবেশের অপরাধে লক্ষ্মণকেই বধ করিতে প্রস্তুত হইলেন। কিন্তু বশিষ্ঠের পরামর্শে তিনি লক্ষ্মণকে বর্জ্জন করিয়া মাত্র সে অপরাধ হইতে নিষ্কৃতি দিলেন। এরূপ দৃঢ় প্রতিজ্ঞার পরিচয় কেবল মর্ত্ত্যশিক্ষার অভিপ্রায়ে মাত্র; পরমাত্মস্বরূপে তাঁহার তাদৃশ আচরণের কোন প্রয়োজনই ছিল না॥ ৫॥

ভগবান্ শ্রীরামচন্দ্র সকল গুণের আকর ছিলেন; তাঁহার নির্ম্মল চরিত্রে মোহিত

ন জন্ম নূনং মহতো ন সৌভগং ন বাঙ্ন বুদ্ধি র্নাকৃতিস্তোষহেতুঃ।
তৈ র্যদ্বিসৃষ্টানপি নো বনৌকসশ্চকার সখ্যে বত লক্ষ্মণাগ্রজঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

নূনং নিশ্চিতং, মহতঃ শ্রীরামস্য, সন্তোষহেতুঃ ন জন্ম ন সৌভগং সৌন্দর্য্যং, ন আকৃতিঃ জাতিঃ বুদ্ধিঃ ন, নাপি বাক্ কারণং ; যৎ যস্মাৎ তৈঃ জন্মাদিভিঃ বিসৃষ্টান্ ত্যক্তান্ অপি বনৌকসঃ বনচরান্, নঃ বানরান্, বত লক্ষ্মণাগ্রজঃ অস্মান্ সখ্যে সখিত্বে, চকার কৃতবান্ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

অতঃ শ্রীরাম এব সর্ব্বৈঃ সেব্য ইতি বক্তুং ন তস্য তোষহেতুঃ সৎকুলজন্মাদিকন্তু ভক্তিরেবেত্যাহ ন জন্মেতি। মহতঃ পুরুষাৎ জন্ম মহতঃ শ্রীরামস্যেতি বা। সৌভগং সৌন্দর্য্যং। আকৃতি র্জাতিঃ। যদ্যস্মাৎ তৈর্জন্মাদিভি র্বিসৃষ্টান্ ত্যক্তানপি নো বনচরান্ বত অহো লক্ষ্মণস্যাগ্রজোঽপি সখিত্বে কৃতবান্ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্তৎ সর্ব্বগুণাকরস্য তস্য কৃপয়া নিরুপাধিং বিশিষ্যাহ ন জন্মেতি। মহতো বংশাজ্জন্ম মহতঃ শ্রীরামস্যেতি বা তৈঃ সজ্জন্মাদিভি র্লক্ষ্মণস্য সর্ব্বসল্লক্ষণপরিপূর্ণস্য সুমিত্রাসূনো-রগ্রজোঽগ্রজত্বেন তমপি দাস্যে বিদধানোঽস্মান্ সর্ব্বসল্লক্ষণরহিতানপি সখ্যে চকারেতি সুগ্রীবমুখলক্ষ্যোক্তিঃ ॥ ৬ ॥

সৎকুলে জন্ম, সুন্দর মূর্ত্তি, উত্তম জাতি এবং বিচক্ষণা বুদ্ধির অনুরোধে বা উৎকৃষ্ট বচনের প্রয়োগে কখন সেই পরাৎপরের প্রিয়পাত্র হওয়া যায় না; কারণ তাহা হইলে, পূর্ব্বোক্ত সকল গুণে বঞ্চিত আমাদের ন্যায় অতি নিকৃষ্ট বনচর বানরকুলকে তিনি কখন সখারূপে গ্রহণ করিতেন না ॥ ৬ ॥

আভাস।

হইয়া, বনচর বানর পর্য্যন্ত পরমা ভক্তি প্রদর্শনে তাঁহার বাধ্য হইয়াছিল। এবং রামচন্দ্রও বানরকুলের বংশমর্য্যাদা, বেশভূষা, অঙ্গসৌষ্ঠব, সঙ্গতি বা বিদ্যার প্রতি লক্ষ্য না করিয়া, বন্ধুত্বে পরিগ্রহ করিয়াছিলেন। তিনি ভাবগ্রাহী জনার্দ্দন! সুতরাং বানরকুলের ভাবের প্রতি লক্ষ্য করিয়া, এরূপ অপূর্ব্ব মিলনের সংস্থাপন করিয়াছিলেন, যাহার প্রসাদে তাদৃশ লঙ্কেশ্বরের নিধনরূপ দুঃসাধ্য কার্য্যের সাধনে তিনি জগতে শান্তি ও উন্নতির পথ প্রশস্ত করিয়াছিলেন। সুগ্রীবাদি শ্রেষ্ঠ কপিগণ বিলক্ষণ বুঝিতেন যে, তাঁহারা রামসন্নিধানে সর্ব্বাংশে ন্যূন ও নিকৃষ্ট হইলেও, শ্রীরাম কিন্তু অনুজ লক্ষ্মণ অপেক্ষা বরং অধিক পরিমাণে তাঁহাদিগকে স্নেহ করিতেন ॥ ৬ ॥

অতএব সকল প্রকার অবতারের মধ্যে রামাবতারের প্রতি লক্ষ্য করা, মানব মাত্রেরই অবশ্য কর্ত্তব্য। উক্ত অবতারের অনুসরণে কার্য্য করিলে, মানব প্রকৃত মনুষ্য-পদ-বাচ্য হন; এবং ঐহিকে অতুল সুখ ও অন্তে মোক্ষপদ প্রাপ্ত হন, সন্দেহ নাই। ওরূপ কৃতজ্ঞ

সুরোঽসুরো বাথ নরোঽথ বানরঃ সর্ব্বাত্মনা যঃ সুকৃতজ্ঞমুত্তমং।
ভজেত রামং মনুজাকৃতিং হরিং য উত্তরাননয়ৎ কোষলান্ দিবমিতি ॥ ৭ ॥
ভারতেঽপি বর্ষে ভগবান্নরনারায়ণাখ্য আকল্পান্তমুপচিত-ধর্ম্মজ্ঞান-

অন্বয়ঃ।

অথ তস্মাৎ সুরঃ দেবঃ অসুরঃ বা, নরঃ মনুষ্যঃ অথবা অনরঃ পশুপক্ষ্যাদিঃ, যঃ কোঽপি বা সর্ব্বাত্মনা কায়বাঙ্মনোভিঃ মনুজাকৃতিং হরিং সর্ব্বদুঃখহর্ত্তারং সুকৃতজ্ঞং উত্তমং রামং এব ভজেত যঃ রামঃ উত্তরান্ কোষলান্ অযোধ্যাবাসিনঃ সর্ব্বান্ জীবান্ দিবং ব্রহ্মলোকাদুপরি বর্ত্তমানং বৈকুণ্ঠং অনয়ৎ ॥ ৭ ॥

ভারতে অপি বর্ষে নরনারায়ণাখ্যমূর্ত্তিদ্বয়েন (বদরিকাশ্রমে স্থিতঃ) অব্যক্তগতিঃ (ঋষিরূপগ্রহণেন ন ব্যক্তা প্রকটা গতিঃ ভগবত্ত্বং যস্য সঃ) ভগবান্ আত্মবতাং (আত্মা স্বয়মেব উপাস্য-

শ্রীধরস্বামী।

তস্মাৎ সুরো বা অন্যো বা যঃ কোঽপি শ্রীরামমেব সর্ব্বপ্রকারেণ ভজেত। সুকৃতজ্ঞং অল্পীয়স্যাপি ভজনে বহুমানিনাং উত্তরান্ কোশলান্ অযোধ্যাবাসিনঃ। ৭ ॥

উপচিতৈ ধর্ম্মাদিভিঃ আত্মোপলভ্যতে যেন তত্তপশ্চরতি। তত্র উপশমঃ ইন্দ্রিয়াণাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মাদ্ভজনীয়েষু সর্ব্বেষ্ববতারেষু মধ্যে রামএব কৃপাসিন্ধুরতিশয়েন ভজনীয়ো যদ্ভজনে সর্ব্বএবাবিশেষেণাধিকারীত্যাহ সুর ইতি যঃ কোঽপি সর্ব্বাত্মনা সর্ব্বপ্রকারেণ উত্তরান্ কোশলান্ অযোধ্যাবাসিনঃ সশরীরানেব দিবং বৈকুণ্ঠং ॥ ৭ ॥

উপচিতৈ ধর্ম্মাদিভিঃ সহিত আত্মা ত্বংপদার্থ উপলভ্যতে যেন তত্তপশ্চরতি তত্র উপশমঃ

অতএব দেবতা, অসুর, নর বা মনুষ্যেতর বানর অথবা পশু পক্ষী যে কোন জীবই হউক্ না কেন, কায়মনোবাক্যে সেই সর্ব্বদুঃখহারী মনুষ্যাকৃতি শ্রীরামচন্দ্রের আরাধনা করা জীবমাত্রেরই অবশ্য কর্ত্তব্য। তিনি সর্ব্বশ্রেষ্ঠ এবং কৃতজ্ঞ। যে রূপ কর্ম্ম করা যাউক্ না, তদনুরূপ ফলই তিনি প্রদান করিয়া থাকেন। তিনি উত্তরকোশল অযোধ্যার অধিবাসিগণকে অতি উৎকৃষ্ট ব্রহ্মলোকেরও উপরিস্থিত বৈকুণ্ঠধামে লইয়া গিয়াছেন ॥ ৭ ॥

ভারতবর্ষে নর ও নারায়ণ এই উভয় মূর্ত্তিতে ভগবান্ অবস্থান করিতেছেন। বদরিকাশ্রমে অবস্থান পূর্ব্বক প্রচুর পরিমাণে অনুষ্ঠিত পুণ্যকর্ম্ম, জ্ঞান,

আভাস।

এবং দয়াল অবতারের ভজনা করা মানব মাত্রেরই একান্ত কর্ত্তব্য। অহো! তাঁহার কৃপাকটাক্ষে অযোধ্যাবাসী যাবতীয় প্রাণী, এমন কি! পশু পক্ষী পর্য্যন্ত জীবগণ বৈকুণ্ঠধামে গমন করিয়াছে ॥ ৭ ॥

বৈরাগ্যৈশ্বর্য্যোপশমোপরমাত্মোপলম্ভনমনুগ্রহায়াত্মবতামনুকম্পয়া তপোঽব্যক্ত-গতিশ্চরতি ॥ ৮ ॥

অন্বয়ঃ।

তয়া সিদ্ধ্যতে যেষাং তেষাং) অনুগ্রহায় স্বপ্রাপ্তিসাধনে কেবলং অনুকম্পয়া কৃপয়া এব (উপ-চিতৈঃ ধর্ম্মাদিভিঃ আত্মা স্বয়মেব সচ্চিদানন্দবিগ্রহঃ ভগবান্ উপলভ্যতে যেন তৎ; তত্র ধর্ম্মঃ পুণ্যং, জ্ঞানং সর্ব্বজ্ঞতা, বৈরাগ্যং বিষয়বৈতৃষ্ণ্যং, ঐশ্বর্য্যং অণিমাদি, উপশমং ইন্দ্রিয়সংযমঃ উপরমঃ নিরহঙ্কারতা) তপঃ আকল্পান্তং কল্পপর্য্যন্তং চরতি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

সংযমঃ। উপরমো নিরহঙ্কারতা। আত্মবতামনুগ্রহায় ন স্বার্থং ঈশ্বরত্বাৎ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইন্দ্রিয়াণাং সংযমঃ। উপরমো নিরহঙ্কারিতা। আত্মবতাং জ্ঞানিনাং অনুগ্রহায় তপঃ শিক্ষণরূপায়েতি তপসি প্রয়োজনং। অনুকম্পয়েতি তত্র কারণমিত্যপৌনরুক্ত্যং ॥ ৮ ॥

বৈরাগ্য অণিমাদি অষ্টৈশ্বর্য্য, ইন্দ্রিয়সংযম ও অহঙ্কারের পরিত্যাগ প্রভৃতি সৎকার্য্যের অনুষ্ঠানে সচ্চিদানন্দ-বিগ্রহ পরমাত্মা ভগবান্ কল্পকাল পর্য্যন্ত পরম তপস্যার আচরণে আত্মবান্ ব্যক্তিগণের প্রতি বিশেষ অনুগ্রহের প্রকাশে অব্যক্তগতিতে বিচরণ করিতেছেন ॥ ৮ ॥

আভাস।

তপস্যার বলে জীবের আত্মসাক্ষাৎকার হইয়া থাকে। কারণ সাংখ্যকার বলিয়াছেন যে, "বুদ্ধিধর্ম্মো জ্ঞানং বিরাগঐশ্বর্য্যং। সাত্ত্বিকমেতদ্রূপং তামসমস্মাদ্বিপর্য্যস্তং" ॥ অর্থাৎ বুদ্ধিতেই আটটী ধর্ম্ম নিত্য বিদ্যমান রহিয়াছে; তবে সত্ত্বগুণের উদয়ে ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য এই চারিটী উৎকৃষ্ট ধর্ম্মের প্রকটন হয় এবং তমোগুণের উদয়ে উক্ত শ্রেষ্ঠ ধর্ম্মচতুষ্টয়ের স্থান-ভাবে তদ্বিপরীত অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য ও অনৈশ্বর্য্য এই চারিটী অধম ধর্ম্মের প্রকটন হয়। সুতরাং মানবের বুদ্ধিই সর্ব্বেসর্ব্বা; যাহার বুদ্ধি স্বীয় ভাণ্ডার উন্মোচন করে, সেই মানব নর-পতিত্বের কথা দূরে থাকুক, ইন্দ্রত্ব পর্য্যন্ত তুচ্ছ করিয়া ব্রহ্মপদবী প্রাপ্ত হইতে পারেন; আবার বুদ্ধির দ্বার রুদ্ধ হইলে, রাজরাজেশ্বরকেও পথের ভিখারী হইতে হয়। অতএব মানবের পক্ষে কোন প্রাপ্তি যেমন নাই, অপ্রাপ্তিও তেমনই নাই। অন্তরস্থ রসের এবং শক্তির প্রকটনে বৃক্ষ যেমন ফল ফুল ও পত্রাদিতে সুশোভিত হয়, দৃশ্য জগতের কোন প্রাপ্তির প্রত্যাশা বা অপ্রাপ্তির ভয় করে না, সেইরূপ মানবও অন্তরস্থ বুদ্ধির গুণে পুষ্ট ও অণিমাদি ঐশ্বর্য্যে সুশোভিত হয় এবং বুদ্ধির দোষে ক্ষীণপ্রায় ও অভাবগ্রস্ত হইয়া পড়ে। অতএব বুদ্ধির নৈর্ম্মল্য-সাধিত হইলে, মানব ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও অণিমাদি ঐশ্বর্য্যে বিভূষিত হয় এবং বুদ্ধি মলিন হইলে, পূর্ব্বোক্ত ধর্ম্মাদিতে বঞ্চিত হইয়া পড়ে। ইন্দ্রিয়-সংযম ও নিরহঙ্কারতার দ্বারাই বুদ্ধির মালিন্য বিনষ্ট হয়; সুতরাং তপস্যার দ্বারা যখন ইন্দ্রিয়ের সংযম এবং চিত্তের নৈর্ম্মল্য-সাধনে নিরহঙ্কার ভাবের

তং ভগবান্নারদো বর্ণাশ্রমবতীভি র্ভারতীভিঃ প্রজাভি র্ভগবৎপ্রোক্তাভ্যাং সাংখ্যযোগাভ্যাং ভগবদনুভাবোপবর্ণনং সাবর্ণেরুপদেক্ষ্যমাণঃ পরমভক্তি-ভাবেনোপসরতি। ইদঞ্চাভিগৃণাতি ॥ ৯ ॥

ওঁ নমো ভগবতে উপশমশীলায় উপরতানাত্ম্যায় নমোঽকিঞ্চনবিত্তায়

অন্বয়ঃ।

ভগবৎপ্রোক্তাভ্যাং সাংখ্যযোগাভ্যাং জ্ঞানতৎসাধনাভ্যাং সহ ভগবদনুভাবোপবর্ণনং (ভগবদনুভাবঃ উপবর্ণ্যতে যেন তৎ পঞ্চরাত্রং) সাবর্ণেঃ সাবর্ণিভাবিনং মনুং উপ দেক্ষ্যমাণঃ ভগবান্ নারদঃ বর্ণাশ্রমবতীভিঃ ভারতীভিঃ ভারতবর্ষনিবাসিনীভিঃ প্রজাভিঃ সহ পরমভক্তিভাবেন তং ভগবন্তং উপসরতি সেবতে। ইদং চ মন্ত্রং আভিগৃণাতি জপতি ॥ ৯ ॥

ওঁ নমো ভগবতে নারায়ণায়; পরমহংসাঃ সারাসারবিবেকিনঃ তেষাং তপি পরমগুরবে; অকিঞ্চনবিত্তায় (নাস্তি ভগবদ্ব্যতিরিক্তং কিঞ্চন যেষাং তে অকিঞ্চনাঃ এব বিত্তং বিত্তবং প্রীতি-বিষয়ত্বেন সর্ব্বতঃ সংরক্ষণীয়াঃ যস্য তস্মৈ) ঋষিঋষভায় (ঋষিষু বিবেকিষু ঋষভায় শ্রেষ্ঠায়)

শ্রীধরস্বামী।

ভগবদনুভাব উপবর্ণ্যতে যেন পঞ্চরাত্রেণ তৎ সাবর্ণে র্মনোঃ উপসরতি সেবতে ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবদনুভাবো বর্ণ্যতে যেন তদ্ভগবদনুভাববর্ণনং পঞ্চরাত্রশাস্ত্রং সাঙ্খ্যযোগাভ্যাং সহ সাবর্ণেঃ সাবর্ণিঃ ॥ ৯ ॥

উপরতানাত্ম্যায় ন বিদ্যতে আত্মা জ্ঞাতব্যত্বেন যস্য সঃ অনাত্মা অনাত্মনো ভাবঃ

ভগবান্ কপিলমূর্ত্তিতে যে সাংখ্যজ্ঞান ও তাহার সাধনভূত যোগের বিষয় সংসারে উপদেশ দিয়াছিলেন, দেবর্ষি ভগবান্ নারদ তৎকৃত পঞ্চরাত্রে সেই উপদেশ সহ ভগবদৈশ্বর্য্যের বিশেষ বর্ণন করিয়াছেন। সম্প্রতি সাবর্ণি মনুকে তদ্বিষয়ের উপদেশ প্রদানের অভিপ্রায়ে বর্ণাশ্রমবিশিষ্ট ভারতবর্ষের প্রজাপুঞ্জ সহ দেবর্ষি নারদ একান্ত ভক্তি-সহকারে সেই ভগবানের আরাধনা করিতেছেন এবং নিম্নলিখিত মন্ত্রও জপ করিতেছেন ॥ ৯ ॥

যথা, ভগবান্ নরনারায়ণকে আমরা প্রণাম করি। ইন্দ্রিয়গ্রাম ও অন্তঃকরণের সংযমে তিনিই প্রধান দৃষ্টান্তস্থল। তিনি সারাসার-তত্ত্বজ্ঞ পরম-

আভাস

উপস্থিতি ঘটে, তখন অবান্তর বা গৌণ সম্বন্ধে তপস্যাই মানবের মুক্তিসাধনে প্রধান হেতু। নর-নারায়ণরূপী ভগবান্ স্বয়ং তপস্যার অনুশীলনে জগৎকে তপস্যা করাকেই মুক্তিলাভের উপায়রূপে উপদেশ দিয়াছেন ॥ ৮ ॥

ভগবান্ নারদকৃত পঞ্চরাত্র নামক ভক্তিগ্রন্থে ভগবানের তত্ত্ব এবং ভগবদুক্ত সাংখ্য ও যোগের বিষয় বিশেষরূপে বর্ণিত আছে ॥ ৯ ॥

ঋষিঋষভায় নরনারায়ণায় পরমহংস-পরম-গুরবে আত্মারামাধিপতয়ে নমো নম ইতি গায়তি চেদং॥ ১০॥

কর্ত্তাস্য সর্গাদিষু যো ন বধ্যতে ন হন্যতে দেহগতোঽপি দৈহিকৈঃ।

অন্বয়ঃ।

উপরতানাত্ম্যায় (উপরতং নিত্যনিবৃত্তং অনাত্ম্যং অনাত্মনি আত্মাতিরিক্তে গুণকার্য্যে দেহেন্দ্রিয়াদৌ অহমিত্যধ্যাসলক্ষণং যস্য তস্মৈ) উপশমশীলায় (উপশমে ইন্দ্রিয়ান্তঃকরণসংযমে শীলং স্বভাবঃ যস্য তস্মৈ) আত্মারামাধিপতয়ে (আত্মনি ভগবতি রমমাণাঃ ভক্তাঃ তেষাং অধিপতয়ে পালকায় নমো নমঃ ইতি চ ইদং মন্ত্রং গায়তি॥ ১০॥

অস্য বিশ্বস্য কর্ত্তা অপি সর্গাদিষু (অহংমমাধ্যাসেন জীববৎ) যঃ ন বধ্যতে নিবদ্ধঃ ন

শ্রীধরস্বামী।

উপরতানাত্ম্যায় নিরহঙ্কারায়॥ ১০॥

অসক্তশ্চাসৌ বিবিক্তশ্চ সাক্ষীচ তস্মৈ নমঃ। অসক্তত্বং দর্শয়তি অস্য বিশ্বস্য স্বর্গাদিষু কর্ত্তাপি যো ন বধ্যতে অহং কর্ত্তেতি ন মন্যতে। বিবিক্তত্বমাহ দেহগতোঽপি দৈহিকৈঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আনাত্ম্যং উপরতং অনাত্ম্যং যস্মাত্তস্মৈ॥ ১০॥

আত্মারামচূড়ামণিত্বমাহ কর্ত্তেতি ন নিবধ্যত ইত্যত স্নেহসক্ত্যায়। দৈহিকৈঃ ক্ষুৎ-

---

হংসগণের পরম গুরু এবং অকিঞ্চনগণের এক মাত্র সম্বল। সংসারে যাঁহারা কিছুরই প্রার্থনা করেন না, তাদৃশ অকিঞ্চন ব্যক্তিগণকেই পরম প্রিয় ও আদরের পাত্র বলিয়া তিনি নিরন্তর রক্ষা করিয়া থাকেন। আত্মাতিরিক্ত জড় দেহগেহাদিতে সম্পূর্ণ অভিমানশূন্য এবং যাঁহারা ভগবানে চিত্ত সংযত করত সংসারে উদাসীনের ন্যায় অবস্থান করিতেছেন, ইনিই তাঁহাদের সহায় এবং প্রতিপালক। তিনি বিবেকী ঋষিগণের অগ্রগণনীয়; আমরা তাঁহাকে প্রণাম করি! নারদাদি ভারতবাসী সকলেই এই মন্ত্র নিরন্তর জপ করিতেছেন॥ ১০॥

অহো! এই বিশ্ব সংসারের সাক্ষাৎ সৃষ্টিকর্ত্তা হইয়াও, যিনি জীবের ন্যায় সৃষ্ট কোন পদার্থেই অহঙ্কার ও মমতার পরিচয়ে সংসারে আবদ্ধ হন না, যিনি জীবমাত্রেরই দেহে পুরুষরূপী অন্তর্যামী থাকিয়াও দৈহিক ক্ষুৎ-

আভাস।

হংস যেমন জলমিশ্রিত দুগ্ধকে জল হইতে পৃথক্‌রূপে গ্রহণ করিতে পারে, সেইরূপ চিজ্জড়ের সংমিশ্রণে সৃষ্ট জগৎ ব্রহ্মাণ্ড হইতে অনাত্মা জগদ্ভাগের বিসর্জ্জনে সম্পূর্ণ চৈতন্যস্বরূপকে যাঁহারা অবধারণ করিতে পারেন, সেই বিবেকিগণই পরমহংসনামে অভিহিত। দেহসম্বন্ধ নিবন্ধন

দ্রষ্টুর্ন দৃগ্‌যস্য গুণৈর্বিদূষ্যতে তস্মৈ নমোঽসক্ত-বিবিক্তসাক্ষিণে ॥ ১১ ॥

ইদং হি যোগেশ্বর-যোগনৈপুণং হিরণ্যগর্ভো ভগবান্ জগাদ যৎ।
যদন্তকালে ত্বয়ি নির্গুণে মনো ভক্ত্যাদধীতোজ্‌ঝিত দুষ্কলেবরঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

ভবতি দৈহিকৈঃ ক্ষুৎপিপাসাদিভিঃ চ ন হন্যতে ন অভিভূয়তে; যস্য দ্রষ্টুঃ অপি দৃক্ গুণৈঃ বিষয়ৈঃ ন বিদূষ্যতে বিক্রিয়তে, এবং অসক্তবিবিক্তসাক্ষিণে (অসক্তঃ অসৌ বিবিক্তস্য সাক্ষী চ তস্মৈ) নমো নমঃ ॥ ১১ ॥

হে যোগেশ্বর! ভগবান্ হিরণ্যগর্ভঃ ব্রহ্মা যৎ যোগনৈপুণং যোগস্য নৈপুণ্যং জগাদ উক্তবান্, তৎ হি ইদং এব যৎ উজ্‌ঝিতদুষ্কলেবরঃ (উজ্‌ঝিতং ত্যক্তং দুষ্টং সংসারদুঃখকারণং কলেবরং যেন তথাভূতঃ সন্) অন্তকালে মরণসময়ে নির্গুণে প্রাকৃতগুণরহিতে ত্বয়ি ভক্ত্যা মনঃ আদধীত ধারয়েৎ ইতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

ক্ষুৎপিপাসাদিভির্যো ন হন্যতে নাভিভূয়তে। সাক্ষিত্বমাহ যস্য দ্রষ্টুরপি সতো দৃক্ দৃষ্টি গুণৈর্দৃশ্যৈর্ন দূষ্যতে ন বিক্রিয়তে ॥ ১১ ॥

যোগকৌশলং নিরূপয়ন্ যোগং প্রার্থয়তে ইদমিতি ত্রিভিঃ। হে যোগেশ্বর হিরণ্যগর্ভো যদ্‌যোগনৈপুণ্যং জগাদ তৎ ইদমেব তৎ কিং জন্মপ্রভৃতি ভক্ত্যা অন্তকালে পুমান্ ত্বয়ি মনো ধারয়েদিতি যৎ। কথম্ভূতঃ সন্ উজ্‌ঝিতং দুষ্কলেবরং তদভিমানো যেন ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পিপাসাদিভির্নহন্যতে নাভিভূয়তে ইত্যতো দেহাদ্বিবিক্তায় দ্রষ্টুরপি সতো দৃগ্দৃষ্টিঃ গুণৈর্দৃশ্যৈর্ন দূষ্যতে অতএব অসক্তশ্চাসৌ বিবিক্তসাক্ষী আলপ্তসাক্ষী চেতি তস্মৈ ॥ ১১ ॥

যোগাভ্যাসিনাং রহস্যমাহ ইদমিতি যদিতি শত্রন্তং অন্তকালে যৎ গচ্ছৎ চপলমিতি যাবৎ মনস্ত্বয়ি দধীত স্থিরীকুর্য্যাদিত্যর্থঃ উজ্‌ঝিতেতি বর্ত্তমানে নিষ্ঠা ॥ ১২ ॥

পিপাসাদি কোনরূপ বিকারে অভিভূত হন না; এবং সর্ব্বদর্শী হইয়াও প্রাকৃতিক কোন দৃশ্য পদার্থে কখন আকৃষ্ট হন না, সেই নিরঞ্জন সর্ব্বসাক্ষী পূর্ণব্রহ্ম ভগবানকে আমরা প্রণাম করি। ॥ ১১ ॥

হে যোগেশ্বর! বিণ্মূত্র-পরিপূর্ণ এবং সংসার-তাপ-তাপিত এই নশ্বর কলেবর পরিত্যাগ করিবার সময়, প্রকৃত প্রাণান্তকালে মানব যদি ভবদীয় নির্গুণ স্বরূপে ভক্তিপূর্ব্বক মন সমর্পণ করিতে পারেন, তবেই তাঁহার যোগ-নৈপুণ্যের সাধনে পুরুষার্থ লাভ হইল; ভগবান্ হিরণ্যগর্ভ ব্রহ্মা ইহাকেই যোগনৈপুণ্য বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ১২ ॥

আভাস।

জীব দৈহিক ক্ষুৎপিপাসা এবং শোক-জরাদির দ্বারা অভিভূত হয়, কিন্তু ভগবান্ অবতার গ্রহণে অভিভূত হইলেও, দেহনিষ্ঠ ব্যাপারে কখন লিপ্ত নহেন ॥ ১০ ॥ ১১ ॥

যথৈহিকামুষ্মিককামলম্পটঃ সুতেষু দারেষু ধনেষু চিন্তয়ন্।
শঙ্কেত বিদ্বান্ কুকলেবরাত্যয়াদ্ যস্তস্য যত্নঃ শ্রম এব কেবলং ॥ ১৩ ॥
তন্নঃ প্রভো ত্বং কুকলেবরার্পিতাং ত্বন্মায়য়াহং মমতামধোক্ষজ।

অন্বয়ঃ।

ঐহিকামুষ্মিক-কাম-লম্পটঃ (ঐহিকামুষ্মিকেষু কামেষু লম্পটঃ আসক্তঃ অজ্ঞঃ জনঃ) সুতেষু দারেষু ধনেষু চিন্তয়ন্ (ময়ি মৃতে এতে কথং বর্ত্তেরন্ ইতি চিন্তাং কুর্ব্বন্) কুকলেবরাত্যয়াৎ (কুৎসিতস্য বিষ্ঠাদিমলপূর্ণস্য দুঃখমূলস্য কলেবরস্য অত্যয়াৎ নাশাৎ) মৃত্যোঃ শঙ্কেত যথা বিভেতি, তথা বিদ্বান্ অপি সঃ চেৎ বিভেতি তদা তস্য ধর্ম্মসাধনপ্রযত্নঃ কেবলং শ্রমঃ এব ॥ ১৩ ॥

তৎ তস্মাৎ হে প্রভো অধোক্ষজ! ইন্দ্রিয়াদিজ্ঞানাতীত! ত্বমেব ত্বয়ি স্বভাবং স্বভাবসিদ্ধং নিরুপাধিকং প্রেমলক্ষণং যোগং নঃ অস্মাকং, বিধেহি যেন যোগেন ত্বন্মায়য়া মোহিতৈঃ নঃ

শ্রীধরস্বামী।

অন্যথা তস্য শাস্ত্রাভ্যাসাদিশ্রমো ব্যর্থ ইত্যাহ ঐহিকামুষ্মিককামেষু লম্পটো মূর্খঃ সুতাদিষু যোগক্ষেমং চিন্তয়ন্ কুৎসিতস্য কলেবরস্য অত্যয়াৎ মৃত্যোঃ শঙ্কেত। তথা বিদ্বানপি সন্ যঃ শঙ্কেত তস্য যত্নঃ শ্রম এব ॥ ১৩ ॥

যস্মাদ্বিদুষোঽপি ইয়মেব দশা তত্তস্মাৎ হে প্রভো অধোক্ষজ! ত্বমেব নো যোগং বিধেহি। কীদৃশং ত্বয়ি স্বভাবং সহজ-বাসনা-রূপং যেন যোগেন বয়ং ত্বন্মায়য়া নোঽস্মাকং কুকলেবরে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যথা যোগাভ্যাসো ব্যর্থ এবেত্যাহ যথেতি চিন্তয়ন্ চিন্তাং কুর্ব্বন্ কুকলেবরাত্যয়াৎ শঙ্কেত। ময়ি মৃতে সতি মৎসুতাদয়ঃ কথং বর্ত্তেরন্নিতি ভাবয়েৎ তথৈব বিদ্বানপি যঃ শঙ্কেত তস্য যত্নঃ শ্রম এব ॥ ১৩ ॥

তস্মাদন্যাবেশং ত্যাজয়িত্বা ত্বয়ি মনসোঽভিনিবেশং ত্বমেব কৃপয়া দেহীত্যাহ তন্ন ইতি। যোগং বিধেহি। যোগএব কস্তত্রাহ ত্বয়ি নোঽস্মাকং স্বস্যাত্মনো ভাবং রতিং যয়া যথা বিষয়েষু

ঐহিক ও পারত্রিক ভোগে আসক্ত-চিত্ত মূর্খ ব্যক্তিগণ দারা, পুত্র এবং ধনৈশ্বর্য্যের চিন্তায় ব্যাকুলচিত্ত হইয়া, অর্থাৎ "আমার অভাবে ইহারা কি প্রকারে থাকিবে" এইরূপ চিন্তায় মোহিত হইয়া, এতাদৃশ অশুচি এবং দুঃখ-মূলক কলেবরের বিনাশেও পাছে মৃত্যু উপস্থিত হয়, এই ভয়ে যেমন শঙ্কিত ও ভীত হয়, সেইরূপ বিদ্বান্ ব্যক্তিও যদি ভীত হন, তবে তাঁহার ধর্ম্মসাধনের যত্ন কেবল শ্রম মাত্র; কোন ফলোদয় তাহাতে হইবে না ॥ ১৩ ॥

অতএব হে প্রভো অধোক্ষজ! আপনাতে নিরুপাধিক প্রেমই প্রকৃত প্রস্তাবে পরম যোগ; আপনি স্বয়ং যদি সেই যোগ আমাদিগকে প্রদান করেন, তবেই

ভিন্দ্যাম যেনাশু বয়ং সুদুর্ভিদাং বিধেহি যোগং ত্বয়ি নঃ স্বভাবমিতি ॥ ১৪

ভারতেপ্যস্মিন্ বর্ষে সরিচ্ছৈলাঃ সন্তি বহবঃ ॥ ১৫ ॥

মলয়ো মঙ্গলপ্রস্থো মৈনাক স্ত্রিকূট ঋষভঃ কূটকঃ কোল্লঃ সহ্যো দেবগিরি ঋষ্যমূকঃ শ্রীশৈলো বেঙ্কটো মহেন্দ্রো বারিধারো বিন্ধ্যঃ শুক্তিমানৃক্ষগিরিঃ পারিপাত্রো দ্রোণশ্চিত্রকূটো গোবর্দ্ধনো রৈবতকঃ ককুভো নীলো গোকামুখ ইন্দ্রকীলঃ কামগিরিরিতি চান্যে শত সহস্রশঃ শৈলাস্তেষাং নিতম্বপ্রভবা নদা নদ্যশ্চ সন্ত্যসংখ্যাতাঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

অস্মাভিঃ, কুকলেবরার্পিতং (কুকলেবরে নিন্দিতে শরীরে অর্পিতাং) সুদুর্ভিদাং (উপায়ান্তর-সহস্রৈঃ অপি ভেত্তুমশক্যাং) অহংমমতাং, বয়ং আশু শীঘ্রং এব ভিন্দ্যাম ত্যজাম ইতি ॥ ১৪ ॥

অস্মিন্ বর্ষে সরিতঃ শৈলাঃ চ বহবঃ সন্তি ॥ ১৫ ॥

তে চ মলয়াদয়ঃ ; তথা অন্যে শতশঃ সহস্রশঃ শৈলাঃ তেষাং নিতম্বপ্রভবাঃ তটেভ্যঃ সম্ভূতাঃ নদাঃ নদ্যশ্চ অসংখ্যাতাঃ সন্তি ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

অর্পিতাং অহংমমতাং শীঘ্রং ভিন্দ্যাম ত্যজাম সুদুর্ভিদাং উপায়ান্তরৈঃ সর্ব্বথা ত্যক্তু-মশক্যাং ॥ ১৪ ॥

ইলাবৃতবদস্মিন্নপি বর্ষে সরিতঃ শৈলাশ্চ সন্তি ॥ ১৫ ॥

নিতম্বপ্রভবাঃ তটেভ্যঃ সম্ভূতাঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বভাব স্তথৈব ত্বয়ি স্বভাবো নিসর্গোঽস্ত্বিত্যর্থঃ ॥ ১৪ ॥

অপীতি যথা ইলাবৃতে তথা অস্মিন্নপি বর্ষে ইত্যর্থঃ ॥ ১৫ ॥ ১৬ ॥

আমাদের এই দুর্ভেদ্য অহংমমতা রূপ বিষম দেহাভিমান আমরা পরিত্যাগ করিতে পারি ! ॥ ১৪ ॥

হে রাজন্ ! ভারতবর্ষেও বহুসংখ্যক নদ নদী এবং গিরিসমূহ বিরাজমান রহিয়াছে ॥ ১৫ ॥

তন্মধ্যে মলয়, মঙ্গলপ্রস্থ, মৈনাক, ত্রিকূট, ঋষভ, কূটক, কোল্ল, সহ্য, দেবগিরি, ঋষ্যমূক, শ্রীশৈল, বেঙ্কট, মহেন্দ্র, বারিধার, বিন্ধ্য, শুক্তিমান্, ঋক্ষগিরি, পারিপাত্র, দ্রোণ, চিত্রকূট, গোবর্দ্ধন, রৈবতক, নীল, গোকামুখ, ইন্দ্রকীল, কামগিরি প্রভৃতি শত সহস্র পর্ব্বত এবং ঐ সকল পর্ব্বতের নিতম্ব-দেশ হইতে উৎপন্ন অসংখ্য নদ নদী সমগ্র ভারতে পরিব্যাপ্ত হইয়া রহিয়াছে ॥ ১৬ ॥

এতাসামপো ভারত্যঃ প্রজা নামভিরেব পুনন্তীনামাত্মনা চোপস্পৃশন্তি চন্দ্রবশা তাম্রপর্ণী অবটোদা কৃতমালা বৈহায়সী কাবেরী বেণ্ণা পয়স্বিনী শর্করাবর্ত্তা তুঙ্গভদ্রা কৃষ্ণবেণ্ণা ভীমরথী গোদাবরী নির্ব্বিন্ধ্যা পয়োষ্ণী তাপী রেবা সুরসা নর্ম্মদা চর্ম্মণ্বতী অন্ধঃ শোণশ্চ নদৌ মহানদী বেদস্মৃতি ঋষিকুল্যা ত্রিসামা কৌশিকী মন্দাকিনী যমুনা সরস্বতী দৃশদ্বতী গোমতী সরযু রোঘবতী ষষ্ঠবতী সপ্তবতী সুষোমা শতদ্রু শ্চন্দ্রভাগা মরুদ্বৃধা বিতস্তা অসিক্নী বিশ্বেতি মহানদ্যঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

যদি তাসাং নামোচ্চারণ-মাত্রেণ পাবিত্র্যং ভবতি তদা তাসু স্নানপানাদিনা পাবিত্র্যে কিং বক্তব্যং ইতি। তত্র চন্দ্রবশা ইতি নদীনদান্ এব দর্শয়তি ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

আত্মনাচ দেহেনাপি উপস্পৃশন্তি ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনা দেহেনচ ॥ অন্ধো ব্রহ্মপুত্রঃ ॥ ১৭ ॥

স্রোতস্বতীর মধ্যে চন্দ্রবশা, তাম্রপর্ণী, অবটোদা, কৃতমালা, বৈহায়সী, কাবেরী, বেণ্ণা, পয়স্বিনী, শর্করাবর্ত্তা, তুঙ্গভদ্রা, কৃষ্ণবেণ্ণা ভীমরথী, গোদাবরী, নির্ব্বিন্ধ্যা, পয়োষ্ণী, তাপী, রেবা, সুরসা, নর্ম্মদা, চর্ম্মন্বতী, অন্ধ (ব্রহ্মপুত্র) এবং শোণনদ, তথা মহানদী বেদস্মৃতি ত্রিসামা, কৌশিকী, মন্দাকিনী, যমুনা, সরস্বতী, দৃশদ্বতী, গোমতী, সরযু, ওঘবতী, ষষ্ঠবতী, সপ্তবতী, সুষোমা, শতদ্রু, চন্দ্রভাগা, মরুদ্বৃধা, বিতস্তা, অসিক্নী এবং বিশ্বা এই সকল মহানদী প্রবাহিত রহিয়াছে। অহো! এই সকল নদীর নাম মাত্র উচ্চারণ করিলে যদি পবিত্রতার সাধন হয়, তখন তাহাতে ভারতবাসী প্রজাগণ অবগাহন ও তাহাদের জল-পানাদির দ্বারা যে পবিত্র হইবেন, তাহাতে আর বিচিত্র কি! ॥ ১৭ ॥

আভাস।

ভারতভূমির প্রাকৃতিক শোভা বর্ণনানন্তর সেব্য-সেবকভাবের অপূর্ব্ব সম্বন্ধের পরিচয় প্রদান করিয়াছেন। অর্থাৎ অন্যান্য সকল বর্ষ অপেক্ষা পবিত্র ভারত ভূমিতেই মানব ধর্ম্ম সঞ্চয় পূর্ব্বক মুক্তিলাভ করিতে পারে। যোগোপনিষদে উক্ত আছে, "অত্রাপি ভারতং শ্রেষ্ঠং জম্বুদ্বীপে মহামুনে। যতোহি কর্ম্মভূরেষা ততোহন্যা ভোগভূময়ঃ"। শুকদেব স্বীয় পিতা বেদব্যাসকে সম্বোধন পূর্ব্বক বলিতেছেন যে, হে মহামুনে! জম্বুদ্বীপস্থ অন্যান্য বর্ষের অপেক্ষা ভারতবর্ষই শ্রেষ্ঠ; কারণ ভারতই কর্ম্মভূমি; মানব ভগবদ্ভক্তি ও বেদবোধিত

অস্মিন্নেব বর্ষে পুরুষৈ র্লব্ধজন্মভিঃ শুক্ললোহিতকৃষ্ণবর্ণেন স্বারব্ধেন কর্ম্মণা দিব্য-মানুষ-নারক-গতয়ো বহ্ব্য আত্মন আনুপূর্ব্ব্যেণ সর্ব্বাহ্যেব সর্ব্বেষাং বিধীয়ন্তে ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

অস্মিন্ ভারতে বর্ষে এব লব্ধজন্মভিঃ (লব্ধং জন্ম যৈঃ তৈঃ) পুরুষৈঃ স্বারব্ধেন স্বানুষ্ঠিতেন শুক্ল-লোহিত-কৃষ্ণবর্ণেন সাত্ত্বিক-রাজস-তামসেন কর্ম্মণা আনুপূর্ব্বেণ সাত্ত্বিকাদি-কর্ম্মানুসারেণ সর্ব্বাঃ দিব্যমানুষ-নারকগতয়ঃ বহ্ব্যঃ আত্মনঃ বিধীয়ন্তে সাধ্যন্তে ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

লব্ধং জন্ম যৈঃ পুরুষৈঃ সাত্ত্বিকাদিনা স্বকৃতেন কর্ম্মণা দিব্যাদিগতয়ঃ আত্মনো বিধীয়ন্তে সাধ্যন্তে। হি যস্মাৎ সর্ব্বাএব গতয়ঃ কর্ম্মানুসারেণ সর্ব্বেষাং ভবন্তি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্মিন্নেব বর্ষে নান্যত্র তত্রাপি সহস্রযোজনপ্রমাণে প্রদেশে এবেতি জ্ঞেয়ং। যদুক্তং বিষ্ণুপুরাণে ভারতস্যাস্য বর্ষস্য নবভেদান্নিশাময়। ইন্দ্রদ্বীপঃ কশেরুশ্চ তাম্রবর্ণো গভস্তিমান্। নাগদ্বীপ স্তথা সৌম্যো গান্ধর্ব্ব স্ত্বথবারুণঃ। অয়ন্তু নবমস্তেষাং দ্বীপঃ সাগরসংভৃতঃ। যোজনানাং সহস্রন্তু দ্বীপোহয়ং দক্ষিণোত্তরাৎ। সাগরসংভৃত ইতি সমুদ্রপ্রান্তবর্ত্তীতি শ্রীস্বামিব্যাখ্যা। নবমস্যাস্য পৃথঙ্নামা কথনাৎ নায়োঽপি নবদ্বীপোহয়মিতি গম্যতে। বিশেষশ্চ তত্রৈব পূর্ব্বে কিরাতা যস্যান্তে পশ্চিমে যবনাঃ স্মৃতাঃ। পূর্ব্বদেশাদিকাশ্চৈব কামরূপ-নিবাসিনঃ। ঔড্রাঃ কলিঙ্গা মগধা দাক্ষিণাত্যাশ্চ কৃৎস্নশঃ। মারুকা মালবশ্চে-

পূর্ব্বানুষ্ঠিত সাত্ত্বিক, রাজসিক ও তামসিক কর্ম্মের প্রভাবে যাহারা এই ভারতভূমে জন্ম পরিগ্রহ করিয়াছেন, তাঁহারা স্বীয় সাত্ত্বিকাদি কর্ম্মের অনুসারে দেব, মনুষ্য ও নারক যোনি প্রাপ্ত হইয়া প্রারব্ধকর্ম্মের ক্ষয় অনায়াসে করিতে পারেন ॥ ১৮ ॥

আভাস।

ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠানোপযোগী দেহ লাভে জন্ম পরিগ্রহ করিয়া থাকে; পূর্ব্বজন্মার্জ্জিত সাত্ত্বিক, রাজসিক এবং তামসিক কর্ম্ম সমুহের নিঃশেষে ক্ষয় হইতে পারে, এইরূপ দেহ, ভোগ এবং উপকরণাদি লইয়া এক ভারত ভূমেই মানব জন্মিয়া থাকে। সুতরাং সুখ দুঃখ এবং মোহের একত্র সমাবেশে মানব নিরন্তর বিব্রত থাকে এবং প্রত্যেক কর্ম্মের ফল যত শীঘ্র ভারতবর্ষে প্রাপ্ত হয়, সেরূপ আশুফল অন্য কোন বর্ষে সম্ভবে না। অতএব মানব দুঃখের প্রতীকারের দ্বারা কোন্ উপায়ে পরমা শান্তি লাভ করিবে, তজ্জন্য নিরন্তর যত্নবান্ থাকে। ভারত ব্যতীত অন্যান্য সকল বর্ষে ভোগই এক মাত্র লক্ষ্যস্থল; ভোগের দ্বারাই তত্রত্য মানবগণ আপনাদিগকে চরিতার্থ করিতে যত্নবান্ হন; আসক্তিতে তৃপ্তি পৃথিবীস্থ সকল মানবই অনুভব করে; কিন্তু অনাসক্তির মধুর ভাব ভারতবাসী ব্যতীত অন্য কোন বর্ষবাসী

যথাবর্ণবিধানমপবর্গশ্চাপি ভবতি ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

যথা-বর্ণ-বিধানং যস্য বর্ণস্য যদ্বিধানং মোক্ষপ্রকারঃ সন্ন্যাস-বনস্থত্ব-গৃহস্থত্বাদি তদনু-সারেণ নৃণাং অপবর্গঃ মোক্ষঃ, চ ভবতি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

যস্য বর্ণস্য যদ্বিধানং মোক্ষপ্রকারঃ সন্ন্যাস-বনস্থত্বাদি তদনতিক্রমেণ অস্মিন্নেব বর্ষে নৃণামপবর্গশ্চ ভবতি। এতচ্চ স্বধর্ম্মাদি বহুসাধনসম্ভবাভিপ্রায়েণোক্তং। নত্বন্যত্রাপবর্গা-ভাবেন তদুপর্য্যপি বাদরায়ণঃ সম্ভবাদিতি দেবানামপি মোক্ষস্য সূচিতত্বাৎ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্যাদি। চত্বারি ভারতে বর্ষে যুগা-ন্যত্র মহামুনে। কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিশ্চান্যত্র ন ক্বচিদিতি বায়বীয়েচ। ভারতস্যাস্য বর্ষস্য নবভেদান্নিবোধত। সাগরান্তরিতা জ্ঞেয়া স্তে ত্বগম্যাঃ পরস্পরমিতি। শুক্ললোহিতকৃষ্ণবর্ণেন সাত্ত্বিকরাজসতামসেন কর্ম্মণা ক্রমেণ দিব্যাদিগতয়ো বহ্ব্যঃ আত্মনঃ স্বস্য বিধীয়ন্তে সাধ্যন্তে হি যস্মাৎ সর্ব্বাএব গতয়ঃ সর্ব্বেষাং যথাবর্ণবিধানমিতি বর্ণানাং ধর্ম্মস্য অধর্ম্মস্য চ করণং সংভবেদিতি তদনতিক্রম্য আনুপূর্ব্বেণ বিধীয়ন্তে বেদেনেতি শেষঃ। তথা অপবর্গশ্চেতি তস্য বিধাতুমশক্যত্বাৎ স স্বয়মেব ভবতীতি। চকারেণাপবর্গস্য বৈরল্যং দ্যোতিতং ॥ ১৮ ॥ ১৯ ॥

এবং অনুরূপ বর্ণের ব্যবস্থায় ব্রহ্মচারী, গৃহী, বানপ্রস্থ ও সন্ন্যাস ধর্ম্মের অনুশীলনে মানবগণ মোক্ষপদও প্রাপ্ত হইয়া থাকেন ।। ১৯ ।।

আভাস।

বা দ্বীপবাসী অনুভব করিতে পারে না। দুর্ল্লভ ভারতভূমে জন্ম পরিগ্রহ করিয়া, জীব কর্ম্মানুসারে দেব, মনুষ্য ও নিকৃষ্ট তির্য্যগাদি যোনিতে পরিভ্রমণ পূর্ব্বক যেমন ভোগের সাধ মিটাইয়া লয়, তৎ সঙ্গে সঙ্গে বৈরাগ্য ও ভগবৎ প্রেমের পথও অনুসরণ করিয়া থাকে। ভারতবর্ষে ঈশ্বরজ্ঞানহীন মানব সম্পূর্ণ বিরল। ঈশ্বরের অস্তিত্ববোধ ন্যূনাধিকভাবে এবং কালক্রমে সকল মানবের হৃদয়েই উদিত হইয়া থাকে। ব্রহ্মচর্য্য, গার্হস্থ, বানপ্রস্থ এবং সন্ন্যাস ধর্ম্মের বিভাগ এক ভারতেই পরিলক্ষিত হইয়া থাকে। যুগধর্ম্মের প্রবৃত্তিও এই ভারতভূমেই অনুভূত হয়। বিষ্ণুপুরাণে উক্ত আছে যথা; "চত্বারি ভারতে বর্ষে যুগান্যত্র মহামুনে। কৃতং ত্রেতা দ্বাপরং চ কলিশ্চান্যত্র ন ক্বচিৎ ইতি" ॥ সত্য, ত্রেতা, দ্বাপর এবং কলিনামকযুগচতুষ্টয় এই ভারতবর্ষেই পর্য্যায়ক্রমে প্রাদুর্ভূত হইয়া থাকে। অন্য সকল বর্ষে ত্রেতাযুগের তুল্য কাল নিরন্তর বিদ্যমান, তাহা পূর্ব্বেই প্রকাশ করা হইয়াছে। ভারতের নয়টী বিভাগের কথাও বিষ্ণু পুরাণে উক্ত আছে যথা, ইন্দ্রদ্বীপ, কশেরু, তাম্রবর্ণ, গভস্তিমান্, নাগদ্বীপ, সৌম্য, গান্ধর্ব্ব ও বারুণ। এই আটটী ভাগ ব্যতীত ভারতের দক্ষিণ দিক্ হইতে উত্তর পর্য্যন্ত সমুদ্রমধ্যবর্ত্তী দ্বীপসমূহই নবম ভাগ বলিয়া পরিকীর্ত্তিত। ১৮ ॥ ১৯ ॥

যোঽসৌ ভগবতি সর্ব্বভূতাত্মনি অনাত্ম্যেঽনিরুক্তেঽনিলয়নে পরমাত্মনি বাসুদেবেঽনন্যনিমিত্ত-ভক্তিযোগ-লক্ষণো নানাগতি-নিমিত্তাঽবিদ্যাগ্রন্থি-রন্ধন-

অন্বয়ঃ।

তত্র অপবর্গঃ নাম যঃ অসৌ সর্ব্বভূতাত্মনি পরমাত্মনি, অনাত্ম্যে (আত্ম্যং দেহাদৌ অহম্ভাবঃ তচ্ছূন্যে) অনিরুক্তে (অচিন্ত্যানন্তশক্তিত্বেন যস্য মাহাত্ম্যং নির্দ্ধারেণ বক্তুং নৈব শক্যতে তস্মিন্) অনিলয়নে (ন বিদ্যতে নিলয়নং প্রলয়ো যস্য তস্মিন্) ভগবতি বাসুদেবে অনন্যনিমিত্তঃ ফলাভিসন্ধিশূন্যঃ ভক্তিযোগলক্ষণঃ নানাবিধ-দেবতির্য্যঙ্ মনুষ্যাদিগতীনাং

শ্রীধরস্বামী।

অপবর্গস্বরূপমাহ যোসাবিতি। অনাত্ম্যে আত্মনি ভবং আত্ম্যং রাগাদি তদ্রহিতে। অনিরুক্তে বাচামগোচরে। অনিলয়নে অনাধারে। অনন্যনিমিত্তো হহৈতুকো ভক্তিযোগ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু কিং স্বরূপোঽপবর্গঃ কদা বা ভবেদিত্যপেক্ষায়ামাহ যোসাবিতি। ভগবতি পরম-কল্যাণসৌন্দর্য্যাদি-গুণবতি অতএব সর্ব্বভূতানামাত্মা মনো যত্র মাধুর্য্যেণ সর্ব্বভূত-চিত্তাকর্ষক ইত্যর্থঃ। অতএবানাত্ম্যে আত্মনো ভাব আত্ম্যং ন যুজ্যতে প্রাপ্যত্বেন আত্ম্যং আত্মত্বং যত্র তস্মিন্ যত্র আত্মসেব্যত্বমেব যুজ্যতে নতু আত্মত্বমাত্মৈক্যমিত্যর্থঃ। যন্মাহাত্ম্যং প্রাকৃত-রাগাদিভি র্নির্বক্তুমশক্যমিত্যাহ অনিরুক্তে মহাপ্রলয়েঽপি যদ্রূপগুণাদের্নাস্ত্যভাব ইত্যাহ। অনিলয়নে ন বিদ্যতে প্রাকৃতানাং তত্ত্বানামিব নিলয়নং লয়ো যস্য তস্মিন্ সর্ব্বেষামাত্মাঽতি-প্রেমাস্পদং ততোঽপি পরমত্বাৎ পরমাত্মনি বিশেষণৈরেতৈর্ভজনীয়ত্বাতিশয়ো ব্যঞ্জিতঃ। বাসুদেবে বসুদেবনন্দনেঽনন্যনিনিত্তোঽহৈতুকো ভক্তিযোগ এব লক্ষণং স্বরূপং যস্য সঃ।

ভগবান্ শ্রীহরি জীবমাত্রেরই পরমাত্মা; সমগ্র সংসার সৃজন করিয়াও তিনি কিছুতেই আকৃষ্ট বা লিপ্ত হন না; তিনি অনন্তশক্তিমান্, কেহই তাঁহার মহিমা নির্দ্ধারণে বা বর্ণনে সমর্থ হয় না; সকল ব্যাপার বা ভাবের অন্ত হইলেও সর্ব্বান্তরে তিনি চিরবিদ্যমান এবং প্রলয়েরও সাক্ষিরূপে অবস্থান করিতেছেন; তাদৃশ সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন ভগবান্ বাসুদেবে যাহাদের ফলাভি-সন্ধিশূন্য ভক্তি ও প্রেমের পরাকাষ্ঠা জন্মে, সেই সকল ব্যক্তিই প্রকৃত ভক্তিমান্ বলিয়া সংসারে পরিকীর্ত্তিত। এই ভক্তির প্রভাবে কাম কর্ম্মাদির দ্বারা দেব, তির্য্যক্ ও মনুষ্যাদি বিচিত্র গতির হেতুভূত অবিদ্যাগ্রন্থি নিঃশেষে

আভাস।

এই গদ্যে অপবর্গের স্বরূপ বর্ণিত হইয়াছে। পরমাত্ম স্বরূপ ভগবানে নিরতিশয় রতি ও প্রেম-লক্ষণা ভক্তিই ভারতবাসীর পক্ষে প্রকৃত অপবর্গ। শ্রুতিতে উক্ত আছে যে, জীবের আত্মস্বরূপই পরম প্রেমের আস্পদ এবং সেই আত্মস্বরূপের অনুরোধেই জীব অন্যকে প্রেম করে বা ভাল বাসে; অতএব সেই আত্মা ব্যতীত ঈশ্বরে কেন নিরতিশয় প্রেম হইবে?

দ্বারেণ যদাহি মহাপুরুষপুরুষপ্রসঙ্গঃ ॥ ২০ ॥

এতদেবহি দেবা গায়ন্তি ॥ ২১ ॥

অন্বয়ঃ।

কামকর্ম্মাদিদ্বারা নিমিত্তভূতো যঃ অবিদ্যালক্ষণঃ গ্রন্থিঃ তস্য রন্ধনং নিরন্ধনং নিরাসঃ তদ্দ্বারেণ যদা মহাপুরুষস্য ভগবতঃ পুরুষৈঃ ভক্তৈঃ সহ প্রকৃষ্টঃ সঙ্গঃ স্যাৎ তদাহি তস্য অপবর্গঃ ॥ ২০ ॥

মোক্ষোপযোগিত্বেন ভারতবর্ষে এতদেব অধিকারিজন্মমাহাত্ম্যং দেবাঃ অপি গায়ন্তি ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

এব লক্ষণং স্বরূপং যস্য কথং কদা ভবতি নানাগতীনাং নিমিত্তং যোঽবিদ্যাগ্রন্থি স্তস্য রন্ধনং ছেদনং তদ্দ্বারেণ মহাপুরুষপুরুষা বিষ্ণুভক্তাঃ তৈঃ প্রকৃষ্টঃ সঙ্গো যদা ভবতি তদা ॥ ২০ ॥

এতদেব মানুষ্যমেব সর্ব্বপুরুষার্থসাধনং গায়ন্তি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নম্বপবর্গশব্দেন রূঢ্যা মোক্ষ এবোচ্যতে সত্যং। অবিদ্যাধ্বংসরূপস্য মোক্ষস্য ভক্ত্যবান্তর্ভাবাৎ ভক্তিযোগোঽপি মোক্ষাদি শব্দবাচ্য ইত্যাহ নানাগতীনাং নিমিত্তং যোঽবিদ্যাগ্রন্থি স্তস্য রন্ধনং ধ্বংস স্তদ্দ্বারেণ তদ্ধেতুনৈব অপবর্গসংজ্ঞ ইত্যর্থঃ। কদা মহাপুরুষস্য বিষ্ণোঃ পুরুষা ভক্তাস্তৈঃ প্রকৃষ্টঃ সঙ্গো যদা তদৈব নান্যদা ॥ ২০ ॥ ২১ ॥

নিবৃত্ত হইয়া যায়। অতএব তাদৃশ অহৈতুকী ভক্তি দুর্ল্লভ হইলেও, ভগবদ্ভক্তের সংসর্গে মানব অবলীলাক্রমে মুক্তিপদবীতে আরোহণ করিতে পারে ॥ ২০ ॥

ভারতবর্ষই মোক্ষলাভের উপযুক্ত স্থান; সুতরাং ব্রহ্মজ্ঞান প্রাপ্ত হইবার উপযুক্ত অধিকারীরাই যে ভারতক্ষেত্রে জন্ম পরিগ্রহ করিয়া থাকেন, তাহারই মাহাত্ম্য কীর্ত্তনচ্ছলে দেবতাগণ কীর্ত্তন করত বলেন যে;— ॥ ২১ ॥

আভাস।

এতদুত্তরে বলিয়াছেন যে, ভগবান্ সকল ভূতের আত্মা। অর্থাৎ দেহস্থ চতুর্ব্বিংশতি তত্ত্বের মধ্যে জীবস্বরূপ আত্মাই যেমন সর্ব্বশ্রেষ্ঠ এবং পরম প্রিয়, সেইরূপ ভগবান্ অনন্তকোটি আত্মার পক্ষে সার পরমাত্মা। আত্মার অনুরোধে যেমন দেহাদি প্রিয় হয়, সেইরূপ পরমাত্মার অনুরোধেই আত্মা প্রিয় হয়; প্রকৃত প্রস্তাবে প্রেমের পরাকাষ্ঠা কেবল ভগবানেই আছে। জীবসমূহ তাঁহার অংশরূপেই বিচরণ করিতেছে। অথচ পরমাত্মা সৃষ্ট বস্তুর ন্যায় পরিচ্ছিন্ন নহেন এবং সর্ব্বান্তর্যামী হইলেও জীবের ন্যায় অহং মমতাদির অধ্যাসে কখন আবৃত নহেন। তিনি অনিরুক্ত; অর্থাৎ অচিন্ত্যশক্তিসম্পন্ন; সুতরাং সর্ব্বব্যাপী হইয়াও অনাসক্ত। সৃষ্টিকালেই যে কেবল তিনি আছেন, এমত নহে; মহাপ্রলয়ে সমগ্র সৃষ্ট বস্তু প্রলীন হইলেও, তিনি পূর্ব্ববৎ বিদ্যমান থাকেন। তাদৃশ ভগবানে আত্ম-সমর্পণ করিতে হইলে, অবিদ্যার

অহো বতৈষাং কিমকারি শোভনং প্রসন্ন এষাং স্বিদুত স্বয়ং হরিঃ।
যৈ র্জন্ম লব্ধং নৃষু ভারতাজিরে মুকুন্দসেবৌপয়িকং স্পৃহা হি নঃ॥ ২২॥
কিং দুষ্করৈ র্নঃ ক্রতুভি স্তপোব্রতৈর্দানাদিভি র্বা দ্যুজয়েন ফল্গুনা।

অন্বয়ঃ।

যৈঃ ভারতাজিরে ভারতখণ্ডে, নৃষু জন্ম লব্ধং তৈঃ অমীষাং অমীভিঃ কিং আশ্চর্য্যভূতং শোভনং সুকৃতং অকারি কৃতং। উতস্বিৎ অথবা স্বয়ং হরিঃ সাধনং বিনৈব এষাং প্রসন্নঃ অভূৎ। যস্মিন্ মুকুন্দসেবৌপয়িকং মুক্তিদাতুঃ সেবোপযোগি, জন্ম হি নিশ্চিতং নঃ অস্মাকং, দেবানাং অপি কেবলং স্পৃহা এব॥ ২২॥

দুষ্করৈঃ অপি ক্রতুভিঃ তপোব্রতৈঃ দানাদিভিঃ বা নঃ অস্মাকং, ফল্গুনা তুচ্ছেন, দ্যুজয়েন

শ্রীধরস্বামী।

এষাং এভিঃ উতস্বিৎ অথবা স্বয়মেব সাধনং বিনৈব হরিরেষাং প্রসন্নোঽভূৎ। এবম্ভূতস্য পুণ্যস্য দুষ্করত্বাৎ। ভারতাজিরে ভারতাঙ্গনে নঃ কেবলং স্পৃহৈব যত্র তন্মুকুন্দসেবোপযোগি নৃষু জন্ম যৈ র্লব্ধং॥ ২২॥

স্পৃহামেবাহ কিমিত্যাদি সপ্তভিঃ। দুষ্করৈঃ ক্রত্বাদিভির্নঃ ফল্গুনা তুচ্ছেন দ্যুজয়েন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অমীষাং অমীভিঃ শোভনং সুকৃতং উত স্বিদথবা স্বয়মেব সাধনং বিনৈব হরিরেষাং প্রসন্নোঽভূৎ এতাদৃশভাগ্যস্য পুণ্যজন্যত্বাসম্ভবাদিতি ভাবঃ। ভারতাজিরে ভারতাঙ্গনে নন্বু দুরাত্মনামপি তত্র জন্ম দৃশ্যতে ইত্যতো বিশিংষন্তি মুকুন্দসেবৌপয়িকং হি যস্মান্নো-ঽস্মাকং কেবলং স্পৃহৈব যত্র নতু প্রাপ্তিঃ॥ ২২॥

নন্বু ভবদ্ভিরপি ভারতে জন্ম প্রাপ্যৈব সৎকর্ম্মভি র্দিবি সুখমুপভুজ্যতে ইতি চেদস্মাকং

যাহারা ভারতবর্ষে, তাহাতে আবার মানবযোনিতে জন্ম গ্রহণ করেন, তাঁহাদের সৌভাগ্য আমাদেরও বর্ণনাতীত। কারণ ভগবান্ যেন কোন ব্যাপার সাধনের অপেক্ষা না করিয়া, স্বীয় গুণেই তাঁহাদের প্রতি স্বতই প্রসন্ন আছেন। অহো! ভারতবর্ষে মুক্তিদাতা ভগবানের সেবোপযোগী জন্ম কোন্ উপায়ে আমরা প্রাপ্ত হইব, এই প্রার্থনাতেই আমাদের জীবন অতি-বাহিত হইতেছে! এ পর্য্যন্ত আমাদের আশা আর পূর্ণ হইল না॥ ২২॥

বহু কাল এবং আয়াসসাধ্য বিপুল যজ্ঞ, কঠোর তপস্যা এবং প্রচুর দানের

আভাস।

আবরণকে নিকৃন্তন করা একান্ত প্রয়োজন। ভক্তসঙ্গই অবিদ্যা নিবারণে অপূর্ব্ব অস্ত্র। ভারতভূমে তাদৃশ অস্ত্রের অভাব নাই; সুতরাং ভারতভূমে জন্ম পরিগ্রহ করায়, জীবের বিশেষ সুকৃতিরই পরিচয় হয়, সন্দেহ নাই। অধিক কি! দেবতাগণ পর্য্যন্ত ভারতে জন্মিবার জন্য সতত প্রার্থনা করিয়া থাকেন॥ ২০॥ ২১॥

ন যত্র নারায়ণপাদপঙ্কজস্মৃতিঃ প্রমুষ্টাতিশয়েন্দ্রিয়োৎসবাৎ ॥ ২৩ ॥
কল্পায়ুষাং স্থানজয়াৎ পুনর্ভবাৎ ক্ষণায়ুষাং ভারতভূজয়ো বরঃ।

অন্বয়ঃ।

স্বর্গপ্রাপ্ত্যা, অপি কিং ফলং? যত্র স্বর্গে অতিশয়েন্দ্রিয়োৎসবাৎ অতিশয়িতাৎ ইন্দ্রিয়োৎসবাৎ বিষয়ভোগাৎ, নারায়ণ-পাদপঙ্কজস্মৃতিঃ (নারায়ণস্য পাদপঙ্কজয়োঃ স্মৃতিঃ) ন অস্তি যতঃ সা প্রমুষ্টা বিলুপ্তা ॥ ২৩ ॥

কল্পায়ুষাং ব্রহ্মাদীনাং, অপি পুনর্ভবাৎ পুনরাবৃত্তিলক্ষণাৎ স্থানজয়াৎ ক্ষণায়ুষাং (ক্ষণং আয়ুঃ যেষাং তেষাং স্থানং যৎ ভারতভূলক্ষণং তস্য জয়ঃ এব বরঃ শ্রেষ্ঠঃ; যতঃ মর্ত্ত্যেন ক্ষণভঙ্গু-

শ্রীধরস্বামী।

স্বর্গপ্রাপ্ত্যা কিং ফলং। কুতঃ যত্র নারায়ণ-পাদ-পঙ্কজস্মৃতি র্নাস্তি প্রত্যুত অতিশয়াদি-ন্দ্রিয়াণামুৎসবাৎ ভোগাৎ প্রমুষ্টাহভূৎ ॥ ২৩ ॥

ক্ষণমল্পমেবায়ুর্যেষাং বরত্বে হেতুঃ। মর্ত্ত্যেনাপি দেহেন ক্ষণেনৈব কালেন কৃতং কর্ম্ম

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তজ্জন্ম ধিক্ তানি কর্ম্মাণাপি ধিক্ তৎ প্রাপ্যং দিবমপি ধিক্ অত্রত্যং সুখমপি ধিগিত্যভি-ব্যঞ্জয়ন্ত আহুঃ। কিমিতি দ্যুজয়েন স্বর্গপ্রাপ্ত্যা কিং ন কিঞ্চিদপি ফলং। কুতঃ যত্র দিবি নারায়ণপাদপঙ্কজস্মৃতি র্নাস্তি। প্রত্যুত অতিশয়িতাদিন্দ্রিয়াণামুৎসবাৎ ভোগাৎ স্মৃতিঃ প্রমুষ্টা ॥ ২৩ ॥

ব্রহ্মলোকাদপি সকাশাৎ ভারতভূমেরুৎকর্ষঃ খল্বপূর্ব্ব এবেত্যাহ কল্পায়ুষামিতি ব্রহ্মলোকে দ্বিপরার্দ্ধনিবাসাদপি সকাশাৎ ভারতভূমৌ ক্ষণমাত্রবাসোহপি শ্রেষ্ঠ ইত্যর্থঃ। তত্র হেতুঃ পুনর্ভবাৎ ব্রহ্মলোকে তাবান্ বা সোহপি পুনর্ভবপ্রদ ইত্যর্থঃ। ভারতেতু মর্ত্ত্যেন মরণধর্ম্মণাপি দেহেন ক্ষণেন ক্ষণমাত্রকালেনাপি মনস্বিনো ভগবচ্চরণ-দত্ত-মনসঃ হরেঃ পদমভয়ং বৈকুণ্ঠং

দ্বারা অকিঞ্চিৎকর স্বর্গলাভে আমাদের কি প্রয়োজন? কারণ সুখময় স্বর্গ-রাজ্যে ইন্দ্রিয়-সম্ভোগের বিষয় এত প্রচুর পরিমাণে আছে যে, তাহারা আমাদের চিত্তকে নিরন্তর মোহিত করিয়াই রাখে। অধিক কি! ভগবান্ নারা-য়ণের চরণকমলের চিন্তনের স্মৃতি পর্য্যন্ত আমাদের বিলুপ্ত হইয়া যায় ॥ ২৩ ॥

কল্পান্তব্যাপী পরমায়ুঃ এবং ব্রহ্মলোকাদি অপূর্ব্ব স্থানলাভেও ব্রহ্মাদি লোকপালগণ কৃতার্থ নহেন; কারণ তাঁহাদিগকেও পুনরাবৃত্তি ভোগ করিতে হয়। কিন্তু অতি অল্পকালস্থায়ী জীবন লাভে কেবল ভারতভূমে জন্ম পরিগ্রহ করাও সর্ব্বাংশে শ্রেষ্ঠ! কারণ তথায় ক্ষণভঙ্গুর দেহ এবং ক্ষণস্থায়ী জীবনলাভেও মানব স্বীয় অনুষ্ঠিত কর্ম্মের ফল পরম গুরু ভগবানে সমর্পণ মাত্র করিয়াই শ্রীহরির অভয়পদে আশ্রয় লাভ করিয়া থাকেন। অহো! সংসারে তাঁহারাই

ক্ষণেন মর্ত্ত্যেন কৃতং মনস্বিনঃ সংন্যস্য সংযান্ত্যভয়ং পদং হরেঃ ॥ ২৪ ॥
ন যত্র বৈকুণ্ঠকথাসুধাপগা ন সাধবো ভাগবতা স্তদাশ্রয়াঃ।
ন যত্র যজ্ঞেশমখা মহোৎসবাঃ সুরেশলোকোঽপি নবৈ স সেব্যতাং ॥২৫॥

অন্বয়ঃ।

রেণাপি দেহেন, ক্ষণেনৈব কালেন কৃতং কর্ম্ম সংন্যস্য হরৌ সমর্প্য, মনস্বিনঃ ধীরাঃ হরেঃ অভয়ং পদং স্থানং সংযান্তি ॥ ২৪ ॥

যত্র বৈকুণ্ঠস্য ভগবতঃ কথাঃ এব সুধাপগাঃ অমৃতবত্তাপহারিণ্যঃ নদ্যঃ ন সন্তি, যত্র চ তদাশ্রয়াঃ ভগবদেকশরণাঃ ভাগবতাঃ ভক্তাঃ সাধবঃ চ ন সন্তি ; যত্র চ মহোৎসবাঃ নৃত্য-গীতারাধনরূপাঃ উৎসবাঃ যেষু তাদৃশাঃ যজ্ঞেশস্য মখাঃ পূজাঃ, ন সন্তি সঃ এবম্ভূতঃ সুরেশস্য ব্রহ্মণঃ লোকঃ, অপি ন বৈ সেব্যতাং ন আশ্রিয়তাং বিবেকিভিঃ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

সংন্যস্য হরেঃ পদং সম্যগ্‌যান্তি ॥ ২৪ ॥

অতো যত্র বৈকুণ্ঠকথামৃতনদ্যো ন সন্তি তদাশ্রয়াঃ মহান্তো নৃত্যাদ্যুৎসবা যেষু তাদৃশা যজ্ঞেশস্য মখাঃ পূজাঃ। সঃ সুরেশস্য ব্রহ্মণোঽপি লোকো ন সেব্যতাং ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মলোকমূর্দ্ধ্যপি পাদৌ নিধায় যান্তি। কৃতং শুভাশুভং সর্ব্বমেব কর্ম্ম সংন্যস্য পরিত্যজ্য ॥২৪

তস্মাদ্বিবেকিনামন্বমেব বিবেক ইত্যাহুঃ ন যত্রেতি বৈকুণ্ঠকথা সুধেব সর্ব্বত আধিক্যেন স্বাদ্বী তদাপগেব ভূয়সী নতু জ্ঞানযোগাদিকথেব শ্রব্যা অল্পীয়সীচ। ভাগবতা ভগবদালম্বিনঃ তদাশ্রয়াঃ তামেবাশ্রয়ন্তঃ নতু পরমাত্মালম্বিনঃ জ্ঞানাদিসিদ্ধ্যর্থং তাং কিঞ্চিন্মাত্রীমপেক্ষমাণাঃ যজ্ঞানাং ব্রহ্মযজ্ঞাদীনামাঙ্গিরসবৃহস্পতিসবাদীনামপ্যন্যেষাঞ্চেশস্যাপি হরের্মখা যজ্ঞৈঃ সংকীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধস ইতি প্রমাণোক্তলক্ষণাঃ সংকীর্ত্তন-বহুলাঃ পরিচরণাদিরূপাঃ মহান্তঃ উৎসবা গীতনৃত্যবাদ্য-ভক্তারাধনাদ্যা যেষু তে যত্র ন সন্তি সঃ সুরেশস্য ব্রহ্মণোঽপি লোকঃ ন সেব্যতাং নাশ্রিয়তাং ॥ ২৫ ॥

বুদ্ধিমান্‌ ও ধীর নামে অভিহিত, সন্দেহ নাই ॥ ২৪ ॥

যে স্থানে বৈকুণ্ঠনাথ ভগবানের লীলাকথারূপ অমৃতধারাবিশিষ্ট স্রোত-স্বতীগণের কোনরূপ প্রবাহের পরিচয় নাই, কিম্বা ভগবানের একান্ত আশ্রিত ভগবদ্ভক্ত সাধুগণের সন্দর্শন পাওয়া যায় না এবং যজ্ঞেশ্বর বিষ্ণুর আরাধনার্থ নৃত্যগীতাদি বিবিধ উৎসবপূর্ণ যাগযজ্ঞের কোন বার্ত্তা নাই, সে স্থান সুরেশ্বর ব্রহ্মার লোক হইলেও, বিবেকিগণ কখন তাহাকে আশ্রয়রূপে গ্রহণ বা প্রার্থনা করেন না ॥ ২৫ ॥

পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয় এবং পঞ্চ মহাভূত-বিশিষ্ট অবিকল দেহ-লাভে এই ভারতভূমে এবং মানবকুলে জন্ম পরিগ্রহ করিয়া যে-সকল ব্যক্তি

প্রাপ্তা নৃজাতিং ত্বিহ যেচ জন্তবো জ্ঞান-ক্রিয়া-দ্রব্য-কলাপ-সংভৃতাং।
ন চেদ্‌ যতেরন্নপুনর্ম্মতায় তে ভূয়ো বনৌকা ইব যান্তি বন্ধনং ॥ ২৬ ॥
যৈঃ শ্রদ্ধয়া বর্হিষি ভাগশো হবি র্নিরুপ্তমিষ্টং বিধিমন্ত্রবস্তুতঃ।

অন্বয়ঃ।

জ্ঞান-ক্রিয়া-দ্রব্য-কলাপ-সংভৃতাং (জ্ঞানানি জ্ঞানেন্দ্রিয়াণি, ক্রিয়াঃ কর্ম্মেন্দ্রিয়াণি, দ্রব্যাণি পঞ্চমহাভূতানি, তেষাং কলাপেন সম্ভৃতাং সম্পন্নাং) নৃজাতিং ইহ ভারতবর্ষে, প্রাপ্তাঃ অপি যে তু জন্তবঃ প্রাণিনঃ অপুনর্ম্মতায় অপুনর্ভবায় মোক্ষায়, ন যতেরন্‌ প্রযত্নং ন কুর্ব্বন্তি, তে বৈ ভূয়ঃ পুনরপি বনৌকাঃ বনৌকসঃ পক্ষিণঃ, ইব বন্ধনং যান্তি বধ্যন্তে এব ॥ ২৬ ॥
যৈঃ ভারতবাসিভিঃ অধিকারিভিঃ বর্হিষি যাগে, শ্রদ্ধয়া পৃথক্‌ ইন্দ্রাদিনামভিঃ আহুতঃ আহূতঃ সন্‌ আশিষাং চতুর্ব্বিধপুরুষার্থানাং, প্রভুঃ দাতা, স্বয়ং পূর্ণঃ একঃ এব হরিঃ আগত্য

শ্রীধরস্বামী।

অমুমুক্ষূন্নরান্নিন্দতি প্রাপ্তা ইতি। জ্ঞানঞ্চ তদর্থাঃ ক্রিয়াশ্চ তদর্থানি দ্রব্যাণিচ তেষাং কলাপেন সংভৃতাং সংপূর্ণাং। অপুনর্ম্মতায় মোক্ষায়। বনৌকা ইব বনৌকসঃ পক্ষিণো যথা লুব্ধকেন মুক্তা অপি পুনর্যদি তস্মিন্নেব বৃক্ষে প্রমত্তা বিহরন্তি তর্হি যথা বধ্যন্তে তদ্বৎ ॥ ২৬ ॥
অহো ভারতবাসিনাং ভাগ্যমিত্যাহুঃ। অগ্নয়ে ত্বা জুষ্টং নির্ব্বপামি; ইন্দ্রায় ত্বা জুষ্টং নির্ব্বপামীত্যেবং ভাগশো নিরুপ্তং পৃথক্‌ কৃতং। কথং বিধিনা প্রকারেণ মন্ত্রেণচ বস্তুত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাদৃশং ভারতং প্রাপ্য্যা অপ্যকৃতার্থা অতিশয়েন শোচ্যা এব যথা লব্ধচিন্তামণয়োঽপি পূর্ব্ববৎ কৃষীবলা এবেত্যাহুঃ। প্রাপ্তা ইতি জ্ঞানমধিদৈবং ক্রিয়া অধ্যাত্মং দ্রব্যমধিভূতং তেষাং সমূহৈঃ সম্ভৃতাঃ পূর্ণাঃ শ্রবণাদিসর্ব্বেন্দ্রিয়ৈঃ পূর্ণামিতি হরিনামশ্রবণ-কীর্ত্তনাদি সম্ভবেঽপীতি ভাবঃ। অপুনর্ম্মতায় ভক্তিযোগায় বনৌকা ইব বনৌকসঃ পক্ষিণো যথা লুব্ধ-কামুক্তা অপি পুনর্যদি তস্মিন্নেব বৃক্ষে প্রমত্তা বিহরন্তি তর্হি যথা বধ্যন্তে তদ্বৎ ॥ ২৬ ॥
অত্র ভারতে একত্বেন পৃথক্ত্বেন বহুধা বিশ্বতোমুখং ইত্যাদি শ্রীভগবদুক্তাং ভগবদ্বিভূতি-বুদ্ধ্যা বিশ্বরূপোপাসনামপি কুর্ব্বাণা ধন্যা এবেত্যাহুঃ। যৈরিতি বর্হিষি যজ্ঞে বিধিনা প্রকারেণ

মোক্ষ-লাভের জন্য যত্ন না করে, তাহারা পুনরায় এই ঘোর সংসারস্রোতে যে পতিত হয়, তাহাতে আর সন্দেহ নাই। জালনির্ম্মুক্ত শকুন্ত যেমন লোভ-পরতন্ত্র হইয়া, পুনরায় বন্ধন-স্থানে অগ্রসর হইলে কিরাতের পাশে আবদ্ধ হয়, কামপরতন্ত্র মানবও সেইরূপ মুক্তির পথে আসিয়াও পুনর্ব্বার বদ্ধ হইয়া থাকে, সন্দেহ নাই ॥ ২৬ ॥

ভারতবাসিগণ প্রকৃতই মোক্ষলাভে অধিকারী। কারণ ইহারা শ্রদ্ধা-সহকারে বিবিধ যজ্ঞের অনুষ্ঠান করত যখন ইন্দ্রাদি পৃথক্‌ পৃথক্‌ দেবতার

একঃ পৃথঙ্ নামভিরাহুতো মুদা গৃহ্নাতি পূর্ণঃ স্বয়মাশিষাং প্রভুঃ ॥ ২৭ ॥
সত্যং দিশত্যর্থিতমর্থিতো নৃণাং নৈবার্থদো যৎ পুনরর্থিতা যতঃ।

অন্বয়ঃ।

বিধি-মন্ত্র-বস্তুতঃ (বিধ্যুক্তপ্রকারেণ মন্ত্রেণ বস্তুতশ্চ পুরোডাশাদিভেদেন) ইষ্টং (তত্তদ্দেবতা-যোগ্যং অগ্নয়ে জুষ্টং নির্বপামি, ইন্দ্রায় জুষ্টং নির্ব্বপামি ইত্যেবং) ভাগশঃ নিরুপ্তং পৃথক্ কৃতং, হরিঃ মুদা গৃহ্নাতি ॥ ২৭ ॥

কিঞ্চ অর্থিতঃ প্রার্থিতঃ, হরিঃ অর্থিতং প্রার্থিতং ফলং দিশতি দদাতি, ইতি সত্যং এব; তথাপি অর্থদঃ পরমার্থফলদঃ নৈব ভবতি। যৎ যস্মাৎ দত্তস্য ভোগেন ক্ষয়াৎ পুনঃ অপি

শ্রীধরস্বামী।

শ্চরুপুরোডাশাদি ভেদেন ইষ্টং দেবতামুদিশ্য ত্যক্তং নিরুপ্তঞ্চ মমেদমিতি স্বীকৃত্য ত্যাগানন্তরমশ্নাতীত্যর্থঃ। পৃথগিন্দ্রাদিনামভিঃ আহুতঃ আহূতঃ আশিষাং প্রভুঃ স্বয়ং পূর্ণোঽপি হরিঃ ॥ ২৭ ॥

তত্রাপি নিষ্কামা কৃতার্থা ইত্যাহুঃ সত্যমিতি। প্রার্থিতঃ সন্ অর্থিতং দদাতীতি সত্যং তথাপি পরমার্থদো ন ভবত্যেব। যদ্যস্মাৎ যতো দত্তাদনন্তরং পুনরর্থিতা ভবতি। নন্বু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মন্ত্রেণ বস্তুতশ্চ হবির্যজ্ঞীয়দ্রব্যং ইষ্টং শুদ্ধং ভাগশঃ ইন্দ্রায় স্বাহা অগ্নয়ে স্বাহা ইত্যাদি পৃথক্ কৃতং নিরুপ্তং দত্তং স্বয়ং পূর্ণোঽপি আশিষাং প্রভুঃ হরিস্তেষাং ভক্ত্যা গৃহ্নাতি একোঽপি পৃথগিন্দ্রাদিনামভিরাহুতঃ আহূতঃ ॥ ২৭ ॥

শুদ্ধাং ভক্তিং কুর্ব্বাণাস্তু সকামা অপি কৃতার্থা নিষ্কামভক্ততুল্যা এব ভবন্তীত্যাহুঃ। সত্যমিতি। নৃণাং ভজতাং অর্থিতং কামিতং পদার্থং তৈরর্থিতঃ সন্ দিশতি দদাতীতি সত্যং। কিন্তু যৎযথা পুনরর্থিতা ভোগান্তে যাচকত্বং স্যাৎ তথা নৈবার্থদঃ। কথমেবমনগতমিত্যত আহ যতঃ নিজপাদপল্লবং অনিচ্ছতামপি ভজতাং স্বয়মেব ধ্রুবাদীনামিব ইচ্ছাপিধানং সর্ব্বকামাচ্ছাদকং তদেব নিজপাদপল্লবং বিধত্তে কৃপয়া দদাতি। নিজপাদপল্লবং স্বয়মেব বলাদত্ত্বা ইচ্ছায়াঃ পিধানমাচ্ছাদনং বিধত্তে করোতীতি বা। ততশ্চানভীপ্সিতামপি সিতশর্করাং পিতুঃ

নাম উল্লেখে যথাবিধি মন্ত্র ও পুরোডাশাদি ভেদে তত্তদ্দেবতার উদ্দেশে অগ্নিতে আহুতি প্রদান করে, তখন সংসার-ভয়হারী শ্রীহরি স্বয়ং যজ্ঞে উপস্থিত হইয়া, সেই সকল দেবতার ভাগ নিজেই গ্রহণ করিয়া থাকেন। অহো! চতুর্ব্বর্গদাতা ভগবান্ নারায়ণ সকল দেবতার মূর্ত্তি ধারণে যেন ভারতবাসীর জন্য সততই উৎকণ্ঠিত আছেন ॥ ২৭ ॥

সকাম ব্যক্তিগণ কর্ত্তৃক প্রার্থিত হইয়া যদিও ভগবান্ তাহাদের প্রার্থনা পূরণ করেন বটে, কিন্তু তথাপি পরমার্থ ফল মুক্তি কখন তাহাদিগকে প্রদান

স্বয়ং বিধত্তে ভজতামনিচ্ছতামিচ্ছাপিধানং নিজপাদপল্লবং ॥ ২৮ ॥
যদ্যত্র নঃ স্বর্গসুখাবশেষিতং স্বিষ্টস্য সূক্তস্য কৃতস্য শোভনং।
তেনাজনাভে স্মৃতিমজ্জন্ম নঃ স্যাদ্বর্ষে হরির্যদ্ভজতাং শং তনোতি ॥

অন্বয়ঃ।

জনঃ অর্থিতা ভবতি। অনিচ্ছতাং নিষ্কামাণাং অপি ভজতাং ইচ্ছাপিধানং সর্ব্বকামনিবর্ত্তকং নিজপাদপল্লবং স্বয়মেব বিধত্তে সম্পাদয়তি ॥ ২৮ ॥

যদি অত্র অস্মিন্ কালে নঃ অস্মাকং স্বিষ্টস্য সম্যক্ যজনস্য সূক্তস্য প্রবচনস্য, কৃতস্য অন্যস্য কর্ম্মণঃ স্বর্গসুখাবশেষিতং (স্বর্গসুখাৎ উপভুক্তাৎ অবশেষিতং) শোভনং সুকৃতং কিঞ্চিৎ অস্তি তর্হি তেন অজনাভে বর্ষে স্মৃতিমৎ (হরিরেব সেব্য ইতি অনুসন্ধানযুক্তং) জন্ম নঃ অস্মাকং স্যাৎ; যৎ যস্মাৎ হরিঃ ভজতাং শং সুখং তনোতি ॥

শ্রীধরস্বামী।

নার্থিতশ্চেৎ কিমপি ন দদ্যাৎ ইত্যাশঙ্ক্যাহ অনিচ্ছতাং নিষ্কামাণাস্তু ইচ্ছানাং পিধানং আচ্ছাদকং সর্ব্বকামপরিপূরকং নিজপাদপল্লবং স্বয়মেব সম্পাদয়তি ॥ ২৮ ॥

স্বিষ্টস্য সম্যগ্‌যজনস্য সূক্তস্য প্রবচনস্য কৃতস্যান্যস্যাপি কর্ম্মণঃ স্বর্গসুখাদুপভুক্তাদবশেষিতং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সকাশাৎ প্রাপ্য শিশবো যথা মৃদি স্পৃহাং ত্যজন্তি তথৈব কামানপীত্যর্থঃ। অতএব অকামঃ সর্ব্বকামো বেত্যাদৌ তীব্রেণ জ্ঞানকর্ম্মাদ্যমিশ্রেণ ভক্তিযোগেন যজেতেত্যুক্তং। অত্র নিষ্কামাণাং সকামানাঞ্চ ভক্তানামন্ততঃ পাদপল্লবপ্রাপ্তাবপি নৈব সর্ব্বথা ঐকরূপ্যং ভাবনীয়ং। নহি জাত্যৈব শুদ্ধং বলাৎ শোধিতঞ্চ বস্তু তুল্যমূল্যং ভবত্যতো ধ্রুবাদিভ্যঃ সকাশান্নুমদাদীনামুৎকর্ষঃ পরম এব দৃশ্যত ইতি ॥ ২৮ ॥

অতএব প্রার্থয়ন্তে যদ্যত্রেতি স্বিষ্টস্যেতি স্বিষ্টাদিজন্যাৎ স্বর্গসুখাদুপভুক্তাদবশেষিতং

করেন না; কারণ প্রাপ্ত ফল ভোগের দ্বারা ক্ষীণ হইলেও, তাহাদের প্রার্থনার সমাপন হয় না; তাহারা পুনরায় ভোগেরই প্রার্থনা করে। কিন্তু যাহারা নিষ্কাম ভক্ত; ভগবান্ তাঁহাদিগকে সর্ব্বকাম-নিবর্ত্তক স্বীয় চরণকমল নিজেই প্রদান করিয়া থাকেন ।। ২৮ ।।

অহো! আমরা স্বর্গসুখ এক্ষণে উপভোগ করিতেছি বটে, কিন্তু এখনও যদি আমাদের পূর্ব্বকৃত যাগ যজ্ঞ আরাধনা বা অন্য যে কোন সৎকর্ম্মের ফল কিছুও অবশিষ্ট থাকে, তবে তাহার বলে ভগবান্ শ্রীহরিই আমাদের আরাধনীয়, এই স্মৃতি সহ ঐ অজনাভ বর্ষে যেন জন্ম গ্রহণ করিতে পারি। কারণ ভগবান্ শ্রীহরিকে যাঁহারা ভজনা করেন, প্রকৃত শান্তি তাঁহারাই উপভোগ করেন, সন্দেহ নাই ।।

শ্রীশুক উবাচ ॥

জম্বুদ্বীপস্যচ রাজন্নুপদ্বীপানষ্টৌ হৈক উপদিশন্তি সগরাত্মজৈরশ্বান্বেষণ ইমাং মহীং পরিতো নিখনদ্ভিরুপকল্পিতান্। তদ্যথা স্বর্ণপ্রস্থ শ্চন্দ্রশুক্ল আবর্ত্তনো রমণকো মন্দহরিণঃ পাঞ্চজন্য সিংহলো লঙ্কেতি। এবং তব ভারতোত্তম-জম্বুদ্বীপ-বর্ষবিভাগো যথোপদেশমুপবর্ণিতঃ ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে জম্বুদ্বীপবর্ণনং নামৈকোনবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৯ ॥ * ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! জম্বুদ্বীপস্য আষ্টৌ উপদ্বীপানি সগরাত্মজৈঃ অশ্বান্বেষণে ইমাং মহীং পৃথ্বীং নিখনদ্ভিঃ কল্পিতানি ইতি হ একে উপদিশন্তি তৎ যথা স্বর্ণপ্রস্থঃ চন্দ্রশুক্লঃ আবর্ত্তনঃ রমণকঃ মন্দহরিণঃ পাঞ্চজন্যঃ সিংহলঃ লঙ্কেতি। হে ভারতোত্তম! এবং তব জম্বুদ্বীপ-বর্ষ-বিভাগঃ যথোপদেশং উপবর্ণিতঃ ইতি ॥ ২৯ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একোনবিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

যদি কিঞ্চিদস্তি তেন অজনাভে বর্ষে নোঽস্মাকং জন্ম স্যাৎ কীদৃশং স্মৃতিমৎ হরিরেব সেব্য ইত্যনুসন্ধানযুক্তং। যতো হরির্ভজতাং শং সুখং তনোতি ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে একোনবিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শোভনং সুকৃতমস্তি তেন হেতুনা অজনাভে ভারতে জন্ম স্যাৎ স্মৃতিমৎ এতাদৃশৌৎসুক্য-স্মরণযুক্তং। ততশ্চ তত্র সাধুসঙ্গং কৃত্বা হরিং ভজিষ্যামঃ যদ্যস্মাৎ ভজতাং হরিঃ শং তনো-ত্যেব ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ঊনবিংশঃ পঞ্চমস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অনন্তর শুকদেব বলিলেন, হে রাজেন্দ্র! এই জম্বুদ্বীপের আটটী উপ-দ্বীপ আছে; সগর-সন্তানগণ যজ্ঞীয় অশ্বের অনুসন্ধানার্থ যখন পৃথিবীকে খনন করেন, তখন তাঁহারাই এইরূপ রচনা করিয়াছেন; এইরূপ অনেকে বলেন। ঐ সকল দ্বীপের নাম যথা;—স্বর্ণপ্রস্থ, চন্দ্রশুক্ল, আবর্ত্তন, রমণক, মন্দহরিণ, পাঞ্চজন্য, সিংহল এবং লঙ্কা। হে ভারতোত্তম! জম্বুদ্বীপের বর্ষ-বিভাগ আমি যথোপদিষ্ট তোমার নিকট বর্ণন করিলাম ॥ ২৯ ॥

ইতি পঞ্চমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ঊনবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শ্রীঋষিরুবাচ ॥

অতঃপরং প্লক্ষাদীনাং প্রমাণ-লক্ষণ-সংস্থানতো বর্ষবিভাগ উপবর্ণ্যতে ॥ ১ ॥

জম্বূদ্বীপো যাবৎ-প্রমাণ-বিস্তার স্তাবতা ক্ষারোদধিনা পরিবেষ্টিতো যথা মেরুর্জম্বাখ্যেন ॥ ২ ॥

লবণোদধিরপি ততো দ্বিগুণ-বিশালেন প্লক্ষাখ্যেন পরিক্ষিপ্তো যথা পরিখা বাহ্যোপবনেন ॥ ৩ ॥

অন্বয়ঃ।

ঋষিঃ শ্রীশুকঃ উবাচ। অতঃ পরং জম্বূদ্বীপস্য বর্ষবিভাগনিরূপণানন্তরং প্লক্ষাদীনাং ষন্নাং দ্বীপানাং প্রমাণ-লক্ষণ-সংস্থানতঃ বর্ষবিভাগং উপবর্ণ্যতে ॥ ১ ॥

মেরুঃ যথা জাম্বাখ্যেন তথা জম্বূদ্বীপঃ যাবৎপ্রমাণবিস্তারঃ যাবতা লক্ষযোজনেন প্রমাণেন বিততঃ তাবতা লক্ষযোজন-বিস্তৃতেন ক্ষারোদধিনা স্বয়ং পরিবেষ্টিতঃ ॥ ২ ॥

বাহ্যোপবনেন পরিখা যথা তথা লবণোদধিরপি প্লক্ষাখ্যেন পরিবেষ্টিতঃ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

বিংশে প্লক্ষাদিষড়্দ্বীপস্থিতিমাহ সহার্ণবৈঃ। লোকালোকস্থিতিঞ্চান্তর্বহির্ভাগাদিমানতঃ ॥ ১ ॥

তাবতা লক্ষবিস্তারেণ ॥ ২ ॥ পরিক্ষিপ্তঃ পরিবেষ্টিতঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্লক্ষদ্বীপাদিবর্ষাদ্রিনদীশৈলেজ্যদেবতাঃ। লোকালোকাচলশ্চাপি বিংশে প্রোক্তা যথাস্থিতং ॥ ১ ॥ ২ ॥ পরিক্ষিপ্তঃ পরিবেষ্টিতঃ ॥ ৩ ॥

মহর্ষি শুক বলিলেন, অতঃপর প্লক্ষাদি ছয়টী দ্বীপের প্রমাণ, লক্ষণ ও আকার সহ বর্ষ-বিভাগের বিষয় বর্ণন করিতেছি, শ্রবণ করুন্। ॥ ১ ॥

জম্বূদ্বীপ যেমন মেরুকে পরিবেষ্টন করিয়া আছে, সেইরূপ জম্বূদ্বীপ তুল্য লক্ষযোজন বিস্তৃত ক্ষারোদধি দ্বারা এই জম্বূদ্বীপও পরিবেষ্টিত ॥ ২ ॥

এদিকে বাহ্যোপবনের দ্বারা পরিখা যেমন পরিবেষ্টিত থাকে, সেইরূপ প্লক্ষদ্বীপের দ্বারা উক্ত লবণসমুদ্রও পরিবেষ্টিত রহিয়াছে। উক্ত প্লক্ষদ্বীপ জম্বূদ্বীপ অপেক্ষা প্রায় দ্বিগুণ বিস্তৃত ॥ ৩ ॥

জম্বূ বৃক্ষের ন্যায়, তথায় একটী প্রকাণ্ড প্লক্ষ বৃক্ষ আছে; যাহার উচ্চতা জম্বূ বৃক্ষের ন্যায় একাদশ শতযোজন এবং একাদশ শত যোজন ব্যাপ্ত শাখা

আভাস।

বিংশতি অধ্যায়ে সমুদ্র সহ প্লক্ষাদি ছয় দ্বীপ এবং তদীয় অভ্যন্তর ও বহির্ভাগাদির পরিমাণানুসারে লোকালোক পর্ব্বতের স্থিতি বর্ণিত হইয়াছে ॥

প্লক্ষো জম্বুপ্রমাণো দ্বীপাখ্যাতিকরো হিরণ্ময় উত্থিতো যত্রাগ্নি রুপাস্তে সপ্তজিহ্বঃ ॥ ৪ ॥

তস্যাধিপতিঃ প্রিয়ব্রতাত্মজ ইধ্মজিহ্ব স্বং দ্বীপং সপ্তবর্ষাণি বিভজ্য সপ্তবর্ষ-নামভ্য আত্মজেভ্য আকলয্য স্বয়মাত্মযোগেনোপররাম। শিবং বয়সং সুভদ্রং শান্তং ক্ষেমমমৃতমভয়মিতি বর্ষাণি ॥ ৫ ॥

তেষু গিরয়ো নদ্যশ্চ সপ্তৈবাভিজ্ঞাতাঃ। মণিকূটো বজ্রকূট ইন্দ্রসেনো জ্যোতিষ্মান্ সুবর্ণো হিরণ্যষ্ঠীবো মেঘমাল ইতি সেতুশৈলাঃ। অরুণা নৃমণা

অন্বয়ঃ।

জম্বুপ্রমাণঃ একাদশ-শতযোজনোচ্ছ্রায়ঃ শাখাভিঃ একাদশ-শত-যোজন-বিততঃ শত-যোজন-স্থূলঃ প্লক্ষঃ যত্র দ্বীপে প্লক্ষে, উত্থিতঃ অভিপ্রজ্বলিতঃ হিরণ্ময়ঃ প্রকাশমানঃ, সপ্তজিহ্বঃ অগ্নিঃ উপাস্তে তিষ্ঠতি ॥ ৪ ॥

তস্য দ্বীপস্য অধিপতিঃ ইধ্মজিহ্বঃ আত্মজেভ্যঃ আকলয্য দত্ত্বা, আত্মযোগেন ভগবদ্ধ্যান-নিমিত্তেন রাজ্যভোগাদিতঃ উপররাম। বর্ষাণাং নামানি এব নামানি যেষাং তেভ্যঃ আত্ম-জেভ্যঃ। তত্র শিবমিত্যাদি বর্ষাণাং নামানি ॥ ৫ ॥

তেষু প্লক্ষদ্বীপবর্ষেষু গিরয়ঃ মর্যাদাপর্ব্বতাঃ নদ্যঃ চ অভিজ্ঞাতাঃ প্রসিদ্ধাঃ সপ্তৈব। তত্র

শ্রীধরস্বামী।

উপাস্তে তিষ্ঠতি ॥ ৪ ॥ আকলয্য সমর্প্য ॥ ৫ ॥

অভিজ্ঞাতাঃ প্রসিদ্ধাঃ সপ্তৈব অন্যেচ পর্ব্বতা নদ্যশ্চ সহস্রশঃ সন্তীত্যর্থঃ। মানসোত্তরস্য মণ্ডলাকারোক্তেরেতে প্লক্ষাদি পঞ্চদ্বীপেষু বর্ষাদ্রয় স্তির্য্যগ্রেখাকারা উভয়তোঽব্ধিস্পৃশ ইতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপ আধিক্যেনাস্তে ॥ ৪ ॥ আকলয্য দত্ত্বা ॥ ৫ ॥

প্রশাখাদিতে বিস্তৃত এবং শত যোজন স্থূল। ঐ প্লক্ষ বৃক্ষের উপলক্ষেই এই দ্বীপ প্লক্ষদ্বীপ নামে অভিহিত হইয়াছে। ঐ বৃক্ষ হিরণ্ময়; এবং সপ্ত-জিহ্ব হুতাশন তাহাতে নিরন্তর অবস্থান করিতেছেন ॥ ৪ ॥

প্রিয়ব্রত-নন্দন ইধ্মজিহ্ব ঐ দ্বীপের অধিপতি। তিনি ঐ দ্বীপকে সপ্তবর্ষে বিভক্ত করেন এবং সাত পুত্রকে বিভাগ করত প্রদান করিয়া স্বয়ং সমাধি অবলম্বনে ভোগে বিরত হয়েন। অধুনা সেই বর্ষাধিপতি পুত্রগণের নামেই উক্ত বর্ষসপ্ত অভিহিত হইয়াছে যথা; শিব, বয়স, সুভদ্র, শান্ত, ক্ষেম, অমৃত এবং অভয় এই সপ্ত নামে সপ্ত পুত্র ও সপ্ত বর্ষ অভিহিত হইয়াছে ॥ ৫ ॥

উক্ত প্লক্ষদ্বীপে মণিকূট, বজ্রকূট, ইন্দ্রসেন, জ্যোতিষ্মান্, সুবর্ণ, হিরণ্যষ্ঠীব এবং মেঘমান্ নামে সাতটী সীমান্ত পর্ব্বত এবং অরুণা, নৃমণা, আঙ্গীরসা,

আঙ্গীরসী সাবিত্রী সুপ্রভাতা ঋতম্ভরা সত্যম্ভরেতি মহানদ্যঃ। ৬॥

যাসাং জলোপস্পর্শন-বিধূত-রজস্তমসো হংস-পতঙ্গোর্দ্ধায়ন-সত্যাঙ্গ-সংজ্ঞা শ্চত্বারো বর্ণাঃ সহস্রায়ুষো বিবুধোপম-সন্দর্শন-প্রজননাঃ স্বর্গ-দ্বারং ত্রয্যা বিদ্যয়া ভগবন্তং ত্রয়ীময়ং সূর্য্যমাত্মানং যজন্তে। ৭॥

অন্বয়ঃ।

মণিকূটাদীন্ ইতি সপ্ত পর্ব্বতান্ দর্শয়তি তথা অরুণা ইতি নদীঃ দর্শয়তি॥ ৬॥

যাসাং নদীনাং জলোপস্পর্শনেন স্নানাদিনা বিধূতং নিরস্তং রজঃ তমঃ চ যেষাং তে সহস্রং বর্ষসহস্রং আয়ুঃ যেষাং তে; বিবুধোপমং সন্দর্শনং রূপং তথা প্রজননং অপত্যোৎপাদনং, চ যেষাং তে হংস-পতঙ্গোর্দ্ধায়ন-সত্যাঙ্গ-সংজ্ঞাঃ ব্রাহ্মণস্থানীয়াঃ চত্বারঃ বর্ণাঃ ত্রয্যা বেদত্রয়াত্মিকয়া বিদ্যয়া স্বর্গদ্বারং ত্রয়ীময়ং বেদত্রয়-প্রতিপাদ্যং, ভগবন্তং আত্মানং অন্তর্যামিনং সূর্য্যং যজন্তে॥ ৭॥

শ্রীধরস্বামী।

গম্যতে। অন্যথা সপ্তভিঃ সপ্তবর্ষ-বিভাগাসম্ভবাৎ। বৈষ্ণবে বর্ষাণাং পূর্ব্বাদি-ক্রমোক্তেশ্চ॥ ৬॥

জলোপস্পর্শনেন বিধূতং রজস্তমশ্চ যেষাং। হংসাদয়ো ব্রাহ্মণাদিস্থানীয়াঃ। বিবুধোপমং সন্দর্শনং শ্রমস্বেদাদিরহিতং রূপং প্রজননমপত্যোৎপাদনঞ্চ যেষাং॥ ৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গিরয়ো হি বর্ষসীমাভিব্যঞ্জকা উভয়তোঽব্ধিং স্পৃশন্তস্তির্য্যগ্রেখাকারাঃ॥ ৬॥

হংসাদয়ো ব্রাহ্মণাদিস্থানীয়াঃ। বিবুধোপমসংদর্শনং রূপং প্রজননমপত্যোৎপাদনঞ্চ যেষাং তে॥ ৭॥

সাবিত্রী, সুপ্রভাতা, ঋতম্ভরা ও সত্যম্ভরা নামে সাতটী মহানদী আছে॥ ৬॥

এই সকল নদীর জল পান ও তাহাতে অবগাহনাদি দ্বারা রজঃ ও তমো-মল-শূন্য ব্রাহ্মণাদি বর্ণস্থানীয় হংস, পতঙ্গ, উর্দ্ধায়ন এবং সত্যাঙ্গ নামে বর্ণ-চতুষ্টয়-বিশিষ্ট দ্বীপবাসিগণ প্রায় সহস্র বর্ষ জীবিত থাকেন। অমরসদৃশ রূপবান্ ঐ সকল প্রজাবর্গ দেবতার ন্যায় পুত্রাদি উৎপাদন করিয়া থাকেন। তাঁহারা বেদ-বিদ্যায় বিলক্ষণ পারদর্শী এবং বেদপ্রতিপাদ্য স্বর্গরাজ্যের দ্বার-ভূত অন্তর্যামী ভগবান্ সূর্য্যদেবের উপাসনা করিয়া থাকেন॥ ৭॥

আরাধনার মন্ত্র যথা, আমরা পুরাণ পুরুষ ভগবান্ বিষ্ণুর মূর্ত্তিস্বরূপ সাক্ষাৎ বেদরূপী ভগবান্ সূর্য্যদেবের আরাধনা করিতেছি। তিনিই সত্য ও ঋতস্বরূপ মুক্তি! এই বিশ্ব সংসার তাঁহা হইতেই অবভাসিত হইতেছে॥

হে মহারাজ! প্লক্ষাদি পঞ্চ দ্বীপেই তত্রত্য পুরুষগণের আয়ুঃ, ইন্দ্রিয়,

প্রত্নস্য বিষ্ণো রূপং যৎ সত্যর্ত্তস্য ব্রহ্মণঃ অমৃতস্যচ মৃত্যোশ্চ সূর্য্যমাত্মান-মীমহীতি। প্লক্ষাদিষু পঞ্চসু পুরুষাণামায়ুরিন্দ্রিয়মোজঃ সহোবলং বুদ্ধির্বিক্রম ইতি চ সর্ব্বেষামৌৎপত্তিকী সিদ্ধি রবিশেষেণ বর্ত্ততে। প্লক্ষস্তু সমানেনেক্ষুর-সোদেনাবৃতো যথা তথা দ্বীপোঽপি শাল্মলো দ্বিগুণবিশালঃ সমানেন সুরোদে-নাবৃতঃ পরিবৃঙ্ক্তে ॥ ৮ ॥

অন্বয়ঃ।

সত্যর্ত্তস্য (সত্যস্য সমদর্শনস্য ঋতস্য যথার্থভাষণস্য) অমৃতস্য মোক্ষস্য, মৃত্যোঃ পুনঃ পুনঃ জন্মমরণাদি-লক্ষণ-সংসারস্য, ব্রহ্মণঃ বেদস্য, যস্মাৎ প্রত্নস্য পুরাতনস্য, বিষ্ণোঃ এব যৎ রূপং তৎ আত্মানং সূর্য্যং ঈমহি শরণং ব্রজেম ইতি ॥

ঔৎপত্তিকী স্বাভাবিকী সিদ্ধিঃ অবিশেষেণ বর্ত্ততে ॥

যথা প্লক্ষদ্বীপঃ স্বসমানেন দ্বিলক্ষযোজনবিস্তারেণ ইক্ষুরসোদেন আবৃতঃ তথা ততো দ্বিগুণবিশালঃ চতুর্লক্ষ-যোজন-বিস্তৃতঃ শাল্মলঃ দ্বীপঃ অপি স্বসমানবিস্তারেণ তামসেন সুরোদেন আবৃতঃ পরিবৃঙ্ক্তে সর্ব্বতো বিরাজতে ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

বিগীতা অপি দ্বীপমন্ত্রা ব্যাখ্যায়ন্তে। প্রত্নস্য পুরাণপুরুষস্য বিষ্ণো র্যদ্রূপং তং সূর্য্য-মীমহি শরণং ব্রজেম। কথম্ভূতং সত্যাদীনাং আত্মানমধিষ্ঠাতারং। তত্র সত্যং অনুষ্ঠীয়মানো ধর্ম্মঃ। ঋতং প্রতীয়মানো ধর্ম্মঃ। ব্রহ্মণ স্তদ্বোধকস্য বেদস্য অমৃতস্য শুভফলস্য মৃত্যোর-শুভফলস্য ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রত্নস্য পুরাণপুরুষস্য যদ্রূপং তং সূর্য্যং ঈমহি শরণং ব্রজেম। কীদৃশং সত্যাদীনা-মাত্মানমধিষ্ঠাতারং। সত্যমনুষ্ঠীয়মানো ধর্ম্মঃ। ঋতং প্রতীয়মানো ধর্ম্মঃ। ব্রহ্মণ স্তদ্বোধকস্য বেদস্য। অমৃতস্য শুভফলস্য মৃত্যোরশুভফলস্য ॥

সুপর্ণোঽসি গরুত্মান্ ত্রিবৃত্তে শির ইত্যাদিশ্রুতেশ্ছন্দোভিঃ স্বাবয়বভূতৈঃ বিষ্ণুং স্তৌতীতি ছন্দস্তুৎ তস্য ॥ ৮ ॥

সামর্থ্য, সাহস, বল, বিক্রম, বুদ্ধি এবং স্বাভাবিকী সিদ্ধি অনুরূপ ভাবেই বিদ্যমান রহিয়াছে। প্লক্ষদ্বীপ যেমন তুল্য পরিমিত ইক্ষুরসোদ সাগরে পরিবেষ্টিত, শাল্মলী দ্বীপও সেইরূপ প্লক্ষদ্বীপের অপেক্ষা দ্বিগুণ বিস্তৃত এবং তৎপরিমিত সুরোদ-সমুদ্রে পরিবেষ্টিত হইয়া আছে ॥ ৮ ॥

হে রাজন্! এই শাল্মলী দ্বীপে পূর্ব্বোক্ত প্লক্ষবৃক্ষ সদৃশ একটী বিশাল শাল্মলী বৃক্ষ আছে। এই তরুবরের নামেই ঐ দ্বীপকে শাল্মলী নামে অভি-হিত করা হয়। বেদচ্ছন্দের প্রয়োগে ভগবানের স্তব যিনি নিরন্তর করিয়া থাকেন, সেই খগপতি গরুড় এই বৃক্ষে বাস করেন, এইরূপ সকলে বলিয়া

যত্র হ বৈ শাল্মলী প্লক্ষায়ামা। যস্যাং বাব কিল নিলয়মাহুর্ভগবতশ্ছন্দঃস্তুতঃ পতত্রিরাজস্য সা দ্বীপহূতয়ে উপলক্ষ্যতে। তদ্দ্বীপাধিপতিঃ প্রিয়ব্রতাত্মজো যজ্ঞবাহুঃ স্বসুতেভ্যঃ সপ্তভ্যস্তন্নামানি সপ্তবর্ষাণি ব্যভজৎ। সুরোচনং সৌমনস্যং রমণকং দেববর্হং পারিভদ্রমাপ্যায়নমভিজ্ঞাতমিতি। তেষু বর্ষাদ্রয়ো নদ্যশ্চ সপ্তৈবাভিজ্ঞাতাঃ। সুরসঃ শতশৃঙ্গো বামদেবঃ কুন্দঃ কুমুদঃ পুষ্পবর্ষঃ সহস্রশ্রুতিরিতি। অনুমতী সিনীবালী সরস্বতী কুহূ রজনী নন্দা রাকেতি। তদ্বর্ষপুরুষাঃ শ্রুতিধর-বীর্যধর-বসুন্ধরেষুন্ধরসংজ্ঞা ভগবন্তং বেদময়ং সোমমাত্মানং বেদেন যজন্তে॥ ৯॥

অন্বয়ঃ।

যত্র দ্বীপে হি প্লক্ষয়ামা শতযোজনস্থূলা একাদশ-শতযোজনোচ্ছ্রিতা সা বৈ প্রসিদ্ধা। শাল্মলী বৃক্ষঃ দ্বীপস্য হূতয়ে নামনিরুক্ত্যা উপলক্ষ্যতে দৃশ্যতে এব; যস্যাং শাল্মল্যাং ছন্দঃস্তুতঃ (ছন্দোভিঃ ভগবন্তং স্তৌতি ইতি ছন্দঃস্তুৎ তস্য) ভগবতঃ পতত্রিরাজস্য গরুড়স্য, নিলয়ং স্থানং আহুঃ। সুরোচনাদীনি তদ্বর্ষনামানি। পর্ব্বতান্ দর্শয়তি সুরস ইত্যাদি। নদীঃ অনুমতিরিতি। বর্ষেষু চতুরো বর্ণাঃ তৈশ্চন্দ্রোপাসনং চ দর্শয়তি। তদ্বর্ষপুরুষাঃ বেদময়ং বেদপ্রতিপাদ্যং, ভগবন্তং ঐশ্বর্য্যাদিগুণপূর্ণং আত্মানং পরমাত্মানং, সোমং চন্দ্ররূপেণ স্থিতং বেদেন তদুক্তপ্রকারেণ যজন্তে আরাধয়ন্তি॥ ৯॥

শ্রীধরস্বামী।

সুপর্ণোঽসি গরুত্মান্ ত্রিবৃত্তে শির ইত্যাদি শ্রুতেঃ। ছন্দোভিঃ স্বাবয়বভূতৈঃ শ্রীবিষ্ণুং স্তৌতি ইতি ছন্দস্তুৎ তস্য। দ্বীপস্য হূতয়ে ব্যপদেশায়॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সা শাল্মলী দ্বীপস্য হূতয়ে নাম্নে॥ ৯॥

থাকেন। প্রিয়ব্রত-তনয় যজ্ঞবাহু এই দ্বীপের অধিপতি; তিনি সপ্ত বর্ষে ঐ দ্বীপকে বিভক্ত করিয়া, স্বকীয় সপ্ত আত্মজকে অর্পণ করেন এবং ঐ পুত্রগণের নাম অনুসারেই বর্ষসপ্তেরও নাম উল্লিখিত হইয়াছে। স্ব স্বনামবিশিষ্ট বর্ষে যে সকল পুত্র অধিপতি হইয়াছিলেন, তাঁহাদের নাম যথা;—সুরোচন, সৌমনস্য, রমণক, দেববর্হ, পারিভদ্র, আপ্যায়ন ও অভিজ্ঞাত। ঐ সপ্ত বর্ষে অনুমতী, সিনীবালী, সরস্বতী, কুহূ, রজনী, নন্দা ও রাকানামে সাতটী সুপ্রসিদ্ধ নদী এবং সুরস, শতশৃঙ্গ, বামদেব, কুন্দ, কুমুদ, পুষ্পবর্ষ এবং সহস্রশ্রুতি নামে সাতটী সীমাপর্ব্বত আছে। হে নরনাথ! এই বর্ষসমূহের অধিবাসিগণ শ্রুতধর, বীর্য্যধর, বসুন্ধর এবং ইষুন্ধর নামে বিখ্যাত। তাঁহারা বেদবিধান অনুসারে বেদময় আত্মাস্বরূপ সোমকে আরাধনা করিয়া থাকেন॥ ৯॥

স্বগোভিঃ পিতৃদেবেভ্যো বিভজন্ কৃষ্ণশুক্লয়োঃ।
অন্ধঃ প্রজানাং সর্ব্বাসাং রাজা নঃ সোম আস্ত্বিতি ॥ ১০ ॥

এবং সুরোদাদ্বহি স্তদ্দ্বিগুণঃ সমানেনাবৃতো ঘৃতোদেন যথাপূর্ব্বঃ কুশদ্বীপো যস্মিন্ কুশস্তম্বো দেবকৃত স্তদ্দ্বীপাখ্যাপনো জ্বলন ইবাপরঃ স্বশষ্পরোচিষা দিশো বিরাজয়তি। তদ্দ্বীপপতিঃ প্রৈয়ব্রতো রাজন্ হিরণ্যরেতা নাম স্বং দ্বীপং সপ্তভ্যঃ স্বপুত্রেভ্যো যথাভাগং বিভজ্য স্বয়ং তপ আতিষ্ঠৎ। বসু বসুদান দৃঢ়রুচি নাভিগুপ্ত সত্যব্রত বিপ্রনাম দেবনামভ্যঃ তেষাং বর্ষেষু

অন্বয়ঃ।

যঃ কৃষ্ণশুক্লপক্ষয়োঃ পিতৃদেবেভ্যঃ স্বগোভিঃ স্বকিরণৈঃ, অন্ধঃ অন্নং, বিভজন্ আস্তে সঃ সোমঃ নঃ অস্মাকং সর্ব্বাসাং প্রজানাং রাজা আস্তু আ সর্বত্র সর্ব্বদা রঞ্জকঃ পালকঃ অস্তু ॥১০॥ যথাপূর্ব্বঃ শাল্মলদ্বীপঃ স্বসমানেন সুরোদেন আবৃতঃ এবং সুরোদাৎ বহিঃ তদ্দ্বিগুণঃ অষ্টলক্ষযোজনবিস্তৃতঃ কুশদ্বীপঃ স্বসমানেন অষ্টলক্ষযোজনবিততেন সাৰ্দ্ধিকেন ঘৃতোদকেন আবৃতঃ আস্তে; যস্মিন্ তস্য দ্বীপস্য আখ্যায়নঃ নামনিরুক্তিকরঃ অপরঃ দ্বিতীয়ঃ, জ্বলনঃ অগ্নিঃ, ইব প্রকাশমানঃ দেবকৃতঃ পরমেশ্বরেণ রচিতঃ, কুশস্তম্বঃ স্বশষ্পাণাং কোমলশিখানাং রোচিষা দীপ্ত্যা, সর্ব্বাঃ দিশঃ বিরাজয়তি প্রকাশয়তি ॥

শ্রীধরস্বামী।

স্বগোভিঃ স্বরশ্মিভিঃ। অন্ধোঽন্নং সোমো নো রাজা আস্তু আভিমুখ্যেন ভবতু। হ্রস্বপাঠে ত্ববিবক্ষয়া সন্ধ্যভাবঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বগোভিঃ স্বরশ্মিভিঃ। অন্ধঃ অন্নং। সোমো নো রাজা আ আভিমুখ্যেনাস্তু। হ্রস্ব পাঠে ত্ববিবক্ষয়া সন্ধ্যভাবঃ ॥ ১০ ॥

আরাধনাকালে স্তব করত এই মন্ত্র পাঠ করেন যে, যে ভগবান্ সোম স্বীয় কিরণজালের প্রকাশে কৃষ্ণ ও শুক্লপক্ষভেদে যথাক্রমে পিতৃলোক ও দেবগণের অন্নবিভাগ করেন, তিনি আমাদের সমগ্র প্রজাপুঞ্জের রাজা হউন্! ॥ ১০ ॥

হে রাজন্! সুরোদ সমুদ্রের বহির্ভাগে কুশদ্বীপ; তাহাও পূর্ব্বোক্ত প্লক্ষদ্বীপের অপেক্ষা পরিমাণে দ্বিগুণ; এবং স্বীয় প্রমাণানুরূপ ঘৃতজলধির দ্বারা পরিবেষ্টিত। ঐ দ্বীপে দেবকৃত একটী কুশস্তম্ব থাকাতে, উহা কুশদ্বীপ নামে অভিহিত হইয়াছে। সেই কুশস্তম্ব দ্বিতীয় হুতাশন সদৃশ উজ্জ্বল; ইহার কোমল শিখার দীপ্তির দ্বারা দিক্ সমূহ সমুজ্জ্বল রহিয়াছে। উক্ত কুশদ্বীপের অধিপতি প্রিয়ব্রত-নন্দন হিরণ্যরেতা। তিনি স্বীয় দ্বীপকে নিজের সপ্ত

সীমাগিরয়ো নদ্যশ্চাভিজ্ঞাতাঃ সপ্তৈব। বভ্রুশ্চতুঃশৃঙ্গঃ কপিল শ্চিত্রকূটো দেবানীক ঊর্দ্ধরোমা দ্রবিণ ইতি। রসকুল্যা মিত্রবিন্দা শ্রুতবিন্দা বেদগর্ব্বা ঘৃতচ্যুতা মন্ত্রমালেতি। যাসাং পয়োভিঃ কুশদ্বীপৌকসঃ কুশল-কোবিদাভি-যুক্ত-কুলক-সংজ্ঞা ভগবন্তং জাতবেদঃস্বরূপিণং কর্ম্মকৌশলেন যজন্তে॥ ১১॥

পরস্য ব্রহ্মণঃ সাক্ষাজ্জাতবেদোঽসি হব্যবাট্।

অন্বয়ঃ।

বসুঃ বসুদানঃ দৃঢ়রুচিঃ নাভিগুপ্তঃ সত্যব্রতঃ বিপ্রনামঃ দেবনামঃ ইতি নামানি যেষাং তেভ্যঃ স্বপুত্রেভ্যঃ যথাভাগং বিভজ্য স্বয়ং তপঃ আতিষ্ঠৎ কৃতবান্। তত্র বভ্র্বাদয়ঃ গিরয়ঃ তথা রসকুল্যাদ্যয়ঃ নদ্যঃ চ সন্তি। কুশলাদিসজ্ঞকাঃ কুশদ্বীপৌকসঃ জাতবেদঃস্বরূপিণং ভগবন্তং কর্ম্মকৌশলেন যজ্ঞাদিকর্ম্মানুষ্ঠানে যজন্তে॥ ১১॥

হে জাতবেদঃ! ত্বং সাক্ষাৎ পরস্য ব্রহ্মণঃ ভগবতঃ হব্যবাট্ অসি! অতঃ পুরুষাঙ্গানাং

শ্রীধরস্বামী।

এবং সুরোদাদ্বহি র্ঘৃতোদেনাবৃতঃ কুশদ্বীপ ইত্যন্বয়ঃ। সুশস্পাণি কোমলশিখা স্তেষাং রোচিষা॥ ১১॥

হে জাতবেদঃ ত্বং সাক্ষাৎ পরস্য ব্রহ্মণো হরেঃ হব্যবাড়সি। অতো দেবানাং যজ্ঞেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুশস্পাণি সুকোমলশিখাস্তেষাং রোচিষা॥ ১১॥

হে জাতবেদস্ত্বং সাক্ষাৎ পরস্য ব্রহ্মণো হরে র্হব্যবাড়সি। অতো দেবানাং যজ্ঞেন পুরুষং

পুত্রের মধ্যে বিভাগ করিয়া প্রদান করেন; এবং নিজে ভগবদারাধনার্থ তপস্যায় রত হন। বসু, বসুদান, দৃঢ়রুচি, নাভিগুপ্ত, সত্যব্রত, বিপ্রনাম এবং দেবনাম নামে তাঁহার সাতটী পুত্র ছিল এবং তাঁহাদিগকে বিভক্ত বর্ষ সমূহও ঐ পূর্ব্বোক্ত পুত্রগণের নামেই আখ্যাত হয়। এই সপ্ত বর্ষে যথাক্রমে বভ্রু, চতুঃশৃঙ্গ, কপিল, চিত্রকূট, দেবানীক, ঊর্দ্ধরোমা এবং দ্রবিণ নামে সাতটী মর্য্যাদা গিরি এবং রসকুল্যা, মধুকুল্যা, মিত্রবিন্দা, শ্রুতবিন্দা, বেদগর্ব্বা, ঘৃতচ্যুতা এবং মন্ত্রমালা নামে সাতটী প্রসিদ্ধ নদী আছে। ব্রাহ্মণাদি বর্ণ চতুষ্টয়ের ন্যায়, কুশদ্বীপবাসিগণও কুশল, কোবিদ, অভিযুক্ত ও কুলক সংজ্ঞায় অভিহিত হন। তাহারা পূর্ব্বোক্ত নদী সমূহের জল সেবন করিয়া, নৈপুণ্য সহকারে কর্ম্ম করত ভগবান্ হুতাশনের আরাধনা করিয়া থাকেন॥ ১১॥

এবং পূজাকালে মন্ত্রপাঠ পূর্ব্বক বলিয়া থাকেন যে, হে জাতবেদ! আপনি পরব্রহ্মের হব্য সাক্ষাৎ সম্বন্ধে বহন করিয়া থাকেন। অতএব পুরুষোত্তমের অবয়ব-স্বরূপ দেবতাগণের উদ্দেশে যজ্ঞের অনুষ্ঠানে সেই পরাৎপর পর-

দেবানাং পুরুষাঙ্গানাং যজ্ঞেন পুরুষং যজন্তি ॥ ১২ ॥

তথা বহিঃ ক্রৌঞ্চদ্বীপো দ্বিগুণঃ সমানেন ক্ষীরোদেন পরিত উপকৢপ্তঃ বৃতো যথা কুশদ্বীপো ঘৃতোদেন। যস্মিন্ ক্রৌঞ্চনামা পর্ব্বতরাজো দ্বীপনাম-নির্ব্বর্ত্তক আস্তে ॥ ১৩ ॥

যোঽসৌ গুহপ্রহরণোন্মথিত-নিতম্ব কুঞ্জোঽপি ক্ষীরোদেনাভিষিচ্যমানো ভগবতা বরুণেনাভিগুপ্তো নির্ভয়ো বভূব ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

পুরুষস্য হরেঃ অংশভূতানাং দেবানাং যজ্ঞেন পুরুষং এব যজ! (অঙ্গানাং নাম্না দত্তং হবিঃ পুরুষায় অঙ্গিনে সমর্পয়) ইতি ॥ ১২ ॥

দ্বিগুণঃ ষোড়শলক্ষযোজন বিততঃ ক্রৌঞ্চদ্বীপঃ স্বসমানেন ক্ষীরোদেন পরিতঃ উপকৢপ্তঃ বেষ্টিতঃ ॥ ১৩ ॥

গুহস্য কার্ত্তিকেয়স্য প্রহরণেন শক্ত্যাখ্যেন আয়ুধেন উন্মথিতাঃ পীড়িতাঃ নিতম্বাঃ কুঞ্জানি চ লতাদি পিহিতাদরাণি স্থলানি যস্য সঃ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

পুরুষং হরিমেব যজ। অঙ্গানাং নাম্না দত্তং অঙ্গিনে সমর্পয়েত্যর্থঃ ॥ ১২ ॥

উপকৢপ্তো বেষ্টিতঃ। যথা কুশদ্বীপো ঘৃতোদেন বৃতঃ ॥ ১৩ ॥

গুহস্য কার্ত্তিকেয়স্য প্রহরণেন আয়ুধেন উন্মথিতা নিতম্বাঃ কুঞ্জানিচ যস্য ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হরিমেব যজ। অঙ্গানাং নাম্না দত্তমঙ্গিনে সমর্পয়েত্যর্থঃ ॥ ১২ ॥

উপকৢপ্তঃ বেষ্টিতঃ বৃত ইতি পরত্রান্বিতং ॥ ১৩ ॥

গুহঃ কার্ত্তিকেয়ঃ। বিভয়ঃ বিগতভয়ঃ ॥ ১৪ ॥

মেশেরই আরাধনা করিতেছেন ॥ ১২ ॥

পূর্ব্বোক্ত কুশদ্বীপের বহির্ভাগে ক্রৌঞ্চদ্বীপ। ঐ দ্বীপ কুশদ্বীপ অপেক্ষা পরিমাণে দ্বিগুণ বৃহৎ এবং কুশদ্বীপ যেমন ঘৃতোদ সাগরে পরিবেষ্টিত, সেইরূপ ক্রৌঞ্চ দ্বীপও ক্ষীরোদ সমুদ্রের দ্বারা পরিবেষ্টিত। এই দ্বীপে ক্রৌঞ্চ নামে একটী প্রকাণ্ড পর্ব্বত আছে; তজ্জন্যই ঐ দ্বীপ ক্রৌঞ্চদ্বীপ নামে অভিহিত হইয়াছে ॥ ১৩ ॥

হে রাজন্! যদিও দেবসেনাপতি কার্ত্তিকেয়ের অস্ত্রজালে ঐ পর্ব্বতের নিতম্বদেশ এবং নিকুঞ্জ বনসমূহ একান্ত উন্মথিত হইয়াছিল, তথাপি ক্ষীরোদ জলে অভিসিঞ্চিত এবং জলাধিপতি বরুণ কর্ত্তৃক সুরক্ষিত হওয়ায়, যেন নির্ভয়ের ন্যায় নিরন্তর অবস্থান করিতেছে ॥ ১৪ ॥

তাস্মিন্নপি প্রৈয়ব্রতো ঘৃতপৃষ্ঠো নামাধিপতিঃ স্বে দ্বীপে বর্ষাণি সপ্ত বিভজ্য তেষু পুত্রনামসু সপ্ত ঋক্থাদানবর্ষপান্নিবেশ্য স্বয়ং ভগবান্ ভগবতঃ পরম-কল্যাণযশস আত্মভূতস্য হরেশ্চরণারবিন্দমুপজগাম। আমো মধুরুহো মেঘপৃষ্ঠঃ সুধামা ভ্রাজিষ্ঠো লোহিতার্ণো বনস্পতি রিতি ঘৃতপৃষ্ঠসুতাঃ। তেষাং বর্ষগিরয়ঃ সপ্তৈব নদাশ্চাভিখ্যাতাঃ। শুক্লো বর্দ্ধমানো ভোজন উপবর্হণো নন্দো নন্দনঃ সর্ব্বতোভদ্র ইতি। অভয়াঽমৃতৌঘা আর্য্যকা তীর্থবতী রূপবতী পবিত্রবতী শুক্লেতি॥ ১৫॥

যা নামম্ভঃ পবিত্রমমলমুপযুঞ্জানাঃ পুরুষর্ষভ দ্রবিণ দেবক সংজ্ঞা বর্ষপুরুষা

অন্বয়ঃ।

তস্য অধিপতিঃ প্রিয়ব্রতপুত্রঃ ভগবান্ উৎপত্ত্যাদিজ্ঞানবান, ঘৃতপৃষ্ঠঃ পুত্রনামসু পুত্রাণাং নামানি এব নামানি যেষাং তেষু বর্ষেষু সপ্তঋক্থাদান্ স্বপুত্রান্ বর্ষপান্ প্রজা-পালকান্ নিবেশ্য সংস্থাপ্য, স্বয়ং ভগবতঃ চরণারবিন্দং উপজগাম॥ ১৫॥

অমলং নির্ম্মলং অম্ভঃ উপযুঞ্জানাঃ পুরুষাদিসঙ্কাঃ (ব্রাহ্মণাদিস্থানীয়াঃ বর্ষপুরুষাঃ

শ্রীধরস্বামী।

স্বয়ং ভগবান্ জ্ঞানী। পরমকল্যাণং যশো যস্য॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবান্ উৎপত্ত্যাদিজ্ঞানবান্॥ ১৫॥

প্রিয়ব্রতের তনয় ঘৃতপৃষ্ঠ এই ক্রৌঞ্চদ্বীপের অধিপতি ছিলেন। তাঁহারও আম, মধুরুহ, মেঘপৃষ্ঠ, সুধামা, ভ্রাজিষ্ঠ, লোহিতার্ণ এবং বনস্পতি নামে সাতটী পুত্র জন্মে। দ্বীপাধিপতি স্বীয় দ্বীপকে সাত বর্ষে বিভক্ত করিয়া, পুত্র-গণকে তথাকার অধিপতি করেন; সুতরাং বর্ষসমূহও পুত্রগণের নামেই বিখ্যাত হইয়াছিল। এই প্রকারে স্বীয় পুত্রগণকে আপন রাজত্ব প্রদান করিয়া, দ্বীপাধিপতি সর্ব্বভূতোপকারী পরমহিতৈষী সর্ব্বান্তর্যামী ও শ্রুতকীর্ত্তি ভগবান্ শ্রীহরিকে চিন্তা করত তদীয় চরণকমলে আত্ম সমর্পণ করিলেন। উক্ত বিভক্ত সপ্ত বর্ষে শুক্ল, বর্দ্ধমান, ভোজন, উপবর্হণ, নন্দ, নন্দন এবং সর্ব্বতোভদ্র নামে সাতটী মর্য্যাদা গিরি এবং অভয়া, অমৃতৌঘা, আর্য্যকা, তীর্থবতী, রূপবতি, পবিত্রবতী এবং শুক্লা নামে যথাক্রমে সাতটী মহানদী আছে॥ ১৫॥

উক্ত নদীসমূহের সলিল অতীব নির্ম্মল এবং পবিত্র। পুরুষ, ঋষভ, দ্রবিণ এবং দেবকসংজ্ঞক বর্ষবাসী পুরুষগণ ঐ সকল নদীর জল পান করেন এবং

আপোময়ং দেবমপাং পূর্ণেনাঞ্জলিনা যজন্তে ॥ ১৬ ॥

আপঃ পুরুষবীর্য্যাঃ স্থ পুনন্তী র্ভূর্ভুবঃ স্বরঃ। তা নঃ পুনন্তমীবঘ্নীঃ স্পৃশতামাত্মনা ভুব ইতি ॥ ১৭ ॥

এবং পরস্তাৎ ক্ষীরোদাৎ পরিত উপবেশিতঃ শাকদ্বীপে দ্বাত্রিংশল্লক্ষ-যোজনায়ামঃ সমানেন দধিমণ্ডোদেন পরিতঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

আপোময়ং অম্ময়ং দেবং ভগবন্তং অপাং (অপোভিঃ) পূর্ণেন অঞ্জলিনা যজন্তে ॥ ১৬ ॥

হে আপঃ! পুরুষবীর্য্যাঃ স্বপুরুষাৎ ভগবতঃ লব্ধসামর্থ্যাঃ স্থ ভবথ অতএব আত্মনা স্বরূপেণ এব অমীবঘ্নীঃ পাপহন্ত্র্যঃ, ভূঃ ভুবঃ স্বরঃ স্বঃ, ত্রৈলোক্যং পুনন্তীঃ তাঃ পুনন্ত্যঃ ভবত্যঃ স্পৃশতাং নঃ অস্মাকং ভুবঃ শরীরাণি পুনন্ত ॥ ১৭ ॥

এবং ক্রৌঞ্চদ্বীপবৎ ক্ষীরোদাৎ পরস্তাৎ দধিমণ্ডোদেন সমানবিস্তারেণ সমুদ্রেণ পরিবেষ্টিতঃ দ্বাত্রিংশল্লক্ষযোজনং আয়ামঃ বিস্তারঃ যস্য সঃ শাকদ্বীপঃ পরিতঃ সর্ব্বতঃ উপবেশিতঃ রচিতঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

আপোময়ং অম্ময়ং ॥ ১৬ ॥

হে আপঃ পুরুষবীর্য্যাঃ ঈশ্বরাল্লব্ধসামর্থ্যাঃ স্থ ভবথ। অতএব ভূর্ভুবঃ স্বস্ত্রৈলোক্যং পুনন্ত্যঃ তা ভবত্যো নোঽস্মাকং স্পৃশতাং স্পর্শনং কুর্ব্বতাং ভুবঃ শরীরাণি পুনন্ত। যত আত্মনা স্বরূপেণৈব অমীবঘ্নীঃ পাপহন্ত্র্যঃ ॥ ১৭ ॥

দধ্নো মণ্ডং রসঃ স এবোদকং যস্য ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আপোময়ং অম্ময়ং ॥ ১৬ ॥

হে আপঃ পুরুষবীর্য্যা ঈশ্বরাল্লব্ধসামর্থ্যা ভবথ। অতএব ভূর্ভুবঃ স্বরঃ ত্রৈলোক্যং পুনন্ত্যস্তা যূয়ং নোঽস্মাকং স্পৃশতাং স্পর্শনং কুর্ব্বতাং ভুবঃ শরীরাণি পুনীত যত আত্মনা স্বরূপেণৈব অমীবঘ্নীঃ পাপহন্ত্র্যঃ ॥ ১৭ ॥

তাহাতে অবগাহন করত অঞ্জলি-পূর্ণ জল প্রদানে জলময় ভগবানের অর্চ্চনা করিয়া থাকেন ॥ ১৬ ॥

আরাধনার মন্ত্র যথা, হে জলসমূহ! তোমরা সেই পরাৎপর পরমেশের সন্নিকট হইতে প্রচুর সামর্থ্য লাভ করিয়াছ! সুতরাং সেই বলেই তোমরা এই স্বর্গ, অন্তরীক্ষ ও মর্ত্ত্যধামের পবিত্রতার ব্যবস্থা করিতেছ। তোমরা স্বরূপত পাপহরা; অতএব তোমাদিগকে স্পর্শ করিতেছি; তোমরা আমাদের দেহ পবিত্র কর! ॥ ১৭ ॥

হে ভারতবংশাবতংস! এই দ্বীপের পর শাকদ্বীপ; তাহার বিস্তারও

যস্মিন্ হি শাকো নাম মহীরুহঃ স্বক্ষেত্রব্যপদেশকঃ। যস্য হি মহাসুরভিগন্ধস্তদ্দ্বীপমনু বাসয়তি। তস্যাপি প্রৈয়ব্রত এবাধিপতির্নাম্না মেধাতিথিঃ। সোঽপি বিভজ্য সপ্তবর্ষাণি পুত্রনামানি তেষু স্বাত্মজান্ পুরোজব-মনোজব-বেপমান-ধূম্রানীক-চিত্ররেফ-বহুরূপ-বিশ্বাধার-সংজ্ঞান্নিধাপ্যাধিপতীন্ স্বয়ং ভগবত্যনন্ত আবেশিতমতি স্তপোবনং প্রবিবেশ। এতেষাং বর্ষমর্য্যাদা-গিরয়ো নদ্যশ্চ সপ্ত সপ্তৈব। ঈশান উরুশৃঙ্গো বলভদ্রঃ শতকেশরঃ সহস্রস্রোতা দেবপালো মহানস ইতি। অনঘা আয়ুর্দা উভয়স্পৃষ্টিরপরাজিতা পঞ্চপদী সহস্রশ্রুতি র্নিজধৃতিরিতি। তদ্বর্ষপুরুষা ঋতব্রত সত্যব্রত দানব্রতাসুব্রত-নামানো ভগবন্তং বায়্বাত্মকং প্রাণায়াম-বিধূত-রজস্তমসঃ পরমসমাধিনা যজন্তে॥ ১৯॥

অন্বয়ঃ।

শাকঃ নাম স্বক্ষেত্রব্যপদেশকঃ মহীরুহঃ, যস্য পর্ণানি অন্তঃখরস্পর্শানি বহির্মৃদুস্পর্শানি। দ্বীপাধিপতিঃ মেধাতিথিঃ পুরোজবাদীন্ সপ্ত আত্মজান সপ্ত বর্ষেষু অধিপতীন্ বিধায় স্বয়ং তপোবনং প্রবিবেশ। তত্র ঈশানাদয়ঃ বর্ষমর্য্যাদাঃ গিরয়ঃ অনঘাদ্যাঃ সপ্ত নদ্যঃ সন্তি। ঋতব্রতাদয়ঃ চতুর্ব্বিধাঃ বর্ষপুরুষাঃ প্রাণায়ামেন বিধূতং রজস্তমশ্চ যেষাং তে পরমসমাধিনা বায়্বাত্মকং ভগবন্তং যজন্তে॥ ১৯॥

শ্রীধরস্বামী।

যস্য পর্ণানি অন্তঃখরস্পর্শানি বহির্মৃদুস্পর্শানি স শাকোনাম বৃক্ষঃ॥ ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দধ্নো মণ্ডং রস এব উদকং যস্য॥ ১৮॥ ১৯॥

দ্বাত্রিংশল্লক্ষ-যোজন এবং নিজ পরিমাণ তুল্য বিস্তৃত দধির উদকবিশিষ্ট একটী সমুদ্রের দ্বারা সর্ব্বতোভাবে পরিবেষ্টিত॥ ১৮॥

ঐ দ্বীপের মধ্যে একটী বিপুল শাক নামক বৃক্ষ আছে; সেই বৃক্ষের নামেই দ্বীপটী শাকদ্বীপ নামে অভিহিত হইয়াছে। ঐ বৃক্ষের পত্র সমূহের নিম্নভাগ অতি খরস্পর্শ এবং বহির্ভাগ অতীব কোমল এবং মৃদুস্পর্শ; বৃক্ষের মধুর গন্ধে সমস্ত দ্বীপটী নিরন্তর আমোদিত থাকে। প্রিয়ব্রত-তনয় মেধাতিথি এই দ্বীপের অধিপতি। তিনিও স্বীয় পুত্র পুরোজব, মনোজব, বেপমান, ধূম্রানীক, চিত্ররেফ, বহুরূপ এবং বিশ্বাধার নামক সাত জন ব্যক্তিকে অধিপতিরূপে নির্ব্বাচন করত, উক্ত শাকদ্বীপকে সাত ভাগে বিভক্ত করিলেন এবং এক এক ভাগে এক এক বর্ষের নাম প্রদান করিলেন। পুত্রগণের মধ্যে স্বীয় দ্বীপটী বন্টন করিয়া দিয়া, মেধাতিথি ভগবানে চিত্ত সমর্পণ পূর্ব্বক

অন্তঃ প্রবিশ্য ভূতানি যো বিভর্ত্ত্যাত্মকেতুভিঃ। অন্তর্যামীশ্বরঃ সাক্ষাৎ পাতু নো যদ্বশে ইদং ॥ এবমেব দধি মণ্ডোদাৎ পরতঃ পুষ্করদ্বীপস্ততো দ্বিগুণায়ামঃ সমন্তত উপকল্পিতঃ সমানেন স্বাদূদকেন সমুদ্রেণ বহিরাবৃতঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

যঃ অন্তঃ প্রবিশ্য স্থাবরজঙ্গমাত্মকানি ভূতানি আত্মকেতুভিঃ প্রাণাদিবৃত্তিভিঃ, বিভর্ত্তি ধারয়তি পালয়তি, চ যস্য বশে ইদং সর্ব্বং জগৎ বর্ত্ততে সঃ সাক্ষাৎ অন্তর্যামী ঈশ্বরঃ নঃ আস্মান্ পাতু ॥

এবং দধিমণ্ডোদাৎ পরতঃ সঃ দ্বিগুণায়ামঃ চতুর্বর্ষাণি লক্ষযোজনঃ পুষ্করদ্বীপঃ সমানেন স্বাদূদকেন সমুদ্রেণ বহিরাবৃতঃ সমন্ততঃ উপকল্পিতঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

আত্মকেতুভিঃ প্রাণাদিবৃত্তিভিঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মকেতুভিঃ প্রাণাদিবৃত্তিভিঃ ॥ ২০ ॥

তপস্যার অনুষ্ঠানার্থ তপোবনে প্রবেশ করিলেন। এই দ্বীপে বর্ষ বিভাগ প্রদর্শক সাতটী পর্ব্বত এবং সাতটী নদী আছে। ঈশান, উরুশৃঙ্গ, বলভদ্র, শতকেশর সহস্রস্রোতা, দেবপাল, এবং মহানস নামে সাতটী পর্ব্বত এবং অনঘা, আয়ুর্দা, উভয়স্পৃষ্টি, অপরাজিতা, পঞ্চপদী, সহস্রশ্রুতি এবং নিজ-ধৃতি নামে সাতটি প্রসিদ্ধ নদী আছে। উক্ত বর্ষ সমূহের পুরুষগণও ব্রহ্মণাদি বর্ণচতুষ্টয়ের ন্যায়, ধ্রুতব্রত, সত্যব্রত, দানব্রত এবং অনুব্রত নামে অভিহিত হইয়া থাকেন। তাঁহারা প্রাণায়ামরূপ কঠোর যোগাঙ্গের নিরন্তর অনুষ্ঠানে স্ব স্ব রজঃ ও তমোভাবের বিনাশ করিয়াছেন এবং পরম সমাধির অবলম্বনে বায়ুরূপী ভগবানের আরাধনা করিয়া থাকেন ॥ ১৯ ॥

তাঁহাদের আরাধন-মন্ত্রের তাৎপর্য্য এই যে, যে পরমদেব প্রাণাদি বৃত্তিরূপে অন্তরে প্রবেশ পূর্ব্বক, স্থাবর-জঙ্গমাদি যাবতীয় প্রাণিজগৎকে পালন ও পোষণ করিতেছেন এবং যাঁহার নিয়মে এই বিশ্ব সংসার চালিত হইতেছে, সেই সর্ব্বান্তর্যামী সাক্ষাৎ পরমেশ্বরকে আমরা প্রণাম করি। তিনি আমাদের সকলের রক্ষা বিধান করুন্!

পূর্ব্বের ন্যায় দধি-সমুদ্রের পর পুষ্করদ্বীপ। এই দ্বীপ শাকদ্বীপ অপেক্ষা পরিমাণে দ্বিগুণ এবং চতুর্দ্দিকে বিশুদ্ধ জলবিশিষ্ট একটী বিস্তৃত সমুদ্রের দ্বারা সর্ব্বতোভাবে পরিব্যাপ্ত ॥ ২০ ॥

এই দ্বীপে একটী সুবৃহৎ পদ্ম আছে; অগ্নিশিখার ন্যায় সমুজ্জ্বল সুবর্ণ

যস্মিন্ বৃহৎ পুষ্করং জ্বলনশিখামলকনকপত্রাযুতাযুতং ভগবতঃ কমলাসনস্যাধ্যাসনং পরিকল্পিতং। তদ্দ্বীপমধ্যে মানসোত্তরনামৈক এবার্ব্বাচীনপরাচীন-বর্ষয়োর্ম্মর্য্যাদাচলোঽযুতযোজনোচ্ছ্রায়ায়ামঃ যত্র তু চতসৃষু দিক্ষু চত্বারি পুরাণি লোকপালানাং ॥ ২১ ॥

